Mr. Speaker: I have received two calling attention notices—one from Shri Tarun Kumar Sen Gupta on the subject of enquiry into the accident in Messrs. Calcutta Mineral Supply Co. (P.) Ltd. and the other from Shri Birendra Narayan Ray on the subject of decision of the State Government to hold bye-election for the State Assembly.

I have selected the notice of Shri Tarun Kumar Sen Gupta on the subject of enquiry into the accident in Messrs. Calcutta Mineral Supply Co. (P.) Ltd.

Hon'ble Minister in-charge may make a statement today or give me a date on which the statement will be made.

The Hon'ble Jagannath Kolay: The statement will be made on Friday next

# Budget of the Government of West Bengal for 1963-64 Demand for Grant No. 22

Major Heads: 31-Agriculture-Agriculture and 95-Capital Outlay, etc.

The Hon'ble Smarajit Bondyopadhyay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 8,72,33,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research."

মাননীয় সদসংগণ জানেন আমাদের এবার চালের উৎপাদন ৪ লক্ষ টনের মত কম হয়েছে এবং কম হয়েছে অনাব্িদ্ এবং অনিয়মিত ব্লিটর জন্য সে কথাও তাঁরা জানেন। কিন্তু এই যে ৪ লক্ষ টন খাদ্য ঘাটিত হয়েছে এর জন্য আমাদের আতি কত হবার কোন কারণ নাই। ক রণ মাননীয় রাজাপালের ভাষণের উপর বিতকের উত্তরে আমাদের মাননীয় ম্খামন্ত্রী মহাশয় অম্বাস দিয়েছেন যে, আমাদের এ বিষয় আতি কত হওয়া উচিত নয় এবং আমাদের এই ঘাটিত প্রণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল এবং গম প্রয়োজনমত আমরা পাব। উড়িষ্বাা থেকেও আমরা চাল পাবো। আমরা এ বিষয়ে মোটেই আত্মসন্ত্রণির মনোভাব পোষণ করি না বা কোন শৈখিলা পোষণ করতেও চাই না। এ বিষয়ে আমাদের সকলের অধিক খাদ্যোগোদনের জন্য বেশী পরিশ্রম করতে হবে, আরো আমাদের সজাগ হতে হবে। বিশেষ করে চীন কর্তৃক ভারত আক্রমণের পরিপ্রেক্ষিতে আমাদের ক্রিষর উৎপাদন এবং খাদ্যের উৎপাদন আরো বাডাতে হবে।

[12-20-12-30 p.m.]

পশ্চিম বংলার কৃষি সম্পর্কে আলে চনা করতে গেলে পশ্চিম বাংল র প্রযে অবস্থা, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে আলোচন। করতে হবে। মাননীয় সদসাগণ জানেন বর্তমানে আমাদের পশ্চিম বাংলা প্রতিম বাংলার এক তৃতীয়াংশ. এখানে জনসংখ্যার চাপ প্রতি বর্গ মাইলে ১,০৩১ জন। আমাদের এখানে চাষযোগ্য যে জমি, তার শতকরা ৮৭ ভাগ ইতিমধ্যেই চাষের আমালে এসে গিয়েছে। এমন কি মারজিনাল ও সাবমারজিনাল ল্যান্ডও এসে গিয়েছে। আমাদের শতকরা ২৫ ভাগ, বন-ভূমির প্রয়োজন, ভূমিক্ষয় নিবারণের জন্য ও জমির উর্বরতা শক্তি বৃদ্ধির জন, ও স্ব্-বৃণ্টির জনা। কিন্তু তাও আমাদের নেই। আমাদের শতকরা মাত্র ১২ ভাগ বন-ভূমি আছে। এই সমস্ত বিষয়গ্রিল আমাদের ক্ষরণ রেখে আমারা র্যাদ বিচার করি তাহলে আমারা দেখতে প বো পশ্চিম বাংল র প্রধান প্রধান ষেসব ফসল, গত কয়েক বছরে তার উৎপাদনের উর্মাত হয়েছে। ১৯৫১ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে, তখনকার চালের ফলনের গড় ফলন দেখি, তাহলে দেখতে পালে। যে পাঁচ বছর শেষ হয়েছে, সেই সময় র্যাদ চালের গড় ফলন দেখি, তাহলে দেখতে পালে ৪৪ লক্ষ্ক ৭৩ হাজার টন চাল উৎপাদন হয়েছিল। এবং ১৯৬০-৬১ সালে যে পাঁচ বছর শেষ হয়েছে, তাহলে আমরা দেখতে পাবো ৪৫ লক্ষ্ক ২০ হাজার টনের মত চাল উৎপাদন হয়েছে।

আলুর উৎপাদন যদি আমরা দেখি, তাহলৈ দেখতে পাবো ঐ ১৯৪৭-৪৮ সালে আমাদের দেশ স্বাধীন হবার সময় আমাদের আলুর উৎপাদন হয়েছিল ২ লক্ষ ৭১ হাজার টন। তারপর প্রথম পণ্ডবার্যিক পরিকল্পনার সময় আমরা দেখতে পাচ্ছি ৪ লক্ষ ৭ হাজার টন আলু উৎপন্ন হয়। তারপর দিবতীয় পণ্ডবার্যিকী পরিকল্পনার শেষ বছর আমরা দেখিছে, তার মানে ১৯৬১ সালে আহর: দেখছি ৪ লক্ষ ৭৫ হাজার টন আলু হয়েছে, এবং আনন্দের সঙ্গো জানাচ্ছি এ বছর ৭ লক্ষ ২০ হাজার টন খালু উৎপাদন হয়েছে। তার মানে আড়াই লক্ষ টন থেকে সাড়ে সাত লক্ষ টন আলুর উৎপাদন বেড়েছে। তারপর গমের ফলন যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো ১৯৪৭-৪৮ সালে যেখানে ২২ হাজার টন গম উৎপান হয়েছে। অবশ্য ঐ বছর বনার দর্শন ধান সব ভেসে যাওয়াতে যেসব পলিমাটি পড়ে, সেখানে গম ফলানতে, গম আশাতিরিও ভাল হয়েছে। তারপর দিবতীয় পণ্ডবার্ষিকী পরিকল্পনায় ২৫ হাজার টন হয়েছে। এবং এ বছর ৩৩ হাজার টন হয়েছে। তারপর জাল, সব রকম মিলিয়ে, ১৯৪৭-৪৮ সালে ৩ লক্ষ ১ হাজার টন হিলে। পরে পাঁচ বছরে দেখছি ৪ লক্ষ ১২ হাজার টন হয়েছে। এবং ১৯৫১-৬১ সালের মধ্যে দেখছি ৪ লক্ষ ১২ হাজার টন হয়েছে। এবং ১৯৫১-৬১ সালের মধ্যে দেখছি ৩লক্ষ ২২ হাজার টন ভাল উৎপাদন হয়েছে।

ভারপর পাটের চাষ যদি আমরা দেখি, তাহলে দেখতে পাবো যেখানে আমাদের পাট উৎপাদন হতো ১৯5৭-৪৮ সালে ৭ লক্ষ ৬৬ হাজার বেল, আজ সেই জারগার ১৯৬০-৬১ সালে হয়েছে ২০ লক্ষ্য হাজার বেল; এ বছর হয়েছে ৩২ লক্ষ্ ৩২ হাজার বেল। মেস্তা ১৯৪৭-৪৮ সালে সামানাই হত। ১৯৫১ থেকে ১৯৫৬ সালে হয়েছে ৩ লক্ষ ২১ হাজার বেল: ১৯৫৬ থেকে ৬১ সালে হয়েছে ৬ লক্ষ ৬১ হাজার বেল: এই বংসর হয়েছে ৭ লক্ষ ১২ হাজার বেল। এ থেকে বোঝা যাচ্ছে ক্রমেই আমাদের গড় ফলন বাড়ছে অনাব্রণ্টি অতিব্রণ্টি এই সব সত্তেও। এখন আমাদের এই যে ফলন বডছে এবং পশ্চিমবাংলার যে অবস্থার কথা বল্লাম যেসব অসুবিধার কথা বল্লাম সেই সব অসুবিধা সত্ত্বে এখানে এমনি বাড়ে নি তার ন্ধনা বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করতে হয়েছে। আমাদের চাষের জন্য প্রধান প্রয়োজন ভাল বীজ। বীজের জন্য আমাদের থানা বীজ উৎপাদন ক্ষেত্র আমরা দ্বিতীয় পঞ্চব ধিকী পরি-কল্পনার আমলে ১০০টা করেছি. এবং তৃতীয় পঞ্চবাধিকী পরিকল্পনা যেটা আরুভ হয়েছে তাতে আমরা ১৩টি করেছি। এই সমস্ত বীজ উৎপাদন ক্ষেত্রে যে সমস্ত বীজ উৎপাদন হয়— অনেকের ধারণা যে থানার সমস্ত চাষীদের বুঝি এই বীজ সরবরাহ করাই সরকারের নীতি। ভা নয় -প্রত্যেক ক্রমককে এই থানা থেকে বীজ সরবরাহ করা সম্ভব নয়। সরকারের নীতি হচ্ছে এখানে যে উন্নত ধরনের বাজ উৎপাদন হবে সেই বাজ ঐ থানার রেজিন্টার্ড গ্রোয়ারদের মধ্যে বিলি করা হবে, তারা আবার মালটিপ্লাই করে বাডাবে, বাডাতে বাডাতে এমন এক সময় আসবে যখন সে থানায় উন্নত বীজ ছেয়ে যাবে, সেই থানার চাহিদা সে থানা থেকেই মিটান যাবে। আমরা এই উন্নত ধরনের বীজ ৪৫ হাজার মণ বিলি করেছি। এবং এতে দেখা যাচ্ছে আমাদের ৩৮.৫০০টি গ্রাম, তার প্রতিটি গ্রামে এক হাজার মণ বিলি হয়েছে। আমাদের চাষ-যোগা যে এলাকা তার শতকরা ৪০ ভাগে এই উন্নত বীজ আমরা সরবরাহ করেছি। তাছাড়া আমাদের একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যে প্রত্যেক ব্লকে একটা করে উন্নত বীজ রাখবার ছেটার করা হবে। এবং সেই ছেটারে ৩ হাজার মণ করে বর্ধিত বীজ রাখা হবে। শুধু ধানের বীজ নয়, গম, আলু ও ডাল প্রভৃতিও রাখা হবে। এছাড়া সবুজ সার, পাট কাটিং, এই সমস্ত চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ১২টি জেলার থানা ফার্মের হিসাব নিয়ে, যে আমাদের যে ধানের বীজ উৎপাদন হয়েছে তা বিক্তি করে সেল প্রসিড যা হয়েছে. তাতে প্রত্যেক থানায় খরচ যা হয় তার চেয়ে বেশী হয়েছে। এর সঙ্গে যদি রবি সিডস যোগ করি ভাহলে আমাদের থানা ফার্মাগুলির অবস্থা উন্নত হয়েছে বলে মনে করি। বীজ ছাডা আর একটা কৃষি উন্নতির জন্য প্রধান জিনিষ হচ্ছে সার। সারের জন্য যেমন রাসায়নিক সার বিলি করা হচ্ছে তেমনি গ্রামাণ্ডলে যাতে জৈব সার গোবর সার এবং কম্পোণ্ট সার ইত্যাদির উপর যাতে চাষীরা বেশী জোর দেয় তার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এবং সম**স্ত রাজ্ঞে** [12-30--12-40 p.m.]

যাতে জৈব সার প্রামে প্রামে আমরা প্রস্তুত করতে পারি তার চেন্টা হচ্ছে। যে ৩৪১টা ব্লক্ষ্ আছে তার ১৯০টি কমিউনিটি ব্লক্ত আমরা কমপোন্ট সার তৈরী করার পরিকল্পনা নির্মেছ এবং ৮,৮০০ লোককে আমরা শিক্ষা দিয়েছি এই কমপোন্ট সার তৈরী করতে। শহরে যে সমস্ত মিউনিসিপার্লিটি আছে তার মধ্যে ৩৫টি মিউনিসিপার্লিটিকে লোন রা্রাসসট্যান্স দেওয়া হয়্ম যাতে তারা টাউন কমপোন্ট তৈরী করেন এবং এ বছর আশা করছি ৪০ হাজার টন টাউন কমপোন্ট হবে। ক্যালকাটা সিউরেজ থেকে তার মধ্যে ৯ হাজার টন চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। কমপোন্ট সারের জন্য যাতে গোমায় এবং গোসাত্র নন্ট না হয়ে যায় তার জন্য পাকা পিটস যাতে তৈরী করে চাষীরা সেজনা আমাদের শতকরা ৫০ থেকে ৩০ ভাগ পর্যান্ত লোন দেওয়ার বাবস্থা হয়েছে। এইভাবে পাকা পিটস তৈরী হছে। ১৫ শত মণ ধইণ্ডা বীজ এক ছটাক করে পাকেট করে আমরা চাষীদের মধ্যে বিলি করেছি এছাড়া বরবটির বীজ বিলি করেছি। তা ছাড়া থেস ড়ীর বীজ লাগিয়েছি, যাতে তাদের খাদা হতে পারে এবং সারের জনাও বাবহতে তে পারে। সম্প্রতি পশ্চিম বাংলা সরকারের গোময় থেকে গাসে বর্লে পরিকল্পনা বা ল্যান হয়েছে। আপনারা অনেকেই জানেন বেলুড মঠে গোময় থেকে গাসে তৈরী করার বাবস্থা করেছেন এবং তাতে আলো হয়্ম এবং অলপবিস্তর রায়ার কাজও হয় অথচ সেই গোময় সার হিসাবেও বাবহার করা যায়। এরকম কাউ ডাপ্য গ্যাস প্লানটস নানা ফার্মে যাতে হয়, তার

ব্যবস্থা হচ্ছে। চাষীরা যাতে বসান তার জন্যে আমরা শতকরা ৫০ ভাগ সাহাষ্য দেব। ৩৫ হান্ধার টন প্রতি বছর গড়ে আমরা রাসায়নিক সার বিলি করেছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরি-কল্পনাকালে। এ বছর নাইট্রোজেনস যে ফার্রটিলাইজার তার ৫০ হাজার মেট্রিক টন বিলি হয়েছে এবং ফসফেট ফার্রটিলাইজার ৪১ হাজার মেট্রিক টন বিলি হয়েছে। তবে আমোনিয়াম সালফেট রাসার্যানক সার এবারে কিছু কম বিলি হয়েছে, তার কারণ হচ্ছে সময়ে ব্রাণ্ট হয় নি এবং অনাব, ছিট হয়েছে। কুষির অপর যে প্রধান প্রয়োজন সেটা হচ্ছে সেচ। যে বৃহৎ নদী পরিকল্পনা আছে আপনারা জানেন যে তা সেচ বিভাগ কর্তৃক পরিচালিত হয়। কৃষি বিভাগের অধীনে स्य সমস্ত সেচ পরিকল্পনা রয়েছে সেগালিকে काृत-म्यल এবং মাইনর ইরিগেশন বলা হয়। আপাততঃ আমরা ডিপ টিউবওয়েল—গভীর নলক প করে সেচের বাবস্থা করছি সেইসব দায়গায় নদী পরিকল্পনা যেখানে যায় নি এবং সেখানে গভীর নলক্প পরীক্ষাম্*লকভা*বে ধনন করে দেখা গিয়েছে সাফলামন্ডিত হতে পারে। এইভাবে ১৯৬২ সালের মাঝামাঝি মামরা ২৪০টি গভীর নলক্ষে খনন করেছি তার মধ্যে ১২৫টি সম্পর্ণ হয়েছে অর্থাৎ সেখানে বিদ্যুৎ শক্তি সংযোগ করা সম্ভব হয়েছে। আপনারা জানেন আমাদের পাওয়ারএর অভাব রয়েছে সেজন্য তৃতীয় পরিকল্পনায় এ বছর পাওয়ার-এর উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। যাই হোক ২৪০টির মধ্যে ১২৫টি কর্মাপ্লট হয়েছে আর ২০০টি আমরা খনন করতে আরম্ভ করেছি। মগুলি সম্পূর্ণ হয়েছে সেখানে আমরা লক্ষ্য করেছি আমরা সূফল পেয়েছি অর্থাৎ আগে যে नमञ्च क य्रागाय এकটा ফসল হত সেখানে দুতিনটা ফসল হতে পারে দেখা যাচ্ছে এবং ষেসব জ্ঞলার আগে গম বা আলু হত না--আমি নিজে গিয়ে দেখে এসেছি দেগণ্গা স্লাকে এবং নদীয়া। ্যবিশ-পর্যনায় সেখানে আলু এবং গম হচ্ছে। এছাডা নদী থেকে জল পাম্প করে তোলার ষ পরিকল্পনা সেই পরিকল্পনায় দুটি ইতিমধ্যে গ্রহণ করা হয়েছিল। এবং আমরা ২৫টি শরিকল্পনা গ্রহণ করেছি নাটির কাজ হয়ে গিয়েছে এবং আর ২৫টি পরিকল্পনা গ্রহণ করেছি। এই ২৭টি নদী পাম্প পরিকল্পনা বা লিফট ইরিগেশন থেকে ১৮ হাজার একর জমিতে জল দওয়া যাবে এবং আমরা এক ফসলের জায়গায় দ্র-তিনটি ফসল ফলাতে পারব বলে **আশা**। দর্ঘাছ। আগে ছিল ১৮ হাজার টাকার যেসব স্কীম বা পরিকল্পনা সেগালি কৃষি বিভাগ করতে ারতেন, ১০ হাজার টাকার উপর হলে সেচ বিভাগ করতেন। সম্প্রতি ঠিক হয়েছে ১০ হাজারের iপর থেকে এক লক্ষ পর্যন্ত এই পরিকল্পনা কার্যকরী করবার জন্য আমি আগে প্রন্যোত্তরে লেছি জেলায় জেলায় যাতে এই স্কীমগ্রলি পরীক্ষা করা যায় তার বাবস্থা করা হয়েছে। স্কীম-্রেল এই ডাইরেকটোরেটএ এসে পরীক্ষিত হয়ে জেলায় জেলায় ফিরে যেতে যেতে দেরী হয় সক্রনা রেন্জ লেভেলএ আমরা একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, ডিস্ট্রিকট্ লেভেলে য়্যাসিসট্যান্ট িঞ্চনীয়ার নিয়ত্ত করেছি, তাঁরা এই স্কীমগ**ুলি পরীক্ষা করে দেখেন। জেলা ম্যাজিস্টেটের** ভোপতিতে মাইনর ইরিগেশন কমিটি করা হয়েছে তার মধ্যে জেলা সেক্রেটারী হিসাবে জেলা র্গিষ আধিকারিকও থাকেন। এ পর্যন্ত আমরা ২০০টি স্কীম পেরেছি বিভিন্ন এম, এল, এ ।বং অন্যান্য জায়গা থেকে এগ্রাল পরীক্ষা করা হচ্চে। আর যে ছোট পরিকল্পনা দশ হাজ্বার াকায় সেগ্নলি হচ্ছে, আপনারা জানেন কর্নাট্রবিউটরি স্কীম। এই কর্নাট্রবিউটরি স্কীম-এর ছাট পরিকল্পনা আমরা অনেকগ্নলি গ্রহণ করেছি এবং আরো গ্রহণ করতে ষাচ্ছি। এ**সৰ** ারিকল্পনার জন্য গতবার আমরা ধরেছিলাম অরিজিনাল বাজেটএ ২২ লক্ষ টাকা তার উপর াখন আরো ৩৪ লক্ষ টাকা ধরা হচ্ছে। তাছাডা প**ু**ৰ্জ্বরণী থেকে জল সেচের যে ব্যবস্থা <mark>আছে</mark> াতে ট্যান্ক ইরিগেশন থেকে আমরা দেখছি ষে ৩ লক্ষ ৬০৭ একর জমিতে সেচ ব্যবস্থা করতে ারব। ৫৯০টি হাজামজা প্রকরিণী ইতিমধ্যেই আমরা সংস্কার করেছি এবং এই থেকে আমরা মাশা করছি ২০ হাজার টন জল বেশী পাব। দেখা ষাচ্ছে, বীজ, সেচ এবং সার ছাড়াও আরেকটা ্যবস্থা দরকার কৃষির উন্নতির জন্য, সেটা হচ্ছে কীট থেকে শস্য রক্ষা করা এবং শস্যক্ষেত্র রক্ষা ন্রা প্লান্ট প্রটেকশন দূরকম, প্রিভেনটিভ অ্যান্ড কিউরেটিভ। গত বছর আমরা প্রায় ২০ হা**জার** ।কর জমিতে স্পে করেছি। তা ছাডাও আছে ধানের বীক্ত ফাজ্যিসাইড দিয়ে ট্রিট করার ব্য**বস্থা** ত বছর ২০ হাজার টন ৪২৯ মণ বীজ এভাবে আমরা ট্রিট করেছি এবং ১৪ লক্ষ ৩০ হাজার ।কর ধানের জমিতে এবং ২ লক্ষ পাটের জমিতে আমরা ইনসেকটিসাইভ এবং ফাগ্গিসাইভ **দিভে** 

17

বীজ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছি। এছাড়া আমের এবং ফলের চারাও আমর এইরকম ওষ্ট্রধ দিয়ে ট্রিট করেছি। এছাড়া এসব কীটনাশক ব্যবস্থা চাষীকে আমরা শতকরা ৫০ ভাগ সাহায়্য দিই এবং অন্যান্য ক্ষেত্রে শতকরা ৭৫ ভাগ সাহায্য দেই। এছাড়া ফসলের সংক্রামক ব্রোগ যখন দেখা দেয় তখন বিনা পয়সায় এইসব কীটনাশক ব্যবস্থা গ্রহণ করা হয়। সম্প্রতি আমবা যাতে করে চাষীদের উন্নত ধরনের যন্ত্রপাতি দেওয়া যায় তার বাবস্থা করার চেন্টা করছি। মাননীয় সদসারা জানেন এইসব উন্নত ধরনের যল্তপাতির দাম বেশী বলে আমাদের দেশের চাষীভাইরা অনেক সময় এগুলি ব্যবহার করতে যায় না। বর্তমানে ঠিক হয়েছে শতকরা ৫০ ভাগ সাবসিডি দেওয়া হবে যার শ্বারা তারা অর্ধেক দামে কিনতে পারবে। এসব যন্ত্রপাতি বাতে আমাদের স্থানীয় লোকেরা তৈরী করতে পারে বা তৈরী করতে উৎসাহ পায় তার জন্যও তাঁদের পরামর্শ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। উন্নত পর্ম্বতিতে চাষের ব্যবস্থা চাষীদের শিক্ষা দেবার জনা ডিমনস্ট্রেশন সেন্টার খোলা হয়েছে-

Mr. Speaker: Mr. Banerjee, I think all these points can be discussed in reply.

[12-40-12-50 p.m.]

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, I have almost finished, my reply will be very short.

এছাড়া, স্যার, সদস্যরা জানেন রানাঘাটে জাপানী পর্ম্মতিতে চাষবাস শেখানোর জন্য এবং এদেশে জাপানী চাষীরা এসে যাতে জাপানী পম্বতিতে হাতেকলমে শিখাতে পারে তার জন্য ইনডো-জাপানিজ চক্তি অনুযায়ী একটা কৃষিক্ষেত্র খোলা হয়েছে। এবং বর্ধমান জেলায় ইনটেনসিভ এগ্রিকালচর্যাল ডিম্ট্রিক্ট প্রেগ্রাম যাকে প্যাকেজ প্রোগ্রাম বলে সেটা হইয়াছে। প্যাকেজ প্রোগামও থাকবে 600 গভৰ্ণ মেন্ট কর্ম চারী বেসরকারী ব্যক্তিকে শিক্ষ দেওয়া কো-অপারেটিভ হ য়েছে এবং সোসাইটির মাধ্যমে বিভিন্ন সূযোগ সূবিধা চাষীদের মধ্যে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া জর রী অবস্থার জন্য আমাদের জর রী খাদ্যোৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে—তার কাজ আশান্র্প হয়েছে বলে আমরা দেখতে পাচ্ছি। এছাডা কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামএর মধ্যে কৃষির যে বাবস্থা আছে তাও করছি এবং কৃষি বিপণন শাখা তার কাজ করে যাচছে। কৃষি বিভাগের সোসিও-ইকর্নমিক রিসার্চ একটা শাখা আছে—তাঁরা গ্রামাণ্ডলে সোসিও-ইকর্নমিক রিসার্চ এর কাজ করে যাচ্ছেন। আমি আর বেশী সময় নেব না। আমি আশা করি সদস্যগ**ণ** এই বাজেট ম**ঞ্জার করবেন**।

Mr. Speaker: Cut motions Nos. 13, 15, 30 (gha), (Uma), (cha), 32, 36, 43, 50, 51, 52(1), (2), (3) are out of order. The rest are in order and they are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

- Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.
- Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22. Major Heads: "31--Agriculture -Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.
- Shri Girish Mahato: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22. Major Heads: "31—Agriculture -Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.
- Dr. Radhanath Chattoraj: Sir. I beg to move that the demand of Rs. 8.72,33,000 for expenditure under Grant No. 22. Major Heads: "31- Agriculture-Agriculture and 55- Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.
- Shri Abdul Bari Moktar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture Agriculture and 95—Capitai Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture -Agriculture and 95—Carital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Dulaj Chandra Mondal: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agricultura—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Tarun Kumar Sen Cupta: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.
- Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: 131-Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22. Major Heads:

-(3):—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22. Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "SI—Agriculture—Agriculture—and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Shambhu Gopal Das: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be-reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

The Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "81—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Thri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Apurba Lai Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 8.72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", be reduced by Rs. 100.

#### Shri Sanat Kumar Raha:

মানীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ৪ দিন ধরে আমরা ১৯৬৩-৬৪ সালের বাজেটের নীতি এবং অন্যান্য দিকের সমালোচনা করছি। আজকে সরকারের কৃষি এবং কৃষি নীতি সম্পর্কে আলোচনার সূযোগ আমরা নেব। দীর্ঘ ৪ দিন আলোচনার মধ্যে দিয়ে কংগ্রেস পক্ষ থেকে একথা প্রমাণ করার চেন্টা করা হরেছে যে আমাদের দেশের অর্থনীতি মিশ্র নীতি-লক্ষ্য সমাজতালিক ধাঁচ এবং অগুসর ক্রমোম্রতিতে হচ্ছে। আমাদের বিরোধী পক্ষ থেকে যুক্তি বিচার বিশেলষণ দিয়ে একথা প্রমাণ করতে হবে যে সরকারের কৃষি নীতি আসলে এটা প**ু**জিবাদী কার্যদার রচিত প্রাঞ্জবাদী স্বাথের সংখ্য নয়, পর্বাজবাদী স্বাথে কংগ্রেসের বিরোধী যে নীতি সেটা সরকারের কৃষি নীতি এবং সেটা একচেটিয়া কারবারীদের পক্ষে নীতি। এই নীতি অনুসরণ করতে গিয়ে সরকার নানা রকম ধরনের দূনীতি এবং অপরাধ যে করছে তার কিছু কিছু নজ্জীব এই কৃষি নীতি আলোচনা এবং বাজেট আলোচনা করতে গিয়ে পাব। অধ্যক্ষ মহাশয়, আমরা বিভিন্ন রিপোর্টে দেখেছি যে বাংলাদেশের অবস্থা বিগত ১৫ বছরের মধ্যে নিদ্নস্তরে এসে গেছে। সারা ভারতের তুলনায় উৎপাদন এবং অন্যান্য আয় ব্যয়ের হিসাবে বাংলাদেশের জীবিকার মান নিম্নে নেবে গেছে। কৃষিকে চিরকাল উপেক্ষা করা হয়েছে। "কাব্যে উপেক্ষিতার মত জনসাধারণের এই বাজেটও উপেক্ষিত" তার মধ্যে বিশেষভাবে উপেক্ষিত হচ্ছে কুষি বিভাগ। এই বিভাগ সম্পর্কে বলতে গেলে মোটামুটি সাধারণভাবে এটা দেখা যায় যে এই ব্যাপারে যেসব বাজেট বরান্দ হয় তার মধ্যে এই রকমের ডিসক্রিপ্যান্সি যাকে বলা হয় বাজেট ম্যানিপ্রলেশনএর ব্যবস্থা এর মধ্যে দেখা যায়, বহ**্ব ওয়েসটেজ ,অপচয়** এর মধ্যে পাওয়া যায়, বহ**্ব করাপশন**, দুর্নীতি এর মধ্যে রয়েছে।

আরো দেখা যায় কৃষি বিভাগের উন্নতি করার জন্য যে ধরনের প্রশাসনিক ব্যবস্থা থাকা .বমন যে ধরনের সংহত সাংগঠনিক ব্যবস্থা থাকা দরকার সে ব্যবস্থার চূড়াম্ত অভাব রয়েছে। সমন ধর<sub>ন</sub> কৃষির সঙ্গে ভূমির ভূমির সংগে কৃষি নীতির পার্থকা রয়েছে। আমরা দেখ**ছি** চিষ বিভাগের কাছে কার্যক্ষেত্রে ভূমি ব্যবস্থার কথা বলতে গেলে তাতে কান দেন না। আবার ্ চবি বিভাগের উন্নতির জন্য ভূমি বিভাগের কাছে কৃষি সম্বন্ধে বলতে গেলে ভূমি বিভাগ কৃষি বভাগের কথা উপেক্ষা করে চলে। সেচ বিভাগ, ভূমি বিভাগ, ও কৃষি বিভাগ ইত্যাদি সকলে। াকলকে উপেক্ষা করে চলে। তারপর সমবায় বিভাগ থেকে সমবায় প্রথায় কৃষি সেচ ভূমির এসব-ঢালর যদি ইনটিগ্রেটেড ফ্ল্যানিং মধ্যে সাংগঠনিক কারদার মধ্যে যদি সমস্তগ<u>্রিলকে অ্যান</u>তে । পারি তাহলে কৃষির উন্নতি হতে পারে না, একথা বাজেট অধিবেশনে কৃষি নীতি সম্বাদ্ধে, সালোচনা করবার সময় বলেছি। তাঁরা যে বাজেট রচনা করেছেন তা কৃষির স্বার্থের দিকে না চয়ে হয়েছে এ আমরা জানি। আমরা শুনেছি মুখ্যমন্ত্রী বললেন বে, ক্রমশ আমাদের চাবীদের সবস্থার উন্নতি হচ্ছে. সকলেই সাইকেল রেডিও ইত্যাদি প্রচুর তারা কিনছে আমাদের অর্থ মন্ত্রী জেলেন আমাদের নীতি হচ্ছে মিশ্র অর্থ নীতি। আমাদের ধারণা যে কোন নীতি হোক মিশ্র াীতি হোক, সমাজতদের নীতি হোক আর ষাই হোক, নীতি যদি অগ্রসর নীতি হয়, আমাদের জ্যানিং কমিশনস রিপোর্টএ স্ন্যাসেসমেন্ট ব্রিপোর্টে বারবার বলা হয়েছে যে করেক বছর লাগবে শ্রগতিধমী অর্থাৎ প্রোগ্রেসিভ হতে। প্রগতিধমী এ কথা যদি বলা হয় যে কৃষি বিভাগ ও rিষ নীতি প্রগতিম্লক তাহলে কিছু বলতে চাই। মুখ্যমন্ত্রী বলেছেন বহু খরচ করা হয়েছে ্যার ফলে বহু, চাষ্ট্রীর বহু, অর্থ হয়েছে এবং তার জন্য বহু, লোক সাইকেল কিনেছে, রেডিও কনেছে। এখানে ভালভাবে বিচার করতে গেলে দেখা য বে যা করেছে তা বিলাসিতা করেছে।

কিল্তু তার মধ্য দিয়ে দেশের অগ্রসর হল কিনা তা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে জ্বানতে চাই। যে কোন এলাকায় গেলে দেখবেন বাংলাদেশের সত্যকারের অবস্থা কি? বাংলাদেশের অধিকাংশ লোক প্রায় শতকরা ৭০।৭৫ জন গ্রামাজীবনের মধ্যেই বাস করে, কলকাতার বাইরে মফঃস্বলে প্রায় শতকরা ৮০ জন বাস করে সেখানে আমরা দেখেছি কারা কিনেছে এ সম্পত্তি। যারা কিনেছে তাদের অবস্থা কি সত্যকারের ভাল? দুই হাজার কোটি টাকা খরচ হবে তিনটি বড় বড় পরিকল্পনা মারফত। কিছু কিছু অর্থের খরচ হবে কংগ্রেস দলের পিছনে বার মধ্য দিয়ে সুযোগ সুবিধা হবে। সেদিকে নজর রাখা হয়, অর্থাৎ এই অর্থের মাধ্যমে, যে দল প্রতিসাধন হবে সে বিষয়ে সন্দেহ নেই। আমি এখানে কয়েকটা কোটেসনস উন্ধৃতি করতে চাই, যার মধ্য দিয়ে প্রমাণ করা যাবে সত্যকারের আমরা কোথায় আছি। স্প্যানিং কমিশনস তারা এক জারগায় বলেছেন,

"Planning Commission's decision of the Second Five-Year Plans. The financial difficulty in implementing the plan target is that it is largely due to increase in expenditure particularly in the State on non-developmental head. West Bengal is a major defaulter in this regard."

এই কথা বারবার বলা হচ্ছে যে নন-ডেভেলপমেন্টাল হেডে বহু বেশী বার হচ্ছে। কোথায় কত বেশী থরচ হচ্ছে সে সম্পর্কে একটা তথ্য দেওয়া যেতে পারে। সে তথ্যের মাধ্যমে দেখতে পাবেন যে বাংলাদেশে যা নন-ডেভেলপমেন্টালএর থরচ। অন্যান্য প্রদেশের এর অনেক বেশী কম নর। এই তথাগ্র্লি পরে দেখাছি, আরো কয়েকটা উন্ত্তু দেবার পর, এই তথোর মাধ্যমে প্রমাণ করবার চেন্টা কর্রাছ যে, বাংলাদেশের কৃষি অর্থানীতি যেভাবে পরিচালিত হচ্ছে তার ফলে কৃষক জনসাধারণের ম্বার্থাসিন্ধির সম্ভাবনা নেই। সর্বভারতীয় হিসাবের ভিত্তিতে ১৯৫৮-৫৯ সালে বলা হয়েছে—কৃষক জনসাধারণ, কৃষি পরিবারের শতকরা ৪৮ ভাগ, মোট জমির শতকরা ১ ভাগের মালিক এবং শতকরা ৬১ ভাগ মোট শতকরা ৬ ভাগ জমির মালিক, এই অবস্থা হয়েছে। শ্ব্র্য্ তাই নয় ১৯৫৬ সালে ল্যান্ড রিফ্মান্স কৃষিটি সে রিপোর্ট দিয়েছেন তাতে দেখছি যে কৃষিব গ্রামাজীবনে শতকরা ২২টা পরিবারের জমি নেই। শতকরা ৬৪ জন মাসে ২১ টাকায় জীবন ধারণ করে।

## [12-50—1 p.m.]

১৯৫০-৫১ সাল ও ১৯৫৬ সাল এই ৫ বছরের মধ্যে ঋণগ্রন্তদের সংখ্যা বেডে ৩২ থেকে ৭৯ পরিবার ঋণগ্রন্ত হয়েছে ৪৪ থেকে ৫৬। এটা যদি প্রগতিধমী হয় তাহলে আমি বলবো থে এটা বলা যায় যে কৃষিনীতি বা কৃষির অবস্থা প্রোগ্রেসিভ হয়েছে তাহলে পরিষ্কার জবাব দিতে হবে। এই কাজ প্রগতিধমী যদি হয়ে থাকে তাহলে শতকরা ৭১ জন ৩০ থেকে ২৫— খেত মজরে। তাদের অবস্থার কোন উন্নতি হয়েছে কিনা। আমি প্রলন করবো শতকরা ৭০ জন যে চাষী তাদের ভাগ্য বিড়ম্বনা থেকে তাদের কোন সূত্রাহা হয়েছে—তার অবস্থার পরিবর্তন হয়েছে কিনা এবং এই প্রদন করবো আমরা যে যে জমি সরকারের বিলি করবেন বলেছিলেন সেটা বিলি করতে পেরেছেন কিনা এবং যে পরিবারের মধ্যে সেই জমি বিলি করবার কথা ছিল তা বিলি হয়েছে কিনা এবং যেটকু ভূমি সংস্কার নীতি গৃহীত হয়েছে সেটকু কুষকদের স্বার্থে কেন কার্যকরী করা হয় নি? এখানে আমি একথা বলবো প্রগতিশীল ভূমি নীতি যদি হয়ে थाक जाराल थान्रना राष्ट्रिय थाकर ना किन? किन क्षित्र जात्र मथल आमर्र ना-किन दनार्यो वर्णन करत निरक्षत नारम, भरतत नारम, मन्ठारनत नारम, कनगत नारम, स्मर्ट क्रीम त्राथा २ एक। अमन কি শোনা যাচ্ছে যে যাদের সন্তান হয় নি তাদের নামেও জমি রাখা হচ্ছে। কাজেই প্রগতিধমী যদি এই কৃষিনীতি এবং এই বাজেট হতো তাহলে নিশ্চয়ই আমরা এই বাজেটের মধ্যে তা প্রমাণ পেতাম। ত হলে সত্যিকারের নিশ্নস্তরের যারা চাষী যাদের সংখ্যা হাজার হাজার তারা কিছটো জমি পেতে পারত। বাজেটের মধ্যে এইসব কিছুইে দেখতে পাই নি। প্রগতিধমী যদি হোত তাহলে এই হাজার হাজার লক্ষ লক্ষ মাল'ফাইডি কেস—সেখানে জমি তাদের দখল করতে ১৫ <sup>বংসব</sup> লেগে গেল এবং সেখানে বহু অংশ জমি আমরা পেলাম না। কাজেই ভূমি সংস্কার সম্পর্কে স্বানিং কমিশন যে রিপোর্ট করেছেন সেই রিপোর্টে আমরা দেখছি প্রগতিধমী কৃষি-D-3

নীতি নর। রাজ্য সরকার এমন আইন করেন নি বার মাধ্যম দিয়ে চোরা জমি ধরা চলবে। বাংলাদেশের সরকার এ বিষয়ে সম্পূর্ণ অপদার্থতার প্রমাণ দিয়েছেন। আপনার মাধ্যমে একথা বলতে চাই যে এই প্রগতিধমী কৃষিনীতি যা জনসাধারণকে সেবা করবার যে বাজেট রচিত হয়েছে তার মধ্যে আমি দেখি যে কিভাবে মেন.প্রলেশন করা হয়েছে। কিভাবে ডিসক্রিপেলিস ইন দি বাজেট করা হয়েছে। আমরা লক্ষ্য করি যে বিভিন্ন বছরে ১ কোটি দেড কোটি ২ কোটি টাক্ কমানো হচ্ছে। স্ত্র-ফ্ট কোটি টাকা কমিয়ে খরচ করা হচ্ছে—কৃষি খাতে কেন এত কম খরচ কর হবে? সেজন্য আমি বলতে চাই যে ম্যানিপ্লেশন ডিসক্রিপেন্সি এই দুটি বলা যেতে পারে— আজকে স্টেটসম্যানে দেখলাম এই রকম ধরনের বিব্তি আছে যে অন্তত এই ডিসন্লিপেন্সি কেন দেখা যাচ্ছে—তাছাড়া অডিট রিপোর্টে বহু দুনীতি ওয়েন্টেজএর কথা বলা হয়েছে। যেভাবে টাকা পয়সা নন্ট করা হচ্ছে সে সম্পর্কে অভিট রিপোর্টের উন্ধ্র্তি থেকে দেখা যাবে যে এই যে রিপোর্ট রচনা করা হয়েছে সরকারী মগজ থেকে নয়, যে টাকা আদায় করা হবে এবং থরচ করা হবে তা সরকারী মগজ থেকে নয় এবং কৃষি খাতে যে টাকা ধরা হয় সে টাকা খরচ করা হয় না। শুখু তাই নয় এই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা ১৯ কোটি টাকা বরান্দ করা হয়েছে তার মধ্যে ১৪ কোটি টাকা খরচ করা হয়েছে। ১৯৬০-৬১ সালে ধরা হয়েছে ৪০৩২ লক্ষ টাকা খরচ হয়েছে ৪:৭১ টাকা। ১৯৬১-৬২ সালে ধরা হয়েছে, ৬;৮০, খরচ করা হয়েছে ৪-৭১ টাকা। ১৯৬২-৬৩ সালে ৭-৭০ লক্ষ টাকা বরান্দ, খরচ করা হয়েছে ৬-৭৭— প্রায় ১ কোটি টাকা কম। প্রত্যেক বছর এই যে ট্রাডিশন হয়ে গিয়েছে—বাংলাদেশের ঐতিহা ম্যানিপ্রলেশন ডিসক্রিপেন্সি করে এইভাবে খরচ বেড়ে যাচ্ছে—অতএব উন্নয়ন খাতে খরচ বাড়ছে না—অনুষ্ণত খাতে খরচ বাড়াবার জন্য তাঁদের এখানে ম্যানিপ্রলেশন করা হয়েছে এইভাবে সাত বছর ধরে বাজেটের টাকা কম করে খরচ করা হচ্ছে। শুধু তাই নয় দ্বিতীয় পঞ্চবার্ষিক পরি-কল্পনা ১৯ কোটি টাকা খরচ হয়েছিল এই কৃষিতে—সেখানে ১৪ কোটি টাকা খরচ হয়েছে— কেন ৫ কোটি টাকা খরচ হোল না। এইভাবে কৃষির উর্ন্নাত করা যায় না। স্বাস্থ্য, কৃষি, কৃটির-শিল্প যেগু,লি গ্রাম্য জীবনকে সাহায্য করে যাতে মানুষ লাভবান হতে পারে—এর ম্বারা উর্লাত হতে পারে সেইসব জায়গায় খরচ কমিয়ে দিচ্ছেন। তিনি মুখে বলেন গণতল্রের কথা, কুয়ি অর্থনীতির কথা মিশ্র নীতির কথা—আসলে কেন পরোক্ষভাবে কৃষির উপর নানাভাবে নিয়াতনের নীতি পরিচালিত হচ্ছে।

এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে ১৯৬১-৬২ সালের অডিট রিপোর্ট পড়ে শোনাচ্ছি—এথানে দেখবেন পেজ ৫১—

Loss due to delay in disposal of surplus machinery and plants.

এখানে দেখা যাবে ফোর পোটে বল ইউনিভার্সাল কুলার্স এবং এই কৃষির কোল্ড স্টোরেজএর যে সব যন্ত্রপাতি কিনতে হয়, সে সব কিনবার জন্য কিছ্র টাকা বরান্দ হয়েছিল; সেই টাকা খরচ করা হলো ১৯৪৯ সালে। এবং কোটি কোটি টাকা, লক্ষ্ণ লক্ষ্ণ টাকা খরচ করা হয়েছে এই সব জিনিষপত্র কিনতে, আর মাত্র ৫ বছর পরে সেই সব জিনিষের প্রয়োজন নাই বলে বিক্রী করতে হলো, এবং তার ফলে, এখানে তাঁরা বলেছেন, ২ কোটি ৪৭ লক্ষ্ণ টাকা লোকসান হয়ে গেল একটি মাত্র আইটেমে। এপরা বলছেন ষে

"with the availability of electric power from the Calcutta Electric Supply Corporation, the electrical equipment, viz., Waksha sets and Buckey sets, was rendered surplus in 1949-50 and sold in March, 1956 for Rs. 66,271 against the purchase price of Rs. 3.14 lakhs involving a further loss of Rs. 2.47 lakhs."

এই যে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে ১৯৪৯ সালে যে জিনিষ কেনা হলো, ১৯৫৬ সালে তা বিক্লি করে দেওয়া হলো জলের দামে। এইভাবে যন্দ্রপাতি কিনে লোকসান দেওয়া হচ্ছে আমাদের কৃষি বিভাগে। মাননীর অধ্যক্ষ মহাশয় আপনার কাছে জানতে চাই এই রেড-ব্রুক পেজ ১২১, বেখানে দেখছি কৃষির উর্নাত সাধনের জন্য সরকারের কি আকাক্ষা তীরভাবে বেড়ে গেছে। তাতে তাঁদের ছন্মবেশী বক্ধমী রূপেও প্রমাণ পাওয়া গেছে। ঐ

Seed purchase, Multiplication, Tank Irrigation, Lift Irrigation, Soil Conservation and Land Improvement, Soil Conservation Extension.

ইত্যাদি খাতে আমরা বার বার দেখে আসছি এক্সপেন্ডিচার যা বরান্দ ছিল, রিভাইজড এস্টিমেটএ তা কমে গেল। তারপর ১৯৬০-৬৪ সালে যে টাকা ধরা হয়েছে তাতে বাংলাদেশে সামনের বছর আমরা আশা করতে পারি না যে খাদ্যোৎপাদন বৃদ্ধি সম্ভব হবে, কৃষক এবং কৃষিতে সমৃত্র বাংলার গ্রামজীবন পরিপ্টে ইয়ে উঠবে এবং বাংলাদেশে কৃষি সমাজের উন্নয়ন হবার সম্ভাবনা আছে। শ্ব্ধ তাই নয়—একথা যেমন আমরা দেখছি যে ইনটেনসিভ প্রোডাকসন বাড়াবার জন্য খরচের কার্পণা, যে টাকা খরচের জন্য বরান্দ করা হয়, তা খরচ হয় না। সঙ্গো সঙ্গো এ ও আমরা দেখছি সিভিল বাজেটের পেজ নং ৪৪৯এ সেখানে দেখা যাছে যে ডাইরেকসন এবং স্পারিনটেনডেন্সএর জন্য ১৯৬১-৬২ সালে ও ১৯৬২-৬০ সালে যে খরচ হয়েছিল তা ক্রমশঃ বড়ে গেছে আগেকার থেকে। এই স্পারিনটেনডেন্স খাতে দেখি ৩ লক্ষ ৯৩ হাজার টাকা থেকে ৪০৫ হাজার টাকায় উঠে গেছে এবং ডাইরেকসন খাতে ৪৮৮ হাজার পর্যন্ত। এইভাবে সেখানে নন-প্রোডাকটিভ খাতে খরচ বৃন্ধি এই সব দেখতে পাছিছ। আমরা বলেছিলাম বাংলাদেশে নন্প্রোডাকটিভ থাতে খরচ বৃন্ধি এই সব দেখতে পাছি। আমরা বলেছিলাম বাংলাদেশে নন্প্রোডাকটিভ এক্সপেন্ডিচার কি রকম অবন্ধায় এসেছে তা দেখ্ন। বোন্দে ৫০, ৫০, ইউ পি ৪৪-৮, পাঞ্জাব ১০-৬, অন্ধ ৩৫-১. কেরালা ২০-৯। আর পশ্চিমবাংলা সকলের মাথায়। তাই আমি মনে করি—পশ্চিমবজা-সরকারের যে কৃষি নীতি, সেই নীতি সম্প্রেণ ব্যর্থ হয়েছে।

[1-1-10 p.m.]

#### Shri Bhakti Bhushan Mondal:

মিঃ স্পীকার, স্যার, আজকে আমাদের দেশের যে অবস্থা, অর্থাৎ একদিকে এমারজেন্সি বা চীনা আক্রমণ, আর একদিকে পাকিস্তানের সঙ্গে আমাদের অসদ্ভাব প্রায় হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থায় আমাদের বিবেচনা করা উচিত যে আজ কৃষি খাতে যে টাকা মঞ্জুর করা হয়েছে, সেটা ঠিক হয়েছে কিনা!

আমি এইটুকু বলতে চাই এই গভর্নমেন্টএর সতিাকার ষেটুকু প্র্যাকটিকাল জ্ঞান দরকার সেই জ্ঞানটকও নেই। কারণ ভারতের ডিফেন্স যদি দরকার হয়, তাহলে ঐ ডিফেন্সএর নাম করে মোরারজী দেশাই এর ৮৭৫ কোটি টাকার যে বাজেট ওখানে করা হয়েছে. সেটা অন্যায় হয়ে যাবে। এবং গতকাল শঙ্করবাব মে কথা বললেন যে, বাংলাদেশে পর্লিস খাতে আরও অর্থের প্রয়োজন. আমি বলবো সেটারও প্রয়োজন হবে না যদি আমরা কৃষি সমাজের সমগ্র উন্নতি সাধন করতে স্তুরাং বাংলাদেশের এগ্রিকালচারাল—কৃষিজাত দ্রব্য বাড়াতে হবে। কিন্তু, সেদিকে বিবেচনা করলে দেখা যাবে বাজেটে যে টাকা আলট করা হয়েছে কৃষির জন্য তা কি ঠিক হয়েছে! य ठोका ज्यानां कता शराष्ट्र कृषि খाতের জন্য, তা সমগ্র বাজেট খরচের এক আনা মাত্র। অথচ বলা হচ্ছে আজ পশ্চিমবাংলার সবচেয়ে বড় সমস্যা হল কৃষি সমস্যা, এবং এর জন্য টাকা বেশি দিতে হবে। কাজেই আমি বলতে চাই বাজেটে কৃষির জন্য যে টাকা বরান্দ হয়েছে, তার চেয়ে আছাও অনেক বেশি টাকা দেওয়া উচিত ছিল এই খাতে। আমি আপনার কাছে বলছি আপনি চিন্তা করে দেখনে আজ কৃষির যদি প্রকৃত উন্নতি করতে হয় তাহলে ঐ যে কয়েকটা সিড দিলাম বা অম্ব দিলাম, এইভাবে হবে না। গভীর ভাবে সমস্যাটা বিশেলষণ করলে দেখা যাবে শ্রমিক. কৃষকদের অবন্থা যতক্ষণ পর্যন্ত না উন্নত করা যায়, ততক্ষণ পর্যন্ত ফলন বা কৃষির উন্নতি করা যাবে না। কারণ এখানে মেইন ফ্যাক্টর হচ্ছে প্রোডাকসন বাড়ান এবং কৃষকের মান উন্নত করা। কিন্তু কৃষকের প্রতি এই সরকারের যে দেউলিয়া নীতি, তা আমরা ভাল করে জানি। সেই জন্য আমার বন্তব্য দেশে কৃষি পণ্যদ্রব্য যদি বাড়াতে হয়, কৃষিজাত দ্রব্য যদি বাড়াতে হয়, তাহলে চাষী মজনুর, কৃষকদের অবস্থা আরও ভাল করতে হবে, এবং তা করতে হলে, তাদের ঘাড়ের উপর যে খণের বোঝা চেপে রয়েছে. এবং লোনে আজ তারা জর্জীরত হয়ে গিয়েছে. সে কথা ভাবতে হবে। বহু দিনের আগের কথা, ইন্ডিয়ান রয়াল কমিশন বলেছিলেন যে ভারতবর্ষের কৃষক ঋণ নিয়ে জন্মার, ঋণের মধ্যে বে'চে থাকে, এবং ঋণ রেখে মারা যায়। এখনও ঠিক সেই অবস্থা রয়েছে। এই ঋণ সন্বন্ধে বলতে পারি আগেকার দিনের স্বগীয় ফজল্বল হক সাহেব বাংলাদেশের কৃষকদের কিছ্ উপকার করে গিয়েছেন, কানসেলেসন অফ ডেট সন্বন্ধে ডেট সেটেলমেন্ট বোর্ড স্থাপন করে। এর জন্য আজ বাংলাদেশের ঘরে ঘরে প্রতিটি লোক স্বগীয় ফজল্বল হক সাহেবের গ্লগান গায়। আমাদের দেশের গভর্নমেন্ট, সমাজতান্ত্রিক ধাঁচের গভর্নমেন্ট বলা হয়, অখচ এই ডেবটএর কি অবস্থা, এটার সন্বন্ধে চিন্তা করেন না। তার ফলে হচ্ছে সরকার কৃষককে চাবের জন্য যে লোন দেন, সেটা তারা পকেটে প্রের থেয়ে ফেলে। আমরা দেখেছি গ্রামে গ্রামে কৃষকদের

Co-operative loan, cattle purchase loan

বিতরণ করা হয়, কিন্তু এমন সময় দেন, যখন তাদের অভাব উচ্চ স্তরে ওঠে, তখন তারা ঐ **ইমপ্র,ভমেন্ট করবার ঢাঁকা খেয়ে ফেলে ইমপ্র,ভ কিছ,ই হয় না। তাই আমি বলি এ সম্বন্ধে** একটা এনকোরারী কমিশন বসিয়ে ঠিক করা হোক যে বাংলাদেশের গরীব চাষীদের প্রকৃত দেনার व्यवस्थां कि तकम ? এই জন্য একটা এনকোয়ারী কমিটি করা হোক। এবং প্রয়োজন হলে न्यगीत क्ष्मन्त रक मारटरवत आमर्तन एउठे क्यानरमन्यवत क्षना स्यमन वक्रो एउठे स्मर्रोनरमन्द्रे বোর্ড বা ঋণ সালিশী বোর্ড হয়েছিল সেই রকম একটা বোর্ড বসান হোক। তারা যাতে ইন-न्छेनात्मर्गे होका त्मार्थ कराज भारत जात वायम्था करा हाक। व र्याप ना करा हा हा हा कान রকমেই কৃষির উন্নতি সাধন সম্ভব নয়। এবং কৃষি উৎপাদন বাড়াতে পারবেন না। সেই জন্য আমি ৰলছি যে জায়গায় ধান জন্মায় নি. সেই সমস্ত জায়গার অবস্থা এত শোচনীয় হয়েছে তা বলবার নয়। আসানসোল থানার অন্তর্গত করিমপুর গ্রাম, যেটা মাননীয় সদস্য আনন্দবাবন্তর কর্নাস্টিটিউয়েন্সী, সেখানে আমাদের গ্রাণমন্ত্রী মাননীয়া আভা মাইতি গিয়েছিলেন এবং মাননীয় ভটাচার্জি মহাশয়ও গির্মোছলেন, তাঁরা সেখানে বলে এসেছেন যে গভর্নমেন্ট তাদের ঐরকম অবস্থা দেখে, সেখানে দ্ব-তিনটা সিনেমা খোলবার লাইসেন্স দিতে সম্মত হয়েছেন। অর্থাৎ খারাপ অবস্থাকে আরও খারাপ করবার প্রচেন্টা। আপনারা বিবেচনা করে দেখনে এইভাবে কি আমাদের ইমার্জেন্সী টাকেল করা যাবে। দেওয়া হচ্ছে এই জন্য যে সেখানকার এক্স এম এল এ পরাজিত হয়েছেন অতএব তাঁর বাবার নামে সিনেমা দিতে হবে। এইভাবে যদি কৃষকের অবস্থা না দেখা হয় তাহলে কৃষি উৎপাদন কিছ্মতেই বাড়তে পারে না। আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে কৃষকের অবস্থা দেখতে হলে জমি তাদের হাতে দিতে হরে। জমি यिष कृषरकत राज्य ना एमध्या रय जारान कान मर्ल्य कान वाज्र भारत ना। या किছ; ज्यान কর্ন সমস্ত প্ল্যানই নন্ট হয়ে যাবে যদি কৃষকের হাতে জমি না দেওয়া যায়। আমাদের এখানে অনেক মাননীয় সদস্য আছেন যাঁরা জোতদার জমিদার, তাঁরা বাবা, মা, ভাই, পিসী ইত্যাদি সকলের নামে বেনামী বহু জমি রেখেছেন, সেই জমি তাঁরা তদারকও করেন না, অথচ যাদের জমি পাওয়া দরকার তারা জমি পাচ্ছে না। অর্থাৎ যারা জমি পেলে নিজের জমি বলে চাষ করতো, ফসল ফলাত, তাদের হাতে জান্ন যায় না। তা যদি না যায় তাহলে ফসল বৃদ্ধি হতে পারে না।

আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে ষে, এই যে লোন ক্যানসেলেশন বা লোন রিডাকশন যা করা হবে তারপর তারা লোন পাবে কোথার? আমরা জানি গ্রামে চাষীদের অবস্থা, তারা সাধারণভাবে লোন না পাওয়ার জন্য এমন অবস্থা হয়েছে যে এক একটা লোক এক টাকা নিয়ে কব,লাত লিখিয়ে নেওয়া হয় ১০০ টাকা। তার জন্য চিফ ফ্রেডিট দেবার ব্যবস্থা গভর্নমেন্ট থেকে করতে হবে। অবশা একটা ব্যবস্থা আছে কো-অপারেটিভ সিস্টেমএ টাকা দেওয়া। কিন্কু, তাদের আনলিমিটেড লায়েবিলিটি থাকার জন্য এই কো-অপারেটিভের দেনটো কিরকমভাবে তার খাড়ের উপর চেপে বসে য়ায় সেটা আমরা বেশ ভাল করেই জানি। কিন্কু এই বিষয়ের প্রতি বাজেটের মধ্যে ধ্যান দেওয়া হয় নি।

তারপর সারের কথা বলবো, এটা খ্ব দরকার। সার দ্ব'-রকম দরকার, জৈব ও রাসায়নিক। কিন্তু আমাদের মন্ত্রিমহাশয় জানেন কি, রাসায়নিক সার বিশেষ করে অ্যামোনিয়াম সালফেট বেখানে দ্ই বংসর পরপর দেওয়া হয়েছে সেখানে তৃতীয় বংসর আর কোন ফসল ফলছে না। [দি অনারেবল স্মর্কাজং বন্দ্যোপাধ্যারঃ— সেজনাই ত আমরা সব্জসার দিতে বলোছ]

কিন্তু এই সব্জেসার কোন জায়গায় দেওয়া যায় ষেখানে জলের প্রাচুর্য আছে।। আপনার ষেধানের সার তার সবচেয়ে বড় জিনিষ হচ্ছে জল। জল না থাকলে ধণ্ডেতে ফল হবে কেন, তাতে কোন রকম ফসল হবে না। জল না হওয়া পর্যন্ত গ্রিন ম্যানিওরে কাজ হতে পারে না। তাই আমি বলেছি রাসায়নিক সার দিয়ে বলা হরেছিল যে তাতে প্রচুর ফলন হবে কিন্তু এখন প্রকৃত পক্ষে দেখা যাচ্ছে রাসায়নিক সার, বিশেষ করে অ্যামোয়াম সালফেটএর কথা আমি বলেছি ষেএকই জমিতে ২।৩ বংসর দেবার পর আর একেবারেই সেই জমিতে কোন ফসল ফলছে না। আপনারা এটা অন্সন্থান করে দেখবেন দ্ববরাজপ্র, বীরভূমে এমন অবস্থা হয়েছে যে সেখানে একেবারেই ফসল হচ্ছে না দ্ব'-তিন বংসর ধরে এই সার দেবার জন্য।

## [1-10-1-20 p.m.]

আমি বলতে চাই কৃষকের অবস্থা যতক্ষণ ভাল না হয় ততক্ষণ পর্যন্ত যত রকম স্কীম নিন্তা ফেল করবে—যত রকম লোন দিন, সার্বাসিডি দিন তা সব পেটে ভরবে। ক্ষুধার জনলা বড় জনলা। ক্ষুধা যথন থাকে তখন কাল কি খাব তা ভাবে না। তাই চাষীর বদি ফসল বাড়াডে হয় আমরা বলব আগে চাষীকে বাঁচাতে হবে—চাষীকে না বাঁচালে ফসল কোন দিনই বাড়বে না।

আমি মন্ত্রিমহাশরের দ্রণ্টি একটা দিকে আকর্ষণ করছি—বিশেষ করে পরে, লিয়া জেলার লাক্ষা চাষের ব্যাপারে। উনি জানেন কি না জানি না আমি কয়েকদিন আগে ওদিকে গিরে-ছিলাম এবং সেখানে দেখলাম বিহারের সংগে যখন তারা ছিল লাক্ষার মণ ছিল ১২০ টাকা: কিল্ড এখন সেই লাক্ষার মণ হয়েছে ১০ থেকে ১৫ টাকা। তার মানে হচ্ছে যে, লাক্ষা উৎপাদন করার জন্য যে খরচা হয় সেই খরচটা উঠছে না. অর্থাৎ বিলো দি কস্ট অফ প্রোডাকশন। কিন্ত দাঁডিয়েছে যে ওই অণ্ডলের যে একমাত্র মানি রূপ লাক্ষা ছিল তারা তা ছেডে দিয়ে টাটা রাউর-কেলাতে চলে যাচ্ছে—সেখানে ইনডাম্ট্রিতে কাজ পাওয়ার জন্য প্রাণপণ চেণ্টা করছে। আমি **বলি** এই লাক্ষা চাষের ব্যাপারটা তিনি যদি দেখেন আমরা তাহলে বাধিত হব। শুধু তাই নয় **এই** সংগ্রে আমরা বলছি যে কৃষিজাত দ্রব্য যা উৎপন্ন হবে তার যদি ঠিক দাম না পার অর্থাৎ যদি ফ্রের প্রাইস না পায় তাহলে চাষের যত চেন্টাই কর্ন চাষের দুব্য বাড়বে না। কিছুদিন আগে আমাদের অণ্ডলে এত বেশী শাকসবজী হর্মোছল তার এমন দাম হয়ে গেল বিশেষ করে ফুলকপির কথা বলছি যে এক গাড়ি ফুলকপি ৩ টাকা ৪ টাকায় বিক্রি হত। ফুলকপি লাগিয়ে যদি তার ঠিক দাম না পায় চাষী তাহলে আর লাগাতে চাইবে না। আর একটি বিষয় বলছি বড়ই দ**ঃথের** कथा य याट जनताता दर्गिंग होका ज्याना कता डिह्ह स्त्रिशास जनताता क्रम होका ज्याना क्रम হয়েছে। আবার যে টাকা অ্যালট করা হয়, তার সমস্ত খরচ হয় না—আনস্পেন্ট থেকে ষায়। দয়া করে বলবেন কি যে টাকাটা কি আনস্পেল্ট থেকে যাবে না যেট্রক অ্যালট করেছেন তা ধরচ হবে? আমি আর একটা কথা বলে শেষ করছি—কথাটা হল এই যুন্ধের জন্য এমারজেন্সীর জন্য অনেক জায়গায় কালকে অর্থ মন্দ্রী বলেছেন টাকা কমাবার চেন্টা হয়েছে। আমরা কৃষিখাতে লক্ষ্য করেছি ১৯৬১-৬২ সালে অফিসারদের বেতনের টাকার চেয়ে ১৯৬৩-৬৪ সা**লের** বাজেটে অনেক টাকা বেশি। কেন বেশি জানি না, তাই এদিকে মন্ত্রিমহাশয়ের দুষ্টি আকর্ষণ করছি। ১৯৬১-৬২ সালে ছিল এ-গ্র<sub>-</sub>প-৬২,৫৫৮, সেটা বেড়ে ১৯৬৩-৬৪ সালে হ**রেছে** ৭৪.৯৮০ টাকা; বি-গ্রুপএ দেখা যাচ্ছে ৯৭.৫৬৮ টাকা ছিল এবারে হয়েছে ১.৩৮,০০০ টাকা। এইভাবে ই-গ্রন্পএ ১৯৬১-৬২ ছিল ১ লক্ষ ৬২ হাজার টাকা. সেটা হয়েছে ১ লক্ষ ৮২ হাজার টাকা। ডাইরেক্টরদের বেতন ছিল ২১ হাজার ৬০০ টাকা এবার হয়েছে ২৪ হাজার ৮০০ টাকা। কাজেই বর্লাছ এ বিষয়ে বিবেচনা করে যেটা সবচেয়ে বড কাজ অর্থাৎ শস্য উৎপাদন সেটা যাতে বেশি ফলে তার চেণ্টা কর্ন।

# Shri Pijush Kanti Mukherjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের দেশ কৃষিপ্রধান এবং আমাদের জাতীয় আরের ১৪ হা**জার** কোটি টাকার মতো কৃষি থেকে আসে, এই অবস্থায় বিবেচনা করে কৃষির উপর কি পরি**মাণ** গ্রুত্ব দেওয়া প্রয়োজন সেটা সহজেই উপলব্ধি করতে পারা যায়। আজকে আমাদের পশি<del>চর-</del>

ৰাংলার কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে সন্দেহ নাই। কৃষি বলতে কেবলমাত্র খাদ্যশস্যই নয়, কৃষিক্ষেত্রে উৎপাদিত যেসমুল্ত দ্রব্য শিলেপ নিয়োজিত সেগ্রালিও অন্তর্ভুক্ত, যেমন পাট, ইক্ষ্ম, আলা। কিন্তু, মাননীয় স্পীকার মহাশয়, আমরা যদি বিশেলষণ করি তাহলে দেখতে পাব যে. শিক্স যে হারে উৎপাদন বাড়িয়ে চলেছে, কৃষিক্ষেত্রে উৎপাদন সেই হারে বাডছে না. বরং বলা ষেতে পারে যে, শিলেপ উৎপাদন যেখানে শতকরা ২০।২২ ভাগ বেড়ে চলেছে কৃষি উৎপাদন মাথাপিছ, সেক্ষেত্রে কমে গিরেছে, কারণ অধিকাংশ কৃষি উৎপাদনই যা আমরা দেখতে পাই সেটা চাষের জমি সুন্প্রসারণের দ্বারা হয়েছে। একর প্রতি উৎপাদন ব্যদ্ধির দিকে তেমন উন্নতি দেখা যাচ্ছে না। একর প্রতি যদি উৎপাদন বৃদ্ধি না করা যায় তাহলে আমাদের এই জনবহুল দেশে খাদ্যসমস্যা কোন দিনই মিটবে না। আমাদের দেশে মাথাপিছ, জমির পরিমাণ কম, স্তরাং একর প্রতি উৎপাদন ব্দিধর দিকে অত্যন্ত নজর দেওয়া দরকার। আজকে আমাদের জনসংখ্যার ব্দিধর সঙ্গে কৃষি-উৎপাদন তাল রেখে চলতে পারছে না। যদিও জনসংখ্যা বৃদ্ধির তুলনায় আমাদের খাদ্যাভাব আগের তুলনায় কম, কিন্তু সেটার কারণ কৃষির আওতায় যে জাম আছে তা সম্প্রসারিত হয়েছে। সতেরাং এই উন্নতি দেখে আমরা আত্মতৃতি লাভ করি বটে, কিন্তু একর প্রতি জমিতে উৎপাদন-ব দ্বি করতে হলে চাষীদের মধ্যে উৎসাহ ও অনুপ্রেরণা আনতে হবে। আজকে আমাদের এই ক্রমি বিভাগ সম্পূর্ণভাবে কাগজপত্রের বিভাগে পরিণত হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, যে সমস্ত সীড মাল্টিন্সিকেশন ফার্ম আছে, সেগ্রালির অবস্থা অত্যন্ত শোচনীয়। আমি আলীপর্র থেকে এসেছি, সেখানে একটা ফার্ম আছে। আজকে যেক্ষেত্রে বহ, অর্থ বায় করা হচ্ছে সেখানে উৎপাদন কম হবে কেন? ২রা অক্টোবর তারিখে আমি একটা এন ই এস ব্লকএ গিরেছিলাম— আমাকে একটা গার্ডেন দেখান হল, আমি যখন একজনকে জিজ্ঞাসা করি এই গাছগুলি কবে লাগান হয়েছে, সে উত্তর দিল প্রশানিন লাগান হয়েছে—প্রশানিন যদি লাগান হয়ে থাকে তাহলে এরই মধ্যে ১।১॥ ফুট হয়ে যেতে পারে না—অর্থাৎ, অন্য জায়গা থেকে সংগ্রহ করে এনে আমাকে দেখান হয়েছে। এইভাবে যদি আমাদের কাজ চলে তাহলে আমরা কোনদিনই আমাদের সমস্যার সমাধান করতে পারব না। আজকে বাংলাদেশে বহু সাবমাজিনাল ল্যান্ড রয়েছে। জলের প্রয়োজনও অত্যন্ত বেশি। আমরা জানি জল ছাড়া উৎপাদন সম্ভব নয়, জলের প্রাচুর্য না থাকলে উৎপাদন বাড়ান সম্ভব নয়। বাংলার বিভিন্ন অঞ্চলে সরকার থেকে কিছু কিছু সেচ-ব্যবস্থা করা হয়েছে, কিন্তু আমাদের উত্তর বাংলায় সেচ বিভাগ থেকে তেমন উল্লেখযোগ্য কিছ. করাহয়নি।

[1-20-1-30 p.m.]

ফলে উত্তরবঙ্গে মার্থাপিছ, চাষের জমির উপর চাপ পড়েছে অনেক বেশি, অথচ উৎপাদন বৃদ্ধি হয় নি। একর প্রতি জনসংখ্যার চাপ অত্যন্ত বেশি। জলপাইগুড়ি জেলার কথা ধরুন। গত সেনসাসে লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে শতকরা ৫০ জন এবং এই ক'বছরে লোক যা বেড়েছে এর মধ্যে ৫ লক্ষ্ কৃষিজীবী এবং এই কৃষিজীবীদের অধিকাংশই পূর্বে পাকিস্তান থেকে এসেছে। এই জনসংখ্যা বাশির ফলে একর প্রতি ক্রিডেশ্বেশ্রীর সংখ্যা অত্যন্ত বেশি। এর ফলে কৃষি উৎপাদনে কৃষিজীবীরা জীবন সংগ্রামের ক্ষেত্রে দিনের পর দিন পিছিয়ে পডছে। এর প্রতিকার বদি আমরা না করতে পারি তাহলে সমুহত স্ব্যান ব্যর্থতায় পর্যবসিত হবে। আমাদের সরকারী বিভাগে কৃষি বিষয়ে যথেণ্ট অভিজ্ঞতাসম্পন্ন লোক নেই। একটা জেলায় এই সমস্ত অভিজ্ঞতা-সম্পন্ন লোক সরবরাহ আপনারা করেন। জেলায়, সাব-জেলায় এদের ছড়িয়ে না দিয়ে অন্ততঃ ২ ৷১টা সার্বাডিভিসন বা জেলা এলাকা ধরে নিয়ে অভিজ্ঞ সরকারী কর্মচারীদের যদি কাজে নিয়োগ করা যায় তাহলে কৃষক জনসাধারণ নিজেদের ধারায় চাষবাসের উন্নতি করতে পারবে এবং সূরকারী ফার্মের প্রতি আরুণ্ট হবে। এ যদি না করা হয় তাহলে যে অবস্থায়ই ডিমনসম্ট্রেসন ফার্ম করা হোক না কেন তাতে কৃষিজীবীদের বিতষ্ণা আসবে, কেউ দেখতে যাবে না এবং তাদের ধারণা অনেক ছোট হবে। এর ফলে অদ্রেভবিষ্যতে যদি কোন ব্যবস্থা করা যায় তাহলে **সে** বাবস্থা কার্যকরী হবে না। এই অবস্থায় আমাদের কৃষি সম্পর্কে যথেন্ট ওয়াকিবহা**ল হ**ওয়া **पत्र**कात। वित्यय करत এমারজেন্সির কথা যখন বলা হয়েছে তখন কৃষি বিভাগকে মুখ্যমন্ত্রীর আওতায় আনা দরকার। কিন্তু শুধু মুখ্যমন্ত্রীর আওতায় আনলে হবে না এটাকে সমস্ত শক্তি নিরে, আন্তরিকতার মধ্য দিয়ে, সেবার মধ্য দিয়ে যদি চাষের উন্নতি করা যায় তাহলে অধিকাংশ াাকের উন্নতি করা যার, তাদের স্বযোগ-স্বিধা করা যাবে। আমরা যদি একথা বলি এবং রকারী কর্মচারীদের প্রেরণা দিতে পারি তাহলে তারা জনসাধারণের মধ্যে কৃষকদের মধ্যে প্রেরণা ানতে পারবে এবং তার ফলে কাজ হবে। তা না হলে চিরাচরিত প্রথার যদি চলে তাহলে এই বিস্থার উন্নতি কোনক্রমেই সম্ভব নয়। স্বতরাং আপনার মাধ্যমে সরকারকে জানাতে চাই বে, াার্ল্ডরিকতার সঞ্গে কৃষককে গ্রেছ দিয়ে এর সম্প্রসারণের জন্য যেন স্বর্প্রবার চেন্টা করা হয়। ই কথা বলে আমি আমার বস্তব্য শেষ করছি।

## Shri Shambhu Gopal Das:

মাননীয় দপীকার মহাশার, কৃষিখাতে যে বায়বরাশ্দকারী মন্দ্রিমহাশার রেখেছেন সেটাকে দয়র্থন করার মত কোন নৈতিক অধিকার আমার নেই। একথা যদি আমি এই হাউসকে বলি যে, ইউরোপখণেড ষোড়শ শতাব্দীতে যে পন্ধতিতে চায়ের কাজ চলতে আজকে ভারতবর্ষে বা বাংলা দেশে ঠিক সেই ভাবে চায়ের কাজ চলছে। রবীন্দ্রনাথ বলেছিলেন যে এখনও মান্দ্র্যাতার আমলের হাল, লাণ্গল, বলদ আছে এবং ডোগ্গা দিয়ে সেচের কাজ চলছে। আমি যদি একথা বিল নিন্দর অসত্য ভাষণের অপরাধে অপরাধী হব না। বাংলাদেশ সম্পর্কে যাঁরা গভীরভাবে এবং মান্দ্রভাবে চিন্তা করেন তাঁরা একথা মানেন যে দেশের অর্থনৈতিক ব্রনিয়াদকে যদি সংগঠন করতে হয় তাহলে মূল জোর দিতে হবে কৃষির উপর, কৃষি বাবস্থাকে স্বয়ং সম্পর্ণ হতে হবে। নালের আমাদের ঘাটতি হল, অতএব উড়িষ্যা থেকে বেসরকারী স্ত্রে চাল আসবে, লন্ডন থেকে মা অসবে। কিন্তু তার জন্য তো বাংলাদেশ থেকে টাকা বাইরে চলে যাবে।

্রকথা অত্যন্ত দ**্বংখের সং**শ্য অত্যন্ত লম্জার সংশ্য বলছি যে, আমাদের সরকার তাদের শাসনকালে দ্পূর্ণ ব্যর্থ হয়েছেন এবং চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন। মাঝে মাঝে একথা মনে ্য়েছে যে কলকাতার কফি হাউসে বসে যেমন অনেক সাহিত্যিক পাড়াগাঁয়ের চাষীদের সম্বন্ধে াল্প লেখার চেন্টা করে বার্থ হন ঠিক সেভাবে কৃষিক্ষেত্রে কৃষি বিভাগের উপরতলায় যারা আছেন লখাপড়া জানা অনেক বিদেশী ডিগ্রী তাদের অ'ছে, তারাও ঠিক সেভাবে বাংলাদেশের গ্রামাণ্ডলে দিষ সমস্যা সমাধান করতে যান এবং মারাত্মকভাবে ব্যর্থ হন এবং তার আবার ফল ভোগ করতে ্যু সারাটা বাংলাদেশের মান,যকে। মাননীয় স্পীকার মহাশয়, একথা বলতে চাই যে, বশেষ করে এটা হচ্ছে কৃষিক্ষেতে। আমরা লক্ষ করে দেখলাম যে, সরকারের বাস্তব র,চি ও র্ণিরচালন ব্যবস্থার গ্রুটি আছে। সে গ্রুটিটা বাস্তব ব্রুম্ধির অভাবের জন্যই মারাত্মকভাবে াসেছে। কাগজপত্তে ও বক্কতায় সব সময় উন্নতির কথা শুনছি। কিন্তু সত্যকারের গ্রামের ান্বের অবস্থা কি। আমি গ্রামের মান্ব, আমার জমি আছে অলপ এবং জমির আলেতে ঘুরে দ্বথার মত সৌভাগ্য অর্জন করেছি যা মুখ্যমন্ত্রী মহাশয়ের নেই। আমি জানি গ্রামাণ্ডলে কি ্চ্ছে চাষীর উন্নতির জন্য সেখানে যাদের পাঠান হচ্ছে, জনসাধারণের সংগ্র কতথানি যোগাযোগ থাপন করতে পেরেছেন, জনতার বা কৃষকের কতটা তাঁরা হতে পেরেছেন। তাঁদের বিচিত্র ভাষা ামের চাষীরা বোঝে না, তাঁদের বিচিত্র পোষাক গ্রামের ক্লম্বন্দের অন্য রুচি করে দেয়, তাদের াগে মিশতে পারেন না এসব ভদুলোক চাষীর দল, যাদের কিছুদিন আগে ধারণা ছিল ধান গাছে ্যন্তা হয়, গ্রামে গ্রামে এতে অম্ভূত অবস্থার সূচিট হয়েছে, যা চিন্তা করা হয় তার উল্টো হচ্ছে স্থানে। মুখ্যমন্ত্রী মহাশয় গত ৫ বছরের হিসাব দিয়ে সন্তুষ্ট করবার চেষ্টা করেছেন, তব্ ান করি, ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বংসরটিতে আমাদের চালের গড় উৎপাদন যা ছিল তন বংসর পর পর দেখতে পাচ্ছি উৎপাদন ১০ লক্ষ টন কমে গেছে। যদি বলি ঘাটতি হচ্ছে গহলে মিথ্যা বলা হবে না। মোট হিসাব ৫ বংসরের তাই হতে পারে কিন্তু বাস্তব অবস্থায় मर्थाष्ट्र आमार्गित या श्राराक्षन जा स्मिगेरिक भारक्षन ना। उपभारन जा कत्रराज भारक्षन ना। उपभारन য বাণিজ্যিক স্বাথের জন্য কৃষি উৎপাদন হবে সে কথা ভাবতে পাচ্ছি না। কেন এ অবস্থা হল, কন এ বার্থাতা তা গভীর ভাবে চিন্তা করা দরকার। আমরা মাঝে মাঝে শুনেছি একথা য সব কাজের জন্য সরকার পক্ষের অভাব হচ্ছে অর্থের আমাদের অর্থ থাকে না। কিন্তু নাননীয় স্পীকার মহাশয় একথা লজ্জার কথা নয় এই অভিযোগ যদি গভর্নমেন্টএর বিরুদ্ধে আসে <sup>য়</sup> কৃষি খাতে যে যে বিভিন্ন খরচ দেখান হয়েছিল সে টাকা খরচ করতে পারেন নি, কেবল ক্রীমের জন্য। যেখানে পরিচালন ব্যবস্থার জন্য গভর্নমেন্ট প্রচুর টাকা খরচ করছেন। অফিসার

পোষার জন্য তাঁরা প্রচুর খরচ করছেন, স:হেব চাষাদের জন্য প্রচুর খরচ করছেন। কিন্তু বাস্তবে লক্ষ্য করে দেখলাম কৃষির জন্য যা প্রয়োজন, রাসায়নিক সারের তা নেই। রাসায়নিক সারের যে প্রভিসন সেটাও খরচ করতে পারেন নি। এ কথা পরিম্কার করে বলছি যে

Smaller provisions for the scheme for distribution of chemical fertilisers এর জন্য ২৯ লক্ষ ৬৩ হাজার টাকা খরচ করতে পারলেন না, অথচ আমরা অন্য জারগায় দেখছি এই কৃষি ব্যাপারে ডিপ টিউবওয়েল দেবার জন্য এদ্টিমেট ধরা হয়েছে। ৪৬৮ যেখানে ছিল দেখানে হল ৫০০। এধারে আবার হচ্ছে স্পারিন্টেন্ডেন্ট যে ঘর, সেখানে দেখলাম আগে ষে খরচ ধরা হয়েছিল তাতেও চলে না। মোট কথা সমস্ত শাসন ব্যবস্থায় যে গলদ আছে, উপরে উপরে তা ঠিক আছে পরিচালন ব্যাপারে মাথাভারী শাসন ব্যবস্থায় যে গলদ আছে, তিশরে জারগা যেখানে হাত না দিলে ফসল বাড়বে না সেখানে কোন নজর পড়লো না। কোন্ কোন্ খাতে আমরা কত খরচ করতে পারি—আমি সরকারী তথা থেকে তার হিসাব রাখছি।

## [1-30—1-40 p.m.]

কৃষি ক্ষেত্রে ক্ষ্যুদ্র সেচ বাবস্থা—সেথানে ৩১ লক্ষ ২৭ হাজার টাকা খরচ করতে পারেন নি। ম্লেধনী খাতে উক্ত সেচের ব্যাপারে ৩ লক্ষ ৯৬ হাজার টাকা খরচ করতে পারেন নি। কাজেই সারের ব্যাপারে ৪০ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। সরকারী কৃষি ক্ষেত্রে আবার 🖒 লক্ষ ২১ হাজার টাকা আমরা খরচ করতে পারিনি। আমি জানতে চাই মাননীয় মন্দ্রীর কাছ থেকে যে সরকার কি এখনও সম্পে মস্তিদেক আছেন। এই কথার পরে তিনি কি বলবেন যে কৃষিক্ষেত্রে আমরা যা করছি তার জন্য অদূরে ভবিষ্যতের আসায় থাকুন। তাঁদের প্রশাসনিক ব্যবস্থার কি কোন দায়িত্ব নেই। এবং এই ব্যর্থতাকে বন্ধ করার জন্য কোন কোন প্রিভেন্টিভ মেজারের ব্যবহার করেছেন। আমি এখানে জানাতে চাই স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন কিছু, দিন আগে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী শ্রীগলেজারীলাল নন্দ বিভিন্ন জায়গ য় সফর করেছিলেন কুষি সম্পর্কে আলোচনা করার জন্য। এটা বডকর্তাদের আত্মসন্তব্যির ব্যাপার। বাংলাদেশের সরকার কৃষি ব্যাপারে মারাত্মকভাবে বার্থ হয়ে গেছে। আমরা দেখেছি নানা রকম কেলেৎকারীর কথা—আমরা দেখেছি যে ডিপ টিউবওয়েলের ব্যাপারে যতগালি চালা হলো তার মধ্যে বেশিরভাগ বিদ্যুতের অভাব, ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে গেছে কাজ চললো না। আপনি জানেন যে ডিপ টিউবওয়েলের ব্যাপারে মন্তব্য প্রকাশ হয়ে গিয়েছে এবং সরকার আত্ম সন্তৃষ্ট হয়েছেন যে আগের থেকে ডিপ টিউবওয়েল বেশি হয়েছে এবং কাজ চলছে। এই হিসাব দেখলাম সেখানে জল নিয়ে यেकে यে পরিমাণ খরচ হচ্ছে ঠিক সেই পরিমাণ লাভ করতে পারছেন না—সেখানে লাভ হচ্ছে না। আমরা গ্রামের মান্ধের হিসাব জানি—আমাদের এলাকায় ক্যানেল আছে—ঠিক বর্ষাকালে বোরো भारतत कता यथन कलात প্রয়োজন সেই ক্যানেল থেকে জল পাওয়া যায় না-প্রকৃতি কারও কথা मद्दान हाल ना--र्मान्यस्थानस्य इकुर्म अस्तर्क हलए शासन किन्छ श्रकृष्ठि कार्र इकुर्म हल না। আষাঢ় মাসের ১৫ তারিখে জল দরকার। কিন্তু জল এলো তার ২০ দিন বাদে যখন চারাগ্নিল জলের অভাবে মরে গেছে, আবার অনেক সময় হয় জল ক্যানেলে চলে এলো এমনভাবে বে সমস্ত ভাসিয়ে দিল, সমস্ত ভূবে গেল। এমনভাবে ইরিগেসনের অবস্থা সেখানে আছে। আপনি একথা জানেন যে জলের গতি নিম্ন দিকে হয়, কিন্তু ক্যানাল এইভাবে হোল যে জল আর অসে না এবং তার প্রতিকারের কোন ব্যবস্থা হয় না। ইরিগেসনের এই তো অবস্থা। বীজ সরবরাহ ব্যাপারে আমি নিজে জানি আমার নিজের কিছু জমি আছে। বীজ আষাঢ় মাসে বা জ্বৈষ্ঠ মাসে চারা বীজ দেওয়া দরকার। আমি হাজার হাজার উপমা দিতে পারি সমর্বাজ্ববাব জানেন যে সেই বীজ অগ্রহায়ণ মাসে এলো রক অফিসের মাধ্যমে। অনেক বাধা বিপত্তির মাধ্যমে আষাঢ় মাসে বীজ ব্নতে হবে। সার সম্পর্কে আমরা জানি ঠিক সময়ে আসে না। সেখানে সারের ব্যাপারে রকের কল্যাণে, পণ্ডায়েতের কল্যাণে পার্টিবাজীর ফলে সেখানে সার সমস্ত কৃষির হাতে পেণিছোচ্ছে কি না সে বিষয়ে সন্দেহ আছে। সারের ব্যাপারে দরেবস্থা প্রেপিরি বিস্মরের সংশ্যে লক্ষ্য করে দেখছি। আজকে বাংলা দেশের গ্রামে গ্রামে কৃষির যে অবস্থা সেদিকে কেউই— তার বাস্তব র পটা—যে জল দিয়ে ফলন বাড়াতে হবে—তাকিয়ে দেখেন নি। তাদের মুখে ভাষা নেই—আমরা এখানে বদে বড় বড় কথা বলি; কিল্ডু কান্ত কিছুই হয় না। আমরা জানি না মল্টী

মুলাশ্যরা কি এই ব্যবস্থা করবেন যে তাদের মাঝখানে গিয়ে তাদের অবস্থা অনুধাবন করবেন। বাইটার্স বিশ্ভিংসে বসে নয়, ডাকবাংলোতে বসে নয়—গ্রামে গিয়ে আমাদের সংগ্যে—যাদের গারে জামাকাপড নেই—তাদের কাছে গিয়ে সেই বাস্তব অবস্থা দেখে কোন কিছু, চেণ্টা করবেন। আমি চ্যালেঞ্জ করতে পারি—হাহাকার সূত্র, হয়ে গেয়ে—আমরা এই অবস্থায় এসেছি যে বৈশাখ মাসের পর থেকে যারা একবেলা করে ভাত খেয়ে থাকে তারা আর খেতে পাবে না। সকাল বেলায় পানতা ভাত খায়, তারপর সারা দিন পেট পুরে থেতে পায় না এই হচ্ছে বাস্তব রূপ—হাড় জির জির করছে তাদের সকলের। তাদের সমস্ত ঘটিবাটি বিক্লি হতে চলেছে। তারা লোন নিরে যাচ্ছে শুধু গভর্নমেন্টের লোন নয়—মহাজনদের কাছ থেকে লোন নেয়। বন্ধক দেওয়া হয়ে গেছে—ঘটিবাটি বন্ধক। প্রতিদিন সকাল বেলায় উঠে মাথায় হাত দিয়ে ভাবে একপেট খিদে নিয়ে, বাচ্ছা ছেলেটার কথা ভাবে তারপর মাঠে যায় চাষের লাঙল নিয়ে। সেখানে চাষীকে মাঝে মাঝে স্যাক্রিফাইসের কথা শনোনো হয় বটে কিল্ডু বিধাতা উপর থেকে হাসেন। मााक्रिकारेम তাতে रस ना-कमन करन ना। रमजना वनरा हारे ज़ीसरीन क्रवकरात मरशा. यात्रा माधन जानिता भारते थान कनाय-पिन पिन तराष्ट्र यात्रक्-जारपत शाराज क्राम पिन, जारात राध्यान তাদের মাঝখানে এক শ্রেণীর চাষী গজিয়ে উঠেছে যাদের কিছু, সংগতি আছে। এরা তাদের শোষণ করছে। আজ অনেকে আমরা জানি দল নিয়ে যখন কথা উঠে তখন এই সভার মাননীয় মল্টী বিব্যতি দেন চালের দাম ২৫ টাকার বেশী হবে না। কিন্তু একথা সত্য যে গ্রামে যদি কেউ যান তবে দেখবেন ভূমিহীন চাষীদের মাঝখানে এক শ্রেণীর চাষী দিন দিন গজিয়ে উঠছে—সে হচ্ছে কিছু, সংগতিসম্পন্ন চাষী, যারা তাদেরকে শোষণ করছে।

আজকে অনেকে আমরা জানি চালের উধর্বমুখী দর নিয়ে যখন কথা উঠেছে, তখন পরিষদে মুখামন্ত্রী মহাশয় বিবৃতি দেন চালের দর কোথাও ২৫ টাকার বেশি নাকি হয় নাই। কিন্তু এই কথা বাস্তব সত্য কি না সেটা গ্রামে গ্রামে যদি কেউ যায়, তিনি বুরুতে পারবেন। আমি নি**জে** কয়েকদিন আগে এক মণ চাল কিনতে গিয়েছিলাম, আমি জানি মুন্দিদাবাদ জেলার গ্রাম এলাকার ২৮।৩০ টাকার কম কোথাও চাল পাওয়া যায় না। সরকারী তথ্য ভল তথ্য। আমি জানি গ্রামে ধান শেষ হয়ে গেছে, তার কাছে বাড়তি পয়সা থাকে না একটিও। একজন গরিব চাষী তার চাষবাস করতে গেলে একট্ বেশী খায়। তা না হলে বেশি পরিশ্রম করতে পারা যায়না। আজকে সে ঢাল কেনে। বাস্তব সত্য যা আষাঢ় মাসে বর্ষায় ভিজে রোদে পড়েড কম খেয়ে ঢাষ করা যায় না। এই অবস্থার মাঝখানে কোথা থেকে ঐ রকম স্ট্যাটিসটিক সগলো আসে আমরা ঠিক ব্রতে পারি না। আমরা অবশ্য সেই স্ট্যাটিসটিক সএর মাঝখানে যেতেও চাই না। প্রফল্লেবার যখন চীফ মিনিস্টার ছিলেন না, তখনও তাঁর স্ট্যাটিসটিস্ত শ্রেছে। আবার প্রফ্লেবার্ যখন চীফ মিনিস্টার হয়েছেন তখনও তার স্ট্যাটিসটিক্স শ্রনছি। এই স্ট্যাটিসটিক্স শোনা বাচ্ছে গ্রামে। বাংলাদেশের গ্রামাণ্ডল গুলোর দিকে তাকিয়ে একটি ছবি কেবল দেখতে পাচ্ছ। রবীন্দ্রনাথ বলেছিলেন সমস্ত বাংলাদেশের গ্রামাণ্ডল আজও সেই অন্ধকারের মাঝখানে ডবে আছে। আমি কালচারএর কথা বলছি না, সংস্কৃতির কথা বলছি না, আমি কাব্য-সাহিত্যের কথা বলছি না, বাস্তব সত্যের তাগিদে আমি বলছি মনুষ্যাত্বের দিকটা একবার তাকিয়ে দেখতে হবে। চাষীদের হাতে জমি দেবার মত সমাজতান্ত্রিক প্রোগ্রামের কথা আমি এখানে বলতে চাই না, সেই বৈষ্কবিক পরিবর্তনের কথাও বলতে চাই না, এই কাঠামোর মাঝখানে যতটক্রে বাবঙ্গা আছে. সেই ব্যবস্থার উপর দাঁড়িয়ে আজকে তাদের প্রতি একট্য সহান,ভূতির দূ, দি যদি আমরা দিতে না পারি, তাহলে কৃষির ব্যাপারে আমাদের যে পরিকল্পনা, সেই পরিকল্পনা সম্পূর্ণরূপে বার্থ হয়ে যাবে. এ বিষয়ে মনে কোন রকম সন্দেহ নাই। মাঝে মাঝে গ্রামে বড়বাব,দের গমন হয়—আমরা দেখি। এই বড়বাব,রা গ্রামে গিয়ে বলেন মাঝে মাঝে এইভাবে তোমরা সার তৈরি কর। আর একশো বছর বয়সের চাষী বলে সার তৈরি করতে জানি গোবর চিনি।

সম্প্রতিকালে আবার জমিতে ধণ্ডে বীজের সারের কথা শ্নলাম। তা শ্নে গ্রামের মান্ষরা বলছে ধণ্ডে বীজে সার হয় না, ধণ্ডে গাছে সার হয়। ধণ্ডে বীজ থেকে গাছ হয় জানি, বীজ থেকে সার হয়। তারা গ্রামের চাষীদের জিল্কাসা

করছে ধণ্ডে বীজে সার হয়—কিছু তোমরা জান? না, বাবু, ধণ্ডে বীজে সার হয় তা তো জানি না। আমরা আবহমান কাল থেকে শুনে আসছি যে ধঞে গাছ থেকে সব্জ সার হয়; বীজ থেকে হয় না। এই সব কৃষিপণিডতরা যাছেন দলে দলে আর লাঙলের মুঠিটা ধরছেন এবং চাষীরা দুরে দাঁড়িয়ে দাঁড়িয়ে কাপড় মুখে চাপা দিয়ে হাসছে আর বলছে, বড় ভাল ভাল চাষী আমাদের দেশে এসেছে। উচ্ছে কিভাবে প্ততে হবে আমাদের পাড়ার পদিপিসি শিখিয়ে আসছে—এই-ভাবে প'ই-এর ডাঁটা পোতে। এই রকম অবাস্তবতাময় খামথেয়ালীতে সমস্ত কিছু ভার্ত। বাস্ত্র অবস্থার দিকে কোন রকম আজকে তাঁদের নজর নাই। এই বাবস্থা করা হলো। চাষী দীর্ঘদিন যারা চাষ করে. বাস্তব যাদের অভিজ্ঞতা, সেই বাস্তব অভিজ্ঞতাকে পর্য<sup>ক্</sup>ত **কাজে** লাগাবার কোন চেণ্টা না করে সম্পূর্ণ একটি ভূতুড়ে ব্যাপার, সম্পূর্ণ একটা অবাস্তব ব্যাপার বাংলাদেশের গ্রামে গ্রামে চলেছে। সংখ্য সংখ্য আর একটি কথা বলতে চাই—আজকে সরকারের কৃষি-উন্নতির ব্যবস্থা অন্য ব্যাপার থেকে আলাদা নয়। আমরা কো-অপারেটিভএর কথা জানি. ্ আমি জানি কৃষি-ব্যবস্থার সংগে সেচ জড়িত আছে, স্বতরাং সরকারের যে ইরিগেসন ডিপার্টমেন্ট সেচ বিভাগ, কো-অপারেটিভএর ব্যাপারগুলো এবং অন্যান্য যে সমস্ত ব্যাপারগুলো একষোগে স্ব মিলে যদি কাজ না করে তাহলে গন্ডগোলের স্মিট হয়। রেভিনিউ ডিপার্টমেন্টএর স**েগ** ইরিগেসন ডিপার্টমেন্টএর গন্ডগোল বাধবে। আর চাষীর ঘরে সার্টিফিকেটের চৌকাঠ সে দাঁড়াবে কোথায়, পথ পাবে না। এই বিশৃংখল অবস্থা যদি থাকে, তাহলে দেশে কখনো প্রোডাকসন হয় না। প্রোডাকসন করে মানুষ ভবিষাতের দিকে তাকিয়ে। যে চাষী নিজের হাতে लाशाल टोलार, रत्र यिन ভবিষাতের নিরাপত্তাবোধ না পায়, তাহলে কখনো জমিতে ফসল ফলবে না। ভাগচাষী যারা জমি চাষ করে. নিজের জমি যেমন বকু দিয়ে চষে, অন্যের জমি তেমন দরদ, তেমন মুম্ম । দিয়ে চাষ করতে পারে না। নিজের জুমির উপর মুমতা বেশি হয়। কাজেই তার বুকে আশা দিতে হবে, তার চোথে স্বণ্ন দিতে হবে। সে কাজে সরকার বার্থ হয়েছেন। কংগ্রেস সরকারের প'্রিন্তর্পাতদের কাছে চিকি বাঁধা রয়েছে। এই কথা বলে আমার বন্তব্য শেষ কর্রাছ।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষি রাণ্ড্রমন্ত্রী যে বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করতে পারছি না নীতিগত কারণে। একটা কথা বাজেটে বিতর্ক থেকে স্বর্ হয়েছে, কংগ্রেস দলের দায়িত্বশীল নেতারা এই কথা বলছেন যে এবার ফলন ভাল হয় নি; উৎপাদন বাড়েনি। তার কারণ হছে যে দেবতা আমাদের প্রতি বির্প। এ এক অদ্ভূত জিনিষ। যদি দেখি প্রোডাকসন ভাল হলো, তখন কংগ্রেস দল বক্তৃতা করেন—ইলেকসনের সময় কংগ্রেসের যাঁরা হাই কমাান্ড যে এটা ফাইভ-ইয়ার প্লাচনএর সাকসেস; তখন আর বলেন না যে দেবতা সদয় হয়েছে, নেচার কাইন্ড একথা আর শ্রনি না। তখন সব কংগ্রেস গভর্নমেন্টের সাকসেস, ফাইভ-ইয়ার প্লাচনএর সাকসেস। আর যখন দেখছেন ফেলিওর হচ্ছেন, তখন তাঁরা বলছেন আমাদের সরকারের নাঁতির কোন গলদ কিছু নাই, অপরাধ ভগবানের, যা কিছু প্রকৃতির। এ জিনিষ থেকে আঞ্চকে কৃষিদপ্তরকে মৃত্ত করা দরকার। আমাদের রাণ্ড্রমন্ত্রী পরিশ্রম করছেন আমরা জানি।

[1-40-1-50 p.m.]

এই জিনিসটা থেকে আজকে কৃষি দণ্ডরকে মৃত্ত করা দরকার। আমরা জানি রাণ্ট্রমন্ত্রী পরিশ্রম করছেন, এবং মুখ্যমন্ত্রী মহাশয় তিনি নিজেও তাঁর সাবজেক্ট বোঝেন। কিন্তু দৃঃথের বিষয়, তিনি বৃঝেও যেখানে গলদ সেখানে হাত দিছেন না। আমাদের এগ্রিকালচার সন্বন্ধে অনেক বকুতা তাঁর কাছ থেকে শ্নলাম। তিনি আমাদের অর্থমন্ত্রী হবার সাথে সাথে খ.ব রিগান ছবি একছিলেন, বিশেষ করে নিদয়ার গ্রামাঞ্চল এলাকা সন্বন্ধে, ষেখান থেকে তিনি নির্বাচিত হয়ে এসেছেন। আমি আপনার মাধ্যম মাননীয় মিল্রমহাশয়কে দৃখানা বই দেখাছি—এর তিনটা ভলিউম বেরিয়েছে, এটা র্রাল ক্রেডিট সন্বন্ধে, রিজার্ভ ব্যান্তেকর পাবলিকেসন। আমি এই তিনটা ভলিউম ক্রেলিকেসন। আমি এই তিনটা ভলিউম ব্রুলি ক্রেডিট সার্ভে রিপোর্ট, ১৯৫৬-৬৭, ১৯৫৭-৫৮, ১৯৫৮-৫৯, ১৯৫৯-৬০ পড়লে দেখা য়য় যে, সারা বাংলাদেশের অর্থনৈতিক চিরটা কি, তা আমাদের সামনে পরিস্ফৃট হয়ে ওঠে। রিজার্ভ ব্যান্ডক তার স্যামপেল সার্ভে করেছিলেন প্রত্যেকবার এক একটি রিপ্রেজেন্টেটিভ ডিম্টিক্ট তলে নিয়ে ছিলেন, একবার নিম্মা

একবার মেদিনীপ্রে, একবার বর্ধমান। নিদয়া জেলার যে ছবি তাঁরা দিয়েছেন, তাতে দেখতে পাছি তাঁরা বলেছেন যে নিদয়ায় শতকরা ৮০ জন লোক কৃষিজ্ঞীবি, অথচ নিদয়ায় মোট চায়যোগ্য জায়র ১১৯ ভাগ হছে ইরিগেটেড। টোটাল জোন ইরিগেটেড এরিয়া হছে ১১৯ পারসেন্ট এবং এবং তাঁরা বলছেন যে নিদয়ায় যে স্ফল কাল্টিভেটর, ছোট ছোট চাষী আছে, তাদের সমসত জায়র পরিয়াণ হছে ১৩ একর। নিদয়ার ইকনিম সন্বল্ধ তাঁরা বলেছেন যে লো মনিটাইজড, নন্মানটাইজড আর সাবসিসটেন্স ইকনিম। কোন মতে খেয়ে-পরে থ কবার মত যে ইকনিম অর্থনাতি। সেইটাই হছে নিদয়ার অর্থনাতি। এবং তাঁরা বলেছেন আজ অধিকাংশ বড় বড় জাম দেখা যাছে বড় বড় জাতদারদের হাতে গিয়ে পড়েছে। এবং তাঁরা বলছেন যদিও বড় বড় জামদার, বিগ কাল্টিভেটর্স, তাদের এই টার্মস এবং তাদের পারসেনটেজ হছে ১০ পারসেন্ট, অথচ দেখা যাছে যে

35 per cent. of the total cultivated holdings

ভাদের হাতে চলে যাছে। এই হচ্ছে নিদয়ার পিকচার। মেদিনীপুর এবং নিদয়ার সম্বন্ধে তারা বলছেন--নিদয়ার পিকচার খুব অম্ধকারময়। আর তাঁরা মেদিনীপুর সম্বন্ধে বলছেন, মেদিনীপুরের চাষীদের অবস্থা ঠিক ততােধিক খারাপ। সেখানে অবশ্য ইরিগেসন এরিয়া ৩২ পারসেন্ট কিন্তু তাঁরা বলছেন যে মেদিনীপুরের চাষী যা বায় করেন তার অধিকাংশ, শতকরা ৮০ ভাগ হচ্ছে মেডিকাল এক্সপেন্স, এডুকেসন, হেলথ এই সমস্তর জন্য, এবং ম্যারেজ সেরিমনিস ইত্যাদির জন্য তারা খরচ করছে। নিদয়ার ফিগার হচ্ছে ঠিক তাই, যে প্রায়্ন ৭০ ভাগ টাকা তারা খরচ করছে এই সমস্ত বিষয়ের জন্য। বর্ধমানের ফিগারও ঠিক তাই। এবং বর্ধমান সম্বন্ধে তাঁরা আর একটা তথ্য দিয়েছেন, তাতে বলছেন যে ছোট ছোট চাষী যায়া, তাদের হাত থেকে জমি বড় চাষীর হাতে চলে যাছে, এবং তার ফিগার দিয়ে বলছেন যে বর্ধমান জেলাতে যে সমস্ত চাষী নতুন জমি কিনেছেন, তাদের সংখ্যা মাত্র ৫ পারসেন্ট। স্তরাং ছোট ছোট চাষী তারা আরও দিনে দিনে বিত্তহীন হয়ে যাছেন, এবং এক শ্রেণারীর বড় জোতদারদের হাতে জমি চলে যাছে। এই হছে সেখানকার চাযের এবং কৃষির অবস্থা। এই সম্পর্কে রিজার্ভ ব্যাৎক সার্ভে করে বলেছেন যে, কো-অপারেটিভ মুভমেন্টএর কি অবস্থা গিয়েছে। এ সম্বন্ধে আরও দেখা যাক। করেণ আমার মনে হয় যে সেই প্রথম যথন রয়াল কমিসন এগ্রিকালচার বর্সেছিল, তখন তাঁরাই তাদের শেষ ফাইন্ডিংএ বলেছিলেন

it co-operation fails in India everything fails

কিন্তু আজকে এতদিন বাদে রিজার্ভ ব্যাৎক সার্ভে করে বলছেন

Co-operative movement has practically failed in India.

তাঁরা চারটে ক্যাটিগরিতে ভাগ করেছেন, এ সম্বন্ধে তাঁরা বলেছেন

very good, good, unsatisfactory and very unsatisfactory.

তাঁরা বলছেন নদিয়া হচ্ছে ভেরী আনস্যাটিসফাক্টরী, মেদিনীপ্র হচ্ছে আনস্যাটিসফাক্টরী, এবং বর্ধমান জেলার কথা বলেছেন গুড়ে। এই গুড়েএর নমুনা কি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

42 per cent, of the co-operative societies are lying dormant.

নদিরার ফিগার হচ্ছে ৮২ পারসেন্ট অফ দি কো-অপারেটিভ সোসাইটিস ডরম্যান্ট। এবং মেদিনীপুরের ফিগার হচ্ছে—

more than 60 per cent, of the societies are lying dormant.

এই হচ্ছে আমাদের কো-অপারেটিভএর কথা। এইভাবে আমরা দেখছি, কো-অপারেটিভ আন্দোলন ব্যর্থ হয়ে যাছে। শঙ্করবাব বলেছেন যে চাষীরা জমি কিনছে নিদয়া জেলায়। হাাঁ. তাঁরা জমি কিনছে। কিন্তু কিসের বিনিময়ে? সার্ভে ব্যাঙ্ক সার্ভে করে বলছেন তারা ধার নিয়ে, বন্ধক নিয়ে জমি কিনছেন এবং স্বদের হার নিদয়া জেলায় হচ্ছে ২৫ পারসেন্ট, বর্ধমান জেলায় হচ্ছে ২৫ পারসেন্ট এবং মেদিনীপুর জেলায় হচ্ছে ২৪ পারসেন্ট।

মিডলম্যান...... বারা ট্রেডার্স, বারা মিডলম্যান—ফ'ড়ে তারা কো-অপারেটিভ সোসাইটি নিজেদের কজার নিচ্ছে, এবং তার ফলে কো-অপারেটিভ মুভমেন্ট ইন বেণ্গল বার্থ হয়ে বাচ্ছে। সেচ সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি ইরিগেসন টিউবওয়েলএর কথা বা বলা হয়েছে সে সম্পর্কে আমি গ্রন্থ দিরে বলছি যে, এটা কালপনিক পরিকলপনা হতে বাধা, কেন : গভর্নর তাঁর নিজের ভারণে বলেছেন যে পাওয়ার ফ্যামিন আমাদের দেশে আছে। তা যদি থাকে তাহলে ৩ হাজার ডিপ টিউবওয়েল ইলেকট্রিসিটি দিয়ে কি করে অপারেট করবেন যেখানে ১২৫টি টিউবওয়েল চলছে না। যেখানে পাওয়ার ফোমন রয়েছে বলছেন এবং অন্য বিকলপ ব্যবস্থা কিছ্ম করছেন না? আমি মাখ্যমন্ত্রীকে চিঠি লিখেছিলাম—

In view of admitted electricity power deficiency the irrigation tubewell be better driven with diesel.

ডিজেল দিয়ে চালাবার চেণ্টা করা হোক। অতএব ডিজেল দিয়ে কাজ যদি চালাতে পারি তাহলে কাজ চলতে পারে। একদিকে দেখছি ইরিগেসনএর ব্যাপারে চরম ব্যর্থতা, ক্যানেল এরিয়াতে জল পায় না, অন্যদিকে দেখছি সরকারী কর্মচারীরা তাদের উপর জ্বল্ম করে কর আদারের চেণ্টা করছেন।

D.V.C., Mayurakshi, Kangshabati projects হয়েছে তাতে কত এরিয়া ইরিগেট করবেন? আজও দেখছি only fifteen per cent. of sown area.

ভাহলে বাংলাদেশে চাষের কত উন্নতি হবে? সার বিলি করা সম্পর্কে আমি মাননীয় মন্দ্রী মহাশায়কে কিছ্ব প্রশন করেছিলাম এবং জানতে চেয়েছিলাম করেকটি বড় বড় কোম্পানী এই সার বিলি করে কি না এবং কো-অপারেটিভসএর মাধ্যমে কতথানি সার বিলি হয়। তিনি তার অ্যানসার দিয়েছিলেন তাতে দেখছি ম্শিদাবাদ, কুচবিহার, নর্থ বেণ্গলএর বিভিন্ন জেলাতে সমবায়ের মাধ্যমে এই সমস্ত সার বিলি করার কোন বারস্থা নেই। সারের সম্বন্ধে আমি মাল্মহাশায়কে স্মরণ করিয়ে দিতে চাই যে এখানে জার ব্যাকমারকেটিং চলছে। এরকম কয়েকটি অভিযোগ আছে যে চা বাগানে যে সার দেওয়া হয় তার দাম অতান্ত বেশি এবং সেখানে আরও মাভিযোগ আছে যে, এই সার স ওয়েলেস কোম্পানী নিয়ে আদৌ বিলি-বন্টন না করে কতকগর্নল বোগাস কোম্পানী করে তা অন্ধ, মাডিরাস প্রভৃতি জায়গায় পাঠান হয়। আমি জানতে চাই এদের জন্য শাস্তির বাবস্থা আজও কেন হল না এবং কি বাবস্থাবালম্বন করা হয়েছে তাও জানতে চাই। তৃতীয়তঃ আমি জিজ্ঞাসা করছি যে যে সার কো-অপারেটিভ মাধ্যমে দেওয়া হছে আপনারা কি জানেন যে এতে আডালটারেসন হছেছ কি না? হিউজ স্কেলএ এখানে আডালটারেসন হছে। এবার জ্বট সম্বন্ধে বলব। জ্বট হছে আমাদের সবচেয়ে বড় কাস ক্রপ। গত ১৯শে ফেব্রুয়ারি হিন্দুস্থান স্ট্যানডার্ড একটা কলাম্বরের করেন ২৫ ইয়ার্স এগো, সেখানে বলা হয়েছে—

"We are in agreement with the Opposition in the Bengal Legislative Assembly that the so called jute price structure has failed and that other measures should be devised to ensure fair price of jute to the cultivators. We suppose the Ministers owe it to themselves that it is not possible to fix the price although it has been possible to do so in the case of sugar cane in Bihar and in the U.P."

তারা সেখানে আখ চাষীদের বাঁচাচ্ছেন মিনিমাম প্রাইস বে'ধে দিচ্ছেন স্ব্গার কেন-এ; কিন্তু আমুরা এখানে পারছি না। আমি কোন প্র দেশিক মনোভাব নিয়ে কথা বলছি না; কিন্তু বাংলাদেশের গরীব চাষীদের বাঁচাতে হলে আমাদের এইভাবে চুপ করে বসে থাকলে চলবে না। বাংলাদেশে একদিন পরলোকগত ফজল্ল হক্ সাহেব যে কাটি মেজ-স্বরেথ গিয়েছেন সেজন্য বাংলাদেশের কৃষক সমাজ তাঁকে চিরকাল স্মরণ করবে। আপনারা একটা পার্লিসি নিয়ে আস্না। আমি একটা সাজেসসন রার্থাছ। ছোট ছে ট ইন্ডাম্ম্রিয়াল মেসিনস, অন্বর চরকা, ইত্যাদি মারক্ষ এবং স্যাঞ্চ্বস্ব তাঁর করার মধ্য দিয়ে যাতে বাংলাদেশের মান্ষের মিলের উপর নির্ভারতা কমে যার তার বাবস্থা করতে হবে। তা করতে পারলে বাংলাদেশে যে সিজনাল আনএমশেলয়মেন্ট আছে তা কমে যাবে। মিল্মহাশর এদিকে দ্লি রাথবেন বলেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দিই, কিন্তু শৃন্ধ বললেই হবে না। আজকে বাংলাদেশে এবং ভারতবর্ষের বিভিন্ন জারগায় যে সমস্ত পাটের আড়ংদার আছে সেখানে প্রত্যেক কোরালিটির জন্ট মিনিমাম কি দামে বিক্তি হবে সেটা বলে দিতে হবে। ভাকে বলে দিতে হবে দেটট ট্রেডিং করপোরেসন এবং ঐ ধরনের যে সমস্ত

প্রতিষ্ঠান আছে তারা আমদানি করে রুণ্ডানি করে। এ ছাড়া কোন প্রাইভেট এক্সেন্সকৈ দেওরা হবে না। পাকিন্তান থেকে পাট এনে চোরাকারবারীরা যেভাবে পাটের দাম কমিয়ে দিছে তা বন্ধ করতে হবে। কোলগরে তো পাটের ফটকাবাজীর জন্য জমির দাম অসম্ভব বেড়ে গিয়েছে as it has now become a smugglers' den

কেন হচ্ছে। বর্ডার পলিসি-এর মধ্যে কি দ্ননীতি! ভেবে দেখন এই দ্ননীতি দেশকে কোথার নামিরে দিছে। টি এবং কাঁফর ব্যাপারে ইন্টারন্যাসনাল এগ্রিমেন্ট আছে, সেখানে কাট্-ধ্রোট পলিসি করে পাকিস্তান যদি পাটের ব্যাপারে নিজের নাক কেটে পরের যাত্রা ভঞ্গ করে ভাহলে সেখানে করবার কি কিছ্ন নেই? ভারত সরকারকে চাপ দিতে হবে যে পাটের উপর একটা

international agreement like tea and coffee

করতে হবে যাতে পাটের দাম ইন্টারন্যাসনাল প্রাইস কমে না যায় এবং তাহলে পাটচাষীকে আমরা বাঁচাতে পারব। তারপর একটা কথা হচ্ছে আমাদের এখানে এগ্রিকালচারাল কলেজেস হওয়া বিশেষ দরকার, সায়েন্স গ্রাজ্বয়েটস অধিক সংখ্যায় বাড়ান দরকার এবং বিভিন্ন জায়গায় এগ্রি-কালচারাল কলেজেস আমাদের এখানে শরে করা দরকার। আমি সাজেস্ট করব আপনাদের যে ইউনিয়ন অ্যাসসট্যান্টস আছে তারা রাইটার্স বিলিডংস বা কলকাতা সহরের লোক, তারা গ্রামের লোকের সংখ্য কাজ করতে পারবে না সেজনে। যারা এগ্রিকালচারিস্ট—কৃষিজীবি তাদের মধ্যে থেকে ইউনিয়ন অ্যাসসট্যান্টসূত্র মত একটা কেডার তৈরী কর্ন, যাতে স্তিাকারের যার। লাগুল ধরে চাষ করে তারা কাজ করতে পারবেন। আমরা দেখছি ডাইরেক্টর, তার পরে কয়েকজন জয়েন্ট ডাইরেক্টর, যত ন্যাশনাল এমারজেন্সী বাড়ছে সেখানে টপ হেভী অ্যাডিমিনিস্টেসন তত বেডে চলেছে। আগে ছিলেন একজন ডাইরেক্টর, দুইজন আডিসনাল ডাইরেক্টর্স। গত বছর থেকে দেখছি চারজন ডেপাটি ডাইরেক্টর্স, এই হল রাইটার্স বিল্ডিংসএর অবস্থা। অন্যাদিকে দেখুন এক বিষার বেশি দুই বিষার ফলন হচ্ছে না। ফলনের লাণ্গল দিয়ে রাইটার্স বিলিডংসএ পেপার হারভেন্টিং চলছে। তাই বর্লাছ বাংলাদেশের যারা নেতা তাদের হাতে যে ক্ষমতা আছে সেই যে পার্টি তাদের কাছে কোন সাজেসন রাখলেও তার কোন মূল্য লওয়া হবে না। তব্ বলব কৃষক যাতে তার এগ্রিকালচারাল ইমণ্লিমেন্টস পায় ফারটিলাইজার পায় তার ব্যবস্থা কর ন। এই স্তেগ আর একটা কথা বলব—অর্থমন্ত্রী এখানে নেই, বাংলাদেশের দুই একরের পরিমাণ জমি যে সমণ্ড চাষীদের হাতে আছে আমি দাবী করব তাদের উপর থেকে ল্যান্ড রেজিনিউ উঠিয়ে দিন। দুই একর জমি যাদের আছে তাদের এ থেকে মুক্তি দিলে তাদের উৎসাহ আসেরে. ভাতে জমির ফলন বাডবে, দেশ বাঁচবে।

[1-50-2 p.m.]

## Shri Narendra Nath Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি মন্দ্রী যে বায় বরান্দের দাবী উত্থাপন করেছেন সেই দাবী সমর্থন করে আমি আমার বন্ধবা রাখছি। ভারতবর্ষ ১৯৪৭ সালে স্বাধীনতা লাভ করার পর বাংলাদেশ বিভক্ত হ্বার সঞ্জো সঞ্জো ও৫ লক্ষ লোক পশ্চিমবঞ্গে এসে আশ্রয় গ্রহণ করেছে, ফলে পশ্চিমবাংলার উপর চাপ বেড়েছে, খাদ্য ঘার্টাত বেড়েছে। ১৯৫১ সালের পর থেকে ১৯৬১ সাল পর্যন্ত ৩৩ভাগ চাপ বৃদ্ধি হয়েছে। খাদ্য ঘার্টাত প্রেণের জন্য সরকার বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন। পশ্চিমবংলা ৩৪ হাজার ২১৪ বর্গ মাইলে জমি আছে, এই ৩৪ হাজার ২১৪ বর্গ মাইলের মধ্যে ৩০ হাজার ৫০৫টি গ্রাম আছে, এবং প্রতি বর্গমাইলে ১০৩১ জন লোক বাস করে। এক কেরালা ছাড়া ভারতবর্ষের অন্য কোন দেশে প্রতি বর্গমাইলের উপর জনসংখ্যা এইর্প চাপ নাই। পশ্চিমবাংলার ১১০ লক্ষ একর জমিতে আউশ, আমন ও বোরো ধানের চাষ চলছে এবং পাট মেন্ডার চাষ চলছে। ২৮;৪৬ লক্ষ একর জমিতে ১৯৬১-৬২ সালে আড়াই লক্ষ টন আল, উৎপাদন হত, ১৯৬২-৬৩ সালে সেখানে ৭ লক্ষ টন আল, উৎপাদিত হয়েছে। এই আপত্কালীন অবন্ধার মধ্যেও বাংলাদেশে প্রচুর সবজীর উৎপাদন হয়েছে একথা স্বীকার করতে হবে। এ প্র্যন্ত ৩৫ লক্ষ একর জমি সেচের আওতার আসা সম্ভব হয়েছে, এবং এই ৩৫ লক্ষ একর ক্রমিতে সেচের সম্পার্ণ ব্যবস্থা হয়েছে। দ্বিতীয় পথবার্ষিকী পরিকদ্পনায় এজনা

১০০৮ কোটি টাকা বরান্দ ছিল, ভতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১০০২ কোটি টাকা বরান্দ আছে। বৃহৎ নদী-শাসন পরিকল্পনা, যেমন ডি ভি সি, ময়ুরাক্ষী এবং কংসাবতী পরিকল্পনা --এগ্রালর মধ্যমে আজকে আমাদের দেশে সেচ ব্যবস্থা ভালভাবেই চলছে। সেচ ব্যবস্থার যেরকম সম্প্রসারণ হওয়া উচিত ছিল আজ পর্যন্ত সেরকম না হলেও একথা স্বীকার করতে হবে যে, আমাদের সৈচের কাজ অনেকটা অগ্রসর হয়েছে। আজকে আমাদের বিদাতের অভাব দেখা দিয়েছে, বিদ্যুতের অভাবে ২৯১টি গভীর নলক্পের মধ্যে ১৯৫টি কার্যকরী করা সম্ভব হয়েছে বাকীগুলি কার্যকরী হয় নি। আমাদের বিদ্যুৎ শক্তি বাড়ানোর জন্য সরকারী প্রচেষ্টা চলছে, এবং বিদাৰ পাত্ত পাত্ত গোলে ২৯১টি নলক্পই বাংলাদেশে বসান হবে। আমি নদীয়া জেলা থেকে এসেছি আমাদের নদীয়াতে ৪১টি গভীর নলক্প দ্বারা সেচের কার্য্য চলছে. এক ফুসলী জুমি দু:-ফুসলী দু:-ফুসলা জুমি তেফুসলা হচ্ছে। তারপুর, অমাদের নদীয়া জেলার জমিতে আজ গম উৎপাদন করা সম্ভব, এবং একথা এখানে পরিক্কার করে বলবার যে পাঞ্জাবে বা বিহারে যে ধরনের গম উৎপন্ন হয়, নদীয়াতে তার থেকে কোন অংশে কম হবে না বা খারাপ হবে না। আজকে সাধারণ চাষারাও সার সম্বন্ধে সচেতন হয়েছে। আজকে চাষারা কচরি-পানাকে সংগ্রহীত করে তাকে কম্পোষ্ট সারে পরিণত করে চাষের কাজে লাগাচ্ছে। আজকে গ্রামের নদীনালা, পুরুষরিণী ও খালবিলগর্নাল কম্পোষ্ট সার তৈরীর জন্য চাষীরা কাজে লাগাচ্ছে। আজ দেশে খাদ্য ঘাটতি দেখা দিয়েছে একথা স্বীকার না করে উপায় নাই, কিন্তু আমরা এই সংকট কেন্দ্রীয় সরকারের সাহায্যে বা বাফার দটক যা গম আছে তা নিয়ে উত্তর্গি হতে পারব। কিন্তু সমস্যার সম্মুখীন হওয়া একদিক, আর খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়া আর একদিক। খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার জনা সরকারের দিক থেকে বহ, রকমের প্রচেণ্টা আছে। কিন্তু যাঁরা সরকারের এই প্রচেন্টাকে জয়যুক্ত করার জন্য এগিয়ে আসতে না পারেন তাঁরা যদি খালি এর বিরে:ধীতা করেন তাহলে আমি বলব চাষীদের দূরবস্থার কথা সম্বন্ধে তাঁরা যেমন সচেতন নিশ্চয় আমরাও ঠিক তেমনি সচেতন। কারণ আমরা গ্রামাঞ্চলের সাধারণ মানুষের দ্বারা নির্বাচিত হয়ে এসেছি সেই গ্রামাণ্ডলের সাধারণ মানুষের খবর আমরা রাখি এবং তাদের দৈর্নান্দন অবস্থার সংগ্র ওতপ্রোতভাবে জড়িত। একথা স্বীকার করতে হবে যে আমরা বাংলা-দেশের সব মানুষকে সব জিনিষ দিতে পারছি না। এই দেশে ভিক্ষ্ক আছে, অভাবী মানুষ আছে। কিন্তু এই অভাব দূর করার জনা যে প্রচেন্টা আছে সেই প্রচেন্টার পিছনে কতটা সততা আছে, কতটা আন্তরিকতা আছে, সেটা বিচার করবার বিষয়। তাই আপনার মাধামে বিরোধী পক্ষের কাছে একথা বলব যে আজকে খাদ্যোৎপাদনকে যদি বাডাতে হয়, খাদ্য দিয়ে যদি আজকে বাংলাদেশকে স্বয়ং সম্পূর্ণ করতে হয় তাহলে যে পরিমাণ জনসংখ্যার চাপ বাংলাদেশের উপর এসে পড়েছে তাকে সামনে রেখে বিচার করতে হবে, জমির পরিমাণ দিয়ে বিচার করতে হবে। এর উপর যদি আমরা নিবিড় চাষ করি এবং এক সঙ্গে যদি সবাইকে সার ও সেচ ব্যবস্থা দিতে পারি তবে আমাদের সত্যিকারের সফলতা হতে পারবে। এই সংশ্যে সংশ্যে সহযোগিতার কথা বলে অমি বলব যে আজকে গ্রামের সাধারণ চাষীকে বিপথগামী না করে তাদের একথা বোঝাতে হবে যে তোমাদের যদি উৎপাদন করতে হয় তাহলে অন্য পথে যেতে হবে। তাদের যে আর্থিক অবস্থা আছে তার সম্বন্ধে বলতে চাই যে সমবায়ের মাধ্যমে তাদের যে ঋণ দেওয়া হয় সেই ক্লেডিট সোসাইটি-গুলির অবস্থা ভালভাবে পর্যবেক্ষণ করতে হবে। সেই ক্রেডিট সোসাইটিতে শতকরা ৯০ টাকা পরিশোধ না করতে পারলে তারা আর ঋণ পায় না ফলে আবার তাদের মহাজ্ঞনের কাছে যেতে হয় এবং তাদের তাতে জীবন দূর্বিসহ হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় কাশীকাত বাবুকে বলতে চাই যে নদীয়া জেলার সেন্ট্রাল ব্যাৎক সম্বন্ধে তিনি যে রিপোর্ট পেশ করলেন সেই রিপোর্ট এ ভুল আছে। কারণ তথন নদীয়া জেলায় ২টি সেন্ট্রাল ব্যাৎক ছিল তথন সেন্ট্রাল ব্যাৎক আমালগামেটেড হয় নি। সেন্ট্রাল ব্যাৎক-এর ২১ লক্ষ টাকা কৃষি ঋণ দেওয়া সম্ভবপর হয়েছে এবং সাধারণ চাষীদের কাছে ঋণ চ্পেণছৈ দেওয়া সম্ভবপর হয়েছে। সত্তরাং সেই চিত্র সঠিক চিত্র নয়। বর্তামান চিত্রের পরিপ্রেক্ষিতে নদীয়াকে বিচার করলে দেখা যাবে যে করিমপুরে আজকে পাটের উৎপাদন হচ্ছে এবং সেই চাষ্ট্রীরাই পাট উৎপাদন করছে। পাকিস্তান বা অনা দেশের তুলনায় সেই পাটের কোয়ালিটি নিশ্চয় ভাল। আ**ন্ধকে নাকা**শী থানায় পে**য়ান্ড** এবং রস্ন উৎপন্ন হচ্ছে। আজকে বাংলাদেশের অনা ষে-কোন চাষীর তুলনায় তার <mark>অবস্থা</mark> নিশ্চয়

ভাল এবং সেই চাষীর জিনিষ নিশ্চয় কোয়ালিটির দিক থেকে বেটার। বীরনগরের চাষীরা জণ্ণাল পরিব্দার করে শব্যোংপাদন করছে, ফলে নদীয়া প্রাণবন্ত হয়েছে। এতে খাদ্যের অভাব হয়ত ঘটবে, কিল্তু খাদ্য বাড়ানোর প্রচেন্টায় নদীয়া পিছিয়ে নেই। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হরেছি সেই ডোমর, বিলের পাশে উন্বান্তুরা ফসল করে চাষের উংপাদন কাজে আত্মানিয়োগ করেছে এবং সেসব অঞ্চলকে যেমন স্কুলর ও উৎপাদন ভূমিতে তৈরী করেছে তা দেখে আনন্দ হয়। আমি বিশ্বাস করি আজকে এই অভাব দ্রে করতে হলে সন্দিলিত প্রচেন্টার দরকার এবং তাই আপনার মাধ্যমে বামপন্থী বন্ধুদের কছে অনুরোধ রাখব যে দ্বিভক্ষ প্রতিরোধ কমিটি গড়ে না তুলে উৎপাদন কমিটি গড়ে তুলবার জন্য এগিয়ে আসা নিশ্চয় দরকার আছে। [2—2-10 p.m.]

## Shri Kamal Kanti Guha:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে কৃষি খাতে আলোচনা করতে উঠে একটা কথা আমি আপনার মাধামে কৃষি মন্ত্রীর কাছে রাখতে চাই। কৃষকের হাতে দুই ধরনের ফসল থাকে-একটা হচ্ছে খাদ্য ফসল, আর একটা হচ্ছে অর্থকিরী ফসল। আমরা রাজ্যপালের ভাষণে শত্তবাছি এবং আমাদের অর্থামন্ত্রীর ভাষণে আমরা জেনেছি এবং নিজেরা ব্রুতে পারি যে এবার খাদ্যোৎপাদন কম বাংলাদেশে হয়েছে। বাংলাদেশে এবার ধান চালের ঘটিত হয়েছে। আমাদের আশ্বাস দেওয়া হয়েছে উডিয়া থেকে এবং কেন্দ্র থেকে যে ধান চাল আসবে তার ন্বারা আমাদের অভাব পরেন হবে। আমরা যদি জানতাম যে ধান চাল কৃষক উৎপন্ন করলো সবই তার হাতে থাকবে তাহলে এ আশ্বাস পেতাম যে কেন্দ্র থেকে উডিষাা থেকে যে ধান চাল আসে এবং কৃষকের হাতে যতটা আছে সব মিলিয়ে আমরা এ বছর অন্টনে পাডি দিতে পারবো। কিল্ড আমরা জানি কৃষক যে ধান উৎপন্ন করলো সে ধান ক্রমকের হাতে থাকে না। এরপর ক্রমককে জমির থাজনা দিতে হয়, মহাজনের দেনা শোধ করতে হয়, সংসারের অন্যান্য জিনিষ ক্রয় করতে হয়, তারপর তার হ'তে কিছাই থাকে না। এভাবে ফসলের কথা হিসাব করে দেখনে, গত কয়েক বছর পাট এবং তামাকের দম ক্রমশ নিচের দিকে নেমে নেমে এমন অবস্থায় দাঁডিয়েছে যে পাট এবং তামাক যে দামে বিক্রী হয় তার চেয়ে অনেক বেশী দাম কমে গেছে এখন তাদের খরচ পোষাচ্ছে না। কাজেই আজকে যথন তাদের ধান উঠলো সে ধান বিক্রী করে ত দের রেভেনিউ দিতে হল অন্যান্য দেনা শোধ করতে হল, তার ফলে যখন ধান বিক্রী করে ঘরে চলে এল তার কয়েক মাস পরেই সে ধানের দাম বেড়ে গেল। আমাদের মাননীয় কৃষিমন্ত্রী নিশ্চই একথা জানেন যে ধান কৃষকদের হাত থেকে আজ আড়ংদারদের হাতে চলে গেছে। এবং আড়ংদারেরা ধান কিছু দিন জমিয়ে রেখে ধানের দাম উচ্চে তলে বেশী দামে বিক্রী করবে। এই অবস্থায় যদি আজ প্রতিরোধ করতে হয় তাহলে পাশাপাশি অর্থকরী ফসলের দিকে নজর দিতে হবে। বাংলাদেশে ২টা অর্থকরী ফসল আছে, সমগ্র বাংলাদেশে পাট এবং উত্তর বাংলয় তামাক, আমি তামাকের কথা বলতে চাই। এই তামাক উৎপাদন সম্বন্ধে যে আইন আছে তা অনেকে জানেন না, কারণ তামাকের আবাদ এধারে নেই। তামাকের আবাদ হবার সময় কৃষককে একটা ডিক্রারেসন দিতে হয় তবে সে জমিতে আবাদ করতে পারে, এবং কত পরিমাণ তামাক উৎপাদন হল সে জমি থেকে, ও সে তামাক বিক্রী করবার তাদের একটা লাইসেন্স কার্ড নিতে হবে। সেন্ট্রাল একসাইজ অফিস থেকে এবং সে কার্ডে পার্রামশান পেলে, নির্দেশ পেলে তামাকের হাটে সে তামাক বিক্রী করতে হবে, সবচেয়ে মারাত্মক আইন হচ্ছে, ৩১এ আষাত্মধ্যে চাষী যদি বিক্রী না করে তাহলে ৩১এ আষাঢ়ের পর প্রতি মণ তামাকের জন্য ৭৩ টাকা সেন্টাল একসাইজ ডিউটি গরীব চাষীকে বহন করতে হবে এবং সে তামাক ৩১এ আষাঢ়ের পর ধরে রাখে তাহলে সরকারী নিয়ম অনুসারে সেভাবেই তাকে তামাক রেখে দিতে হবে। আপনি চিন্তা করনে সে গরীব চাষী যে ২ বিঘা জুমিতে তামাক উৎপাদন করছে সে তামাক উৎপাদিত হচ্ছে তর উপর যদি তাকে আবার অতিরিক্ত পয়সা দিতে হয় যদি নাকি সে ৩১এ আষাটের পর রাখে, অর্থাৎ ৩০এ আষাটের মধ্যে বিক্রী না করে এবং তাকে ঐ ৭৩ টাকা মণ পিছ, সেন্টাল একসাইজ ডিউটি দিতে হবে যেটা গরীব চাষীর পক্ষে সম্ভব নয়। চাষীকে হাটেতে ইচ্ছামত তাদের হাটের যে দর সে দরে বিক্রী করতে হয় অর্থাৎ কিনা ২০।৩০ টাকায় বিক্রী করতে হয় কারণ ঐ একসাইজ ডিউটি দেবার ভয়ে, যে সেন্ট্রাল একসাইজ ডিউটি ৭৩ টাকা এবং সেল ট্যাক্স ইত্যাদির পরিমাণ গিয়ে দাঁডাবে ৮৩ টাকা।

[2-10-2-20 p.m.]

মিন্টার চেয়ারম্যান স্যার, অ'মি দেখতে পাচ্ছি ২০।৩০ মণ তামাকের ৮৩ টাকা ডিউটি। আমি আপুনার মাধামে একথা বলতে চাই ভারপ্রাণ্ড মন্ত্রী মহাশয়ের কাছে যে আমি যখন এই ভাম ক চাষের জন্য প্রচুর জল দরকার হয়, সার দরকার হয়—কৃষকদের তরফ থেকে সারের জন্য আবেদন করা সত্তেও সময়মত তারা সার পায় নি। গত বছর কৃষি খাতে আলোচনার সময় আমি একথা বলেছিলাম। সেদিন মুখ্যমন্ত্রী নতেন আশা নিয়ে, জীবনী নিয়ে এসিয়োরেন্স দিয়েছিলেন ষে তামাকের জনা জল পায় নি কেন-কুচবিহার জেলায় তদন্ত করবেন। কিন্তু তাদের সেই আশ্বাস পালিত হয় নি। এই হাউসে দাঁডিয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি তদন্ত করবো কেন কুষকেরা তামাকের জনা জল পাচছে না। আজ পর্যন্ত সেই তদন্তের ফলাফল কি তা জানি না। আমি জানি নতন মুখামলীর উদ্দীপনা নিয়ে প্রেরণা নিয়ে যে কথা বলেছিলেন তা আজ চৌরঙগী ভবনের চাপে নতেন মুখ্যমন্ত্রীর প্রেরণা নন্ট হয়ে গেছে। কারণ তামাক মহাজনরা অধিকাংশই নির্বাচন তহবিলে হাজার হাজার টাকা দেয়। তাদের বিরুদ্ধে কোন কথা বলবার অধিকার নেই। তামাকের অবস্থার কথা আমি যথন কেন্দ্রীয় সরকারকৈ বলেছি তারা তথন বলেছে যে তোমরা এই ৩১এ আষাঢ় আইন তুলে দাও। তিনি সেই আইন তুলেন নি। তিনি বলেছেন যে আমরা তলবো না। কিন্ত তামাক চাষীদের জন্য জল সরবরাহের কথায় কেন্দ্রীয় সরকার বলেছেন কৃষি উৎপদন প্রাদেশিক সরকারের দায়িত্ব। কিল্তু প্রাদেশিক সরকার আজ পর্যক্ত সেই দায়িত্ব পালন করেন নি। সমগ্র কচবিহার জেলায় যেখান থেকে সাড়ে তিন কোটি টাকা ডিউটি কেন্দ্রীয় সরকার পান গত বছর পর্যন্ত এবং আজ পর্যন্তই বলি জল সেচ ও সার দেবার বাবস্থা হয় নি এই জনা আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি সেম্টাল গভর্নমেন্টের টাকার অংশ নিশ্চয়ই আপনারা পান--আপনাদের কোন দায়িত্ব নেই তামাক চাষ্টাদের উপর? আমি বলবো তামাক চাষ্টাদের সম্পর্কে আপনাদের কোন আগ্রহ নেই। এখানে মুখামন্ত্রী আমার প্রশ্নোত্তরে গত বছর জবাব দিয়েছিলেন যে যেহেও আসামে আসামী বাংগালীদের গোলম'লের ফলে হাটে তামাক কিনতে পারা যায় নি সেজন। তামাকের ফলন কম হয়েছিল। কিন্তু আমি বলবো এটা অসত্য কথা—দায়িত্বহীনতার কথা— এটা হচ্ছে দায়িত্ব এডিয়ে যাবার কথা। গোলমাল হয়েছিল আষাঢ-শ্রাবণ মাসে। কিল্ত তামাক চালান যায় কুচবিহার জেলা থেকে আশ্বিন, কার্তিক, ভাদু মাসে। আজকে কুচবিহার জেলা এবং জলপাইগ**্রাড় জেলা থেকে আসামে যায় শ**্বনলে আশ্চর্য হবেন ৭৩ টাকা মণ। আসাম সেখানে তামাক আবাদ হচ্ছে– সেখানে চাষীদের ডিউটি দিতে হয় না। পাশাপাশি আমাদের এখানে চাষীদের ৭৩ টাকা করে ডিউটি দিতে হচ্ছে। সেখানে আম'দের প্রাদেশিক সরকার বলেন সেন্ট্রাল গভর্নমেন্টকে যে আসামের মত ডিউটি তলে দেওয়া হোক। কারণ ডিউটি যদি তলে দেওয়া হয় তাহলে সমস্ত রাজ্যে তুলে দেওয়া হোক। ডিউটি যদি রাখতে হয় ত হলে আসামের বেলায় পক্ষপাতিত্ব কেন। মিদ্টার স্পীকার সাার, আমি শেষে এই কথাই বলবো অর্থকরী পাটের কথা ---পাটের দাম কেন নেই? অমরা জানি আজকে পাটের দাম ৩০ টাকা বে'ধে দেওয়া হচ্চে। কাশীকান্ত মৈত্র যে কথা বলেছেন যে পাকিস্তান থেকে প্রচর পরিমাণ পাট আসে সেটা ধরা পড়ছে না কেন-আমিও সেই কথা বলতে চাই-প্রালশের যে চেক পে ড আছে আপনি জ্ঞানেন আমাদের এখানের যারা সদস্য তাদের প্রত্যেকের চেয়েও চেক পোন্টের হাবিলদার বড লোক। মণকরা দ: টাকা তাদের চুক্তি থাকে। পাকিস্ত ন থেকে হাজার হাজার মণ পাট রাতারাতি চলে আসে। পাকিস্তানের পাট সম্বন্ধে কালকে সামস,ন্দিন সাহেব বলেছিলেন পাকিস্তানের পাটের স থে আমরা প্রতিযোগিতায় পারবো না দাম যদি বে'ধে দেওয়া যায়। উনি জানেন না—উনি দল বদল করেছেন. খোলস বদল করেছেন, এখন তিনি চেষ্টা করছেন কি করে মুল্সেফ হওরা যায়। পাকিস্তানের পাট বিদেশে যাবার উপায় নাই। তাদের ১১টা মিল, তাদের তাঁত কম। ষেটা কান ইবাব, বলেছেন পাকিস্তানী পাট হাদ বিদেশে যেত তাহলে পাকিস্তান কিছুতেই সেই পাট আমাদের ভারতবর্ষে আসতে দিত না, বিদেশে পাঠিরে পাকিস্তান মূন:ফা করতো। পাকিস্তানী পাট বিদেশে রুতানী করবার উপায় নাই। সেই জন্য এখানে তা চলে আসছে, প্রবিদস তা চেক করবে না। এদের রন্ধে বন্ধে দ্বনীতি রয়েছে। সেন্টাল একসাইজ ডিপার্টমেন্ট বেভাবে কম্মোল করছে-তাতে তামাকের ডিক্লারেসন দিতে হয়, সিঞ্চনের আগে রিটার্ন দিতে

য়, লাইসেন্স কার্ড করতে হয়। সেই জনা আমি সাজেশনস দিছি সমগ্র সীমান্ত জেলার ঐ
ন্দরবন এলাকার, ২৪-পরগণার, নদীয়ায়, ম্বিশ্দাবাদ, মালদহ, দিনাজপ্র, জলপাইগ্বড়ি—
ইসব সীমান্ত এলাকাগ্রিলতে আপনারা কন্টোল কর্ন। তাকে বলতে হবে কয় বিদ্যা জামিতে
ট অবাদ করবে, কত মণ হবে তার রিটার্না দাখিল করতে হবে, লাইসেন্স কার্ড থাকবে এই
বন্থা কর্না। আমি আপনাদের প্রতিশ্রুতি দিছি তার জনা যে দ্টাফ লাগবে, যে একদ্মী
হস্পেনিচিচার হবে, তার জন্য তারা মণকরা দ্বু-আনা ডিউটি দেবেন। তাহলে কৃষকরাও
ট উৎসাহের সঞ্গে দেবে। পাকিন্তান থেকে যদি পাট না আসে, তাহলে আমাদের কৃষকরা।
টাকা মণকরা বেশী পাবে। আর একটা চেক করার প্রয়োজন আছে। আমাদের সোনা—
রোরজীর যে ব্যুন, কংগ্রেস সে ব্যুন দেখছেন সোনা দিয়ে বৈদেশিক অস্ত্র তারা আনবে।
ই সোনা আজ পাটের বিনিময়ে পাকিন্তানে গিয়ে জমা হয়ে যাছে।

মিঃ পশীকর স্যার, আর একটা কথা বলতে চাই—এরা আজকে বলছেন, মুখামন্দ্রী বলছেন শে দুর্ভিক্ষ নাই, অভাব নাই, লোকে সাইকেল চড়ছে, চিনি খাছে। কিন্তু এ'দের সমসত দা সমসত বজবাকে বাংলাদেশের জেলাগুলি মিথা প্রমাণিত করে দিয়েছে। আমরা দেখছি রুলিয়া কেলা য় দুর্ভিক্ষের বাহাকার রব উঠেছে, সেখানে ডিম্মিক্ট কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট জিগানেশন দিয়েছেন। তারা সেখানে দুর্ভিক্ষকে প্রতিরোধ করবেন। তারা বি হামপণথী? আজকে স্পরগণা জেলার সোনারপ্রের মান্ত্র সেখানে তারা ভাতের ফানে চাছে। সেখানে শতকরা ভলন লোকের ঘরে খাবার নাই। তারা এখন কলকাতার কাজের সন্ধানে চঙ্গে সছে। কৃষক যদি খেতে না পার, উৎপন্ন ফসলের ন্যাযামূলা না পার, তাহলে পানাদের কোন পরিকল্পনাই কাজে লাগবে না, কোন উৎসাহই কৃষক বোধ করবে না দল ফলাবার আজকে কৃষক জমি ছেড়ে চিন্তা করে কি করে মিলে কাজ পাব, চটকলে কজে বি, চা-বাগানে কাজ পাব। কোন কৃষক যদি পাশাপাশি মিলে বা করখানায় কাজ পার, সে মিতে কাজ করতে চায় না কেন যে জমির সপো তার রক্তের বন্ধন রয়েছে নাডীর বন্ধন রয়েছে? বণ সে দেখছে যে ভামি তাকে খেতে দিতে পারে ন ।

খার একটি কথা বলতে চাই—আরো জমি আরো বেশা আবাদের কান্তে লাগাতে হবে।
মারা জমি পাঁতত জমি উন্ধারের বাাপারে ১৯৬২ সালে যে টাকা ধার্য করা হয়েছিল, এবারে
তিত জমি উন্ধারের কাজে সেই টাকা কারটেইল করা হয়েছে। আমরা দেখছি যে হাজার
জার বিঘা জমি জলের তলে পড়ে আছে। যে হাজার হাজার বিঘা জমি আনাবাদি হয়ে পড়ে
ছে, তাকে চাষের যোগ্য করতে হবে, জলের তলা থেকে উন্ধার করতে হবে। খালি জমির
পর চাষ করেতে চাই—তাহলে হবে না। ডিমিনিসিং রিটার্নিএ আমাদের দেশ ক্ষতিগ্রুক্ত হবে।
ক্রিজিং রিটার্নিএর দিকে লক্ষা রেখে অনাবাদি জমির দিকে লক্ষ্য রেখে বেশী টাকা খরচ
বার জনা মন্দুরী মহাশ্রকে অনুরোধ করিছি।

'-20--2-30 p.m.!

### Shrimati Sudha Rani Dutta:

মাননীয় স্পীকার স্যার, কৃষি খাতে ম ননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরান্দ দাবী করেছেন আমি ই দাবী সমর্থন করছি।

আমাদের কৃষি প্রধান দেশ. এখানে কৃষির উন্নতি না হলে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নর। ই আমাদের সরকার এই রাজ্যে কৃষি উন্নতির জনা নানা রকম পরিকল্পনা গ্রহণ করেছেন। শেষ করে দ্বিতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনায় কৃষির জন্য যে পরিমাণ অর্থ ব্যায় হয়, তার চেয়ে বগ্নণ অর্থ তৃতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনায় ধার্যা করেছেন। কৃষির উন্নতির জন্য প্রধানত লে বজি ও সার এবং সেচের প্রয়োজন, সে দিকে সরকার বিশেষ দৃষ্টি রেখে বাবস্থা করেছেন। ল বজি, উৎপাদনের জন্য আমাদের কৃষি বিশেষজ্ঞরা টালিগজে ও চৃষ্ট্রায় গবেষণায় বাস্ত ছিল। আবার অন্য দিকে থানায় থানায় বীজ উৎপাদনের জন্য সমবায় ফার্ম প্রতিষ্ঠা করেছেন। রের ভিতর আমরা দেখতে পাই দ্ব্রকম জৈব ও রাস্থানিক। জৈব সারের ভিতর যেমনাম্য, কন্পোস্ট ও সব্জে সার ইত্যাদি। এইসব সার কৃষক ভাইরা যাতে নিজেরা তৈরী -24



**≆রতে পারেন এবং কাজে লাগ** তে পারেন তার জনা সরকার গ্রামে গ্রামে প্রচারের <sup>দ্</sup>বারা চেষ্টা 🕶রছেন। রাসায়নিক সারও অলপ দরে কৃষকদের ভিতর বন্টনের চেণ্টা করছেন। মাননীর চেরারম্যান স্যার আমি আপনার মাধামে মাননীয় কৃষি মন্দ্রীমহাশয়কে অন্রেধ জানাবো এইসব সার ও বাজি কুষক ভাইরা যেন সময়মত পান। তাছাড়া কৃষির উন্নতি করতে গেলে বড় বড় সেচ পরিকল্পনার দরকর। আমাদের সরকার সেই উদ্দেশ্যে বড় বড় সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন তার মধ্যে ময়্রাক্ষী দামোদর পরিকল্পনার কাজ শেষ হয়ে গিয়েছে এবং কংসাবতীর পরিকল্পনার ক জ এখনও চলছে, এটার কাজ শেষ হয়ে বাঁকুড়া, মেদিনীপরে আর হুগালির কয়েক অংশ উপকৃত হবে। এই কংসাবতার কাজ শেষ হলে ৮ লক্ষ একর জমিতে জল পাবে। ভাছাড়া বহু ছোট ছোট ও মাঝারি সেচ পরিকম্পনা সরকার গ্রহণ করেছেন। আমাদের বাঁকড়া ও পর্নালয়ার মত অসমতল ও কাঁকরময় জমিতে, বিশেষ করে আমার নির্বাচন কার্যক্ষেত্রে গড়ে বিদাপ্রতি দুই, তিন, চার মণের বেশী ধান উৎপন্ন হয় না। সেথানে আমরা দেথছি টেস্ট রি**লিফের** মাধামে ছোট ছোট সেচের কাজ হচ্ছে। মাঝারী সেচ পরিকল্পনার জনা যেসব জায়গয় নদী পরিকল্পনা গ্রহণের স্কৃতিধা নেই, অথচ সেখানে গভীর নলক্পের স্কৃতিধা আছে, সেখানে যদি গভীর নলক্প বসানোর ব্যবস্থা করা হয়, তাহলে আমার মনে হয় এর দ্বারা খানিকটা খাদ্য **म**भमा। मभाषांन २८७ भारत। তবে, मिथारन এकि भार कलन कतल এই धतरनत स्मिठ वावस्थात मृतिया रत ना, তাতে অনেক অর্থ অপচয় হবে। সেখানে যদি দুটা বা বেশী ফলন করা यह তাহলে সবিধা হয়। দেখা যায় আজ পর্যন্ত প্রায় আড়াই শো গভার নলক্স হয়েছে। কিন্তু **দঃখে**র বিষয়, সব জায়গায় বিদ**ু**ং না পাওয়ায় ঐসব গভার নলক্পগ**ুলি** কার্যকরী হয় নি। रियम कारागार विमा, भाउरा गिराहर, स्थारन भूति धान हाजा जना कान कमन राजा ना, সেখানে আজ এই গভীর নলকুপ সেচের দ্বারা আলু, গম ইতা দি ফলন হয়েছে। দেখা গিয়েছে নদী পরিকলপনায়, বৃষ্টি না হলে অনেক সময় জমিতে সেচের জনা অস্কবিধা হয়, কিন্তু এই সব গভার নলক প পরিকল্পনায় বৃদ্ধির দিকে তাকিয়ে থাকতে হয় না। মাননীয় চেয়ারমান মহাশয়, আমাদের মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর আমাদের মাননীয় মুখামন্ত্রী মহাশয়ের ভাষণে আমারা জানতে পেরেছি যে দুটো পঞ্চবার্যিকী পরিকল্পনার কাজ শেষ হয়ে গিয়েছে, কিল্ড পশ্চিমবাংলায় চালের ঘাটতি প্রেণের মত তত চালের **ফলন** আমাদের এখানে হয় নি। তব**ু আমরা দেখ**তে পাচ্চি পশ্চিমবঙ্গে **हार**भन्न मन्त्रन ७५ लक्क हेन थारक स्वर्ध ५७ लक्क हेन श्राहर आन्तर कलन आ**डार लक्क** हेन থেকে ৭ লক্ষ্টন হয়েছে, পাট্টাষ আডাই লক্ষ্তকর জালি হেকে বেডে ১২ লক্ষ্তকর ভূমিতে হচ্ছে। মাননীয় চেয় রম্যান, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যাঁরা একথা বলেন যে. কৃষির কোন উন্নতি হয় নি সে কথা ঠিক নয়। তবে আমাদের আরো উন্নতি করতে হবে, আরো ফলন বাডাতে হবে একথা ঠিক।

মাননীয় চেয়ারমাান, আপনার মধামে আমি আমাদের কৃষি মন্দ্রীকে অন্রোধ জানাচ্ছি। নেরে জন্য আমাদের কৃষক ভাইরা যাতে লাগাল গাড়ীর উদর ইত্যাদি করবার জন্য কাঠ পান তার দিকে নজর রাথবেন। কারণ এইসব জিনিষের জন্য জগাল থেকে কাঠ পেতে তাদের অভানত বেগ পেতে হয়। এই কথা বলে আমি এই বায় বরান্দকে সমর্থন কর্মছ।

[2-30-2-40 p.m.]

#### Shri Nimai Chand Murmu:

মাননীর চেয়ারম্যান মহাশয় আম দের গ্রুত্র আপংকালীন অবস্থার মধ্যে এই বাজেট আরম্ভ হয়েছে। অর্থ বিভাগীয় মন্দ্রী বাজেট বস্তৃতা ৪৫ প্র্ছুত বাপৌ দিয়েছেন এবং খ্রু গ্রুত্ব দিয়ে তিনি বলেছেন যে আমাদের প্রতিরক্ষা বাবস্থাকে খ্রু শক্তিশালী করতে হবে। এই আহ্বান এই প্রয়োজনীয়তার কথা শ্রুত্ব এখন থেকে নৃয়, যখন আমাদের দেশে জরুরী অবস্থা দেখা দিয়েছিল তখন থেকেই কেন্দ্র গভনমেন্ট এবং রাজ্য গভনমেন্ট কৃষিতে উৎপাদন বৃদ্ধির জনা, তারা সমস্ত বাংলাব এবং ভারতবর্ষের কৃষি সমাজকে আহ্বান জানিয়েছিল। তাঁদের এই আহ্বানে এবং কৃষিতে উৎপাদন বৃদ্ধির স্লোগনে আমাদের বাংলাদেশের আক্রাশ বাতাস মুখরিত

হয়ে উঠেছে। এত চীংকার করেও আমরা দেখি আমাদের বাংলাদেশে ৪ লক্ষ টন খাদ্য ঘার্টাত দেখা দিয়েছে। কেন এই ঘাটতি দেখা দিয়েছে? আমরা দেখেছি, চেয়ারমাান মহ শয় যখন সমূহত জায়গায় প্রচারিত হচ্ছে উৎপাদন বৃদ্ধির জন্য সেই সময় মালদহ জেলায় হবিবপুরে এবং বামনগোলা থানায় জোতদার এবং কংগ্রেসী পর্লিসের মিলিত চক্রান্তে কাহার পৌষ মাস কাহার সর্বনাশ সেখানে ঘটিয়েছে তার দৃষ্টান্ত আপনার কাছে আমি একটা একটা করে তলে ধরবো। হবিবপরে থানার বেগুণবাড়ী নিবাসী হোমাই হেমব্রমের এবং লালশরণের যে জুমি আবাদ হার্যাছল সেই জমির পরিমাণ হচ্ছে যথাক্রমে ৬ ৮৫ শতক ও ৩ ১৭ শতক, এই ক্ষকদের জামির ধান সেই হবিবপরে থানার আইহো নিবাসী শ্রীকৃষ্ণলাল সাহা বেগণেবাড়ী প্রলিস ক্যান্থের প निरमंद्र माराया ७ प्रत थामात एए भ मनन थान मुळे करत निरम हाल शिरमुख । এই घऐना শুধু সেখানে নয় আরো আমি দেখাচ্ছি সেই হবিবপুরে থানার মধ্যে সংকোথীল নিবাসী সনাং বায়ের ৪·৩৪ শতক, রাজেন্দ্র নাথ র য়ের ·২৬ শতক, ফণীন্দ্র নাথ রায়ের দখলে ·৮৬ শতক ভেস্টেও জমির ধান ১৬. ১৮. ও১শে অগ্রহায়ণ তারিখে পিয়াজকুডী নিবাসী মহাজন দীন মাহাতো, কিন্তু মাহাতো ও হান্তু মাহাতো সজনাদীঘি কাম্পের প্রলিসের সাহায়ে জোর করে ধান কেটে লঠে করে নিয়ে গিয়েছে।। এই রকম ঘটনা অ'রো ঘটেছে। বামনগোলা থানার কিথার মোল্লা, সাকিন মহারাণী, তিনি যে জমি আবাদ করেন তার পরিমাণ হচ্ছে ৬৬; আমিজ,ন্দিন আল্লা সাং বড্ডলী তার ৩০৬৬ শতক জমিতে সে আবাদ করে। তাদের ধান কংগ্রেসী এক পান্ডা ণচীন্দ নাথ চক্রবতী, তার বাড়ী মদনাবতী, তিনি মদনাবতী পর্লিস ক্যান্দেপর সহাযো নিয়ে গিয়েছে। এইরকম আরো বহু লোকের ধান তারা কেটে নিয়ে গিয়েছে। বুধু কিসকু, খাড়ু গ্রাসদা, সাং তে'তলমোড', ভাদের জমির পরিমাণ ৩ ৬১ শতক, চনক হেমরম: মোহন মাডী: ্রির রায়, ম সাই হেমরুফ, সাং ইসাহবিপরে, তাদের জমির পরিমাণ ২ ৯৪: তারপর হোদ্দা হুমুবুম, ফচ শ্রেণ, স্ফেল টুড, সাং মহিমপুর : জমির পরিমাণ ২ ৯২ শতক : বুধু, কিস্কু: বং তে'ব লগ্নে তা, থামির পরিমাণ ১ ১৫ শতক, সেখানকার জোতদার হচ্ছে মমতাজউন্দীন নরকার, সাং মাধ্ববাটী, এবং নূর মণ্ডল, সাং ঝাকলডাগ্গা, তারা শিয়ালভাংগা পর্লিস স্যা**ম্পের** নাহায়ে। তাদের জামার সমসত ধান কেটে নিয়ে চলে যায়। যখন উৎপাদন বৃদ্ধির কথা ঘোষণা দরছেন কেন্দ্রীয় সরকার এবং রাজা সরকার তখন কংগ্রেসী জোতদাররা ভারত রক্ষার হিডিকে ানা প্রলিসের সাহায্য নিয়ে কৃষকের রক্ত জল করা ফসল ছিনিয়ে নিয়ে যাচ্ছে। এর্মান করে ক অমাদের দেশের উৎপাদন বৃদ্ধি পাবে? বিশেষ করে এই জর্ব্রী পরিস্থিতির সূযোগ নয়ে তাদের এর্মানভাবে রম্ভ জল করা ফসল কেড়ে নেওয়া হয়েছে। আমি মনে করি এই সমস্ত জাতদাররা উৎপাদনে বাধা স্থাণ্টি করছে এবং তাদেরকে ভারত রক্ষা আইনে গ্রেণ্তার করা াচিত। কিন্তু চেয় রম্যান মহাশয়, এইসব ক্ষতিগ্রস্ত কৃষকরা যখন এই অবস্থার কথা জানাতে ানায় গিয়েছে তথন থানার দারোগা প্রলিসেরা তাদের কুকুর শিয়ালের মত তাড়িয়ে দিয়েছে, লোগালি দিয়ে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে। এইসব তথা যথন জেলা সমাহতার কাছে াননীয় সদস্য ধর্নীধর সরকার জানাতে গেলেন, সাথে ছিলেন সেখানকার পূর্বতন ক্মুনিষ্ট ার্টির সেক্টোরী নরেন চক্রবতী, জেলা সমাহতা তাঁদের কোন কথায় কর্ণপাত করলেন না। ौদেরকে বললেন আপনারা যে কথা বলছেন প**্রলিস ত সে কথা আমাদের জানাচ্ছে** না। আশ্চর্য য়ে গেলাম আমরা সেকথা শূনে। পুলিস যেখানে থানায় বসে থেকে এই সমস্ত কাজ করাচ্ছেন, াতগ্রুস্ত কৃষকরা থানায় গিয়ে বললেও কাজ হচ্ছে না, সেই সমস্ত পর্লিসের কাছ থেকে জেলা মাহর্তা কি করে খবর পেতে পারেন? খবর পান নি বলেইত দেশের প্রতিনিধি এবং পূর্বতন নক্রেটারী নরেন চক্রবত্রী মহাশয় গিয়েছিলেন জানাতে। তাঁদের কথায় কর্ণপাত করলেন না. র্গন তাঁদের সেখান থেকে হাট আউট করে দিলেন। গত অধিবেশন যখন আমাদের আরম্ভ ল তথন আমি এবং শ্রীধুরনীধর সরকার সেই কৃষকদের দরেবস্থার উপরে এই বিধান সভায় লিং এনটেনশ্য দিয়েছিলাছ। গত অধিবেশনের প্রার্শেভ মুখামন্ত্রী দাশ্ভিকতার সংখ্য জবাব লেন যে, শ্রীনিমাই মরেমা এবং শ্রীধরণীধর সরকার কৃষকদের উপরে অভ্যাচারের যে কলিং মটেনশন দিয়েছিলেন সেটা একেবারে অবাস্তব এবং এ'রা যা বলেছেন তা অসতা। মাননীয় যারমান মহ শয়, আপনার কাছে আমার অনুরোধ, আমি মল্টী মহাশয়কে অনুরোধ করছি, পিনারা চল্ন আজ বামনগোলা, হবিবপরে থানায়, মালদহ জেলা ঘুরে আসুন আমরা

আপনাদের আপালের সাহাব্যে দেখিয়ে দিতে পারবো সত্যিকারে কিভাবে জ্যোতদাররা প্রিলসের সাহাষ্য নিয়ে কৃষককে তার উৎপাদিত ফসল থেকে বণ্ডিত করেছে, এবং উৎপাদনের কাজে বাধা স্মিট করছে। এইভাবে তারা প্রতিরক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করে চলেছে। মাননীয় চেয়ার-ম্যান মহাশয়, আর একটি কথা সেদিন যখন আশ্চর্য হয়ে গেলাম মুখামন্ত্রী মহাশয়ের দান্তিকতা-পূর্ণ জবাবে, তখন ছুটে চলে গেলাম ল্যান্ড রেভিনিউ মিনিন্টার শ্যামাদাস বাব্র কাছে। তাঁকে সমুহত অবুহুথার কথা খলে বললাম। তিনি আমাদের আশ্বাস দিলেন যে, নিমুই বাব, আপুনি ষান আমি ডিন্ট্রিকট ম্যাজিটেট্রটের কাছে অনতিবিলন্তে খবর দিচ্ছি যাতে এই ধরনের কার্যকলাপ তাড়াতাড়ি বন্ধ হয়ে যায়, যাতে কৃষকের প্রার্থ ক্ষুত্র না হয়, যাতে জোতদাররা প্রতিরক্ষা ব্যবস্থাকে ক্ষুদ্র করতে না পারে। কিন্তু স্তাহের পর স্তাহ কেটে গেল, আমরা নিরাশ হয়ে। গোলাম তার কোন প্রতিকার পাওয়া গেল না। আবার দৌডিয়ে এসে এই ধরনের ঘটনা মানে একগাদা তথ্য সমেত স্মারকলিপি পেশ করলাম ল্যান্ড রেভিনিউ মিনিস্টার শ্রীশ্যামাদাস ভটাচার্যার ক ছে। এখন পর্যাদত তার কোন প্রতিকারের বাবস্থা হয় নি। এমনিভাবে, চেয়ারম্যান মহাশর, আমাদের মালদহ জেলায় হবিবপুরে, বামনগোলা থানায় ভারতরক্ষা হিডিকে জোতদারদের পৌষ মাস এবং গরীব কৃষকদের সর্বনাশ হচ্ছে। এমনিভাবে যদি চলতে থাকে সেই কৃষি সমাজের উপর অনায় অবিচার এহলে আমর। কি করে খাদো স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবো : চেয়ারুম্যান মহাশয়, আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে সতিকোরের যদি আমরা আমাদের কৃষিতে উৎপাদন বাম্পি করতে চাই তাহলে পরে কো-অপারেটিভ ব্যাঞ্ক, সার্কেল অফিসার এবং আচিবাসী বিভাগ থেকে যে সমুহত ঋণ দেওয়া হচ্ছে সেই ঋণগুলি অতি সাম ন৷ হাল বলাদ শ্রিদ করবার জন। জমির প্রিমাণ বেশী না থাকায় ভূমিহীন কৃষি যারা তারা ঐ ঋণ পায় না কৃষকদের যথেটে পরিমাণ ঋণ দেওয়া প্রয়োজন। ঋণ দেওয়ার সময় বৈশাথ মাস এবং ঋণ আদার করার সময় চৈত্র মাস এই সময় ধার্য হওয়া উচিত। এই বিষয়ে সরকারের সেই রকম কোন প্রচেষ্টা না থাকার জনা কৃষকরা সময়মত ঋণ পাচ্ছে না। এবং অসময়ে ঋণ আদায় করার ফলে ভারা বাধা হয়ে গর, মহিষ বিক্রী করে দিতে বাধা হচ্ছে। এমন অবস্থার সূষ্টি হচ্ছে। আজকে তারা বাধা হচ্ছে তাদের জায়গা জমি বিক্রী করে দিতে। আজকে যেখানে কৃষক সম্প্রদার খেতে প চ্ছে না সেক্ষেত্রে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে কি করে উৎসাহ পাবে তারা। সমস্ত প্রকার জিনিসের দাম হা হা করে বেতে যাছে। এমন অবস্থায় অক্তাক তাদের কাছ থেকে জোর করে। খাল আদায় করা ২৮ছে, অনেক ক্ষেত্রে খালের দায়ে চাষীর জাম নীলাম হয়ে যাছে, চাষের লাগাল জোতদার নিয়ে যাছে। আরেকটি কথা বলেই আমি আমার বন্ধবা শেষ করছি। আজকের দিনে ৰদি কৃষককে বাচিয়ে রাখতে চান, তাহলে তাদের প্রচর পরিমাণে খয়রাতি সাহায়া ও কৃষি ঋণ দেওয়া দবকাব।

## Shri Monoranjan Bakshi:

মিঃ চেয়ারম্যান, স্যার, কৃষি খাতে আলোচনা করতে গিয়ে সর্ব প্রথমেই একটা কথা মনে পড়ে, বাংলাদেশে যখন আয়াঢ়-শ্রাবণ মাস আসে তখন বাংলাদেশের মাঠের দিকে তাকিরে চারদিকে সব্জ ধান দেখে আমাদের মনে পড়ে যায় কবির কথা, ন্তন ধানো হবে নবাম। যারা মাঠে ময়দানে পরিশ্রম করে শরীরের রম্ভ জল করে আমাদের উল্লভির পথে এগিয়ে নিয়ে যান। মাননীয় অধাক্ষ মহাশয়, আপনার মারফত আমি পশ্চিমবঙ্গ সরকারকে জিজ্ঞাসা করছি তাঁরা চিন্তা করেছেন বাংলাদেশে কৃষক সমাজ আজ কোন দতরে এসে পেণছেছে। আমবা সকলেই জানি একজন সামানা লেখাপড়া জানা লোককে আজকে আমাদের সমাজে যে সম্মান দেখান হয়, যারা কৃষক যার খাদ্যোৎপাদন করে জাতিকে বাঁচিয়ে রাখে তাদের কতখানি সম্মান দেখান হয়, এবং সমাজের কোনখানে তাদের রাখা হয়। আজকে তাদের ছেলেমেয়েদের শিক্ষার কথা স্বাস্থ্যের কথা অন্যান্য জিনিষের কথা আপনারা কতখানি চিন্তা করেছেন? আমরা জানি মাঘ ফাল্গনে মাসে যখন কৃষকের হাতে প্রসা থাকে না তখন তারা মহাজনের কাছ থেকে ঋণ গ্রহণ করতে বাধা হন। সেজনা আমি মাননীয় অধাক্ষ মহোদয় আপনার মাধামে মন্দ্রী সভাকে অনুরোধ করছি বাংলাদেশের কৃষককে যদি বাঁচতে হয় তাহলে পল্লীগ্রামে কৃষি বাাধ্ক খোলা প্রয়োজন, তা না হলে কৃষক সমাজ ধন্ধস হয়ে যাবে। আমরা দেখছি অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি বলেছেন এখন পর্যন্ত ব্লিটর জলের উপরই কৃষি নির্ভরশীল। ডি ভি সি সংসাবতী, ময় রাক্ষী পরিকল্পনা ইত্যাদি হয়েছে, কিল্টু তা সত্তেও আজ পর্যল্ট চাষীদেরদ মেদের

জলের দিকেই তাকিয়ে থাকতে হয়। বাংলাদেশে এমন বহ্ জায়গা আছে যেখানে ক্যানেল নাই, নদীনালা নাই, ডিপ টিউবওয়েল বা অন্য কোন প্রকার ইরিগেশনএর বাবস্থা নাই। বর্ধমান জেলার আউশগ্রাম কেন্দ্রে কোন কানেল হয় নি, ডিপ টিউবওয়েল হয় নি, তাই আমাদের আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়।

বর্ধমান জেলার দুর্গাপুরে যে ইম্পাত নগরী হয়েছে তার জন্য আমরা গর্ব বোধ করি। मृत्यः वाश्नाम्मा नयः, माता ভाরতবর্ষের আজ লক্ষ্যম্থল হচ্ছে দুর্গাপুর এটা আনন্দের কথা। কিন্ত সংখ্য সংখ্য আপনার মাধামে মন্ত্রী সভার কাছে একটা বস্তুব্য নিবেদন করছি। সেটা হচ্ছে যে দুর্গাপরে কারখানা হবার সংখ্য সংখ্যে ঐ এলাকায় ৫টা থানা, আউশগ্রাম থানা এবং অনাানা এলাকায় লোকেরা, কৃষকরা আজকে জমি ছেড়ে দিয়ে শিল্পে কাজ করতে চলে যাচ্ছে। এ যদি অবস্থা হয় তাহলে অদ্র ভবিষাতে আমরা দেখব যে জমি পড়ে আছে, চাধ বন্ধ হয়ে গেছে। কার্ক্টেই আপনার মাধামে মন্দ্রী সভার কাছে অনুরোধ করব যে অতানত ধীর ও স্থির-ভাবে চিন্তা কর্ত্রন যে এই অবস্থায় কি বিকল্প বাবস্থা করা যায় যাতে অদুরে ভবিষাতে ঐ এলাক য় চাস না বন্ধ হয়ে যায়। আজকে অত্যনত দুঃথের কথা যে কৃষি সম্বন্ধে বলতে গিয়ে একথা বলতে বাধ্য হাচ্চ যে গত ১৬ই ফেব্রয়ারী কেন্দ্রীয় পরিকলপনা মন্ত্রী যখন এসেছিলেন তথন তিনি বলেছেন যে আমাদের দেশে খাদা ফলন কমে গেছে। এই যদি অবস্থা হয় তাহলে কি করে চাষারা ব্রুবে যে সরকারের পগুর্বার্ষিকী পরিকল্পনা এবং দ্বিতীয় পগুর্বার্ষিকী পরিকঃপনা দ্ব র্থক হতে চলেছে। একথা কি ভাওতার কথা নয়? আমি আপনাদের কাছে পেশ করছি যে বিগত দশকে ধান চালের ফলন সারা ভারতে বেডেছে ৩৫: আর পশ্চিমবঙ্গে কমেছে ১·১: বিগত দশকে প্রতি একরে খাদাশস। ফলনের বাংসরিক বৃদ্ধির হার সারা ভারতে ৭ · ৬ ও ধান চাল ৩ · ৫, পশ্চিমবাংলার সেথ নে কর্মাতির হার ১ · ৬২ এবং ০ · ৩। এই যদি অবস্থা হয় তাহলে কি বুঝব যে আমাদের কৃষি বিভাগ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে? এই যদি অবস্থা হয় তাহলে দেশে যে ভয়াবহ দিন আসছে সেই দিনকে লক্ষ্য করে আজকে বাংলার ঐকাবন্ধ মানুষের হয়ে আপনার মাধ্যমে সরকারের কাছে আমি তাদের কথা জানিয়ে দিচ্ছি "সাবধান, সাবধান, আসিছে নামিয়া ন্যায়ের দণ্ড, রুদুমুর্তি সাবধান।"

[2-40-2-50 p.m.]

#### Shri Provakar Pal:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের মন্ত্রী মহাশয় তাঁর বায় বরান্দের যে দাবী উত্থাপন করেছেন সেটা আমি সমর্থন করছি। একথা আপনারা জানেন যে পশ্চিমবাংলায় কৃষি পশ্চিমবাংলার জন জীবনে এক গ্রেছ্পূর্ণ স্থান অধিকার করে রয়েছে। একথা ঠিক যে পশ্চিমবংলাব অধিকাংশ মান্য প্রতাক্ষ এবং পরোক্ষভাবে এই কৃষি শিলেপর উপর নিভরিশীল। সরকাব দেশ স্বাধীন হবার পর থেকে কৃষি উন্নতির জনা যে অনেক চেণ্টা করছেন সে সম্পর্কে সন্দেহ নেই। গত ১৫ বছরে কৃষির উলতি হয়েছে তাতে সন্দেহ নেই, কিন্ত তা সত্তেও আমরা পশ্চিমবাংলার মান্য যতটা আশা করেছিলাম তা উন্নতি হয় নি। হয় নি কেন তা যদি দেখি পশ্চিমবাংল র খাদোর উৎপাদন আশান্র প হয় নি. এটা খ্রুব লড্জার কথা যদি না হয় তাহলেও এই সমস্যাব সমাধান করতে হবে তাতে কোন সন্দেহ নেই। আমি একথা বলি যে গত ১৫ বছর ধরে যে কৃষি নীতি গ্রহণ করেছেন তা আরও বলিষ্ঠ এবং অ'রও গতিশীল হওয়া উচিত ছিল। আজকে একথা ঠিক যে, এবং একথা অস্বীকার করবার উপায় নেই যে পশ্চিমবাংলার কৃষি দিনের পর দিন বাডছে কিল্ড পশ্চিমবাংলায় কৃষির উর্ন্নাত করতে হবে ইনটেনসিভ কালটিভেশন সেটা করা হচ্ছে না। আমরা যদি আলোচনা করি তাহলে দেখবো কৃষি প্রধানত ৪টা জিনিসের উপর নির্ভার করে, উপযুক্ত সার, উপযুক্ত বীজ এবং জল সেচন ও নিষ্কাশন এবং ভাল মারকেট। এই ৪টি বিষয় যদি আলোচনা করি তাহলে দেখবো পর পর সরকারেরর যা নীতি তাতে এসব বেশী কার্যকরী হয় নি। এ পর্যনত পর পর মানুষ বা গ্রামের কুষকেরা ভাল বীজ পান নি। থানায় থানায় যে সীড ফার্ম তৈরী করা হয়েছে লজ্জার স্পেগ লক্ষ্য করেছি সেখানে সাধারণ গ্রামের नित्रक्कत कृषक धान छेरशामन कत्राष्ट्र विद्या श्रीठ शर्ए मग भग स्मथात मत्रकाती कार्स्य धान छेरशामन

ইচ্ছে বিঘা প্রতি সাত মণ এটা আমরা দেখছি। সরকারী বাবস্থার মধ্য দিয়ে যে বীজ কৃষকদের বিতরণ করা হয়, অধিকাংশ ক্ষেত্রে তা সাধারণ বীজ অপেক্ষ নিকৃষ্ট ধরনের এ হিসাব আমরা পেয়েছি। সরকারী খরচেই ধান বীজ সংগ্রহ করা হয়, কর্মচারীদের দ্বারা বাজার থেকে নিকৃষ্ট শ্বনের বীজ তা এনে কৃষকদের চাষ করবার জনা দেওয়া হয়েছে। এটা কি আশা করা যায় যে খারাপ বীজ থেকে নিকৃষ্ট বীজ থেকে বেশী উৎপাদন হবে। আমি এদিকে পর পর সরকারের কৃষি মন্দ্রীর দূষ্টি আকর্ষণ করছি। এরপর সারের কথা, আমরা জমিতে যে সার দিই তা সাধারণত রাসায়নিক সার ও জৈব সার। রাসায়নিক সার যে সংস্থা মার্ফত আসে তা যথন হাতে আসে সেটা কতটা খাঁটি তা দেখার ব্যবস্থা আছে কি? আমার মনে হয় রাসায়নিক সারে অনেক ভেজাল আছে। জৈব সার যা া গ্রামের কৃষক অনেক সময় তৈরী করতে জানে না। ধে সমুহত কৃষি কর্মচারী আছেন তারা যদি গ্রামে গ্রামে গিয়ে কৃষকদের ডিমনসট্রেসন দিয়ে ব্রাঝিয়ে দেন তাদের সাহাযা করেন তাহলে কৃষকরা অনেক উন্নতি করতে পারে। আর একটা বিষয় নিবেদন কর্রাছ অনেক সময় আমরা দেখি সরকারী কর্মচারীরা বড় বড় রাস্তার পাশে অর্থাৎ যে রাস্তায় জীপ যায় তার কাছাক ছি ডিমনসট্টেশন সেন্টার করেন। সহর থেকে দূরে সদুর নিভতে যে কুষক তাদের কাছে এ জিনিস পে'ছিয়ে না। আমরা লক্ষ্য করেছি গ্রামের যিনি কর্ম-োরী আছেন তিনি উপরওয়ালাকে খ্রাশ করবার জন্য ঘতটা সচেষ্ট গ্রামের কুষকের কাছে নতুন সংবাদ পরিবেশন করতে ততটা সচেণ্ট নন। আমি এদিকেও কৃষি মন্ত্রীর দূণ্টি আকর্ষণ করছি। আরে একটা জিনিষ জল সেচনের বাবস্থা। এ কথা ঠিক গত ১৫ বছনে সরকার পক্ষ থেকে জল সেচনের ভাল বাবস্থা হয়েছে। ডি ভি সি. ময়্রাক্ষী কংসাবতী ইতাদির সাহাযো সন্দ্রে গ্রামাণ্ডলে জল মাচ্ছে। কিন্তু আমি মনে করি এ বনপারে আরো সক্রিয় হলে ছোট ছোট পরি-কল্পনা করে গ্রামের মধ্যে যদি জল সেচনের ব্যবস্থা করা যায় তাহলে আমাব মনে হয় আরো বেশী কার্যকরী হবে আবও বাংলাদেশের উৎপাদন বাড়বে। তার সংখ্যে আর একটা কথা আমার মনে আসে গেটা ব্রটিপূর্ণ মনে করি। জল সেচনের ব্যবস্থা আছে কিন্তু জল নিজ্ঞাসনের বাবস্থা নেই। পরিকল্পনার জল ও ব্রিণ্টির জল এক স্থেগ সমবেত হয়ে যায়। জল নিম্কাশনের ভাল বাবস্থা নেই। ১৯৫৬ এবং ১৯৫৯ সালে যে বন্যা হয়েছে পর পর বিভিন্ন জেলায় আমার ধাবণা জল নিংকাসনের অভাবে তাহা হয়েছে, এর জনা জল নিংক সনের দরকার। এব সংখ্যে গংগ্যা বারেজের কথা আসে যা পর পর বিশেষ করে হাওড়া, হার্গাল, বর্ধমানের নদীয়ার জেলার উন্নতি নির্ভার করে।

## [2-50-3 p.m.]

थ्य का नात्रक यीम ना कहा दश टाइटल आमार्टन एक निकारमह विस्मय अमृतिया इरवः এই ফরান্তা ব্যারেজ যদি অবিল্যান্তে করা না যায় তাহলে কলকাতা বন্দর মারা যাবে তা নয় বাংলা-দেশের অধিকাংশ কৃষক মরে যাবে। এ দিক দিয়ে আমি পশ্চিমবংগ সরকারকে বিশেষ অন্যুৱার্য **कार्नाहरू य किन्द्रीय मतका**द्वत উপत हाथ पिट्ट शास्त्र अविनास्त्र कृताका वार्द्वक रेटती र्य। আমরা দেখেছি যে কৃষকরা সারা দিন রাত খেটে ফসল ফলিয়ে উপযুক্ত মূলা পায় না। তারপর পাটের বাজারে এবার কৃষকরা মার থেয়ে গেল। পাটের উপযুক্ত মালা বে'ধে দেওয়া হয় নি। ল্টেট ট্রেডিং করপোরেশন যথন গ্রামে গেল তথন গ্র মের অধিকাংশের হাত থেকে পট চলে গেছে। বাংলাদেশের পাট একটা মুস্তবড় অর্থাকরী ফুসল। এই পাটের উপর নির্ভার করে তাদের ছেলে-প্রলেদের লেখাপড়া এবং জীবনযাত্রার প্রায় সব কিছ্ব। সেই ফসলের যদি উপযুক্ত মূলা না হয় তা হলে সেখানে যে কিরকম দূরবস্থা হবে সেটা অনুধাবন করতে বর্লাছ। এক মণ পাট উৎপদন করতে গড় পড়তা ৩৫ টাকা লাগে। সেই পাট এই বছর বিক্রি হয়েছে ২৬।২৭ টাকায়। অবশা এখন পাটেব্র দর বেড়েছে সরকারী নীতির জন্য। আমি জিজ্ঞাসা করি গত সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে যখন কৃষকদের হাতে পাট ছিল তখন এই জিনিষ করা হয় নি কেন? এখন মুনাফাখের ও শিক্সপতিদের মানাফা বশ্বির জনা কেন এই বাবস্থা করা হোল। আমি অনারোধ জানারো যে এই বছর যা হয়ে গ্রেছ প্রেছ আগামী বংসরে কুষকরা ষাতে উপযুক্ত মূল্য পায় তার বাবস্থা করতে হবে। তার সংখ্যা সংখ্যা আমি নিবেদন করে

ানাছিছ যে এই পাটের নিন্দ ম্লোর কথা এই হাউসে বার বার দাবী জানিরেছি। কৃষকরা ভাদের ফসলের যদি উপযুক্ত মূল্য না পায় তাহলে উৎপাদন বৃদ্ধিতে তাদের উৎস হ আসতে পারে না। আমি আরও নিবেদন করবো যে আমাদের এক মণ পাটের সর্বনিন্দ দর যাতে ৪০ টাকা হয় সে বিষয়ে একট্ চিন্তা করুন—এটা কার্যকরী করতেই হবে। আমি আর একটি কথা বলবো—শেষ কথা যে বাংলাদেশের বিভিন্ন অণ্ডলে সরকার কৃষি উর্মাতর জনা চেষ্টা করছেন। কিন্তু মূখান্দী গ্রামে গ্রামে গিয়ে কৃষির উর্মাত করতে পারেন না। তাদের নির্ভার করতে হবে কৃষি বিভাগের কর্মচারীদের উপর। আমি কিন্তু দেখেছি যে এই জরুরী অবস্থার সময় তদের আরও প্রগতিশীল হওয়া উচিত ছিল—কিন্তু তা হয় নি। এগ্রিকালচারাল একসটেনশ্ব অফিসার যারা রকে আছেন তারা যদি গ্রামের সাধারণ মানুষের সঙ্গের কৃষির উর্মাত করবার চেষ্টা করেন ভাহলে নিশ্চয়ই আশাপ্রদ ফল হবে। আশা করি আপনি সেদিকে দুষ্টি দেবেন। জয় হিন্দ।

#### Shri Anadi Das:

মাননীয় ডেপ্র্টি স্পীকার মহাশয়, কৃষি সম্পর্কে এই মাত্র কংগ্রেস বেণ্ট থেকে একজন সভ্যের কছে থেকে যা শ্রনল ম তাতে আমার মনে হচ্ছে যে সতাই চাষীদের দরদী হিসাবে কথা বলেছেন তাতে আমি এই কথাগ্রিল বলতে পেরেছেন। কংগ্রেসী সদস্য হয়েও তিনি যেসব কথা বলেছেন তাতে আমি জানি না তার উপর কোন ডিসিম্লিনারী একসন নেওয়া হবে কিনা।

या रहाक रा रा कथाग्रीन वना हासाइ हेना होना क निर्देशना अन्वतन्य रा कथा छान्ना হরা হয়েছে ব্যক্তেটে, যে অতান্ত গরে, ছপুর্ণ এবং অতান্ত প্রয়োজনীয় কথা সে বিষয়ে কোন সন্দেহ নাই: প্রকৃতির অকরুণা জাম আমাদের সামাবন্ধ, প্রয়োজন বাডছে এবং সেই প্রয়োজ**ন** মেট তে গেলে সেই সীমাবন্ধ জমিতে বেশী ফলন ছাড়া আর কোন রাস্তা নাই। সেই বেশী ফলনের জন্য নানা জিনিয় করা দরকার। তার মধ্যে একটি জিনিষ বিশেষ প্রয়োজন যেটা হচ্ছে এগ্রিকালচারাল ইমপিলমেন্টস ব্যবহার করা, উন্নত ধরনের স্বরুপতি ব্যবহার করা। এবং সেদিকে লক্ষ্য গভন মেন্টের আছে। থাকা অন্যায় নয়। কিন্তু সেই লক্ষ্য দিতে গিয়ে অব একটি দিকে যে সর্বনাশ তৈরী হচ্ছে, সে দিকটা যদি লক্ষা না রাথা যায় তাহলে এই বাজেট অসম্পূর্ণ থাকরে এবং সব স্ববিরোধী দে যে দুটে হয়ে পড়বে। যেটা হচ্ছে যন্ত্রপতি বাবহার করাটায়, এবং বল'ছ তাই। কিন্ত ফলু বাবহার করবার জনা স'লা সংলা তার যে পরিণতি অলপ লোকে বেশী কাজ হয়ে যাওয়া, সেখনে কৃষি শিলপ হয়ে দুট্টায় এবং অলপ লেকে বেশী কাজ হয়ে যাওয়া। তার ফলে গ্রামাণ্ডলে যে অসংখ্য বেকার আছে, সহরাণ্ডলে যে অসংখ্য বেকার আছে. সেই ফোজ অ'রও বাড়বে এবং বেকার সমস্যার সমাধান দূরের কথা—সেই সম্পর্কে কৃষি <sup>•</sup>থেকে বেকারের ক্ষেত্র তৈরী হচ্ছে। সেই সম্পর্কে এই বাজেটে কোন উল্লেখ নাই। তা না থাকা**র** ফলে ইনটেনসিভ কালটিভেশন এর কথা মাম্লী কথা ছাড়াও আন্তরিকতাহীন বলে প্রতিভ ত হয়। আমার পূর্বে প্রভাকরবাব, যে কথা বললেন, সেখানে আন্তরিকতা নাই। বড় ব বুদের খুশী করবার জন্য কাজ কারবার ক্রেন তাঁরা। তাদের কোন উৎসাহ নাই কেন উৎসাহ নাই? নিজেদের পরিকল্পনার মধ্যে বাজেটের মধ্যে যদি স্ববিরোধীতা থাকে, তাতে যদি সমস্যার সম্পূর্ণ চিত্র না পাই, তহলে কেবল ফসল বাড়াও, ফসল বাড়াও বললে মান্যকে উৎসাহিত করা যাবে না। যথন চাষ্ট্রিক লাছে বলা হয় তোমরা ফসল বাডাও. এ যেন তারা ইচ্ছা করে ফসল বাডাছে না। এতে মনে হয় মাসীর দরদের কথা। চাষী ফসল বাড়াতে চায় না-এ কখনো হতে পারে না। আসল জারগায় যেটা, সেথানে যদি যাওয়া সম্ভব না হয়, তাহলে কিছু, হবে না। তাদের হাতে বীজ্ঞ নাই. পয়সা নই। তাদের যে সোর্স অব ইনস্পিরেশন সেটা তারা পায় না, সেখানে সরকারের পরস্পর বিরোধী নীতি। এই নীতির কথা এবং এই নীতির কারণ অংমরা ব্রুতে পারি। যখন এই নীতি ধনতন্ত্রের পোষক, এই নীতির ধারা যদি সমাজতান্তিক হতো, তাহ**লে** এই নীতি এইভবে জনসাধারণের সামনে রাখা হতো না। আমি এই কংগ বলে এই প্রস্পর বিরোধী যে বাজেট তার কয়েকটা কথা উল্লেখ কর্বাছ। কি কারণে? জগ্গীপাড়া থানাতে ধানের দর ১৮ টাকা হয়ে গিয়েছিল, সম্প্রতি ১৭ টাকা হয়েছে। আগে শূনে মনে হবে ভলই হয়েছে, ধনের দর কমেছে। সেখানে দেখছি কি? কেন কমেছে?

[3-3-20 p.m.]

সরকার যেভাবে এই বাকী খাজনা এবং ঋণ আদায় করতে যাচ্ছেন, ক্রোক করতে যাচ্ছেন, গরু ৰুপদ ক্লোক করবার চেণ্টা করছেন, তখন চাষী বাধ্য হয়ে কি করছে? না. পয়সা দেবার সামর্থা নাই—তারা বছরের খাবার যেট্রকু রেথেছিল, তা বাজারে ছাড়ছে। তথন ব্যবসাদার মহল সেই मृत्यात्म वलाह ১৭।১৭॥ **ठोका न**त्र माछ. जाराल किनाता এवः मारे ठावी व धा रास मारे नात বিক্রী করছে। আর কর্মাদন পরে এই কর্মটি ধান বেরিয়ে গেলে সেই ধানই ২০ টাকা মণ হবে। এই যে এবা বলছেন উৎপাদন বাডাও, এই উৎপাদন ব ডাবার যে যে পন্থা গ্রহণ করা আবশাক। का ना करत थान्नना ७ अन जानारात वावच्या २८क. ठायीत नर्यनाम २८स याटक। मृथामन्त्री বলেছেন গ্রামাণ্ডলে বেশী স ইকেল বিক্রী হচ্ছে, চিনি বেশী খাছে। বিক্রী হবে তো। তাই বলে উৎপাদন কিছু বাড়ে নি. দেশ গঠন কিছু হয় নি. এই কথা বাস্তব সতা কথা। কোন মূর্খ বলবে না যে উৎপাদন বাডছে। তামাঞ্চলে এক শ্রেণীকে ধনী তৈরী করবার জনা তেমনি ভাগ-চষী ও ছোট চাষীকে উচ্ছেদ করবার চেন্টা হচ্ছে। জমিগলো এক জায়গায় জড করা হলে লাভ বেশী হয় দেখা গেছে। সেচ ইত্যাদি পরিকল্পনার জন। ডেভেলপমেন্ট ইত্যাদি হবার ফলে **म्यात किছ,** कालिएटेन इंतर्डिन्डेड इस्ड बर किছ, लाकरक दिकात मुख्यि करत ताथा হয়েছে। কিছু লোককে জাম থেকে উৎখাত করে কিছু লোক ধনী হয়ে যাচছে। সেখাৰে তারা **मारे**कन हालाएक। यान टा এकवात भर्तीय लाटकत काटक जाता करांगे **मारे**कन हालाटक। কাঞেই আপনাদের এই নীতির ফলে কুষির উর্লাত কথনো হতে পারে না। আপনাদের কুষি নীতি কখনো দেশের মধ্যল সাধন করতে পারে না। এই কথা বলে আমি আমার বছরা শেষ কর্বছি।

| At this stage the House was adjourned for 15 minutes.]
| After adjournment|

[3-20] 3-30 p.m. [

## Shri Radhanath Chattoraj:

মাননীয় স্পাঁকার মহাশয়, এ বংসর কৃষি ব্যবস্থার যে একটা মোলিক পরিবর্তন আসবে সেটা আলরা সকলে আশা করেছিলাম। কিন্তু মাননীয় সেচ ও কৃষি মন্ত্রী মহাশরের ভাষণে তার কোন লক্ষণ দেখতে পেলাম না।

আজকে দেশের এই জরারী খদা পার্রাম্থাততে এবং যুদ্ধ পরিম্থিতিতে দেশের প্রথম ফুন্ট হিসাবে আক্রকে আমাদের খাদা উৎপাদন বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। কিন্ত সেদিকে আমরা কিছুই দেখতে পেলাম না, যেমন গতানুগতিকভাবে কৃষি বাক্থা চলে অসছে, ঠিক সেইভাবেই আমাদের সরকার কৃষি বাবস্থা চালাচ্ছেন। আমার মনে হয় কৃষি বাবস্থার মূল পরিবর্তন করতে হলে কো-অপারেটিভ এর মাধামে চ ষের কাজ করা একান্ত প্রয়োজন। মাটি পরীক্ষা করে যে মাটিতে যে ফসল হবে সেই মাটিতে সেই ফসল লাগাতে হবে। আমি অনেক দিন থেকে শ.নে আসছি যে কো-অপারেটিভ প্রথায় সমবায় প্রথায় চাষ হবে। কিল্ত এ সন্বন্ধে পরিকার কোন উল্লেখ পেলাম না। আমি সেজনো সরকারকে অনুরোধ করছি যে যেখানে সেচ পরিকম্পনা কার্যকরী হয়েছে যে এলাকাতে বৈজ্ঞানিক প্রথায় সেচ ব্যবস্থা হয়েছে সেখানে পরীক্ষাম্লকভাবে সমবায় প্রথায় চাষের বাবস্থা কর্ন-অন্ততঃপক্ষে বীরভূম জেলায় যেন করেন এই অনুরেখ জার্নাচ্ছ। মাননীয় স্পীকার মহোদয়, আপনি অবগত আছেন, বীরভমে <mark>যে</mark> সুগার মিল তৈরী হয়েছে সেই সুগার মিলএ যে ইক্ষ্ণ সরবরাহ করা হয় সেটা বিহার প্রদেশ থেকে আসে। কিল্ড এই এলাকায় প্রচর ইক্ষ্ম উৎপাদন সম্ভব, অথচ সে বিষয়ে সরকারের কোন তংপরত। লক্ষা করা যায় না। ওদিকে অভায় নদীর ধরে ময়রোক্ষীর ধারে প্রচুর ইক্ষ্ট উৎপাদন হর- এ বছরও হয়েছিল কিন্তু সেসব এলাকা থেকে মিলে ওগ**্নিল পে**শিছাবার কোন বাবস্থা নেই। অন্ততঃ সেই এলাকার রাস্তাঘাটগুলি যদি ভালভাবে উন্নত হয় তাহলে ক্লয়কেরা ওই আখ আহমেদপরে স্থার মিলএ দিতে পারে এবং তারা এক সংখ্য কিছুটা অর্থকরী ফসল বিক্রী করতে পারে অথচ সেদিকে সরকারের কোন দৃষ্টি নেই। কৃষকদের সরবরাহের জন্য প্রত্যেক

লুকু এলাকুর একটা করে সার কেন্দু করা দরকার, কারণ সার সময়মত পাওয়া যায় না বহু দুর থেকে আনতে হয়। আবার সারের চোরাকারবার হয়। প্রতিটি থানা কেন্দে এরকম যদি ভিপো থাকে তাহলে কৃষকদের সূর্বিধা হয়। সেজন্যে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জ নাই যাতে প্রতোকটি জ্বক এরিয়াতে থানা কেন্দ্রে একটা সার ডিপো হয়। তা ছাড়া, সরকার যে সার দেন সেটা খুব উন্নত ধরনের নর। সেখনে স্থানীয় কৃষি কর্মচারীগণ লোকাল পারচেজ করেন, করে কাগজের প্যাকেট করেন। আসলে কি জিনিষ গেল তা দেখা হয় না। বীরভূম জেলার কাানেল এলাকা সত্তেও আজ পর্যশ্ত দুই ফসলী জমি বেশী হয় নি রবিশসোর ক্ষেত্রে ক্যানেল সেচে খুব কম ভল দেওয়া হয়। ওই এলাকার যে সমুহত বর্ষার জল এবং ক্যানেলএর অতিরিক্ত জল যা বরে চলে যয় সেই জল যদি ছোট ছোট দল,ইদ গেট করে রাখা যায় তাহলে অধিকাংশ জমি দুই ফসলী করা যায়, এ বিষয়ে সন্দেহ নেই। সব্ভ সার বিতরণ করা হয়। সব্ভ সার বিলি করা হয় না তার বীজ পাাকেটে করে বিক্রী করা হয়। ধণ্ডে সার কিছু কিছু জমিতে বোনা হয়। এই ধুণ্ডে বুনাতে গোলে জৈন্ঠা মাসে বুনতে হয়, কিন্তু তার মূল কথা জল। সেজনা কাানেল থেকে জল নিয়ে ভরতি করে রখা প্রয়োজন। স্যার, বীরভূমের পশ্চিম প্রান্তে খবে বড় বড় ডোল্গা পড়ে আছে। পশ্চিমবংগ সরকার সেখানে একটা পিপল ফার্ম করেছেন এবং আরও যে প্রচর জায়গা পড়ে আছে সেখানে যদি জল সরবরাহ করা হয় তাহলে যেমন স্টেট ফার্মিং রাজস্থানে হয়েছে সেখানে তা করা সম্ভব। সেখানে সেই প্রান মান্ধাতা অমল থেকে যা চাষ হঙ্কে আস্তান্ত তাই এখনও হচ্ছে। বৈজ্ঞানিক ভিত্তিতে কোথায় কখন কি ফসল চাষ করতে হবে সেটা দ্বিট্ভগ্গী কৃষকদের মধ্যে দেওয়ার জনা অফিসার অছেন, কিন্তু তার। সেই জ্ঞান তাদের দেবে না। কোন ফসল কোন জামতে ভাল হবে সেজনো সয়েল সম্পর্কে অভিজ্ঞতা দরকার। সেজ**নো** দেউট লেভেলএ যাতে সয়েল টেসটএর একটা বাবস্থা হয় সেদিকে সরকারকে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি। আমাদের এল কায় নানারকম বোরো ধানের চাষ হয় তার জনা জল দরকার কানেল থেকে সেই জল দেওয়া সম্ভব : কিন্তু যথাসময়ে জল পাওয়া যায় না। জল যথন পাওয়া যায় তথন ধান শেষ হয়ে যায়। অ মরা দেখেছি আমাদের কৃষি বিভাগের সঞ্জে সেচ বিভা**গের** কোন সমন্বয় নেই। কৃষি বিভাগ বলছে সার নাও, ধান নাও, অথচ সেখানে সেচ বিভাগ জল দিতে পারে না। সেজনা বলতে চাই যে এই দুটি বিভাগের সমন্বয় যাতে হয় তার জনো কৃষি মন্ত্রী যেন চেণ্ট করেন। থানা স্টেট ফার্ম এর কথা বলা হয়েছে। এটা আমাদের এলাকায় আছে, কিল্ডু একজন সাধারণ চাযীও জানে, সেখানে ফার্মিং হচ্ছে সেখানে সেটা হওয়া সম্ভব নয়। আরও ভাল জায়গা আছে, কিন্তু সেসব জায়গায় হয় না. অহেতুক সরকর টাকা নণ্ট করছেন। এই বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

### Shri Abhoy Pada Saha:

মাননীয় দ্পীকার মহাশয়, এই রাজ্যে কৃষি বায় পরিকল্পনার জন্য যে অর্থ মজ্বী চাওয়া হয়েছে সেই ব্যাপারে আমার একটা লিখিত প্রদত্তাব আছে। সেই প্রদত্তাবটা হচ্ছে এই "রাজ্যে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি করিতে সরকারী কার্য পদ্ধতির চরম বার্থতা। খাদ্যশস্য বৃদ্ধির নামে সরকারী অর্থের অষথা অপবায়। সার সরবর হের নামে কৃষিজীবাদের শোষণ বাবন্ধা কারেম। উৎকৃষ্ট বীজ সরবরাহের বার্থতার ফলে কৃষকদের সরকারী বীজের উপর অনাধ্যা। বীজ উৎপাদনে সরকারী খামারের ফসল চুরি। বি ভি ও অফিসের কর্মচারীদের শৃধ্ কাগজে কলমে কাজ ছাড়া কৃষি বিষয়ে কাজ করিতে না দেখিতে পাওয়া। কৃপ কিন্দিনে জুয়াচুরি করিয়া ফার্ম্ট অ্যান্ড সেকেন্ড প্রাইজ পাওয়াইয়া দেওয়া, সেই প্রাইজের চীকায় সরকারী কর্মচারী ও দালালদের আনন্দ করা"। আমি যে কথাগালি বলেছি তার প্রত্যেকটি বিষয়ে দৃষ্টান্ত দিতে প রি, কিন্তু আমার সময় খুব কম।

## [3-30-3-40 p.m.]

কিন্তু মুখামন্ত্রী বলেছেন স্বাধীনতার আগে যে খাদ্যোৎপাদন হত সেই খাদ্যোৎপাদনই আমরা বন্ধার রেখেছি, কিন্তু ধানের জমি কমে গিয়েছে বলে আমরা খাদ্যোৎপাদন বাড়াতে পারি নি। তবে অন্যান্য ফসল বৃদ্ধি করা হয়েছে। আমি বলব একথা ঠিক নয়। কারণ, অনেক পতিত জমি উন্ধার করা হয়েছে, যেখানে ভাগ্যা জায়গা ছিল, যেখানে বাধ করে সেচের ব্যবস্থা করে

খাদাশস্য উৎপাদনের জন্য অনেক জমি উন্ধার করা হয়েছে। তৎসত্তেও আমাদের খাদ্য উৎপাদন ব্যাপি হয় নি এই বার্থতা ঢ কবার ঢেণ্টা তারা করছেন। তারপর, স্যার, বীজ উৎপাদনের क्रमा आश्रमाता य वावस्था करतिष्टम श्राटाक ब्लाक ब्लाक स्त्रहे वीक छेरशामन कित्र १ राह्मा जान উদাহরণ এবং আমি আপনার কাছে রাখব। আমি একটা কেন্দ্রে গিয়ে দেখি আউশ ধানের স্লটে আমন ধান ভরে উঠেছে এ সম্পর্কে আমাকে একজন কর্মচারী বল্লেন, ভুল হয়ে গিয়েছে, কিরকম করে মিশে গিয়েছিল, তই আউশ আমন দুইই হয়ে গিয়েছে। চাষীরা যদি সরকারী বী**জ छेल्लामरा**नत **এ** व्यवस्था *पार्थ डाइरल डार्फ्न* कि करत छेल्लाह छेम्मीलना वा**छर नतकाती वीख** নিয়ে। এসব দেখে শংনে মনে হয় জনসাধারণের টাকা এযথা বায় হচ্ছে, অর্থ বায় করেও চাষীদের মধ্যে কোন আগ্রহ জাগাতে পারা এচ্ছে ন। তারপর সার বিতরণের যা পর্ণ্ধতি তাতে বরং চাষীদের শোষণই করা হচ্ছে, কে:ন দিক দিয়ে যে চাষীরা সূবিধা পাবে তার উপায় নাই। মানাফালোভী বাবসায়ীদের হাত দিয়েই সার যায়, এবং তারা নানাভাবে চাষীদের কাছ থেকে দ্ধ পয়সা উপার্জন করার বাবস্থা করে নেয়। স্কুতরাং আজকে সার দেওয়ার নাম করে চাষীদের **শোষণই** করা হচ্ছে বলা যেতে পারে। তারপর হচ্ছে, প্রাইজ দেওয়ার কম্পিটিশন, কার ধ*ন বেশি* **হল**, এস আমরা প্রাইজ দেব। এজন্য এমন একটা বাবস্থা করা হয়েছে যে, প্রাইজএর জন্য ফর্ম **কিন**তে হয় এক ঢাকা কবে, তাছাডা দাল'ল তো আছে, দালালদের অফিসে গিয়ে একটা ব্য**বস্থা** করে ফেলে। স<sub>ে</sub>তরাং আমাদের কৃষি বাবস্থা যদি এভাবেই চলে তাহলে এই হাউসের সবাই বলবেন এটা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

#### Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আৰু কৃষি সম্বাদ্ধে সমালোচনা অনেক শ্লুনলাম। সরকারী কৃষি নীতির বার্থ চা সম্পাকে বিবেশণী দলেব সদসাদেব অনেকে সমালোচনা করেছেন। এই বার্থতার মূল খারণ কি তা ভালভাবেই পর্যালোচনা করা দরকার। এই বাজেটে দেখতে পাছিছ মূলনীতির কিছুই পরিবর্তন হয় নি, একট্র রক্মারী হয়েছে এই পর্যন্ত।

কুষের ব্যাপাবে যে সমূহত পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে সেগুলি বার্থতার জনা **যেসমুহত** সরকাশী কম্চারী দয়ী তাদের সম্বন্ধে পানিসমেন্টএর বাবস্থা বা কেউ যদি কোন কর্তব্য কমে' এবহেলা করেন তাদের বিরূদেধ কোন বাবস্থা গ্রহণ করা হয় কিনা এবং যদি হয়ে **থাকে** তাহলে পূর্বে এই বিভাগের কত কর্মচারীর উপর কি বাবস্থা গ্রহণ করা হয়েছে সেটা **যদি** কৃষি মন্ত্রসিহাশয় জানান তাংলে অনেক সদস্য আশ্বস্ত হবেন। চামের ব্যাপারে দেখা যায় যে ভূমি জমা, সম্পত্তি পুকর, বাগান ইত্যাদি রয়েছে অথচ অসংখ্য বেকার চাষী গ্রামে গ্রামে বসে রয়েছে। ফলন বাড়াবার যথেন্টে স.যোগ আছে, কিল্ড যে সামগ্রিক বাবস্থা **থাকলে চাযের** উৎপাদন বাডান যায় সে বাবস্থার প্রচুর অভাব রয়েছে। যে সমস্ত বাবস্থার কথা বলা হ**য়েছে** সেগ, লি অধিকাংশ হচ্ছে কাগতে ফলন বাড়ানো। কিছু যে হয়ে যাছে সেটার জন্য বিভাগের কুতির আছে তা নয় এটা স্বাভাবিকভাবে বেডে যাচ্ছে-এযুগের হাওয়ায় কিছু বাড়বে এবং সেজনা ক'ষ বিভাগ খবে বেশী কৃতিছের দাবী করতে পারে না। সমস্ত কিছু থাকা সত্তেও চাষেব যে উৎপাদন বাডছে না তার মালগত কারণগ**়িল ভালভাবে বিবেচনা করে দেখা উচিৎ।** কুষির যে প্টাটেসটিকস সেগ্রিল অধিকাংশ ভেগ অংকর উপর। একটা ব্লকের কথা বলছি— তথন আমি এখনকার সভা হই নি -সেই ব্রকের কর্মচারীদের মধ্যে আলোচনা হচ্ছে ---সেখানে বিভিত্ত আছেন এলর কত একর জায়গায় জাপানী প্রথায় চাষ হল এবং কি রিপোর্ট পাঠান যাবে : তাতে মাটামাটি ঠিক হল গত বছর কি হয়েছিল দেখে তার উপর শতকরা ১০ ভাগ বাড়িয়ে দিয়ে দিন--তাতে দেখা গেল যে ৭ হাজার একর মত জায়গায় একটা খানার অধেক তার। ঠিক করলেন জাপানী প্রথায় চাষ হয়েছে। কিন্ত আমি জানি যে সেখানে ৭ হাজার একর তো দরের কথা বোধ হাঁয় ৭ একর জায়গায় জাপানী প্রথায় চাষ হয় নি। পর্ব পর্ব রিপোর্ট দেখে তার উপর কিছা পারসেন্টেজ করে উন্নতি দেখিয়ে রিপোর্ট দেওয়া হয়। তারপর প্রভাক ডিপার্টাফেন্টএর সংগ্র প্রতোক ডিপার্টাফেন্টএর অসামঞ্জসা। কো-অপারেটিভ সেচ বিভাগ, লাল্ড আল্ড লাল্ড রেভিনিউ ইত্যাদি কৃষি ব্যাপারে একটা জগাখিচডি আরুত করলেন। এ বিষয়ে আমাদের থানায় বেশ হয়েছে। ইরিগেশন আদেড ওয়াটারওয়েজ বিভাগ তারা জল সরবরাহ করে দায়িত্ব খালাস করে দিয়েছেন এবং তাতে প্রায় ১০ হাজার একর জায়গা পচাবার বাবস্থা করে দিয়েছে। কৃষি বিভাগ থেকে শ্নলাম এক লক্ষ টাকা খরচ করে জল নিকাশের একটা পরিকল্পনা নিয়ে এই জমিগ্নলির বাবস্থা করতে পারেন। সেখানে কৃষি বিভাগের কর্মচারী আছে। কিন্তু এই বাাপারে ১০ হাজ র একর জায়গায় সামানা একট্ বাবস্থা করকে পারেন চাষের উপকার হয়। সেটা যে কেন করা হয় না এবং তার জনা কোন দায়িত্ব স্থানীর কৃষি কর্মচারীদের আছে কিনা সেটা বে ঝা যায় না। ১০ হাজার একর জায়গা একটা থানার মধ্যে একটা বড় অংশ—এই ব্যাপার নিয়ে এই হাউসে অনেক কথাবার্তা গতবার বলা হয়েছে, কিন্তু এ সম্বন্ধে একটা এনকোয়ারী পর্যন্ত হয় নি। এখানে আলোচনার পর তার যদি একট্ স্বন্ধ তবলৈতের ববস্থা না হয় তাহলে আর কোথ্য় আশা করতে পারি চাষের জনা স্কুট্ কাছ হবে এবং বিভাগের তংপরতার লক্ষণ কিভাবে বোঝা যাবে ব

## [3-40-3-50 p.m.]

চাষের উন্নতি করতে গেলে মোটামাটি কয়েকটা জিনিষের উপর নির্ভার করে শুধা মাত্র ফসল ফলানোর আন্দেলন বা প্রোপাগান্ড র উপর স্বকিছ, নির্ভার করে না, সারের বাবস্থা বীজ সরবরাহ বৈজ্ঞানিক যন্ত্রপাতির যুগের কথা ধরলে তাহলে নির্মাম বাস্তবের মধ্যে দেখতে পাচিছ যে সংস্থাক যি বিভাগ থেকে এতাবংকাল যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে, তার অধিকাংশই টাকা দিয়ে কিনে, সরকারী কর্মচারীদের ক'ছ থেকে নিয়ে সেগালি অধিকাংশ অকেজ্যে হয়ে বাডিতে পড়ে আছে। সে সবের সতাকারের বাষ্ত্রিক প্রয়োগ হয় নি, হয়ত এটা শুনলে স্তম্ভিত হয়ে যাবেন, বহু, মূল্য দিয়ে আমাদের বর্ধমানে বীজ ফার্মে যলপাতি কেনা হয়েছে এবং তার र्वाधकाश्यरे वावदात द्रग्न ना वार्काका दारा भएए बाएक छः थाएक। এवः সाध तुन नाकान भारान ধান পিটান থেকে শুরু করে ৪০০ বংসর আগেকার যে পর্ন্ধতি ছিলু সেই ৪০০ বছর আগেকার চাষের পর্ণ্ধতিতেই চলছে কয়েকটা শে। করবার চেণ্টা হচ্ছে, যন্ত্রপাতি নণ্ট হচ্ছে, জং ধরছে। ২।১টা ট্রাক্টার চলে, তা ছাডা অধিকাংশ যন্ত্রই পড়ে আছে জং ধরছে এবং কার্কের লাঙল এবং ধান পিটাই বাবস্থা করা ছাড় নাতন বিভ হয় নি: আলার বাসত্ব আভিজ্ঞতা থেকে বলছি। আমি এই বর্গমান ফার্মের কথা আলোচনা কর্বাছ এবং অন্যান ফার্মের দেখেছি যে ফার্মের অধিকাংশ যন্ত্রপতি পড়ে আছে। চাষের জনা আমিও অনেক যন্ত্রপতি কিনেছিলম, কয়েক শত টাকার যক্তপাতি কিনে বড়ীতে পড়ে আছে, খবে সামানা অংশ জাপানী পর্ণাড মিটার ছাড়া অব বিশেষ কোন ফলপাতির কর্যকারীতা লাভ করতে পারা যায় নি, সরকার এখন কোন পথও দেখাতে পারেন নি। আজ অধিকাংশ চাষীর ঘারই এ অবস্থা, যক্তপাতির বাপারে কুনি বিভাগ একবারে বার্থাভার পরিচয় দিয়েছে সে সাবশ্বে সন্দেহ নেই সরক নী খামারে এর প অবস্থা দেখা যাবে। আর দিবতীয় প্রশন হচ্ছে সার, ফলনের মূল সূত্র হচ্ছে সার, ধান ইত্যাদি সমস্ভ ফলনে বেশি সাহাযা করে। সারেতে ধানের ফলন ৫ মণ থেকে ২৫ মণে নিয়ে যেতে পারে, কাজেই ফসলের অধ্কাংশ নির্ভার করে সারের উপর, তবে অন্যান্য জিনিষ অংছ ওবে সার হড়ে। সারের মূল। সার, সরবরাহের যে ব্যবস্থ তাতে কেমিকেল সার ব্যবহার করা হয়। বিশেষজ্ঞ দিয়ে একবার নতেন করে দেখান দরকার হয়েছে যে এই সারের কোন অগ ন আছে কি না, এসব কেমিকেল সার বেশি ব্বহারে জমিতে কে'চো জাতীয় প্রাণী এ সমস্তগর্নি মরে যাচ্ছে, যার জন্য জমির উৎপাদিকা শক্তি, মাটির ফলন শক্তি কমে আসছে। এগালি বৈজ্ঞানিক বিশেল্যন দিয়ে কি পরিমাণ বাবহার করা হচ্ছে সেটা দেখান উচিত। তার পর সব্বক্ত সারের কথা আলোচনা করবো। অন্যান্য যে সমস্ত সার আছে তার মধ্যে গোবর সে তো সব পুড়েই যায়। কেমিকেল সার ববহার করা তো সাধ্যের অতীত। অবস্থা সেই সাটল ককের মত হচ্ছে না। এসব হচ্ছে সবজে সারের ব্যাপারে অস্বিধা। বীজ সরবরাহের ব্যাপারে ঐ সব্বন্ধ সারের ব্যাপারেও যে অস্ববিধা হয় সেটা হচ্ছে <sup>সব</sup>্জ সারের যে বীজ তা সরবরাহ করা হয় এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে। ক্তুক্র্যালি প্যাকেট দিয়ে দেওয়া হয়, সে প্যাকেট নিয়ে যেখানে আল আছে সেখানে লাগিয়ে দিলেন এবং এই সমস্ত ভাহলে বীজ তৈরী হবে, কিন্তু বাস্তবিক পক্ষে দেখা গেছে এর পভাবে <sup>সক্ত</sup> সারের জন বীজ তৈয়ারী করা সে বীজ নিয়ে চাষী জমিতে গিয়ে বেশি ফলন করতে পারেবেন, শুধু তাই নয় সব্বন্ধ সারের জন্য বীজের জন্য কতকগুলে বাস্তব চিন্তা করা দরকার।

সরকারের খাস যে ল্যান্ড আছে রেলের সাইডিংএতে যে সমস্ত ল্যান্ড আছে সে সমস্ত জমি বখন বিসি করা হয় সে সমস্ততে ধণে বীজ লাগানোর ব্যবস্থা করা যায়। ২।১টায় করে দেখতে পারা বার. এটি সব্জ সারের ব্যাপারে লাভজনক বলে আমার মনে হয়, এটা আমাদের দেশের সার সরবর হের ক্ষেত্রে পরে বিশিষ্ট স্থান অধিকার করে থাকবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্টেট মিনিস্টার-কৃষিমন্ত্রী আজকে এই হাউসের সামনে কৃষিখাতে रं वाह वताम्म राम करतास्म जात प्रमार्थात आमि मा- এको कथा वलाउ हाई। अथात ১५हा থেকে অধিবেশন আরুত হয়েছে। তখন থেকে উপস্থিত থেকে আমাদের পক্ষের সদসাদের এবং বিরোধী পক্ষের বংধ্দের কাছ থেকে এই কৃষি খাতে বায় বরাদ্দ সম্পর্কে আলোচনা ও সমালোচনা ২টাই '্রেছি। অনেকেই এই আশ্রুকা প্রকাশ করেছেন যে পশ্চিমবাংলায় ষেটা কৃষি অণ্ডল তাকে কেন্দ্র করে সরকারী কৃষি অর্থানীতি গড়ে তুলেছে টেটা বার্থতায় পর্যবাসত হয়েছে। কিন্তু একথা ঠিক নয়। স্কুলরবন অণ্ডলে অর্থাৎ ২৪-পরগনায় ১৯৬১ সালের সেন্সাস অন্যায়ী লোকসংখা দাঁড়িয়েছে ১৫ লক্ষ। ১০টি বিধানসভার কেন্দ্র আছে। সে জারগার কৃষি ক্ষেত্রে আজকে সরকারী কৃষিনীতি বার্থতায় পর্যবাসত হলে সে জারগার লোক বাঁচবে না। একথা কেন বলছি পশ্চিমবাংলার এই মণ্ডলটিতে একটি ফসল হয়। বিরাট সেই **লবণ** ও অণ্ডলে লবণাপ্ত জলের জন। সেখনে একটি ফসল হয় এবং বছরে তা যদি মাটি হয়ে যার তাহলে কি হবে? দ্বিতীয় ফসল হবার সম্ভাবনা নেই। আজকে কৃষির যে আক্ষমতা সরকারী নীতির যতই দোষত টি থাকুক না কেন আম দের ঐ ৯৭৪লে গত ১৫ বছর ধরে যদি তাই হোত তাহলে দেশ অন্য রক্তম হোত। অন্মাদের ঐ অঞ্চলের অধিবাসীদের বাঁচানো এবং এই সরকারের যে কৃষি নাতি সেটাকে সংর্থক করতে হবে। তাই সেখানে সরকারকে এই কৃষি নাতি পরিচালনার বিষয়ে আমি কতকগলে কংক্রিট সাজেসন দেবো। যার কারণ আমরা দের্থোছ যে সরকারী কৃষি বিভাগ থেকে যখন ঐ অণ্যলে যে কেন জায়গা ভেঙ্গে গেলে চেণ্টা চলে বটে কিন্তু ২ বছর ফসল হয় ন:। পশ্চিমবংগর কৃষি বিভাগ থেকে যাতে সেই অঞ্চলে উচ্চ বাঁধ হয়—যাতে লবণান্ত জল প্রবেশ করতে না পারে তার বাবস্থা করা দরকার। যাতে রেসিস্ট করতে পারে এই রক্ম বীজ ধান সরবব হ করার বাবস্থা সরকার থেকে হচ্ছে। অ জকে কৃষি নীতি সমালোচনা করতে প্রথমে আমি দেখলাম কমিউনিস্ট পার্টির মাননীয় সদস্য সনংকুমার র হা বললেন যে পশ্চিমবংশের কৃষি নীতি মালিক ঘে'সা নীতি। একচেটিয়া প'্রিজপতিদের ঘে'সা নীতি। সংশ্যে সংশ্যে ম্বোয়ার্ড ব্লকের বেণ্ড থেকে দেখলাম ভক্তিভূমণ মন্ডল বললেন যে, কুষিখাতে যে টাকা বরা<del>দ</del> করা হয়েছে সেই টাকা উপযুক্ত নয়। এই টাকা আরও বেশি বাড়ানো দরকার। এই দ**্**টি পরস্পর উত্তি ভিতরে আমি কমিউনিস্ট পার্টির কথা কোন মতে ব্যুরতে পারি নি। এবং এটা বোঝা অসম্ভব এই কারণে যে, কৃষকদের হাতে জমি দেওয়া হচ্ছে তাদের প্রথম বিশ্লবের কথা। সেটা তাদের ধোক বাজী মাত। যতগুলি দেশের কমিউনিস্ট বিপলব ঘটেছে সেখানে প্রথম কথা ভিজ্ঞ ক্ষকদের হাতে জাম দিতে হবে। রাশিয়ায় আমরা দেখেছি যে সেখানে কৃষ্কদের হাত থেকে জমি কেন্টে নেওয়া হয়েছে এবং তাদের এগ্রিকালচারাল লেবারে পরিণত করা হয়েছে। র্ফাম থেকে তাদের উৎথাত করে লক্ষ লক্ষ কৃষককে এগ্রিক লচারাল লেবারে পরিণত করা হয়েছে। যাঁরা ইতিহ<sup>্</sup>সের পাতা উল্টান তাঁরা এটা দেখবেন—যারা মার্কস বিংলবের কথা বলেন নিশ্চয়ই তারা এটা অস্বীকার করবেন না।

# [3-50—4 p.m.]

ভারতবর্ষের কৃষক শ্রেণীর ভেতর ধনিক গোণ্টি স্বীকর করে নিয়েছিলাম। আমরা জানি ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর জমিদার শ্রেণীকে আমরা পশ্চিমবাংলা থেকে উৎখাত করেছি। তারপর আমরা জমির মালিক, জ্যেতদার—তাদের হ তে যাতে জমি বেশি থাকতে না পারে, তার জনা আমরা জমির সর্বোচ্চ সীমা বে'ধে দিয়েছিলাম, ২৫ একরের মত জমি কোন কৃষক পরিবারের হাতে থাক। সমীচীন নয়—এটা যদি আমরা ব্যাতে পারি বা দেখি তাহলো নিশ্চয়ই আমাদের কংগ্রেস পক্ষের সদস্যাণ ও কংগ্রেস সরকার কমান প্রয়োজন মনে করেন, নিশ্চয়ই তারা কমাবেন। ভারতবর্ষের কৃষি অর্থানীতি ভারতের সংবিধান অন্সারে তৈরী হয়েছে।

সেখানে স্বীকার করা হয়েছে যে ব্যক্তিগত মালিকানা যেন শোষণের পর্যায়ে না বায়। এইভাবে ভারতবর্ষের কৃষি অর্থনীতি গঠিত হবে যাতে কৃষি অর্থনীতি আবার ব্যক্তিগত মালিকানা ধরংস না করে। ওধারে কমিউনিস্ট পার্টির বেণ্ডে যাঁরা বসে আছেন, তাঁরা এই নীতি সমর্থন করবেন না। চীনে দেখা গেছে বিপ্লবের পূর্বে তাদের স্লোগান হয়েছিল চাষীর হাতে জমি দেব। কিল্ড বিশ্ববের পরে সেখানে কি দেখছি? চাষীর হাতে জমি দেওয়া হয় নি: তাদের জমি থেকে উৎখাত করা হয়েছে এবং উৎখাত করে কৃষকদের কমনে ভার্ত করা হয়েছে। তারা যে কথা ঘোষণা করেছিল, অঞ্চশাস্ত্রের যে কথা বলেছিল, তা ভল। আজ পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখা যাৰে আম্বা ব্যক্তিগত মালিকানা ও উদ্যোগের সীমার মধ্যে ভারতবর্ষের সংবিধান অন্যায়ী ভারতবর্ষের মাটিতে চাষীদের ক্ষেত্রে, কুষকদের ক্ষেত্রে কৃষি অর্থনীতি গ্রহণ করতে চাই। কৃষি উৎপাদন বাদ্যবার জন্য যে যে জিনিষগালি প্রয়োজন তা আমাদের সরকার সরবরাহ করছেন কি না! এর আগে আমাদের মাননীয় শৃশ্ভচরণ ঘোষ মহাশয় বলে গেলেন যে প্রোনো আমলের মান্ধাতার য়ংগের লাণ্যল এখনো আমাদের দেশে চলছে। অবশ্য আবার কেউ কেউ বলেছেন কৃষকদের ম্ভার ইম্পালমেন্ট্স দেওয়া হোক, এটা পরস্পর বিরোধী নীতি। সেখানে ম্ভার্ন ইম্পিমেন্ট্স দেওয়া হোক, ফার্রটিলাইজার দেওয়া হোক। তারপর সেই জমিগ লো বৃহৎ সেচ বাবস্থার আওত র মধ্যে আনা হোক। অবশা ডি ভি সি, ময়্রাক্ষী ও তিলাইয়া সেচ পরিকল্পনার মধে। লক্ষ লক্ষ একর জুগি আনা সম্ভব হয়েছে, এদের ম্বারা সেটা সম্পাদিত হয়েছে। এ ছাড়া ছোট ছোট সেচ পরিকম্পনাও করা হয়েছে নদী থেকে পাম্প দিয়ে জল ভোলার ব্যবস্থা করা হয়েছে। किन्छु স্কুরবন এলাকায় কোন ইরিগেসনএর বালাই নাই, সেখানে কোন সেচ ব্যবস্থা হবে না। আমি এই কথা নিবেদন কর্রাছ যে ঐ এলাকায় জামদ রী প্রথা উঠে যাবার পূর্বে যেগুলি জল-নিম্কাশনী ব্যবস্থা ছিল, সেগালি ভূমিদাররা বেনামী করে বিক্রী করে দিয়েছেন। তারপর ভূমি বাজ্ব আইন পাস হবার পরে সেটা ভূমি রাজ্ব্ব দণ্ডর থেকে ডি এল আর-এর বিভাগে গিরে वजाला। स्मर्थात कल निकारणत कना थानीवन रेखारिन या हिन. स्म प्रवर्शन विनि कता रास्ट्राह চাষীদের কাছে। এখন জল-নিম্কাশনের এক বিরাট সমস্যা দেখা দিয়েছে। সেদিন অজয়বাব, একটি কলিং আটেনসন নোটিসের উত্তর দিয়েছেন। সেই সব জায়গার থাল-বিল যদি জরীপ না হতো, বিলি না হতো, তাহলে ছোট ছোট পরিকল্পনা যেটা এগ্রিকালচার ডিপার্টমেন্টএর দশ হাজার থেকে এক লক্ষ টাকার পরিকল্পনা আছে, সেই পরিকল্পনা অনুযায়ী ছোট ছোট খাল কর। ষেত এবং ব<sup>ি</sup>ঘট হলে সেই জল ধরে রেখে চাষের বাবস্থ: করা যেত।

#### Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহোদয়, আজকের এই বাজেট আলোচনায় অংশ গ্রহণ করে, আমার করেকটি বন্ধবা আপনার মাধ্যমে কৃষিমন্দ্রী মহাশয়ের কাছে রাখতে চাই।

ভারতবর্ষের দলিত নিম্পেষিত বৃভুক্ষ জনগণের আর্থিক দৃগতি থেকে মৃদ্ধি লাভের প্রশ্ব ক্রীবনের আম্ল পরিবর্তন সাধন। সেই আম্ল পরিবর্তনের রুপ হবে আক-ঠ কৃষিক্ষণ থেকে কৃষক সমাজের মৃদ্ধি ও সরকারী ঋণের অকু-ঠ সহযোগিতা। সেই আম্ল পরিবর্তনের রুপ হবে আকা নির্ভাৱ সেচ থেকে বিরাট এই কৃষিজাবনকে মৃদ্ধ করে সারা বংসর সমগ্র দেশের কৃষির জন্য বিনাম্ল্যে সেচের ব্যাপক বাবস্থা। পরিবর্তনের রুপ হবে সমগ্র দেশের সমগ্র কৃষি বাবস্থাকে সহজ, স্লভ অথচ সম্পূর্ণ কার্যকরী বৈজ্ঞানিক বাবস্থা ধারার মধ্যে নিয়ল্ল। পরিবর্তনের রুপ পরিগ্রহ করবে দেশের দরিদ্রতম কৃষকের পানুজি দান্তকে অর্গান্তর সম্পার্যর প্রচেন্টার রুপায়্রবার মধ্যে। কৃষি জীবনের দ্রুত অগ্রগাতর জন্য শাসন শক্তির তংপর বাবস্থার মাধ্যমে উল্লত বাজ, উল্লত উপকরণ এবং শিক্ষার উল্লত আয়োজনের সামগ্রী সরবরাহের নিন্টাপ্তঃ উপযুক্ত বাবস্থাই আজ সেই পরিবর্তন। এবং কৃষির অত্যন্ত প্রয়োজনীয় অব্যার সোর, সেই সারের গ্রুতর সমস্যা সমাধানে, দেশের বিরাট সার অপচয়ের নিরাকরণ এবং সার উৎপাদনের নব নব পর্ম্বাতর প্রবর্তন প্রভৃতির মধ্য দিয়ে ন্তন কৃষি জীবনের রুপান্তর হবার কথা ছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের কথা জাতির এই মহান সমস্যার কণামান্ত সমাধানেও আমাদের কেন্দ্রীয় সরকার তথা আমাদের রাজ্যসরকার শোচনীয়ভাবে সম্পূর্ণরূপে বার্থ হয়েছেন। তার পরিচয় স্বর্প আমাদের জেলার দৃষ্টান্ত উল্লেখ করে বলতে পারি যে কৃষির আম্লে



শারবর্তনের জন্য যে দিকগ্লি অতাদত জর্রী ছিল, তার কোন একটিরও সামান্যতম প্রচেষ্টাও বাসতর জাঁবনে ঘটোন। বরং তার পারবর্তে এক অতাদত নিন্দর ঘটনার পারচয় আমাদের জাঁবনে ঘটোন। বরং তার পারবর্তে এক অতাদত নিন্দর ঘটনার পারচয় আমাদের জাঁবনে ঘটেছে। প্র্লিয়া জেলার বিরাট এক অগুলে সম্পূর্ণ অনাব্ছিট এবং সম্পূর্ণ অজনমা ছওয়ার ফলে ভয়াবহ দ্ভিক্ষের পরিস্থিতি দেখা দেয়। এবং সেই দ্ভিক্ষ পাঁড়িত অগুলের দ্র্গত কৃষক সমাদে নৈরাশোর মধ্যেও সঙকলপ করে যে বিকলপ বিভিন্ন চাযের মাধ্যমে নিজেদের ভাগ্যের পরীক্ষায় য়বতীর্ণ হবে। এবং অয়হীন, আশাহীন কপদকহীন সেই বিরাট কৃষক সমাজ সরকারের কাছে আবেদন করেছিল বিকলপ চাযের উপযোগী বিভিন্ন প্রকার বীজ্ব সরবরাহের জন্য। কিন্তু অতান্ত মর্মান্তিক ব্যাপার এই যে, জেলা ও রাজ্যের সংশিলত শাসন বিভাগগগ্রালর কাছে এবং মুখামন্ত্রী মহাশয়ের কাছে এই ন্যায়সঙ্গত দাবীর বিষয়ে বারম্বার আবেদন করেও পারহাস ছাড়া, ঐ কৃষক সমাজ সরকারের কাছ থেকে কোন সহ য়তা লাভ করতে পারেল। নিরাপদ আসনে বসে মিথা। তথা পরিবেশন করা বা নিয়ত বিপয়তর কৃষককুলের ক্রয়-জমতা বৃদ্ধি পাছের বলে উপহাস করার মধ্যে আজা-সূত্র থাকতে পারে: কিন্তু কোটি কোটি মান্যের দ্বংথের মধ্য দিয়ে যে ইতিহাস গড়ে উঠেছে, তাকে ঐ আজাস্থ ঠেকাতে পারবে না, এ অবধারিত।

এদিকে যেমন থামরা দেখছি যে কৃষি সমস্যা সমাধানের যথার্থ দ্ভিভঙগী, হৃদয় বা পরিক্তপা নেই। তেন্নি অনা দিকে দেখতে পাচ্ছি বিকৃত পরিকল্পনাসমূহের মধ্য দিয়ে সে সকল কাজ চলেছে, সে সবও অপচয়, দ্নশীতি ও হৃদয়হীনতার নামান্তর মাত্র।

আমাদের জেলায় সেচ পরিকল্পনার নামে বিভিন্ন সরকারী স্কীমের মাধ্যমে প্রকারণী প্রভৃতি সংগ্রার ও প্রসারের কাজে গ্রেত্তর দ্নীতি ও ল্বণ্টন চলেছে বলে অভিযোগ জানান সত্ত্বেও সরকারী দশ্তর মাসের পর মাস নীরব হয়ে আছেন। এই সবের মধ্য দিয়ে আমরা অন্ত্বত করতে পারছি মহান এই কৃষি ব্যবস্থা সম্পর্কে সরকারী মনোভাবের রূপ কি! আমাদের জেলায় আমরা দেখেছি দেশের কৃষিজীবিদের মধ্যে শতকরা ৯৯ জন. কেউ ঠিকমত খুদের পরিবার প্রতিপালন করতে পারে না বা কেউ কোন রকমে পারে। কিন্তু এই কৃষককুলের গৌবনে তাদের সকল প্রচেণ্টা ও প্রেরণার পথে গভীর প্রতিবন্ধকতা স্টিট করতে কৃষি-অয়করর্প এক বিভিষ্কা দেখা দিয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই এই আইনের নন্দ অপপ্রয়োগ ঘটছে। আমরা এই সকল অভিযোগ বহুবার এই আইনসভার সদসাদের সামনে উত্থাপন করেছি। প্রতিকার করা শুরে থাক, অভিযোগ বিষয়ে একটা তদন্ত পর্যন্তি হয়ন। এই হুদয়, এই মনোভাব, এই উদাসীনা ও অব্যবস্থার শাসনধারা নিয়ে দেশের বিপন্ন কৃষি শক্তি কথনও বলিণ্ট ভিত্তি ভূমি লাভ করতে পারে না। দেশ এই ব্যবস্থা ধারার অবসান চায়। তার লক্ষণ নেই বলে দেশ বর্তমান শাসনধারার অবসান চায়।

# [4-4-10 p.m.]

প্রকাদকে বামপাণ্থী যাঁরা এখানে আছেন তাঁরা বলছেন যে সরকারের কাজের কোন উন্নতি হরান; আর একদিকে শ্নাছেন যে এই সরকার বহ্ উন্নতি করেছে। এই যে অবস্থা, একদিকে ষেমন বলা হচ্ছে দেশের অবনতি হচ্ছে, আর একদিকে সরকার দেখাচ্ছেন দেশের উন্নতি হচ্ছে, এর যাচাই করবে কে? এটা যাচাই করবার শন্তি সরকারের নেই। একট্ আগে আমরা এই মাল্যমহাশরের কাছে শ্নালাম যে, তিনি গ্রামে উন্নত ধরনের বীজ সাংলাই করেছেন, ধানের বীজ তিনি হাজার হাজার মণ সাংলাই করেছেন, কিন্তু এটা যে সতা তা প্রমাণ করবে কে? যদি আমরা তাঁকে চ্যালেঞ্চ করি তাহলে তাঁর হিম্মত নেই সেটা প্রমাণ ক্রবার। আমার ঐ মানবাজার অণ্ডলের গ্রামে গিরে দেখবেন যে এটা অবাসতব। আমাদের মানবাজারে আমাদের দ্বতিক্ষ মন্ত্রী গিরেছিলেন দ্বতিক্ষ অণ্ডল দেখবার জনা। সেখানে বহু কমীর সামনে আমি বলোছলাম যে তাদের উন্নত ধরনের বীজ এখনই দিয়ে দাও, আমরা ধানের আবাদ করবো, কৃষি করবো। কিন্তু সেই মন্ত্রীর কাছে আভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত আমরা এক ছটাকও বীজ্ব পাইনি। সেই মন্ত্রীরাই আজকে

দ্যা দিক্ষেন বৈ, প্রামে গ্রামে আমরা বীজ সাপলাই করেছি। এখানে আরো মন্দ্রীদের বলতে নির্দিষ্ট বে, আমাদের পানীয় জলের ব্যবস্থা হয়েছে। কিন্তু আমার মানবাজার অঞ্চলে একটি মের কথা জানি, বিশ্বজ্ব গ্রাম, সেখানে প্রায় ২॥ হাজার লোকের বাস, সেখানে একট্বও পানীয়া লের ব্যবস্থা হয়নি। সারের কথা যা বলেছেন তাও একেবারে ভিত্তিহীন। অর্থাৎ কথা হচ্ছে।ই দৈবরাচারী কংগ্রেস সরকার লক্ষ লক্ষ মান্থের জীবন নিয়ে ছেলেখেলা করছে। আজকে হিশন্ত, চীনকে বলছেন কিন্তু আমি বলবো গ্রেশন্ত, হচ্ছে এই কংগ্রেস সরকার। অঞ্চলে তারা লাককে তিলে তিলে মারছে। আজ এই দৈবরাচারী কংগ্রেসকে যদি আমারা দেশ থেকে তাড়াতে । পারি তাহলে আমাদের ভারতবর্ষের, বাংলার এবং প্রেন্লিয়া জেলার মানবাজার থানার কোন র্যাত হবে না।

## Shri Brindabon Chattopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিক্ষেতে কৃষি মণিগ্রমহাশয় যে দাবী এই হাউসের সামনে পৈম্থাপিত করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন কর্নছ। আমাদের পশ্চিম বাংলা ঘাটতি মঞ্চল একথা আমরা স্বীকার করি এবং সকলেই স্বীকার করেন। কিন্তু তাসত্তেও দেখতে পাওয়া াবে যে খাদ্যে আমাদের চালের উৎপাদন উত্তর উত্তর বান্ধির দিকে চলেছে। স্বাধীনতা প্রাণ্ডির ্বংসরকে যদি আমরা তথা নিই তাহলে আমরা দেখবো গড়ে ৩৬ লক্ষ্ণ টন চাল উৎপাদন হয়ে-ছল। তারপরের ৫ বংসরে আমাদের গড়ে ৪১ লক্ষ টন চাল এই পাশ্চমবংগ উৎপাদন হয়েছে। ারপরের ৫ বংসরে ৪৩ লক্ষ টন গড়ে আমাদের চাল উৎপাদন হয়েছে। পশ্চিমবাংলায়, আপনারা াকলেই জানেন, এখানে মাথা পিছ, সোয়া এক বিঘা করে জমি পড়ে। এক বর্গমাইলে প্রায় ১২শত লোক বাস করে। তাছাডাও আমাদের যে সমস্ত জামতে আগে খাদা উৎপাদন হত, মামাদের পাট শিল্পকে রক্ষা করবার জন্য সেই সমস্ত জমি আমাদের পাট চাষে দিতে হয়েছে। ুই জন্য আমাদের এখনও ঘার্টতি পারণ হয়নি। কিন্ত যদি ঘার্টাত পারণ করতে হয় তাহ**লে** মামাদের সকলের সহযোগিতা দরকার। আমাদের এই সরকার খাদ্য উৎপাদন করবার জনা গ্রামে ্যামে ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন, মাঝারি সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন, ডিপ টিউব-ওয়েলের পরিকল্পনা গ্রহণ করেছেন এবং লিফাট ইরিগেশনের ব্যবস্থা করেছেন। এবং আমার ানে হয় সরকার এই ধরনের যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে আমরা শীঘ্র খাদ্যে স্বাবলম্বী তে পারবো। পরিশেষে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অন্ব্রোধ করি, আমি যে এলাকা থকে এসেছি, হুগাল জেলার বলাগড় কন্সটিটিউয়েনসি, সেথানে ডিপ টিউবওয়েল খবে বেশী তেয়া উচিত। এবং লিফ ট ইরিগেশন যাতে বেশী হয় তার চেন্টা করবেন, কারণ এখানে গণ্গা পেকে লিফ টে সেচের ব্যবস্থা করলে বহ. জমিতে বেশী ফসল হতে পারে। আমি এই কথা ালে আমাব বরুবা শেষ কর্বছি।

#### The Hon'hie Prafulla Chandra Sen:

শ্পীকার মহোদয়, আজকে বিতর্কের উত্তর রাষ্ট্রমন্ত্রী শ্রীম্মর্রজিং বন্দ্যোপাধ্যায় দেবেন। আমি আপানার সামান্য সময় নিয়ে দ্-একটা কথা এখানে রাথব। একটা আগে আমার কাছে মেদিনীপরে জেলার ঘাটাল মহকুমার কয়েকজন স্বর্ণশিল্পীদের প্রতিনিধি এসেছিলেন। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম যে ঘাটাল মহকুমার স্বর্ণশিল্পীদের সংখ্যা কত। তাঁরা বল্লেন—প্রায় ৩৫০। আমি তাদের জিজ্ঞাসা করলাম ১৫ বছর আগে এই সংখ্যা কত ছিল তারা বলল অর্থেকেরও কম ছিল। আমি বললাম—এত লোক কাজ কি করে পায়? ওরা বলল—আজে, বেশ পায়। ঘাটাল মহকুমায় বৃহং শিল্প এমন কিছু নেই। মাঝারি শিল্পও নেই, তাহলে কে তোমাদের কাছে আসে গহনা করাতে, আমি জানতে চাইলাম। আজে, চাষীরা খ্ব বেশী আসে, তারাই আমাদের কাছে গহনা গড়ানর জনা আসে। আমি বল্লাম—বল কি! আমাদের আইনসভাতে কৃষি বায়-বরান্দ নিয়ে বিতর্ক হচ্ছে। আমি যে কজনের বক্তৃতা শ্নেছি তাতে শ্নেলাম কৃষির কোন উর্ঘিত হর্মন, কৃষকের উর্মাত তো হর্ইনি, উপরন্তু দুভিক্ষের করাল ছায়া তাঁরা সব দিক দেখতে পাছেন, আর তোমরা এসে বলছ মশাই আমরা স্বর্ণশিলপীরা স্বন্ধের বেশী যারা রোজগার করতাম মজুরী শিল্পী হিসাবে তা হ'ল ২০০ থেকে ২৫০ টাকা মাসে, আর মাঝারি বারা, তারা পেত ১০০ থেকে ১৫০ টাকা না—িনকুটগ্রেণীর বিরার, তারা

ভারাও ৬০ থেকে ৬৫ টাকা পেত। আমি বললাম অচ্ছা, তাহলে তোমরা এক একজন কত গংন। গড়াতে অর্থাৎ কত ওজন হবে সেই সোনার? তারা বলল—আজে, অন্ততঃ ৪০ ভরি করে তে। হবেই। আমি বললাম, বল কি! ৪০ ভরি সোনা এবং তার ৩৫০ গুণ করে টাকার অংকে হিসাব করে যদি দেখা যায় তাহলে তোমাদের কৃষিপ্রধান ঘাটাল মহকুমার কৃষকদের হাতে অনেক টাকা বলতে হবে! তারা বল্ল—আজে, হাাঁ, টাকা আছে। প্পীকার মহোদর, আমার বক্তবা হাদে প্রশানকার বক্তৃতা যদি প্রপশিল্পী ভাইরেরা শুনতেন তারা বলতেন আজকে এই স্বর্ণনিয়ন্দ্রণ নীতি বাদেও কৃষির অবস্থা যদি এত শোচনীয় হয় যে দুর্ভিক্ষের পদযুনি এর্মান শুনা যাছে তাহলে স্বর্ণশিল্পীরা আর কোনদিনই চাইবে না বিশেষ করে যে সমস্ত অঞ্চলে কোন শিল্প নেই।

#### [4-10-4-20 p.m.]

কাজেকাজেই আজকে যারা মাথায় হাত দিয়ে বসেছেন ক্রমকের অবস্থা দেখে তাঁদের আমি বলব বে বুকে হাত দিয়ে একবার জিজ্ঞাসা করুন কৃষকের অবস্থা ভাল হয়েছে, না খারাপ হয়েছে। আমরা কিছ, বলছি না, আমাদের রাণ্ট্রমন্ত্রী স্মরজিংবাব,ও বলেন নি যে, আমরা এত ভালো করেছি এছ ফলন ফালয়েছি, এত উৎপাদনবৃদ্ধি করেছি। তবে আমাদের কিছুই করবার নাই, আমরা খুব সুন্তন্ট হয়ে ণির্মোছ এমন কথাও সামাদের পক্ষ থেকে কেউ বলবেন না, সামাদের রাণ্ট্রমন্ত্রী এই যে বার-বরান্দ উপস্থাপিত করেছেন তিনিও তা বলেন নি। আমাদের মাননীয় বন্ধ, কাশীকান্ত মৈত মহাশর, তার বাড়ী নদীয়া ভোলায়, আর আমাদের রাজ্মাল্ডী সমর্বজিং বন্দ্যোপাধ্যায় মহাশ্যের বাড়ীও নদীয়া জেলায়। শ্রীকাশ িকাল্ট মৈত্র যেসকল বলেছেন, এখানে ঝগড়া করবার বা তর্ক করবার কিছ, নাই, তাঁকে আমি বলব, তিনি বাকে হাত দিয়ে বলনে দেখি নদীয়। জেলার কুষকের অবস্থা **जाला** रासाह, ना मन्न रासाह। जिन वन्न एतंथ, ১৯६৭ माल स्वायोनजा नार्ज्य श्रद ख নদীয়া জেলার লোকসংখ্যা ৮ লক্ষ ছিল সেই নদীয়া জেলার লোকসংখ্যা র্যাদ্ভ অনেক আশ্রয়প্রার্থী ভাইনোন এসেছেন, সেই জেলার ১৭ লক্ষ হইনি কি? যে নদীয়া জেলার ১৯৫৫-৫৬ সালে লক্ষ লক্ষ লোক আমাদের কাছে স্টেট রিলিফ-এর জন্য আসত। খ্যুর্রাত সাহায়ের জন্য আসত সেই জেলার লোক এখন আর স্টেট রিলিফ-এর জন্য আসছে না, তার কারণ কি? তার কারণ হচ্ছে, নদীয়া জেলার ক্থকের অবস্থা ভালো হয়েছে। একজন মাত্র সদস্য, তাঁর নামটা আমার মনে পডছে না, বলেছিলেন অভাবের চোটে কুষকের জায়গার্জাম বিক্রী করে দিচ্চে। আমি খবব নিচ্চিল্লাম আমাদের রাজন্দ বিভাগে যে, বাংলাদেশে কি এখন জমি বিক্রী খবে বেডে গিয়েছে, তাঁরা বল্লেন, আজে না। সাধারণভাবে ৭॥ লক্ষ জমি কেনাবেচা হয় আমাদের এখানে। আমি নদীয়া জেলার একটা গ্রাফ তৈরী করেছি, এখানে বিশেষ করে নদীয়া এবং মেদিনীপরে জেলার কথা বলা হয়েছে। আমি দেখছি সবচেয়ে বেশি বিক্রী হরেছিল ১৯৫৫-৫৬ সালে। শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় জ্ঞানেন নদীয়া জেলায় ভীষণ বন্যা হয়েছিল ১৯৫৯ সালে এবং সেই স্লাবন ভীষণ আকার ধারণ করে-ছিল, তখন বহু, লোককে সাহায়। দেওয়া হয়েছিল। কিল্ডু, দেখুন, ১৯৫৬ সালে যত বিক্রী হর্মন, ১৯৫৯ সালে যত বিক্রী হর্মান, ১৯৫৫ সালে তার চেয়ে ঢের বেশি বিক্রী হয়েছে। যদি মৈচমহাশয় আমার কাছে আসেন আমি তাঁকে দেখিয়ে দেব, মেদিনীপুর জেলার স্বস্চয়ে বেশি বিক্রী হয়েছে ১৯৫৭ সালে। কাজেকাজেই, যদি এই গ্রাফ দেখেন তাহলে দেখবেন জুমি কেনাবেচা আগের চেয়ে ঢের কমে গিয়েছে। আরেকটা কথা, ভামির যদি উর্বরাশক্তি না বেডে থাকে তাহলে জমির দাম এত বাড়ল কেন? বীরভম জেলার কথা যদি বলি তাহলে, মাননীয় স্পীকার মহাশয়, আর্পনি নিশ্চয়ই জানেন, বীরভূম জেলায় আমি জানি যেসমুস্ত অঞ্চল আগে কাানেলের জলু পেত না সেই জমির দাম ১ বিঘা ২৫ ০০০ ছিল আমি মান্ধাতার আমলের কথা বলছি না ১৯৫০-৫১ সালের কথা বলছি। আগে যেখানে ২ মণ ধান হয়েছে. এখন সেখানে ১২-১৬ মণ ধান জন্মাছে, এবং আজকে সেখানে জমির দাম ১ হাজার টাকা। আমাদের রসায়নিক সার, এবং আমাদের জৈব পার বাবহার করে যদি না জামর উর্বরাশন্তি বেডে থাকে তাহলে জামর দাম বাড্ছে কেন এটা আমাদের ভেবে দেখা দরকাব।

এটা আমাদের সকলের বিবেচনা করতে হবে। আর একটা বিষয় হচ্ছে যে, আমরা মনে করছি এবং মাননীয় সদস্য এ পক্ষের অনেকে মনে করছেন এবং ওপক্ষের অনেকে মনে করছেন কৃষির আরও বেশী উন্নতি হওয়া উচিত ছিল। কিন্তু পশ্চিমবাংলায় যে অবস্থা সেটা চিন্তা করতে

্রে। ১৯৪৯-৫০ সালে আমাদের যথন বলা হল যে, পশ্চিমবাংলায় ১০০টা পাটের কল আছে। গাটাগলেপ পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ লোক কাজ করছে এবং পাটজাত শিল্প বিদেশে চালান দিয়ে াি•চমবাংলা বৈদেশিক মন্ত্রা অর্জন করছে, সমস্ত পাট তখন পূর্ব পাকিস্তান থেকে আসত, ্রভাত্রভি পাট উৎপাদন কর। স্বাধীনতার প্রের্ব মেখানে পশ্চিমবাংলার ২ই লক্ষ একর র্নান্তে পাট উৎপাদন হোত, সেখানে আজকে ১০।১২ লক্ষ্ম একর জামিতে পাট উৎপাদন হয়। শ্যেথনে ৫ থেকে ৬ লক্ষ বেল পটে উৎপাদন হোত আজকে এ বছরে আমরা ৩২ লক্ষ পাট উৎপাদন করেছি। অনেকে প্রশ্ন করেছেন যে, পাটচাফীরা নাম্য মূল্য পাচ্ছে না নাম্য মূল্য হয়ত ুন্ট কেট পাছে না, কিন্তু অধিকাংশ চাৰ্যা যদি নাম্য মূলা না পাবেন ভাহলে আউশু ধান না করে পাট চাব করতে চাইতেন না। আমি ২৪ প্রগনার একটা গ্রামে গিয়েছিলাম সেখানে একজন ্ব সলমান চার্যার সামান্য কয়েক বিঘা হামি আছে, তাকে জিজ্ঞাসা করলাম যে এবার পাটের দামে ভাষতের নিশ্চয় লোকসান হয়েছে। সে বলল য়ে ঘাদাদের লোকসান কেন হারে? আমি এমন সার দিয়েছি, এমন ভাল বীজ পেয়েছিলাম যে ঐ জুমিতে ৯।১০ মণ পাট ফুলিয়েছিলাম। াড়েই আমাদের কৃষি বিভাগের উদ্দেশ্য হাচ্চ এই যে একর প্রতি পাটের উৎপাদন বডান এবং ামাদের চাষ্ট্রীরা আগেকার তুলনায় এখন অনেক বেশী রাসায়নিক সার পাট উৎপাদনের লাজে বাদহার করছে। একজন মাননীয় সদস্য কাশীকান্তবাব, বললেন যে, আমাদের রাসায়নিক সার ডিস্বার্ডিবিউসন-এর যে বাবস্থা তাতে অনেক ন্রটি আছে। কিছু কিছু চুন্নীট নিশ্চয় আছে, ব্রুত্তিনি সেই প্রোনো কাস্মনিদ যেটেছেন! তিনি ব্ললেন যে, চাসের দর্ম যে সার তার ्याः <sup>अन्तरित</sup> व्यवस्य नत्त्व स्य यमस्मिनसम्ब भावस्क्रे उत्तर भूवः कन्न ८११ उत्तर स्थितः। **भ हत्व** শ্ছে ৪ লক্ষানে। এটা প্রানো গণ্প। ৪।৫ বছর আগে একটা গণ্প কাগছে বৈতিয়েছিল প সত্রাজের কোন প্রস্তুপ্র রাজেমানিয়ান সংলক্ষেট এখান থেকে চলে সভে। এ সব পরেরোনা পা এখন আনাণে ডিটিবিউখান এর নাতি পাবাপেকা ভাল হয়েছে। একজন জি**জাসা** ্রতিন যে, এজন ১৮ সারীকে সাম্পেন্ড করা হারটেছ।। আম্বা মধ্যে দেখব যে যেখানে দ্বনীতি ে নিশ্চৰ জন্মত তার শতিহতিধানের বাব্যথা অবল্পকা সত্ত বিচার -- 20 4230 p.m ]

ार भिष्या, या ठींच सार प्रथाल साम्प्रात राज्यतात्र, १७ । ७५१ वा एक्काल वा पर ठाला १५ व्यापा भा**रेका** ় ই এবা ধার না। অসমি ও সরের উত্তর দিলাম না, অলস্কুর রাজেনিতা তার উভা কেরেন, আমি ান ১০বা লোগ বিষয় সম্ভেষ লোকো আমাদের গড় কথা স্মীত ফারম, এবিকালচ এল ফারম ্যে সতাই সে সমস্তর্গুলির অবস্থা শোচনায়ি, ৪৮ কারণ হচ্চে ভাল কার্যমের আমর। পাই না। াজ সৈ জন্মি মাতে ভাল ফুসল গৈপালন হয় সৈ জামি কেট কিন্ত্ৰী করতে হায় না এবং বাধ্য হয়ে ন এপ জাম কিনতে হয়, কিবল গত ক' বছরে আমি বা এখনে পাড়ি ২০০ট, সরকার্য্য কৃষিক্ষেত্র ্যছ - আমি এইমাত যা হিদাৰ পেরেছি তা দেখে খামার খাবই আনন্দ হল চে, অনুব্রি জমিতে ্রজনীয়ক প্রদর্শন্ত করে ২ তি বছরের নয় ৪ তি বছরের চেন্টার আফারের স্ফরির্বার সেখানে ভাল ্রতা উৎপাদন করেছে, আমি ২।১টা পড়ে শোনাছি। ২৪ প্রথন জেলায় দেখানে আ ভারেও াদর উৎপাদন হচ্ছে ৯ মণের কিছে, বেশা, সেখানে আমাদের প্রায়াকেরে হয়েছে ১৫ মণ। সখানে চামের খরচ হয়েছে ১৭ হাজার ২০ টাক এবং উৎপাদিত দুবা বিক্রী শরে পেয়েছি ৩১ াজার ৯ শত ৮২ টাকা এবং। লাভ হয়েছে ১৪ হাজার ১৯ শত। ৬২ টাকা। ৩ ।৪ ।৫ বছর 'রে এ সমস্ট কৃষিক্ষেত্রে যার আগে অবুস্থা শোচনীয় ছিল, আগুরে গর্নের বিষয় যে সে স্ব ারগার উর্নাত হয়েছে, এবং এ রকম ৪৭টা কুষিক্ষেত্রের হিসাব রয়েছে যার প্রত্যেকটার লাভ িয়েছে। বীরভূম জেলায় ১৪ মণ করে হত, আজ সরধারী। কুণিক্ষেত্রে হয়েছে গ্রন্থকতা ১৬ ১৭। হাওড়া জেলায় ১২ মণের কিছু বেশী হয় সেখানে সরকারীক্ষেত্রে হয় গড় ১৫ মণের াছ্য বেশী। সেটা দেখে আমরা গ্রবাধি করছি এর আগে আমরা এর জন্য নিন্দাও করেছি 🏋 আমাদের সরকারী কৃষিক্ষেত্রের কাজ ভাল হচ্ছে না বলে। আমি বলোছি, ভাল জমি আমরা পাট নি. কৃষির জন্য অনুবর্বর জমি নিয়ে ভালভাবে বীজ প্রয়োগ করে--রাসায়নিক, জৈব সার প্রয়োগ করে, বৈজ্ঞানিক পর্ন্ধতি অবলন্বন করে আজ আমরা উৎপাদন বাড়িয়েছি। আমি আর একটা কথার জবাব দোব সেটা হচ্ছে, অনেকেই বারবার বলেছেন, বহুবার বলেছেন, মাননীর ম্প্রির মহাশয় আপনি যদি ১৯৪৮-৪৯ সাল থেকে আমাদের য়্যাসেম্র প্রসিডিংস খুলে <sup>দেখেন</sup> তাহলে দেখবেন, আমাদের বাংলাদেশের আর একটাও লোক নেই, সব মারা গেছে, প্রত্যেক বছরই শ্নতে পাই দঃভিক্ষের পদধননী, প্রত্যেক বছর শ্নতে পাই লোক থেতে পাচ্ছে না, D-5

মানুবের শোচনীয় অবস্থা, সব কিছু ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে, ১০।১৪ বছর ধরে এর প অবস্থাই যদি হত তাহলে আজকে পশ্চিমবাংলায় লোকসংখ্যা ২ কোটী ৩০ লক্ষ জায়গায় ৩ কোটি ৪৯ লক্ষ হত না।

আজকে পশ্চিমবাংলার মৃত্যুর হার অসম্ভব রকম কমেছে। সংবাদপত্রে বৌরয়েছে যে পশ্চিমবাংলায় ৬ হাজার ৭ শত ৯৯ জন লোক আছে যাদের আয়, ১ শত বছরেরও বেশী। তাই আজকে পশ্চিমবাংলার মানুষের জমির উপর এত চাপ বেশী। আমি বার বার একথা বলেছি যে মার্জিন্যাল এবং সাব-মার্জিন্যাল জামতে আমরা চায করছি এবং সেই জাম ফসল উৎপাদন করছি। এবং আমাদের দেশে সেই সমুহত জাম বনভূমি রচনা করা দরকার। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাদের পশ্চিমবাংলায় সীতাকারের যে বৈজ্ঞানিক পর্ণাততে বনভূমি রচনা করা হয়েছে এবং বিশেষজ্ঞরা বলেন যে এন্ডত ৩০ বিঘা জমিতে বন্ভমি থাকা উচিত একথা মাননীয় সদস্যদের চিন্টা করতে। হবে এ পক্ষের এবং ওপক্ষের। আজকে বার বার একথা বলছি যে, আমাদের পশ্চিমবাংলার আউসের জমিতে, পাটের জমিতে, পাট চায় করেও যেখানে আড়াই লক্ষ টন আলা হতে। সে আজ সাডে মত লক্ষ টন করছে। এমন দেশ আছে সেখানে আলা হচ্ছে প্রধান খাদ্য। আড়াই লক্ষ টনের ভায়গায় সাড়ে সাত লক্ষ টন আলা, উৎপাদন করেও আমর: ধানের উৎপাদন বাড়িয়েছি এবং একথা আমি বার বার বর্লোছ এবং আজকেও বলছি যে যেখানে দ্বাধীনতার আলে বাংলাদেশের গড় ছিল ৩৬ লক্ষ টন ১৮জকে সে আয়গায় গড় ৪৩ লক্ষ টন দাঁড়িয়েছে। ৫ বছরের গ্রন্থ যদি মাননীয় সদসারা দেখেন এবং আমি তন্ত্রের করবো দেখবার জন্য তাহলে দেখনেন ৩৬ লক্ষ টনের জায়গায় ১৩ লক্ষ টন হয়েছে। অর্থাৎ ৭ লক্ষ টন বৈডেছে। এটা কম কৃতিত্বের কথা নয়। আমি পুনরায় একথা বলে শেষ করবো যে আমাদের এখনভ অনেক কিছু, করবার আছে অনেক কিছু, ব্যবস্থা অবলম্বন ক্রতে হবে যাতে করে আমাদের কুষির সামগ্রিক এবং সাম্বিক উল্লাত করতে পারি।

# The Hon'ble Smarajit Bandyopadhyay:

মনেনীয় অধ্যক্ষ মহাশ্যু আমার প্রারম্ভিক ভাষণে আমার বক্ততার প্রায় সবই কলিছি একং মাননীয় সদস্যদের যেস্ব ছাটাই প্রস্তাব ছিল তার মধ্যেই অধিকাংশ তাঁরা উত্তর পেয়েছেন-যদিও মাননীয় সদস্যদের অনেকের ভাষণে যে চিগ্র অঙ্কিত হয়েছে তাতে মনে হোল যে, কুষি কোন বাবস্থা হয় নি, কোন উল্লাভি হয় নি। অবশ্য আমি তথ্য দিয়ে দেখিয়ে দিয়েছি যে আমাদের চালের ফলন গড় হিসাবে ৩৮ লক্ষ টন থেকে ১৫ লক্ষ টন বেড়েছে। আল ুআড়াই লক্ষ টন থেকে সাভে সাভ লক্ষ টন খেডেছে। পাটের উৎপাদন আডাই লক্ষ একর থেকে প্রায় ১২ লক্ষ একর বেড়েছে। তথাপি তাঁরা বলছেন কোন উন্নতি হয় নি। পশ্চিমবাংলার যে অবস্থা ্যে পটভূমিকায় কৃষিকার্য চলছে পশিচমবাংলার প্রতি বর্গমাইলে লোকবসতি ১ হাজার ৩১ জন এবং তার চাষযোগ্য জমির শতকরা ৮৭ ভাগ চাষের আওতায় এসে গেছে। এখানে প্রয়োজনের তুলনায় বনভূমি নাই। আজকে পশ্চিমবাংলায় কৃষি উন্নয়নমূলক কাজ করবার ফলে চাবের ধীরে ধীরে উল্লাত হাছে যদিও আমরা বলি না যে আমাদের লক্ষ্যে আমরা পে<sup>ন</sup>ছোতে পেরেছি। আমরা স্বীকার করছি যে আমাদের চুটি-বিচুতি প্রেণের জন্য আরও প্রচেন্টার প্রয়োজন আছে। শুধু খাদ্যে খার্টাত পরেণের চাষের উন্নতি প্রয়োজন তা নয়—আমাদের শিল্পের কাঁচা মাল সরবরাহ করার জনা, বৈদেশিক মন্ত্রাও আহরণের জন্য এবং মন্ত্রাস্ফর্ণীত নিবারণের জনাও কৃষির উন্নতির প্রয়োজন আছে। মাননীয় সদস্য শ্রীসনংকুমার রাহা বলেছেন ডেভেলপমেন্ট হেডে যেসব খরচ ধরা হয়েছিল সেই সব খরচ করা হয় নি। <sup>\*</sup> যদি ফিগার দেখেন—আমার দেখাবার সময় নাই—তাহলে দেখবেন যে প্রথম পঞ্চবার্যিকী পরিকল্পনার প্রথম ও দ্বিতীয় বছরে পরিকল্পনায় টাকা তত খরচ করা সম্ভব হয় নি। কিন্তু তৃতীয় বছর থেকে খরচ খ্ববেশী হয় এবং শতকরা ৯৮ ভাগ খরচ করা হয়েছে। এবং এই পার্ফর্মেন্স খুব কম বলে আমরা মনে করিনা।

# [4-30-4-45 p.m.]

চামবাজেটে যা সত্য, সাধারণ বাজেটের ক্ষেত্রে ও সেই কথা প্রযোজ্য। সনংবাব বলেছেন যে কৃষি-সমবার এবং ভূমিরাজস্ব বিভাগের মধ্যে একটা সমন্বয়সাধন প্রয়োজন। এই সমন্বয়সাধনের জন্য আমরা চেণ্টা কর্রছি এবং মাননীয় সদস্যরা হয়ত শ্লেছেন যে আমাদের এই জর্বী অবস্থায় কৃষি-উৎপাদন আরও বাড়ানোর জন্য কেবিনেট পর্যায়ের এই সংশিলণ্ট মল্মীদের নিয়ে একটা

সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। এবং এই সব বিভাগের সচিবদের নিয়েও আর একটি সমন্বর কমিটি গঠন করা হয়েছে।

মাননীয় ভক্তিভূষণ মণ্ডল—অনেক গঠনমূলক কথা বলেছেন। তবে তিনি যে লাক্ষা চাষের কথা বলেছেন এটা কমার্স এণ্ড ইনডাম্ট্রিস ডিপার্টমেণ্ট দেখেন। স্তরাং এ সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে পারলাম না।

মাননীয় শ্রীকমল গাহ মহাশয় পাট এবং তামাকের দর কুর্চবিহারে কমে গেছে সেই কথা বলেছেন। সেকথা সত্যি। পাটের দর যাতে কমে গিয়ে চার্যীরা ক্ষতিগ্রস্ত না হয়, তার জনা বিভিন্ন বাবস্থা গ্রহণ করা হচ্ছে। এবং বিধানসভায় মাননীয় সদস্যদের প্রশোজরে কি কি বাবস্থা গ্রহণ করা হয়েছে, তা বলেছি। কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে বাবস্থা অবলম্বন করেছেন। কারণ পাট এবং তামাক শ্র্মু পশ্চিমবাংলায় হয় না, ভারতের অন্যান্ন প্রদেশেও হয়। সেই জনা তাঁরা ঠিক করেছেন ৩০ টাকা থেকে কমে গেলে তাঁরা সেটা ক্রয় করবেন ফেট্ ট্রোডং-এর মাধামে। এই State Trading Corporation apex Co-operative Society র

মাধামে কিনছেন। আই জে এম এ ও সদসাদের নিদি<sup>ক্</sup>ট পরিমাণ পাট কিনিবার নিদেশি দিয়েছেন।

এ ভয়েসঃ চোরাই পাট পাকিস্তান থেকে আসছে যে! তার কি?া - সে সম্বন্ধে যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে!

মাননাই সদস্যরা জানেন এতবড় দীর্ঘ সীমানত সব সময় সমসত চোরাই চালান বংধ কর। সমতব হয়ে উঠছে না। তব্তু আমরা নিশ্চয়ই বাবদথা অবলম্বন করবো। এবং চোরাই এলেও মেখানে ৩২ লক্ষ বেল পাট উৎপানন হয়েছে, সেখানে ১০ হাছার বেল চোরাই চালান আসলেও দরের বিশোষ ক্ষতি করতে পারবে বর্গে মনে হয় না।

েরক মাননীর সদস্য বলেছেন স্থানেরিয়াম সালফেট্ বোধহয় ভান্তভূষণবাব, বলেছেন, ব্যবহার করলে জনি থারাপ হয়ে যায়। কিবতু তাভিজ্ঞায় দেখা প্রেছ তা হয় না।
Indian Council of Agricultural Research,

এর নির্দেশে চুকুড়ার যে গ্রেথণাক্ষেত আছে সেখানে পনের বছর ধরে বিসার্চ করে দেখা গেছে এতে ভাল ফল পাওয়া যায়। খারাপ ফল হ'লে তার চাহিদা এত বাড়তো না। আমরা ফুথকরে তার সাংলাই দিয়ে উঠতে পারছি না। এ ছাড়া আমরা ধঞে ধ্রিজ সরবরাহ করে সন্ত সারেরও বাবস্থা করছি। মাননীয় সদস্য শ্রীরাধানাথ চটনাল মহাশ্য সনেবার প্রধান চাযের কথা বলেছেন। সেই বাবস্থায় চাযের বাবস্থা চাহী ভাইরা। আনারাগেই পারেন। মাননীয় সদস্যগণও যদি উদ্যোগী হয়ে তার বাবস্থা করেন, তাহলে অস্ক্রিধা নাই।

আর সার সম্পরের যদি নির্দিষ্ট অভিযোগ থাকে, তা আলাকে দিলে বাবস্থা করতে পারবো।

কালভার্ট ষ সল্পৃইস্ গেট তৈরী সম্পর্কেও কেউ কেউ বলেছেন। আমাদের কৃষি বিভাগের হাতে আসে তা করবার ক্ষমতা ছিল না, এখন কৃষি-বিভাগ এক লক্ষ টাকা পর্যন্তি সেচের কাজ করতে পারেন। এ বিষয়ে পরিকল্পনা দিলে আমরা বিবেচনা করবো।

তারপর ঢলতা সম্পর্কে বলি যে, ঢলতা প্রথায় বে-আইনী আদায় নিবারণের জন্য একটা মার্কেট রেগ্র্লেসন বিল সরকারের বিবেচনাধীন আছে। আর বেশী সময় নিতে চাই না। আশা করি আমি মাননীয় সদস্যদের মোটাম্টি সকল প্রশেনর উত্তর দিতে পেরেছি। আমার বায় বরান্দের প্রস্তাব আশা করি তাঁরা সমর্থন করবেন। আমি সমসত ছাঁটাই প্রস্তাবের বিরোধিত। করিছ।

Mr. Speaker: Honourable members, I put to vote all the cut motions together excepting cut motions Nos. 3, 6, 21, 59 and 41.

(The cut motions were then put and lost).

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schmes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhii Chandra Das that the demand of Rs. 8.72.33,000 for expenditure under Grant No. 22. Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and bot.

The motion of Shii Girish Mahato that the demand of Rs. 8, 12, 63,000 for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand of Us. 8.72, 2.000 for expenditure under Giant No. 22. Major Heads: 31—Appenditure—Agricultore and 9. Capital Outlay on Schemes of Agriculteral Improvement and Research" be reduced to Re. 1, was then out and loct

The motion of Shri Abdul Biri Moktar that the demand of R 8,72 % 000 for a sendator under Grant No. 22. Major Heads: 31 Action/one Agriculture and 95 Capital Only on Schemes of Agricultured Course and Research be reduced by Rs 100, who then one and both.

The motion of Shir Nagen Dolai that the demand of Rs \$72, 3,000 to espend-time under Grant No. 22, Major Heads: 551 A. rentitive Agreeithe e and 95 Capital Outlay on Schemes of Agreeith radict previous it and Research, be reduced by Rs. 100, was then but and by

The reason of Shri Dulal Clandra Mondal that the demand of 98, \$72,53,900 for expenditure under Grant No. 22, Major Heads: 531-Arriculture -Agriculture and 95 -Capital Outlay on Schemes of Agricultural Especie ment and Research be reduced by Rs. 100, w.s then out and los.

The metion of 8bir Thrun Kurae Sen Gupta that the demand of its,  $\kappa_0/2/2000$  for especialiture under Grant No. 22. Major Heads: 131-Aericulture—Achieulture and 95-Capital Outlay on Schemes of Aericultural Improvement and Research be reduced by Rs. 100, was then out and lost

The motion of Shii Ganesh Ghosh that the demand of Rs. 8,72,34,000 for expenditure under Giant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahatpatra that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then int and lost

The motion of Shri Monoranjan Hazra that the demand of Rs. 8.72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abhoypada Saha that the demand of Rs. 8.72, 23,000 for expenditure under Grant No. 22, Major Heads. 231—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100, w.s then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Shambhu Gopal Das that the demand of Rs. 8,72,33,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 8.72.33,000 for expenditure under Grant No. 22, Major Heads 131—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research 11 be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nimar Chand Murmu that the demand of Rs. 8,72,73,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী শ্রীতর প্রকান্তি ঘোষকে কতকগুলি কথা বলতে চাই। আমার মনে হয় উনি বোধ হয় অবগত আছেন যে গত ১২ই ফেব্রুয়ারী আনন্দ বাজার পত্রিকায় একটা বিরাট হেড লাইন দিয়ে খবর বেরিয়েছিল যে, ব্রকে যে সমস্ত টেকনিক্যাল স্টাফ আছে আমাদের ডাইরেক্টার অব ইন্ডাস্ট্রিসের আনডারে তাদের নোটিশ দেওয়া হয়েছে ইতিমধ্যে যে তাদের সারভিস আর চাইনা বলে। সেখানে প্রায় ৭০০ কমী সামাদের অল ওভার ওয়েষ্ট বেশ্গলএ আছে তারা ছাঁটায়ের মূথে আজকে দাঁডিয়ে আছে। ভাদের চাকর্ত্ত ২৮৩ ফেব্রয়ারীতে গিয়ে টার্রামনেট করবে। এই বিষয় আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ কিছ্মুক্ষণ পূর্বে তিনি এই সভার সর্বসমক্ষে বলেছেন যে রুর্যাল এরিয়াতে কো-অপারেটিভ করে যাতে নাকি কটির শিল্প ব্যাপকতর হতে পারে তার জন্য তিনি চেষ্টা করবেন। এই বিষয়ে আমি তাঁর দূচিট আকর্ষণ করতে চাই যে, রকেতে যে সমস্ত টেকনিক্যাল ট্রোনং সেন্টার আছে সে বিষয়ে যেন তিনি খোঁজ খবর নেন। এবং যে সমস্ত ট্রেনিজ, তারা যে সমস্ত স্টাইপেন্ড পেয়ে থাকে. যাতে নাকি ট্রেনিং ওভার হয়ে যাবার পরে তারা কো-অপারেটিভ িসস্টেমে উইথ দি হেল্প অব দি গভর্নমেন্ট যাতে তারা কো-অপারেটিভ চাল্ম রাখতে পারে তার জনা তাদের উপরে ইন্সট্রাকশন দেওয়া হয় এবং যখন তাদের স্টাইপেন্ড দেওয়া হয় তখন তাদের কাছ থেকে ৫ টাকা করে পটাইপেন্ড থেকে নিয়ে ব্রকে জমা দেওয়া হয়। তারপর ট্রেনিং যখন তাদের ওভার হয়ে যায় তারপর এই টাকাটা, আজ পর্যন্ত অন্ততঃ আমার এলাকার যে বক আছে, থে লেদার ট্রেনিং দেওয়া হয়েছে আন্ধ পর্যন্ত তারা কোন কো-অপারেটিভ করতে পারে নি।

এবং তাদের সেই টাকাটা এক বংসর ট্রেনিংএর সমায় ব্রকে জমা আছে সেই টাকাটা পেলে তার। ইনডিভিজ্রেলি বিজনেস করতে পারে কিন্তু সে টাকাটা তাদের রক অফিস থেকে দেওয়া হর না। এই সম্বন্ধে আমি তার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং তার যতথানি করণীয় এই বিষয়ে যদি তিনি সহান্ভূতি সম্পন্ন হৃদয় নিয়ে এই সমস্ত গরীব লোকদের উপরে দৃষ্টি দেন ভাহলে আমি খুশী হব। কারণ আমি নিজে ব্যক্তিগতভাবে বহু দ্টাফকে জানি, তারা মিটিং করেছিল ইতিমধো এবং তারা বলেছিল যে, দেখন আমরা শুসুর্ বাঁচতে চাই। এই ওয়ার ইমারজেন্সীতে যেখানে নাকি বহু লোককে যুম্থ ক্ষেত্রে চাকরীতে নিয়েগ করা হছে সেখানে এদের চাকরী যাবে কেন। এবং আমি জানি যে আমার সরকারের কাছে এই রকম নিদ্র্য্থি নিয়ম আছে যে কোল লোকের অন্ততঃ এই ইমাজেন্সী পিরিয়ডে চাকরী না যায় তার জনা তাঁরা সজাগ ও সচেন্থ থাকবেন।

আর একটা কথা হচ্ছে খাদি ইন্ডাম্ট্রী সম্বন্ধে যে কথা তিনিও বলেছেন, কারণ আমরা নিজেরা সোসিয়াল ওয়েলফেয়ার বোর্ডের মধ্যে থেকে জানি, আমরা অম্বর চরকা ট্রেনিং-এর জন্য যে ব্যবস্থা করেছিলাম আজকে সেই ট্রেনিং ফেলিওর হতে চলেছে এই কারণে যে অম্বর চরকা ট্রেনিং যেখানে আছে সেখানে সাইড বাই সাইড যদি আমরা খাদি উইভিংএর চেষ্টা যদি না করি छादल এই म्कीम किছ, एउटे ठाल, टएठ भारत ना। कात्रण आमि निरक्ष एम थानि স্তায় যারা উইভিং করতে যায়, যদি একবার তারা মিলের স্তায় করে তাহলে কিছুতেই তার: আর থাদি স্তাতে তাঁত চালাতে চায় না। এই কারণে আমিও তাঁকে বলছি যে যখনই খাদি স্কীম দেওয়া হবে অর্থাৎ অম্বর চরকা যেখানে দেওয়া হবে সেখানে যদি তার সাইড বাই সাইড উইভিংটাও না দেওয়া হয় তাহলে এই দ্কীফ কিছুতেই সাকসেসফুল হতে পারে না। ষারা নাকি খাদি চালায়, আমি আমাদের শ্রন্থেয় আপার হাউসের মেম্বার অগ্রদা বাব্বকও জিজ্ঞাসা করেছি, যেখানে খাদি সেন্টার আছে তিনি বলেছেন যদি আমরা সজাগ দুল্টি গ্রামের লোকদের উপরে না রাখি তাহলে তারা যে স্তা সাংলাই দেয় সেই সমস্ত উইভারদের সেখানে আমরা জানি যে, স্তা ভিজিয়ে, পিটিয়ে এই স্তাগ্লিকে খাদির মত তৈরী করে তাঁতে ১০০ বুর্নানতে সেই সূতা ইউজ করে, অর্থাৎ মিলের সূতা। কাজেই এই যে খাদি উইভিং, এটার উপরে যদি তাঁরা সজাগ দুজিট না রাখেন তাহলে অম্বর চরকার যে স্কীম সেই স্কীম আমি বলবো আজকে প্রায় মৃত্যুর পথে যাচ্ছে। তাই আমার তাঁর কাছে আবেদন যে, এই যে প্রায় ৭০০ লোকের চাকরী যেতে চলেছে তাদের যাতে চাকরী না যায় সেটা দেখবেন। এই টেকনিক্যাল স্ট.ফ হিসবের ব্লকে যদি তাদের চাকরী চলে যায় তাহলে তারা কিভাবে জ্বীবিকা অর্জন করতে পারবে এবং জীবনেতে প্রতিষ্ঠিত হতে পারবে তার জ্বনা যেন তাঁরা চিন্তা করেন, এই বলে আমি আপনার কাছ থেকে বিদায় নিচ্চি।

[]-10-1-20 p.m.]

# Shri Sambhu Charan Ghosh:

মাননীয় দ্পীকার মহাশার, মাননীয় মন্ত্রী কো-অপারেটিভএর বরান্দ পেশকালে নিজেই দ্বীকার করেছেন যে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন সাফল্যের সঞ্জে এগিয়ে যেতে পারে নি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে সমবায় আন্দোলন দ্রুত গতিতে অগ্রসর হয়েছে পশ্চিমবাংলা সেখানে অনেকথানি পিছিয়ে আছে—বিশেষ করে বোন্দে, মাদ্রাজ, অন্ধ এবং ইউ পি—এই সমন্ত জারগায় যেভাবে সমবায় আন্দোলনকে সাফল্যের সঞ্জে এগিয়ে নিয়ে যেতে পেরেছে পশ্চিমবাংলা সেদিক দিয়ে ব্যাকওয়ার্ড এবং একথা রিজার্ভ বান্দক সাম্প্রতিক রিপোর্টে প্রকাশ করেছে যে সমবায় আন্দোলনক এগিয়ে নিয়ে বার্ডরার জ্বান্দোলন পশ্চিমবাংলার বার্থ হয়েছে। এখানে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে বার্ত্তরার ক্রেন্তে সরকার বার্থতার পরিচয় দিয়েছেন। আমরা জানি একটি দেশকে গণতান্ত্রিক পথে এগিয়ে নিয়ে বেতে হলে এই সমবায় নীতিকে সার্থকভাবে কাজে লাগান দরকার। বিশিষ্ট অর্ধনীতিবিদ ডাঃ ওয়ালেস এবং আর একজন ডাঃ ই আর ব্রাউন বলেছেন—

The failure of Co-operation is a defeat of democracy.

তাই আমরা দেখি গ্রেট রিটেন এবং ইউরোপএ যখন অর্থনীতির পরীক্ষা নিরীক্ষা চলছে তারপর D.8

মেখানে সমবার আন্দোলন অত্যত দ্রতেতার দ্বপো প্রসারলাভ করেছে। গ্রেট রিটেন, স্কটল্যান্ডএ ক্রেতা সমবায়, জাপানে, জার্মানীতে কৃষির সমবায় উল্লেখবোগ্য ভূমিকা গ্রহণ করেছে। আমাদের মেখানে যদি গণতন্তার সার্থক রূপ দিতে চাই তাহলে সমবায় আন্দোলনের দিকে আরও বেশী করে দ'ন্টি দিতে হবে। সমবায় আন্দোলনের মূল লক্ষ্য হচ্ছে যে সমাঞ্চের বিভিন্ন সকরে যেখানে মনোপুলি আছে সেই মনোপুলি স্বিয়ে দিয়ে সাধারণ মানুষের সহায়তা নিয়ে অর্থনৈতিক ভিত্তি রচনা করা। সহরে এবং গ্রামেতে আমরা দেখি এক শ্রেণীর মানুষ আছেন যারা সহর এবং গ্রামের অর্থানীতিকে তাদের কৃষ্ণিগত করে রাখার চেন্টা করছেন। গ্রামেতে যেভাবে কৃষি সমবায় গড়ে তোলা উচিত সেইভাবে তা গড়ে উঠতে পারছে না। এক দিকে সরকারী উৎসাহ বা প্রচেন্টার অভাব অপর দিকে কায়েমী স্বার্থের প্রতিবন্ধকতা সেট তো আছে, তা ছাডাও আরেকটা জিনিস আছে যেটা হচ্ছে সাধারণ মানুষের মধ্যে সমাজ চেতনার অভাব। এই তিনটি জিনিষের জন্ম আমাদের দেশে বা গ্রামে কো-অপারেটিভ ফার্মিং ঠিকভাবে ডেভেলাপ করে নি যার জনা আমরা দেখছি ১৯৬১-৬২ সালে পশ্চিমবংশ যেখানে সামগ্রিকভাবে শস্যোৎপাদনের পরিমাণ ৫৮ লক্ষ টন ছিল সেখানে ১৯৬৩ সালে নেমে গিয়ে ৫৩ লক্ষ টন দাঁডিয়েছে। লক্ষ্যোত্র সম্প্রতি ফেব্রুয়ারী মাসের ম্বিতীয় স্পতাহে সমবায় মন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল সেখানে একথা স্বীকার করা হয়েছে যে, বিভিন্ন রাজ্যে উৎপাদন হাসের জন্য বিভিন্ন রাজ্য সরকার দায়ী, কারণ তাঁরা সমবার আন্দোলন ঠিকরকমভাবে গ্রহণ করেন নি। সমবায় আন্দোলন যদি ঠিকভাবে গ্রহণ করে কো-অপারেটিভ ফার্মিংএর উপর জাের দেওয়া হত তাহলে অন্ততঃ গ্রামের ক্ষকদের আর্থিক অক্স্থা উন্নত করা মেত. উৎপাদন বৃদ্ধি করা যেত এবং সহরে বিভিন্ন জিনিসের মূলা বৃদ্ধি রোধ করা ৰেত। মাননীয় মন্তিমহাশয় যে সমস্ত তালিকা দিতেছেন, আমরা আশা করব তিনি যদি সেগালি কার্য'করী করার চেন্টা করেন তাহলে নিশ্চয়ই আমরা প্রোডাকশান বাড়াতে পারব। আমরা সারো আশা রাখি যে, বর্তমানে যে সমস্ত প্রতিবন্ধকতা আছে সেদিকে সরকার দূলি রাখবেন এবং দেশবাসীর মধ্যে যাতে করে সমবায়ের মনোভাব সুষ্টি করতে পারেন তার জন্য সরকারকে চিন্তা করা দরকার। কর্নাঞ্চিমার কো-অপার্রোটভ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁরা বস্তুতা রেখেছেন, কিল্পু আমরা জানি এবং যে কথা আমি আগেও উল্লেখ করেছিলাম যে কেল্টায় সরকার এই বিষয়ে যথেষ্ট সাহাষা ও সহযোগিতা করতে স্বাকৃত হয়েছে। কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্য সরকারকে কর্নাজ্জমার কো-অপারেটিভ খোলবার নির্দেশ দিয়েছিলেন এবং তার জনা বরান্দ টাকাও দিতে রাজি হর্মোছলেন। কিল্ড আমরা দেখলাম যেক্ষেত্রে অন্যান্য রাজ্য এগিয়ে ৰাচ্ছে সেখানে পশ্চিমবংগ কো-অপারেটিভ ফার্মিং ঠিকভাবে চাল, করবার জন্য কোন বাস্তব পন্থা গ্রহণ করা হয় নি। সেজনা আজকে এখানে সাধারণের প্রশ্ন হল, আজকে সহরের বাজারে যাঁদের কৃক্ষীগত আছে, যাদের মনোপলি, আজকে যাঁদের ইন্টারেন্ট বাধা হয়ে দাঁড়াবে, সরকার যদি এসব বাধা ও প্রতিবন্ধকতা অপসারণ করে সমস্ত প্রয়োজনীয় জিনিষ কর্নাঞ্জমার কো-অপারেটিভএর মাধামে সাধারণ মান্যকে দিতে পারেন তাহলে সাধারণ মান্য উপকৃত হবে। কিল্ডু তা না করে যদি শুধুমাত্র শতকরা ৫ ভাগ এর মধ্যে নিয়ে এলাম, আর वाम वाकी मत्नाशीम वावभारा एतं शास्त्र शास्त्र वार्ष प्रमान जाहरम किছ् हे हत्व ना, वदार का-अशास्त्रिके ফার্মিং একটা ফার্সে পরিণত হবে। তারপর কো-অপারেটিভ মার্কেটিং সম্পর্কে লক্ষোএ সমবার মন্ত্রীদের যে সম্মেলন হরেছিল সেখানে একথা স্বীকার করা হরেছিল যে, কো-অপারেটিভ ফার্মিংএর ক্ষেত্রে ভারতবর্ষ তুলা আর আখ ছাড়া আর কিছুতেই সাক্সেমফুল হতে পারে নি। পাট এবং তুলার বাঁজ কো-অপারেটিভ মাকেটিংএর মধ্যে যাতে করে ঠিক দরে কিনে এবং বিক্রী করে সাধারণ মানুষের কাছে পোছে দিতে পারা যায় তার জন্য আমি সরকারের দুল্টি আকর্ষণ করতে চাই। একথাও লক্ষো সম্মেলনে আলোচিত হরেছিল যে, স্টেট ব্যাঞ্চকে অনুরোধ করা হোক. কো-অপারেটিভ মার্কেটিংএর ক্ষেত্রে স্টেট ব্যাৎক যেন পজিটিভ রোল নেয়, এবং রিজার্ভ ব্যাৎক যেমন এগ্রিকালচার ক্রেভিট সোসাইটিকৈ সাহায্য দেবার ব্যবপারে এগিয়ে এসেছে তেমনি শ্টেট ব্যাঞ্ক-এর কাছেও সরকারের এ্যাপ্রোচ করা উচিত যাতে তাঁরা পঞ্জিটিভ রোজ নিয়ে সাহাষ্য করতে এগিয়ে আসেন। চতুর্থত, এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি বা ঋণদানের ব্যবস্থা যেটা आছে - मक्को अस्प्रामान अकथा न्वीकात कता शर्ताष्ट्रण या. ভातउपर्स अभवात आस्मानन यीन

কোথাও কিছু মাত্র সাক্ষণ্য লাভ করে থাকে তাহলে সেটা হচ্ছে ক্রেভিট মৃভমেন্ট। কিন্তু ক্রেভিট মার্লার দেখি বে, সাধারণ কৃষকদের বে সময় টাকা প্রয়োজন, সে সময় টাকা পেলে তারা চাষ করতে পারে সেই সময় তারা স্টো পায় না, কারণ, এই ক্রেভিট সোসাইটিতে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, কায়েমী স্বার্থীবিশিন্ট রাজনৈতিক দলের নেতাদের হাতে থাকার ফলে অনেক ক্রেল্ল অভাবগ্রুত ও প্রকৃত নিভি বারা তাদের কাছে সেই সাহাষ্য পেশিছায় না। সেজনা এই ক্রেভিট সোসাইটিতে যে দৃন্নীতি ও অব্যবস্থা আছে সেগ্লীল দ্র করবার জনা সরকারের এগিয়ে অসা উচিত। শেষে আমি একটা কথা বলব, আজকে ভারতবর্ষে সমবায় আন্দোলন কি কারণে সার্থকতা লাভ করে নি তার কারণ অন্মুসন্ধান করার জন্য ভি আর মেহেতাকে নিয়ে একটা নতুন কমিটি করেছেন।

# [1-20-1-30 p.m.]

সেই কমিটির কাজ হবে ভারতবর্ষের সমবার আন্দোলনকে কেমন ভাবে এগিয়ে নিয়ে যাওয়া বায় বে সম্পর্কে অনুসম্পান করবেন এবং সে সম্পর্কে সিম্পান্ত সরকারের কাছে জানাবেন। তেমনি ভাবে, পশ্চিমবংগে যদি সরকার এইরকম একটা কমিটি করেন যে কমিটি পশ্চিমবংগে বিভিন্ন ক্ষেত্রে সমবার আন্দোলনের প্রসারতার সম্ভাবনা কোথার আছে এবং কিভাবে যেগালি আছে তাকে রিভাইটালাইজ করা যায় এবং ন্তন ন্তন ক্ষেত্রে কিভাবে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারা যায় সে সম্পর্কে অনুসম্পান করে সরকারের কাছে রিপোর্ট দিতে পারেন তাহলে আমি মনে করি পশ্চিমবাংলার সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারি এবং সাধারণ মানুষকে সমবায় আন্দোলনের লক্ষেট্ন আমরা পৌছে দিতে পারব।

## Shri Nikhil Das:

মাননীয় ংধ্যক্ষ মহাশয়, আমরা শিল্প, বাণিজ্য, ছোট শিল্প এবং কুটির শিল্প খাতে বায় বরাদ্দ উপস্থিত করতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পক্তিমবংলা শিল্পের ক্ষেত্রে এগিয়ে আছে: আপনার মাধানে তার দ্বিট আকর্ষণ করতে **চাই যে তাঁর ভাষায় শিল্পসমূদ্ধ পশ্চিম**-বাংলায় পলিচমবাংলার যারা সন্তান ত দের স্থান কোথায় এট্রকন কি তিনি বিবেচনা করে দেখেছেন? আজকে সমুন্ধ শিল্প গড়ে উঠছে কিল্ডু তাতে পশ্চিমবাংলার যারা সন্তান তারা ধীরে ধীরে শিলেপর ক্ষেত্র থেকে, বাণিজ্যের ক্ষেত্র থেকে যে সরে আসছে একথা কি সত্য নয়? সেজনা গতবার তিনি যখন নতেন এই দশ্তরের ভার নেন তথন তাঁর কাছে একটা আবেদন রেখেছিলাম সেটা হচ্ছে, এই যে পশ্চিমবাংলায় বেকার সমস্যার সঙ্গে পশ্চিমবাংলার যে শিল্প তা অঞ্চাঙ্গী ভাবে জড়িত আছে, তাই পশ্চিমবাংলার শিল্প ও বাণিজ্যেক ক্ষেত্রে পশ্চিমবাংলার স্বতানের জায়গা যদি ঠিকভাবে না হয় তাহলে পশ্চিমবাংলার স্বতান যারা তারা শিল্পে বাণিজ্ঞা যে চাকরী সে চাকরী তারা পাবে না—তাদের বেকার সমসা। বেডে যাবে। আজকে পশ্চিমবাংলার দিকে যদি তাকিয়ে দেখি তাহনল দেখব পশ্চিমবাংলার মধ্যবিত্ত সমাজ, শিক্ষিত মানুষ যারা তারা আজ্ব কাজ পায় না, চাকুরী পায় না। তাদের যে বিদ্যা আছে সেই বিদ্যাকে যদি শিল্পের কাজে লাগান যায় তাহলে পশ্চিমবাংলাকে আরও শিল্পসমূন্ধ করা যায়। ২।৪ দিন আগে এই জ্যাসেমব্রীতে কংগ্রেসের তরফ থেকে একজন সদস্য বলেছিলেন যে পশ্চিমবঞ্গে শিল্পের যে প্রসার হচ্ছে না তার কারণ হচ্ছে যে পশ্চিমবাংলায় কেউ মূলধন নিয়োগ করতে চায় না, কারণ পশ্চিমবাংলার শ্রমিকরা অত্যন্ত বেশী ছাইক করে। কথা সত্যি নয়, সত্যি বে কথা সেকথা শিল্প মন্ত্রী তাঁর বন্তব্যের মধ্যে উল্লেখ করে গেছেন। ৫ লক্ষ টাকার উপর মূলধন বা বাণিজ্ঞা সংস্থা যদি পশ্চিমবাংলার উপর গড়ে তুলতে চায় তাহলে কেন্দ্রের কাছ থেকে লাইসেন্স নিতে হয়, অনুমতি নিতে হয়। এই অনুমতি নেবার জায়গাটা একটা অম্ভূত জায়গা। পাশ্চম-বাংলার সন্তান যার তারা যদি পশ্চিমবাংলার ব্রকে শিল্প এবং বাণজ্ঞা সংস্থা গড়ে তুলতে চায় তাহলে ঐ মন্দ্রী দৃশ্তর এমন একজন মন্দ্রী আছেন যার কাছ থেকে অনুমতি বা লাইসেন্স তারা পায় ন। পশ্চিমবংলায় শিল্প বাণিজ্য সংস্থা বাদে পশ্চিমবাংলার বাহিরের কোন मान्य यीम शएए जनएक हाम जाइरन जाएनत भरक रमडे नाइरमन्त्र भारतात रहरातात वह स्य দিকটা এই দিকটার প্রতি আমি আপনার মাধ্যমে শিল্প মন্ত্রী মহাশয়ের দুষ্টি আকর্ষণ করছি।

आत अक्रो कथा वमरू हारे, जा शर्फ कमकाला উन्नय़त्नत्र कथा, अक्रो तार्ज न्थाभन कवा হরেছে তেমনি বড বড শিলেপর উন্নয়নের জন্য একটা বোর্ড তৈরী করা উচিত যে বোর্ডে भवकाती প্রতিনিধি **थ** কবে, এবং এছাড়া পশ্চিমবাংলার সম্তান, মধ্যবিত্ত ঘরের মানুষ যারা শিক্ষিত শিল্প সম্পর্কে জ্ঞান আছে সে ধরনের লোক নিয়ে এ সংস্থা করা উচিত যাতে করে পশ্চিমবংলার মান্ত্রে শিল্পে বাণিজ্যে তার যথাযোগ্য স্থান অধিকার করতে পারে। এছাডা বেকার সমস্যা যাতে সমাধান হয় এ বোর্ড সে দিকে নজর দেবে, আর একটা দপ্তর করার কথা বলা হচ্ছে যা আপনার মাধ্যমে আমি শিল্প ও বাণিজ্ঞা মন্দ্রীর দক্ষি আকর্ষণ কর্মছ। তাদের ভাইরেকটোরেটএ একটা বিভাগ খুলুন, যে বিভাগে পশ্চিমবাংলার মধ্যবিত্ত মানুষ ধারা শিক্ষিত যারা শিল্প থাণিজ্য সংস্থা গঠন করতে চায় তাদের সব কিছু দিয়ে সাহায্য কর্ন, যাতে নাকি তারা শিলেপ বাণিজ্যে স্থিতিবান হতে পারেন। এসব বিচার করবার জনা ডাইবেক্টোরেটএ मण्डत तथाला मतकात वरल आमि मर्तन कति। अतभव मिल्भ नीजित कथा वलावा मिल्भ नीजि वींग किए, वनाए दश छाइएन अथाम वनाया श्रीन्त्रमयण महकारहर मिल्य नीजि मन्यार्क खमी किए वनवात रान्हे। भिन्न नौकि निर्धात्रम हास आत्म किन एथरक कवाल २।८ कथा वनरक इत्र कार्त्रण अथात्न वाहि छेन त्यारगत्र कथा गत्निष्ट। अथात्न शाहरू कार्त्रिण कथा गत्निष्ट। এখানে পাবলিক সেকটারের কথা শূরনছি। কিল্ড সে কথা আপনার মাধামে হাউসের কাছে রাখতে চাই সেটা হচ্ছে আমাদের কেন্দ্রীয় সরকারের মিশ্র অর্থনীতি যা শিল্প নীতির গোডার কথা হিসাবে গ্রহণ করেছেন। এই মিশ্র অর্থনীতি সম্পর্কে আমাদের সঞ্গে মত প্রভেদ থাকুক না কেন এটা বার্থ হয়েছে, তব্ব তার মধ্যে আমি যেতে চাইছি না, কিল্ড যে কথা আপনার মাধ্যমে রাখতে চাই সেটা হচ্ছে যেটা মিশ্র অর্থানীতির গোডার কথা সেটা সরকারের ঘোষিত নীতিতে বসা হয়েছে। মিশ্র অর্থানীতিতে ব্যক্তি উদ্যোগের উল্লেখ থাকা সত্তেও সেখানে ধীরে ধীরে রাষ্ট্রীয় উদ্যোগের দিকে শিষ্পকে নিয়ে যাবার যে কথা আছে সেটা মিশ্র অর্থনীতির গোডার কথা যে আমরা ধীরে ধীরে প্রাইভেট সেকটার বাড়াবো এবং এর মধ্য দিয়ে ধীরে ধীরে রাষ্ট্রীয় উদ্যোগের দিকে আমরা এটাকে নিয়ে যাবো এর ভেতর দিয়ে, কিল্ত যদি সেইটা লক্ষ্য করে দেখি তাহলে পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখবো মিশ্র অর্থনীতির যে কৃফল সে কৃফল পশ্চিমবাংলাব বুকে কিভাবে ফলছে—সে কথা আপনার মাধ্যমে রাখতে চাই। পশ্চিমবাংলার বুকে যে ছোট শিল্প গড়ে তোলা হবে তার একটা সংস্থা আছে তা হচ্ছে ওয়েষ্ট বেণাল মাল দেকল ইন্ডাস্টিয়াল করপোরেশন। কিল্ড এই করপোরেশনের ভেতর যারা বসে আছেন শিল্প প্রতিনিধি হিসাবে তারা মোটাম.টিভাবে বড শিল্পের সংগে জডিত। এই বড শিল্পের সংগে জডিত থাকার জন্য তাদের ম্বারা ছোট শিল্পের উন্নতি কিভাবে হতে পারে? মাননীয় স্পীকার মহ।শয় আপনি যদি এ বিষয় দুটি আকর্ষণ করেন তাহলে দেখবেন ছোট শিল্পকে প্রসার করবার জন্য যে জায়গায় যাওয়া উচিত ছিল তা তারা করতে পারেন নি। এবার বাজেটে দেখছি ১০ লক্ষ টাকা এই শেয়ার ক্যাপিটাল দশ্তরকে দেওয়া हरसार । किन्छ अस देशन स्थल स्थल हेन्छान्धियाल कर्त्तारमात्र साधास सकार मिल्लक বিকেন্দ্রীকরণ করে গ্রামে গ্রামে শিল্প গড়ে তোলা উচিত ছিল, সম্প্রসারণ করা উচিত ছিল, ছোট শিল্পের সে জারগায় তারা বার্থকাম হয়েছেন। গ্রামে শিল্প ছডিয়ে দেবার যে জায়গা সে জায়গায় শিল্প যাতে গড়ে উঠতে পারে সেই স্মল স্কেল ইন্ডাস্ট্রির জাষগায় পেছিয়ে আছেন কোন উন্নতি করতে পারেন নি। এর উদাহরণ কটেজ আল্ড স্মল স্কেল ইল্ডাস্ট্রির হ্যান্ডলুম ইন্ডান্ট্রিতে কথা উঠেছে—তাঁত নিল্প সম্বন্ধে। তাঁত নিল্পের ব্যাপারে আমি দেখাব ক্যাপিটেন আউটলে অর্থাৎ গ্রান্ট নং ২৭, হেড নং ৯৬এ ইন্ডান্ট্রিয়াল ন্টেটএ ২৫ হাজারের-একটা স্তাক্লে তৈরী করার জন্য ৬ লক্ষ টাকা বরান্দ ছিল, কিন্তু যে ৬ লক্ষ টাকা খরচ করা হয় নি। এবং ২টা নিউ ইন্ডাম্ম্রিয়াল এস্টেট করবার ব্যাপারে ১০ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল ২ লক্ষ সেখানে থরচ হয়েছে বাকি টাকা থরচ হয় নি। ৮টা স্মল ইন্ডাস্ট্রিয়াল হেড করবার ব্যাপারে ৮ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল সেখানে ৪ লক্ষ টাকা খরচ হয়েছে। মাননীয় দ্পীকার মহাশয় আমি আপনাকে দেখাছি ডেভেলাপমেন্ট কটেজ ইন্ডান্ট্রির জন্য ডেভেলাপমেন্ট ক্রীম শাতে যে টাকা ছিল তাও খরচ করতে পারেন নি। ১ কোটি ৫১ লক্ষ যে টাকা ছিল সেখানে শরচ হয়েছে ১ কোটি ২৩ লক্ষ টাকা। এবং ইন্ডান্টিজ-এর হেড নং ৯৬ লাল বইএর ১১১

পাতার আমাদের ডেভেলাপমেন্ট স্কীম খাতে ক্যাপিটেল আউটলে খাতে ৬২ লক্ষ ৯২ হাজার 
রাকা ধরা ছিল খরচ হয়েছে সেখনে ২৩ লক্ষ টাকা। অতএব ইন্ডান্ট্রিয়াল মেন হেডএর ব্যাপারে
দেখন বা কটেজ ইন্ডান্ট্রিজের ব্যাপারে দেখন ডেভেলাপমেন্ট খাতেরও বহু টাকা খরচ হয় নি,
অব্যায়িত রয়ে গেছে। তাই আপনার মাধ্যমে যে কথাটা জারের সংগে বলতে চাই যে, পিন্চম
বাংলাকে যদি বাঁচাতে হয়, পিন্চম বাংলাকে শিলেপ সমৃন্ধ করে তুলতে হয়—পিন্চম বাংলার
বেকার সমস্যা যদি সমাধান করতে হয় তাহলে শিলেপ সম্লার অনেক করণীয় কাজ আছে।
বিদ্যুৎ সংকট আছে বলেছেন—বিদ্যুৎ সংকটের জন্য শিলেপর যা প্রসার হওয়া উচিত সেই
প্রসার হতে পারছে কি? যার জন্য তিনি সাচদেও কমিটির রিপোটের কথা বলেছেন। তাতে
বলা আছে যে যে পরিমাণ কাজ করার কথা ছিল বিদ্যুতের জন্য সে পরিমাণ কাজ হয় নি।
ভূতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কিছুটা পরিকল্পনা নেওয়া হয়েছে। ২৩ কোটি টাকা এই
খাতে দিয়েছেন। কিন্তু একটি প্রশ্ন আপনার মাধ্যমে করছি যে যেন আমাদের একদিকে আনব্যালেন্সড না হয়ে যায়। যেমন বিদ্যুৎ সংকট সমসাার দিকে নজর চলে গেল—সেদিকে তা হয়ে
গেল তারপর আবার অন্য দিকে চলে গেল নজর। এই যে আনব্যালেন্সড ইকনমি—এই যে
অবস্থা পশ্চিমব্যুগের এই দিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশ্রের দৃষ্টি আকর্ষণ করছি

— এই কথা বলে আমি আমার বস্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

### Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় ৮প<sup>†</sup>কাব মতাশয়, শিল্পমন্ত্রী মহাশয় আমাদের যে দাবী উপ**স্থিত করেছেন সমবায়** খাতে এবং শিল্প খাতে ৬ কোটি ৩৮ লক্ষ ২৩ হাজার টাকা-এটা খুব বেশী বলে মনে করি না। অবশ্য আমি অনেক নীতিও সমর্থন করি না। যার কারণ হচ্ছে <mark>যদি দেখি শিল্পের</mark> মাধ্যমে অথবা সমবায়ের মাধ্যমে বাংলা দেশের লক্ষ লক্ষ লোকের উপকার হবে—বা কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছে। আয় বৃদ্ধির জন্য চেন্টা করছে—অল্ল সং**স্থানের ব্যবস্থা করতে পারে** ছাহলে এই ৬ কোটি টাকার দ্বিগণে যদি দাবী করতেন তাহলে আমরা সমর্থন করতাম। কিন্ত আমবা দেখতে পাচ্ছি ব্টিশ আমলে তাদের যে সামাজাবাদী নীতি ছিল তার মধ্যে তাতে বাংলার সম্পত্তি কারা নন্ট করেছিল এবং বাংলা দেশকে একটা কাঁচা মাল সরবরাহের একটা কেন্দ্রে পরিণত করেছিল। সেটা আমরা আজকে দেখতে পাচ্ছি। এই ১৫ বংসরে কংগ্রেস সরকার এই প'্রিছ-পতিদের স্বার্থ পরিচালনা করতে গিয়ে বাংলার লক্ষ্ণ লক্ষ্ণ যুবক আজকে বেকারে পরিণত, অর্থ বেকারে পরিণত হয়েছে। তাদের অন্ন সংস্থানের কোন ব্যবস্থা নাই। কিন্তু আমরা মনে করি ষে এই শিল্প নীতি, শিল্প নীতি পরিবর্তন করার ফলে তারা যদি গ্রামে গ্রামে কুটির শিল্পের অগ্রাধিকার দিতে পারত তাহলে আমার মনে হয় নিশ্চয়ই বাংলা দেশের লোকের অল্ল সংস্থানের ৰাবস্থা হোত। কিন্তু দুঃখের বিষয় শিল্প মন্ত্রী এখানে যা বস্তুতা দিলেন তাতে মনে হোল যে তিনি যে স্কুলের ছেলেকে কতকগুলি উপদেশ দিলেন। তিনি তাঁর নীতির পরিবর্তন করতে পারেন কিনা সে বিষয়ে তিনি একটা কথাও বললেন না। সেজন্য আমি বলবো তাঁর যে শিল্প-নীতি সে সম্বন্ধে কিছু বলেন নি। কয়েক দিন পূর্বে সমবায় সম্বন্ধে যে সম্মেলন হয়ে গেল মন্ত্রীদের যে সম্মেলন হয়ে গেল—অথবা স্ব্যানিং কমিশনের যে রিপোর্ট তাতে আমরা দেখেছি থে এ'দের এই শিল্প নীতি বার্থতায় পর্যবিসত হয়েছে। তার মূল কারণ যতক্ষণ পর্যত এ'দের মধ্যে থেকে দ্বজন পোষণ নীতি বজনি না হয় ততক্ষণ পর্যন্ত শিল্প নীতি বাংলা দেশে সফলতা लाভ कतरू भारत ना। आभात मभग्न अल्भ খून तमी नलरू ठारे ना। निरताधी भक्क श्वरक अस्नक কিছা এ বিষয়ে আলোচনা করা হয়েছে—এই শিল্প নীতি ব্যাপারে। বাংলা দেশের লোকসংখ্যা প্রচুর বেডে চলেছে—তাদের হাতে যদি কাজ না দিতে পারেন মানুষকে যদি শ্রেষ্ঠ বলে গণ্য করতে ना भारतन তारल वामता এर वास्क्रिके प्रमर्थन कतर् आतरवा ना। এर राष्ट्र मूल कथा। বিকেন্দ্রকিরণ করতে হবে এবং গ্রামীণ শিল্প অথবা কুটির শিল্প-- আজকে প্রত্যেক কুটিরকে একটা কবে কারখানায় পরিণত করতে হবে। বাংলা দেশের মৃতপ্রায় শিল্প যেমন—ততি, শৃ**ংখ** কিংবা রেশম, তসর ইত্যাদি বহু শিল্প আছে তাদের প্নক্তীবন দিয়ে সেখানে কর্মসংস্থাপনে <sup>ব্যবস্থা</sup> করবার চেণ্টা কর্<sub>ন</sub>। এখানে একটা উদাহরণ দিরে বলবো যে—মন্দ্রীদের তরফ থেকে भनाना द्रार्ट्यंत छेनारतन मिश्रा रह—धवान भाषात्वत कथा वनता—त्व भाषात्व स्थान २**७** 

হাজার ক্রায়েতন শিলপ—তারা সেখানে স্থাপন করেছেন এবং ২ হাজার লোক সেখানে কাজ করছে। তারা বছরে প্রায় ১০০ কোটি টাকা ক্ষ্রায়তন শিলপ থেকে উৎপাদন করেছে। এইসব ভাল ভাল জিনিস আপনারা গ্রহণ কর্ন। তারপর এই বিভাগের এই যে শিলপনীতি—তা সম্পূর্ণ বার্থ হয়েছে। আমি অনুরোধ করছি যে তা তাঁরা পরিবর্তন কর্ন। বাংলাদেশের কথা চিন্তা করে, বাংলার স্বার্থের কথা চিন্তা করে, মুন্টিমেয় কয়জন প্র্কিপতিদের কথা ছেড়ে দিরে বাংলার সাম্প্রিক স্বার্থের জনা এই শিলপনীতি আপনারা পরিবর্তন কর্ন।

তার্থর এই বিভাগের অপদার্থতা এবং দুন্নীতি সম্পর্কে আমার গ্রেতর অভিযোগ আছে যে জন এই টাকার বাজেট বরান্দ আমি সমর্থন করতে পারছি না। মাননীয় স্পীকার মহাশর, আমি আপনার সামনে কয়েকটি উদাহরণ দেব। কিছুম্মণ পূর্বে কোন্টেন আওয়ারে সেরামিক ইনিষ্টিটিউট সম্বন্ধে আলোচনা হয়ে গেছে। আমি এই সেরামিক ইনিষ্টিটিউট সম্বন্ধে কয়েকটি প্রথম কর্মান্ত আমি কত্রকগ্রালি অভিযোগ তলছি—তিনি যদি তার সঠিক জবাব দেন। এই বে**ৎগল** সেরামিক ইনস্টিটিউট বেলেঘাটায় অবস্থিত। দীর্ঘ দিন ধরে সেখানে জালিয়াতি, জুয়াচ্চ্রির একটা আন্ডাখানায় পরিণত হয়েছে, লক্ষ লক্ষ টাকা সেখানে তছরূপ হচ্ছে। মাননীয় মৃদ্রী মহোদয় জানেন, এই শিষ্প বিভাগের ডিরেকটরও জানেন—সেখানকার যে ডেপ্রটি ভাইরেকটর শ্রীশশবের রায় তিনি এই ভয়োচরির আন্ডায় বঙ্গে আছেন এবং সেথানে পদস্থ কর্ম-চারীদেশ নিশে একটা জোচ্চুরীর ব্যবসায় চালাচ্ছেন। তা প্রতিকার করবার কোন ব্যবস্থা হচ্ছে না। সেখানে এন্টি-করপশান ডিপার্টমেন্ট গিয়ে সে বিষয়ে তদন্ত করেছেন, রিপোর্টও দা**খিল** করেছেন। তা ধামাচাপা দেওয়া হয়েছে কেন? কেন তা প্রকাশ করা হচ্ছে না? আর যথন কোন্চেন করা হয়েছে, তখন ধামাচাপা দিয়েছেন। কেন তার উত্তর দিচ্ছেন না? কোন স্বার্থে? कारमुद्र न्वारथ'? वाश्नाद জनगरगद न्वारथ'? त्यरोग्रा मन्तीगरगद न्वारथ'? अथवा करत्रको পেটোয়া লোকের স্বর্থে—তা প্রকাশ করা হচ্ছে না-বলনে? আমি তাকে বলতে চাই বে সেখানকার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে, আমি এক এক করে সেই সমস্ত অভিযোগের কথা বলছি। ১৯৫০ সাল থেকে ১৯৫৮ সালের মধ্যে স্পারিনটেনডেন্ট শশধর রায় মহাশয়ের শ্যালক কাস্ট্যা স্ট্রোর কিপার, স্শীল ভট্ট চার্যের দ্বরো মিথ্যা ভাউচার দিয়ে ২৫ হাজার টাকার অধিক মালোর মাল কেনা হয়েছে এই সব ভাউচারের এন্ট্রি লেজার বাকে কিছা নাই। বর্তমানে উক্ত সম্পীল ভট্টাটার্য স্টোর কিপার থেকে সম্পারভাইজার পদে উন্নতি হয়েছে।

দ্বিতীয় অভিযোগ ১৫ হাজার টন কয়লা ঘাটতি পড়েছে। অথচ এই স্কাল ভট্টাচার্য এবং শ্রীরমেশ চক্রবর্তী নামে আর একজন অফিসার কয়লার ভেলিভারী নিয়েছিলেন।

তারপর তৃতীর অভিযোগ ফোরমানে ইন্সপেকটর কোন চাহিদা না থাকা সত্ত্বে শ্রীশশধর রায় ডেপ্টি স্থারিনটেনভেন্ট এবং ঐ ভখানকার ডেপ্টি ডাইরেকটর অফ ইন্ডান্ট্রীস, তিনি অফিন স্থারিনটেনভেন্ট, স্টোর স্থারভাইজারএর সঙ্গে গোপন পরামর্শে ৩ লক্ষ টাকার ফলপাতি তিন লহর প্রবি কিনেছিলেন। কিন্তু সেসব কোন কাজে লাগান হয় নি এবং গভর্ন কাছে রিপোর্ট যাছে যে যেগ্রিল কাজে লাগান হয়েছে। এখন সেগ্রিল একেবারে অব্যবহার্য ভারপথ আছে।

ভারণের চতুর্থ অভিযোগ হচ্ছে ১৯৫৮ সাল থেকে ১৯৬০ সালের মধ্যে বিভিন্ন এক্সিবিশন-এর জন্য শেলস মানেনার শ্রী পি ঘোষ এবং সেপশাল অফিসার মনোরঞ্জন চক্রবর্তী, তাঁরা যে মাল-প্রত নিনেছিলেন ও বিক্রম করেছিলেন ডেপ টি জিবক্র শ্রী দক্রের সহিত গোপন প্রামাণে প্রায় ২২ হাজার টাকার হৈ নে হিসেবপ্র রাখা হয় নাই।

তারপর পশ্চম অভিযোগ হচ্ছে ডেপ্রিট ডিরেকটর দ্রী দত্ত তাঁর পেটোয়া লোকের সপ্পে পরামর্শ করে কতকগ্নিল ফালতু ফার্ম করেছেন এবং সেই ফার্মের দ্বারা বিনা টেল্ডারে কাঁচামাল ও খল্পুপাতি ক্রয় করেন এবং সরবরাহের বাঝ্রুখা করেন। এই ফার্মগর্নলির নাম হচ্ছে মেসার্স বিল্ডান করপে রেশন, মেসার্স ইনল্যান্ড ট্রেডিং কোম্পানী, মেসার্স হিল্ড আদ্ভ কোং, মেসার্স সার্মান্টফিক ট্রেডার্স, মেসার্স রায় চৌধ্রী আ্যান্ড কোং—এগ্রলি পেটোয়া সব ফালতু কোম্পানী। এর একটাও রেজ্বিটার্ড নর। বেনামাত সব রাখা হয়েছে এবং জিনিস সরবরাহের ব্যবস্থা করা হছ্ছে কিম্তু শ্রীশাশধর দত্ত বেন-চায়নার জিনিসপ্ত তৈরী করবার একটা স্কীমের জল্ক

গভর্নমেন্টের কাছ থেকে তিনি দ্ব-শো টাকা স্পেশাল মাইনে ড্র করেন। কিন্তু তাঁর এই বোন-চারনা সম্বন্ধে বিন্দুমাত্র অভিজ্ঞতা নাই। নানাভাবে সেখান থেকে টাকা সংগ্রহ করা হচ্ছে এবং সেটা সম্পর্কে অ্যান্টি-করাপশান ডিপার্টমেন্ট বলেছেন গ্রী দন্তের এ সম্বন্ধে অভিজ্ঞতা নাই। তব্বও তাঁকে কেন সেখানে রাখা হয়েছে?

তারপর আর একটা অভিযোগ আছে। এই শিলপ বিভাগ সম্বন্ধে, তার শিলপ প্রশিক্ষণ প্রকলপ সম্বন্ধে একটা জিনিষ বেরিয়েছে যে দুর্নীতি ও অসাধ্ব কার্যকলাপের একটা বিরাট আখড়ায় সেটা পরিণত হয়েছে। এজনা বহু টাকা খরচ করা হচ্ছে। অথচ সেখানকার একজন ডেপ্রুটি ডাইরেকটর—অতিরিক্ত ডাইরেকটর শ্রী ডি এন ঘেষ, তিনি সেখানে আত্মীয় পোষণ ও স্কুলন তেহেণ করছেন, এই দুর্নীতির অভিযোগ তার সম্পর্কে আছে।

তারপর বিদ্যুৎ পর্ষদেরও বিভিন্ন ঘটনা সম্পর্কে আর একটা অভিযোগ আছে। মল্টী নহাশর এই বিদ্যুৎ পর্ষৎ সম্পর্কে বড় বড় কথা বলে গেলেন। আমি এই বিদ্যুৎ পর্ষৎ সম্বন্ধে একটা বড় অভিযোগ তুলছি। সেখানে শ্রী এস এন রায় তার চেয়ারমানে। শ্রী রায় এমন একজন অবসরপ্রাণত অফিসার, যাঁদের সেখানে স্পেশাল অফিসার নিযুক্ত করেছেন, তাঁর কোন কাজ সেখানে নাই।

তারপর এন দত্ত নামক এক বৃদ্ধকে সেখানে চিফ ইঞ্জিনীয়ার নিয়ন্ত করা হয়েছে। তাঁরও কেনে কাজ নাই কেবল টুর প্রোগ্রাম করা ও টি এ বিল নেওয়া ছাড়া। চিফ ইঞ্জিনীয়ার হবার ২ত কোন অভিজ্ঞতা তাঁর নাই। এবং চিফ ইঞ্জিনীয়ারিং **সম্বন্ধে** তার কোন অভিজ্ঞতা নেই। 'সংখলে ছার একজন জ্যাক উন্তাস অফিসার আছেন, তাঁর <mark>নাম হচ্ছে শ্রী এ কে সরকার। তাঁর</mark> অভিট হিসাব সম্বন্ধে কোন রক্ষ অভিজ্ঞতা নেই। হিসাবের এরিয়ার পড়ে রয়েছে, **কিন্ত** তাঁর পে ন্বেল বেড়ে যাছে। এইসব অভিযোগ রয়েছে। তাছাড়া আপনার কাছে জানাই এরা কি রক্ষ অযোগা। এ সন্বন্ধে আমি দ্ব-একটা উদাহরণ দিয়ে আমার বন্তব্য শেষ করতে চাই। বহ সম্রাগার এই অযোগ্যতার ঘটনা পরিচয় আছে, আমি তার কয়েকটা উদাহরণ দিচ্ছি। গতবারে আমার দেখেছি সমবায়ের জন্য আপনার। ১ কোটি ২৩ লক্ষ্ণ টাকা খরচ করতে পারেন নি। কটির শিলেপর জন। ২ কোটি ৪০ লক্ষ টাকা আপনারা খরচ করতে পারেন নি। কল্যাণী শিল্প এন্টেটের জন। ২ কোটি ২৬ লক্ষ টাকা লোকসান দিয়েছেন। এবং এখানে খেলনার নামে মন্দ্রী, উপন্তরির য়ে থেলা চলছে সেটা আমি নাই উ**ল্লেখ** করলাম। এই ধরনের আমি বহ**ু উদাহর**ণ দিতে পর্নিরঃ যেমন ইট কারিগর সম্বন্ধে বহ**ু টাকা লোকসান দিয়েছেন। সরকারী বিজ্ঞানেস** নামে বহা চাকা লোকসান দিয়েছেন। চার্ শিশের নামে বহা টাকা লোকসান দিয়েছেন। এই ভালে তে: সংক্রেরী ব্যবস্থা চলেছে। আমি শেষে একটা কথা অনুরোধ করবো এই রক্ম তারাভ অনেক ভারণায় শিল্প প্রতিষ্ঠা শরতে চান, কিল্ড, ঐ দীঘার উপকালে ১০ হালার একর লবণ জমি পড়ে হাছে, তার মধ্যে গভর্নমেন্টের অধীনে প্রায় পাঁচ, হয় হাজার একর জমি আছে, সেখানে থেকেও বাংলা দেশের জন্য ৬৫ লক্ষ মণ লবণ ভোলা যেতে পারে, সেটার জন্য এ পর্যাস্ত কোন বাবস্থা সরকাব গ্রহণ কবেন নি। আমি সেই জনা বলছি আপনারা সেদিকে লক্ষ্য দিয়ে ষাতি বাংলা দেশের লেককে সম্ভায় নান খাওয়াবাব বাবস্থা সম্ভব হয়, ভার ব্রস্থা কর্ন। [1-40--1-50 p.m.]

#### Shri Jamini Bhusan Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা যদি গুলনা করে সমাজতালিক দেশের কথা বলি তাহেরে শেদের বা জন্মলা করে ওঠে, আর ধনতালিক দেশের কথা তুলনা করেলেই এবা অসহিন্ধ্ হয়ে ওঠিন তা আমি সেই সম্পত দেশের ধার দিয়েই যাছি না। আমাদের দেশের আশ-পাশ দেশগ্লি, যারা সদা ক্র্যানী হয়েছে তাদের ক্য়েকটি উদাহরণ, অর্থাণ উৎপাদন ব্লিখর হার বিশ্ব অর্থনৈতিক ক্মিশনারের রিপোর্ট যা ১৯৬০ সালে প্রকাশিত হয়েছে, তার থেকে আপনার কাছে উম্পৃত কর্মছ। ভারতবর্ষে উৎপাদনের হার শতকরা ৩। ইরাকে শতকরা ৯। রক্ষ্যদেশে শতকরা ৬। ঘানায় শতকরা ৫। ইন্দোনেশিয়ার শতকরা ৪। রেজিলে শতকরা ৬। বিশ্ব অর্থনৈতিক ক্মিশন-এর ১৯৬০ সালের রিপোর্ট থেকে এইটা এখন বোঝা যায় যে উৎপাদনের সাথে শিলেপর একটা উম্বিতির সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত। আমাদের বাংলাদেশ আমর জানি,

যে কথা একট্ আগে আমাদের মন্তিমহাশর খুব গর্বের সাথে বলেছেন বে, অন্য প্রদেশের जुननात्र वाश्नारमणात्र मिन्न जतनक উन्नज। अथन अहे कथा जिनि वरमण्डन, जवह मञ्जदमानवादः, তাঁর বাজেট বস্তুতায় বলেছেন কি শিল্পে গরেছে দেওয়া সম্পর্কে, খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার জরুরী প্রয়োজনের কথা যদিও আমরা বিক্ষাত হইব না, তথাপি ইহা বলা দরকার যে জনসংখ্যার চাপের ফলে ভারতে এবং বিশেষ করে পশ্চিমবংশা শিলেপ সম্প্রসারণ ও প্রবর্তন কিছুটা অতা বশ্যক হইয়া উঠিয়াছে। এখন এই স্বীকৃতির পরেও বাজেট বরান্দের ক্ষেত্রে দেখছি আমরা ২৬নং গ্রাণ্ট আমি কটীর শিলপ সম্পর্কে বলছি বা ডেভেলপ্রেণ্ট স্কীম সম্পর্কে যে টাকা ধরা আছে, সেটা বাদ দিলেও, এখানে দেখতে পাচ্ছি ২ কোটি ৭৪ লক্ষ ২৪ হাজার টাকা তাঁরা বরান্দ করেছেন। সমস্ত বাজেটে যত টাকা পাশ করা হয়েছে, তার দু-পারসেণ্টও কম। এবং এই বাজেটে 🙉 টাকা বরান্দ করা হ'য়েছে, এমন মাথাভারী শাসন ব্যবস্থার জন্য, তার মধ্যে থেকে প্রায় সাডে একাল্ল লক্ষ্ণ টাকার উপর অফিসারদের পে. এন্টাব্রিসমেন্ট ঢার্জ্গ ইত্যাদি বাবদ খরচ করা হয়েছে। সর্থাৎ ১।৪ ভাগ টাকা বা চার ভাগের এক ভাগ টাকা এই সব আমলা পোষার ব্যাপারে খরচ হচ্ছে। এবং শুধ্য তাই নয়, কৃতিন্তের কথা দেখতে পাচ্ছি ওদিকের অনেক বস্তারা বলেছেন। লোকসানের খাতে এবার যে ফিনান্সিয়াল রিপোর্ট পেশ করেছেন এই বংসরে তাতে রিপেটের মধ্যে প্রকাশ ছোট ছোট শিণ্স বা সেণ্টার, তার যে ক্ষতির পরিমাণ দেখছি, এত ডিটেল পড়তে গেলে সময় নণ্ট হবে, আমি শ্বধ্ব বলি ১৯৬২-৬৩ সালে ৪ লক্ষ ৭০ হাজার টাক। লোকসানা দিয়েছেন। কোন কোন খাতে? ইন্ডাস্ট্রিয়াল সেন্টার, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট कन्मानी, সেন্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানিজেশন, উড ইন্ডান্ট্রি, ওয়েন্ট বেংগল ব্রিক, এই সব খাতে। এই গেল শুধু লোকসান। খরচ না করতে পারা এদের একটা অভ্যাস। অভিট কমিশন রি'পার্টে, এখনে যতদিনের রিপেটে পেশ করা হয়েছে তার থেকে দেখা যায় যে শিল্প খাতে ১৯৫৭-৫৮ সালে, ৩২ পাতায় দেখনে, ১,৯৫,৭০,০০০ টাকা বরান্দ ছিল। কিল্ড সেখানে খরচ করেছেন ৫৩: ৭২ লক্ষ টাকা। এক্সেস কত খরচ করতে পারেন নি. ১,২৬,৫৯,০০০ <mark>টাকা। পর্ল্সের্লেজ অব সেভিংস ৬৫ পার্সেন্ট। আভত। ১৯৫৮-৫৯ সালের রিপোর্টে</mark> **এক**ই চিত্র। ১,৭৫ লক্ষ ৮৪ হাজার টাকা বরান্দ ছিল, খরচ করেছেন ১,৩৪,৫১,০০০ টাকার মত। ৫১ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। সেভিংস হয়েছে ২৭ পার্সেন্ট। পেজ ৪৪ এ আছে। লোকসান, খরচ না করতে পারাত আছেই। তাছাডা অপচয় অডিট কমিশন রিপোর্টে পাবেন ১৫৬-১৫৭ পাত য় সেখানে আছে ১৯৫০ থেকে ১৯৫৯ সাল এই ১০ বংসরে স্টেট এড কমিটির তরফ থেকে, অর্থাৎ যেটা কপোরেশন করা হয়েছে, বিভিন্ন শিলেপ দেখা যাচ্ছে ১৯ লক্ষ ৬৯ হাজার টাকা দেওয়া হয়েছে, সেই টাকা কিভাবে দেওয়া হয়েছে, তার কতগুলি ইন্টার্রেন্টিং কেস দেওয়া হয়েছে এবং সেগর্নল দেখা দরকার। ন্যাশনাল ডিস্টিলারি এ্যান্ড কোঁগক্যাল কেং, সেই কম্পানী আসানসোলে, তাদের লোন দেওয়া হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা তার জমি এবং মেশিনারীর এগেনসেট। কিল্ড দেখা গেল কি, যখন লোন দেওয়া হয়েছিল **मिटे लिन ठात्र**ठो टेम्म**टेलर्सर**े स्थाय कतात সময় হচ্ছে ২১শে ডিসেম্বর '৫১ সাল, ২১শে ডিসেম্বর '৫২ সাল, ২৩শে ডিসেম্বর '৫৩ সাল, কিন্তু এনকোয়ারি করে দেখা গেল যার এগেনস্টে লোন দেওয়া হয়েছে সেই সমণ্যিমাণ টাকা নিয়ে ইতিমধোই কোন এক ব্যাঙ্কে মই গেজ হয়ে পড়ে আছে। অর্থাৎ তার আগেই মর্টাগেজ হয়ে পড়ে আছে। এই রকম বোগাস কোম্পানীকে লোন দেওয়া হয়। এটা অভিট কমিশনের রিপোর্টেই বলা আছে অঃমাদের কথা নয়। এখানে ১.৪১.৫০০ টাকা বিভিন্ন কোম্পানীকে ধার দেওয়া হয়েছে এবং তার মধ্যে তিনটি কোম্পানীর ৯২.৫০০ টাকা দেনা শোধ করার ক্ষমতা নেই। আর পাঁচটি কোম্পানীর কোন অম্তির নেই। এইগুলি অডিট কমিশনের রিপোর্টে আছে। তাছাডা আছে কি. কণ্টাক্টরকে সাযোগ সাবিধা দেওয়া। ব্যাক লিস্টের কণ্টান্টারদের কণ্টান্ট দেওয়া হয়েছে এই রিপের্ট দেখলেই তা দেখা যাবে।

The Hon'ble Tarun Kanti Chosh: আপুনি ক্রেকার কথা বলছেন

#### Shri Jamini Bhusan Saha:

১৯৬০-৬১ সালের রিপোর্ট আমাদের কাছে দেওরা হয় নি, দিলে আরো অনেক কিছ**় দেখতে** পাবেন, এটা আমি আগের কথা বলছি। [1-50-2 p.m.]

সেখানে ১৯৫৯ সালের ব্লাক্ লিস্টেড্ কন্মান্তার এটা অডিট কমিশন-এর রিপোর্ট ১৯৫৮-১৯ সালের রিপোর্ট —কেসটা খ্র ইন্টারেস্টিং কেস। ৭ লক্ষ ৪৯ হাজার টেন্ডার কল করা হয়েছে intregrated scheme for training-cum-production centre for wood industries. ুট্টেল্ব কলে করা হল না ভার্বালি বলে দেওয়া হল। ৭ লক্ষ্ণ ৭৯ হাজার টাকা মত সেখানে খরচ ছবে। মেসিনারী টিন্বার ইত্যাদির জনা সেখানে তাঁরা ভারবালি একটা কন্ট্রাক্ট দিলেন এবং এমন লোককে দিলেন যাকে কণ্ট্রাক্ট দিয়ে আরও ১ লক্ষ ৩০ হাজার ৮৫০ টাকা বেশী দেওয়া হবে। তিনি হচ্ছেন ১৯৫৮ সালের র্য়াক লিস্টেড কণ্টাক্টার গভর্নমেণ্টের খাতায়। সেই কণ্টাক্টার-এর কাছ থেকে যে দরে মাল নিলেন সেজনো ২০ হাজার টাকা বেশী দিতে হল এবং নেক্সট ধার দ্ৰুগুৱা হায়ছে যে টাকা সেই টাকা ভোলা হয় নি এখন পড়ে আছে এবং তামাদি **হয়ে** যাওয়ার অবস্থা। ১৯৫৯ সাল পর্যন্ত যে রিপোর্ট তাতে ৯ লক্ষ ৩৭ হাজার ৮৪৭ টাকা, এটা, ভার্মাদি হয়ে যাওয়ার অবস্থা। তার পর স্পেশাল কেস, ইন্টারেস্টিং কেস দিয়েছেন শাডিট রিপোর্ট-এ। আপনারা সেখানে দেখবেন কারণ, এখানে বলার সময় আমার নেই। এখন এই হল অবস্থা। ইন্ডাস্ট্রি সম্পর্কে গুরুত্ব দেওয়ার কথা আমরা দেখেছি এই হক্ষে বাংলাদেশে ইন্ডান্ট্রির গ্রের্থ। তার পরের অবস্থা কি. না. সেকেন্ড ফাইভ ইয়ার গ্লাম-এর কথা তুলেছেন তিনি। দশ বছর কেটে গেছে, দশ বছরে আমাদের দেশে ভারত সরকারের পক্ষে থেকে চিত্তরঞ্জন রেলওয়ে ওয়ার্কসপ্ হিন্দুম্থান কেবলস্ আর দ্বর্গাপ্তরে হয়েছে ইস্পাত। রাজ্যসরকানের স্পানি কল্যাণীতে একটা স্ভাকল হয়েছে কথা ছিল তিনটি হবে, হয়েছে একটা, তারা অনা ক্যাপিটাল মূলধন ৫১ পি সি সরকার দিয়ে বাকা পারসেন্ট বেসরকারী পর্ক্তি নিয়াগ করেছেন। শুধ্ তাই নয় এই কারখানায় যে উৎপাদন হচ্ছে কথা হার্যাছল সমবায় মাধামে তাঁতিদের এই সতা দেওয়া হবে, কিন্তু সেথানে সমবায় তাঁতি ধারা আছেন তাদের সাতা সাংলাই না দিয়ে অনানা বাবসাদারদের বিক্রী করা হচ্ছে। কটেজ ইন্ডা**স্টি** বাজবে কি কৰে? থার্ড খ্যান-এ দুটো পরিকল্পনা হবে : ভাকলের। এই হচ্ছে দশ বছরে আমাদের শিলেপাল্লতি বাংলাদেশে। কিল্ড আমরা দেখতে পাচ্ছি যে ভারী এবং মূল শিল্প ষতই আপনারা চে'চান তার নিয়ন্ত্রণক্ষমতা যতাদিন রাজ্যসরকারের না হয় ততাদিন আমাদের দেশে শিল্প গড়ে তুলতে পারবেন না। বাংলাদেশের ভারী শিল্প নিয়ন্ত্রণ কে করে? পাট, চা করলা, ইঞ্জিনীয়ারিং এই চারটি ভারী শিলেপর ক্ষেত্রে দেখছি কি? একচেটিয়া প'্রন্তিপতি এবং বিরাট শিম্পপতিদের হাতে সেগালি রয়েছে। তাদের কন্ট্রোলের মধ্যে আছ বলে যখন ষা খ্শী করছে। ফুড ক্রাইসিস তারাই স্থি করে। পাট চাষীদের তারাই মারছে। পাট চাষীদের ২০ লক্ষ পরিবার আছে তারা নির্ভারশীল এই পাট শিলেপর উপর তাদের মারছে অর্থাৎ গভর্নমেন্ট ক্যানন্ট কন্ট্রোল, মূল শিল্পকে যদি কন্ট্রোল করতে না পারেন তাহলে দেশের অর্থ নৈতিক বিকাশের পথে আমরা কোনদিনই অগ্রসর হতে পারব না। শুধু তাই নয়, কি রকম কন্টোল এখানে চলছে। বাংলাদেশের শতকরা ৯৯ ভাগেরও বেশী। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বা হয়েছে তারা এই মূল শিল্প, বিরাট শিল্প নিয়ন্ত্রণ করে। ভারতের আন্তর্জাতিক কমিশনের হিসাবে বংলাদেশে ১৯৫৯-৬০ সালের হিসাবে যে ১১ হাজার ৫৮২টি যৌথ কোম্পানী আছে তাদের মূলধন ৩৭০ কোটি ১০ লক্ষ। আমাদের রাজ্যে পাঁচটি কারখানায় আমাদের মূলধন ১ কোটি ৪০ লক।

পারবেন কি করে? ৩৭০ কেণ্টির সাথে ১ কেণ্টি দশ লক্ষ কি করে টাক' দিতে পাববে? সতেরাং এই একচেটিরা প'্রিপাতিদের হাতে যদি নিয়ন্ত্রণ থাকে তারা ইচ্ছা করে শিশপ বিকাশ বাহত করে রাখবে, অর্থাং জনসাধারণের দিক থেকে শিশপ বিকাশের দিকে তাদের লক্ষ্য থাকবে শা, তাঁরা চেণ্টা করবেন একচেটিয়া প'্রিজ খাটিয়ে কিভাবে ম্নাফা অর্জন করবেন। আজকে আপনারা তাঁদেরই কাছে স রেন্ডার করছেন। শ্র্য্ তাই না, আপনাদের এই সারেন্ডারের অর্থান কি দেখ্ন, চটশিলেপ যেখানে ১৯৪৮ সালের হিসাবে ৩ লক্ষ ৪০ হাজার শ্রমিক কাজ করত বর্তমানে ১ লক্ষ ৯৫ হাজার শ্রমিক—সেই সংখ্যা নেমে গিয়েছে। বাকী লোকগ্রলি গোল কোছার? আজকে কারা কন্দ্রোল করছে? না, বিদেশী একচেটিয়া প'্রজপতি মালিক, এবং তাঁরা শ্রমিকদের ছাঁটাই করে ১২ কোটি টাকা বাঁচিয়েছে। ১৯৬০ সালে এই কয়টা

কোম্পানী ৫ কোটি ৯৭ লক্ষ টাকা ম্নাফা করেছে এক বছরে। এবং এখানে ১৯৬২ সালের জুট ব্লেটিন-এ প্রকাশ,

from the private angle, the Jute industry had in 1962 its best year in the last 15 years.

এবং শুধু তুই নয়, বাংলাদেশে ১৪টি বৃহৎ যে ইনড্রাম্ট্রি আছে দেশী এবং বিদেশী তারা ১৯৬০ जाल ७२ कां है जेका त्नहें मानाका करताह, बहात मान हल, टेकनीमक होटेममा, ১৯৬० जाला व নভেম্বর সংখ্যা। এটা আমার কথা নয়। তারপর, ইলেকট্রিক-এর কথা বলেছেন, ইলেকট্রিসিটি আজকে আমরঃ পাচ্ছি না। ইলেকট্রিসিটি আজকে কার হাতে? কন্দ্রেল কার হাতে? क्रामकाणे रेलकष्टिक সाञ्चारे कर्पातमान विप्तमी मानित्कत राज्य यात छना आमता प्रथए शाक्ति छाँदा ६० राष्ट्राद किल्लाख्याचे मन्श्रप्त नजन विषाद छेश्श्रापतन कादथाना न्थाश्रासद करा অনুমতি দিয়েছেন এই কোম্পানীকে। এরকম যদি হয় তাহলে ইলেকট্রিসিটি আপনার। करमोल कतरवर्ग कि करत? जाती भिल्म, मूर्जिमल्म এवर मार्चाति भिरत्मत्र कथा जाता वनस्था. কিন্ত এক্ষেত্রে আমরা কি দেখি? অবহেলা ও আনিচ্ছা। হাওডার পরিকল্পনার কথা তাঁর বলেছেন, কিল্ড যেখানে ৭০ লক্ষ টাকা বরান্দ ছিল হাওডার জন্য ছোট ছোট ইনড্রাস্ট্রি স্কীম-এ সেখানে তাঁরা ৩৮ লক্ষ টাকা খরচ করেছেন। ৭০ লক্ষের মধ্যে ৩৮ লক্ষ টাকা খ**রচ করেছে**ন. এটা নিশ্চয়ই অবহেলার কথা। বাংলাদেশে যেসমুহত ছোট ছোট শিল্প যেমন, লাক্ষা, তাঁত, কাঁসা, পিতল, বিডি, হোসিয়ারী, সাবান, এইসব ছোট ছোট শিল্পের ব্যাপারে আমরা দেখি হে, কাঁচামালের অভাবে, বাঞ্জারের অভাবে, ক্যাপিট্যাল-এর অভাবে তারা এগতেে পারছে না। এই অকথায় আমরা দেখতে পাচ্চি যে, থার্ড প্ল্যান-এ দটোে জিনিস রাখা হয়েছে, দর্গোপরে কোকচল্লি কারখানা হ'য় গিয়েছে এবং তার পরিপরেক হিসাবে যেসমন্ত ইন্ড্রাম্ট্রি করবার কথা আছে সেগ্নলি এই পরিকল্পনার মধ্যে নাই, এবং আরেকটা মারাত্মক ব্যাপার বাংলাদেশের প্রব্নলিয়া. মেদিনীপুরে, বাঁকুড়া ও অনগ্রসর যেসমুহত এলাকা আছে, উত্তরবংগ যেসমুহত ইন্ডাহ্রি করবান সম্ভাবনা আছে, থার্ড প্ল্যান-এ সেগুলির প্রোগ্রাম নেওয়া হয় নি। রাষ্ট্রীয় ক্ষেত্রে গ্রিবেণীতে যে বিদান্ত্র কারখানা করেছেন তার টাকা আসছে কোথা থেকে? এই টাকাটা আসছে কলজিয়ান কপোরেশান থে ক যে কো-পানী নাকি পর মর্শদাতা হিসাবে থাকবে। মার্কিন উল্লয়ন তহবিল থেকে এই টাক। লোন নেওয়া হচ্ছে। এই কুলজিয়ান কোনপানী এর কাজকর্ম তান্বিক-তদারক করবে, এবং তদ্বির ওদারক করার জন্ম তাদের মোট ব্যয়ের ৩-২৫ পারসেন্ট ভাতা দেওয়। হবে, এবং তার অনা একটা টার্ম হল এই যে, মার্কিন দেশ থেকে সমুহত ফুলুপাতি কিনতে হবে যাত জনা এই পরিকল্পনার ১৫ : কে ২৫ ভাগ খরচ বে<sup>নি</sup> হবে। অন্য দেশ থেকে কিনলে আছত সম্ভায় পেতাম, কিল্ড আমেরিকা থেকে এই টার্মস-এ কিনতে হবে বলে ১৫—২৫ ভাগ বেশি টাকা লাগবে।

শ্ধ্ তাই নয়, ডি ভি সি-র ১ লক্ষ কিলোওয়াট বিদাং সরবরাহ ছেড়ে দেওয়া হয়েছে কার হাতে ন: সি ই এস সি-র হাতে এবং ৩০ কোটি টাকার ৩টা বিদাং পরিকল্পনার কাজ হবে। ইলেকট্রিক করপোরেশন হাতে দিলে পিদ্র সেম্পর্ট মিটবে না এবং এইভাবে যদি আপনারা একচেটিয়া বিদেশীদের হাতে চেপ্ড দেন ভাহলে কোনদিনই দেশের ইন্ডাম্ট্রি গড়ভে পারবে না থত টাকাই আপনারা থরচ কর্ন না কেন।

[2-2-10 p.m.]

### Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশয়. আজকে আমাদের কো-অপারেটিভ বিষয়ক আয়বায় বরাশের বিষরে আমি আমার পরিপূর্ণ সমর্থন জানাছি এবং সেই প্রসপ্তে আমি ২।১টা কথা বলব। কো-অপারেটিভ আন্দোলন যেদিন থেকে পশ্চিমবাংলায় গড়ে উঠল তারপর থেকে আজ পর্যন্ত বিভিন্ন অবস্থার মধ্য দিয়ে এই কো-অপারেটিভ একটা বিশেষ অবস্থার মধ্যে এসে গেছে। প্রথম দেশবিভাগ, দ্বিতীয় প্রথম পণ্ডবার্ষিক পরিকল্পনার মধ্যে কো-অপারেটিভএর অগ্রগতির কোন নুযোগস্থাবিধা না থাকায় এবং দেশবিভাগের ফলে বহু কো-অপারেটিভ সোসাইটি পূর্ববিশোর অন্তর্ভুক্ত হয়ে গেল। এই সমস্ত অবস্থা কাটিয়ে দ্বিতীয় পণ্ডবার্ষিক পরিকল্পনার কো-অপারেটিভ সোসাইটির কাজ ঠিক শ্রু করতে পেরেছে। সেই পরিকল্পনার কাজ শ্রু করে তারা বে অগ্রগতি করছে তার একটা মোটামটি হিসাব অপনারা নিশ্চরই ইতিমধ্যে জেনেছেন

এবং সেটা হল সোসাইটি বাড়িয়েছে মাত ৪৯ পারসেন্ট এবং মেন্বার্রাশপ বাডিয়েছে এবং শেরার ক্র্যাপটাল ৩৪৭-৭৬ পারসেন্ট হয়েছে এবং রিজার্ভ ফাল্ড বাড়িয়ে ১২৬-৬৫ পারসেন্ট হয়েছে। ক্রজেই এটা কাজের হিসাবে খুব কম নয়। শুধু তাই নয়, এই সময়ের মধ্যে সার্ভিস সোসাইটি অনেকগুলি গুডে উঠেছে—তার সংখ্যা ২ হাজার ৪৬৬। এই সার্ভিস সোসাইটিগুলি সৰ গ্রামাণ্ডলে এবং গ্রামাণ্ডলের গ্রামীণ কৃষকদের ও গরিব মান্মদের সেবা করে যাচ্ছে। এই সার্ভিস সোসাইটিগর্নি তৃতীয় পঞ্চর্যার্থকে আরও বেশি কাজ করতে পারবে এবং তার সুযোগসূবিধা করা হয়েছে। স্ব্যানিং কমিশন তৃতীয় ফাইন্যান্স কমিশনও রাজী হয়েছেন কো-অপারেটিভ-এর হাতে বেশি টাকা দিতে এবং সেইভাবে বরান্দ করা **হয়েছে।** ততীয় পরিকল্পনাকালে এইসমুহত লক্ষ্য ঠিক করা হয়েছে এবং ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ **সালে** আমাদের পশ্চিমবাংলায় কো-অপারেটিভ ডিপার্টমেন্ট এই কাজের অগ্রগতি দেখিয়েছেন, তাতে দেখা বাচ্ছে যে, কাজটা খ্ব কম নয়। ১৯৬১-৬২ সলে সাভিস সোসাইটি হয়েছে ১,৬৬২ এর যা লক্ষ্য ছিল ১,৫/০,০ এবং ১৯৬২-৬৩ সালে এখনও মার্চ মাসের সমস্ত হিসাব আসে নি —তবে এক হাজারের বেশি। ১৯৬৩-৬৪ তা হলে টারগেটএ পেণছে যাবে। সে বিষয়ে আশান্বিত এবং ততীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে যে বরান্দ আছে এবং ২০৫০৩৫ কোটি চাকা বিভিন্ন খাতে বায় হবে এবং এ বাজেটের মধ্যে সেটা সবচেয়ে বেশি অংশ আমার ভাল লাগছে। সুন্দর দিক যেমন দুর্গ্ধ কো-অপারোটিভ , মংস্য কো-অপারেটিভ, কো-অপারেটিভ ঠান্ডা ঘর বীজ সংরক্ষণ প্রভৃতির কো-অপারেটিভ সোসাইটি হয়েছে। এগুলি অত্যন্ত কার্যকরী, কুষক সাধারণের পক্ষে একানত উপযোগী হচ্ছে বলে মনে করি। এই ঠাণ্ডাঘরের বিভিন্ন **দিক** এবং বিশেষ করে গ্রামাণ্ডলে আলুরে বীজের জন্যই আগ্রহান্বিত। কিন্ত সাধারণ মা**ন্য তা** পান না বলে অনেক সময় অভিযোগ করেন। সতেরাং এ রকম ধরনের কো-অপারেটিভ আরও বেশি বাডিয়ে তোলা এবং বাজ সংগ্রহের জনা আরও বায়বরান্দ বাডাতে পারলে ভাল হয়। আমি এই প্রসংগ্যে আরও বলব যে, আমাদের আরও কয়েকটা কো-অপারেটিভ ব্যবস্থা সন্ত্রুর হয়েছে যেমন প্রসেসিং সার্ভিস, পাট, আম এবং ফলজাতীয় জিনিসে এগুলো করা হয়েছে এবং আরও বাড়িয়ে তোলা দরকার। কিন্ত আমি সেইসঙ্গে বলব, সরকার আরও একটা ভাল জিনিসে মন দেন নি। সেটা হচ্ছে একটা ভাল মানি ক্রপ পান। পানের চাষ ক'রে বহু, ক্রষক উল্লভি করেছেন এবং জীবনধারণ করছেন। এই পান কিল্ড ধনী ব্যবসায়ীরা সম্পূর্ণ একচেটিয়া করে ফেলেছেন এবং এটা আমরা দেখছি কৃষকরা এর স্বারা প্রচুর পরিমাণ টাকা বাহির থেকে আনছে। আমাদের স্টেট গভর্নমেন্টএর এই দিকে নজর দেওয়া দরকার কৃষকরা যাতে বেশি বেনিফিট পার পানের ক্রয় এবং বিক্রয়ের জনা। কতকগুলি কো-অপারেটিভ গড়ে ওঠে সেইদিকে দুভিট রাখা দরকার। কো-অপারেটিভ ইনিসিয়েটিভ নেবে এরপে কো-অপারেটিভ যদি গড়ে তোলা বারু সেদিকে দর্শ্নিত দেওয়া দরকার। কো-অপারেটিভ কৃষকদের গড়ে তোলার দায়িত্ব, একথা ঠিক। কিন্তু ইনিসিয়েটিভ নেওয়ার দিকে সরকারৈর দুটি আকর্ষণ করছি বা তাদের উৎসাহ দেবার চেন্টা করন একথা বলছি। আমি খুবই আনন্দিত যে, ট্যাক্সি কো-অপারেটিভএর বাক্ত্যা হয়েছে তাকে সমর্থন জানাই। এটার মধ্য দিয়ে ১৬টা কো-অপারেটিভ সোসাইটি গড়ে তোলা হবে। এজনা ১৯৬২-৬৩ সালে এর্থ বরাদ্দ করা হয়েছে। আমি বলব এগ্লো কলকাতা শহরে भौभारम्भ ना करत এशाला भाषा भगरतर मासा ना त्राच ग्रीम मञ्जूमा भगरत क्रीएरस हिन्द्रा साम् ভা শলৈ ভাল হবে। সেদিকে নজর দিতে অনুরোধ করব তিনি যেন সেদিকে নজর দেন। ১৯৬০-৬৪ সালের বাজেটে আর একটা ভাল জিনিস আছে। সেটা হল ২৩টা *হোলসেল* ক্রুজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি গড়ে তোলা হবে এবং ৪৬০টা প্রাইমারি সোসাইটি গড়ে তোলা হবে. এগলো গ্রামাঞ্চলের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয়। কেন্দ্রীয় ট্যাক্স বাডার পরেই গ্রামাণ্ডলে এমন অবস্থার সূত্তি হয়েছে যে, গ্রামাণ্ডলে অনেক ব্যবসায়ীরা জিনিসের দাম ভীষণ-ভাবে বাড়িয়ে দিয়েছেন এবং তাতে ক্রেতা সাধারণের কর্ষ্ট হচ্ছে। সেখানে যদি এর প **কো**-অপার্রেটিভ থাকত তা হলে হয়ত এরূপ হত না। কাজেই সরকারকে অনুরোধ করুব কো-অপারেটিভ যাতে গড়ে ওঠে তাকে উৎসাহ দেবার জন্য লভ্যাংশের বেশির ভাগ যাতে শেরার হোল্ডাররা পান তার চেন্টা কর্ন। খারাপ সোসাইটি বাতিল করাই উচিত। ফিসারি কো-অপারে িভ উইথ ভেস্টেড ট্যাম্ক এবং সার্ভিস কো অপারেটিভ উইথ ভেস্টেড ল্যাম্ড করা উচিত। সার্ভিস কো-অপারেটিভ, ম্যানেজারিয়াল গ্রান্ট বাডানো দরকার। কেননা ম্যানেজারই সমুষ্ট বাজ করেন, ম্যানেজার অত্যত কম আছে। মার্কেটিং সোসাইটিকে ম্যানেজার দেওয়া দরভার।

এদের এগ্রিকালচারাল ফার্টিলাইজারএর ডিল করলে যাতে হন্ন এম আর শপ ইত্যাদি করলে ভাল ইন্ন।

[2-10-2-20 p.m.]

# Dr. Kanai Lal Bhattacharya:

মাননীর স্পীকার মহাশর, আজকে এই বিজ্ঞানের যুগে শিলেপর উন্নতি করতে গেলে বিদ্যুতের চাহিদা--বিদাতের 🚜 প্রয়োজন আছে এটা অনন্বীকার্ষ। এদিক দিয়ে দেখা বাচ্ছে যে পশ্চিম বাংলার আজকে বিদাতের ঘার্টাত রয়েছে যার ফলে আমাদের পশ্চিম বাণ্গলার শিলেপর উন্নতি **বথেন্ট** ব্যাহত হচ্ছে। এটা মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন। মাননীয় মন্ত্রিমহা**শর** বললেন যে, চাহিদার তলনায় আমাদের সরবরাহ প্রায় একশত মেগাওয়াট কম। উনি বললেন ষে. आमार्तित श्रीक्रम वार्तात य विनार छेश्शानन इस जा इस्ट ६४७ म्याखसाउँ। कागरक स्थानम ১৯৬১ সালে ৬ শত মেগাওয়াট বিদাংশন্তি উৎপাদন করবার কথা ছিল সে জায়গায় আজকে করেছে ৫৮৬--অবশ্য এটা কম নয়। আমি জিজ্ঞাসা করছি--এই পরিকল্পনা যথন করা হচ্ছে তখন চাহিদা এবং সরবরাহের মধ্যে এতখানি পার্থক্য রয়ে গেল কি করে? এর ফলে পশ্চিম-বংগ্রে শিল্পের এগ্রগতি বিশেষভাবে ব্যাহত হয়েছে। শ্ব্দ্ তাই নয়, আজকে কি ছেট শিল্প কি সাঝারি শিল্প, কি বড শিল্প, সব শিল্পে একটা কেয়স দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশর বললেন, একশত মেগাওয়াট কম হওয়ায় অসাবিধা হচ্ছে—আমি মনে করি, সেটা ঠিক কারণ নয়। এই বিদাংশক্তি সরবরাহে প্রশাসনিক দণ্তরে যারা বসে আছেন তাদের ইনএফিসিয়েন্সি এবং তাদের ভেতর নেপোটিজম কোরাপসন থাকার ফলে এর জন্য অনেকথানি দয়ী। মিঃ স্পীকার. স্যার, আমি ব্রুতে পারি না আজকে বিদাৎে সরবরাহের স্বল্পতার জন্য যেসমস্ত এক্সিসটিং ইন্ডান্টি আছে তাদের অনেকখানি বিদাংশন্তি কাট করা হল কেন? সেই কাট রেস্টোর করা হল না কেন? আমি হাওড়া জেলার কথা বলতে পারি--২৪ পর্যনা জেলার কথাও বলতে পারি এবং মণ্ডিমহাশয় জানেন সেখানে হেভি ইলেকট্রিসিটি কাট করা হয়েছিল যার ফলে শিল্পে বহু শ্রমিক ছাঁটাই করা হয়েছে। শুধু তাই নয়, এই যে কাট করা ইন্ডাস্ট্রিতে যেসমস্ত শ্রমিক ছাটাই হচ্ছে তার উদাহরণ দিতে পারি-হাওডার আরতি কটন মিল-সেখানে ১৫০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। গত সোমবার নোটিশ দিয়েছে। বিদাংশীন্ত বাড়াবার জন্য সরকারের কাছে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের কাছে আবেদন করা হয়েছিল—কিন্ত তা সত্তেও আমাদের কিছু করা হচ্ছে না যার জন্য আমাদের ১৫০ জন শ্রমিককে ছাঁটাই করা হয়েছে। এটা বড় কথা নয়—এই পরিকল্পনার মধ্যে গলতি আছে এবং সঙ্গে সঙ্গে অনেকথানি ইনএফিসিরেন্সিও আছে। একথা আজকে অনুস্বীকার্য যে, আমাদের মন্দ্রিমহাশয় আজকে যে কথা বললেন ৰে, ইন্ডান্টিতে বিকেন্দ্রীকরণ দরকার আছে। কেন্দ্রীভত করবেন না। আমি মাননীয় মন্দ্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যা বললেন যে গ্রামের মধ্যে ইন্ডাম্ট্রি নিয়ে যাবেন যাতে গ্রামের লোক সহরে এসে ভীড না করে। আমি মন্তিমহাশয়কে অনুরোধ করবো যে. **জেলার** দিকে আজ প্রায় ৬-৭ বছর হল পশ্চিমবাংলার সংশা যুক্ত হয়েছে— আজ পর্যন্ত সেখানে কোনরকম ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট হয় নি। কোন বিশেষ ইন্ডা**স্ট্রি** তৈরি হয় নি যদিও সেখানে যথেষ্ট সুযোগ আছে। সেখানে লাইম স্টোন আছে— সেখানে কিছু কয়লাও আছে। যদি চেণ্টা করা হয় তা হলে সেখানে অত্তত একটা ছোট<mark>খাট</mark> সিমেন্ট ইন্ডাস্ট্রি হতে পারে। সেখানকার অবস্থা যা হয়েছে—সেখানকার লোক চাকরি পা**চ্ছে** না—সেখানে চাষবাস হচ্ছে না- কৃটিরশিল্প মৃতপ্রায়। সেখানকার লোকেরা দুর্ভিক্ষের মধ্যে পড়ে রয়েছে সেটা অবশ্য পরে বলব ফেমিন সম্বন্ধে যখন আলোচনা হবে। আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, এই জেলার দিকে একটা দূল্টি দিতে হবে এখানে বহা ছোটখাট শিল্প-ইন্ডাস্টি হতে পারে এবং তা হবার সায়োগও রয়েছে। পটারি, ব্রিক বিল্ডিং, টাইল মেকিং, ইত্যাদি অনেকগালি ইন্ডাস্ট্রি করার যথেষ্ট স্কোপ আছে। কিন্তু আজ পর্যন্ত কোন কিছু করা হয় নি। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দূল্টি একটা ব্যাপারের প্রতি আকর্ষণ করি। যিনি ওখানে ইন্ডান্দ্রিয়াল অফিসার আছেন, সেই ভদ্রলোকের নামটা অবশা আমি বলে দিতে পারি। আমি মনে করি তার ইনএফিসিয়েশিসর জন্য এগুলো হচ্ছে না। তাঁকে এখনও সেখান থেকে বদলি করা হচ্ছে না। বীরেন্দ্রমোহন দাসগ**ে**ত তিনি কোন ইনিসিরেটিভ নিয়ে কোন ইন্ডাস্ট্রি স্টার্ট করতে পারেন না। তিনি করছেন কি? নিচে বারা কাজ করছেন, তাদের উপর তিনি উৎপীড়ন চালাচ্ছেন। ভার ফলে তাদের দ্ব'-একজন রেজিগনেশন দিয়েছেন। এই ডিস্মিক্ট ইন্ডাস্মিয়াল অফিসারকে ওখান থেকে সরিয়ে আন্ন। এই জেলার মধ্যে কিছ্ম কিছ্ম ইন্ডাস্ট্রি গড়ে তোলার চেণ্টা করতে মন্ত্রিমহাশন্ত্রকে অনুরোধ করব।

আর একটা বিষয়ের প্রতি মাননীয় মল্টিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাওজা জেলায় ছোটখাট অনেক ইন্ডান্ট্রি আছে। তাদের অজকে দক্ষিণ ভারতে রেল মারফত মালপর পাঠাবার ক্ষেত্রে যে নিদার্ণ অস্বিধা সৃষ্টি হয়েছে সেদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করিছ। এই দক্ষিণ-পূর্ব রেলের শালিমার থেকে আগে ৩৬টি ওয়াগন দেওয়া হত ফ্রি বৃকিং। এখন মার্ট্র ২৬খানা ওয়াগন দেওয়া হয়েছে, দশখানা ওয়াগন কমানো হয়েছে। কাজেই এর মধ্যে একটা কেয়স আজকে সৃষ্টি হয়েছে। তার মধ্যে দেখা যাছে একটা মাল বৃক করলে তিন মাসের আগে তা ওয়াগনে ওঠে না। যদি ছোট একটি ইন্ডান্ট্রি দক্ষিণ ভারত থেকে অর্ডার পায়, তা হলে শৃষ্ব বৃকিংএর দেরির জন্য আজকে সেই অর্ডার ক্যান্সেল করতে হছে। বহু ঘটনা এখন এইরকম ঘটছে। হাওড়ার ইন্ডান্ট্রিয়ালিস্টরা এই সম্বন্ধে ইন্ডান্ট্রি ডিপার্টমেন্ট্র রিপ্রেক্তেন্ট করেছেন। আমাদের কাছেও তাঁরা এসেছেন। আমি বলব এ বিষয়ে মন্ট্রিমহাশয়কে দৃষ্টি দিন যাতে ফ্রি বৃকিং আবার চাল্ করা হয়। যার ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে, সেই অবস্থা যাতে আর না হয়, সেইদিকে মাননীয় মন্ট্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ জানাব।

আর একটা কথা বলে আমি আমার বন্ধব্য শেষ করব। সেটা হচ্ছে ঐ ট্যান্ত্রি কো-অপারেটিভএর ব্যাপার। মন্দ্রিমহাশয় বললেন যে, কলকাতায় ট্যান্ত্রি কো-অপারেটিভ হিসেবে দেওরা
হচ্ছে। আমি তার সংখ্যা জানতে চেয়েছিলাম, কিন্তু উনি তা বলতে পারলেন না। কলকাতার
ট্যান্ত্রির চাহিদা আছে ট্যান্ত্রি দিয়েছেন.....

### The Hon'ble Tarun Kanti Ghosh:

५५२ शाना !

## Dr. Kanai Lal Bhattacharya:

তারা ১৩টি কো-অপারেটিভ করেছেন, এক একটাতে ২০ খানা করে দিলে ২৬০ খানা হতে: । কিন্তু তা হয় নাই।

### The Hon'ble Tarun Kanti Chosh:

১২২ খানা দেওয়া হয়েছে। আর পাওয়া যায় নি।

### Dr. Kanai Lal Bhattacharya:

এটা দেওয়া হয় না কেন? তার একমাত্র কারণ আমার য়তদ্রে মনে হচ্ছে গাড়ী পাওয়া য়ায় নি।
মিলিমহাশয়ও তাই বলবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি—র্যাদ এই কো-অপারেটিভ-এ ট্যাক্সি
না দিয়ে এমিন দেওয়া হত, তাহলে দেখতেন গাড়ী নিশ্চয়ই পাওয়া য়েত। কেন পাওয়া য়েত?
কারণ হায়ার পারচেজ সিস্টেম-এ এরা গাড়ী কেনে। আর এখানে গাড়ী এজেন্টরা জোগাড়
করে দেন। এই হায়ার পারচেজ সিস্টেম বড় বড় এজেন্টরা কুক্ষিগত করে রেখেছিলেন। তাঁরা
কি করতেন? এই গাড়ীগর্লি আনবার চেন্টা করতেন এবং এর লভ্যাংশ তাঁরা পেতেন। কিন্তু
কো-অপারেটিভ-এ দেওয়াতে খ্ব ভাল হয়েছে। এই গভর্নমেন্ট যদি টাকা ধার না দিয়ে ট্যাক্সি
চালান, তাহলে এই ট্যাক্সি থেকে তাঁরা কিছ্ব টাকা উপার্জন করতে পারেন। হায়ার পারচেজ্ব
সিস্টেম থাকার ফলে যে ডেইলি লভ্যাংশের ইন্সটলমেন্ট দিতে হয় তা ক্যাপিট্যালিস্টনের হাতে
চলে যায়। তাই সেটা ক্যাপিট্যালিস্টরা বানচাল করবার চেন্টা করছেন। আমি জিজ্ঞাসা করতে
চাই ক্যাপিট্যালিস্টরা সরকারের এই প্রচেন্টাকে বানচাল করে দেবেন কিনা? কেন ২৬০ খানা
গাড়ীর জায়গায় মাত্র ১২২ খানা গাড়ী এসেছে? যাঁরা এই মোটর গাড়ী অটোমোবাইল সাক্ষাই
করেন, যাঁরা ভিন্টিবিউটরস, তাঁদের এ ব্যাপারে কোন হাত আছে কিনা? আমি যতদ্রে জানি
বা শ্নেছি—তাঁদের হাত যথেণ্ট আছে।

## [2-20-2-30 p.m.]

এবং তাঁরা আজকে ডেটারমিন্ড এটাকে বানচাল করে দেবার জন্য। আরও ট্যাক্সি কলকাতার দরকার। এই কো-অপারেটিভের মাধামে মাত্র ১২২ খানা ট্যাক্সি আপনারা দিরেছেন। আমি সেদিন বর্লোছ অন্তত দ্য-হাজার খানা ট্যাক্সি হওরা দরকার। সেদিক থেকে আমি মন্তি-মহাশরকে বলছি এই প্রতিষ্ঠানকে আরও বেশী করে বাড়ান দরকার। কিন্তু সেদিকে তাঁদের প্রচেষ্টা দেখছি না, বরং দেখছি সেটা আন্তে আন্তে আন্তে কমে আসছে, ধীর গতিতে এগুল্ছে। এই

স্টেপিং-টা আরও ফার্ল্ট করা দরকার। আপনার কো-অপারেটিভের এই বে ট্যান্তি, তা আরও দেওয়া উচিত ছিল। ১০টি কো-অপারেটিভেকে মাত্র ২৬০ খানি ট্যান্তি দেওয়া হরেছে, অখচ আমাদের কলকাতার ট্যান্তির চাহিদা অত্যুক্ত বেশী। এ কথা নিশ্চয় মাননীয় মন্ত্রিমহাশয় জানেন এবং সমস্ত মাননীয় সদস্যরাও জানেন বে এখানে ২৬০ খানা ট্যান্ত্রি কিছুই নয়। টেন পারসেন্টও নয়। সেই ২৬০ খানা ট্যান্ত্রির মধ্যে মাত্র ১২২ খানা ট্যান্ত্রি আপনারা পোরেছেন। কেন এত কম পোরেছেন? তার একমাত্র কারণ হচ্ছে এই, আজকে যারা ডিস্ট্রিবিউটর, সেই ডিস্ট্রিবিউটাররা তাদের ঠিকমত ট্যান্ত্রি সাম্পাই করছেন না। এবং এটা না করার কারণ হচ্ছে যে তাঁরা আপনাদের এই প্ল্যানটাকে বানচাল করে দিতে চান। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিশ্রম্বিত অনুরোধ করবো এদিকে তাঁর বিশেষ দ্ভিট দেবার জন্য।

#### Shri Deb Saran Chosh:

মাননীয় অধাক্ষ মহাশয়, অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর দেশে সমবায়ের আন্দোলন াবশেষভাবে প্রয়োজন আছে সে কথা মাননীয় মন্তিমহাশয় স্বীকার করেছেন। আমরা মনে করি যেখানে যে দেশে সাধারণ মানুষের জীবন খুব দুর্দাশাগ্রস্ত, এত প্রচেন্টার মধ্যে যেখানে মান ষ বে'চে থাকার মত কোন বাবস্থায় যেতে পারছে না সেখানে সমবারের প্রয়োজনীয়তা অনুস্বীকার্য। সেদিক থেকে আমাদের দেশে বিশেষ করে বাংলাদেশে সমবায় আন্দোলন খনে ভালভাবে হওয়ার প্রয়োজনীয়তা ছিল, এবং সুযোগও ছিল, এটা মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন। किन्छ र्जिन এको कथा न्वीकात करतन नि स्व. स्कन वाश्नास्मर्स धरे সমবায় আন্দোলন ঠিक ঠিকভাবে গড়ে উঠতে পারে নি। আমার মনে হয় এই সমবায় আন্দোলনের মধ্যে, এর আড-মিনিস্ট্রেশনের ভিতরে এমন কতকগুলি অসং প্রার্থান্বেষী ব্যক্তি প্রবেশ করেছেন, তার ফলে গোটা কো-অপারেশন বিভাগটাকে তাঁরা নিজেদের আয়ত্তেব মধ্যে রাথবার চেষ্টা করছেন। আমি এ সম্বন্ধে একটা গল্প আপনার সামনে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গ্রামে এক স্বর্ণকার ছিল, তার চারটি ছেলে। স্বর্ণকার তার মুমূর্য, অবস্থায় ছেলেদের ডেকে জিজ্ঞাসা করছে যে, আমি তো তোদের কোনরকমে জীবনধারণের বাবস্থা করে দিয়েছিলাম, আমি মরে যাবার পরে তোদের কি অবস্থা হবে, তা ব্রুতে পারছি না। তা বল, তোরা কে কিভ'বে জীবন নির্বাহ কর্রাব! তার প্রথম ছেলে বলল, বাবা, আপনার আশীর্বাদে আমি ভরিতে চার আনা কাবার করতে পারব। দ্বিতীয় ছেলে বলল, বাবা দাদা যদি চার আনা পারে, আমি আপনার আশীর্বাদে আট আনা পারব এবং ততীয় ছেলে বললে, দাদারা যদি চার আনা, আট আনা পারে আপনার আশীর্বাদে আমি ১২ আনা কাবার করতে পারব। আর তার ছোট ছেলের সম্পর্কে বাবা বললেন যে, তোর উপর আমার কোন আস্থা নেই। ওরা তবু কোনরকমভাবে **জীবন নির্বাহ কর**তে পারবে। তথন ছোট ছেলে বলল বাবা তুমি যদি অভয় দাও তা হলে জ্মাম ভরিকে ভরিই কাবার করতে পারব। [হাস্যরোল] আজু আমাদের এই কো-অপারেটিভ আন্দোলনের ভিতরও সেইরকম অবস্থা দেখতে পাচ্ছি। বিশেষ করে গ্রামের দিকে ষেসমস্ত কো-অপারেটিভ সোসাইটি করা হয়েছে, সেখানে বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায়, গ্রামের যারা মহাজন, গ্রামের যারা অসং, স্বার্থান্বেষী লোক, বিশেষ ক'রে কংগ্রেস দলের লোক, তাদের হাতে এই সমস্ত আন্দোলনের কর্তৃত্ব গিয়ে পড়েছে। এমন আমরা জানি বে, ফিসারম্যান কো-জ্বপারেটিভ সোসাইটি করা হয়েছে যাদের চৌন্দ পরেবের কেউ ফিসারম্যান নয়, যারা বিশেষ **ৰু**রে দেখা যায় রাহ্মণ সন্তান, তারা ঐ কো-অপারেটিভ ফিসারম্যানের চেরারম্যান বা সেক্টোরি। এবং এইরকম বিভিন্ন সোসাইটিতে আমরা দেখেছি যে, যাদের স্বার্থের সঞ্জে সমিতির স্বার্থ জড়িত নয়, যারা কো-অপারেটিভের মাধ্যমে বাঁচতে চায় না, জীবিকা নির্বাহের প্রয়োজন নেই. তাদের হাতে এই সমস্ত কো-অপারেটিভের ভার দেওয়া হয়।

অধ্যক্ষ মহাশর, আমরা বাজেটে দেখছি যে, গ্রামাণ্ডলে পণ্ডায়েত লেভেলে কো-অপারেটিন্দ অর্গানিজেশন করার জন্য গত বংসর ১১ লক্ষ ৬০ হাজার টাকা বাজেটে ধরা হয়েছিল; রিডাইসড বাজেটে দেখা গেল ৬ লক্ষ ২৪ হাজার টাকা খরচ করা হয়েছে, প্রায় অর্থেক টাকার মত খরচ করা হয়েছে। এবারে সেখানে ধরা হয়েছে ১০ লক্ষ ৩২ হাজার টাকা। অর্গানিজেশন অব ভিলেজ সোসাইটিতে ১৯৬২ সালের বাজেটে ধরা হয়েছিল ২ লক্ষ ২৫ হাজার টাকা, রিডাইজ্ড বাজেটে দেখা গেল সেটা কমিয়ে ১ লক্ষ ১৩ হাজার টাকা করা হয়েছে এবং এবারের বাজেটে ধরা হয়েছে ২ লক্ষ ২৮ হাজার টাকা। অধ্যক্ষ মহাশয়, আমরা এই হিসাবের কারচুপি পরিক্তার ব্রুতে পারি, এই বাজেট পেশ করার সময় বেশি টাকা ধরা হয়, কেননা তাতে মক্ষীদের

বলার স্থেকর দেওয়া হয় বে, গত বংসরে আময়া কয় টাকা বরাম্ম করেছি। এবারে আময়া
বিশি টাকা দিছি করেশ কো-অপারেটিভ আন্দোলনকে আময়া অগ্রগতির দিকে নিয়ে যাব।
কিন্তু বাজেটে প্রথম বখন ধরা হয় তখন অনেক বেশি ধরা হয় এবং বাস্তবে অনেক কয় খয়চ
কয়া হয়। য়ক লেভেলে বেসমসত কো-অপারেটিভ সোসাইটি হয়েছে তাদের সম্পর্কে বলতে গিয়ে
আমি একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের, শ্রীমতী শান্তি দাস মহোদয়া
য়েকথা বলেছেন যে, ট্রৌনং-কাম-প্রোডাকশন সেন্টারে যেসমসত কর্মচারী আছে আগামী ৩১এ
মার্চের মধ্যে তাদের কার্যকাল শেষ হয়ে যাবে, তাদের বিকলপ বাবস্থা যদি না করা যায় তা হলে
য়েশের এই জর্বির পরিস্থিতির সময় তাদের আবার একটা বিপর্ষয়ের মধ্যে ফেলে দেওয়া হবে।
সেইজনা মাননীয় সংশিল্ডট মন্তিমহাশয়কে অন্রোধ করব তিনি যেন এই সম্পর্কে ব্যবস্থা করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলছি, গতবারে কো-অপারেটিভ সম্পর্কে যে কথা ৰলেছিলাম যে, কো-অপারেটিভ বেসিসে বাংলাদেশে চিনির কল খোলার একটা খাত বাজেটে রাখা হরেছে। কিন্তু এবারে সেই ঘরে দেখছি নিল লেখা আছে। জানি না. মাননীয় মিল্ডি-মহাশর বাংলাদেশের অন্য কোন স্থানে কো-অপারেটিভ স্থাের মিল খুলবার তাঁর বাসনা আছে কিনা। তবে আমার মনে হচ্ছে কথাটা যখন লেখা আছে তখন কোন সম্পার মিল সম্পর্কে তার চিন্তা আছে এবং সেটা আমার সন্দেহ হচ্ছে যে, আমেদপরে স্থারে মিল সম্পর্কে বোধ হয় তিনি আবার নতেন কারে ভাবছেন। একবার কিছু টাকা দেওয়া হয়েছে এই কোম্পানিকে, আবার কিছু টাকা ভবিষাতে যদি দেবার দরকার হয়, সেইজন্য কথাটা উল্লেখ করছি। আমি গতবারে बाननीय সংশ্विष्य मिलम्बरागराय कार्र्स छेट्स कर्राष्ट्रवाम, जाँत मामरन अक्यो मृत्यां आर्र्स এবং এই ব্যাপারে যদি কিছু সাহায্য নেবার প্রয়োজন মনে করেন তা হলে আমরা সর্বশক্তি দিরে সাহায্য করব, আমাদের সে স্যোগ আছে। বাংলাদেশে একটা চিনির কল, বেলডাপ্গা চিনির ৰুল, বহুদিন থেকে বন্ধ হয়ে পড়ে আছে সেখানে যন্ত্রপাতি আছে এবং অলপ খরচ করলেই সেই মিলটাকে চালাবার যথেষ্ট সম্ভাবনা আছে। আমি গতবারেও মাননীয় মিল্টিমহাশয়ের নুষ্টি আকর্ষণ করে একথা বলেছিলাম এবং তিনি তাঁর বস্তুতার বলেছিলেন যে, ন্যাশনাল সংগার মিল, আহমেদাবাদে, এই মিলটাকে চালাবার চেণ্টা করছে। এক বংসর হয়ে গিয়েছে, আমি আজকে এক বংসর পরে আবার তাঁকে অনুরোধ করছি, জানি না শেষ পর্যতত তার ফল কি হবে, আমি জানতে চাই কো-অপারেটিভ বেসিসে এই মিলটাকে চাল্ম করবার চেন্টা তিনি আদৌ করবেন কিনা। আমাদের তরফ থেকে আমি বলতে চারি বাংলাদেশের ইক্ষ্রচাষীর যে সমিতি আছে. বিশেষ করে মুর্শিদাবাদ, নদিয়া ও বীরভূম জেলার সেই সমিতির সঞ্জে আমি সংশিক্ষ আছি, আমার যে শক্তি আছে সেই শক্তি দিয়ে আখচাষীদের এই সমিতিভুক্ত করে মিলটা বাতে চলে তার ব্যবস্থা যদি তিনি করেন তাহলে আমি তাঁকে সম্পূর্ণে সহযোগিতা করতে পারব এ বিশ্বাস আমার আছে। আমি আশা করব তিনি এই সভায় এই বিষয় আলোকপাত করবেন।

মাননীর অধ্যক্ষ মহাশর, কো-অপারেটিভের ব্যাপারে গতবারে আমি বলেছিলাম এবং এ বংসরও
আমি আমার বন্ধব্য এখানে রাখলাম। মোটেক্টেটিএটে: আমি মনে করি বাংলাদেশে কো-অপারেটিভ
আন্দোলনের যে স্যোগ আছে সেই স্যোগ সরকার গ্রহণ করছেন না। শুধ্ তাই নর, কতকগালি
চ্নান্তকারী লোকের বড়বল্যে পড়ে এই আন্দোলন বার্থতার পর্যবিস্ত হচ্ছে। মাননীর মন্দ্রিমহাশর এই বার্থতার কথা স্বীকার করলেও আমাদের তার উপর আম্পা আছে এবং আমরা মনে
করি বাদ তিনি এই বিষয়ে বিশেষভাবে নজর দেন তা হলে এই আন্দোলন সার্থকে হতে পারবে।

[2-30-2-40 p.m.]

#### Shri Anadi Das:

মাননীর উপাধাক্ষ মহাশর, এই সভার নানারকম অভিযোগ বিরোধীদের সদস্যরা করেছেন। সেই অভিযোগগ্নিলর মধ্যে এটা আছে যে, সরকার যে টাকা বরান্দ করেন তা খরচ করতে পারেন না —অভিযোগের মধ্যে আছে দ্বশীতির চরম নিদর্শন, কংক্রীট এক্সম্পেল্স্। অভিযোগের মধ্যে আছে এমন সমস্ত ব্যাপার যেখানে দোষস্থালনের আর কোন রাস্তা পাওয়া যাছে না। এরকম বহু গ্রেত্র অভিযোগ শোনা গৈছে। আমি আপনার মাধ্যমে সরকারের পক্ষ থেকে সে বিষরে মন্ধাবনের জন্য অন্রোধ করব। কেন এত দ্বশীতির অভিযোগ আসে, কেন এ টাকা খরচ করতে পারেন না, টাকা দেওয়া সত্তেও টাকার স্ব্যবহার হচ্ছে না—মূল কথাটা আমার পূর্ব

একজন বস্তা পরিষ্কারভাবে তথ্য দিয়ে বলেছেন যে, শিল্পক্ষেত্রে বিরাট মুনাফাবাজ ধারা, প**ু**জিবাদী যারা, একচেটিয়া শিল্পপতি যারা তাদের দিকে লক্ষ্য রেখে যদি শিল্পকে পরিচালিভ করা হয় তা হলে কখনও এদেশের উন্নতি হতে পারে না এবং তারই কতকগ্রাল স্ফুটক আমরা দেখতে পাচ্ছি। চীন ভারতবর্ষ আক্রমণ করার পর দু-একটা কনজিউমার্স কো-অপারেটিভঙ্গ করার চেণ্টা হল। সেখানে ইন্সপেক্টর বলছেন—কর্নজিউমার্স কো-অপারেটিভস করতে গিরে দেখা গেল দেখানে যে দরে মাল বিক্রী করতে পারা যায় বাজার থেকে তার দর বেশী পড়ে যায়। তাহলে কর্নজিউমারস কো-অপারেটিভস করে কি হবে? সেখানে লোককে কো-অপার্রেটিভ মাইন্ডেড করতে হবে—অর্থাৎ সেখানে এক পয়সা বেশী হলেও তাকে কো-অপারেটিভ থেকে নিতে হবে এই মনোভাব গড়ে তুলতে হবে। সমস্ত জিনিসটা সাবজেকটিভ মোটেই অবজেকটিভ নয়। এই যে একটা গলদ কো-অপারেটিভস-এর মধ্যে রয়ে গেল-কেন রয়ে গেল—কারণ অন্যুসন্ধান করলে দেখা যায় যে তার শিকড়ে শিকড়ে তলিয়ে তলিয়ে গেলে এই জায়গাটায় পেশছাবেন যে শিল্পনীতি বিরাট প'জিকে রক্ষা করে তার লাভের অংশ বাড়াবার জন্য চেষ্টা করছে বলে এই গলদ রয়েছে। আমি আর একটা কথার উল্লেখ এখানে কর্বছি। হাওড়ায় বড়গাছিয়া সেন্ট্রাল লক ফ্যাক্টরীর জন্য গতবার কিছু টাকা বরান্দ করা হয়েছিল তা খরচ করা যায় নি. এবার আবার কিছু, টাকা বরান্দ করা হয়েছে। সেখানে অবস্থা কি? সেখানে 'তালা' তৈরি করতে লোকসান হয়ে গেল। কিভাবে লোকসান হয়েছে? একটা ফ্রেশ মেসিন কেনা হয়েছে কয়েক হাজার টাকা খরচ করে কিন্তু আজ দুই বছর তার কাজ হচ্ছে না। একটা ছোটু বোল্ট-এর অভাবে ছ'আনা পয়সা দামের কিনে জ্রোগালে কাজটা চাল, থাকে. কিন্তু সেই বোল্ট কিনবার ক্ষমতা নাকি সেখানকার সুপারিন্টেন্ড-এর নেই। এইভাবে সেখানে লোকসান হয়েছে। ওয়ার্কাররা বলছে আমরা কো-অপারেটিভ করে এই কারখানা চালাতে পারি - আমাদের এক বছুরু সুযোগ দেওয়া হোক- আমরা যদি লাভ দেখাতে না পারি তাহুলে চাকরী ह्माएक हरू यात । किन्छु जारमंत्र कथा कि स्थातन? এই य मृचिछे अभी निरंत्र याता जामन প্রাডউসার, যারা এখান থেকে জীবিকা সংগ্রহ করবে তাদের সঙ্গে কো-অপারেসনের দুভিভঙ্গী **म्पर्ट ।** अठोटक यिन अर्चिट्स अर्चिट्स विठात कता यात्र, अटे अक कात्रनास अट्स अप्रत स्व लाएक জনা যদি শিল্প পরিচালিত হয় তাহলে ওয়ার্কার-দের দিকে কখনও উদার দুল্টি প্রসারিত হতে পারে না। আজকে শ্রমিকদের কি রকম সংখ্যা বাডছে। এই যে ট্রেনিং ইনস্টিটিউট করা হয়েছে সেখানে মাত্র ১৫০ জন ছাত্র নেওয়া হবে, কোয়ালিফিকেশন হিসাবে বলা হয়েছে অন্তত্ত ক্লাস এইট পর্যন্ত পড়া চাই। সেখানে গিয়ে ৩ হাজার লোক জড় হয়েছে। অথচ এই ট্রেনিং-এর জন্য যে সুযোগ দেওয়া দরকার তা দেওয়ার ব্যবস্থা করা হয় নি তার জন্য বেশি চাকাও বরান্দ করা হয় নি। হাওডায় এসব ছোট ছোট ফ্যাক্টরীগ**্রালতে অসং**ধ্য কম শিক্ষিত প্রমিক আছে যাদের শিক্ষিত করতে পারলে শিল্পোৎপাদন বিষয়ে আরও অনেক উর্মাত হতে পারত, কিন্তু শিল্পশিক্ষা দেবার জন্য কোন স্যোগ দেওয়া হচ্ছে না, ষেসমস্ত সুষোগ আছে বর্তমানে তাও বরং কার্টেল করা হচ্ছে। আগে যেসব কারখানায় অ্যাপ্রেন্টিস নেওয়া হত **আজকে** সেইসব জায়গায় অ্যাপ্রেন্টিস নেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে. এই অ্যাপ্রেন্টিসন্পি আক্র-এর জ্বনা। একটা নিয়ম আছে থিওরেটিক্যাল ট্রেনিং গবর্নমেন্ট দেবেন, কার্থানায় যদি সেই সু**রোগ্র** ना थारक তাহলে कात्रथानात ज्यारक्षिकेत्र न्युद्धा यार्य ना। धीमरक त्रत्रकात्र एप्टीनः स्मयाद ব্যবস্থা করতে পারছেন না। আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি এই আইনটার আবশাকীর সংশোধন অবিলম্বে করা হোক।

# Shri Kandru Majhi:

মাননীয় সভাপাল মহাশার, সমবার ব্যবস্থা বিষয়ে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে পিছিয়ে আছে বে কয়েকটি রাজাসরকার, পশ্চিমবঙ্গ তার মধ্যে অন্যতম। অথচ জাতীয় জীবনের অগ্রগতির জন্য সমবায়ের উপযোগিতার কথাও বিশ্ব জয়েড় উঠেছে। কিন্তু এই বিশ্ববন্দিত ব্যাপারটি বিষয়ে পশ্চিমবঙ্গের অযোগাতা অতান্ত নিন্দাজনক ও দুঃখজনক। আমরা বহুবারই বলেছি বে, সমবায়ের যে য়লা শিক্ষা, সম-অন্ভূতি সেদিকে কর্মপ্রারের কোনরকম সরকারী সার্থক প্রচেন্টার লক্ষণই নেই। বরং সম্পূর্ণ তার বিপরীত লক্ষণসম্হ আজ প্রকাশিত হচ্ছে, এবং তা বিশেষ আন্তিকি: উন্দেশ্য সিন্দির জন্যই হচ্ছে। য়েট্রকু সমবায়ের কাজ হচ্ছে সে কাজটুকুও চিন্তাহীন এবং পরিকশ্পনাহীন। সমবায় পন্ধতিতে জনগণের উৎপাদিত শত্তি, সম-বন্টন শত্তি ও জীবন-বালার মান উন্নত করার শত্তি বিকশিত হবার কথা, কিন্তু এখানে সরকারী সমবায় প্রচেন্টার

একমাত্র লক্ষ্য হচ্ছে অর্থ আজ ঋণস্বরূপ ছড়িরে দিয়ে আজ প্রচারক্ষেত্রে নিজেদের সমবায়ের জয়গান করা। একথা সত্য যে, শুখু টাকা দিয়েই জাতির সমবেত শান্তসমূহকে গঠন করা যায় না, তাকে বিভিন্ন আইন, বিভিন্ন রক্ষাবারক্থা, বিভিন্ন যোগান দিয়ে গড়ে তোলবার আন্তরিক ব্যবস্থা চাই। সরকারের লক্ষ্য রাখতে হবে—জনগণের সমবেত উৎপাদনশন্তি কোন কোন ব্যবস্থা ধারায় ও রক্ষাবারক্থায় তা সম্ভব হতে পারে। আমাদের জেলায় সেসবের কোন কিছুরই লক্ষণ আজ আমরা দেখি নি। পরিকলপনাহীনভাবে জেলায় দু-চারটি মাকেটিং সোসাইটি মাত্র করা হয়েছে। কিন্তু তার কাজও কিছুই নেই। দেখা যাচ্ছে অনুপযুক্ত স্থানে কতকগ্রলি গুনাম করা হয়েছে, আর সেগর্লির প্রায় সবগ্রলিই অকেজাে। লাান্ড মার্টগেজ ব্যাহ্ণ করাই সমবায়ের অন্যতম কর্মপন্থাত। কিন্তু এ জেলায় ছোটনাগপ্র এজেন্সি আ্যান্ট সংশোধনের গাফিলতিতে এই ব্যাহ্ণ এখনও করা সম্ভব হয় নি। অন্যান্য জেলায় দু-চারটি করে শক্তিচালিত তাঁত দেওয়া হয়েছে। কিন্তু এই জেলার ভাগ্যে এখনও তার একটিও জ্যােটে নি।

মাননীয় সভাপাল মহাশয়, শিল্প সম্বন্ধে বলতে গেলে পশ্চিম বাংলার অধিকাংশ স্থানে ঘন বর্সাত উর্বরা জমিতে চাষের উপযোগিতা হেতু আজ শিল্পের ব্যাপক ও বিশেষ সংগঠন সম্ভবপর হয় নি। এই রাজ্যে যে সকল স্থানে অনুবের এবং ঘন বসতি বিহীন সেই সমস্ত স্থানে শিল্পাণ্ডল গঠনেরই উপযোগা। এই দ্র্ণিটতে দেখলে প্রব্রেলিয়া জেলা বিশেষ উপযোগী প্থান বলে বিবেচিত হবে। এ ছাড়া শিলেপর উপযোগী প্থান হিসাবে পুরুলিয়া জেলার আর একটি বিশেষত্বও আছে। এই জেলায় বিভিন্ন খনিজ সম্পদে বহু আকর আছে, এবং জেলার চতুদিকে কয়লা, লোহ প্রভৃতি শিলেপর উপযোগী প্রধান বস্তুগর্নালরও উৎস স্থান। স্বতরাং সেই হিসাবে এই জেলাই শিল্প সংগঠনের সর্বোত্তম ক্ষেত্র। লোকসংখ্যার তুলনায় স্থানাভাব সমস্যা জর্জারত এই রাজ্যে লোক বসবাসের সুযোগ করে আজ পুরুলিয়ায় অনেকগুলি শিপে-নগরী পত্তনের বহু, সুযোগ হত। এবং এই সুযোগের মাধ্যমেই বাংলার উদ্বাহতদেরও বাংলা দেশেই নিজেদের সমাজ গ'ড়ে ভোলবার সুযোগ দেওয়া যেতে পারতো। তা ছাড়া পুরেলিয়া ভেলার মাটি অনুর্বর, সেই কারণে, জনগণের আর্থিক অবস্থা আজ অত্যন্ত শোচনীয়। এই কারণে প্রব্লিয়া জেলায় কতকগর্বল শিল্প নগরী গঠন করা আজ খুবই দরকার ছিল : পুর্বলিয়া জেলা এসব শিল্প প্রসারের এমন উপযোগী স্থান হওয়া সত্ত্বেও এই জেলায় বৃহৎ, মাঝারি বা ক্ষাদ্র শিল্প প্রসারের কোন চেণ্টাই সরকার করেন নি। সরকার থেকে চুণো পাথর **অগুলে** সিমেন্ট ফাক্টেরী করার কোন উদ্যোগই আজ পর্যন্ত করা হোল না। ব্যক্তিগতভাবে এর প্রচেন্টার কিছু আয়োজন চলছে মাত্র। এখানে কালদা নিতুরিয়া প্রভৃতি থানায় আজ বহু চুণা পা**থরের** সন্ধান পাওয়া গেছে। এই জেলা লোহ দ্রব্যাদি নির্মাণের জন্য বিখ্যাত। এই শিলেপর সহজ ক্ষেত্রকে অবলম্লন করে বহা রকমের লৌহ শিল্পের বিবিধ কারখানা সেখানে গড়ে উঠতে পারতো। কিন্তু সরকার এহেন সুযোগ গ্রহণেও আজ বিমুখ। এখানে বড় বড় কারখানা। পত্তন করার মত যেমন ক্ষেত্রেও কাঁচা মাল আছে, তেমনি মাঝারি শিপ্পের উপযোগী ক্ষেত্রেও কাঁচা মাল ঠিক তেমনি আছে। কাগজ শিল্প, হাড় চ্পেরি সার, কাঁচ শিল্প, উচ্চতাপ সহনক্ষম ইণ্ট তৈরী শিল্প প্রভৃতির কারখানা করার মত ক্ষেত্রও এই জেল। আছে। মাঝারি শিল্প হিসাবে সাবান, খান্দেশরী চিনি, শক্তি চালিত তাঁত, দড়ি শিল্প প্রভূতি বহু, শিল্প পন্তনের বহু, সূবিধা এখানে আছে। এখানকার লোহ শিল্পীরা এমন উদ্যোগী যে, সরকারী কোন সহায়তা না নিয়েও বিবিধ কৃষিয়ন্ত্র নির্মাণের কারখানা করে বাজারে প্রতিযোগিতায় দাঁডাবার মত জিনিস আজ তারা প্রস্তুত করছে। শেলাই-এর কল ও বিভিন্ন নতুন ধরণের জিনিষ তৈরীর কাজেও একক চেষ্টার শিল্পীরা পারদর্শিতা দেখিয়েছে। কিন্তু সরকারের পক্ষ থেকে সহযোগিতা বা উৎসাহ দেবার কোন আগ্রহ বা মনোভাব তাঁদের নেই। স্তরাং আমরা আজ উপলব্ধি করেছি সরকারের শিল্প নীতি যেমন ব্যর্থ হয়েছে, তেমনি দেশের জনগণের চাহিদা, শক্তি ও প্রয়োজনীয়তা বোঝাবার মত শক্তিও সরকারের আজ লোপ পেতে চলেছে।

[2-40-2-50 p.m.]

# Shri Ananga Monan Das:

নাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশ আগে কৃষি প্রধান ছিল, সেজন্য এক সময়ে বলা হত এই বাংলা স্কুজনা স্ফুলা শস্যশ্যামলা দেশ। কিন্তু আজকে পশ্চিম বাংলা খণ্ডিত হয়েছে, খণ্ডিত হয়ে পশ্চিম বাংলা ঘন বসতির দেশ হয়ে গেছে। কাজেই আমাদের অবস্থা এখন এমন দাঁড়িয়ে D-9

পেছে যে কৃষির উপর নির্ভরশীল হলে বাংলাদেশের অভাব মিটবে না তাই আমাদের শিলেপর আরোজন করতে হবে এবং তার জন্য বিভিন্ন রকম ব্যবস্থা করা আবশ্যক এবং শিলেপর আরোজন হছে। এখন বড় শিলেপর কথা আমি বলছি না, বড় শিলেপ, ভারী শিলপ কেন্দ্রীর গভর্নমেন্টের ব্যাপার। কেন্দ্রীর গভর্নমেন্টের ব্যাপার। কেন্দ্রীর গভর্নমেন্টের এটা করছেন এবং পশ্চিম বাংলার অবশ্য কিছু কিছু করছেন—বেমন দুর্গাপ্রের একটা বেন্ট আছে, যেখানে একটা ইন্ডান্ট্রিয়াল টাউন গড়ে উঠেছে এবং কোথাও কোথাও কিছু কিছু ন্নিনিং মিল, কাপড়ের কলও হয়েছে। আমরা বেশার ভাগ যেটাতে চিন্তিত হয়েছি সেটা হছে কুটির শিলপ। কুটির শিলপ ও গ্রামীণশিলেপর আয়োজন করতে না পারলে দেশের বেবার সমস্যার সমাধান হবে না এবং আমাদের দেশের অভাব মিটবে না। শুধ্ আমাদের দেশের কথা নর, শিলেপ সবচেয়ে বড় দেশ যে জার্মানি সেই জার্মানিতেও ভারি শিলেপর অভাবত উমতি হলেও সেখানে কুটিরশিলপ সমানভাবে চলেছে। কুটিরশিলপ সেখানে একটা ভারি শিলেপর পরিস্কৃতিক হিসাবে কাজ করছে। আমাদের সরকারও সেদিক থেকে আয়োজন রেখেছেন এবং কুটিরশিলপের জন্য কিছুমান্ত কাপণ্য দেখান নি। গত দশ বংসর প্রেণ্ড বই দেশে শিলেপর কোন একটা ব্যবস্থা ছিল না বললে হয়—নামমান্ত ব্যবস্থা ছিল। ১৯৫৯-৬০ সালে আমাদের এই দেশে কুটিরশিলপের জন্য বিজেটে বরান্দ ছিল মান্ত ৯৮ লক্ষ টাকা।

এবারে বরান্দ হয়েছে ১ কোটি ৮৩ লক্ষ টাকা। এই তো হল গ্র্যান্ট-এর দিকের টাকা। তা ছাড়া লোন ফাল্ডএ টাকা নেওয়া আছে। সেটা যোগ করলে প্রায় ২ কোটি ২৪ লক্ষ টাকার মতন খরচ হবে। কাজেই শিদেপর জন্য সরকারের অবহেলা আছে—চেন্টা নাই. একথা বললে চলবে না। এবং এ পর্যন্ত যে সমালোচনা চলে আসলে তাতে কেবল কতকগ্রলো অভিযোগ এনেছেন, কিল্ড আমার বন্ধব্য হচ্ছে এই অভিযোগ, অনুযোগ, উপযোগ ইত্যাদি করলে কাজ হবে না। আসনে সকলে মিলে চেণ্টা করে যাতে দেশের শিল্পের আয়োজন করা যেতে পারে শিল্পের প্রসার করা যেতে পারে তার চেণ্টা করা উচিত। আমাদের কৃটিরশিন্দেপর উন্নতি করতে গেলে ৰ্ষিদ দেখি তেমন কোন অস্ক্রবিধার সামনে পড়েছি তা হলে সেগ্রলো মন্ত্রিমহাশয়ের কাছে বলব— গভর্নমেন্টের গোচরীভূত করব, তা না করে কেবল বাহিরে থেকে সরকার কিছু করতে পারল না, অমূক কর্মচারী খারাপ, তাকে সরিয়ে দাও, অমূক লোক খারাপ—এ বলে হবে না। কর্মচারী কিছু খারাপ থাকবেই, যেমন হাতের পাঁচটা আপ্যুল সমান হয় না ছোটবড থাকে. তেমন কর্মচারীদের মধ্যে ভাল আছে খারাপও আছে। অবশ্য খারাপ কর্মচারীর কথা বলা যেতে পারে যে, তাকে সেখান থেকে সরিয়ে দাও, একথা বলা যেতে পারে, কিন্তু তার জন্য ষে িশ্যুপ ব্যাহত হচ্ছে একথা বলা ঠিক হবে না। আমরা যারা জনগণের প্রতিনিধি এবং জনসেবকরা আছি, আমরা যদি সকলে মনে করি যে, আমাদের যে অণ্ডল, যে অণ্ডলে কাজ করি, সেখানে শিদ্পের আয়োজন করব, সেথানের বেকার লোকের কাজের ব্যবস্থা করব, আমরা যদি কাজে এগিয়ে যাই, তা হলে সরকারের কাছ থেকে বাধাবিদ্য পাব না। তারপর কতকগুলি অসুবিধার কথা বলছি যেসমুহত অসুবিধা হয়, তার সুবৃদ্ধে দু-চার কথা বলছি। প্রথম কথা হচ্ছে বিদ্যাতের অভাব। অন্তত এখনও বিদাতের যা বরান্দ হচ্ছে তা ভারি শিশ্পের জন্য। কিন্ত ক্ষুদ্রশিলেপর জন্য কোন সাহাষ্য পাওয়া যাচ্ছে না। অবশ্য একথা ঠিক, দেশে যদি বেশি বিদ্যুৎ উৎপাদিত না হয়, দেশের যদি বিদাতের অভাব দরে না হয়, ডি-ভি-সি বা অন্য কোথা থেকে যদি বা পাওয়ার না পাওয়া যায় তা হলে কাজের অসুবিধা হবে। কিল্ড আমি বলবু যদি 🐃 দুর্শিদেশর জন্য কিছু বিদ্যুতের বরান্দ না রাখি তা হলে ক্ষুদ্রশিদেশর উন্নতি করতে পারব না এবং মধ্যবিত্ত লোক যারা ক্ষ্মদ্রশিলেপর উপর নির্ভার করে জীবন্যালা নির্বাহ করে তাদের সাহাষ্য করতে পারব না। কাজেই মন্দ্রিমহাশয়কে অনুরোধ করব যে, বিদ্যুতের একটা অংশ **ঐ** স্থানে যেন তিনি বরান্দ রাখেন ঐ ক্ষুদ্রশিলেপর সাহাযোর জন্য। তারপর শিলেপর আয়োজন করতে আর একটা অস্মবিধা হচ্ছে এই কারণে যে, উৎপাদিত বিভিন্ন জিনিসের বাজার পাওয়া যায় না। মনে কর্নুন এক জামগায় সাবান তৈরি হচ্ছে, সাবান তো সে জামগায়ই বিক্রি হচ্চে না, কাজেই সে উৎপাদিত দ্রব্য যাতে মাকেটিংএর স্কৃথিয়া হয়, যাতে বাজারে পাঠান হয় তার জন্ম সরকারকে নজর রাখতে হবে, কারণ এক জায়গায় উৎপাদন হচ্ছে, তা সে জায়গায়ই খরচ হচ্ছে না হতে পারেও না. কাজেই আমি বলব বাজারের একটা বাবস্থা করা হোক এবং সে ব্যবস্থা এমনভাবে করা হোক বাতে উৎপাদকরা ন্যাষ্য দাম পেতে পারে এবং ন্যাষ্য দাম পাবার জনা তাদের স্বধ্যে আরও ব্যাপকভাবে শিল্প গড়ার আয়োজনও হতে পারে। আর একটা হচ্চে শিল্পের নির্বাচন হ'শেরার হরে করতে হবে। কোন জারগার লোকেরা কোন একটা শিলেপর জন্য

দরখাসত করল—সেখানে করা বেতে পারে না, সেখানে হয়ত করলে অস্থাবিষা হয়, মনে কর্ন আমার বে অঞ্চল বেখানে বেশির ভাগ পাট হয়, ধান হয়, সেখানকার লোকের যদি বলে বে, আমি গ্রুদিশপ করব, সেখানে গর্ড তৈরি করবার মত বেসব মেটিরিয়াল তা আছে কিনা, সেখানে আখ আছে কিনা, সেখানে আখ আছে কিনা, সেখানে আখ আছে কিনা, সেখানে খেলি নেবার আগে বদি শিল্পের আয়োজন করি, অথবা ঐয়্প স্থান লা থাকলে যদি শিল্পের মঞ্জরী দিই তা হলে হবে না, কাজেই সেখানে দেখতে হবে, যখনই কোন শিল্পের জন্য আয়োজন করে কোন জারগার লোকেরা দরখাসত করে, তারা কো-আপারেটিভ কর্ক বা কো-অপারেটিভ সোসাইটি অ্যারেই কমিটি করে কর্ক যেভাবেই করবে প্রথমেই খেলি নিয়ে দেখতে হবে সেখানে সেই শিল্পের প্রসপেক্ট আছে কিনা, সেখানে শিল্পের আয়োজন করা যাবে কিনা—শিল্পজাত দ্রবের আয়োজন করা যাবে কিনা, লোক্যাল মার্কেটে কনজাশ্পশন হবে না বাহিরে মাল পাঠানোও যাবে, এসব দেখতে হবে, এগ্লো দেখে মঞ্জরী দেওয়া উচিত হবে, এসব দেখে যদি মঞ্জরী না দেওয়া হয় তা হলে হবে এই শিল্পের জন্য যে টাকা খরচ করা হবে সেটা ভালভাবে না হয়ে অপচয় হবে। [2-50—3-10 p.m.]

এই দেশের যে কাজ-জনগণের অর্থ যাতে স্কৃতিভাবে ব্যায়ত হয়-যাতে স্কৃতিভাবে চলে এই রকম আয়োজন রাখতে হবে। অর্থাৎ এক কথায় বলতে গেলে আমাদের যে শিচ্প সংস্থা আছে এই সংস্থাকে একটা ঢেলে সাজাতে হবে। বিভিন্ন জায়গায় এই সংস্থার মধ্যে যেখানে দূর্বলতা, यथान अर्ज्ञावधा आर्ष्ट रमग्रीलटक मृत करत मिरत आमता मुर्छेन्छाट भीत्रहालना कत्रह्या। এবং স্কুট্র পরিচালনা করতে পারলে আমাদের দৃঢ়ে ধারণা আমাদের দেশ নিশ্চয়ই শিলেপ উল্লভ হবে এবং এই শিল্পের উন্নতির উপর সমস্ত কিছু নির্ভার করছে। কারণ কথা হচ্ছে এই কৃটিরশিলপ যে কত দরকারী জিনিষ তা আমরা অনেক সময় ভূলেই যাই—যা কিছু একটা করলেই হল তা নয়। কারণ বর্তমান সময়ে জীবন যাত্রার মান যেভাবে বেড়ে গিয়েছে তাতে একজন লোকের আয়ের উপর সংসার চলে না। সংসারের আয়ের আরও বেশী পথ করতে হবে এবং সেই আয়ের ক্ষেত্র বের করতে গেলে সেখানে গ্রামের পরিবারবর্গের মেয়েরা কিংবা অক্ষম প্রেম্বরা তারাও যাতে আয় করতে পারে তার বাবস্থা করতে হবে—তার একটা আয়োজন করতে रर्त। এবং তা করতে গেলে শুধু একটি শিল্পের উপর নির্ভার করলে চলবে না। সেখানে সোসাইটি গড়ে তুলতে হবে—সোসাইটির মধ্যে কো-অপারেটিভ সোসাইটিই ভাল এবং তা করতে গেলে একটি নিদিভি পরিমাণ পরিবারবর্গকে নিয়ে একটি সোসাইটি গড়ে তার মাধামে কাঞ্জ করতে হবে। সোসাইটি করতে গিয়ে অনেক সময় অস্কবিধা হয় এই যে যারা এই কো-অপারেটিভের আন্ডারে তারা অনেক সময় গড়িমসি আরম্ভ করে। তাদের কাছে একটা দর্থাসত এলে তারা সেই দর্থাস্তের মধ্যে গাড়মসি শ্রুর করে এবং দেখে এটা পরিবর্তন করা উচিত কিনা। কিংবা মনে কর্ন আর একটি দল সেখানে দর্থাস্ত কর্লো তথ্ন গোলমাল লেগে গেল। আমাদের অঞ্চলে একটি গোলমাল হয়েছিল। আমাদের এলাকার রাধাবল্লভচক বলে ময়না থানায় একটি গ্রাম আছে। সেখানে লোকেরা কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রী করবার জন্য দর্থাস্ত করলে তাতে যাদের তাঁত আছে তারাও দর্থাস্ত করলো। অর্মান সেথানে আর একটি দলের লোক যাদের তাঁত নেই মনে করলো মজার জিনিষ—বেশ লাভ করা যাবে—অমনি তারা একটা পাল্টা দরখাস্ত দিল। আগের দরখাস্ত একজামিন করে ওখানকার কো-অপারেটিভ সাব ইন্সপেক্টর যেই রিপোর্ট পাঠালো কিন্তু যেহেতু আর একটি দরখাস্ত এসেছে---অতএব সেটাকে ফেলে রেখে দেওয়া হল এবং আজ পর্যন্ত ৬।৮ মাস হল সোসাইটি রেজিস্ট্রী করা হচ্ছে না। এবং বার বার বলা সত্ত্বেও সেখানে অ্যাসিস্টেন্ট রেজিস্টার বললেন যে সকল দল মিলে দর্থাস্ত কর্নুন, একটা ব্যবস্থা করা যেতে পারে। একদল লোক প্রকৃত উইভার আর একদল তো উইভার নয় তাদের দরখাস্তের সঞ্জে জোর করে জড়িয়ে ফল্স উইভার যারা তাদের সঞ্জে আসল উইভারেরা একসপো কাজ করবে কি করে? এখানে একট্ব বিচার করতে হবে। আমার কথা হচ্ছে আমরা সূক্ত্রভাবে যদি আয়োজন করতে পারি তবেই সমস্ত শিল্পের আয়োজন করতে পারি। যদি তা না করি এবং খাপছাড়াভাবে কাজ করার ফলে নিশ্চয়ই শিল্পির উন্নতি হবে না এবং বে ২ কোটি ২৪ লক্ষ টাকা বরান্দ হয়েছে তা সূত্যুভাবে খরচ করা হবে না এই আমার <sup>দ্</sup>ঢ় ধারণা। এই ষে টাকা এটা নিতান্ত কম নয়। এই টাকা যদি ভালভাবে খরচ করা যায় ভাহলে আমার মনে হয় নিশ্চয়ই ভাল হবে। তাছাড়া এই টাকার উপর যে খাদি কমিশন টাকা দিছে সেটা এই হিসাবের মধ্যে নেই।,স্তরাং খাদি কমিশন থেকে যে সমস্ত ছোটখাট কুটির-শিলেপর ব্যবস্থা আছে তাঁত বোনার ব্যবস্থা তাতে ফল ভালই হবে। আর একটি কথা মিল্টি-মহাশরকে বলি যে, এই যে হ্যাল্ডল্ম্মানি গত বছর ২৪ লক্ষ্ণ টাকার কাপড় বিক্রি করে স্বাউলিট সেটা ১০ লক্ষ্ণ কেন করলেন তা আমি ব্যতে পারছি না এটাকে একট্ পরিষ্কার করে বললে আমি ব্যতে পারতাম। কেন না তাঁতের কাপড়ের যেভাবে উর্মাত হচ্ছে এবং তাঁত বস্মের চাহিদাও বেড়ে গিয়েছে এবং ধীর ধীরে বস্মের বাজারে কর্মপিটিশন করতে পারবে বলে মনে হয়। আমাদের দেশে যা তাঁত বস্ম হবে অনেক লোক তাঁতের বস্ম বাবহার করবে এবং মিলের বস্ম সমস্ত বাইরে দেওয়া হবে। এটা একট্ পরিষ্কার করে বল্ল্ম এটা আম্বা জানতে চাই। এই কথা বলে অমি আমার বন্ধব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes]
[After adjournment]

[3-10-3-20 p.m.]

#### Shri Radhika Dhibar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আজ শিল্পমন্ত্রীর বাজেট বরান্দের কথা সবই শ্বনলাম। কিন্তু ক্ষুদ্র কুটির শিলপুর্গুলি রক্ষা করবার জন্য তিনি যে সমুহত কথা বলেছেন, আমি সে সুদ্রবন্ধ কতকণ্যলি কথা তাঁর কাছে উপস্থাপিত করবো। আমি যেখান থেকে নিব'াচিত হয়েছি সেই বিষদ্ধপুর একটা ঐতিহাসিক স্থান। এথানে অনেক বাসন-শিল্পী, শুংখশিল্পী, তাঁত শিল্পীর বাস। এখানে বহু সার্ভিস কো-অপারেটিভ সমিতি আছে, তার মধে শব্দ শিশ্প, তাত শিশ্প, বাসন শিল্প, রেশ্ম শিল্প ইত্যাদির সমবায় প্রতিষ্ঠান অনেকগুলো আছে। সরকারী কতকগুলি অবাবস্থার ফলে সেই সমস্ত কো-অপারেটিভগুলি নণ্ট হতে বসেছে। কিন্ত উক্ত কো-অপারেটিভ-গুলিকে বাঁচাবার জন্য সরকার থেকে প্রয়োজনীয় সাহাধ্য ও ডিরেকটর অফ ইন্ডাস্ট্রিজ হতে প্রয়োজনমত সাহায্য যেমন কাঁচা মালের পারমিট নিয়মিত ও পর্যাপত পরিমাণে না দেওয়ায় এবং বাসন, শৃঙ্খ, রেশম প্রভৃতি শিল্প প্রতিষ্ঠানগুলি হতে উৎপন্ন মাল সরকারী দায়িছে বিশ্রুয় করবার বাবস্থা না থাকায় সমিতিগুলি নল্ট হতে বসেছে বা নল্ট হয়ে গেছে। ইহা ছাড়াও উক্ত সমবায়-গুলির উপর সরকার নির্দিষ্ট সেলস ট্যাক্স থাকায় তা বহন করতে অক্ষম হওয়ায় স্মিতিগুলি দেউলিয়া হয়ে পডছে। অথচ ব্যক্তিগত মালিকানার বাবসায়াদিগকে বোর্ড অফ ইন্ডাম্ট্রিজ-এর কোটা হতে মাল লইবার পার্রামট দেওয়া হচ্ছে ও নানা উপায়ে সেলস ট্যাক্স-এর বহুৎ অংশ ফাঁকি দিয়ে প্রতিযোগিতা করতে সক্ষম হচ্ছে। কিন্ত সমিতিগুলির পক্ষে উহা সম্ভব না হওয়ায় ও সমবায় আইন অনুযায়ী পরিচালন বায় বহন করতে অক্ষম হওয়ায় সমবায়গুলি পরেচালনার ক্ষেত্রে সমবায় আইনের যে সমুহত ব্যবস্থা আছে, তাও অনেক ক্ষেত্রে সঠিক প্রয়োগ কর। হচ্ছে না। ক্ষমতাসীন দলের ব্যক্তিদের ম্বারা সমবায় সমিতিগ্রলি পরিচালনার জন্য অনেক ন্রাটি ও দ্বনীতি কর্তৃপক্ষের দ্বিটগোচর করা সত্ত্বেও কোন প্রতিকার হচ্ছে না। উদাহরণস্বরূপ বিষ্ণুপরে মহক্ষা সমবায় সমিতি নামে যে প্রতিষ্ঠানটি গঠিত ছিল, তা প্রতিপত্তিশালী লোকেরা তাদের আত্মীয়-স্বজনকে ঐ সমবায়ের সভ। শ্রেণীভুক্ত করে সমিতিটিকে কৃষ্ণিগত করে রেখেছিলেন। পরে ঐ সমিতির বিরুদেধ দূর্নীতির অভিযোগ উঠবার পর সমবায় বিভাগ অনুসন্ধান করে রিপোর্ট দিয়ে কয়েক জনকে দোষী সাবাস্ত করা সত্তেও দলগত স্বার্থে ও ক্ষমতাসীন দলের আধিপতো কোন প্রতিকার না হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে গেছে।

তারপর বিষণ্ণ,র রাস ওয়্যার্স সোসাইটি নামক প্রতিষ্ঠানটি বিষণ্ণ,রে স্প্রাচীন ও স্প্রসিন্ধ বাসন শিলেপর উন্নতির জন্য গঠিত হয়েছিল। কিন্তু উহাও অন্রর্পভাবে ক্ষমতাসীন দলের লোকের অধীনে থাকায় সে সমিতিও দেউলিয়া ইয়ে পড়েছে এবং এখন মুম্র্ব্ অবহথায় আছে, স্থানীয় শৃত্থ সমবায় সমিতি সমস্ত নিয়ম কান্ন মেনে কাজ করছিল। কিন্তু বার বার আবেদন নিবেদন করেও সম্বংসরের কার্যোপ্রোগী কাঁচা মালের সরবরাহ না পাওয়ায় ও সেই সমিতির আর্থিক দ্বলিতার জনা সেলস ট্যাক্স মক্বের কোন প্রতিকার না পাওয়ায় পরিচালকমন্ডলীর সততা থাকা সত্ত্বেও সমিতিটি সম্প্রতি উঠে গিয়েছে। তাঁত শিলপ প্রতিষ্ঠানটি কোনর্পে টিকৈ

আছে। কিন্তু উহাতে সহরের সমস্ত তন্ত্বায়কে উক্ত সমিতির সভ্যশ্রেণীভুক্ত না করায় তসর, রেশম ও আলপাকা দ্বারা প্রস্কৃতারী তাঁতিরা বেকার হয়ে পড়েছে। বর্তমানে দ্বর্ণ নিয়ন্দ্রণের ফলে দ্বর্ণ শিল্পীরাও বেকার হয়ে পড়েছে। এইর্পে ঐতিহ্যপ্র্ণ ঐতিহ্যাসিক মর্য্যাদা সম্পন্ন রল্প রাজধানী বিষ্ণুপ্র সহরের অধিবাসী সর্বশ্রেণীর কুটির শিল্পিগণ আজ বেকারে পরিণত হয়েছে এবং অনেকেই রিলিফ নিতে বাধ্য হচ্ছেন। অনেকে অনশনে অধাশনে অশেষ কণ্ট ভোগ করছেন। সেইজন্য আমি মাননীয় শিল্পমন্তাকৈ অন্বরোধ করছি তিনি যেন অবিলব্ধে ঐ সকল সমবায় সমিতি ও শিল্প প্রতিষ্ঠানগর্নলিকে প্রক্রীবিত করবার বাকস্থা অবলন্বন করেন ও তাদের বেকারত্ব দ্বে করেন। এই কর্যাট কথা বলে আমি আমার বত্তব্য শেষ করছি।

# Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধাক্ষ মহোদয়, পশ্চিমবংগের ভয়াবহ বেকার সমস্যা আর পশ্চিম বাংলার অর্থনৈতিক দিকটা লক্ষ্য করে শিল্পায়নের বিশেষ প্রয়োজন আছে। কিন্তু আমাদের পশ্চিমবংগ সরকার এই শিল্পায়নের ক্ষেত্রে বারে বারে বার্থ হয়েছেন। এই বার্থতার কারণ যদি খ'্জতে যাই তাহলে দেখা যাবে মোটাম্বটি তিনটা কারণ রয়েছে। প্রথমত শিল্প উৎপাদনের ক্ষেত্রে অর্থ অপচয়। শিবতীয়ত শিল্প উৎপাদনের ক্ষেত্রে অসং ব্যক্তির আবিভবি। তৃতীয়ত শিল্প উৎপাদনের ক্ষেত্রে সংহত ও পরিকলিপত দ্বিউভিগির অভাব।

অর্থ অপচয়ের ক্ষেত্রে দেখা যায় কিছু দিন আগে সেলস এন্পোরিয়াম বন্ধ করে দেওয়া হয়েছে। অতানত দেরীতে হলেও, শেষ পর্যন্ত যে সেটা বন্ধ করে দিয়েছেন, তার জন্য সাধ্বাদ জানাতি। কিন্তু সেই সঞ্জে জানাতে চাচ্ছি, ১৯৫৫ সাল থেকে আরম্ভ করে ১৯৬২ সাল পর্যন্ত যে লক্ষ্ণ লক্ষ্য টাকার অপচার হল, এবং ১৯৬০ সালের অভিট রিপোর্টে দেখছি যে ৪৯ হাজার টাকার শিশপজাত দ্রব্য নেই, এর জন্য যারা দায়ী: যারা এইসব জিনিস নন্ট করেছেন, যারা অপরাধী, তাদের বির্দেধ কি শাস্তিম্লক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে? আমি জানি এই সম্পর্কে মাননীয় মিল্মহাশয়ের বারাসতের বাড়ীতে পর্যন্ত ধর্ণা দিয়েছিলেন এইসব অপরাধীরা। আমরা জানি তিনি গোরাল্প প্রেমে বিভার। তিনি যদি মনে করে থাকেন তিনি প্রেম বিলাবেন, তাতে কোন আপত্তি নেই। কিন্তু শিলপমন্ত্রী হিসাবে, দেশের অর্থ অপচয়ের জন্য নিশ্চয়্ম জনসাধারণ দাবী করতে পারে আপনার কাছে যে এই অর্থ অপচয়ের জন্য দায়ী কে? যারা অপরাধী, তাদের বিরুদ্ধে কি শাস্তিম্লুলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? ন্বিতীয় অভিযোগ আমার, শিলপ উৎপাদন ক্ষেত্রে অসাধ্ব ব্যক্তির আবির্ভাব আমরা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে একটা ফটো রয়েছে, বাংলা দেশের ব্রের উপর অনেক ন্তন ন্তন শিলপতি গজায়। এটা তারই চিত্র। ধীরেন চন্দ্র ভৌমিক (এ ভয়েসঃ তাঁর ছবি?) পরে দেখবো, সব্রের করন। ধীরেন ভৌমিক আন্ড কোন্পানী.

registered manufacturers of Government of West Bengal.

বাঁকুড়া নির্মালডাণগায় যার লোকদেখানো একটা ফ্যাক্টরী রয়েছে। এই ভুয়া প্রতিষ্ঠানটি রাইটার্সা বিল্ডিং-এর ফাঁক দিয়ে, ঐ রাইটার্সা বিল্ডিং-এর যে স্মৃড়ণ্য পথ রয়েছে সেই পথ দিয়ে পার্মিটের মাধ্যমে স্টীল কোটা বের করছেন। এবং রাকে মার্কেট-এর হাত দিয়ে সেই কোটা বিভিন্ন স্থানে বিক্রয় করছেন। এই ব্যাপারে যারা সাহায়া করছেন দেখন। রাইটার্সা বিল্ডিং-এর দ্বই জন বিশিষ্ট অফিসার একজন হচ্ছেন শ্রী আর ঘোষ, ডি এম, বাংকুড়া, আর একজন হচ্ছেন পি নাগ, আই এ এস, (রিটায়ার্ড)—তাঁরা এর সংগ্য জডিত রয়েছেন।

[3-20-3-30 p.m.]

তাদের এই ব্যবসা সংক্রান্ত ব্যাপারে আমার কাছে বহু কাগজপত্র আছে। মিঃ স্পীকার, স্যার, এই ধীরেন ভৌমিক অ্যান্ড কোম্পানী যেসব প্রতিষ্ঠানের সপ্যে জড়িত রয়েছে অর্থাৎ যাদের সপ্যে এই গোপন ব্যবসা চলে তাদের মধ্যে রয়েছে মেসার্স কমলা সিট মেটালস ইন্ডাম্ট্রিজ, ৯৮ বেলেঘাটা মেন রোড, কলিকাতা; মেসার্স বশদালাল ঘোষাল প্রাইভেট লিমিটেড, ২০ মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা ৭; মেসার্স এস এন মান্না আন্ড এম এল মান্না প্রাইভেট লিমিটেড, ডি-১৬ জগনাথ দেটি, কলিকাতা: মেসার্স কম্পা চেন মুবুসা; এইসব প্রতিষ্ঠানের সপ্যে গোপন ব্যবসা চলে।

এই কম্পানীর বিনি নারক শ্রীধীরেন ভৌমিক. তিনি একজন ফার্ন্ট ক্লাশ ডিবচ। তিনি একসঞ্চো তিনটি নারীর সংশ্য প্রেম করে চলেছেন তার বহু, প্রেমপত্র রয়েছে এখানে। আমার প্রশ্ন, মাননীয় শিলপমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই যারা চোরাকারবারী, দুন্নীতি পরায়ণ, তাদের মধ্যে দিয়ে কি আমাদের শিল্প উৎপাদন বৃদ্ধি পাবে? সবচেয়ে আশ্চর্যের কথা যে এইরকম একটা ডিবচ তার সার্টিফিকেট দিছেন আমাদের মুখ্যমন্তী স্বয়ং। ২৮এ ফেব্রুয়ারী আনন্দ বাজার পৃত্রিকার একটা ছবি আমি আপনার সামনে রাখছি। সেই ছবিতে শ্রীধীরেন্দ্রচন্দ্র ভৌমিক পরিণয়সূতে আবন্ধ হবার পর মাননীয় মুখামন্ত্রী শ্রীপ্রফল্লেচন্দ্র সেনের সহিত এই আলোকচিচ্চটি গৃহীত হয়। ১৭ই ফেব্রুয়ারী সন্ধ্যায় প্রীতিভোজ অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসাবে বাঁদের সমাগ্ম হয়েছিল তাঁদের মধ্যে ছিলেন সেচমন্ত্রী অজয় মুখাজ্রী. রাধারাণী মহাতাব, আভা চ্যাটাজী এবং রঞ্জিৎ ঘোষ, আই এ এস ও প্রেমানন্দ নাগ, রিটায়ার্ড আই এ এস। আমার তৃতীয় অভিযোগ সংহত ও পরিকল্পিত দুণ্টিভংগীর অভাব। আমরা যদি লক্ষ্য করে থাকি তাহলে আমরা দেখবো যে, ফলিত অর্থনৈতিক গবেষণা পরিষদের যে রিপোর্টে পরিষ্কারভাবে বলা হচ্ছে যে একমাত্র কলিকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চল আসানসোল, দুর্গোপত্রে, এবং উত্তরবংশের দার্জিলিং, জলপাইগ,ড়ির চা বাগানের যে অঞ্চল এছাড়া আর কোথাও শিল্পোন্নয়ন ঘটে নি। অথচ উত্তরবর্ণো যেখানে কাঁচা মালের প্রচুর সরবরাহ রয়েছে সেখানে শিল্প উৎপাদন বাবস্থা হতে পারে তার কোন সুযোগ গ্রহণ করা হয় নি। বরং উলটো আমরা দেখতে পাচ্ছি. কুচবিহার জেলার উপরে মাত্র যে দু' একটি শিল্প ছিল যেমন দিয়াশালাইএর কারখানা. স্লাইউড ফ্যাকটারী, সেগ্রিল উঠিয়ে দেওয়া হয়েছে। এবং অত্যত্ত দঃখের কথা যে শুধুমাত্র বিদ্যুতের অভাব দেখিয়ে আজকে সেখানে যে পাওয়ার লমে খোলার কথা ছিল তা পর্যকত সরিয়ে নিয়ে আসা হল এই কলকাতার বুকের উপর। আমার প্রশ্ন যে একমান্ত বিদ্যুতের অভাব, এর আগেও মাননীয় মন্দ্রিমহাশয় বলেছেন আর কতদিন বলবেন উত্তর বাংলার ক্ষেত্রে ঐ একমাত্র জলটোকা প্রজের যেখানে মার ৯ মেগাওয়াট পাওয়ার উৎপন্ন হবে সেটা দেখিয়ে উত্তর বাংলার মানুষকে আর কর্তাদন ধরে রাথবেন ? আমার বন্ধব্য বাগরাকোট অণ্ডলে প্রচুর কয়লা পাওয়া যাচ্ছে সেটা অনুসন্ধান করা হক এবং সেখানে যাতে একটা থার্মাল পাওয়ার স্ল্যান্ট স্থাপন করা যায় তার বাকম্থা করা হোক।

আর একটি শিল্প উত্তরবংশে রয়েছে সেটা হচ্ছে রেমী। রেমী থেকে ভাল কাপড় তৈরী হয়। রেমীর যদি কল না হয়, তাহলে ভবিষ্যতে এই রেমী চাষ বন্ধ হয়ে যাবে। অবিলন্দেব সেখানে এই রেমীকল স্থাপন করা হোক।

তৃতীয় কথা, আজকে আমরা যে কাগজের অভাব বোধ করছি সেই কাগজ সম্পর্কে আমর দেখেছি বিভিন্ন ক্ষেত্রে কাগজ করবার জন্য উত্তর বাংলায় প্রচুর নরম কাঠ পাওয়া যায় সেখানে কাগজের কল তৈরী করা যেতে পারে।

আমার চতুর্থ বন্ধবা, যেটা আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাছিছ সেটা হচ্ছে তাঁত শিল্পীদের দ্রবহৃথার কথা। স্তা নেই, তাঁত চলবে কেমন করে? চড়া দামে যদি স্তা কিনতে হয় তাহলে বাংলার তাঁত শিল্প বাঁচতে পারে না বিশেষ করে অন্যান্য প্রদেশের তাঁত শিল্প যথন কিশ্টিশনে নেবেছে। আমি আপনার সামনে পরিক্ষারভাবে রাখছি যে চল্লন ঐ বড়বাজারের যেখানে স্তাপটি রয়েছে সেখানে নাাষ্য দামে কোন স্তা পাবার স্যোগ নেই। বেশী দামে সেখানে স্তাকিনতে হয়। আমার কাছে বহু ক্যাশ মেমো আছে, ঐ ঈশ্বর দাস জালান মহাশারের আখ্যীররা সেখানে একচেটিয়া বাবসা আরুল্ড করেছেন। আমি এর দ্ব একটা উদাহরণ আপনার সামনে রাখছি, গৌরশুক্রর জালান আ্লেড কেন্সেনা, আর একটা হচ্ছে মোহনলাল রতনচাঁদ। এদের বিভিন্ন কাগজপত্র আমার কাছে রয়েছে। তারা কি দামে স্তা বিক্রয় করছে সেটা দেখুন, ১০ পাউন্ডের ৪০নং স্তা মাদ্রা, মীনাক্ষি ও কুঠারী মিলের তার রিটেল দাম ৩১-৬২ টাকা. অথচ তা বিক্রি হছ্ছে ৩৮ টাকা করে। ১০ পাউন্ডেও ওজনের ২।২৪ পাড়ের স্তা মাদ্রা মিলস-এর, তার রিটেল দাম ২৭-৫০ টাকা, তা বিক্রি হছ্ছে ৩৪ টাকা করে। এবং ক্যাশ মেমোতে এই বেশী দাম পরিক্রারভাবে ধরা হয়েছে। আমি মাননীয় মন্ত্রমহাশেরকে জিক্তাসা করতে পারি

তার সঞ্চো এরা কিভাবে কন্পিটিশনে দাঁড়াবে। আসল কথা, যদি আমরা এই শিল্প বাবস্থার সমস্ত চিন্নটা দেখি তাহলে সেখানে রয়েছে শুধু টাকা নিয়ে ছিনিমিনি খেলা। কোন স্কুত্ব পরিকল্পনা নেই যে পরিকল্পনার মধ্যে দিয়ে এই ব্যবস্থা এগিয়ে যেতে পারে, সত্যিকারেব দেশের স্মধ্যে শিল্প উল্লয়ন হতে পারে।

আমার আর একটা কথা হচ্ছে, পশ্চিম বাংলার যে চলচ্চিত্র শিলপ আজ ধরংস হতে বসেছে। চলচ্চিত্রের ব্যাপারে দেখছি আমাদের যেসব ছবিঘর রয়েছে সেই ছবিঘরের মালিকরা এই চলচ্চিত্র শিলপকে কন্টোল করছে। আমি মাননীয় মিল্যমহাশয়কে অনুরোধ কর্নছি এই ছবিঘরের যারা মালিক তাদের হাত থেকে চলচ্চিত্র শিলপকে বাঁচিয়ে যারা সিত্যিকারের প্রয়োজক, যারা পরিবেশক, যারা শিলপী, কমী রয়েছে তাদের দিকে আপনি নজর দিন যাতে তারা সত্যিকারের প্রথম পায় এই শিলপ ক্ষেত্রে। বাংলা দেশের চলচ্চিত্রের যে স্কুনাম রয়েছে সত্যজিং রায়, তপন সিংহের মত পরিচালক যে শিলেপ রয়েছেন, যে শিলেপ আজকে বাইরে থেকে অর্থ উপার্জন করছে, সেই শিলপ যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা আপনি কর্মন।

# Shri Bijoy Kumar Roy:

সভাপাল মহাশয়, অর্থমন্ত্রী আমাদের সামনে যে বাজেট বরান্দ পেশ করলেন তা আমি সমর্থন করতে পারি না। সমর্থন করতে পারি না এই জন্য যে আজকে সেখামে সমগ্র দেশে দুবাম্লা বুদ্ধির চাপে জনসাধারণ জজরিত এবং হাহাকার করছে এই সময় আমাদের মন্তিসভা জনসাধারণের দঃখকণ্টের কোন সরোহা করতে পারেন না। স্যার পশ্চিমবঙ্গে যখন কর্নাস্টমার্স সোসাইটি করার কথা হয়েছিল সেই কর্নাস্ট্যার্স সোসাইটি করার জন্য কেন্দ্রীয় সরকার প্রচর টাকা দেওয়ার প্রতিশ্রতি এবং নির্দেশ দেওয়া সত্তেও আজ পর্যন্ত একটিও কর্নসিউমার্স সোসাইটি করা হয় নি। যেখানে ২৬এ জানুয়ারী এই পশ্চিম বাংলার সমুস্ত এলাকায় কুন্সিউমার্স সোসাইটি করার কথা সেখানে আজকে আমরা ফেব্রুয়ারী মাসে দেখছি একটি কনসিউমার্স সোসাইটিও গঠন করা হয় নি। আমরা যতদরে জানি যে, চাপে পড়ে হোক আর দায় ঠেকে হোক গত ১৯-২-৬৩ তারিখে রেজিন্টার অফ কো-অপারেটিভস নির্দেশ দিয়েছেন এই কনসিউমার্স কো-অপারেটিভস রেজেম্ট্রী করা সম্পর্কে। মন্ত্রিমহাশয় জানাবেন কি এই অর্ডার দিতে দেরী रल रकत? সारे जिलकमात्तर रकान निर्दर्भ रखाइ किना खानि ना। किलकाला कनवर्जन এলাকা—সাইট সিলেকশন নিয়ে অনেক গোলমালের সম্ভাবনা আছে। আমরা জানি এই কর্নসিউমার্স সোসাইটি গঠন করার ব্যাপারে কেন এত গডিমসী। তর্নবাবরে পেট্য়ো লোক খ্রী পি সি মজুমদার, রিটায়ার্ড আই এ এস অফিসার তাকে কর্নসিউমার্স সোসাইটির ডিরেক্টর নিয়ত্ত করেছেন। এই ব্যক্তিটির স্বার্থে আজকে কর্নাসউমার্স সোসাইটি গঠনে দেরী হচ্ছে। আমরা এই ভদলোকের স্বরূপ ভাল করে জানি। তিনি কুচবিহারের ডি সি ছিলেন। তথন তাঁর বহু কেলেন্ট্রারী আজও স্মরণে আছে এবং ভবিষাতেও স্মরণে থাকবে। আমরা জানি শ্রী মজ্মদার যখন ক্যালকাটা করপোরেশনএর অ্যাডমিনিস্টেটর ছিলেন তথন এই ক্যালকাটা কর-পোরেশনএর কি দুর্গতি ছিল তা কলকাতার মানুষ হাড়ে হাড়ে জানে।

## [3-30-3-40 p.m.]

বাংলা দেশের গ্রামে গ্রামে কৃষি সমবায় সমিতি গঠন করা হয়েছে বটে, কিন্তু তার যে দুর্দশা হয়েছে সে সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষি সমবার সমিতি সম্বন্ধে এমন আইন করা হয়েছে যা কৃষকের স্বার্থ বিরোধী। আজকে দেখা যাবে যে কৃষি ঋণ দেওয়া হয় তার ৯০ পার সেন্ট শোধ না করা হলে প্নরায় ঋণ দেওয়া হয় না। আমি নিজে একজন কৃষকের ছেলে, আমি এ সম্পর্কে বিশেষভাবে ওয়াকিবহাল। নানা কারণে জাম থেকে প্রতি বছর সমানভাবে ফসল উঠে না। এজন্য চাষীদের সব সময়েই অভাবের মধ্যে থাকতে হয়। এই রকম যদি আইন হয় যে, ৯০ পার সেন্ট ঋণ শোধ না দেওয়া হলে প্নরায় ঋণ পাওয়া যাবে না তাহলে আমি বলব, তয়নুণবাব, কৃষকদের অবম্থা সম্পর্কে সম্পর্ক আইন করতে পারেন না। আজকে সমবায় সমিতিগলের মধ্যে কি রকম দুনীতি চলছে সেদিকে আমি আপনার দুল্টি

আকর্ষণ করতে চাই। আজকে দীনহাটা মহকুমার সমবায় সমিতির মাধ্যমে ওখানকার বি-ডি-ও চরম লটেপটে চালাচ্ছেন। তিনি জিনিসপত্র নিজে দাম দেন না। হীরালাল ব্যানাজ্ঞ্জ্বী, দীনহাটা মহকুমার কংগ্রেস সেক্রেটারী, তিনি আবার সমবায় সমিতিরও সেক্রেটারী—এই দ্বজনে মিলে ৪০ হাজার টাকা আত্মসাং করেছেন। আপনারা কি এই বিষয়ে তদন্ত করবেন? পরিশেষে অগিম বলব, আপনারা যদি সতিটেই কৃষকের মণগল চান তাহলে এই আইন তুলে দিন।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, the problem of this problem-ridden State is mostly connected with the poor people of the rural area. Most of the people live in the rural areas and the industries have not reached there. I must congratulate the Hon'ble Minister who intiated this debate by remarking that if the people can not come to the industries, the industries will go to them. That was very happily put and the intention is very good. But it is the approach. During my career I have seen that the intention of the Government is very very good, but it is the approach that matters.

Now, I am giving you some concrete examples by referring to the cottage and small-scale industries which are situated in Kalimpong. The major industries should not be the concern of the Government because there are those big capitalists, there are those big monopolists who have a chain of newspapers, jute mills and sugar mills. They can look after those big industries but Government is concerned with the medium and small-scale industries.

Rural development or the development of the economy of the rural areas should be the prime concern of this State and what do we find there? Government thinks that by setting up a few co-operatives the job is done.

The success of the co-operation which is a very beneficial institution depends on so many factors. In the rural areas which are backward, where there is no education and where the economic strength is nil, the cooperation has become a failure. It is like a blind leading a blind. Therefore, I would suggest that to implement the good intentions of the Government an Economic Enquiry Commission should be set up and this Enquiry Commission should visit the backward districts of Darjeeling and Cooch Behar to start with, and they should go thoroughly into the matter, because in Bengal, in one form or the other, every region or district has its own resources and if correctly developed it could lead to economic upliftment of the people and that can be done by instituting a thorough enquiry into the economic resources of the particular region. In Kalimpong a famous institution was set up or sponsored by the Missionaries as far back as 1894, called 'Kalimpong Arts and Crafts'. It was a very useful institution. But after the change of times, after the change in the political set up, the Missionaries ceased to take interest and it had fallen into incompetent hands. Then the Government desired that the Co-operative Department should take it up and since 1958 the Co-operative Department has taken it up but its condition is very miserable now. The sorry state of affairs of a fine institution, which is employing to-day one hundred of persons, men and women, and an institution which at one time earned the reputation not only in India but even abroad for its originality, pattern and design, is regretable. It would be a sad day for the dying town of Kalimpong if that industry is allowed to die. It can yet be revived and restored.

Similarly, our late Chief Minister, Dr. B. C. Roy, had a soft corner for the hill-men and he visited Kalimpong several times and set up a cheese-making industrial centre at Pedong. I don't know for what reason

it did not have a regular smooth life. It had an intermittent life and even now it is completely closed down. When that centre sprang up the local farmers invested their money on cows and buffaloes so that they could supplement their carning by supplying milk, for they were led to believe that it was a permanent centre. Now, Government has already invested some money on machinery. I don't know why that is not running! I don't know the reason behind this closure.

In the same town of Kalimpong the Missionaries of St. Augustine School have started a dairy for making cheese and this cheese is finding ready market in Calcutta and it is a successful institution. So, what the Missionaries can do, we can very well do provided the Government goes into it sincerely and takes the local people into confidence. Therefore, I suggest that some experts should go and revive the industries. Mere experimenting will not do. For instance, we spent some money for experimenting on fruit preservation but that is also now closed down. We run a thing and spend money for one year and then close it down. The experiments are very many which disappoint the people. Therefore, I will again lay stress that an Enquiry Commission be sent to these districts to explore the economic possibilities and economic resources.

Thank you, Sir.

[3-40-3-50 p.m.]

## Shri Baidyanath Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয় শিল্পমন্তী আমাদের সামনে যে বায়বরান্দ উত্থাপন করেছেন আমি সেটা সর্বানতঃকরণে সমর্থন করছি, আমরা এতে দেখতে পাচ্ছি যে বেণ্গল গভর্নমেন্ট কোলিয়ারী খোলবার প্রস্তাব করেছেন, এটা অতান্ত ভাল কথা, এটা শুনে আমি অত্যন্ত আনন্দ বোধ করছি। এর প্রথম কারণ হচ্ছে এই যে বেণ্গল গভর্নমেন্ট যে সমস্ত বেসিক ইন্ডাম্ট্রি ইতিমধ্যে করেছেন বা অদ্রে ভবিষ্যতে করবেন বা করবার সম্ভাবনা রয়েছে তার প্রধান উপকরণ কয়লা। বর্তমানে দুর্গাপুর প্রোজেক্টএ পাওয়ার স্ল্যান্টএর জন্য দৈনিক ৮০০ টন করে কয়লার দরকার হয় এবং কোক ওভেনের জন্য ১,৪০০ টন করে কয়লার দরকার হয়। এক বংসর কি দেড বংসরের মধ্যে পাওয়ার স্ব্যাল্টএ ৩ হাজার টন দৈনিক এবং কোক ওভেন স্ব্যাল্টএ ৩ হাজার টন দৈনিক কয়লার দরকার হবে। তাছাড়া ব্যান্ডেলে পাওয়ার স্টেশন হচ্ছে, সেটা যথাসময়ে শেষ হয়ে যাবে, চাল হবে ও তাতে মাসে ৩ হাজার টন কয়লা দরকার, সেখানে ৪ মিলিয়ন টন কয়লার দরকার হবে অন্যান্য ইন্ডাস্ট্রীতে। এখন বলতে পারা যায় যে কয়লাতো বাহির থেকে কিনতে পারা যায় কিন্তু আমরা জানি যে ইলেকট্রিসীটির প্রধান উপকরণ কয়লা. এবং কয়লার কণ্টএর উপর ইলেক্ট্রিসীটি চার্জ নির্ভার করে। কয়লার দর এখন সেন্ট্রাল গভর্নমেন্ট নির্দিষ্ট করেছেন। কাজেই বাইরে থেকে কিনতে গেলেও ঐ নির্দিষ্ট দরে কিনতে হবে। আর যদি নিজেরা কোলিয়ারী করি এবং বর্তমানে মেশিন-এর সাহাযো মর্ডারনাইজ করি, যদি আইন তৈয়ারি করি, তাহলে খরচ অনেক কম হবে, এবং সে দিক থেকে সম্তা দরে ইলেক ট্রিসিটি দেবার সম্ভাবনা রয়েছে ও তাতে কয়লা শিশ্পের অনেক উন্নতি হবে। আর একটা বড় কথা হচ্ছে এই আমরা জানি যে, আমাদের দেশে এই যে কয়লা শিল্প এটা আমাদের দেশের শ্রমিকদের জন্য নয়. কেন না এ কাজ করতে তারা অভ্যস্ত নয়. এটা তাদের ভাল লাগে না। আমরা দেখেছি উপযুক্ত পরিবেশ যদি করা যায়, তাহলে আমাদের দেশের ছেলেরা কোন কাজে পেছপাও হয় না। এর প্রমাণ আমরা চোথের সামনে দেখতে পাচ্ছি, যেমন অন্যান্য কোক ওভেনএ দেখতে পাচ্ছি সেখানে আমাদের দেশের লোকেরা কাজ করতে পারে না। কিন্তু দুর্গাপ্রের কোক ওভেনএ দেখা যায় যতগুলি কমী সেখানে আছে, সকলেই আমাদের বাংলা দেশের ছেলে। এরকম ভাবে এই পর্ম্মত নিয়ে যদি আমরা কোলিয়ারী করি এবং সেই কোলিয়ারীতে কাজ করার আবহাওয়া ও বর্তমানে বৈজ্ঞানিক নানা প্রকার কলকব্জা করে এমন বাবস্থা করতে পারি যাতে তাদের যে হ্যাজার্ড সেটা কমে যাবে। তাহলে আমরা দেখতে পাবো আমাদের নিজেদের কোলিয়ারীতে নয় বাংলা দেশের যে শ্রমিক কোলিয়ারীতে নিয়ন্ত আছে, তাতে অনেকেই আমাদের দেশের ছেলেরা কাজ করতে পারে।

মাননীর অধ্যক্ষ মহাশর, একটা প্রস্তাব আপনার মারফত মন্দ্রিমহাশরের কাছে রাখতে চাই। আমাদের শিক্সমন্ত্রী মহাশয় বলেছেন ডিসপারসাল অফ ইন্ডান্মিজ দরকার অর্থাৎ শুধু কলকাতা. হাওড়া, হুগলী, কি বর্ধমান, আসানসোল এগালিকেই কেবল শিল্পাণ্ডল বললে চলবে না, সমুহত জারগার ছড়িরে দিতে হবে। খুব ভাল কথা, সামরা প্রায়ই একথা বলে থাকি। হাউসের এদিকে বলি, ওদিকের ও'রাও বলেন এবং অনেক দিন ধরে বলা হচ্ছে কিল্তু আমরা তার বে একটা খবে ফল হয়েছে তা দেখতে পাচ্ছি না। আমার কথা হচ্ছে যেমন প্ল্যানিং কমিশনের একটা ॰ল্যান করেন সেরকম আমাদের গভর্নমেন্ট, একটা গ্ল্যান কর্ন, একটা কমিটি কর্ন, আর ডিপার্টমেন্ট অফ ইন্ডান্ট্রিজকে রিঅর্গানাইজ কর্ন। তাদের বের কর্ন খ'ুজে খ'ুজে যে কোন কোন জেলায় কোন কোন শিলপ করতে পারা যায়, কারণ বড বড শিলপ না করলে তার পরিপরেক হিসাবে কৃটির শিল্প চলে না। এটা আমরা দেখতে পাচ্ছি। এখন যদি আমরা ভিরেক্টরেট অফ हेन्फान्ग्रिकेव बाहे, जाहरल कानराज भातरवा. এই এই সাहाबा দিতে भाता बाहा. এই এই कतराज পারা যায়, কিন্তু তাতে আমাদের কাজ হবে না। আমরা যেভাবে অন্য জিনিস করাই। আমাদের কয়লার উৎপাদন বাড়াতে হবে, ইন্ডাম্মিজ বাড়াতে হবে, এইর পভাবে আমাদের জিনিসটা করতে হবে যে, আমাদের বীরভূম জেলা, বর্ধমান জেলা, প্রে, লিয়া জেলার কোথায় কি করা যায়। যেমন বীরভূমে পাথর শিল্প, মূর্শিদাবাদ সিল্ক এবং বীরভূম, বর্ধমান, মেদিনীপুরে, পুরুলিয়ায় ফায়ার কে. ব্লাক স্টোন, চায়না কে. এর্প অনেক কিছু আছে, সেগুলো একটা স্ল্যান করে পরিকল্পনা নিয়ে এক এক বছরে ২টা জেলা নিয়ে করা হয় তাহলে আমাদের গভর্নমেন্টকে নীতি সেটা রূপ দেওয়া যাবে বাস্তবে রূপায়িত করা যাবে, দেশের উৎপাদন বাডবে এবং সাধারণ লোকের জীবনযাত্রার মান বাডবে। অনেক লোকের এমপ্লয়মেন্টও হবে। আরও প্রস্তাব আপনার মাধ্যমে করতে চাই সেটা হচ্ছে আমাদের দেশে ফায়ার ক্রে. রোড মেটাল. চাইনিজ ক্রে অনেক জেলায় আছে। গভর্নমেন্ট সার্ভে করেছে—জিওলজিক্যাল ডিপার্টমেন্ট সার্ভে করেছে—আমার প্রস্কৃতাব এগুলি যদি আমাদের প্রাইভেট সেক্টরে লিজ দিয়ে দেয় তাহলে কাজ হবে না— এগ্রলি যদি সরকার থেকে ডেভেলপ করে প্থানীয় লোকদের কাজ দেওয়া হয় তাহলে ভাল হবে। এ সন্বন্ধে একটি পরিকল্পনা করা যেতে পারে—এতে যে খুব বেশী টাকার প্রয়োজন আছে তা নয় এবং সেখানে টাকার যে প্রয়োজন হবে সেটা সরকার কয়লা শিল্প থেকে তলতে পারেন। প্রসংগত অধ্যক্ষ মহাশয় কয়লা শিলেপর যে রয়েলটি সেটা আডাই পারসেন্ট কেন্দ্রীয় সরকার ঠিক করে দিয়েছেন স্টেট গভর্নমেন্ট আড়াই পারসেন্ট পাবে। আমাদের বাংলা দেশে সেটা প্রায় এক কোটি বছরে। কিল্ড একটা মকর্দমা চলছে কয়লা শিলপপতিদের সপো-সেটা যদি নিম্পত্তি করে নেওয়া যায় যেটা শিল্পপতিরা চায় তাহলে এই টাকা গভর্নমেন্টের কাছে চলে আসতে পারে এবং এক কোটি দেড কোটি টাকা তাঁরা পেতে পারে এবং এই টাকা দিয়ে অনেক ছোট ছোট কটির-শিল্প বড করা যেতে পারে।

এই কথা বলে আমি এই বাজেট সমর্থন করে আমার বন্ধব্য শেষ কর্রাছ।

#### Dr. Radhanath Chattorai:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে লক্ষ লক্ষ কর্মক্ষম অধাশিক্ষিত বেকার অধাহারে অনাহারে দিন কাটাচ্ছে—তাদের নাম এম॰লমেন্ট এক্সচেঞ্জেএর খাতায় নাই—আর কোন দিন
উঠবে কিনা তারও ঠিকানা নেই। এই শ্রম শক্তির অপচয় নিবারণ করতে হলে বাংলা দেশের
বিভিন্ন জেলায় যে সমস্ত কুটির শিলপ ছিল এবং এখনও আছে তাদের প্নর্ভুক্তীবিত করতে
হবে এবং গ্রামের মানুষদের গ্রামেই কাজ দিতে হবে। অন্যথায় গ্রাম বাঁচবে না। শহরেও ভিড়
কমবে না। সে কারণে গ্রামাঞ্চলের প্রতিটি এলাকায় যে সমস্ত কাঁচামাল পাওয়া যায় তা দিয়ে
সেই সমস্ত কুটির শিলপ গড়ে তুলতে হবে এবং সেগলে থেকে উৎপাম দ্রব্য বিক্রয়ের ভারও
সরকারকে নিতে হবে। সরকারী সাহায়্য ব্যক্তিরেকে কুটির শিলপ বাঁচান সম্ভব নয় এবং সেই
সংশ্য শিলপীদের শিক্ষার বাবস্থাও করতে হবে—তারা যেন যুগোপযোগী মানুষের রুচি অনুযায়ী
দ্রব্য সামগ্রী উৎপাদন করতে সমর্থ হয়। প্রাক্ বৃটিশ যুগে এবং বৃটিশ আমলের প্রথম দিকে
বীরভূম জেলা একটি শিলপ সমৃন্থ জেলা বলে বিধ্যাত ছিল। ১৯৫২ খুস্টাব্দে ডাঃ ওন্ডহামের
রিপোটে দেখা যায় বীরভম জেলার বেলে নারানপরে-ভেউটা, ডামরা এবং গনপরের গ্রামে লোহা

উৎপাদন হতো। একমাত্র ডেউটা গ্রামেই ০০টি ফারনেস ছিল প্রতিটি ফারনেসে বংসরে ০৪ টন করে কাঁচা লোহা উৎপান হতো। জেলায় সর্বসমেত ৭২টি চুল্লী ছিল এবং সর্বসমেত ২০৮০ টন লোই উৎপান হতো। জেলার বিভিন্ন জারগায় প্রচুর লোই আকর পাওয়া যায়। কুটির শিলেপর মাধ্যমে লোই উৎপাদন করা সম্ভব কিনা অনুসন্ধান করা প্রয়োজন। জেলাটিতে রেশম ও তসর শিলেপর স্থান ছিল। ভদ্রপুর ও ময়ুরেশ্বর থানায় গান্টিয়া গ্রামে তিনটি রেশম কুঠি ছিল যেখানে বংসরে ১১০ মণ করে সূতা উৎপান হতো এবং দৈনিক কৃষকগণ চাষ করিয়া নগদ অর্থ রোজগার করতো। এখন বীরভূম জেলায় বাসারা, বিশ্বপুর, খানিপুর, ডানকুরি, করিধ্যা তাতিপাড়া ইলামবাজার প্রভৃতি গ্রামে তসর ও রেশমের কাপড় ব্রনিয়া থাকে। কিছু কিছু কাপড় বিদেশ চালান হয় এই শিল্পকে ভালভাবে গঠিত করিতে পারিলে বিদেশী মানুাও অর্জন করা সম্ভব। ইলামবাজার থানায় লাক্ষা শিলেপর কারখানা ছিল। এখানে আলতা প্রভৃতি নানাবিধ শোখিন জিনিস যথা—দোয়াত, প্রভৃতি উৎপার হতো।

# [3-50-4 p.m.]

ন্রী সম্প্রদায়ের লোকেরা এই সমস্ত জিনিস তৈরী করতো। প্রথমে ঐ সমস্ত জিনিস ইংরেজ কোম্পানীর হাতে ছিল। তারপর ১৮৮২ খৃস্টাব্দে দেশীয় লোকদের তত্ত্বাবধানে কারথানা চাল্ল্র্য়। এই শিলপ বর্তমানে প্রায় ধ্বংসের দিকে। এই এলাকার বনভূমিতে শাল, পলাশ, ক্রস্ম, পাকুর, কুল প্রভৃতি গাছ প্রচুর আছে। উত্ত এলাকায় লাক্ষা চাষ লাক্ষা শিলপ যাতে প্রবর্তনি সে বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দ্ভিট আকর্ষণ করছি। এই শিলেপর দ্বারা বৈদেশিক মুদ্রা অর্জন করাও সম্ভব।

বীরভূমের মোরব্বার খবে খাতি আছে, এবং বিদেশের ভাল বাজার এর আছে। র্ঘাদ সরকারী তত্ত্বাবধানে এই শিল্পের উন্নতি সাধন করে বিদেশে চালান দেওয়া যায়, তাহলে এর দ্বারা বিদেশী মন্ত্রা অর্জন করা সম্ভব হয়।

তাঁতের স্তীবদ্র এখনো বহু গ্রামে উৎপল্ল হয়। এই তাঁতী সম্প্রদায় আজ ধরংসের মুখে। এই তাঁত শিল্প যাতে ভালভাবে পরিচালিত হয় সেদিকে দুন্দি দেওয়া দরকার।

আমেদপ্রের যে স্থার মিল; সেথান থেকে বাই প্রোডাক্ট তৈরী করবার কোন বাবস্থা আজ পর্যন্ত হয় নাই। সেই বাই প্রোডাক্ট তৈরীর বাবস্থা করা প্রয়োজন। সে বিষয় মাননীয় মন্তি-মহাশরের দ্ঘিট আকর্ষণ করছি। আথের ছোবড়ার ন্বারা কাগজ তৈরী সম্ভব কিনা—সে বিষয়ে প্রীক্ষা করে দেখা দরকার।

রাজনগর থানায় যে সরকারী সিসল ফার্ম আছে, তার ফাইবার দ্বারা বহুবিধ সৌখীন জিনিস তৈরী করা সম্ভব। তা ছাড়া সিসলের রস হতে কটিজেন নামক এক প্রকার ম্লাবান ওষ্ধ তৈরী হয়। যাতে সিসল ফার্মকে কেন্দ্র করে কটিজেন উৎপাদনের বাবস্থা হয়, সে বিষয়ে মন্দ্রমহাশয়কে দুটিভ আকর্ষণ করছি।

বীরভূমের দ্বরাজপ্র থানায় বক্তেশ্বরে যে উষ্ণ প্রস্ত্রবণ আছে. সেখানে বহু দ্র-দ্রান্তর থেকে বহু লোক আসে তার জল পান করতে ও দ্নান করতে। সেই জল পান করলে নানাবিধ পেটের পীড়া নিরাময় হয়। সেই জল কমারসিয়ালী ব্যবহার করা সম্ভব কিনা—সে বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে দেখবার জন্য মন্তিমহাশয়ের দ্যিত আকর্ষণ করছি।

বীরভূমের নদী তীরবতী অগুলে টালী নির্মাণ করার কারখানা স্থাপন করা সন্ভব। বর্তমানে হাস্কিং মেসিন চাল, হওয়ায় টে কিতে ধান ভানা বন্ধ হয়ে গেছে। সেই কারণে বহু লোক বেকার হয়ে গেছে। তাদের জন্য বিকল্প কাজের ব্যবস্থা করতে হলে গ্রামে গ্রামে চরকা, কাথা, স্ক্লনী তৈরী প্রভৃতি কাজের ব্যবস্থা করতে হবে। বিজি বাধার কারখানা স্থাপন করলে গ্রামীণ বেকার সমস্যার অনেকখানি সমাধান হতে পারে। যে সমস্ত জায়গায় কামার, কুমোড়, ছ্রেন্ডের, কাঁসারী, শাঁখারী, চর্ম শিল্প ইত্যাদি আছে, সেখানে তাদের পেশাগত শিল্পের প্রনর্মজীবন করতে হলে তাদের ঋণ দিয়ে শিক্ষা দিয়ে ও উৎপন্ন মাল বাজারে বিক্রয় করবার বাবস্থা করতে হবে।

কুটির শিল্প সরকারী সাহায্য বাতিরেকে বাঁচান সম্ভব নয়। কুটির শিল্প না বাঁচলে প্রামণ্ড বাঁচবে না। তাই মন্দিমহাশয়কে অনুরোধ জানাবো যাতে এই সমস্ত যায়গায় সংখ্যাতত্ত্ব গ্রহণ করে বেকার শিল্পীদের ঋণ ও অন্যান্য সাহায্য দেওয়া যায় এবং কো-অপারেটিভএর মাধ্যমে যাতে তারা কাজ পায় সেজনা মন্দিমহাশয়ের দুল্টি আকর্ষণ কর্মছি।

ইন্ডান্টি ডাইরেকটোরেটএর অধানে যে সমসত টেনিং-কাম-প্রোডাকশন সেন্টার ছিল, এক-দিকে মাল্যমহাশয় কুটির শিল্পকে বাড়াবার চেন্টা করছেন, অপর দিকে টেনিং-কাম-প্রোডাকশন সেন্টার প্রতোকটি ব্রক এরিয়া থেকে তুলে দেবার বাবদথা করছেন। এই নীতি পরদপর বিরোধী, এতে বহু লোক বেকার হয়ে যাবে। এই সমসত শিলপ আরো গ্রামাঞ্চলে বাড়ানো দরকার। সেদিকে দুভি না দিয়ে কম করা হছে। সেই জনা অনেক সরকারী কর্মচারী ছাঁটাই হয়ে যাবে এবং সন্পো সন্পো যারা কাজ শিখেছে, তাদের কাজও বন্ধ হয়ে যাবে। আমি জানি আমার এলাকার অনেক ছেলে এইসব কাজ শিখে দু-পয়সা রোজগার করছে, আজ তারা বেকার হয়ে যাবে। তাই আমি অনুরোধ করবো এই টেনিং-কাম-প্রোডাকশন সেন্টার তুলে না দিয়ে আরো যাতে প্রসার লাভ করে তার বাবদথা মাল্যমহাশয় কর্ন। এ সন্বন্ধে তার দুভিট আকর্ষণ করিছ।

The Hon'ble Chittaranjan Roy: Mr. Speaker, Sir, when I analysed the 28 cut motions against Co-operation I found that they had three characters. Firstly, about 50 per cent, of the cut motions relate to failure of co-operative movement. Secondly, one cut motion, No. 15, by Dr. Narayan Chandra Roy, relates to the policy of the co-operative movement, and the others are mainly about particular regions or particular types of societies.

So far as the first point is concerned, that is failure of the co-operative movement, which covers 50 per cent, of the cut motions, I would invite the attention of the honourable members through you, Sir, to the fact that when they come to any conclusion as to the trend and progress of the movement, they should not forget the time when and with what background the movement was started in Bengal. Bengal had to start the co-operative movement in 1950-51, whereas in other States it was started in 1937—after the 1935 Act. Sir, when other States were constructing the co-operative movement and other movements, our State was fighting with the Muslim League administration, facing the famine of 1943 and the riots of 1946, and above all we had to face the partition of Bengal in 1947. What was the result of this partition? Before the partition, in joint Bengal there were about 43,000 societies. After partition West Bengal had about 13,000 societies of which about 7,000 in moribund state. Out of these 7,000 societies about 5,000 had to be liquidated. West Bengal started its constructive programme in co-operative in 1950-51 and, therefore, you are to judge whether from 1950-51 to 1960-61 there had been any progress or the progress was retarded. If there had been no progress, certainly we would have to confess that we had failed. But if you compare the working in this State with the working in any other State in India which started work 15 years earlier, then, I am afraid, it will be unjust. If you compare the working in this State from 1950-51 to 1960-61 you will find I will give you only a few instances—that the share capital of the Apex. Banks has increased from 24 lakhs to 59 lakhs, i.e., by 146 per cent. Our Central Cooperative Bank has increased its share capital from 16 lakhs to 57 lakhs, i.e., an increase of 256.25 per cent. In the Primary Agricultural Credit Societies also the share capital has increased from 16.39 lakhs to 81.95 lakhs, i.e., an increase of 400 per cent.

Now, a society is recognised on the amount of confidence it has earned. That depends upon the deposit by the people and enrolment of membership. Deposit by members has increased in our Apex Banks from 151 lakhs to 348 lakhs, i.e., by about 131 per cent. In the Central Co-operative Banks it has increased from 126 lakhs to 179 lakhs, i.e., an increase of about 42 per cent. In the Primary Agricultural Credit Societies the deposit has increased from 7.6 lakhs to 19.88 lakhs that is an increase of 162 per cent.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 8.18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Wiscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay of Other Works", be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Cupta: Sir, I beg to move that the demand of Rs. 8.18.41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay in Other Works", be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 8.48,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 or expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of 3-8.18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. \$.18.41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

Shri Cirila Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100.

### Shri Tarun Kumar Sen Cupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আভকে মাননীয় মন্ত্রী যে বিষয়ের বায় বরান্দ এখানে উপস্থিত করেছেন - ভাঙে জড়ো সেলাই থেকে চণ্ডীপাঠ করবার ব্যবস্থা আছে এবং তার বস্তুতার শেষে অনুরোধ জানিয়েছেন খাব বেশী বিতকের মধ্যে না গিয়ে পাশ করবার জন্য। যদি বিতক না করে পারতান তাংলে মুশী হতাম। কিন্তু এই বায় বরান্দেব কাপারে টাকা যেভাবে কমানো হয়েছে বিভিন্ন খাতে - বিশেষ করে উন্নয়ন্ত লক কাজে যে বাসম্পা আছে তাতে বিভৰ্ক করা ছাড়া উপায় নেই। তার সজে আমি একমত হতে পারছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে জনাচ্ছি যে আমি নাওন এসেছি হয়তে। বিত্তকেরি মধ্যে কিছা রাচ থাকতে পারে—আমার বক্ততার ভাষা ভুল হতে পারে যদি তিনি ব্রবিয়ে দিতে পারেন তাহলে তার সংগ্রেমাদের একনত হতে আমাদের আপত্তি নাই। প্রথমে আমি বলবো তিনি এটাকে দৃভাগে দেখিলেছেন। আমি এখনে একটা একটা আলাদা আলাদা - ফেভাবে রেড বুকে লেখা আছে সেইভ বে বলছি--প্রথমে যে টাকা গত বছরে ধরা হয়েছিল তার তুলনায় এবারে কত ধরা হয়েছে এই তথ্য দিলেই আপনি ব্রুতে পারবেন যে শ্রুতেই তার সভেগ কেন বিতর্ক হচ্ছে। তিনি দেখালেন যে গত বছর ২ কোটি ৯২ লক্ষ ৮৭ হাজার টাকা-- আর এ বছর রেখেছেন ১ কোটি ৮২ লক্ষ ৯৭ হাজার টাকা। তার ফলে কি হচ্ছে হচ্ছে কো-অপারেটিভ ইত্যদিতে যে বায় বরান্দ ১৯৬১-৬২ সালে ছিল ১৮ লক্ষ ৮২ হাজার টাকা -১৯৬২-৬৩ সালে ১৩ লক্ষ টাকা—শৈলকুমার মুখার্জ্রী এটা তো ক্যিওনিটি ভেভেলপমেন্টের জন্য নিয়েছেন- ক্মিউনিটি ভেভেলপমেন্ট-এর মধ্যে আছে—ভল হয়তো হতে পারে তাহলে আমাকে দেখিয়ে দেনেন এই খাতে ধরা হয়েছে ৬০ লক্ষ ৭০ হাজার টাকা। ভার মানে অগ্রু ধরলে এসে দাঁডাবে।

এইসব কাজ কি আর হবে না আগামী বছর? তারপর ধর্ন হাওড়া ইমপ্রভানেট ট্রাস্টকে ১৯৬১-৬২ সালে ১৪ লক্ষ্ণ টাকা দেওয়া হয়েছে, ১৯৬২-৬৫ সালে দেওয়া হয়েছে ১২ লক্ষ্ণ টাকা। আর এনারে তার জনা কোন টাকা বরান্দ হয় নাই। তাহলে হাওড়া ইমপ্রভানেট ট্রাস্ট সন্দর্শেষ কি আনানের মন্ট্রীসভা বলছেন যে তার যা কাজ করার ছিল, তা করা হয়ে গেছে? অথবা যা কাজ ছিল তা বন্ধ করে দেওয়া হলো? স্ত্রাং এ'দের সংগে কি করে সহযোগিতা কর। যায়? তার রাশতা তো আমরা খ'লে পাছিছ না। এই যে এইভ ট্র মিউনিসিপালিটিজ ফর ইমপ্রভানেট অফ্র মিউনিসিপালে রোডস আনভ সিউরেজ এই দ্টোর জনা বরান্দ করা হয়েছে ১৯৬১-৬২ সালে ৫২ লক্ষ্ণ টাকা এবং ১৯৬২-৬৩ সালে ৩৮ লক্ষ্ণ টাকা। আর ১৯৬৩-৬৪ সালে ৫২ লক্ষ্ণ টাকা এবং ১৯৬২-৬৩ সালে ৩৮ লক্ষ্ণ টাকা। কাময়ে নিয়ে আসেন, তাহলে এর ফল কি হবে? মিউনিসিপালিটিক বলে দিলেই হয়্ন তোমাদের রাশতাঘাট হবে না, সিউরেজ হবে না। আর না হয়্ন বলে দিতে হয় তোমাদের সমস্যা কিছ্বই নাই। এই বরান্দ

তারপর কি হয়েছে? উইম্যান্স ওয়েলফেয়ার মন্ত্রীমহাশয় চেপে গেলেন, উইমেন্স ওয়েলফেয়ার-এর কথা বললেন না। এমনি মন্ত্রীমন্ডলীর ওয়েলফেয়ারের জন্য টাকা ছিল—১৯৬১-৬১ সালে ৬ লক্ষ; ১৯৬২-৬০ সালে ৬ লক্ষ ১২ হাজার, আর ১৯৬০-৬৪ সালে কমিয়ে করা হলো

২ লব্দ ৩০ হাজার। স্তরাং এর সপো কি করে সহযোগিতা করা যার ব্রুতে পারছি না। ওরেলফেরার অফ দি হ্যান্ডিকেপড—অন্ধ ছাত্র ও বোবা ছাত্রদের জন্য স্কলারসীপ-এর জন্য বরান্দ ছিল ১৯৬১-৬২ সালে ২৫ হাজার টাকা; ১৯৬২-৬৩ সালে ২৫ হাজার টাকা; আর এবার সেটা কমিয়ে করা হয়েছে ৩ হাজার টাকা।

তারপর স্লাম ক্লিয়ারেন্স-এর কথা বললেন—বিগত দ্' বছর কত টাকা ধরে দিলেন—তা বললেন না। ১৯৬১-৬২ সালে ছিল ২৬ লক্ষ ৪৩ হাজার টাকা, ১৯৬২-৬৩ সালে ৩৬ লক্ষ ৫৩ হাজার টাকা এবং ধরা হলো মাত্র ৩ লক্ষ ৬৫ হাজার টাকা।

তারপর ক্যাপিটাল আউটলে এই ক্যাপিটাল আউটলে ব্যাপারে গত বছর ছিল ১৯৬২-৬৩ সালে সর্বসাকুলা ১৪ কোটি ১ লক্ষ ৯৫ হাজার টাকা। আর এবার সেই জায়গায় কি করা হয়েছে? ১৯৬৩-৬৪ সালে ৬ কোটি ৪০ লক্ষ ২ হাজার টাকা। এই যদি আজকে অবস্থা হয় তাহলে তার ফল কি দাঁড়িয়েছে? ইনভেস্টমেন্ট অফ ক্যাপিটেল ইন দি দ্র্গাপ্রের প্রজেষ্ট্রস এই একটা জিনিসে দেখনে অনেক কথা বলা হয়েছে। সেখানে ১৯৬১-৬২ সালে বরান্দ ছিল ৫ কোটি ২১ লক্ষ ২১ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালে ৮ কোটি টাকার কিছু বেশী ছিল। এবার সেখানে কোন টাকা ধরা হয় নাই। এবার একটি নাতন জিনিষ দেখছি, এর আগে এই হেড আসে নি ডেভেলপমেন্ট আন্ডে এডমিনিস্টেশন অফ ইন্ডাস্ট্রিজ এট দ্ব্রগাপ্রের। সেখানে কোন টাকা দেখান হয়াছে। ৬৫ লক্ষ টাকা বায় করা হয়েছে। প্রজেক্টেটাকা না লাগে এডমিনিস্ট্রেশন-এর জন্য ৬৫ লক্ষ টাকা বায় করা হয়েছে। প্রজেক্টে

তপের কন্টোল অফ ডিজিজেজ কি কি থাতে বার করার কথা আছে? না, এক্সপ্যানসন অফ টি ি হসপিটাল। ১৯৬১-৬২ সালে ৫ লক্ষ টাকা বরান্দ মঞ্জ্বর করা হর্মেছিল: ১৯৬২-৬৩ সালে ২৫, হলো ৫ লক্ষ ৩ হাজার টাকা। আর ১৯৬৩-৬৪ সালে সেটা কমিয়ে করা হলো ৫০ হাজার টাবা।

[12-40 = 12-50 p.m.]

তারপর দেখা যায় রিহ্যাবিলিটেসন অফ টি বি পেসেন্টদের জন্য ১৯৬১-৬২ সালে ছিল ৩০ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালেতে হল ৪০ হাজার টাকা, আর এবাব কিছু নেই, নিল্। তাহলে কি মুখ্যানতী মহাশয় বলতে চাচ্ছেন যে ১লা এপ্রিল যদি কেউ এপ্রিল ফুল হতে চায়, যে ১৯৬২-৬৩ সালের ১লা এপ্রিলএর পর আর বাংলাদেশে কোন টি বি জার্মস থাকবে না, স্ত্রাং এই খাতে সব টাকা ক্যিয়ে দিলাম।

তারপর অস্ত্রন রব্রাল হেল্থ সেন্টার এ সম্বন্ধে উনি অনেক তথ্য-টথ্য মাঝে মাঝে দিয়ে থাকেন। এই রুরাল হেল্থ মেন্টারএর অবস্থা কি করা হল দেখুন। ১৯৬১-৬২ সালে এর জনা ধরা হয়েছিল ১ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালেতেও ছিল ১ লক্ষ টাকা। এবারে সেটাকে কমিয়ে করা হল ১০ হাজার টাকা। এই যদি অবস্থা হয়, তাহলে কি উনি নলতে চাচ্চেন যে গ্রামে রেগ-টোগ আর হবে না, রোগ-টোগ যা ছিল, সব তিনি দার করে দিয়েছেন? জানিনা উনি কি বলবেন। ওয়াটার সাংলাই আন্ডে সেনিটেসন– আরবান এরিয়াতে গত বছর ধরা হয়েছিল এই খাতে ২৫ লক্ষ টাকা। এবারে ধরা হল ১৮ লক্ষ টাকা। এবারে এই টাকা ধরার ফলে এই ঘটনা ঘটেছে কিনা জানিনা, রোজই কাগজে দেখছি যে কংগ্রেসী গণতদের য**়েখ**। কপোরেশনের নির্বাচিত মেয়র বড়, না, ওখানে যে কমিশনার নিয়োগ করা হয়েছে, তিনি বড়। **এই যে युम्प চলেছে. এই युम्प कে वर्फ का**नि ना। किन्छ यथान होका कीमास मिखा हासाह. এবং এর ফলে শেষে কি এই হবে যে যারা বাংলাদেশের যা কিছু অপরিত্কার ছিল, সব পরিত্কার হয়ে যাবে, এবং কলকাতার লোক ঐ যুদ্ধে একেবারে তল্ময় হয়ে গিয়ে আর জঞ্জাল সৃষ্টি করবে না। সতেরাং কলকাতার পানীয় জলের কোন সমস্যা নেই, বা গ্রাম্য এলাকায় পানীয় <del>জল প্রভৃতির কোন সমস্যা নেই. এইসব ভেবে</del> কি এই খাতে ব্যয় বরান্দ কমান **হয়েছে**? আমি এইটা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে এইভাবে যদি বায় বরান্দ কমান হয় তাহলে কিভাবে একে সমর্থন করা স্থেতে পারে?

তারপর কলকাতার শলাম ক্রিয়ারেন্স-এর জন্য কি করা হয়েছে দেখুন। বিচ্তবাসীদের জন্য ১৯৬১-৬২ সালে ১ লক্ষ ৬০ হাজার টাকা ধরা হয়েছিল। ১৯৬২-৬৩ সালে ২৭ লক্ষ্ম ৭১ হাজার টাকা করা হল। বোধ হয় নির্বাচন এসে গিয়েছে, কলকাতায় জিততে হবে, সেইজন্য সেই সময় নির্বাচনে প্রকাশ্যে অনেক টাকা রাখা হয়েছিল। এখন নির্বাচন হয়ে **গিয়েছে. এতএব সেটাকে আবার কমান হল। এবার তাকে কি করা হল? একেবারে তাকে** কমিয়ে ১৮ লক্ষ টাকায় নিয়ে যাওয়া হল। সূতরাং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে কি করে এই **জিনিষকে সহযোগিতা করা যেতে পারে তা আমি ব্যুক্তে পারছি না। সূত্রাং মাননীয় মন্তি**-মহাশয়ের ভাগতে একটা বলি যে উনি বলবেন হয়ত একটা পরে যে কিছা লোক আছে যাবা **আমা**দের ভাল কাজ দেখ**লে**ই মাথায় হাত দিয়ে বসে পড়েন। এই বহিতবাসী বা বহিতওয়ালাদের কাছে গিয়ে যদি আমি বলি শোন ভাই বৃণিত্র সমূহত স্বজন এবার মন্ত্রিমহাশয় যা ব্রুদেদর বাবস্থা করেছেন তাতে তোমার সমাক খাতে অমাক সালে অমাক টাকা ছিল, এ বছর এই টাকা কমে এই জায়গায় এসে দাঁডিয়েছে তাতে কি তারা থাসী হবে : উনি বলেছেন যে আনি যাদ ব্বকে হাত দিই ভাহলে দেখতে পাৰে। দেশে কি হচ্ছে। আমি তাঁকে বলি আমি ধানসত যদি **হই** ভাষলে ব্ৰুকে হাত দেবো। ।হাস।। কিন্তু বহিতবাসীরা শুধু, বুকে হাত দেবে না, এই ক**থা**। **শ্বনে** তারা বুক ঢাপড়ে মরে যাবে। স্তরাং এই যে বাবস্থা এই ব্যবস্থার সংগে কি করে সহযোগিতা করা থায় আমি বুঝতে পারি না।

তারপর আসনে হাউসিং দকীম সম্বন্ধে। বলা হল হাউসিং দকীমে অনেক টাকা রাখা হয়েছে। তাঁদের এই হাউসিং স্কীমের একটা তথ্য দিই। সেন্ট্রাল স্পনসর্ভ হাউসিং স্কীমএর অবস্থাটা কি দাঁ।ড়য়েছে দেখন। ১৯৬১ ৬২ সালে এই খাতে বরান্দ করা হয়েছিল ১ কোটি ১০ লক্ষ ৭৬ হাজার টাকা। ১৯৬২-৬৩ সালে যেখানে টাকা ধরা হল ৯৮ লক্ষ্ণ ৫৬ হাজার টাকা এবং ১৯৬৩-৬5 সালে করা হল ৯৯ লক্ষ ৪০ হাজার টাকা। সরকারী কর্মচারীদের বাসে প্রোগী গৃহ দেবেন ভাড়া নিয়ে ঠিক করা হল। সেখানে কি করলেন, ১৯৬২-৬৩ সালে ৯০ লক্ষ টাকা করা হয়েছিল, এবারে সেটা কমিয়ে ধরা হল ৬০ লক্ষ টাকা। হার্ডীসং স্কীম সম্বন্ধে টাকার ব্যাপারে কিছ; বলতে চাই না। কিল্তু এ'রা যে এই হাউসিং স্কীমের কাজে কতটা এগিয়ে যাচ্ছেন তা কাগজপতে অনেকেই অনেক খবর জানেন। এই ব্যাপারে অন্যান্য প্রদেশের সঞ্জো প্রতিসোগিতায় একটা দিক দিয়ে ফাঁক আছে, সেটা উপর দিক দিয়ে নয়, নিচের দিক দিয়ে ফাঁক থাকছে। স্তরং তাদের এই হাউসিং স্কীমের কথা কি আর বলব, একটা আগে উনি বললেন বে, বেণ হুদ উন্নয়ন পরিকল্পনার কথা। যথন এই ব্যাপারটা শ্লেলাম বা জানলাম তখন ভেবে-ছিলাম বা যেদিন এর উদেবাধন হয় সেদিনও আমি সেখানে উপস্থিত ছিলাম। সেদিন স্বর্গতঃ বিধানচন্দ্র রায় সেটার উদ্বোধন করেছিলেন এবং আমার মনে আছে সেদিন অজয়বাব্ ও শৈল-বাব,ও উপপ্পিত ছিলেন তাঁরা সেখানে যে বক্ততা দিয়েছিলেন, যেটকে মনে আছে, তাঁরা বলেছিলেন অ-ততপক্ষে দেড় লক্ষ লোকের বাসোপযোগী স্থান ওখানে হবে।

িশ্বত্থাজকে ম্থামন্ত্রী একবারও বললেন না যে কত লোকের ওথানে বাসোপযোগী পথান হবে।

# The Hon'ble Prafulla Chandra Sen:

ওকথা আনি বলেছি।

# Shri Tarun Kumar Sen Cupta:

আছে। আপনি যদি বলে থাকেন ভাল কথা. কিন্তু আপনি বলেন নি, সেটাই আমি দেখিয়ে দিছি। কিন্তু হঠাং আমার কানে একটা খবর এল যে, ওখানে নাকি কি একটা বাপার টাপোর হছে। আমি তখন বিধানসভার সামনে একটা প্রশ্ন রাখলাম। প্রশ্নটা কি? প্রশ্ন করলাম যে, এই লবণ হুদ উন্নয়ন পরিকল্পনা যে করা হছে এর জমি কতথানি করে ক্লাট করা হবে, কাদের বা দেওয়া হবে, এ জমির দাসই বা কি হবে, আর কত লোক বা এখানে বাসকরতে পারবে? তার উত্তর হছে, জমি বিলি বন্টন সম্বন্ধে এখনও কোন সিম্পান্ত করা হয় নি। টাউন স্লানিংএর কাজ শেষ না হওয়া পর্যন্ত এই সকল প্রশ্নের কোন উত্তর দেওয়া যাবে না। এর পরে প্রশ্ন করলাম, সরকার উত্ত এলাকায় জমির দাম কিভাবে ঠিক করেছেন এবং এখানে কত প্লট হবে এবং কতথানি জমি নিয়ে? তার কোন উত্তর পাওয়া গেল না। অথচ স্বর্গত

মুখামূলী এই বই আনেম্বলিতে নাকি দিয়েছিলেন, আমি কালকে লাইরেরিতে গিয়ে দেখলাম। তিনি এতে বলেছেন যে, বিশেষ করে লো ইনকাম গ্রুপের লোকদের এই জমি দেওয়া হবে এবং তিনি বলেছেন যে, আন্মানিক ৫ কাঠা এই রকম ধরনের প্লট স্টিট করে সেখানে এদের বসানো হবে। কারণ হচ্ছে এই যে, যেকথা উনি একটা আগে বললেন যে, কলকাতায় বসবাস করা সতিটেই মাশকিল এবং মাশকিল হয়েছে দেখেই ঐ জায়গায় তাদের বসবাস করানো হবে। কিন্তু তার উত্তর হল এই। কিন্তু আমি জানি এই উত্তর কেন দেওয়া হয়েছে, কেন বলা হল না যে,লো ইনকাম গ্রুপের লোকদের এখানে বসবাস করতে দেওয়া হবে বা, অমূক লোককে দেওয়া হবে 🗕 একথা কেন বলা গেল না। আমি যতটুকু খবরে জানি, আমার খবর যদি ভূল হয়। তা হলে মুখ্যমন্ত্রীকে বলছি তিনি যেন সেই ভল সংশোধন করে দেন, কিন্ত আমি যা শুনেছি, ও'দের ওখানে যাঁরা এক্সপার্ট আছেন, ইণ্ডিয়ান এক্সপার্টস, তাঁরা বলছেন, ও জমিতে মধ্যবিত্তকে বসানো হোক। ও'দের যে রিটিশ এক্সপার্ট তাঁরা বলছেন ও জমিতে শ্রমিকদের বসানো হোক, আর ও'দের যে আমেরিকান এক্সপার্ট তাঁরা বলছেন ও জমিতে ধনিকদের বসানো হোক। এখন লেগে গেল যুন্ধ, এখানে করে কে বসবে, ধনিক বসবে, কি শ্রমিক বসবে, কি মধ্যবিত্ত বসবে আমি জানি না, কিন্তু আমি মুখামন্ত্রীর কাছে এই অনুরোধ করব, অন্তত একজনদের কথা আমি বলব যে, যাদের পাঁজর ভেণেগ এই সল্ট লেক আপনারা তৈরী করলেন, ঐ যারা মৎসাজীবী, যারা ওখানে রাত্রিদন থেটে এই দুর্মালোর বাজারে কলকাতায় ১০০ মণ করে মাছ দৈনিক সাম্পাই করত, যাদের অনেক আনুয়াল ফাংশনে, অনেক আনুয়াল গ্যাদারিংএ আপনাদের ছবি আছে বইএ, আজকে তারা পথের ভিক্ষাক। যাদের পাঁজর ভেগেে এই উন্নয়ন পরিকল্পনা করা হল আজকে তারা পথের ভিক্ষকে হয়ে গিয়েছে। অপনারা বলছেন যে, না আমরা তাদের খ্যুরাতি সাহাখা দিচ্ছি। কি দিচ্ছেন? তারও প্রশন আমি করেছিলাম এখা তার উত্তর আপনার। দিয়েছেন যে, তারা দু বংসর ধরে বেকার, তাদের ১৬০ জনকে আপনারা মাসে মাসে ৫ হাজার টাকা করে দিয়েছেন। অথচ আমি জানি যে, মাত্র দ্বোর দিয়েছেন এবং আমি এও জানি যে, এখানে ১৬০ জ্ঞন মংস্যক্রীবী নয় তার চেয়ে অনেক বেশি মংস্যজীবী আছে। স্তুরাং তাদের অল্টার্নেটিভ বাব>থাকি হবে। আপনাদের পরিকল্পনা ভারি চমংকার। যাদের প্রথম উচ্ছেদ কবা হল তাদ্ধের এই দ্র বংসরের মধ্যে কিছু করা গেল না, আর যাদেরকে বসাবেন বলে ঠিক করেছেন এঞ্চপার্টদের ঝগভার ভা কোথায় গেল জানি না। কিন্তু আমি আমার পশ্চিম দমদমের অধিবাসীদের একটা কথা বলি যে, এই উন্নয়নের পরিকল্পনার ফলে কি হল? ফলে এই হল যে, এই উন্নয়ন পরিকল্পনায় ঐ এলাকার যে মানিকতল'র জল যেত, ঐ এলাকার উত্তর কলকাতার বহু পচা নদমির জল যেত, সেই জল ঘারিয়ে নিয়ে এসে ঐ সাউথ দমদমে ঢাকিয়ে দেওয়া চল। বাবস্থাটা কি রকম হল উন্নয়নের ফলে, সেই জল্ডা হয়ত কলকাতার মধ্যে দিয়ে খানিকটা গিয়েই ক্লকতার বাইরে চলে যজিছল, যা ঘন বস্তির মধেছিলে যুচিছল না এখন সেটাকে অনেক ঘনবস্তির মধ্যে দিয়ে ঘ্রিয়ে নিয়ে যাওয়া হচ্ছে এবং পরিকল্পনার ঠেলায় একটা মাথার উপরে স্যোরেঞ্জ °লান করেছি। কিভাবে করেছেন? ১৪ মাইল বোধ হয় হবে, কাশীপুর টাশীপুর যদি সব ধরা যায়, দমদম অণ্ডলের সদ জল যাচেছ ঐ বাগজলা দিয়ে সেখানে মাথায় আপনি একটা পল্যান বসিষ্ণেছেন তাতে তা দিয়ে যে এইসৰ জ্ঞাল যাবে তারও কোন ঠিক নেই, শুধু বোধ হয় কপে রেশনের জল আর ঐ লবণ হদের জলই যাবে।

# [12-50-1 p.m.]

ব্যাপারটা কি রক্ষ হল, অনেকটা ঐ গোপাল ভাঁড়ের মত, ঐ ভাতের তাঁড়িটা চাপালাম বাঁশের উপর আর তার তলার মোমব তি জন্ধলিয়ে ভাত দেশ্ব করছি। সেইসব মণক অঞ্চলে আরও মণক ক্রিণ করা হল এবং কথাটা র্ড় হলেও বলতে হচ্ছে যে, জব চার্মক যথন কলকাতা সৃষ্টি করেছিল তখন অনেক কবি বলেছিলেন যে, কলকাতা বিখ্যাত হচ্ছে মণা অর মাছির জন্য, সেটার কন্টিনিউইটি তো রাখতে হবে, যদি বিটিশের ঐতিহা না রাখলেন তা হলে আর কি হল। তারপর তাদের শেব ওম্বর্ধ কি, এবাব আনলেন সি এম পি ও। এ এক আজব জিনিস আমরা শ্রনত পাই আজকাল। সি এম পি ও বলে একটা অগ্নিনিস্বালি বিখন করা হল তথন আমরা শ্রনত পাই আজকাল। সি এম পি ও বলল একটা অগ্নিমিস্বালি টি নিয়ে, এবং কলকাতা শহরের জ্রেনেজ ও বিশেষ করে পানীয় জলের ব্যবহ্যা বিশ্বনা প্রথমে আমি তাঁদ্ধের কাছে প্রশন করি যে, নবন্ধীপে কেন কিছু হবে না, কেন বাঁকুড়া মিউনিসিস্যালিটির কিছু হবে

না, আরু সব মিউনিসিপ্যালিটি কেন সাফার করবে, শুধুমাত্র এখানকার ব্যবস্থা হবে কেন? ভূতীর প্রণন করি, গবেষণাই চলছে তাদের, গবেষণার পর গবেষণাই হচ্ছে, সেখানে কবে জল হবে, কবে সেখানে ড্রেন হবে তার কোন ব্যবস্থা নেই। হঠাৎ আবার দেখলাম, ঐ যেমন রেলে চেপে चारनक ममज मानि य भाक्षाराव जानरमन गानि व त्यान राणे वाथा करम व त्यान माथा वाथा কমে, এ খেলে পা ব্যথাও কমে, সর্ব রোগের মহোষধ, সেই রকম নাকি সি এম পি ও বাংলাদেশের বেকার সমস্যাও সমাধান করবে। হঠাং খবর বেরিয়ে গেল খবরের কাগজে যে সে এম পি ও বেকার সমস্যা সমাধান করবে। তারপর আমরা কি শুনছি, সি এম পি ও নাকি এবার একটা ব্রীজ তৈরী করবে। কোথায়? না প্রথম কথা ছিল চাঁদপাল ঘাটে। এ খবরটা কোথা থেকে বর্লাছ, এ যে-সে লোকের খবর নয়, একেবারে কেন্দ্রীয় মন্ত্রী অশে৷ক সেনের কাগজ 'বসমেতীর খবর বলছি, তারা বলেছেন যে এই পলে হবে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় পলে। যারা টালা পুলে ভাসাতে পারে না ১২ বংসরে তারা সূটি করবে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় পূল, যারা উল্টাডিগ্নির ভাগ্যা প্রলটা আর জোড়া লাগাতে পারলো না তারা করবে এশিয়ার মধ্যে বড় পূল। এই রকম জোর করে বললে মুখামন্ত্রী যদি করেন তাহলে আমি তাঁকে ধনাবাদ দেবো। কিল্ড শেষ সংবাদ বলি ঐ বসমেতীর খবর যে, এখন তাঁরা বন্ড চিল্ডা করছেন সে এই পলেটা গণ্গার তলা দিয়ে যাবে, না গণ্গার উপর দিয়ে যাবে। এই হচ্ছে সি এম পি ও-র অবস্থা। তারপর রয়ত শুনুরো আকাশের উপর দিয়ে যাবে। এই যে সমসত অন্ভূত অন্ভূত কথা, এই <mark>যে</mark> সমস্ত আজগুরি ব্যাপার এর কোন অর্থ আছে বলে আমি মনে করি না। কিন্তু কের্নাট কোটি টাকা এই ব্যাপারে বায় এচ্ছে এখন তা ধরার কোন উপায় নেই। এই সংবাদ আসমহাতি আনাত্র টোন পর্শ্বতি নেই অথচ টাকা খরচ হয়ে যাচ্ছে। আপত্তি করলে বলা হবে মে বিরোধীরা আমাণের দেশকে উত্তত্ত করতে দিতে চায় না, বিরোধীরা আমাদের দেশ ভাল হোক সে বলস্থা করতে দিতে চায় না। কিল্ডু কেন? আদম প্রশন করি এরা যে কি চায়, এদের যে কি উদ্দেশ্য তা এনে কি আমেম্বলির সামনে উপস্থিত করা যায় না ? কেন বলা যায় না যে সি এম পি ও-রা এই করতে চায়? আমরাও ভাবতে পারি, আপনাদের তো ভোট বেশি আছে, আপনারা ত যা খাশি তাই করতে পারেন, ছাগলের লেজও কাটতে পারেন, এটা পাশ করে নিয়ে যেতে পারেন, কিন্তু আমাদের অন্তত জানতে দিন, দেশের লোককে ব্রুবতে দিন যে, এই সি এম পি ও কি করছে, কি তার উদ্দেশ্য, কোথায় তারা যেতে চায়, কোন্ জায়গায় তারা পেণছাতে চায়। অথচ শুনুজি আমাদের দেশের ম্যাপ নিয়ে যাচ্ছে, অথচ শুনুছি বিদেশ থেকে মডেল করবার জন্য আর্মোরকা থেকে হাজার হাজার টাকা দিয়ে লোক নিয়ে আসা হচ্ছে। কি ব্যাপার এ প্রশেনর কে উত্তর দেনে? আমি মুখামন্ত্রীর কাছে বলছি যে, এই সি এম পি ও করে করে আর কি হবে। এ এক নতন কায়দা হয়েছে রাস্তা নেই কেন? সি এম পি ও করবে। বেকার কেন? সি এম পি ও করবে। অমূক নেই কেন, সি এম পি ও করবে। যেরকমভাবে বাসে-ট্রামে যেতে হচ্ছে, সেখানে রাশিয়ান জিমনাস্টরা পর্যন্ত হেরে যাবে, এক আংগলে বাসে দিয়ে ঝুলতে ঝুলতে যাহিচ যে কোন সময় মরতে পারি, তাও সি এম পি ও করবে। ট্রাম-বাসের ব্যবস্থা তাও সি এম পি ও করবে। সবকিছ; বাবস্থা সি এম পি ও করবে, ভাল বাবস্থা। তা আমি মুখাসন্তীকে र्वान रय. তा रटन आभनाता कि ठेट्टों जगन्नाथ, आभनाता कि एमटमत किছ्द कतरवन ना. नवरे কি করবে সি এম পি ও? যা কিছু সমস।। সবই সি এম পি ও করবে। এ কোন্ পথ? আমি এই প্রশন মুখামন্ত্রীর কাছে করছি। তারপর আমি যে কথা বলতে চাচ্ছি যে, এই সমস্ত মিলিয়ে এই বাজেট বায়বর দকে কিছ.তেই সমর্থন করা যায় না। এবং আমার হয়ত ভাষা কড়া হতে পারে, আমার কথায় মুখামন্ত্রী রেগেই চলে গেলেন কিনা জানি না, এতক্ষণ বসে শুনুলেন, হয়ত চটে গেলেন, কিন্তু আমি কংগ্রেস সভাদের কাছে অনুরোধ করব যে, আপনারা এই বাজেটটা ভাল করে পড়ে দেখে, আমি মুখামন্ত্রীর ভাষায় বলব যে, বুকে হাত দিয়ে যদি এই বাজেটকৈ সমর্থন করতে চান তা হলে আপনাদের হাত নামতে বাধ্য হবে। আপনারা হাতকে কখনও বকে লাগাতে পারবেন না। পারবেন হয়ত এই উদ্দেশ্যে মনে করে রেখে যে, আজকে যা হয় কলকাতায় হোক না কেন, আবার ঐ নির্বাচনের আগে আবাব গাদা গাদা টাকা বাজেট অঙ্কে দেখাব এবং বিধানসভার মধ্যে দিয়ে পাশ করিয়ে নিয়ে যাব। এই রকম অবস্থার সূচ্টি করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায় না, দেশকে অন্যদিকে নিয়ে যাওয়া হচ্ছে এই কথা আমি বলতে চাই এবং সর্বশেষ অনুরোধ যেটা, সেটা জানাতে চাই আপনাদের কাছে, একদিন এখানে শুনলাম নির্বাচনে দাঁজালে ৫ বংসরের মধ্যে নাকি কমিউনিস্ট পার্টি উঠে যাবে—একথা সিম্বার্থবাব

এখানে বলছিলেন। আমরা মনে করি, কমিউনিস্ট পার্টিকে বদি সতিয় সতিয় এই কনটেস্ট দিতে হয় তা হলে তার প্রথম কথা হচ্ছে, সমস্ত রাজনৈতিক বদ্দীদের মুক্তি দিতে হবে—বিরোধী দল্লের নেতার মুক্তি দিন। আমরা এই চ্যালেঞ্জ আ্যাকসেপ্ট করিছি, আমরা নির্বাচনে প্রতিষ্ঠিন্দ্র করে । সিম্পার্থবাব্দে আমি একথা বলতে চাই—সিম্পার্থবাব্দ আজকাল একজন মস্ত বড় রাজনীতিবিদ্ হয়ে গেছেন—আমরা তাঁকে অনুরোধ জানাছিছ যেখানে নির্বাচন হবে সেখানে তিনি বান বা তাঁর সমর্থিত যাঁকেই দাঁড় করান, কমিউনিস্ট পার্টি জিতবে কিনা বলতে পারি না, তবে এট্রকু বলতে পারি, সিম্পার্থবাব্দ হারবেন—এ সম্বন্ধে তিনি নিশ্চিন্ত হতে পারেন। এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

# Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তৃতা শুধু দুর্গাপুর সম্বন্ধে থাকনব কারণ এই গ্রান্ট-এ ৬৫ লক্ষ্ণ টাকা রয়েছে। আজকের এই গ্রান্ট মূভ কবেছেন মূখামন্ত্রী মহাশয়। স্যার, গত বাজেট বক্তুতার সময় আমি দুর্গাপুর সম্বন্ধে বলেছিলাম সেখনে অনাচার চলছে। তার জবাবে আমাদের শ্রুদেধয় নেতা শংকরদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছিলেন দুর্গাপুর সম্বন্ধে আমি কিছু জানি না, অর্থাৎ আমার কোন জ্ঞান নাই। আমার জ্ঞান নিশ্চয়ই নাই, তাঁর চেয়ে পণ্ডিত আমি নই, তিনি অনেক বেশি পণ্ডিত ও গুণী সে বিষয়ে সন্দেহ নাই। তব্তু দুর্গাপরে সম্বন্ধে আমি সামান্য যেট্রকু জানি সেটাই আপনার সামনে রাখতে চাই। আমি দুর্গাপরে সম্বন্ধে ৪২ পাতার একটি ফিরিস্তি তৈরী করেছি, তাতে দুর্গাপুরের সমস্ত অনাচার লিপিবন্ধ আছে, সব কথা এথানে বলতে পারত না, সামান্য দূ-চারটা কথা আমি এখানে বলব, এবং আমি এখানে আজকে আমার বস্তুতার পূর্বেই মাননীয় শংকরদাসবাব কে বলব আজকে যে রিপোর্ট আমি হাউজ-এর সামনে টেবিল করছি তার উপর তিনি যেন একটা এনকোয়ারী করেন এবং যারা দোষী তাদের যেন ব্যবস্থা করা হয়, এবং আমি যে স্টেটমেন্ট দিচ্ছি যদি তার একটাও মিথ্যা হয় আমি চ্যালেঞ্জ দিচ্ছি আমি এই হাউস থেকে রেজিগনেসন দেব। দুর্গাপরে ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বশ্নের জিনিস। কিছ্মিদন আগে, ডাঃ রায়ের মৃত্যুর পরে দ্বর্গাপ্রের नाम विधान नगत फिर्ट आमता फ्रिसिंग्लाम डाँत म्यांट तकार्थ। प्रशास्त्रतत यथन भछन रल তথন কি আমরা একথা ভাবতে পেরেছিলাম যে, বাংলাদেশের মানুষ, ভারতবর্ষের মানুষ, পূর্ণিবীর মানুষ দুর্গাপুরের দিকে তাকিয়ে থাকবে, এবং দুর্গাপুরের মাধ্যমে বাজ্গালীর বেকারত্ব ঘুচবে? আজ যদি ডাঃ রায়ের স্বপেনর সেই দুর্গাপুরে নরকে পরিণত হয় তাহলে তিনি কি স্বর্গ থেকে কাদবেন না? আমি আজ এখানে দুর্গাপুরে যে অনাচার চলছে তার ফিরিস্তি বলতে চাই, আমি এখানে সুবগুলি নাম করব না, আমি যেভাবে বলব তাতেই আপনারা বুঝতে পারবেন, সূত্রাং নাম উল্লেখ করার জন্য কেউ আমাকে অনুরোধ করবেন না। সেখানে একটা রিং তৈরী হয়েছে, এবং সেই রিং-এর মধ্যে ঘাঁরা রয়েছেন আমি একে একে নাম বলে যাচ্ছি, একজন মিঃ জি এন মুখার্জি, তিনি একজন খুব নামকরা সাপ্লায়ার, কয়লা সাপ্লাই করেন কোক ওভেন প্ল্যান্ট-এ এবং পাওয়ার প্ল্যান্ট-এ। তিনি আবার সেলিং এজেন্টও বটেন, দুর্গাপুরে যে কোক তৈরী হয় সেই কোক পারচেইজ করে অন্য জায়গায় বিক্রী করেন। তিনি হচ্ছেন ডাইরেক্টর অব খাসখান্ড কোলিয়ারী। এই যে রিং. এই যে গ্রহম্পর্শ হয়েছে সেখানে –সারে. এটা শালা-ভণ্নিপতির কারবার হয়ে দাঁডিয়েছে।

# [1-1-10 p.m.]

শুধ্ আপনি, আমি এরা সকলেই নর শালা-ভংনীপতির কারবার সেটাই আমি দেখছি। তিনি ওয়েস্ট বেঙ্গল কোল ডিসট্রিবিউটার লিমিটেড-এর ডাইরেক্টর। তারপর তিনি আবার সাবলেট করছেন—সেলিং এজেন্সী-টা ডিফারেন্ট ৬ জন সাব-এজেন্ট-এর কাছে। আর একটা ভদ্রলোক, আমি নাম করতে চাই না—নাম জিজ্ঞাসা করবেন না—এই হাউসের মেন্বার হিনি আমাদের দুর্গাপ্রের এতিদন ডাইরেক্টর ছিলেন এবং তিনি হচ্ছেন আমাদের জে এন ম্থার্জির শালা ভিয়েস—নাম করলেই হয়। নাম আমাকে জিজ্ঞাসা করবেন না। এই ৪২ পাতার মধ্যে নাম ঠিকানা সব দেওরা রয়েছে। তিনি হচ্ছেন ডাইরেক্টর, ওয়েন্ট বেঙ্গল কোল ডিসট্রিবিউটার— ঐ একই লোক সেইম কোল ডিসট্রিবিউটার জে এন ম্থার্জি যেখানে ডাইরেক্টর, তিনি সেখানে ডাইরেক্টর। প্রাপ্রাইটর আর একটা কোম্পানীর—নাম করতে পারছি না—ডাইরেক্টর, দুর্গাপ্রের

প্রোজেষ্ট, স্যার, আমার গত বাজেট বক্ততার পর এই ভদ্রলোক রিজাইন করেন। এখন ৩টা ফর্ম **यात्रा ना कि সব সময় প্যাक्टे एंग्छात एने। भ्याक्टे एंग्छात অনেকে হয়ত জানেন ना—यात्रा** কন্মান্টর-ই করেন তাঁরা জানেন—প্যান্ট টেল্ডার কাকে বলে। অর্থাৎ এক সংগ্র বসে ৩।৪ জন এক মেসিনে এক জিনিস ছাপা হবে এবং টেন্ডার সবাই মিলে দেবেন-এটাই প্যাক্ট টেন্ডার-একই রেট, একই জিনিস। এই প্যাক্ট টেল্ডার অত্যন্ত জঘন্যতম ব্যাপার। উপরওয়ালা অফিসার योंन भागिन (लार्ड ना इन जाइल भार्ड एंन्ड व क्यन आक स्मर्थें इस ना। स्मर्ट भार्ड টেন্ডার যাঁরা দেন তাঁদের লধ্যে ২টা নাম আমি আগে করেছি এবং আর একটা হচ্ছে পি এন ভার্মা আ্মান্ড কোঃ লিঃ। এদের আফসগলো একই বিল্ডিং-এ। এই ৩টা ফার্ম যারা প্যাক্ট টেন্ডার দেয় দুর্গাপুর কোক ওভেন, দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট-এ তারা একই কোম্পানি, একই লোক, ভাইরেক্টর বিভিন্ন কোম্পান।ব একই বিভিডং-এ এফিস। তাহলেই ব্রুবতে পারছেন ঐ শালা-ভালপতি বা ঐ কর্মচারা এই হচ্ছে রিং। তাতে কি হচ্ছে: এই সাপ্লাই আমি দেখাতে পারি যে টোটাল সাংলাই ২চ্ছে আমনদের প্রভাক এক বছরে দুর্গাপুরে ৭২ হাজার টন ইনফিরিয়র दकाल भाष्ट्राहरू करत पूर्वाभाव भाष्ट्रात क्लान्टे-अत कार्ष्ट्र भाष्ट्राहरू एवस—छाना २६ नक्क होका। সববারের ২ টাকা কোন কাজ যদি হয় তাহলে সেই কাজে টেন্ডার ডাকা হয়। ২৫ লক্ষ টাকার সাংগাই অথচ কোন টেন্ডার নেই। এক বছর নয়, ১৯৫৮ সাল থেকে সুরু করে ১৯৬৩ সাল পর্যন্ত বিনা টেন্ডার-এ প্রতি বছর ৭২ হাজার টন ইনফিরিয়র গ্রেড অব কোল সাংলাই করা হয়েছে দুর্গাপুর পাওয়ার স্ল্যান্ট-এ। সেই ভদুলোক যথন আবার কোক পারচেজ করেছেন তখন তাঁকে ১ লক্ষ্ণ টাকা ক্রেডিট-এ দেওয়া হয়েছে। নেক স্ট আইটেম-এ কথাটা হচ্ছে যে शर्ज रिन्हें काल किन्दि कर स्थान दाएँ-এ এটা निम्हा भवारे अञ्चर्लक करता कर्ल्यान दाउँ এর বেশী দাম নিলে সরকারের কাছে আমরা বাল যে এই দোকানে এই দুম নিচ্ছে। জে এন মুখাজি-কে পার্রমিট দেওয়া হয়েছে পার টন কোল ১৮ তাতে কি হচ্ছে? ১ই লক্ষ্ণ টাকার কোল পার্রামট দেওয়া হয়েছে এবং এইভাবে গভর্নমেন্টের টাকা ভদুলেকের পকেটে চ্রেকিয়ে रमञ्जा अस्यस्य ।

আর একটা হচ্ছে ওয়েস্ট বেজ্গল কোল ডিস্টিবিউসন কোম্পানী সাংলাই করছে ৩৬ থাউজান্ত টন পার্ব ইয়ার। দুর্গাপুরে পাওয়ার জ্লান্ট করছে সেটা আমার একজন কব্য খবে ভাল করেই জানেন- আমি সে সম্বন্ধে কিছু বলতে চাই না। সাার আর একটা ফার্ম হচ্ছে **এস কে সেথিয়া আন্ড কোম্পানী যারা নাকি ৩০ লক্ষ টাকার কোল পা**ণ্লাই করছে। পুরোনো স্ব ভেসে গেল। তিনি করলেন কি না ১ লক্ষ টাকার ক্রেডিট পেল ৩০ লক্ষ টাকার তিনি কোল সাম্পাই পেয়েছেন এবং সেটা আমাদের একজন বন্ধরে সাহাযো—আমাকে আর প্রশন করবেন না ্র ভয়েসঃ এম এল এ কি?। হাাঁ, এই হাউসের এম এল এ। আর একটা কথা—এই এাাডমিনিস্টেসনের হেড যিনি নাকি মাানেজিং ডিরেক্টর অব দুর্গাপুর প্রোজেক্ট—যার নাম আমি করতে চাই না—আমি একটা প্রদন সরকারকে জিজ্ঞাসা করতে চাই এই যুদ্ধ লাগার পর থেকে ঐ কমিউনিস্ট বন্ধ,দের কেন গ্রেপ্তাব করে রেখেছি? কারণ দেশের যুদ্ধে এরা সাহায্য করছে— যারা হয়তো কোথায় বাধার সূচিট করছে, কোথাও আমাদের দেশের বিরুদ্ধে কথা বলেছে যার জন্য আমরা তাদেরকে জেলে আটক রাখা হয়েছে—অন্য কোন কারণে নয় –স্যার আপনি জানেন হিন্দুস্থান সিপইয়ার্ড যেখানে আমাদের যুদ্ধের জাহাজ তৈরী হচ্ছে—গভর্নমেন্ট অব ইন্ডিয়ার আন্ডারটিকিংয়ে—আপনার আমার মত রামা, শ্যামা যদ্ব মধ্ব নয়—সেখানে কি হচ্ছে চার ওয়াগন काल हारेला. रश्व हाती मारम अर्जात रन्नम कतला-प्राप्त होने जानिता निलन-किन्छ ম্যানেজিং ডিরেক্টর ছাতো নাতায় রিফিউজ করলেন। যেখানে যালেধর জাহাজ তৈরী হচ্ছে সেই কারখানা বন্ধ হয়ে গেলো। আমি জানতে চাই এই অফিসারকে কেন ডিফেন্স অব ইন্ডিয়া র*লে* এ্যারেন্ট করা হবে না। আমি সরকারের কাছে দাবী করছি—আপনারা খোঁজ নিয়ে জানুন সেখানে কয়লার অভাবে কাজ বন্ধ হয়ে আছে। খালি ওদের (কমিউনিস্টদের) ধরলে হবে না। আমি আগেই বলেছিলাম যে এই সরকারী কর্মচারী যারা নাকি মনে করেন এটা তাদের পৈত্রিক জমিদারী তাদের বিরুদ্ধে যদি উপযুক্ত বাবস্থা না করা হয় তাহলে ভল হবে। আমরা সেজনা মুখামল্টীকে আগেই বলেছি যে তিনি এ সম্বন্ধে এনকোয়ারী নিশ্চয়ই করবেন এবং করে তাদের ষা শাস্তি হয় তা তাদের দিন। এনকোয়ারী করার আগে পেন্ডিং দ্যাট ইমিডিয়েটলি সাসপেন্সন অবস্থায় রেখে দিন। আমি চ্যালেঞ্চ করছি এবং আগেও করেছি যদি এটা সতা না হয় তাহলে I will resign from this House.

স্যার, ইল্ লিগ্যাল প্রফিট-এর কথা বলবো। মজা দেখন—দুর্গাপুরে গ্যাস গ্রিড তৈরী হবে তার জন্য একটি যুগোশ্লাভিয়া ফার্মকে কন্টাক্ট দেওয়া হয়। সে যুগোশ্লাভিয়া ফার্ম সাব-কন্টাক্ট দেওয়া হয়। সে যুগোশ্লাভিয়া ফার্ম সাব-কন্টাক্ট কাকে দেবে তার নির্ভার করে। কিন্তু ম্যানেজিং ডিরেক্টর যিনি এই রিংয়ের মধ্যে রয়েছেন তিনি বল্লেন—তোমাকে কন্টাক্ট দিছি—কিন্তু তুমি মিঠাওয়ালাকে সাব-কন্টাক্ট দাও। অর্থাৎ ইন্ডিয়ায় যে বাজগ্রিল আছে সেগর্নলি মিঠাওয়ালাকে দিতে হবে—অর্থাৎ মাটি কাটা পাইপ লাইন ইত্যাদি কাজ মিঠাওয়ালাকে দিতে হবে। যাদের লোয়েস্ট টেন্ডার আছে তাদের দেওয়া হয় নি। মিঠাওয়ালা লোয়েস্ট টেন্ডারের তিন জনের পরে আছে অর্থাৎ লোয়েস্ট টেন্ডার একজনের উপরে তার উপরে তার অর্বান আছেন।

# [1-10-1-26 p.m.]

হল কি? আর একটা স্বার্থের ফলে সারে, কি হলো? দেখা গেল গাসে গ্রীডের জনা ১৯৫৯ সালে পশিচমবাংলার ঐ দ্বর্গাপ্র প্রোভেক্টের যিনি হতাকতা। বিধাতা তিনি ব**ললেন** ইন্মিভিয়েটলি গ্যাস-গ্রাভ চাল্ব করতে হবে। কলক তায় গ্যাস আনতে হবে। ২ কোটি ১৪ লক্ষ টাকার ঐ পাইপ আসবে। মানে তার দান নাই- এটা হলো ফরেন এক্সচেগ্র-এ এর দাম ধরবেন। ২ কোটি ১৪ লক্ষ ট কা যুগোস্লাভিয়াকে দিতে হবে এবং ভার পরিবর্তে পাইপ আসবে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দুগে পেরে প্রোভেউকে এন্রোধ করলো রাউরকেল্লায় পাইপের কারখানা হচ্ছে আমরা এক বছরের মধ্যে সেখান থেকে পাইপ দিতে পারবো। তেন এই দ**্রকোটি 🦤** ১১ লক্ষ টাকার ফরেন এক্সচেঞ্জ এখন নাট করছি। ওরা বল্লো-না, এক্ষ্মান চাই। কেন ? এর ভতরের ব্যাপার খুলে বলবার প্রয়োজন নই ঘুষ ও চুরি। সেই রাউরকেল্লা থেকে পাইপ ইত্রবা হয়েছে। আজকে আটশো মাইল আসাম অয়েল কোম্পানী আসাম থেকে বারোনী প্র্যুষ্ঠ যে পাইপ লাইন তৈরী করেছে, সে লাইন এই রাউরকেল্লার ফ্যাস্ট্ররী থেকে তৈরী হয়েছে। আর দুর্গোপুর প্রোজেক্ট- ২ কোটি ১৭ লক্ষ টাকার ফরেন এক্সচেপ্র নণ্ট করে বিদেশ থেকে পাইপ নিয়ে এল। গ্যাস পাচ্ছেন আপনার!? মজা হচ্ছে টোটাল খরচের এস্টিমেট ছিল ৩ কোটি নকার উপর ৩·১ কোটি। সেই কন্টাস্ট এখন এসে দাঁড়িয়েছে ৪ কোটি ৬৭ লক্ষ টাকায়। **অথচ** এখনো পাতিত সেখানে কিছা হয় নাই সারে: দা বছর লাগনে। ডাঃ রায় স্বংন দেখেছিলেন-দ্ধা প্রের গাস এসে কলকাতা আলো করে দেবে। কিন্তু কোর্নাদন আমরা সে গাসে কলকাতার পাব না। আমি চ্যালেঞ্জ করছি আমি তা প্রমাণ করে দিতে পারি দুর্গাপুরে গাসে দিতে পারবে ন: কলকাতায় গ্যাসের দরকার হচ্ছে সিক্সটিন্ মিলিয়ন কিউবিট ফিট গাস পার ডে। সেই সিকুটিন মিলিয়ন কিউবিট ফিট গাসে কলকাতায় কে নদিন আসবে না: তা সম্ভবও নয়। ফেকেড কোক ওভেন প্ল্যান্ট যা ইন্স্টলেসন হতে যাচেছ, সেটা হতে আরো দু বছর লাগবে। সেটা হলে পরে কলকাতায় ওখানকার লোকাল গ্যাস কন্জামসন এর পরে, ছিটে ফোটা কলকাতায় অ নবে, সেই ছিটেফোটার যা দাম পড়বে সেই দামে কলকাতার কন জিউমাররা গ্যাস নিতে পারুবে না। ডাঃ রায়ের স্বংন সম্পূর্ণ বার্থ হয়েছে—ঐ সয়তানদের হাতে পড়ে। স্যার, মজাটা দেখুন এই মিঠাওয়লা কোম্পানী যুগোস্লাভিয়ার সাব-কন্দ্রাক্ট নিলো। তারপর দিল কি? স্কট আন্ড পিগদ্টক কোম্পানী যারা নাকি পাইপ ওয়েল্ডিং করে ও র্যাপিং করে তারা অনেক কম টাকার ৩৬ **লক্ষ টাকা**র কন্টাক্ট করেছিল। মিঠাওরালা কোম্পানী একটা আইটেমের কন্টাক্ট ছিল –লেরিং, মাটি কাটা, পাইপ বসান ইত্যাদি–৭০ লক্ষ টাকায় তা এনক্সেণ্টেড হয়ে গেছে। মিঠাওয়ালা কোম্পানীকে স্কট অ্যান্ড পিগস্টক ১০ পারসেন্ট কমে দিলেন। তোমরা এই কা**জ** কর। কিভাবে চরি হচ্ছে বিভিন্ন দিকে।

আর একটা জে এন ম্থার্জি কোম্পানী আগে বলেছিলেন বাড কোল সাংলাই দেওয়ায় দুর্গা-পরে প্রোজেক্টের কোক ওভেন খলান্ট নন্ট হয়ে যাছে। সেই কোক ওভেন খলান্ট নন্ট হয়র মূল কি ? মূল হছে সাংলাই অব ব্যাড কোল। এ-গ্রেড কোল সাংলাই করা দরকার—এই দুর্গাপুর কোক ওভেন খ্লান্ট-এর জন্য। এখন পর্যন্ত বি-গ্রেড কোল সাংলাই করা হছে ঐ পাওয়ার খ্লান্ট-এর জন্য।

দ্বর্গাপরে কোক ওভেন-এর জন্য লক্ষ লক্ষ টন কোল সাংলাই হচ্ছে। কিন্তু দেখা গেল বখন কাগজে বেরলো, আমার এখানে সমস্ত রেফারেন্স রয়েছে। স্টেটসম্মান-এ বেরিয়েছিল দ্বর্গাপ্র প্রোজেক্ট সম্বন্ধে, যে সেখানে ৩০ পারসেন্ট এফিসিয়েন্সি নন্ট হয়ে যাচ্ছে ডিউ টু

স্যার, আর একটা জিনিস। মজা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়া কয়লার দাম, কোক-এর দাম বাড়িয়ে দিলেন ৪৬ টাকা থেকে ৫৭ টাকা। কিন্তু দ্র্গাপ্রের কর্তারা, তাঁরা এমন কায়দাকান্ন করে দ্ব-মাস পর্যন্ত দামটা বাড়ালেন যা, ঐ ৪৬ টাকই রাখলেন। দ্র্গাপ্রের গভর্নমেন্ট অব ইন্ডিয়ার অর্ডার হচ্ছে এখানে হাফ ইণ্ড কোক ট্র ২ ইণ্ডেস কোক ৫৭ টাকায় বেচতে হবে। এ'রা কায়দা-কাল্ন করলেন, তাহলে ত মহা বিপদ, তাঁদের নিজেদের লোকেরা বিপদে পড়ে যায়, অতএব একটা নাট কোক নাম দিয়ে এক ইণ্ডি থেকে দ্ব-ইণ্ডি, কোক লোককে দিতে আরম্ভ করলেন। তারা সব নিজের লোক। আমি তো আগেই বলেছি তাঁরা সাম্পায়ার, ডিম্ট্রিবিউটার এবং এজেন্টকে বিক্রয় করে। এবং তার পরেও আর এক ন্তন কায়দা করে আরও নেমে যাচ্ছেন—২৪ টাকা পার টন কোক বিক্রয় করবার আর একটি পরিকল্পনা হয়েছে। আমি তাই আপনার মাধামে মাননীয় ম্বা মন্ত্রী মহাশয়ের দ্ভি আকর্ষণ করছি এই ৪২ পাতার যে রিপোটটি আমি তৈরী করেছি। এর প্রতিটি অক্ষর, প্রতিটি শব্দ সত্য বলে আমি প্রমাণ করবো। এবং এর জনা এই হাউসে একটা কমিটি করা হোক এবং সেই কমিটিতে আমাদের মাননীয় মন্ত্রী শঙ্করদাস বাানাজানী এবং মাননীয় ম্বা মন্ত্রী ও চিফ সেক্রেটারী অব দি স্টেট, তিনিও থাকবেন, এবং এনকোয়ারী করে এর উপযুক্ত ব্যবস্থা করা হোক। এই বলে আমার বন্ধবা শেষ করছি।

### Shri Apurba Lal Majumdar:

মাননীয় দপীকার মহোদয়, এই গ্র্যান্ট ১২ সম্পর্কে আলোচনা করতে উঠে প্রথমে দেখছি তর্ববাব্ সি এম পি ও এবং সল্ট লেক সম্পর্কে বিদ্তারিতভাবে বলেছেন, এবং একট্ব আগে মাননীয় সদস্য শ্রীনেপাল রায় দ্বর্গাপ্রের অবস্থা সম্পর্কে, সেখানে কিভাবে গভন্মেনেটর বা সরকারের অর্থ নিয়ে ছিনিমিনি খেলা চলছে, সে-সম্পর্কে বিস্তারিত তথ্য হাউসের সামনে রেখেছেন। মাননীয় মুখ্য মন্দ্রী মহাশয় আগেই বলেছিলেন যে, এই গ্র্যান্ট-এ এত বিষয়ের উপর টাকা দেওয়া হয়, এবং এর পারভিউতে এত সাবজেক্টস আছে যে সমস্ত বিষয় আলোচনা করা সম্ভবপর নয়। সেই জন্য আমি ও দ্বটি বিষয়ের উপর আমার বন্তব্য সীমাবন্ধ রাখবো। আমি প্রধান বিষয়গ্রিল সম্পর্কে বলতে গিয়ে, প্রথমে হাউজিং প্ররেম-এর উপর আমার বন্তব্য রাখবার চেন্টা করবো। কারণ এর প্রের্ব দ্বর্গাপ্র্র, সি এম পি ও এবং সন্ট লেক সম্পর্কে অনেক কথা মাননীয় সদস্যরা বলে গিয়েছেন।

[1-20-1-30 p.m.]

প্রথমে আমাদের মনে রাখা দরকার বে, ভারতবর্ষের গৃহ সমস্যা বা পশ্চিম বাংলার গৃহ সমস্যা কত গভার, এবং এই সমস্যার গভারতা সম্পর্কে আমাদের সরকারের এখনও পর্যক্ত সমাক জ্ঞান হয়নি। কারণ আমরা দেখছি ভারতবর্ষের র্রাল এলাকার প্রায় ৫৪টি বাড়ীর মধ্যে ৫০টি বাড়ীই সাব-কন্ডিশন। ভারতবর্ষের গ্রামাঞ্জলে বে ৫৪ মিলিয়ন হাউসেস আছে, কান্দ্রী

াইছে তার মধ্যে ৫০ মিলিয়ন হাউসেসই সাব কন্ডিশনে আছে যার ইম্প্রভমেন্ট করা দরকার। ঠক তেমনি আরবান এরিয়াতে আমরা যদি দেখি তাহলে দেখবো যে ৫ মিলিয়ন টেনামেল্ট আজকে করা দরকার। এই ৫ মিলিয়ন টেনামেন্ট যদি দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার গোডায় করার প্রয়োজন হয়ে থাকে তাহলে আজকে ততীয় পণ্ড বাষিক পরিকল্পনার দ্বিতীয় এবং ততীয় বংসরের মাথায় এসে আনাদের এই সমস্যা গভীর থেকে গভীরতম হয়েছে। প্রথমে দ্বাম ক্রিয়ারেন্স সম্পর্কে বলতে হয় যে কলক তা ও হাওড়া সহরে শতকরা ১/৩ অংশ এই দ্বাম এরিয়াতে বাস করে। তৃতীয় পঞ্চ বার্যিক পরিকল্পনার আমলে আমরা ঠিক করলাম যে পশ্চিমবঙ্গে ১ কোটি টাকা আমরা স্লাম ক্লিয়ারেন্সের জন্য বায় করবো। আজ পর্যন্ত আমরা দেখছি যে দলাম ক্রিয়ারেনেসর জন্য তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার তিন বংসরের শেষে যে টাকা আমাদের বায় হবে সেই টাকা হিসাব করলে দেখতে প বো যে শতকরা ৩০ পার্সেন্টের বেশী টাকা আমরা বায় করতে পার্রাছ না। অর্থাৎ যে টাকা টারগেট হিসাবে ধরেছেন সেই টাকার মাত্র ৩০ পার্সেন্ট খরচ করতে চলেছি এটি দি এন্ড অব থার্ড ইয়ার অব দি থার্ড ফাইভ-ইয়ার পলান। কতগুলি ঘর করার আমাদের কথ ছিল? আমরা ঠিক করলাম ৬ হাজার টেনামেন্ট তৈরী করবো। এই ৬ হাজার টেনামেন্ট তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনার আমলে তৈরী করবো একথা যদি বলে থাকি তাহলে প্রথম বংসর কত করলাম > ১৯৬১-৬২ সালে ১৮০টি ঘর তৈরী করলাম: ১৯৬২-৬৩ সালে যেখনে তৈরী করা হবে, লাইকলি টু বি কম্প্লিটেড, ছিল মাত্র ৫০০ সেটা কমিয়ে ৩০০র মত আমরা হয়ত কম্পিলট করতে পারবো এই ১৯৬২-৬৩ সালে। ্এবং ১৯৬৩ সালের শেষে যে গ্লান রচেনে, আমরা দেখছি স্টেট গভর্নমেন্ট যে টারগেট দিয়েছে ্রাতে ৫ বংসরে সেই টারগেটের মাত্র ৩০ পার্সেন্ট কভার্ড হতে পারে। অর্থাৎ ৬ হাজার তৈরী হবার কথা সেখানে ২ হাজার টেনানেন্ট যদি এ্যাকডিং ট্র প্ল্যান ফুলফিলমেন্ট হয় তাহলে আমরা দেখছি ৩০ পার্সেন্টে আমরা পোছাতে পারি, তার বেশী পারি না। কাজেই আমি এখানে মুখামাল্যীর দুটিট আকর্ষণ করতে চাই এইজন্য যে মনে রাখতে হবে যে হাওড়া, কলকাতায় এবং এন্যান্য ইন্ডান্ট্রিয়াল এরিয়াতে है অংশের বেশী ন্লাম এরিয়াতে বাস করে। এই গভীর সমস্যা সম্পর্কে আমরা যে সামানা টারণেট তৃতীয় পঞ্চবার্যিক পরিকল্পনায় নিয়েছিলাম, আগামী ৫ বংসরে তার ৫০ পার্সেন্টও কভার করতে পারবো না যে রেটে বর্তমানে আমাদের কাজ হচ্ছে। এই বংসরের বাজেটে আমরা দেখছি, গত বংসর যে পরিমাণ অর্থ বরান্দ করা হয়েছিল এই স্লাম ্রিফ্যারেন্সের ব্যাপারে, তার চেয়ে কম অর্থ বায় করা হচ্ছে। তারপর আর একটা হাউসিং স্কীম, সাব্সিডাইসভ ইন্ডাম্ট্রিয়াল হাউসিং ম্কীম, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে আমরা ১-৮০ কোটি টাকা এর জনা বরান্দ ঠিক করেছি। কিল্কু আমরা টারগেট কি করেছিলাম? ৭.৭৮০টি টেনামেন্ট এই ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীমে করবো। আমরা এই হোয়াইট বুকে দেখছি ১৯৬১-৬২ সালে আমরা মাত্র ঘর তৈরী করতে পেরেছি ২০৬টি। এবং তার পরের বংসর, ১৯৬২-৬৩ সালে, আমাদের চেণ্টা ছিল সেখানে আমর: ১৭ শত ঘর তৈরী করবো।

কিন্তু ৪টি করতে পেরেছি পশ্চিমবণ্গ সরকার তার হিসাব দেননি কিন্তু সর্বভারতীয় যে হিসাব তাতে দেখলাম ১৯৬১ যখন শেষ হয়ে গেল—১৯৬২ সালের গোড়া পর্যন্ত আমরা দেখলাম পশ্চিমবণ্গ যে সার্বাসিডয়ারী ইন্ডান্স্রিয়াল হাউসিং স্কীম গ্রহণ করার কথা ছিল তার মাত্র ০০৬টি তারা করতে পেরেছেন। এই রেট-এ তারা কাজ করেন। থার্ড ফাইভ-ইয়ার স্পান-এর শেষ পর্যায় আমরা দেখতে পাই যে, তারা তাদের টাবগেট মাত্র শতকরা ২০ ভাগ ফুলফিল করতে পেরেছেন। কাজের যে টারগেট আমরা নিরেছি হাউসিং সম্পর্কে ইন্ডান্স্রিয়াল ওয়ারকার্সদের জন্য টোরগেট প্রেণ করার সম্পর্কে এতথানি উদাসীনতা যদি সরকার দেখান তাহলে সামান্য যে টাবগেট ধরেছেন তা ২০ পারসেট-এর বেশীতে পেশিছাবেন কি করে? অথচ ভারতের অন্যান্য রাজ্যে কি দেখছি? সারা ভারতবর্ষে ১০ হাজার ঘর তৈরী করার কথা—দেখানে মহারাষ্ট্র তৈরী করেছে ৩,৮৮৮, বিহার করেছে ৯.৮০২, ইউ পি করেছে ২,২৮০ আর আমাদের পশ্চিমবশ্গ করেছে ৩৩৬টি। অবশ্য একথা স্বীকার্য যে পাঞ্জাব পশ্চিমবংগর চেয়ে কম করেছে; কিন্তু মহারাষ্ট্র, বিহার, ইউ পি তারা বেজবে ঘর তৈরী করেছেন এবং গৃহ সমস্যার দিকে জাের দিয়েছেন তাতে দেখা যায় যে পর্যায়ে তারা স্প্রানিং করেছেন সেই স্ব্যানিং শ্রণ করার চেন্টা তারা ক্রেছেন এবং তৃতীয় পরিকল্পনায় তাদের যে টারগেট তা প্রেণ ধ্রায় জন্য বতখানি স্পেস-এ হাছি বছর কাজ করা দ্বকার প্রায় সেই স্বেস-এ কাজ তারা করছেন। পশ্চিমবণ্ণ সকলের চেরে

পিছিয়ে রয়েছে। ওয়ারকার্স হাউসিং ক্লীম-এ থার্ড ফাইভ-ইয়ার প্লান-এ তিন কোটি ৩০ লক্ষ টাকা বরান্দ করা হয়েছে পশ্চিমবংগ অথচ আজ পর্য কি বদি আমরা ১৯৬৩-৬৪ সালের বাজেটের শেষ পর্য হুত ধরে নিই তাহলে মাত বায় করব ৫৭ লক্ষ টাকা—তিন বছরে ৫৭ লক্ষ টাকা ব্রয় করব সেখানে টারগেট তিন কোটি অর্থাং তিন বছরে ওয়ানসিক্থ্ অব দি টারগেট প্রেণ করতে চলেছি। এই রেট-এ র্যাদ যাই তাহলে আর দুই বছরে কি হবে? এই সামান্য টারগেট তিন কোটি ৩০ লক্ষ টাকার টারগেট-এ সেখানে ৩,৫০০ টেনিমন্ট তৈরী করবেন তার মধ্যে মাত্র আজে ৩০০ আর ২০০ অর্থাং ৫০০ বাড়া তৈরী করবেছেন।

করেছি ৭০ হাজার টাকা,—১৯৬১-৬২ সালে বায় করেছি ৪০ লক্ষ টাকা আবার এ বছর বাজেটে বরান্দ করেছি ৪০ হাজার টাকা, অথাং এই তিন বংসবে আমরা বারা করতে চাচ্ছি ৪৯ লক্ষ, যেখানে বরান্দ ২৫ লক্ষ টাকা, পারসেন্টেজ এত আসে না- বরান্দ থাকা সত্তেও এত কম টাকা বায় করেছি। টোটাল হার্ডিসং প্রে'জেক্টে-এর দিকে যদি দেখি তাহলে দেখব থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এ হাউসিং-এর জন্য আমাদের বরান্দ্র আছে ৯ কোটি ২০ লক্ষ্ এর মধ্যে এই তিন বংসরে যদি বাজেটে যে টাকা আমরা বরান্দ করেছি তা র্যাদ বায় করতে পারি তাহলে আমাদের ব্যয় হবে ১০ পারসেন্ট আমাদের বায় হবে তিন বংসর উত্তীর্ণ হয়ে যাবার পরে। কাজেই আমার মনে হয় সরকারের তরফ থেকে আমাদের গ্রু স্ফল্যা যে কত জটিল ও গভীর সে সম্পর্কে কে.ন ধারণা নাই। যে সামানা ৯ কোটি টাকা ধার্য আছে তিন বংসর পরে তার ওয়ান-থার্ড ও বায়। করবার যোগ্যতা তাঁদের নাই। কাজেই সরকারের বাজেট আলোচনা করতে গেলে—মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন কোনপ্রকার বিতর্কের মধ্যে যাবেন না—হাউসিং সম্পর্কে আমি আপনার কাছে দ্য-চারটা কথা বলতে চাই--সেটা হল, এবার হাউসিং-এর খবচ কমাবার জন্য ইতিমধ্যেই খাল্লা-সাহেব ফেব্রুয়ারী মাসের প্রথম দিকে ২।৩ তারিখে স্টেট হার্ডীসং মিনিস্টারসদের বো<del>থে</del>বতে এক কনফারেন্স-এ ডেকে বলেদিয়েছেন এবার বেশি টাকা বায় করতে পারবেন না। গত বছর ২০ কোটি টাকা বিভিন্ন স্টেটকৈ সাহায্য করেছিলেন, এবার ১৬ কোটি টাকা দেবেন এবং এই টাকায় যতটা কাজ করা যায় তার চেণ্টা কর<sub>ন</sub>ন। কিন্তু আমরা দেখছি তা **সত্ত্বেও যে সামান্য টাকা** আমাদের হাতে বরান্দ আছে সেই টাকাও আমরা বায় করতে পারছি না। ডিফেন্স-এ আমরা মাত ২০ পারসেন্ট যা আমাদের বরান্দ তা বায় করেছি, উইম্যান ওয়েলফেয়ার-এ ৫ পারসেন্ট বায় করেছি, চাইল্ড ওয়েলফেয়ার-এ থার্ড ফাইভ-ইয়ার স্বানন-এ আমাদের যা টারগেট ছিল তার মার ১৮ পারসেন্ট বায় করেছি:-টোটাল সোসাল ওয়েলফেয়ার-এ এই ৬ বংসরে টারগেট-এর মাত্র ১২ পারসেন্ট বায় করেছি—সোসাল ডিফেন্স, উইম্যান ওয়েলফেয়ার, চাইল্ড ওয়েলফেয়ার ওয়েলফেয়ার অব দি হ্যান্ডিক্যাপ্ড এই সমস্ত মিলিয়ে আমরা দেখছি টোটাল টাকা ১৫ পারসেন্ট 📩 যে টারসেট আছে ব্যয় করার থার্ড ফাইভ-ইয়ার স্লান-এ. এই ১৫ পারসেন্ট টাকাও তিন বংসরের মধ্যে আমরা ব্যয় করতে পারছি না—এই হল আমাদের যোগাতা। এরপর, হাওড়া সহর সম্পর্কে **प**र-ठात्रहों कथा वना पत्रकात—स्महों इन, हाल्ला हैय श्रान्डरमचे प्रोम्हे मन्मदर्क वन्नद्र शासन वन्नद्र है

হয় ৬ বংসর আগে ১৯৫৭ সালের ১লা জ্লাই তারিখে হাওড়া ইম্প্র্ভমেণ্ট ট্রান্ট এ্যার্ট্ট পাস হল, ৬ বংসর উত্তর্গি হয়ে যাছে। কিন্তু এই ৬ বংসরের মধ্যে হাওড়া ইম্প্র্ভমেণ্ট ট্রান্ট এক টাকার কাজ, সিউরেজ বল্বন, রাস্তা বল্বন, এক টাকার কাজও করতে পার্রোন। শ্ব্য, তাই নয়, এই বছর কত টাকা লেওয়া হবে সেই সম্পকে বিছুই উল্লেখ দেখাছ না—একটা পয়সাও বরাম্দ করা হর্মান; গত বছর ১২ লক্ষ টাকা বরাম্দ করা হয়েছিল, এবার এক টাকাও বরাম্দ করা হয়ন। বলা হছে সি এম পি ও-র জন্য যে টাকা ডাইরেট্ট করা হয়েছে তার থেকে কিছু টাকা বয় করা যায় কিনা দেখা হবে। হাওড়া সহরে থেখানে ৫০ পারসেন্ট মান্য সাব-কন্ডিসন-এ বাস করছে সেই গহরে ইম্প্রভমেন্ট ট্রান্ট কার্যকরী করার জন্য কেনে চেণ্টা আমরা দেখতে পাছিচ না।

### Shri Debsaran Chosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই খাতের আলোচনা করতে গিয়ে মুখা মন্দ্রী বলেছেন এতে কি নাই, চন্দ্রীপাঠ থেকে জত্বতা সেলাই সবই আছে। স্যার সামারা দেখতে পাই এহা গঠনমূলক কাজের নাম করে জনসাধারণের টাকা কি ভাবে অপবায় করা হয় তার নিদর্শন এই খাত আলোচনা করলে দেখা যাবে।

সারে, কংগ্রেস সরকারের ঘাঁরা প্রতিনিধি এখানে আছেন বা মন্ত্রীমণ্ডলী আছেন আমার এই ধারা সম্পর্কে অলোচনা করে যেটা ধরণা হয়েছে সেটা হচ্ছে এই যে এই নির্বাচনী বৈতরণী পার হয়র জনা জনসাধারণকে যে কড়ি খোগাতে হয় তার সমণ্ড বারস্থাই এই গ্রান্টের মধ্যে স্তাছে। আমরা দেখেছি নির্বাচনের সময় কংগ্রেসের এম এল এ বা মন্ত্রীমন্ডলীরা জনসাধারণকে বিভিন্ন উপায়ে বহু, রকম সুযোগ সূবিধা সিমেন্ট, যাঞাদলের ড্রেস ইত্যাদি এইরকম ধরনের বহু, স্থোগ স্বিধা ত'দের দেয়ার বাবস্থা করেন। সারে, আমরা মনে করতে পারি না মন্ত্রীরা বা বংগ্রেম এম এল এ-বা নির্বাচনে দাঁড়ায়র জন্য নিজেব পাকট থেকে খরচ কনেন। সবকারী টাকা বিভিন্ন খ্যাত গলাস দেখিয়ে নির্লাচনী বৈতরণী পাণ যাবার চেন্টা করেন। সামর, আমি এই খাতে একটা বিশ্ব সম্বন্ধে আলোচনা করছে। পার্বালক কো-অপারেটিভ স্কীস্ পেলনিং ফুরুমুএ এক্ছরের বাজেটে ১ লক্ষ্ণ টাকা ধরা হয়েছে। আপনি ভানেন কার্যাত এই প্রোপ্রায় কন্ট্রোল করে ভারত সেবক সমাজ। এই ভারত সেবক সমাজের কার্যকলাপ সম্বন্ধে পালসিমেটে কালোচনা रताष्ट्र अवर स्मर्थास अक्टो उपन्ड कीमिट वहात जना अतुकार निर्माण पिरहाइस्त। आर्थान आराम এই তারত হোরক সমাজের স্থেগ আমাদের পশ্চিম্বাগ বংগ্রেসের গৌদরেল নেতারা এবং এয়া কি আমালের ম্থানত্তীও জড়িত। আমার কাজে ভারত মেরক সমাজের মিটিং এর মিনিট এব একটা কপি আছে, তাতে দেখা যাড়ে যে পশ্চিমবংগ বিধানসভার কয়েকজন এম এল এ এই ভারত সেবক সমজের সঙ্গে জড়িত। এই ভারত সেকে সমাতের ২৬টা কেন্দু বাংলাদেশে অন্তে–তার কেশীর ভাগ বা অনেকগ্রলো বর্তমানে অকেজো অংস্থায় আছে, তবে এক এনটা কেণ্ডে ধার, অর্গানাইজার ेगाएक राप्तत भारम भारेता प्लख्या दस ५४ हे.का. खाटा २४ होका व्यवर जागांगा थतह नावम २४ টাকা। অর্থাৎ মাসে ১০০ টাকা করে অর্থানাইজারদের মাইনে দেওয়া হয়। এই লোকগুলি সম্পর্কে আপনার মাণ্যমে মলিমহাশয়ের কাছে কিছু রাখছি যে এদের সম্পর্কে খোঁং নেওয়া হোক যে এরা কোন সমাজের লোক। আমি জোর করে বলতে পারি কোলকাতা বা তার আসে-পাশে যেসমস্ত গ**্ন**ন্ডা লোক আছে তাদের পোষণ করা হয়। বহ**্ন** কেন্দ্র আছে তার কোন ফাংশান নেই. কিন্তু প্রতি অর্গানাইজার এখনও পর্যান্ত ১০০ টাকা করে মাইনে পেয়ে যাছে। ভারত সেবক সমাজের যিনি প্রভিনসিয়াল অগানাইজার তাঁব মাইনে মাসে ২০০ টাকা এবং ট্রারজম্ এলাউন্স ১০০ টাকা---সব মিলিয়ে ৩০০ টাকা। তিনি এমন একজন লোক যার অতীত ইতিহাস জঘন্যতম। এই ভদ্রলোক সম্পর্কে একটা কথা বলা যায় এর কোন কোয়ালিফিকেশন নেই। কাজেই আমি জোর করে বলতে পারি যে যদি আমরা এই কথার মিথ্যা প্রমাণ করবার সংসাহস <sup>কংগ্রেস</sup> পক্ষের থাকে ভাহ*লে* পার্লামেন্টে যেমন একটা ভদন্ত কর্মিটি করার কথা সেখানে ঘোষণা করা হয়েছে সেইরকম একটা ক্রমিটি করা হোক এবং সেই তদন্ত ক্রমিটির রিপোর্ট এই হাউসে পেশ করা হোক।

[1-40—1-50 p.m.]

আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ আপনার সামনে রাথছি। মিস্টার স্পীকার সাত্ত দেশের এই জর্বনী অবস্থার সময় আমরা দেখতে পাচ্ছি বাজেটের বিভিন্ন খাতে বায় বরান্দ বিশেষ করে শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে বায় কমানো হচ্ছে টাকার অভাবের ফলে—ভাল কথা। কিস্তু

টুরিস্ট খাতে প্রায় ৬ লক্ষ ৯৫ হাজার টাকা খরচ করার বন্দোবস্ত করা হয়েছে। দেশের এই অবস্থায় যেখানে মানুষকে বাঁচানো দরকার সেখানে এই টুরিস্টের বেলায় এই জিনিস এডিয়ে যাওয়া হয়েছে। আমরা দেখাছ ট্রিরস্টের নামে কতকণ্লি জায়গায় যেসমুক্ত ব্যবস্থা করা হচ্ছে সেখানে আমাদের যার৷ মন্ত্রী আছেন তাঁরা বিভিন্ন জায়গায় ঘোরাফেরা করেন তারা <mark>যাতে ট্রারং ি</mark> হাউসে গিয়ে ফুর্তি করতে পারেন তার ব্যবস্থা করা হচ্ছে। এ সম্পর্কে আর একটা উদহেরণ দিচ্ছি যে—এই যে প্রায় ৭ লক্ষ টাকা আজকে দিচ্ছেন এটা অপ্রয়োজনীয়। আমাদের দেশে বিদেশ থেকে যেসব ট্রিফট আনে তাদের স্বাচ্ছন্দাবিধানের বাবস্থা করা উচিত। আমি বলবো বিদেশ थ्यक याता आरमन उत्पन्न यनि नरलन य आजातनत तम भनीय तमम-आजातनत अथातन तमम দেখবার জন্য যারা আন্সেন আসাদের যে সামান্য ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় তাঁরা সন্তব্দ হোউন। একথা যদি আমরা বলি তাহলে আমার মনে হয় বাংলাদেশ সম্পর্কে বিদেশ থেকে যারা টুরিস্ট আসবে তাদের জন্য খ্রুপ খরচ হবে বলে মনে করি না। স্পীকার মহাশয়, বলতে খ্রুব লজ্জা হয় যে কয়েকটি জ্যাগায় আমরা দেখেছি যে মন্ত্রীদের মটন চপের বন্দোবস্ত করার জন্য একটি খরচের ব্যবস্থা করা হয়েছে। মটন চপ তৈরি করার জন্য ভেডার মংস দরকার হয়—এখানে দেখছি সিপ ডেভেলপুনেন্ট কুববার জন্য প্রায় ৫০ হাজার টাকা খরচ করা হ**য়েছে। জানি না এই ভেডার** উন্নতি করে দেশের কি উপকার হবে। আমার মনে হয় বাংলাদেশে যারা মন্ত্রী আছে তাদের মটন চপের জনা এই বাস্থা করা হয়েছে। আমি এই সরকারের বিরুদ্ধে অভিযোগ করি এই জনসাধারণের ভার্য অপচয় করার কি অধিকার তাদের আছে। আমি শেষে একটি অভিযোগ কর্মছ এবং সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলভি যে মন্ত্রীরা বাংলাদেশের নায়ক এবং নেতারা এবং বিশেষ্ট করে রাজাপাল আনেদন করেছেন কুচ্ছা সাধনের জন্য সেখানে দেখছি নদীয়া জেলায় আমাদের মং গোল্টী ফজলার রহমান সাহেব একদিন কৃষ্ণনগরে গিয়েছিলেন সরকারী গাড়ীতে করে মেয়ে জামাইকে সংখ্য নিয়ে। মোয়ে জামাই অনা গাড়ীতে ছিলেন -জামাই হচ্ছেন এই ক্যালকাটা পুলিসের সার্ভে ন্ট তাঁরা একসংখ্য কৃষ্ণনগরে গিয়েছিলেন। এটা বড় কথা নয়। এই সরকারী দুটি গাড়ীতে থাওয়া দেখে সেই গাড়ীটি চ্যালেঞ্জ করে যে গাড়ীতে মেয়ে জামাই ছিলেন সেখানকার ডি এম। তখন গাড়ী থেকে তার মেয়ে – আপনারা জানেন যে স্থেরি তাপের চেয়ে বালির তাপ বেশী। মন্ত্রী হান আছেন তাঁর চেয়ে মেয়ের হামকীর জোর বেশী। সে ডি এম যখন চ্যালেঞ্জ ব'র্যছিল তখন তাকে বললেন আপনাকে দেখে নেবো আপনি কর্তদিন এখানে কাজ করেন। দেশের সাধারণ মান্ত্রেকে যেখানে ত্যাগ করার কথা বলা হচ্ছে সেখানে আমরা দেখতে পাচ্ছি সরকারী গাড়ী নিয়ে সরকারী অর্থ নিয়ে যেভাবে অপচয় করছে এবং লুট করবার চেষ্টা করছে সে সম্পর্কে আমি বার বার অভিযোগ করেছি। সরকার আমাদের অভিযোগ আমরা বামপন্থী বলে কি জানি না—আমাদের এই অভিযোগ এই হাউসে কোন গ্রেড্ক দেওয়া হয় না। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ কর্রাছ এই দুটো অভিযোগ—ভারত সেবক সমাজ সম্পর্কে এবং ফজলুর রহমনের কনা সরকারী গাড়ী ব্যবহার সম্পর্কে যে অভিযোগ আমি, আপনার সামনে রাখলাম এবং সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই অভিযোগ রাখছি এই আশা করে যে এই হাউসের মন্ত্রীমণ্ডলী এ সম্পর্কে একটি তদন্ত কমিটি করবেন এবং সেই তদন্ত কমিটির রিপোর্ট আমাদের সামনে দেবেন।

মাননীয় প্পীকার, সাার, আমরা জানি টাকা ছাড়া কোন কাজ করা সম্ভবপর হয় না। কিন্দু সরকারী টাকার নাম করে টাকা বিভিন্ন খাতে খরচ দেখিয়ে সাধারণের অর্থের যে অত্যধিক অপচয় করা হয় তা আমরা দেখেছি। ভারত সেবক সংঘ সম্পর্কে একটি কথা বলতে চাই ভারত সেবক সামিতির বিভিন্ন কেন্দ্র কলকাতায় গ্লেডাদের ম্বারা পরিচালিত হয়। এদের কাজ হছে সেই সমস্ত কেন্দ্রে জারা অধ্যার বিভিন্ন বাদার বিভিন্ন অসং কাজকর্ম করে। কলকাতার বৃকে আজও তারা অব্যাহত গতিতে চলেছে এদের কাজ-কর্ম। আমরা গত সাধারণ নির্বাচনের সময় দেখেছি এদের কাজ। আর মিল্মহাশয় বলেছেন এই সম্পর্কে বিতর্কের কোন প্রয়েজন নাই। আমি মনে করি গৌরী সেনের টাকা সরাসরি ও সোজা পথে বিভিন্ন মন্দ্রী, তাঁদের দম্ভরের জন্য ভাগ করে নিরছেন। আর যে উম্বৃত্ত অর্থ সেটা চক্ষ্ লম্জায় বাধে বলে ভাগ করেন নি বটে, কিন্তু সেই উম্বৃত্ত টাকা চোরা পথে মন্দ্রীমণ্ডলী এবং কংগ্রেসী নেতাদের নির্বাচনে জয়য়্তু করবার জন্য টাকা বরান্দ্র হয়েছে বলে আমি মনে করি এবং সেজন্য আমি এই বরান্দের বিরোধিতা করছি।

### Shri Sudhir Chandra Das:

মাননীয় প্পীকার মহাশয়, এই দুটো হেডে ৮ কোটি ১৭ লক্ষ্ণ টাকা তিনি চেয়েছেন। আজ্ব আমাদের দেশে জর্বী পরিম্পিতি দেখা দিয়েছে। এই বরাদ্দ এত টাকার মধ্যে আমি এটা দুছেতাবে বিশ্বাস করি ৪ কোটি টাকা যদি অন্যভাবে বায় করতেন তাহলে তার দ্বারা আমাদের মনেক বড় কাজ হতে পারতো। আমি এটা বেশী করে দেখতে পাচ্ছি যে চুরি এবং অপচয় একটা ধাতে বড় করে তুলে দেওয়া হয়েছে। আমি তয় তয় করে খাতগালি পড়েছি। এটা প্রথমতঃ মসসেলেনিয়াস আদেড আদার এক্সপেন্ডিচার—বলা হয়েছে—আভরণ খালে দিখে দেখবেন ঘরবাড়াী বাংলো, টেনামেন্ট তৈরি জমি কেনা ইত্যাদি কাজে অর্থ বায় করা হচ্ছে মাতে করে কন্টাক্টররা বেশী লাভবান হতে পারে। সরকারের বরাবেরই ঘরবাড়াী তৈরি, ইমারতী কাজের দিকে ঝোক বেশি।

তারপর টার্রিজম্ সম্পর্কে সেদিন তুলেছিলাম। টার্রিজম্ কার্টেল করবার কথা। সেন্টাল গভর্নেনেটের নির্দেশ দেওয়া সত্ত্বেও ৪ লক্ষ ৭৫ হাজার টাকা খরচ করবার কথা। বর্তমান বছরে গ্রন্মি ১০ লক্ষ ৯৬ হাজার টাকা খরচ হবে। ক্যান্টিন-কাম-রিটায়ারিং র্ম এটি ভায়মশ্ড রেবার—২৫ হাজার টাকা। এবার নাকি ১ লক্ষ ৭০ হাজার টাকা খরচ করবেন—টার্রিজম্ নামে। বাংলো, রেন্ট হাউস এটি শান্তিনিকেতন ৬৫ হাজার টাকা বরান্দ গতবার নিয়েছিলেন। এবার নচ্ছেন ৩ লক্ষ ৫০ হাজার টাকা-পাঁচ গ্রেরিঙ বেশি। টার্রিন্ট লজ য়াট মালদহ—২৫ হাজার টাকা ছিল, এবার নিছেনে ১ লক্ষ ২৪ হাজার টাকা, চার গ্রেরি উপর। এর জবাব দেবেন টারিজম্ না বাড়ালে টাকা পাবেন কোথায়? আমি বলছি ওটা কারটেল কর্ন, খ্রুব সতর্কতার বংগ চল্বন, খ্রবড়ী তৈরি বন্ধ রেখে আপাতত জর্বী কাজের দিকে নজর রাখতে হবে। ব্রিজমের নামে পাঁচগুণ টাকা বাড়িয়ে দিয়েছেন।

মুখামনতী মহাশয় যক্ষ্মারোগে টাকা কম দিয়েছেন. পণ্ডায়েত খাতে টাকা কম দিয়েছেন। 
চারপর কলাণী শহরের কথা সকল সদস্য জানেন এখন পক্ষাঘতিওপত মানসকনা হয়েছে, ঘরবাড়ী 
বি তৈরি হয়েছে, তব্তু সেখানে শহর গড়া গেল না। এবারও টাকা নিচ্ছেন সেখানে পাঁচশো 
বিডরি হবে।

# 1-50-2 p.m.]

মদার স্কীম-এর মধ্যে দেখতে পাচ্ছি কর্মচারীদের জনা দ্ব হাজার বিল্ডিং তৈরি করবেন। এই ু-হাজর ঘরবাড়ীর মধ্যে ১.৭০০ এবং ৩০০টি ফ্লাট তৈরি হচ্ছে সমুস্ত নিম্ন আয়েব কর্মচ রীদের লা। এইভাবে তাদের রিহাউসিং হবে স্থির করেছেন। অপর পক্ষে দেখতে পাচিচ রিহাউসিং মফ বস্তি ডুয়েলার্স-এর জন্য গত বছর যে ৯৯ হাজার টাকা ধরা হয়েছিল, সেখানে এবার তরো, শুনা। একদিকে কেবল ঘরবাভী তৈরির জনা টাকা ধরা হয়েছে। কিন্ত যেখানে ঘরবাড়ী ্রীর করছেন, তা বাবহার হয় না। এক জায়গায় রিপোটে রয়েছে দেখুন, বলা হচ্ছে ঘরধাড়ী-িনি ফ্রি উটিলাইজড করা হয় না। বহু গার্লস দ্বুল করেছেন যেগালি খালি পড়ে আছে। মদিনীপুরে গোপ প্যালেসে, যেখানে আবার বাড়ী তৈরি করেছেন, তা ব্যবহার হয় না। জানিনা मीन रकन जार्मत रम्छ लक्ष ठोका करत मिरह्हन। निन्तासार यान रमथरन रमथारन २ नक १६ াজাব টাকা দিয়েছেন, অথচ সেখানে যে ঘরবাড়ী আছে, সেটাকে ফ্রাল্ল ইউটিলাইজড না করে, মাবার নৃত্ন করে ঘরবাড়ী তৈরি করা হচ্ছে। এইটাই অমার অভিযোগ যে ঘর থাকা সত্তেও মাপনারা এমন কান্ড করছেন। এ সম্বন্ধে বহু অভিযোগ আমার কাছে এসেছে, দেখুন। হেরমপুর শহরে ৪৮টি ঘর তৈরি হয়ে পড়ে রলেছে। আট মাস পূর্ব ঐ ঘরগ্রিল তৈরি হওয়া াত্ত্বে, এখনও পর্যত্ত কোন সরকারী কর্মচারীকে ভাড়া দেওয়া হর্মান। জায়গার অভবে পথে, াথে সরকারী কর্মচারীরা ঘুরে বেড়াচ্ছেন অথচ তাদের সেই ঘরগ্রিল ভাড়া দেওয়। হর্মন। মামরা খবর পেয়েছি যে সেই ঘরগালি মারগির খোঁরাড়ের মতন তৈরি করা হয়েছে, তথাপি স্থানে মানুষ থাকবার জন্য উদ্গ্রীব হয়ে আছে. কিন্তু, সেথানকার কর্তৃপক্ষ তাদের বাড়ী দচ্ছেন না। ঘর তৈরি করে দিলেও, তা তারা বাবহার করতে পারছেন না, এই তাদের অভিযোগ চ্ছে। স্তরাং এখানে আমার বন্তব্য হচ্ছে এই টাকা সম্পূর্ণভাবে, একেবারে আম্ল বরাদ্দকে র্ঘদি পরিবর্তন করতে পারেন তাহলে অল্ডত চার কোটি টাকা বে'চে যেতে পারে। কলিকাতা

বঙ্গিত উন্নয়নের নামে যে টাকা নিচ্ছেন এবং স্লাম ক্রিয়ারেন্স বা বঙ্গিত অপসারণ করবেন বলে দুটো হেড রেখেছেন—সেখানে ২৩ লক্ষ টাকা একটাতে, আর ৬ লক্ষ টাকা আর একটাতে, প্রায় ৩০ লক্ষ টাকা রাখা হয়েছে। অথচ স্লাম ক্লিয়ারেন্স হলে বস্তিবাসীদের বসাবেন কোথায়? আপনারা টেনামেন্ট তৈরি করে, তার ভাড়া ২৫ টাকা করে দিলেন, অত ভাড়া দিয়ে সেখানে ব<sup>ি</sup>শতবাসীরা যেতে পারেনি, সব অন্য লোকরা সেখানে বসবাস করছেন। সেখানে যদি যান দেখবেন যত টেনামেন্ট করেছেন সেখানে বিহ্নতবাসী যেতে পারেনি. অন্য লোকরা সেগ্নাল অধিকার করে বসে আছে। সেই টেনামেন্টের একখানা ঘর পাবার জনা পাঁচশো, সাতশো টাকা ঘুষ দিয়ে অন্য লোকর। তাকে অধিকার করে রেখেছে। কলিকাতার বঙ্গিত উন্নয়ন একটা প্রহসনে পরিণত হয়েছে। কলকাতার স্লাম ক্লিয়ারেন্স ঠিকভাবে করতে গেলে বহু কোটি টাকার দরকার। আপনারা কলকাতায় বহিত তুলতে গেলেন, কিন্তু দেখা গেল সেখানে বহিত উঠে যাওয়ার পর, সেখানে আবার ন্তন বৃহিত সৃষ্টি হয়েছে। স্তরং বৃহত অপসারণ হল না, নৃতন বৃহিত সেখানে সৃদ্ধি হয়েছে। সেই জন্য আমি বলতে চাই এ সম্পর্কে আমূল পরিবর্তনের কথা চিন্তা করা একান্ত প্রয়োজন। বহিত অপসারণ ও উন্নয়নের জন্য অনেক কোটি টাকার প্রয়োজন, তা যখন সাপনারা খরচ করতে পারছেন না. তখন বস্তিবাসীদের রক্ষাকল্পে. তাদের জন্য অন্তত পানীয় জল, পায়খানা, এবং ড্রেনেজ, এই তিনটা ব্যবস্থা যদি ভাল করে দিতে পারেন, তাহলে বিশ্তি উন্নয়ন কথাটা ঠিক হবে। স্লাম ক্রিয়ারেন্স করবেন, তাদের দাঁড়াবার জায়গা কোথায় ? তারা তো ন্তন বৃহিত ক্লিয়েট করছে। তারা তো ২৫ টাকা ভাড়া দিয়ে টেন:মেন্টে যেতে পারছে না। এই ২৫ টাকা ভাড়া দিয়ে কোন বৃহিত্বাসীই সেখানে যেতে পারে না. এটা তথ্য নিয়ে জান্ন। স্তরাং আমাদের দাবী যে প্নর্বাসন খাতে যে টাকা বৃদ্তি অপসারণের নামে নিয়ে । রাখছেন, সেই টাকা সর্মার্চান্ততভাবে খরচ করা দরকার, তা না হলে সমুস্ত টাকা অপচয় হয়ে যাবে।

তাবপর সল্ট লেক। এই ন্যাপারে আমরা বরাবরই আপত্তি করে আসছি। আমরা বলেছি কলকাতায় বহু জমি পড়ে রয়েছে, তা গ্রহণ করতে পারেননি, আপনারা এ সম্বন্ধে একটা সিলিং করতে পারেননি। বহ<sup>ু</sup> জ<sup>ি</sup>ম, বাগানবাড়ী পড়ে রয়েছে, তা নিয়ে কিছু করতে পারেননি। সেগনিল ছেড়ে দেওয়া হয়েছে। তাঁদের হাতে ক্ষমতা থাকা সত্ত্বেও তা কেড়ে নেবার জন্য কোন বাবস্থা করেননি। বহু জমি শিকারী, তারা জমিকে আটকে রেখে দিয়েছে, তা কেড়ে নেবার চেষ্টা নেই, তাঁরা যাছেন সন্ট লেক ভরাট করতে। সেখানে কয়েক কোটি টাকা খরচ করা হবে। এই জরুরী অব**স্থা**য় এ বছর সেখানে এই টাকাটা না খরচা করলেও চলতে পারত। অনেক কোটি টাকা তো এখানেই বাঁচতে পারে। ভাই আমি এর ভীর প্রতিবাদ করছি। মহাভারত অশ্বন্ধ হসে যাবে না. এই ভর্নট এক বছর বন্ধ রাখলে। আপনারা সার্কুলার ক্যানাল করছেন। এই সাকুলার কানাল এর জনা গত বছর ১০ লক্ষ টাকা রেখেছিলেন। এবারে রেখেছেন ৩৭ লক্ষ টাকা। এটাকে কি স্থগিত বেখে এই টাকা গাঁচান যায় নাও নিশ্চয় বাঁচান যায়। সমূতরাং অন্সার বন্ধবা যে এর আমাল পরিবর্তান করান। তাহলে এই ৪ কোটি টাকা বাঁচবে। 🏄 অর্থসন্ত্রী মহাশয় এবং মুখামন্ত্রী মহাশয় বলেছেন যে দেশের লোকের অর্থ বেড়েছে, পকেটে পরসা বেডেছে এবং এইজনা যদি কেবল টাক্স ধার্য করার চেণ্টা করেন তাহলে আমি তার তীর প্রতিবাদ করছি। আমরা দেখিয়েছি প্রতিটি খাতে চুল চেরা বিচার করে যে এইগ**ুলি যদি বন্ধ** করে দিতে পারেন তাহলে এ থেকেই সেই টাকা পাওয়া যাবে। আমার কাছে একটা জেলার রিপোর্ট এসেছে বহরমপুরের গোরাবাজারে একটা ইন্সটিটিউশনে সায়েন্স অ্যান্ড হিউম্যা**নেটিজ**-এর জনা এনটা রক তৈরি করা হয়েছিল। সেই ঘর দেখে ডি আই এবং ডি এম বললেন বে প্রচুর নাকা চুরি হয়েছে। রিপোর্ট করলেন এনফোর্সমেন্টের কাছে। এনফোর্সমেন্ট তদন্ত করে রিপেটে দিলেন যে সেক্রেটাবীকে চার্জনিট দেওয়া হোক। তারপর শ্বনলে অব্যক **হবেন** ডি পি আই অফিস থেকে সেই ফাইল তলব করে নিয়ে যাওয়া হয়েছে এবং তারপর সেটা চেপে দেওয়া হয়েছে, তার কোন স্টেপ নেওয়া হয়নি। তার কারণ মণি দূবে, জেলা কংগ্রেসের একজন বড় পাল্ডা, তিনি হচ্ছেন সেই স্কলের সেক্রেটারী। সতেরাং ঘর করার মানে হচ্ছে কন্ট্রাক্টর এবং কন্ট্রাক্টরদের সঙ্গে কংগ্রেস দলের পান্ডা পান্ডা লোকেরা অনেক জায়গায় জড়িয়ে আছেন। ষে তথা নেপালবাব, পেশ করেছেন তিনি তো চ্যালেঞ্জ করলেন, আমিও এই তথা দিয়ে চ্যালেঞ্জ কর্রাছ তিনি বলনে কেন চেপে রেখেছেন। সেই কারণে আমি অনুরোধ কর্রাছ এইসব ঘরবাড়ী

ছবার বাপোরে বিবেচনা কর্ন টাকা পাবেন। তা থেকে এই ৪ কোটি টাকা বাঁচবে জনসাধারণের ধবেট কেটে ট্যাক্স বসাবার যে ফন্দি করছেন তা আর করতে হবে না। এই বাজেটকৈ আপনারা যিদ রিসাফল করে আবার বরান্দ করেন তাহলে ব্বববো যে আমাদের নাায়সংগত যুক্তি চিন্তা চুরে আপনারা কাজ করছেন।

ৈ তারপর ভলান্টিয়ার কোরের কথা আমার বন্ধুরা তুলেছেন। ভলান্টিয়ার কোর আমিও চোথে দেখিনি। এর জন্য টাকা আমরা কিছুতেই মঞ্জুর করতে পারি না যতক্ষণ পর্যন্ত সেটা সর্বদলীয় চিন্তাগারা নিয়ে না করা হয়। সেটা একেবারেই কংগ্রেস সেনাদল। আমরা দেখছি দল গঠনের জন্য, দল রক্ষার জন্য ভারত সেবক সমাজের নামে এই টাকা দেওয়া হচ্ছে, আমি এর তীর প্রতিবাদ করছি। আমি আশা করি মিল্মিহাশয় আমরা যে গঠনমূলক চিন্তাধারাগানিল দিলাম তা বিচার করে এই টাকা বাঁচাবার চেন্টা করবেন এবং এই বাজেটের আম্ল পরিবর্তন করে আবার ন্তন করে বায় বরাদ্দ করবেন।

[2-2-10 p.m.]

# Shri Sunil Das Cupta:

মাননার স্পাকার নহোদর, আমি সর্বপ্রথমে আপনার মাধ্যমে মুখামন্ত্রী মহোদ্যের কাছে একটা বিষয়ে অনুরোধ জানার সেটা হল এই যে কিছুক্ষণ আগে নেপালবার দুর্গাপরে সম্পর্কে যে অভিযোগ আমাদের সামনে রেখে গেলেন তিনি যেন সে বিষয়ে ভালভাবে তদন্ত করেন এবং সেই তদন্তের ফলাফল আমাদের সামনে রাখেন। আরও একটা কথা আমি বলতে চাই। 🖫প্রস্বাব্ এখানে বলে গেলেন যে হিন্দু স্থান সিপইয়ার্ড কোক চেয়েছিল কিন্তু কেনে কারণ-ক্ষাং সেই কোক তাদের দেওয়া হয়নি। এটা কি ঘ্যুষের ব্যাপার নয়? এ বিষয়ে মুখামল্টী আম দের সামনে যেন তাঁর বক্তব্য রাখেন। বাজেট আমাদের সামনে পেশ করবার সময় অর্থমন্ত্রী ম ম.দের বলেছিলেন যে দেশরক্ষা থাতে আমাদের অনেক কিছ্ব বায় করতে হবে স্বতরাং আমরা অনেকগুলি জনকল্যাণমালক খাতে টাকা কমিয়ে ধরতে বাধ্য হয়েছি এবং জনসাধারণের উপর আমরা আরও টাক্স বৃদ্ধির প্রস্তাব করছি। কিন্তু ভেবে দেখে আশ্চর্য হাচ্ছ যে গ্রাণ্ট নাম্বার ৪১-এর মধ্যে ডে:নেসন ট্রু রাইফেল ক্লাব বলে একটা আইটেম আছে সেখানে দেখি ১৯৬২-৬৩ মালে রাইফেল ক্লাবগঢ়লি মাত পাঁচ াজার টাকা গ্রাণেট দেওয়া **হয়েছিল -সে বছর কোন য**ু**ন্ধ** পরি<sup>--</sup>পতি ছিল না। ১৯৬৩-৬৪ সালে যথন যুদ্ধের পরিস্থিতি চল**ছে দেশে যখন জ**রুরী অবন্থা চলছে –আমাদের সরকার বার বার ঘোষণা করছেন জরুরী অবস্থার কথা তখন উত্তর-বজের বিভিন্ন জেলাগ**্লিতে প্রাণ্তবয়**ধ্ক য**ু**বকদের যথন রাইফেল ট্রেনিং দিতে হবে তথন মা**ত্র** পাঁচ হাজের টাকা রাইফেল ক্লব-এর জনা বরান্দ করা হয়েছে। আমি মুখা<mark>মন্তীকে অনুরোধ</mark> করব যে জরতী অবস্থাৰ কথা বিলেচনা করে মেন এই গ্রাণ্ট তিনি বাড়াবার চেণ্টা করেন। ক্রোচনিহার রাইফেল ক্লাবগঢ়লির অস্থ্য কি? যেগ**়াল সেখানে আছে তাতে জন ৩০ মেম্বার** আলেন। মত্যান্ত দ্বঃখের বিষয় সেই রাইফেল ক্লাবগর্নিতে একটি রাইফেলও নেই। পর্যুলসের <sup>কাছ</sup> প্রস্কে শেইফেল ধার করে নিয়ে এসে তাই নাড়াচাড়া করছেন—টাকার **অভাবে কার্তুজ কিনতে** না প্ৰত্যু জন্য গুলি চালাতে তাক শিখতে পাৰুছন না। অনুদিকে দেখছি প্ৰতিৰক্ষাম্<mark>লক</mark> <sup>কাজের</sup> ান্য বিভিন্ন প্রচেণ্টা রয়েছে তার মধ্যে এই উদাসীনতা আমাদের আশ্চর্য **লাগে। আর** একটা কথা আপনার সামনে রাখ্য। আগের বছরের বাজেটের সময় মুখ্যমন্তী ঘোষণা করে-ছিলেন যে রুদ্ধদের পেনসন দেওয়া হবে। এই ঘোষণার সংখ্য সংখ্য দেশের মধ্যে যারা বৃদ্ধ--<sup>বাদের</sup> রেজিগার নেই তারা কিছুটা আশু দিবত হর্মোছলেন। বৃদ্ধদের পেনসন স্কীমএ ১ **লক্ষ** সক: আগের বছর বরাদ্দ করা হয়েছিল—এ বছর বাজেটে একটি পয়সাও বরাদ্দ করা হয়নি। এদের অবস্থার কথা চিন্তা করে একটা ব্যবস্থা করতে অন্যুরাধ করি। এইড ট্র মিউনিসি-প্যালিটিস ফর দি ইমপ্রভুমেন্ট অফ মিউনিসিপাল ড্রেনেজ আন্ড সিউরেজ সম্বন্ধে অনেক কথা শ্লি। কিন্তু এখানে আমরা কি দেখি। সরকারের কাছে বার বার বিভিন্ন মিউনিসি-भागिति मन्भरक जार्यपन यथन क्रानिरह्मिक्ताम स्य वृष्णित समग्र स्थारन क्रम **पर**म. क्रमन्यास्थात পক্ষে ক্ষতিকর অবস্থার সূচ্টি হয় সেখানে নানারকম ড্রেন-এর ব্যবস্থা করা হোক--নর্দমা কেটে জল বের করার বাবস্থা করা হোক—আমাদের বলা হরেছিল যে স্ল্যানিং-এর মধ্যে ড্রেন করার ছন কিছ, টাকা বরান্দ করা হবে, কিন্তু আমরা কি দেখতে পাচ্ছ? সিউরেজ করার জন্য গত

বছর ৩৮ লক্ষ টাকা বাজেটে ধরেছিলেন এবং রিভাইজড বাজেটএ ২০ লক্ষ টাকা ধরা হয়েছিল। আমরা জানি কলকাতা ছাড়া অন্যান্য জায়গায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তাদের পক্ষে সিউরেজ করা অতান্ত কঠিন, কারণ এত টাকা খরচ করে তার ফলাফল যা পাবেন তাতে এত টাকা খরচের দায়িত্ব নেওয়া কোন মিউনিসিপ্যালিটির পক্ষে সম্ভব নয়। সেজন্যে মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাব কলকাতা ছাড়া অন্যান্য মিউনিসিপ্যালিটির সিউরেজ করার বদলে ভ্রেন করার জনা টাকা দিন। আর একটি কথা বলব। সারা বাংলাদেশে যথন সাধারণ নির্বাচনে প্রত্যেকটি প্রাণ্তবয়স্ক লোককে যখন ভোটাধিকার দেওয়া হয়েছে এবং বিধানসভায় কিছু, দিন আগে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিতে প্রাপ্ত বয়স্কদের ভোটদানে পুনর্নির্বাচনের ব্যবস্থা করেছেন তখন কোচবিহার জেলাতে যে পাঁচটি কমিটি আছে সেখানে এখনও অগণতান্ত্রিক প্রথা বিদামান থাকা সঞ্চাত নয়। আজ গ্রামাণ্ডলের মান্য যদি ভোটের অধিকার পায় শহরাণ্ডলের মান্য এরা क्कि निर्याहरू अधिकात भारत ना एके एक्टर आफर्य लागरह। स्मानिकार मूथामनीत कारह অনুব্রোধ জানাচ্ছি কোচবিহারের টাউন কমিটি আক্টি পালটে তিনি যেন সেখানে নির্বাচনের ব্যবস্থা করেন। আ*ভবে* এই উটন কমিটিগুলি তাদের দিয়ে সরকার পরিচালিত করেন সেখানে আমরা দেখি কি? সমাজবিরোধী লোক, দুক্তেতকারী লোক, সরকার তাদেরই মনোনীত করেন এবং তাদের দিয়ে টাউন কামিটি চালান। কোচবিহার মিউনিসিপাালিটের টাউন কমিটিতে শ্রীভবানী প্রসাদকে সরকার থেকে নমিনেট করা হয় এই ব্যক্তি এমনই দুনীতি প্রায়ণ যে জনসাধারণের লক্ষাধিক টাকা নেরে দিয়ে তিনি হলদিবাড়ী থেকে পালিয়ে এসে বহাল তবিয়তে আছেন, তাকে পশ্চিমবংগ সরকার ধরবার কোন বাবস্থা করেননি এবং জনসাধারণের অভিযোগেরও প্রতিকার করা হয়নি।

### Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে বরান্দ উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি আমার বিশেষ বন্ধবা বলার আগে শুধুমাত যে দুন্টিভংগী নিয়ে এই বরাদের দাবি উত্থাপন করা হয়েছে সে সম্পর্কে একটা কথা বলব। তাতারা দেখতে পাচ্ছি যে, শ্রমিক কলমণ, টি বি হাস-পাতাল, হেল্প সেন্টার ইত্যাদি বরাদ্ধ্যালিতে কম খরচ কর্ব একটা প্রবণতা দেখা যাচ্ছে, অথচ টারিজম খাতে গত বছরের তলনায় ৩ গুলে বেশি এ বছর বরান্দ ধরা হয়েছে। একটা পরি-সংখ্যান আমি দিচ্ছি তাতে আমার বক্তবা পরিষ্কার হবে। টারিজমুএ ১৯৬২-৬৩ সালের যে রিভাইজড বাজেট তাতে ২ লক্ষ ২৭ হাজার টাকা বরান্দ রাখা হয়েছিল। ১৯৬৩-৬৪ সালে এতে ৬ লক্ষ ৯৫ হাজার টাক। আমরা লক্ষ্য কর্বছ অংচ পাশাপাশি আমরা দেখতে পাচ্চি লেবার ওয়েলফেয়ার শ্রমিক কল্যাণের জন্য, যে শ্রমিকদের উৎপাদনের উপর প্রধানত পশ্চিমবঙ্গের অর্থানীতি নির্ভার করছে বলে আমাদের মুখাসন্ত্রী বলেন এবং আমরাও বলি. তাতে আমরা দেখতে পাচ্চি ১১৬২-৬৩ সালে ১২ লক্ষ ২৫ হাজার টাকা রাখা হয়েছিল, ১৯৬৩-৬৪ সালে সেটা ৭ লক্ষ ২৫ হাজার টাকায় এনে দাঁড কর:ন হয়েছে। কন্টোল অফ ডিজিজ খাতে ১৯৬২-৬৩ সালে বাজেট এস্টিমেটএ ৫ লক্ষ ১৩ হাজার টাকা, রিভাইজড এস্টিমেটএ ৮ লক্ষ ৪০ হাজার টাকা ছিল, ১৯৬৩-৬৪ সালে সেটার জনা ৫০ হাজার টাকা মাত্র ধরা হয়েছে। ১৯৬২-৬৩ সালে রুরাল হেলগ সেন্টার্ত্রের জনা ১ লক্ষ টাকা ছিল রিভাইজড এস্টিমেটএ ১০ হাজার টাকা মাত্র ১৯৬৩-৬৪ সালে মাত্র ১০ হাজার টাকায় এনে দাঁড করান হয়েছে। মুখামন্ত্রী তাঁর প্রার*ি*ভক ভাষণে বলেছেন এই বাজেট বরান্দ যা তিনি উপস্থাপিত করেছেন তার মধ্যে নাই এমন কিছ.ই নাই, জুতা সেলাই থেকে চন্ডীপাঠ সবই আছে। আজকে এখানে দুর্গাপুর ইন্ডাস্ট্রিস সম্পর্কে খানিকক্ষণ আগে কংগ্রেসী সদস্য নেপালবাব, একটা তথামূলক বন্ধৃতা করেছেন। দুর্গাপুরের শ্রমিক ও কর্মচারী যাদের উপর প্রধানত সেই শিন্তেপর উন্নতি নির্ভার করছে এবং যে দ**্বর্গাপ্রের** উপর পশ্চিমবংগর অর্থানীতি বহলে পরিমাণে নির্ভার করছে, তাদের প্রতি চরম অবহেলা দেখান হচ্ছে। তারপর সি এম পি ও সম্পর্কে ভূরি ভূরি গবেষণা করা হচ্ছে, কিন্তু তংসত্তেও আমরা দেখতে পাচ্ছি যে, কলকাতা শহরের সমস্যা সমাধানের জন্য আজ পর্যন্ত বাস্তবে তাঁরা কিছুই করতে পারেননি। সি এম পি ও সম্পর্কে বলতে গেলে প্রথমেই বলতে হয়. ১৯৬২-৬৩ সালে ২২ লক্ষ ৮৮ হাজার টাকা, ১৯৬৩-৬৪ সালে ২৫ লক্ষ ৩০ হাজার টাকা ধরা হয়েছে। সি এম পি ও সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই আমার একটা অভিজ্ঞতার কথা মনে হয়—মাননীয় স্পীকার মহাশয়, আমি কয়েক বছর আগে ছাত্র সম্মেলনে যোগদানের জন্য লক্ষ্মো শহরে গিয়ে-ছিলাম, সেই সম্মেলনে কাজ করে ফেরার পথে লক্ষ্মো শহরের একটা রাস্তার উপর আমি একটি অর্ধ উলগ্য ছেলেকে দেখলাম।

[2-10-2-20 p.m.]

সে একটা মরা গাছের ভাল এনে তাকে রাস্তার পাথর সরিয়ে কোনমতে সেই গাছের ভাল প্রতে আটকে রেখে অনবরত জল ঢ়ালছে। আমি তাকে জিজ্ঞাসা করলাম এটা তুমি কি করছ, এটা করে কি হবে? সে বলল কেন গাছ হবে, জল ঢালছি গাছ হবে। আমি বললাম গাছ হলে তাতে কি হবে? সে বলল গাছ হলে ফ্লুল হবে। আমি বললাম ফ্লুল হলে কি হবে? সে বলল স্কুলর হবে। সেই যে স্কুলরের উপাসক সেই বালক তার সৌন্দর্যের প্রতি একই আগ্রহ বা আন্তরিকতা একট্ও অভাব ছিল না। কিন্তু সে হয়ত জানত না যে পন্ধতিতে সে সৌন্দর্যের প্রতি আশা আকাঙ্কা করছে তাতে কোনদিনই তার জীবনে স্কুলরের উপাসনা করা যাবে না। আমাদের সি এম পি ও-এর অবস্থা ঠিক সেইরকম হয়েছে। মরা গাছ প্রতে অনবরত জল ঢালছিল, কিন্তু সেই জল ঢালার জনা সেই বালকের কোন থরচ হয় নি। কিন্তু সি এম পি ও-এর কাজের জন্য তারা যে জল ঢালছে সেই জল ঢালার মধ্যে দিয়ে আমাদের পন্চিমবঙ্গ সরকারের একটা বিরাট অংশ জলের মত বেরিয়ে যাছেছ। সি এম পি ও সম্পর্কে একজন বিশেষজ্ঞ তিনি মাস্টার গ্লান সম্বন্ধে বলতে কি বোঝেন এবং তিনি কি ডেফিনিসন দিয়েছেন মাস্টার গ্লান সম্পর্কে সেটা আমি আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। তিনি বলেছেন

Master Plan is a picture in an outline form of the tuture community as this might be developed from the present one by seeing to it that every improvement undertaken makes its full contribution towards the improvement of the city.

এখানে প্রশ্ন হল যে সামগ্রিকভাবে কোলকাতা শহরের যদি উন্নতিসাধন করতে হয় এবং যার প্রধান উদ্দেশ্য হিসাবে আমরা বারবার শনেছি যে তার কারণ এই সি এম পি ও-কে নিয়ে খবরের কাগজে একটা বিরাট প্রচার চলছে। এটাকে আমার আগের মাননীয় সদস্য তর্নবাব, বলেছেন যে এটা একটা পেনাসিয়া হবে। অর্থাং যে কোন সমসার কথা যথন বলা হয় তথন বলা হয় যে সি এম পি ও হচ্ছে সব ঠিক হয়ে যাচেছ। অথচ সি এম পি ও আভ পর্যকত যোনিং—যেটা প্লানিং-এর মূল কথা যে আমরা আগে একটা যোনিং করে নেব তা পর্যকত হয়<sup>নি</sup>। অর্থাৎ কোন যোন-এ কে'ন সেকসন অফ সোসাইটি কে'ন সেকসন অফ পিপল সামবা রাখব সেসব আজ পর্যান্ত করেনান, আডিমিনিস্টেটিভ জোন, রোসডেন্সিয়াল জোন, কমাসিয়াল জোন কোনটা হবে সেস্ব তাঁরা আজ পর্যান্ত করেননি। 💿 না করাব ফল কি হয়েছে? ভালহৌসী স্কোয়ার আমরা জানি কোলকাতা শহরের প্রধান সমস্যার মধ্যে একটা প্রধান সমস্যা। অর্থাৎ ডালহোসী স্কোয়ারের উপর যে চাপ সেই চাপ দূরে করা হল প্রধান সমস্যা। এই অ্যান্ডমিনিস্টেটিভ এ<sup>র</sup>রয়ার চাপ কমিয়ে দিয়ে কাজের সূর্বিধার জন্য বাবস্থা করা উচিত। কিন্তু সে সম্পর্কে কোন চিম্তা আজ পর্যন্ত হয়নি—যেহেত এইরকম ধরনের কোন জোনাল ডিভিশন করা হল না সেহেত এই সমস্যা থাকবে। এর ফলে আমরা দেখছি ঐ যে একটা রেলওয়ে বিল্ডিংস হচ্ছে –একটা ১৪ তলা বাড়ীর কাজ কিছুদিন হল শুরু হয়েছে—তাতে আরও ৫ হাজার লোকের চাপ ডালহৌসী **স্কোয়ারে বাড়বে। পরবত**ী কালে এই স্ন্যানিং করে এই আডেমিনস্টেটিভ এরিয়াতে আরও ন্তন প্রনির্বন্যাস করা প্রয়োজন হয় তাহলে সেই ১৪ তলাকে ভেগেে ফেলে ন্তন কোনরক্ষ রিএড্জাস্ট্রেন্ট করা সম্ভব্পর কিনা সেটা আপনার মাধামে এই সভার সদস্যদের চিন্তা করতে অন্রোধ করছি। সি এম পি ও সম্পর্কে আর একটা কথা হল এর মধ্যে কন্সলটেন্ট হিসাবে ষারা আছেন তাঁদের কোন ক্যালিবার আছে বলে আমি মনে করি না। আজ পর্যকত তাঁরা শুধু গবেষণা করা ছাড়া শুধুমাত্র রিসার্চ ওয়ার্ক-এর একটা ট্রেন্ড নিয়ে আসা ছাড়া কিছুই করতে পারেননি এই সি এম পি ওতে। সি এম পি ও-র যিনি প্রধান কর্মকর্তা লেং জেং ডি এন চক্রবতী সম্বন্ধে আমি শনেছি এরা অতান্ত দায়িছ নিয়ে একটা বলতে পারি যে ঐ একটিমাট ব্যক্তির উপর সি এম পি ও-র অর্গানাইজেশন-এর সমস্ত লোক নিয়োগের ভার তাঁর হাতে দেওয়া আছে। তিনি যাকে খুশী তাকে সেই সংস্থায় নিয়োজিত করতে পারেন এবং বেতনের কাঠামো

তিনি নিজে ঠিক করেন। এসব ব্যাপারে সিলেকশন বোর্ড-এর কাছে কোনরকম কিছু উপ্স্থিত করা প্রয়োজনবোধ করেন না। তিনি সেই কর্তৃত্ব এমনভাবে পালন করছেন যার ফলে সমস্ত সি এম পি ও সংস্থা এমন একটা অবস্থায় এসেছে যে সেখানে যেসমস্ত ইঞ্জিনীয়ার আছেন সেই সমস্ত ইঞ্জিনীয়ারদের কয়েকজনের সঙ্গে কথা বলেছি তাঁরা বলেছেন যে আমরা ফাস্ট্রেটেড হয়ে গেছি, আমরা এটা ছেড়ে দিতে চাই, কারণ যে ধরনের কাজ এখানে চলছে তাতে সি এম পি ও ন্বারা বাস্তবে কোলকাতা শহরের সমস্যার সমাধান করা যাবে না। আমি আপনার মাধামে বলতে চাই যে আজ পর্যন্ত সেখানে সোসিওলিস্ট কিছু নিয়োগ করা হয়েছে এবং তাঁদের উচ্চতর বেতন দেওয়া হচ্ছে। সেখানে ইকোনমিস্ট সোসিওলজিস্ট নেওয়া হয়েছে, সার্ভে এনালিস্ট রিকুট করা হয়েছে. ডিমোগ্রাফার বহাসংখ্যক রিকটে করা হয়েছে. আর্রিকটেকচার রিকটে করা হয়েছে. এনথ্রেপোলজ্পিট রিক্রট করা হয়েছে। সেখানে আর্কিটেক্টকৈ রিক্রট করা হয়েছে অনেক ক্য়েকজনকে এবং এানথপলজিষ্ট নেন কিছু সংখ্যক বেশি নিয়োগ করা হয়েছে এবং এই প্রতোকটি আমি যে কাটাগরীতে থাদের নিয়োগ করা হয়েছে তাদের প্রচুর টাকা বেতন দেওয়া হচ্ছে। অথচ যাদের সি এম পি ও সংস্থার মধ্যে আপাতত কিছু করার আছে বলে এই সংস্থায় ষারা কাজ করেন তারা অনেকে মনে করেন না। কারণ আমরাও বুরি যে আর্কিটেক্ট হিসাবে ডেকরেট করা -তাকে এলিমিনেট করা এবং তার জন্য আর্কিটেক্ট প্রয়োজন হতে পারে। কিন্তু এনথোপলজির কি প্রয়োজন আছে তা আমরা জানি না। আমরা শুনেছি সেখানে বিভিন্ন জারগা থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যারা জিওগ্রাফার আছেন বিভিন্ন জায়গায় তাদের একটা প্যানেল করা হয়েছে এবং একথাও শ্রেনিছি যে তাদের ইপর অনারেরিয়াম এবং তাদের নিয়ে এসে কোন একটা রিসার্চ ওয়ার্ক ছাড়া সেখানে বাস্তবে আর কোন কাজই করা হয় নি। সেখানে কাজ করলে পর এই প্র্যানিং অরগানাইতেসন্ত কলকাতা শহরের উন্নতি করার কাক্তে লাগানো যেতো সেখানে এই সি এম পি ও-তে কাজ হয়নি এবং না হওয়ার কারণ আছে। যিনি এই সি এম পি ও-র প্রধান কর্তা তার সম্পর্কে আমি বলছি—তিনি হচ্ছেন এক্স-ডিরেক্টর এবং এই সং**স্থা**র চীফ ইজিনীয়ার মিঃ পি সি বোস। মাননীয় অধ্যক্ষ মহাশ্যু, আমি আপনার মাধা**মে** মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি যে এই পি সি বোস ভদ্রলোক তাঁর কি কোন টাউন **॰লানিং কো**য়ালিফিকেসন আছে? তিনি আদারওয়াইজ হয়তো নিশ্চয়ই এফিসিয়েন্ট হতে পারেন কিন্তু যে সংস্থার মূল কাজ হচ্ছে শহর গড়া, এবং যার নাম হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন **ম্পা**নিং অর্গানাইজেসন তার তিনি চীফ হন কি করে? বিনি এই সংস্থার একজিকিউটিভ ডিরেক্টর হবেন, চীফ ইঞ্জিনীয়ার হবেন তাঁক নিশ্চয়ই টাউন স্ব্যানিং কোয়ালিফিকেসন থাকা চাই। কিল্ত আমি জানি যে সেই পি সি বোস ভদ্রলোক মহাশয় হয়ত নানা কারণে, নানাভাবে হয়ত প্রয়োজনীয় হতে পারেন কিল্ডু টাউন প্ল্যানিং কোয়ালিফিকেসন নেই এবং তিনি থাকার ফলে কি উপকার হচ্ছে তার নভিরও পাচ্ছি। কিছুদিন আগে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপ**নি** নিশ্চয়ই জানেন - অন্তত আমরা দেখেছি স্টেটসম্যান কাগজে—৫ শত ট'কায় বাডী হবে বলে একটি বিজ্ঞাপন সেই ৫ শত টাকার বাড়ীর অবস্থা কি? সেখনে যে এক একটি পরিবার থাকবার **যে** একটি পরিকল্পনা বেরিয়েছিল এবং এই পরিকল্পনা বের করার পেছনে যে উর্বর মহিতত্তে যে পরিকল্পনা বেরিয়েছিল তার মধ্যে এই পি নি নোদ মহাশয় ছিলেন। এবং আব একজন সেই ফোর্ড ফাউন্ডেসনে ছিলেন - মিঃ হোয়াইটলেসী। এই দ্বন্ধনের যুক্ত উর্বর মন্তিত্ব থেকে এই পরিকল্পনা বেরিয়েছিল এবং সেই পরিকল্পনা কি হোল তা আমরা জানতে চাই—মন্তিমহাশয় এর জবাব দেবেন-সেই ৫ শত টাকার পরিকল্পনা, সেই পরিকল্পনা কি হোল? এবং তার জনা কত টাকা খরচ হয়েছে লেবার খরচ হয়েছে কত. কত কনসালটেসন এবং ইনারজী নষ্ট হয়েছে সোটা নিশ্চয়ই তিনি বলবেন। দ্বিতীয়তঃ কর্মচারী নিয়োগ করার ব্যাপারে আমি মাননীয় মন্দ্রিমহাশয়ের দুটি আকর্ষণ করি। আমরা জানি সেখানে একজন টেকনিক্যাল পারসেন্যাল অফিসার ছিলেন তার কোয়ালিফিকেসন হচ্ছে> সেনিটারী ইঞ্জিনীয়ার—সেখানে সেনিটারী ইঞ্লিনীয়ার কোরালিফিকেসন নিয়ে তাঁকে কি করে স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ার হিসাবে এনপ্রেন্ট করা হোল এবং সেই ভদ্রলোকের নাম হচ্ছে রণেন ব্যানার্জি—মাননীয় মন্দ্রিমহাশয় নিশ্চয়ই এ ব্যাপারে খোঁজ নেবেন—এই রণেন ব্যানাজি মহাশয় যার স্যানিটারী ইঞ্জিনীয়ারিং কোয়ালিফিকেসন আছে তাঁকে কি করে স্মাক্চারাল ইঞ্জিনীয়ার চাকুরীতে নিয়োগ করা হোল এবং এই নিরোগ করার পেছনে অতীতে কি ইতিহাস আছে সেটা তিনি নিশ্চরাই বলবেন। কেন না আমি শ্রুনেছি যে তাঁকে স্মান্টারাল ইঞ্জিনীয়ার হিসাবে এ্যাপয়েল্ট দেবার কথা ছিল। তার পর সেখানে তিনি চলে যান তাকে সরকারী বন্টন দেবার প্রশন উঠে—তিনি ফার্টিলাইজারেতে চলে যান—আবার সেখান থেকে তাকে ডেকে নিয়ে এসে এই স্মান্টারাল ইঞ্জিনীয়ারের পদে নিয়েগে করা হয়েছে এবং এই নিয়োগ করার ফলে আর একজন লোককে সেখানে এ্যাপয়েল্টমেল্ট দেওয়া সত্ত্বেও তার সেই এ্যাপয়েল্টমেল্ট ক্যানসেল করা হয়েছে। এবং ক্যানসেল করার পরে তিনি সেখনে আরু চাকরী করছেন না।

[2-20-2-30 p.m.]

এই ঘটনা আছে। এই সম্পর্কে মুখামন্ত্রী মহাশয় আমাদের বলবেন। এই সি এম পি ও-এর কাজের নমনা আরো একটা আছে। এর আগে একটা সংস্থা ছিল—মেট্রোপলিটান ওয়াটার সাম্পাই আদেও ড্রেনেজ বোর্ডে, সেই মেট্রোপলিটান ওয়াটার সাম্পাই আদেও ড্রেনেজ বোর্ডে, সেই মেট্রোপলিটান ওয়াটার সাম্পাই আদেও ড্রেনেজ বোর্ডে যাঁরা কাজ করেছিলেন, তার অলপ সংখ্যক কর্মাচারী এবং এক্সপার্ট টেক্নিসিয়ান নিয়ে, টেকনিক্যাল পার্সনেল নিয়ে তাঁরা যে কাজ করেছিলেন, এই সি এম পি ও তার চেয়ে চতুগর্লে লোকসংখ্যা নিয়ে এক্সপার্ট নিয়ে অটোগ্রাফার, ফিজিওলজিম্ট, ইকোনমিম্ট, এনপ্রোপোলজিম্ট ইত্যাদি নিয়ে তার ২০ পারসেট কাজ তাঁরা আজ পর্যন্তও করতে পারেন নি। এই হচ্ছে ঘটনা, এই হচ্ছে ইটিহাল এখন।

তারপর এই সোসিওলজিন্ট, ইকোনমিন্ট, জিওগ্রাফার—খাঁদের কথা বললাম, তার অফিদোর ঙ্গন্য লাউডন স্ট্রীটে একটা বাড়ী নেওয়া হয়েছে, তার মাসিক ভাড়া প্রায় ৯ হাজার টাকা। তাঁরা কি করছেন তা আমি জানি না। তাদের এই কাজের মূল্য কি আছে তাও আমি জানি না। তাদের এই কাজের সঙ্গে কলকাতা শহবের সম্প্রসারণ এবং উন্নতি—তার সঙ্গে কি সম্পর্ক আ**ছে** তা জ্বনি না। অথচ ৯ হাজার টাকা মাসিক ভাড়া দিয়ে তাদের জন্য লাউডন **স্ট্রীট** কেন বা**ড়ী** নেওয়া হয়েছে—তা আমরা ব্রুতে পার্রছি না। এই সমস্ত অবস্থা দেখে আমার মনে হচ্চে যে কলকাতার এই মেট্রোপলিটান স্ব্যানিং অগনি।ইডেসন সংস্থাটা এটার মধ্যে এমন একটা ভা**ব** চলছে যে "এলোমেলো করে দেনা, লুটে পুটে খাই"। কেমন করে সম্ভব? এ একটা সংস্থার টাকা পশ্চিমবঙ্গ সরকারের কোয়াগার থেকে মুখ্যমন্ত্রী চাইছেন এবং আমরা তা বাবস্থা করে দেব। আর সেই টাকাগুলো এমনভাবে থরচ হবে, এমন কিছু, লোক কেউ হয়ত রিসার্চ করে ডক্টরেনের জনা, কেউ তার ভবিষাং উন্নতির জনা, এই করে টাকাগুলো তাঁরা থরচ করবেন এবং এইভাবে যদি চলতে থাকে, নিশ্চয়ই আমরা এই কারণে, মুখামনতী বলেছিলেন বিরোধিতা না করেই আনরা যেন টাকাগ্রলো পাস করে দিতে পারি। এই যে কারণগর্বল আনি বললাম এই সম্পর্কে তিনি যদি আমাদের জবাব দিয়ে সন্তন্ট করতে পারেন, নিশ্চয়ই এই সম্পর্কে আমাদের বিতর্ক করবার আর বেশি কিছা থাকরে না। এই চন্ডীপাঠের কথা আমি এখানেই শেষ কর্রাছ। তারা শুধু চম্চীপাঠ করে গেছেন। আমি দুর্গাপুর ইন্ডাম্ট্রিজ সম্পর্কে বলছি। এই দুর্গাপুর ইন্ডাস্ট্রাজ সম্পর্কে বলার আগে স্বভারতঃ নেপালবাদ্ধ যে তথা ও ঘটনা এখানে রেখেছেন, সে**ই** সম্পর্কে নিশ্চয়ই সরকার এনকোয়ারী করবেন বলে আমি মনে করছি এবং তার সঞ্চো আমি \*২ের, সামান্য কয়েকটা কথা এর মধ্যে যোগ করছি। এর আগে বাজেট বক্ততার সময় দর্গোপ**রে** থেকে নির্বাচিত কংগ্রেসী সদস্য আনন্দগোপাল মুখোপাধ্যায় মহাশয় অত্যন্ত জোর গলায় এবং খ্বে বড় করে এই সভায় বলেছিলেন, দুর্গাপুরের একটা উল্জাবল চিত্র তিনি এ'কেছিলেন। দ্বাপিরে দ্বীতি নাই সেখানে উৎপাদন বাড়ছে সেখনে অভ্ত স্করভাবে সমস্ত ঘটছে। এই তিনি বলেছেন। অথচ আজকে নেপালবাব, তাঁর সেই মাঠের স্বণনকে ধ**িলস**্যাৎ **করে** দিয়েছেন। বন্ধতার সময় বলা হয় দুর্গাপুর হচ্ছে লোহা কংক্রীটের কবিতা। আমি জানি **এই** কবিতার মধ্যে বাংলাদেশের মানুষের অর্থনৈতিক ভিত্তিতে দুর্গাপুর এই অর্থে শিল্পনগরীর মধ্যে ছিল। কিল্ত ঐ কবিতার একটা কাহিনী আছে সেই কাহিনীতে ট্রাজেডিও আছে কমেডিও আছে। ট্রাক্রে;ড হচ্ছে তাদের, যাদের ঐথান থেকে উৎথাৎ করা হয়েছে, যাদের জমি ক্ষেড়ে নেওরা হয়েছে এবং জুমি কেডে নিয়ে তার উপর ঐ শিল্পনগরী গড়ে উঠেছে তারা স্বন্দ দেখেছিল, হাসিমুখে সরে গিয়েছিল, তাদের ঐ ঘরবাড়ীর উপর দিয়ে কলকারখানার রু-প্রিন্টের

*দাগ চলে গেছে*: তারা সমস্ত কিছুকে নিজেদের বৃকে রেখে ভেবেছিল—হয়ত বাংলাদেশের উর্মতি হবে, অর্থনৈতিক বিকাশ হবে, আমরা চাকরী পাব। কিন্তু তা তাঁরা পাননি। আর व्यामि এও वनादा यथन त्निशानवादात्र क्षेत्रमञ्ज घटेना जन्दत्स्य जालनाता जनामस्थान करादन, जश्न তার জন্য একটা হাই পাওয়ার কমিটি আপনারা করন। তার সঙ্গে এটাও রাখবেন এই কলকাতা শহরে শ্ব্ব জমি নিয়ে ফাটকাবাজি হয় না, দ্রগাপ্রেও জমি নিয়ে ফাটকাবাজি হয়েছে। আমরা জানি গরীবের জমি কেড়ে নিয়ে কিছ্ম লোক কিনে নিয়ে সরকারের কাছ থেকে কমপেনসেসন নিয়েছে। এটাও বলবো যখন আশেপাশের সমস্ত জমি সরকার আাকোয়ার করেছিলেন, তখন ভিরিগ্গী নামক গ্রামটা কেন আকোয়ার করা হল না? আনন্দবাব্র বাড়ী ভিরিগ্গী গ্রামে বলেই কি সেটা আকোয়ার করা হল না? তাহলে কি ব্রুববো ভিরিগ্গী গ্রামের সংখ্য চৌরঙা ভবনের কোন যোগাযোগ আছে এবং সেই কারণেই সেটা বাদ গেল? এই সমস্ত প্রদেনর জবাব নিশ্চয়ই দিতে হবে। আমরা সকলে জানি একদিকে ঐ সাধারণ মানুষ যাদের জাম **জায়গা ভিটেমাটি সব গেছে, তারা চাকরী পায়নি স্থানীয়ভাবে সেথানকার লোকেরা। একদিকে** যখন এই ঘটনা, অন্যদিকে আবার উল্লাস আছে, পানপাত্রের রংগীন জলে উল্লাসের ছায়া পড়েছিল এও আমরা জানি। কিছা লোকের পরেমিট হয়েছে, বাসের লাইসেন্স হয়েছে, কিছা লোক সিনেমার লাইসেন্স পেয়েছে, পেট্রলের পান্সের পার্রামিট পেয়েছে। তাই হচ্ছে তাদের উজ্জ্বল চিত্র, আনন্দের ব্যাপার, সেটা তাদের আঁকতে হয়। কিন্তু সাধারণ মানুষের পরিশ্রমের ফলে, তাদের জায়গা-জামর উপর দুর্গাপুরের মত বিরাট শিল্পনগরী গড়ে উঠেছে, তাদের সম্পর্কে কোন চিন্তা, কোন কথা এই ডেভেলপমেন্ট-এর জন্য যে অর্থ বরান্দ করা হলো তার মধ্যে নেই।

The Hon'ble Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir. So far as this Grant is concerned, the main question will be answered by the Hon'ble the Chief Minister. But as this Grant includes some items under Panchayet and as some members have confused them with Community Development—because the heads appear under the Community Development and Panchayat—I ought to clarify the matter.

The total provision for Panchayat under this head which the Hon'ble the Chief Minister moved is 10 lakhs for the Third Five-Year Plan and for the next year Rs. 27 lakhs 93 thousand as committed expenditure for the Panchayats which have already been established and which are regularly functioning under the West Bengal Panchayat Act. I may mention for the information of the bonourable members that out of 38367 villages in West Bengal already 13 thousand villages have ben covered by regularly elected Panchayats under the West Bengal Panchayat Act. Gram Sabhas are functioning in 13 thousand villages and Anchal Panchayats are functioning in approximately one thousand centres. For running of the expenditure Government have provided the monthly paid grant of Rs. 27 lakhs 93 thousand. But the work will go on. As delimitation proceedings are going on election may be held as soon as we get a green signal from the Centre. So we have to make provision for 10 lakhs of rupees in this year's Budget. This is all that I can say about it.

So far as the Community Development is concerned, I will reply to that when I move my Grant on the 25th inst.

Some members have raised a question that there is a provision for nil amount as regards the Howrah Improvement Trust. Certainly it leads to some confusion. The reason for this is that the Development Department wanted this annual provision of 12 lakhs which appear in the budget under this head which should have been provided under the 20-crore provision for the Greater Calcutta Development Scheme of which the amount of Rs. 10 crores is to be contributed by the Centre and the other amount of Rs. 10 crores is to be contributed by the State. Now, for inclusion of any scheme in the budgetary provision sanction of the Centre, sanction of the Planning Commission is necessary. As the actual sanction of the scheme

by the Planning Commission had not yet arrived before the budget was prepared it could not be included. But I can assure the House—and the Development Department has assured it—that in any event this amount of 12 lakhs will be provided for the H.I.T. Even if the sanction comes it will be provided under this head and if the sanction does not come it will certainly be provided under the revised budget estimate so that members may not have any misapprehension about the fact that certainly the work of the Howrah Improvement Trust is going to be stopped.

With regard to the other questions, i.e., about the administrative questions of the Howrah Improvement Trust, I will reply when I move my Grant as the Minister-in-charge of Local Self-Government tomorrow.

# The Hon'ble Khagendra Nath Das Cupta:

মাননীর দপীকার মহাশয়, আঙকে এই উত্থাপিত দাবীর উপর বিতর্ককালে মাননীয় সদস্য এপ্র্বলাল মজ্মদার মহাশয় গৃহনিমাণ সম্পর্কে কতকগ্নিল অব্ব উপস্থাপিত করেন, এই অব্বক্তালি তিনি কোথা থেকে পেয়েছেন জানি না; এগ্নিল সম্পূর্ণ ভূল। এ পর্যন্ত পশ্চিমবাংলায় আমরা নানাপ্রকার গৃহনিমাণ খাতে যেমন, সার্বাসডাইজড ইন্ডান্মিয়াল হাউসিং, লোইনকাম গ্রুপ হাউসিং, ল্যান্টেসন হাউসিং স্কীম—এই কয়েকটি খাতে প্রায় ২৫ হাজার বাড়ি মঞ্জালী করেছিলাম মোট ১৬ কোটি ৭১ লক্ষ্ণ টাকা বায়ে। এর ভিতর ইতিমধ্যে আমরা সম্পূর্ণ করেছি ২০ হাজার ২৪০টি বাড়ি এবং টেনামেন্ট, প্রয় ১১ কোটি টাকা বায়ে। এর ভিতর সার্বাসটাইজড ইন্ডান্স্রিয়াল হাউসিং-এর জনা ১২ হাজার ২৩৬টি বাড়ি আমরা অনুমোদন করেছিলাম, তার মধ্যে সম্পূর্ণ হয়েছে ১১,০৬৮টি। লো ইনকাম গ্রুপ হাউসিং-এর জনা ৫,০১৩টি বাড়ি মঞ্জারী করা হয়েছে, তার মধ্যে সম্পূর্ণ হয়েছে ৪,০৪৩টি বাড়ি।

# [2-30-2-40 p.m.]

<sup>দ্রনান্টেশন</sup> লেবারের জনা ৫৮৫টি বাড়ি মঞ্জুর করা হয়েছে, তার মধ্যে ৪৪১টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। স্লাম ক্লিয়ারেন্সে ৪,৩৯০টি বর্ণিড় মঞ্জার করা হয়েছে, তার মধ্যে ২,৭২০টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। মিডিল ইনকাম গ্রুপের জন্য ৭৩২টি বাডি মঞ্জুর করা হয়েছে এবং তার মধ্যে ৬৮৩টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। রেন্টাল হাউসিং-এ ১,৬১৯টি বাড়ি মঞ্জুর করা হয়েছে তার মধ্যে ১,৪০১টি বাড়ি সম্পূর্ণ হয়েছে। আমাদের সার্বাসভাইসড ইন্ডাম্ট্রিয়াল হার্ডীসং সম্পর্কে অনেক কথা এখানে আলোচনা হয়েছে। সংশিষভাইষড ইন্ডাম্ট্রিয়াল হাউসিং-এ আমরা মোটেই এগতে পার্রছি না. থার্ড স্ল্যানে ৭.৫০০টি বাড়ি নির্মাণের পরিকল্পনা ছিল, এই পরিকল্পনার ভিতর আমরা অত্যন্ত সামানাই করেছি, কিন্তু একথা সতা নয়। গত দুই বংসরের মধ্যে, এই বংসরও ধরছি, কারণ এ বংসর প্রায় শেষ হয়ে এলো, আমরা ২,৬৫৭টি বাড়ি নির্মাণ সম্পন্ন করেছি, আর ১,৫১৭টি বাড়ি আন্ডার কনস্ট্রাকশন। মোট ৪,১৭৪টি বাডির হিসাব পাচ্ছি ৭,৫০০টির ভিতরে। এই অগ্রগতি মোটেই অসন্তোষজনক বলে মনে করি না। আরো তিন বংসর আমাদের সামনে আছে। লো ইনকাম গ্রন্থে হাউসিং-এ আমাদের টারগেট হচ্ছে ৩ কোটি ৩০ লক্ষ টাকা ধরা আছে। এই লো ইনকাম গ্রুপে আমরা এখন পর্যব্ত বাডি তৈরি করেছি ১.২৭৬টি. এবং আমাদের প্রায় ৪৭০টি বাড়ি তৈরীর কাজ চলছে। আরো ৮৩৬টি বাড়ির ১৯৬৩-৬৪ সালে কাজ চলবে। এই লো ইন-কাম গ্র.পের অধিকাংশ অর্থ আমরা জনসাধারণকে ঋণস্বরূপ দিয়ে থাকি, ইন্ডিভিজুয়্যালকে আমরা লোন দিই। যে টাকা আমাদের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ধরা আছে, সে টাকার প্রায় অধিকাংশ জনসাধারণের মধ্যে ঋণ হিসাবে স্যাংশন দিয়েছি, খবে অলপ অর্থই আমাদের হাতে আছে। প্ল্যান্টেশন লেবার হাউসিং-এর যে অর্থ আছে সেই অর্থ আমরা যেসমস্ত টি কোম্পানী আছে তাদের দানস্বরূপ দিয়ে থাকি। টি কোম্পানীগুলি প্রথম প্রথম এই ঋণের জন্য আবেদন করতে পারে নি, কারণ তা করতে হলে তাদের জমি বন্ধক দিতে হয়। যেসব জমির উপর লেবার-দের জন্য হাউস করবে, সেই জাম বন্ধক দেবার কতকগুলি বাধা ছিল, তার জন্য তারা মোটেই এগতে পারে নি। দ্বিতীয় পশুবার্ষিকের শেষে এই সম্পর্কে কিছু কান্ধ আরুভ হয়েছে। এর <sup>মধ্যে</sup> ৩৭৩টি বাড়ি করবার জন্য আমরা টাকা দিতে পেরেছি। *প্ল্যান্টেশন লেবারারদের জন্য আমরা* নিজেরা বাড়ি তৈরি করি না। স্লাম ক্লিয়ারেসের জন্য আমাদের থার্ড স্প্যানে ৬ হাজার টেনামেন্ট

তৈরি করার কথা আছে, তার মধ্যে ১.৯২০টি বাড়ি ইতিমধ্যেই শেষ হয়েছে, আরো আমাদের ২.৯০২টি ব্যাডির স্যাংশন আছে, কোনটার কাজ চলছে, কোনটার কাজ আরম্ভ হচ্ছে। স্লাম ক্রিয়ারেন্সে অবশ্য আমাদের অভাব অনেক এ বিষয় সন্দেহ নেই, স্লাম ক্রিয়ান্ত্রেস্সে আমাদের সামনে বাধা বিষ্তর। ম্লাম ক্রিয়ারেকে সরকারের নীতি হচ্ছে ভারত সরকার যে নীতি িাধারণ করে দিয়েছে ভাতে ৬,৬০০ টাকা প্রতি টেনামেন্টের জন্য নির্মাণ খরচ ধরা হয়েছে। ৬.৬০০ টাকার ভিতর ভারত সরকার দেবে শতকরা ৩৭॥ টাকা দানস্বরূপ, শতকরা ৩৭॥॰ টাক। ঋণপ্ররূপ, আর পশ্চিমবংগ সরকার দেবে শতকরা ২৫ টাকা দানস্বরূপ। কিন্তু ৬.৬০০ টালায় কলক তা শহরে কোন টেনামেন্ট নির্মাণ সম্ভব হতে পারে না। আমরা অনেক করে দেখেছি ৮ হাভার টাকার কমে জমিসক্রুখ্য টেনামেন্ট নির্মাণ সম্ভব হয়ে উঠে না। এর ভিতর ৩ হাফার টাফা জালিব দর, ৫ হাজার টাকার ভিতর <mark>টেনামেন্ট নির্মাণ, তার জলের বাবস্থা, তার</mark> আলো, তার অন্যান্য সোসিধাল সাভিসেস, সায়ারেজ ইত্যাদি নিয়ে ৫ হাজার টাকার কমে একটা টেনমেন্ট ২০৬ পারে ।। ৮ হাজার টাকার ভিতর ভারত সরকার দেবেন ৬ হাজার ৬০০ টাকা ৩৭} শতাংশ ঋণ এবং ৩৭} শতাংশ দান, আর পশিচ্যবংগ সরকার যদি ২৫ শতাংশ দেন, তা হলেও আমালের অনেক টানা প্রায় ১,৪০০ টাকা ডেফিজিট পড়ে যায়। এই ১,৪০০ টাকা পশ্চিমবুজা সরকারের দান হিসাবে দিতে হবে. ২৫ শতাংশ দেওয়ার পরেও, আর একদিকে ৬,৬০০ টাবা দিয়ে ভারত সরকার প্রতি টেনেমেন্ট-এর ভাড়া ঠিক করে দিয়েছেন ২২ই টাকা। ২২ই টাকার ব্যড়ির অধিকাংশ অধিবাসী আড়া দিতে প্রস্তুত নন, সেখানে যদি ১৫ টাকা ভাড়া আমাদের ধরতে হয়, তা হলে পশ্চিমবংগ সরকারের দেওয়ার মাত্রা আরও অনেক বেড়ে যাবে। এইজাতীয় ব্রধা-বিপত্তি ম্লান ক্রয়ানেন্স-এন ন্যাপার উপস্থিত হওরায় এদিকে কাজ দ্রুত অগ্রসর হচ্ছে না। আর একটা বাধা ছিল জাম। কলকাতা সহর ভারতব্যের মধ্যে অধিক ঘনবস্তিপ্রণ সহর। এখানে সলাম ক্রিয়ারেন্স-এর জনা জীম সংগ্রহ করা প্রায় অসাধা হয়ে উঠোছল, তা সত্ত্তে আমরা প্রায় ৫৮৫ একর জনি কলকাতার উপরতেই বারম্থা করেছি আমাদের হার্টসিং গরিক**ল্পনা সম্পূর্ণ ক**রার জনা। এই র্জামগ্রনির জন। আমরা লান্ড আনুইজিসন প্রসিডিংস ডু করেছি। এই তমি পেলে আমাদ্রু গ্রেনিমাণ পরিবর্গেন এগিয়ে যেতে পরিত। ইতিমধ্যে এমারজেন্সী চিল্লেক্স্ক বৃত্ত আমাদের অলগতি কিছ্টা বাহত হয়েছে। যদি জরুরী অবস্থার অবসান হয়, আমরা নিশ্চ্যুই এগিয়ে যেতে পারব এই আশা করি। আর একটা কথা, মাননীয় সদস্যরা তলেছেন, বেহালায় আমরা ৪৮টি বাজি নির্মাণ করেছি অথচ ভাড়া দিচ্ছি না। সেখানে ৪৮টি যে কোয়ার্টার তৈরি করেছি তা ভাড়া না দেবার কারণ সেখানে বিদাং এবং জল সরবরাহের ব্যবস্থা সম্পূর্ণ করা যায় নি। বিদাং কোম্পানী দেবে - তল মিউনিসিপ্যালিটি দেবে, তা হলে হতে পারত। ইতিমধ্যে আমরা বিদ্যুৎ **এবং** জনের বাবস্থা করেছি এনং ৪৮টি বাডিতেই দেওয়া হচ্ছে।

[2-40-2-50 p.m.]

# The Hon'ble Prafulla Chandra Sen:

অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই দাবি উপস্থিত করবার সময় অন্রেমধ জানিয়েছিলাম য়ে, বেশি বিতর্ক না করে এই দাবি গ্রহণ করে নেওয়া হোক। এতক্ষণ ধরে এখানে য়ে বিতর্ক শ্রনলাম তা প্রায় এই ধরনেরই হয়েছে, অর্থাৎ কেউ এমন কিছু কনন্দ্রাকটিভ ক্রিটিসজম করতে পারেন নি এবং পারেন নি নলেই আনেকে কাশা ছিটাবার চেণ্টা করেছেন। অধ্যক্ষ মহাশয়, কাদা ছিটাতে গেলে একট্ব-আধট্ব গায়ে লাগবে এই বিষয়ে সন্দেহ নাই। একজন কমিউনিন্দট সদস্য খ্রুব আম্ফালন করে বকুতা দিয়েছেন তাঁর বকুতার সারমর্মা আমি য়া ব্রুলাম—আপনিও বোধ হয় তাই ব্রেছেন. সেটা হছে, আমাদের দেশের লোকের উপর তাঁদের তত বিশ্বাস নেই, তা থাকতেও পারে না. কারণ, কমিউনিস্টদের মধ্যে, বিশেষ করে, আমাদের পশ্চিমবাংলায় দ্রটি দল আছে, এক দল তাকিয়ে আছেন সোভিয়েট রাশিয়ার দিক্রে, আরেক দল তাকিয়ে আছেন চীনের দিকে—এ'দেরই সংখ্যা বেশি। কাজে কাজেই আমাদের দেশের ঐতিহার উপর তাঁদের আস্থা নাই, আমাদের দেশের লোকের উপর তাঁদের আস্থা নাই। তিনি ৯ কোটি টাকার পোল আমরা করতে পারব বলে সন্দেহ প্রকাশ করেছেন। আমি প্ত্রমন্ত্রীকে জিল্কাসা করাছলাম, আপনি এপর্যন্ত কত টাকার পোল করেছেন, তিনি বঙ্গেন, এক রুপনারায়ণ পোল করার জন্যই ১ কোটি টাকার উপর খরচ হবে। আমি ভাবছিলাম এই উত্তরে হয়তো কমিউনিস্টপন্কের সদস্য মহাশয়্ব সন্তুন্ট হবেন না। জামি একটা জিনিস দেখছিলাম, প্রথম পঞ্চবার্ষিক পরিকলপনায় আমরা মেটে খরচ করেছি প্রায়

৬৭ কোটি টাকা, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা খরচ করেছি প্রায় ১৫০ কোটি টাকা, আর ততীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা খরচ করতে চলেছি ২৯৩ কোটি টাকা। গত বছর আমরা যত টাকা বরান্দ করেছিলাম ডেভেলপমেন্ট খাতে এবছর তার তুলনায় ঢের বেশি, প্রায় ৬৪ কোটি টাকা ব্যয় করতে পারব। কাজেকাজেই কিছু বলবার ছিল না বলেই আমাদের ঐ কমিউনিস্ট বন্ধ, আবোলতাবোল কথা বলেছেন। তিনি দুঃখ করে বলেছিলেন যে বন্ধ কম টাকা হেলথ সেন্টার-এর জন্য রাখা হয়েছে, যক্ষ্মারোগে সকলে মরে যাবে। তিনি সবকিছ, উল্টেপালেট দেখেন নি—এ পর্যন্ত অবশ্য একটা দাবি উপস্থাপিত করা হয় নি. ২০ নং দাবি যথন উপস্থাপিত করা হবে, তাতে তিনি দেখতে পাবেন রব্র্য়োল হেলথ সেন্টার-এর জনা গতবছর যেখানে ১০ লক্ষ টাকা ছিল, কারেন্ট ইয়ারে ১৯৬৩-৬S সালে ১৫ লক্ষ টাকা রাখা হয়েছে। এক্সপেন্সন অফ টি বি হসপিটাল-এর জন্য গত বছর ৪ লক্ষ ৮০ হাজার রিভাইজড-এ ছিল, এবছর ৩ লক্ষ টাকা রাখা হয়েছে। কিন্তু ডিগ্রি টি বি স্যানাটেরিয়াম এবং কচিরাপাড়া হাসপাতালের জন্য গত বছর ধার্য ছিল ২২ লক্ষ টাকা, ১৯৬০-৬৪ সালে ধর্ম্ম করা হয়েছে ২৩ লক্ষ টাকা। ভারপর রু<mark>র্রাল</mark> ডিসপেন্সারী, হেলথ সেন্টার ইত্যাদিতে গত বছর ছিল ৮৪ লক্ষ টাকা, আগামী বছর ৪২ লক্ষ টাকা ধরা হয়েছে। আর, এন্সিলিয়ালী যেসমস্ত গভর্মমেন্ট সেন্টার আছে, তার জন্য **গতবার** ছিল ২৯ লক্ষ টাকা, এ বছর ২৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। কাজেকানেই টি বি রোগে সব মান্য মরে যাবে না। বাজেট কিড'ের দেখতে হয়, পড়তে হয়, ব্যুবতে হয়, তা না জানার জন্যই তিনি এইসমুহত আবোলতাবোল কথা বলেছেন। আমাদের একজন মান্নীয় বন্ধু ট্রিজমু-এর উপর **খবেই ক্ষিণ্ত।** এই এমারজেন্সী অবস্থায় ৬ লক্ষ টকা খরচ করে। কেল্লেন টুরিজম-এর জনা--ভাঁষণ ব্যাপার, এ টাকা খরচ করা উচিত নয়। আমরা মনে করি টুরিজম-এর জনা আমরা যা-কিছু, ধার্য করছি তার থেকে সাদে-আসলে ডিভিডেন্ড পাব। এটা লোকসানের ব্যাপার নয় এতে লাভই হচ্ছে। বিশেষ শরে এর থেকে আমরা বিদেশী মুদ্রার্থান করিছি। কাজে ক'জেই আময়া মনে করি ৬ লক্ষ টাকার জামগায় যদি ১৫ লক্ষ টাকা আমরা দিতে পারতাম তা হলে আরো ভালো হত। সামাদের পক্ষের বন্ধ, নেপাল বয়ে মহাশয়, কি কারণে জানি না, তিনি বিশেষ করে কাদা ছিটালত ডেটো কলেছেন, এবং তিনি মনে করছেন এমনকিছা একটা **ঘট**না ঘটেছে- কি <mark>কারণ</mark>ে িহীল মনে করভেল আমি জানি না, ৩২ পাতার, না ৪২ পাতার, না কি ১০০ পাতার ন্থিপত তাঁর কাছে ভাকে।

তিনি না িত টেবিলে রেখেছেন। অবশ্য তাতে আমাদের কিছু, ভয় হচ্ছে না, শঞ্কাও মনে জাগছে না: তবে যেসমুহত কথা তিনি উত্থাপন করেছেন, তার মধ্যে অর্ধ সত্য বেশী এবং আপনি জানেন যে সিখ্যার চেয়ে অর্ধ সতা অনেক সময় ভয়ঙ্কর। কাজেই তাঁর কথার যদি একদম জবাব আমি না দিই, সেটা ভাল নয়, কিছা জনাব দিতেই হবে। একটা অভিযোগ তিনি করেছেন যে, আমাদেন এখানকার এবং আমাদের পক্ষের একজন মাননীয় সদসোর কোন একটা কোম্পানী বা ফার্ম-এর সংগ্যে সম্পর্ক আছে এবং সেই সম্পর্কের দর<sub>ন</sub> পরোক্ষভাবে তিনি তাঁর প্রতি কটাক্ষ করেছেন। কেন মাননীয় সদস্য কার সংখ্য বৈবাহিক সূত্রে আবন্ধ সে সংবাদে প্রয়োজন নেই। মূল ষে কথাগর্লি নেপালবার, এখানে অভিযোগ করেছেন, তার নিশ্চয় জবাব দেওয়া উচিত। আমাদের কোক ওভেন প্রাণ্ট, পাওখর প্রাণ্ট, কয়লা কেনার স্যাপারে, কোক বিক্রি করার ব্যাপারে গ্যাস্থ্রিডের ব্যাপারে এবং আন্যাদের কোলকাতার গ্যাস পাওয়ার সম্বন্ধে তিনি নানারক্ষ কথা বলেছেন। এ সম্বন্ধে আগেও থোঁজ নিয়েছি। আজ যেসমুহত অভিযোগ তিনি এখানে উত্থাপন করেছেন সে অভিযোগ সম্বন্ধে আমাকে পূর্বে কেউ কেউ বলেছিলেন, লিখেও জানিয়েছিলেন। আমি সম্স্তুগালো সন্বশ্ধে অনুসন্ধান করেছি এবং অনুসন্ধানের ফলে আমি এক কথা বলতে পারি যে সবগুলি অসতা। এখানে আমি একটা একটা করে জবাব দেব। নেপালবাব একটা অভিযোগ করেছেন যে, করলা কেনার ব্যাপারে হয়ত পক্ষপাতিত্ব আছে, হয়ত সেরকম বিধিপ্রেক কেনা হয় না. হয়ত নিয়মমাফিক টেন্ডার আহত্বান করা হয় না। আমি খুব ভালভাবে অনুসন্ধান করে দেখেছি যে, আমাদের এখানে ২টা কয়লা খনির মালিকদের অরগানাইজেশান আছে—একটার নাম ইন্ডিয়ান মাইনিং অ্যাসোসিয়েসন, আর একটা ইন্ডিয়ান মাইনিং ফেডারেশন। আমাদের যত ক্য়লার্থনির মালিক আছে, তাদের কেউ না কেউ এই দুটো আসোসিয়েসনের সদস্য। আমাদের যখন কয়লার প্রয়োজন হয় তখন এই দুটো অ্যাসোসিয়েশন-এর কাছে আমরা পাঠাই যে আমরা এইরকম করলা চাই যে তার অ্যাস কনটেন্ট হবে এত, তার ময়েন্চার কনটেন্ট হবে এত, তার জ্যাস কনটেন্ট হবে এত, এইসবের মিনিমাম আমরা বলে দিই যে কতটা ভশ্যুর হবে। অর্থাৎ এইসব যা দরকার আমাদের কাজের জন্য সেসব ফিরিসিত তাদের কাছে পাঠিয়ে আমারা বলে দিই যে তোমরা টেন্ডার দাও, সেই টেন্ডার দেবার পর তাঁরা বিবেচনা করেন। ফ্রেলে রিসার্চ ইন্স্টিটিউট-এর কাছে তারা কয়লার নম্না পাঠায়, এইসবগ্রনি দেখবার জন্য যে কত অ্যাস কনটেন্ট আছে, কত ময়েন্চার কনটেন্ট অ.ছে, তার ভোলাটাইলিটি কিরকম ইত্যাদি। ফ্রেলে রিসার্চ ইন্সটিটিউট, তারপর এনালিসিস করে টেন্ট করে তাল বলে দেয় যে এইরকম আছে। সেগ্রেলা আমাদের দ্রগাপ্রের ইন্ডান্টিজ-এর কাজে আসবার আগে একটা টেকনিক্যাল কমিটির কাছে যায়। টেকনিক্যাল কমিটি আবার সেগ্লো বিচার করে দেখে, তারপর বোর্ডের কাছে পাঠান. এবং বোর্ড তারপর নিয়োগ করেন। যতগ্রলো নিয়োগ করা হয়েছে তার মধ্যে কোন পক্ষপাতিত্ব নেই, এটা আমি জাের করে বলতে পারি। তাঁরা যে মাল দেন সেটা খ্র ভাল দেন। আর একটা কথা নেপালবাব, বলেছেন যে একটা বিশেষ কোন বাঙালী কোম্পানীর প্রতি আমরা নাকি পক্ষপাতিত্ব দেখাই, এবং কি করি, না তাদের ধারে আমরা মাল দিই।

# [2-50-3 p.m.]

অর্থ তাদের আমর: অনেক সময় দিই তাদের দেনা পরিশোধ করবার জন্য এটা সত্য নয়। আমাদের নিয়ম হচ্ছে দুই মাসের গ্যারাণ্টি দিতে হবে--দুই মাসের মধ্যে তারা টাকা শোধ করবে যে কোম্পানী ডিস্ট্রিবউটার এবং আদাদের কোল সাংলায়ার তাদের আমরা দেড় মাস করেছি, কোন অন্যায় করে নয়, কোন পক্ষপাতিত্ব করে নয় - কেন দিয়েছি ? কারণ, এরা যখন আমাদের কয়লা দেয় সংগ্রে সংগ্র আমরা তাদের নগদ টাকা দিতে পারি না। আমাদের টাকা পড়ে থাকে। আমাদের নগদ অনেক টাকা পড়ে থাকে তাই আমরা অনুরোধ করেছি পক্ষপাতিত্ব করে নয় এবং তাই আমরা দেড় মাসের বন্ডের গ্যারান্টি নির্মেছি দুই মাসের বদলে। কাজেই সেথানে আমরা কোন পক্ষপাতিত্ব বা অন্যার করি নি এবং কোন অবৈধ কাজই করি নি। আর একটা কথা বলে আমাদের নেপালবাব, আমার খবে মন খারাপ করে দিয়েছেন। তিনি বল্লেন হিন্দুস্থান সিপ ইয়ার্ড কয়লা চেয়েছিল, কয়লা দেয় নি-এরা দেশদ্রোহী লোক, এদের আরেস্ট করা উচিত, এরা খারাপ লোক, এরা ওয়ার এফর্ট বাহত করছে। নেপালবাব যা বল্লেন এটা তাঁর যদি সতা হয়, তা হলে নিশ্চয়ই আারেস্ট করা উচিত। অনুসন্ধান করে দেখলাম তাদের একটি ওয়াগন মাল এলট করা হয়েছিল। কিন্তু তার বেশী মাল যে-কোন কারণেই হোক, ওয়াগনের অভাবেই হোক, তারা দিতে পারে নি। কাজেই আ্যারেস্ট করার কোন প্রয়োজন নেই, এবং ওয়ার এফর্টকে কোন বাধা দেয় নি। এমন কিছু কান্ড হয় নি, যাতে নেপালবাবার ক্ষোভ বা দঃখ হতে পারে। আমি নেপালবাবাকে ভবিষ্যতে যখন তিনি এইরকম অভিযোগ আনবেন, বিশেষ করে এমন লোকের বিরুম্ধে এমন সমস্ত উচ্চ কর্ম-চারীদের বিরুদ্ধে যারা এখানে তাদের নিজেদের ডিফেন্ড করতে পারে না—তাদের বেলায় একট সতর্ক হয়ে আনবেন। কারণ, আমরা দেখেছি এই হাউসে একবার নয়, বহ,বার এরকম অভিযোগ এসেছে, এমন কি আমাদের নেপালবাবরে বিরুদ্ধে অভিযোগ এনেছে পরে আমরা প্রমাণ করে দিয়েছি যে এটা অসতা। কাজেই আমি নেপালবাব কে অনুরোধ করবো এইরকম অলীক অভিযোগ আনবার আগে আরও বেশী করে দেখা উচিত বা আমাদের কাছে আসা উচিত। আমাদের कार्ष्ट्र यीन त्नभानवाद, आमरत्न ता राम आकरक ६ मिनिएवेत मर्सा स्य कथा वर्नाष्ट्र स्मकथा ६० মিনিট সময় দিয়ে খাতাপত্র খালে, যেসমুহত কর্মচারীর বিরুদ্ধে তিনি বল্লেন তাদের ডেকে নিয়ে এসে তাকে প্রমাণ করে দিতাম, তাকে দেখিয়ে দিতে পারতাম এবং তা হলে তাকে উত্মা প্রকাশ করতে হতো না। হাউসে উত্তর দেবার সময় নয়, তিনি যেসমস্ত অভিযোগের কথা বলেছেন. কে তাকে ব্রিফ করেছেন আমার জানা নেই, তিনি দুর্গাপুরের ইন্ডাম্ট্রিজ কার্যকলাপ সম্বন্ধে তার ভেতরকার ব্যাপার সম্বন্ধে তিনি ওয়াকিবহাল্যনার নিশ্চরই, কেউ ব্রিফ করেছে, আমাদের দেশে এই ব্যক্তম করা হয়। আমরা কোন বিক্রি করে দিই, আমাদের ২৫ হাজার টন কোক হয়, তার **মধ্যে** ৮ হাজার টন টাটা নিয়ে নেয়, আর আট হাজার টন গভর্নমেন্ট বা ইত্যাদি প্রতিষ্ঠান নিয়ে নের, আর বাকী রইলো ৮ হাজার টন। এই আট হাজার টন বিক্রি করার জন্য ১৮ জন লোককে নিয়োগ করেছি। আমাদের আগে ১৬ জন ছিল এখন আরও ২ জন লোককে নিয়োগ করেছি। তারা **ভाल वावजारी किना তार कना जिल्हां हैनकार हो। क्रियाद्वन्त्र जाहि फिक्हे जालब लनाशांबना** 

আছে কিনা, তাদের ব্যাঞ্চ ক্রেডিট আছে কিনা, এইসব বিচার করে আমরা নিরোগ করে থাকি। এই নিরোগের ব্যাপারে একজন কেউ করেন না. বোর্ড থেকে করা হয়। কারও উপর বদি পক্ষপাতিত্ব হয়ে থাকে, তা হলে সমস্ত বোর্ড পক্ষপাতিত্ব করেছেন, কেউ ব্যক্তিবিশেষ করেন নি। বে করেকটি ব্যাপারে এখানে তাড়াতাড়ি উত্তর দিলাম এবং যে করেকটি ব্যাপার নেপালবাব উপস্থিত করেছিলেন দ্রগাপ্রে সম্বন্ধে, সেসমস্ত ব্যাপারগর্নলি আংশিক সত্য! প্রেরা নয়। তিনি নিশ্চয়ই কোন গ্রেব শ্নেছেন। কিন্তু আসলে সত্য নয়। আমি এর জন্য খ্র দ্বেখ অন্তব করছি এবং নেপালবাব্বেক বলছি যে ভবিষয়তে এইরকম কোন অভিযোগ যদি তার কাছে আসে, তিনি আমাদের কাছে এলে আমরা নিশ্চয়ই আরও ভাল করে বোঝাতে পারব।

আমার এই বায়বরান্দ সন্বন্ধে একজন মাননীয় সদস্য তিনি জুতো সেলাই থেকে চণ্ডীপাঠের কথা বলে গেছেন। কাকে জুতো বলবেন, কাকে চণ্ডী বলবেন, তিনি বোধ হয় কমিউনিস্ট, জানেন না। কাজেই চণ্ডীর সঞ্জে তার কোন সন্পর্ক নাই। জুতো কাকে বলবেন, চণ্ডী কাকে বলবেন, তাঁর গোলযোগ হয়ে গেছে। আমি তার জন্য তাঁকে ক্ষমা করছি। কমিউনিস্ট রাজছে, আমার যতটুকু জানা আছে, তাঁরা বোধ হয় ভগবান বিশ্বাস করেন না। এই চণ্ডীর উল্লেখ আমার মুখে সাজে, তাঁর চণ্ডী নিয়ে খেলা না করাই ভাল, এবং তিনি যেসমস্ত কথা তুলেছেন তার কোন উত্তর দিতে হবে বলে আমি মনে করি না। সমস্ত তাঁর অলীক কথা হয়েছে। কাজেই আজকের দাবীর সংগ্য তার কোন সম্পর্ক নাই। মাননীয় শৈলকুমার মুখান্ধী তার উত্তর দিয়েছেন, তিনি বলেছেন, যেসমস্ত কথা বাকি আছে, তা অন্য বায়বরান্দ সম্পর্কে তিনি তার স্ঠিক জবাব বিশদভাবে পরে দেবেন।

কাজে কাজেই যত কাটমোসন আছে, আমি তার বিরোধিতা করছি এবং মূল দাবী সমর্থনের জনা সকলকে অনুরোধ করছি।

# Shri Nepal Chandra Roy:

আমি যা বলেছি, তা চীফ মিনিস্টারের হাতে দিয়েছি। উনি এ সম্বন্ধে এনকোয়ারী করবেন এবং যদি প্রমাণ হয়.....

### Mr. Speaker:

মিঃ রায়, এর সঙেগ তার কোন সম্বন্ধ নাই।

POINT OF PERSONAL EXPLANATION

### The Hon'ble S. M. Fazlur Rahman:

On a point of personal explanation, Sir,

আমি যখন হাউসে অন্পশ্থিত ছিলাম, তখন মাননীর সদস্য স্বনামধন্য শ্রীদেবশরণ ঘোষ মহাশর আমার বির্দেধ একটা অভিযোগ এনেছেন। তিনি বলেছেন যে, আমি কোন্দিন নাকি কোন্
মাসের কোন্ তারিখে কয় নন্বর গাড়িতে আমি নিজে একটা গাড়িতে আর আমার জামাতা ও
কনা অপর একটা গাড়িতে করে সেখান থেকে কলকাতা যাওয় হাছিল। মধ্যপথে কোন এক
জায়গায়—কোনখানে ডিস্টিক্ট ম্যাজিস্টেট সেই এক গাড়িতে দ্ব-জন যাছেন দেখে—একটাতে আমি
যাছি আর একটা গাড়িতে আমার জামাতা ও কন্যা যাছেন—,সেই গাড়ি থামান এবং চ্যালেঞ্জ করেন।
স্বচেরে দ্বংখের বিষয় এই, এই যে শ্রীদেবশরণ ঘোষ মহাশয় এখানে নবাগত, সকলরকম শালীনতার
উধের্ন, তিনি একেবারে আমার কন্যার সন্বন্ধে অভিযোগ করেছেন, আমার কন্যা নাকি ডিস্টিক্ট
ম্যাজিস্টেটটকে ধর্মকিরেছেন, আপনি জানেন, আমি মিনিস্টারের কন্যা, এখানে কতদিন চাকরি
করবেন—দেখে নেবাে! এই কথা বলেছেন। শ্রীদেবশরণ ঘোষ মহাশয়কে আমি বিশেষভাবে জানি
ও চিনি। তিনি এই যে অভিযোগ করেছেন তা সম্পূর্ণ কালপানক, মিথ্যা এবং অন্তেডুক এবং
বিশেষ প্রস্তুত। বিশ্বেষ প্রস্তুত এইজনা, তিনি যে অপ্তলে কাজ করেন, সেই অপ্তলে আমিও
কাজ করি।

# Dr. Kanai Lal Bhattacharyya:

উনি কি বক্ততা দিক্ছেন?

# Mr. Speaker:

উনি বন্ধৃতা দেন নাই, উনি কোন্টা অসত্য আছে সেইট্রকু বলছেন। কোন্ স্টেটমেন্ট্টা তিনি ডিনাই করবেন সেটা আগেই বলেছেন। সেটা বলে তারপর কৈফিয়ং দিচ্ছেন।

# The Hon'ble S. M. Faziur Rahman:

আমি বক্তুতা দিছি না, আমি এক্সলানেশন দিছি, উনি যা বলেছেন, তা সম্পূর্ণ অসতা। কোন্
সময়, কোন্ তারিখে ওখান থেকে আমার গাড়িতে কিংবা অন্য একটা সরকারী গাড়িতে আমার
জামাতা ও কন্যা কোনদিন যান নাই। কোন কারণে ডিস্টিক্ট ম্যাজিস্টেট অহেতৃক কোন কারণে
বিনা কারণে চ্যালেঞ্জ করেছেন বা আমার কন্যা এইসব কথা বলেছেন—এটা আদৌ সত্য নর। আমি
দুঃখের সঞ্জে বলছি তাঁর অনেক বয়স হয়েছে, সাবালক হলেও ব্নিখতে তিনি এখনো নাবালক
এবং তার শালীনতার অভাব আছে।

[3-3-25 p.m.]

# Shri Ananda Copal Mukhopadhyay:

On a point of personal explanation, Sir,

আমি হাউসে ছিলাম না, এসে শ্বনলাম বিরোধীপক্ষের সদস্য শ্রীহরিদাস চক্রবর্তী মহাশয় আমার বিরুদ্ধে, আমার নামে কয়েকটি অভিযোগের কথা এখানে বলেছেন। আমি আপনার মাধ্যমে জানাতে চাই এই অভিযোগ সবৈবি মিথ্যা। তাঁর যদি সাহস থাকে, তা হলে তিনি একট্ব লিখিতভাবে জানালে, আমি কোটে দেখতাম।

# Dr. Kanai Lal Bhattacharyya:

মিঃ স্পীকার স্যার, উনি চ্যালেঞ্জ করলেন, ফর ডায়ার কম্পিকোয়েন্স, এটা ঠিক নয়। উনি বললেন এটা যদি বাইরে দিতেন, তা হলে দেখে নিতাম।

## Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় সদস্য ভট্টাচার্য মহাশয়ের কানটা দেখান দরকার হয়েছে।

[Noise and interruptions]

### Mr. Speaker:

কানাইবাব, আপনি একটা শানে বলবেন।

I will be glad to help you.

Now, honourable members, regarding Grant No. 42, I put to vote all the cut motions excepting cut motions No. 3, 7 and 13 on which division has been claimed.

### (The cut motions were then put and lost)

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42. Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Girija Mukherji that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Roy that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Ileads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", he reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced to Re. 1 was then put and a division taken with the following result:—

#### AYES-40

Abdul Bari Moktar, Shri Baksi, Shri Monoranjan Banerjee, Shri Bejoy Kumar Banerjee, Shri Gopal Basu, Shri Amarendra Nath Basu, Shri Debi Prosad Basu, Shri Hemanta Kumar Besterwitch, Shri A. H. Bhaduri, Shri Panchu Gopal Bhattacharjee, Shri Nani Bhattacharya, Dr. Kanai Lal Chakravarty, Shri Haridas Chattoraj, Dr. Radhanath

Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Chosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Hazra, Shri Monoranjan
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Mahata, Shri Padak
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddhe wai
Mukhopadhyay, Shri Bhabani
Nawab Jani Meerja, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Bipendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand

# NOES-106

Abdul Gafur, Shri Abdul Latif, Shri Abul Hashem, Shri Ahamed Ali Mufti, Shri Ashadulla Choudhury, Shri Baidya, Shri Ananta Kumar Bankura, Shri Aditya Kumar Banerjee, Shri Baidyanath Banerjee, Shri Jaharlal Banerjee, Shrimati Maya Banerji, The Hon'ble Sankardas Barman, Shri Shyama Prosad Basu, Shri Abani Kumar Beri, Shri Daya Ram Bhagat, Shri Budhu Bhattacharjee, Shri Jagadish Chandra Bhattacharyya, The Hon'ble Syamadas Bhowmik, Shri Barendra Krishna Bose, Dr. Maitreyee Bose, Shri Promode Ranjan Chakravarty, Shri Hrishikesh Chatterjee, Shri Mukti Pada Chattopadhyay, The Hon'ble Dr. Susil Ranjan Dakua, Shri Mahendra Nath Das, Shri Abanti Kumar Das, Shri Ambika Charan Das, Shri Ananga Mohan Das, Shri Dinabandhu

Das, Dr. Kanai Lal Das. Shri Mahatab Chand Dasadhikari, Shri Radha Nath Das Gupta, The Hon'ble Khagendra Nath Das Gupta, Dr. Susil Dhara, Shri Sushil Kumar Dutta, Shrimati Sudha Rani Fazlur Rahman, The Hon'ble S. M. Gayen, Shri Brindaban Ghosh, The Hon'ble Tarun Kanti Guha, The Hon'ble Dr. Prabodh Kumar Haldar, Shri Haralal Hansda. Shri Debnath Hansdah, Shri Bhusan Hembram, Shri Kamala Kanta Ishaque, Shri A. K. M. Jalan, The Hon'ble Iswar Das Jana, Shri Mrityunjoy Jana, Shri Prabir Chandra Jehangir Kabir, Shri Jainal Abedin, Shri Khamrai, Shri Niranjan Khan, Shri Gurupada Kolay, The Hon'ble Jagannath Mahammed Giasuddin, Shri Mahanty, The Hon'ble Charu Chandra Mahata, Shri Mahendra Nath Mahata, Shri Surendra Nath Mahatab, Shrimati Radharani Maitra, Shri Anil Maiti, The Hon'ble Abha Maity, Shri Bijoy Krishna Maity, Shri Subodh Chandra Majhi, Shri Budhan Majumdar, Shrimati Niharika Mallick, Shri Ashutosh Mandal, Shri Krishna Prasad Misra, The Hon'ble Sowrindra Mohan Mitra, Shrimati Biva Mitra, Dr. Gopikaranjan Mohammad Israil, Shri Mondal, Shri Amarendra Mondal, Shri Rajkrishna Mondal, Shrimati Santilata Mukherjee, The Hon'ble Ajoy Kumar Mukherjee, The Hon'ble Saila Kumar Mukherjee, Shri Santosh Kumar Mukherjee, Shri Shankar Lal Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, The Hon'ble Purabi Nahar, The Hon'ble Bijoy Singh Naskar, The Hon'ble Ardhendu Shekhar Naskar, Shri Khagendra Nath Pal, Dr. Radha Krishna Pramanik, Shri Rajani Kanta Pramanik, Shri Tarapada Prasad, Shri Shiromani

Ray, Dr. Anath Bandhu Roy, Shri Bankim Chandra Roy, Dr. Indrajit Roy, Shri Nepal Chandra Roy, Shri Tara Pada Saha, Shri Dhaneswar Saren, Shri Mangal Chandra Sarkar, Shri Sakti Kumar Sen, The Hon'ble Bijesh Chandra Sen, Shri Narendra Nath Sen, The Hon'ble Prafulla Chandra Sen, Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Shamsuddin Ahmed, Shri Shamsul Bari, Shri Syed Sharma, Shri Jaynarayan Singhadeo, Shri Shankar Narayan Sinha, Shri Phanis Chandra Tarkatirtha, Shri Bimalananda Thakur, The Hon'ble Promatha Ranjan Tudu, Shrimati Tushar

The Ayes being 40 and the Noes 106, the motion was lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 8,18,41,000 for expenditure under Grant No. 42, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works" be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

#### AYES-39

Abdul Bari Moktar, Shri Abul Mansur Habibullah, Shri Syed Baksi, Shri Monoranjan Banerjee, Shri Bejoy Kumar Banerjee, Shri Gopal Basu, Shri Amarendra Nath Basu, Shri Debi Prosad Basu, Shri Hemanta Kumar Besterwitch, Shri A. H. Bhaduri, Shri Panchu Gopal Bhattacharjee, Shri Nani Bhattacharya, Dr. Kanai Lal Chakravarty, Shri Haridas Chattoraj, Dr. Radhanath Das, Shri Narayandas Das, Shu Nikhil Das, Shri Sambhu Gopal Das, Shri Sudhir Chandra Das Gupta, Shri Sunil Das Maĥapatra, Shri Balai La!~ Dhibar, Shri Radhika Ghosh, Shri Deb Saran Golam Yazdani, Dr. Guha, Shri Kamal Kanti Hazra, Shri Monoranjan Kuiry, Shri Daman Kundu, Shri Gour Chandra

Mahata, Shri Padak Majhi, Shri Kandru Mandal, Shri Siddheswar Mukhopadhyay, Shri Bhabani Nawab Jani Meerja, Shri Syed Raha, Shri Sanat Kumar Roy, Shri Bijoy Kumar Roy, Dr. Narayan Chandra Roy Pradhan, Shri Amarendra Nath Saha, Shri Abhoy Pada Sen Gupta, Shri Tarun Kumar Saren, Shri Suchand

#### NOES-105


# Dr. Radhanath Chattoraj:

১৯৫৯ সালে বন্যা তদন্ত কমিটি পশ্চিম বাংলায় বন্যানিয়ন্দ্রণ ও জলনিকাশ সম্পর্কৈ বে গ্রেন্থপূর্ণ রিপোর্ট দাখিল করেছিলেন সেই রিপোর্ট সম্পর্কে আমাদের বিধানসভায় আলোচনা হওরা উচিত ছিল এবং আমি দাবি করি সে সম্পর্কে এখানে আলোচনা হোক। কারণ, বন্যা তদন্ত কমিটির চেরারম্যানের রিপোর্টে দেখা যায় বিহার সরকারের প্রতিনিধিগণ আমাদের পশ্চিম বাংলার ইপ্রতিনিধির সংগ্ একমত হন না, এবং বিহার-সরকার অসহযোগিতার মনোভাব দেখাছেন। পাশ্ববিতী রাজ্যের এইরকম অসহযোগিতার মনোভাব থাকলে এটা খ্বই মারাত্মক মনোভাব। আমাদের বন্যানির্দ্রণ কখনই সম্ভব হবে না। পশ্চিমবশ্গ-সরকার বিহার-সরকারের এই অসহ-

বোগিতাম, লক মনোভাব দ্রে করবার জন্য কি চেণ্টা করেছেন সে সম্পর্কে মলিয়হাশয় কোন আলোকপাত করেন নি। সেজন্য আমি তাঁকে অনুরোধ করব মলিয়মহাশয় যেন এই বিষয়ে আলোকপাত করেন। তারপর, বন্যানিয়ল্যণের অভাবে ভূমিক্ষয় নিবারণ এবং চাযের জলাভাব দ্র করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে মলিয়মহাশয় সেই বিষয়েও কোন আলোকপাত করেন নি। যাই হোক, আমি ময়্রাক্ষী এলাকা সম্পর্কে আমার বন্ধবা সীমাবন্ধ রাখব। বন্যা তদ্দত কমিটি ভাগারথীর পশ্চিমাণ্ডলের নদীগ্লির জলনিকাশের ব্যবস্থা সম্পর্কে ক্তগ্রেল গ্রেব্রুত্বপূর্ণ প্রস্তাব করেছেন, তাঁরা বলেছেন,

The first and foremost remedial measure proposed for the region is the improvement of the Bhagirathi which is the main drainage artery of this area. This river devoid of perenial headwater supplies has been deterior rating rapidly and its carrying capacity has also become very much limited with the result that the drainage congestion has increased. The river can be improved only by restoring head water supplies which is envisaged in Ganga Barrage. Project. The Committee, therefore, recommends this scheme as one of the vital importance not only for this region but also for the conservancy of the river Hooghly in its lower reaches.

ফারাক্কা ব্যারেজ কতদিনে হবে এ সম্পর্কেও তাঁরা অগুসর হন নি এবং হতে পারবেন বলেও আশা করা যায় না। ময়্রাক্ষী পরিকল্পনার কাজ কর্তাদনে নিপ্পন্ন হবে ঠিক নাই। তদ্পার যতাদন না গঙ্গা ব্যারাজের কাজ হচ্ছে তর্তাদন পশ্চিমবংগের বন্যানিয়ন্ত্রণ করতে পারবেন না, জলনিকাশের বাবস্থা করতে পারবেন না.

western tributaries of the Bhagirathi bring in considerable volumes of sand and water adversely affecting the basin of the river.

এই অজয় বেসিন যদি না হয় তা হলে প্রচুরভাবে বালি এসে জমির উর্বরাশক্তি নণ্ট করে দেবে এবং জমিগ্রিল বালিপূর্ণ হয়ে ভরাট হয়ে গেলে আরও বড় বড় বন্যা হওয়ার আশঙ্কা দেখা দেবে। So, the Committee recommends that control of floods in these tributaries, specially the Ajoy, which has no retention basins is urgently called for.

আজকে এই অবস্থার ফলে মর্রাক্ষী পরিকল্পনার এলাকায় ৮৯ হাজার স্কোয়ার মাইল এবং বীরভূম জেলার ক্যাচমেন্ট এরিয়ার ১,২৬৬ বর্গমাইলব্যাপী ভূমি সম্পূর্ণ নন্ট হয়ে বাজে। তারপর ভূমিক্ষয় নিবারণের জন্য কি চেন্টা হয়েছে মন্তিমহাশয় বলে দেবেন। ভূমিক্ষয় নিবারণের জন্য বন্যা তদন্ত কমিটি কতগালি দীর্ঘস্থায়ী ব্যবস্থার কথা বলেছেন। এবং বন্যা তদন্ত ক্যিন্ট্রী ক্তকগালি দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী পরিকল্পনা দাখিল করেছেন।

[1-20—1-30 p.m.]

ার্ট্যমেরাদী পরিকল্পনার কথা ছেড়ে দিলাম কিন্তু স্বল্পমেরাদী পরিকল্পনাগ্র্নালর মধ্যে । মর্রাক্ষী সিস্টেম অফ রিভার সংস্কার করার জনা তাঁরা কাজ করতেন তা হলে অন্ততপক্ষে এতাক বংসর যে ছোট ছোট বন্যায় একটা ব্যাপক এরিয়া নন্ট করছে সেগ্র্নাল হত না। ছোট ছোট পরিকল্পনার কথায় বলেছেন যে—

mproving the existing outfall channels, provisions of additional drainage utlets, provision of additional waterways in this section of the Bandel-Barharwa Loop, removing or retiring some of the "gher bunds" and consructing escapes or sluices in all the "gher bunds" decided to be retained." 
ই ছোট ছোট কাজগুলি যদি করতেন তা হলে অনেক উপকার হত। আমার আগে মাননীর দিসা অভয়পদবাব লাগালহাটা বিল ড্রেনেজ দকীম সদবন্ধে বলেছেন। এইসব বিল এলাকার

াপস্য অন্তর্মপদবাব লাণ্গলহাটা বিল ড্রেনেজ স্কীম সম্বন্ধে বলেছেন। এইসব বিল এলাকার ারিভূম, ম্বিদাবাদ দিরে একটা ব্যাপক এলাকা জবুড়ে বাঁধ আছে। সামান্য খরচ করে এই সমস্ত এলাকা আবাদবোগ্য করা সম্ভব। সেজন্য বন্যা তদস্ত কমিটি একটা রিপোর্ট দিরেছেন যে, কু'রো গলপ্রামের পাশ দিয়ে একটা নৃতন কাট করে ভাগীরথীতে দেবার ব্যবস্থা করলে এই এলাকা সম্ভতপক্ষে বাঁচতে পারে। তা ছাড়া সাঁইখিয়া রেলওয়ে স্টেশনএর পূর্বে দিয়ে মর্ব্রাক্ষীর দক্ষিণ এবং ভান এই দুই খারে যদি এমব্যাঞ্চমেন্ট দেওরা হয় তা হলে বন্যা কমতে পারে। বৃহৎ বন্যাকে আপনারা রুখতে পারলেন না সেটা আমরা জানি। কিন্তু ছোট ছোট বন্যার হাত থেকে রুখতে গেলে সামান্য কাজ করলেই হয়, অথচ এর জন্য বেশি টাকা খরচ হয় না। এই কাজগুলি যাতে আপনারা করেন সেদিকে আপনার দুফি আকর্ষণ করছি। তারপর আমি আমাদের ময়রাক্ষী এলাকায় জলকরের ব্যাপার সম্বশ্ধে বলব। সেখানে প্রথমে সাড়ে ছয় টাকা, তারপর সাড়ে সাত টাকা, তারপর নয় টাকা এবং শেষে দশ টাকা কর আপনারা প্রবর্তন করেন। আমরা কর দেব না একথা বলব না—কর দেবার প্রয়োজন আছে একথা ঠিক। কিন্তু এক সঙ্গো এক বছরে এমনভাবে কর আদায় আপনারা আরম্ভ করেছেন যাতে মানুষ অস্পির হয়ে পড়েছে। আমরা বলেছিলাম যে অন্ততপক্ষে সাড়ে পাঁচ টাকা হারে অন্যায় করতে, মানুষ ফল ভোগ করত একটা পরিকল্পনা হলে, দেশের কিছু উন্নতি হত তাহলে আলাদা কথা, কিন্তু পরিকল্পনার ফলভোগ কৃষক করতে পারল না। আপনাদের ফুড গ্রেন্স এনকোয়ারি কমিটি বলেছেন—

It is expected that after the farmer has become convinced of the utility of irrigation by observing actual improvement in his production, he will be willing to pay the proper rates. We are of the opinion that in areas where full use of irrigation facilities needs to be encouraged, cultivators should be supplied irrigation water at concessional rates during the first few years. The C.D. and N.E.S. Blocks in such areas should include a part of their programme, an intensive campaign to teach the cultivators the use and benefits of irrigation.

একথা যা উপরওয়ালারা বলেন সেসব আপনারা দেখেন না। আপনাদের থে**য়ালথ**িশমত, যা ই**চ্ছা** তাই আপনারা করছেন। কিল্ডু আপনারা আশ্চর্য হয়ে যাবেন যে, প্রথিবীর কোন রাম্মে—এক পাকিস্তান এবং ভারতবর্ষ ছাড়া-ক্যানেলের জলের উপর টাক্স নেই। সমাজতান্ত্রিক দেশের কথা वलाल आপনারা চটে যাবেন, किन्छ धनर्जान्तक एम জाপান, আমেরিকাতেও ক্যানেল ট্যাক্স নেই। যেমন বাস্তা করার সময়, চিকিৎসার জন্য হাসপাতাল হয়, শিক্ষ র জন্য বিশ্ববিদ্যালয় হয়, যেরক্ম মূল রাজন্ব থেকে খরচ হয়, তেমান কৃষির উন্নতির জন্য কোন ইরিগেশনএর ব্যবস্থা থাকবে না? কুষির উন্নতি যদি হয় তা হলে অন্যান্য জিনিসেরও উন্নতি হয়। কুষকের যদি উন্নতি হয়. কুষক র্ষাদ বেশি উৎপাদন করে তা হলে আমাদের দেশে খাদাশস্যের যে ঘার্টাত সেটা পারণ হয় এবং স্থেগ স্থেগ কৃষকের ক্রয়ক্ষমতা বাড়ে। কৃষকের ক্রয়ক্ষমতা বাড়লে সে বিভিন্ন রকম ভোগাদ্রব্য ক্রয় করবে এবং তখন বিবিধ কারখানা গড়ে উঠবে কৃষকের চাহিদা মেটাবার জন্য এবং তা থেকে সরকার প্রচুর সেস ও বিক্রয়কর পাবেন যা থেকে তাঁদের ধনভাণ্ডার পূর্ণ হবে। একদিবে ক্ষকদের বিনা প্রসায় জল দিয়ে দেশের বেকার সমস্যা এবং শিল্প সংগঠন কর্ন-কিন্তু এাজকে আপনারা তা না করে সব ধরংস করে দিচ্ছেন—আজকে কৃষকদের সংহার পব আরম্ভ হয়েছে। আমি দেখতে পাই যে, আমাদের জেলার এ ডি এম একটি সম্মেলন ডেকেছিলেন —একটি সাংবাদিক সম্মেলন ডেকেছিলেন—সেই সম্মেলনে জলকরের জন্য এ ডি এম বলেছিলেন যে ২৩ হাজার সার্টিফিকেট হয়েছে এবং গর, কোক হয়েছে, নিলাম হয়েছে। দেশের এই দুর্দিনে দেশের মানুষের মনোবল ভেঙ্গে দিচ্ছে, সর্বনাশ করছে দেশের, সেখানে দেখা যাচ্ছে ২৩ হাজার স্টিফিকেট জারি হয়েছে ময়ারাক্ষী পরিকল্পনা এলাকায় সেটা বিগত বংসরের এপ্রিল হইতে বর্তমান বংসরের জানুয়ারি মাসের শেষ পর্যন্ত ২৫ লক্ষ টাকা আদায় হইয়াছে—পূর্ব বংসরে ঔ আদা রর পরিমাণ ছিল ১৭ লক্ষ টাকা। তিন বংসর পূর্বে কৃষকগণ ষেসকল আর্পন্তি দারে। করিয়াছিলেন তাহার সংগ্রে প্রায় ৩০ লক্ষ টাকা সংশ্লিণ্ট ছিল। এখানে উল্লেখবোগ্য বে গং বংসর ধার্যা ক্যানেল করের পরিমাণ মাত্র ৫৫ লক্ষ টাকা। ঐ আপন্তির কোন নিষ্পত্তি অদ্যাবী হয় নাই বলিয়াও তিনি স্বীকার করেন। যেখানে জল যায় না সেই জায়গার উপর সরকার কর্তপক্ষ নোটিস জারি করছে যেমন আলে জমিদারীতে ছিল—সেখানে বে কি অবস্থা হরেছে ত प्रथा दश् नि—रम्थात कर स्थापन टक्क, **এ**ইरक्म किंद्र कन भाक्त वा ख क्रक क्रीम रवि निरंहर। তাদের উপর সার্টিফিকেট জারী হচ্ছে এইরকম কে জল পেয়েছে তার ঠিক নেই, জ্ঞাট রাাল্ডা भार्षिकिको रास बाह्य। मस्ताको कार्तन अनाकात वर, कार्रभार कन छेठे ना वा अधितः জন প্রবাহিত হইয়া ফসল নন্ট হইয়া যায় সেই সমস্ত জারগার কৃষকদের অভিযোগ শুনিবার জন य সরকারী নির্দেশ জারী হয় তাহা কৃষকগণের মধ্যে ভালভাবে প্রচার হয় না ও ভালভাবে তদুক হয় না, সেই কারণে অহেতক ক্রমকদিগকে হয়রানি হইতে হয় ও অন্যায়ভাবে ভ্রমকর দিতৈ হয় সে কারণ ক্যানেল সংক্রান্ত ষাবতীয় অভিযোগ তদনত করিয়া রিপোর্ট দাখিল করিবার এক একটি ধার্নাভিত্তিক কমিটি গঠন করা দরকার, এই বিষয়ে সরকার উদাসীন। এই আশাতে কৃষকদের হারান করবেন না। জলকরের হারা আপনারা হিচার করে যে জল পেল কি পেল না, সেগালি ভালভাবে দেখন। কোন কোন জায়গায় জলে জমি ভাসিয়ে নিয়ে গিয়েছে, কোন জায়গায় পায়াপারের সাঁকো নাই, এইসব দেখন বহুবার আমি জানিয়েছি, কিন্তু আপনারা গ্রাহ্য করেন নি আপনার দণতর কিছুই শানেন নি: কেসোরা গ্রামের দক্ষিণে ময়্রাক্ষীর সাউথে মেন ক্যানেলের উপর যে সাঁকো করার দরকার তাও শোনেন নি।

[1-30-1-40 p.m.]

### Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় দ্পীকার মহাশয়, দামোদর ভালী কপোরেশন গত ১৪ বংসর ১০০ কোটি টাকা খরচ করে যা করেছে তা আমাদের দেশের মানুষ আজকৈ অনুভব করছে যে মোটেই তা সভেতাষজনক নয়। অভকে যদি এই পরিকলপনাকে সার্থিক করা যেত তা হলে বিহারের এবং বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষের মধ্যল হত এবং তাদের অনেক কিছ্ শ্ভাশ্ভ এই দামোদর ভালো কপোরেশনের সাফলোর উপর নির্ভাব করছে।

সেচের ব্যাপারে আমরা দেখতে পাই যে দামোদর ভালে কপোরেশনের বহু গলাত এবং গাফিলতি এই সেচের জল দেবার ব্যাপারে আছে। আমি এখন এর বিশেষ বিরাট তথ্যের মধ্যে যেতে চাই না। আমি শুধু মাননীয় মিল্টমহাশয়ের দ্ভিগোচর করব—একটা দরখাদেতর কপি—যেটা আমাদের নেতা প্রীহেমন্তকুমার বস্মহাশয়ের কাছে পাঠানো হনয়ছে এবং তার অরিজিনাল পাঠানো হয়েছে মিল্টমহাশয়ের কাছে। তাঁরা এর ভেতর এক জায়গায় বলছেন——"তব্ও তাদের বাধ্যতাম্লকভাবে জলকর দিতে হয়েছে বা হছে। শুকোহাজা হয়েছে তব্ও তাঁরা জল পান নি। উপরক্ত ডি ভি সি-র গড়ানো জল আমাদের উত্তর মাঠের নাবাল জমিন্দিতে জমিয়া ধানা ফসল হাজিয়া পচিয়া যায়।"

যা হোক, এই ধরনের বহ**ু অভিযোগ অনুযোগ আছে। ১৯৫৬ সাল ও ১৯৫৯ সালের** বিধন্ধসী বন্যায় আমরা দেখতে পেয়েছি ঐ রক্ষ বন্যা এলে ডি ভি সি কিছু করতে প্রছে না সেদিক থেকে ডি ভি সি বার্থ হয়েছে।

হাইড্রো-ইলেকট্রিসিটির ব্যাপারেও আমরা দেখতে পাচ্ছি গ্রমকালে এই এইড্রে ইলেকট্রিক তারা ঠিকমত সাম্লাই করতে পারেন নি। প্রথম যথন ডি ভি সি-র পরিকল্পনা করেছিলেন দশ-বার বছর আগে এ সম্বন্ধে যে রুণগীন ছবি আমাদের কাছে মন্তিমহাশয় এপুকছিলেন সেটা আজকে সফল হয় নি. বার্থ হয়েছে। এই বার্থতার কারণটা কি? আমি মনে করি এই বার্থতার জনা দায়ী হচ্ছে এটার রূপায়ণের ভার যাদের উপর ছিল, সেই সমসত অফিসার্দের অযোগতোই এর জন্য দায়ী। এবং পশ্চিমবঙ্গ-সরকার, বিহার-সরকার এবং কেন্দ্রীয় সরকার যে সহযোগিতার মনোভাব নিয়ে এই পরিকল্পনাকে কার্যকরী করবার জন্য এগিয়ে গিয়েছিলেন এই অফিসারচক্ত তাদের অযোগাতা ঢাকবার জন্য, তাঁরা ষড়যন্ত করে প্রাদেশিকতা ঢুকিছে দিয়ে এই তিনটা সরকারের মধ্যে একটা অবিশ্বাসের ভাব ফুটিয়ে তুলেছেন। তার ফলে মামলা তো হচ্ছে এবং এই ডি ভি সির মধ্যে বিহার-সরকার একদিকে টানছেন, বাংলা-সরকার আর একদিকে টানছেন। আর মাঝখান থেকে কেন্দ্রীয় সরকার দ্বজনকৈ থাবা মেরে বসিয়ে দিচ্ছেন। এই অবস্থা হয়েছে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি বাংলা এবং বিহারের সাধারণ মানুষ তার ফলভোগ করছে। স্যার আমি যেকথা বললাম, এই সমস্ত অফিসাররা কেন দায়ী আমি ক্ষেক্টি উদাহরণ দিয়ে পর পর বলে যাচিছ। যখন পি রাও চেয়ার্ম্যান ছিলেন ত**খন** দেখেছিলাম তথন থেকে জিনিসটা শ্রে হয়। গত পাঁচ-সাত বছর আগে আমরা দেখেছি**লাল** কাজকর্ম বেশ হচ্ছিল : হঠাৎ তিনি জনকয়েক মাদ্রাজী অফিসারকে উপরে বসিয়ে দিয়ে বাংগা**লী** অফিসারদের দমাবার চেণ্টা করলেন। সেই থেকে শ্রু হল। তারপর দেখলাম বিহার থেকে একজন পারসোন্যাল অফিসার মিঃ পাণ্ডেকে নিয়ে আসা হল। তিনি বাণ্গালী-বিহারী ফিলিং প্রবেশ করাতে অরম্ভ করলেন এই ডি ভি সি-র মধ্যে। সে সম্বন্ধে দুটি তথা পরে রাখব।

ভারপর দেখতে প ই হঠাং ডি ভি সি ঠিক করলেন—তাদের কেন্দ্রীর দণতর মাইখনে ট্রান্সকার করবেন। যুদ্ধি তার পিছনে কিছু নাই এই হাউসে আমরা এ নিয়ে বারবার বলেছি। काशास्त्र अहे नित्र वह प्रभारमाहना हरहाए । अथह छौता छात्र न्वशास्त्र कान यू हि रमधार পারেন নি। তা সত্ত্রেও সেই প্রচেণ্টা এখন চলেছে। আমরা দেখছি কি এর ভেতর দিরে: না চীফ ইলেকট্রিক্যাল অফিসারের অফিসটা মাইথনে সরিয়ে নিয়ে বাওয়া হল। আর অজিয়-বাব, এখানে বললেন এটার প্রয়োজন ছিল। আমরা যা খবর পাই তাতে দেখতে পাছি ইলেকট্রিক সাংলাই কর্পোরেশনএর সংখ্য নির্মাতভাবে যে সংযোগ রাখার ব্যবস্থা ছিল, এটা **থ্রান্সফার হবার ফলে সেই সংযোগ রাখতে অস**ূবিধা হল। তার জন্য আবার একটা কেরিয়ার সার্ভিস রাখতে হচ্ছে। সেজনা আরও বেশি ঢাকা খরচ হবে। কিল্ড এর প্রয়োজন কি ছিল তা তিনি বললেন না। এর উপর আবার মন্তিমহাশর শোনালেন মাইথনে আর কোন অফিস বাবে না। রেডিওতে শ্রনছি আরও তিনটা অফিস ট্রান্সফার হরে বাবে পারচেক্ত, আ্রাকাউন্টর এবং পারশোনেল। গঅ ৭-২-৬২ তারিখে ডি ভি সি-র তিলাইরাতে তিনিধিদের বে মাসিক বৈঠক হয়েছিল, তাতে এটা ঠিক হয়েছে। এবং সেখানে নাকি আমাদের পশ্চিমবঞ্জের সদস্য শ্রী এ ডি খান তিনি সম্মতি দিয়ে এসেছেন, হার্ন, এটা হতে পারে। অবচ মাননীর মুখ্যমন্ত্রী মহাশর তার উদ্বোধনী বক্তুতার যা বললেন, তাতে মনে হল এই রক্তম খবর নেই। আমি জিজ্ঞাসা করতে চাই এ সম্বন্ধে তাঁর কাছে কোন তথা আছে কিনা? এবং তা **থাকলে, তিনি** বেন হাউসকে ঠিকমত তা জানান। স্যার এই দামোদর ভ্যাাল কপোরেশনের চেরারম্যান 🚉 এস লাল তিনি এই অফিসটাকে মাইথনে ট্রান্সফার করবার জনা উঠেপড়ে লেগেছেন। তিনি দিল্লী থেকে যথন আসেন তথন তিনি আভ্ডারসন হাউসে ঢোকেন না। শুনেছি তিনি তাঁর আত্মীয়ের বাড়িতে থাকেন, সেখানে তাঁর ফাইলপত সংগ নিয়ে যাওয়া হয়। কারণ তিনি ঠিক করেছেন মাইখনে যেদিন হেড অফিসটা ট্রান্সফার হবে, সেদিন তিনি সেখানে গিয়ে চুকবেন। তিনি পদত্যাগ করবার হুমুকি দিয়েছেন, এই কথা অজয়বাবুর মূখ থেকে শুনেছি। এই ধরনের চেয়ারমান, তিনি একজন অযোগ্য বান্তি এবং তাঁর অযোগাতা ঢাকবার জন্য আজকে প্রাদেশিকতার বীজ এর মধে। ঢ**্রাক্ষের দিচ্ছেন। বিহার, পশ্চিমবঙ্গ এবং কেন্দ্রের মধ্যে একটা ঝগড়া বাঁধিরে** দিচ্ছেন।

স্যার. এই শ্রী লাল সম্বন্ধে আমার গ্রিকতক অভিযোগ আছে। তিনি ব্যক্তিগতভাবে খুব কুনি লোক নন। সমসত বাাখা৷ করে বলতে চাই না। আমার কাছে আরও অনেক তথা আছে এই ভদ্রলাকের বির্দ্ধে, তা বলতে গেলে অতাশত নাংরামি হবে, আমার মুখ দিয়ে সেটা বলতে চাই না। শুধ্ আমি এখানে একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই। গত নভেম্বর-ডিসেম্বর মাসে তিনি তার ফাামিলির কয়েকজন লোককে সপ্গে নিয়ে ডি ভি সি-র গাড়িতে করে ৭-৮ দিন ধরে গয়া, পাটনা, হাজারিবাগ ভ্রমণ করেন। এ ছাড়াও আরও অভিযোগ আছে, আমি সেগ্রিল রাখতে চাই না, কারণ, এটা নোংরা বাাপার। এ ছাড়া আরও ডি ভি সি সম্বন্ধে অভিযোগ আছে। এই যে অফিসার-চক্ত আছে, তারা কপেরিশনের আসল ব্যাপারগ্রিল ক্রেপে যায়।

নেভিগেশন কানেলএর কথা অজয়বাব্ বলেছেন যে, আর এক বছর পরে এটা ওপেন করা হবে। দেখছি এক বছর, ছবে। কিল্টু আমরা শ্নেছিলাম পাঁচ বছর আগে, এটা ওপেন করা হবে। দেখছি এক বছর, এক বছর করে কেবল পিছিয়ে যাছে। এর দ্বারা আপনাদের অযোগ্যতা প্রমাণিত হছে। এই ক্রেভিলেশন ক্যানেল সন্বন্ধে যে অফসারটি কন্টাই করেছিলেন, এবং পাল্লা রোড রিজ, যেটা ভেগে যায়, সে সন্বন্ধে যে কন্টাইর কাজ করেছিলেন, আমার কাছে থবর এসেছিল যে, তিনি একথানি নতুন গাড়ি ইঞ্জিনীয়ার এস আর ঘোষকে উপহার দেন। এইরকম একটা অভিযোগ আমার কাছে এসেছিল। আমি আশা করব এ সন্বন্ধে মাননীয় মন্দ্রিমহাশয় তদল্ভ করবেন। স্যার, এ ছাড়া আরও অনেকগ্র্লি অভিযোগ আমার কাছে এসেছে, তার মধ্যে দ্ব্-চারটে আপনার সামনে রাখতে চাই। সেগ্র্লি হচ্ছে এখানে এই সংস্থায় বাঞ্গালীর উপর কিছ্টা অভ্যাচার করা হচ্ছে বলে আমার মনে হয়। তব্ও বাহাত দেখা যায়, এখানকার জেনারেল ম্যানেজার ব্রী। এইচ, এন, রায়, বাঞালাী। তিনি যেদিকে স্ব্বিধা সেদিকে চলেন এবং

[1-40—1-50 p.m.]

ূবি অখ্যাতি কুখ্যাতি পশ্চিমবংশ্য প্রচুর আছে। কোচবিহারে গ্রাল চালানো থেকে আরম্ভ করে অনেক কিছু তিনি কীতি এই পশ্চিমবঞ্জের প্রশাসনিক কালে রেখে গিয়েছেন। সেখানে L গারে বেহেত দেখেছেন এস লাল বিহারী এবং বিহারীর পালা সেখানে ভারি, তিনি তাদের সঙ্গে হাত মিলিয়ে আজকে এই বাণ্গালীদের উপর অত্যাচার চালাচ্ছেন। আমরা আমাদের কাছে খবর আছে বে, বাঙগালী অফিসারদের নানারকম ভয় এই চেয়ারম্যান লালের ন্ত্রফ থেকে দেখানো হয়। অনেক ক্ষেত্রে তাদের এই ইন্ডিয়া ডিফেন্স আছে গ্রেন্টার করার क्रम (मधाता रहा। मात् वाश्मामी निर्द्यांग क्रवात वाभात यार्ट अक्म्य वन्ध रहा जीत सन् আগে এরা ইন্টারভিউ নিত আন্ডারসন হাউসে, সেই ইন্টারভিউ আজকাল আন্ডারসন হাউসে নেওয়া হয় না। অজয়বাব জানাবেন কি, কেন অ্যান্ডারসন হাউসে এই ইন্টারভিউ নেওরা বন্ধ হয়েছে? আজকাল ইন্টারভিউ নেওয়া হয় বিহারের বিভিন্ন এলাকায়, মাইখন, তিলাইরা, পাটনা ইত্যাদি জারগার। এখানে ইন্টারভিউ নিলে অসূর্বিধা আছে, তার মধ্যে থেকে বাণ্গালীকে কিছু কিছু নিয়োগ করা হতে পারে, সেইজনা ইন্টারডিউ ও নিয়োগ সম্পূর্ণ বাংলার বাইরে হক্ষে। আমাদের এই ডি ভি সি-র মধ্যে জয়েল্ট পার্সোনেল অফিসার, শ্রী আর এন পাল্ডে, বাঁর কথা অনেকেই উল্লেখ করেছেন, তিনি প্রাদেশিকতার বীজ ঢোকাবার জনা সম্পূর্ণ দায়ী। <sup>6</sup>তনি ডি ভি সি-র মধ্যে ক্লাস ৪ স্টাফ, মেনলি বিহারী ও ইউ পি-র লোক। তাদের নিরে বাভিতে সভা করেন এবং একটা চক্র সংগঠন করছেন যার মাধ্যমে বাণ্গালী বিশেবষ তিনি ছডিব্লে ্রেডাচ্ছেন। স্যার, এরপর আমি কয়েকটি ডি ভি সি-র অপব্যয়ের নমুনা আপনার দামনে তলে ধরছি। স্যার, এই জরুরি অবস্থায় যখন টাকাকডি বাঁচাবার প্রচেষ্টা করা হচ্চে সরকারপক্ষ থেকে, এই ডি ভি সি-র মধ্যে আমরা খবর পেলাম যে, কিছুদিন আগে ১৮ জন অফিসারের প্রায় ২০০ থেকে ৫০০ টাকা মাইনে বাড়িয়ে দেওয়া হচ্ছে। এবং এইভাবে को नार्क्नात नाकि आति कता दशाहि। आत्रि प्रान्तिशामात्रक किखाना कता हो दि. এর ম্বারা ডি ভি সি কত টাকা খরচ করতে চলেছে। এই জরুরি অবস্থায় তার প্রয়োজন মাছে কিনা। সাার, যখন মাইথনে এই চীফ ইলেকট্রিকালে ইঞ্জিনীয়ারের অফিস স্থানাস্তরিত করা হয় তথন বিভিন্ন সংবাদপত্তে এই সংবাদ পরিবেশন করা হয়েছে যে ডি ভি সি-র ইলেক-ট্রিক্যাল ইঞ্জিনীয়ারের অফিসটি স্থানাল্তরিত করা হচ্ছে মাইথনে। কিল্ড আমাদের দেশের পরিকাগলে অন্তত এটা ছাপাতে রাজি হয় নি এবং ছাপান নি। তখন ডি ভি সি খেকে ১৮ হাজার টাকা খরচ করে পশ্চিমবশ্যের বিভিন্ন পত্রিকায় এই নিউজ প্রচার কর্মীর জনা দেওয়া হয়। অবশ্য তাতে তারা "আনন্দবাজার পত্রিকা"কৈ বাদ দিয়েছিল। দেবার কারণ যথেষ্ট আছে। কারণ "আনন্দবাজার" তাদের বিরুদ্ধে সমালোচনা করে এবং সেই সমালোচনার তারা জবাব নিতে পারে না। সেইজনা এই পত্রিকার ওপর রাগ বলে তারা দেয় নি। যাই হোক, তাতে ভালই ্রেছে, কিছু, টাকা অন্তত বেণ্ডেছে, এই টাকা খরচ করার কি প্রয়োজন ছিল আমি জিজ্ঞাসা <sup>হ</sup>রতে চাই। এ ছাডা রাহা খরচ বাবত এখানকার অফিসার কিভাবে খরচ করেন তার একটা ন্মুনা দিচ্ছি। ডি ভি সি-র ভি জি কামাথ তিনি এই রাহাথরচ বাবত সাডে বোল হাজার গকা নিয়েছেন। এ ছাড়া ডি ভি সি-র মাসিক বৈঠক তার জন্য প্রত্যেক মাসে অভিবিক্ত খরচ াছে প্রায় ১৫ হাজার টাকা করে। স্যার, এই মাসিক বৈঠক আগে অ্যান্ডারসন হাউস-এ হত জন করে অফিসার—বাঁরা মেন্বার—তাঁরা আটেন্ড করতেন এবং তার সংগ্র ফাইনালিবরাল প্রফিসাররাও অ্যাটেন্ড করতেন। এখন তিলায়া, মাইথন, পাটনা ইত্যাদি জায়গায় অর্থাৎ বাইরে ূই বৈঠক হয় এবং জন দুই অফিসার আটেন্ড করবার জন্য যান এবং তারা রাহাখরচ পান ্রএভাবে অন্যায়ভাবে খরচ করা হচ্ছে। স্যার ডি ভি সি-রুমধ্যে আর-একটা অব্যবস্থা আছে, महोत कथा वर्तन এवः आभारमत मावित मन्भरकं मः - अकहो कथा वर्तन आभि आभात वस्त्र एनव <sup>-রব</sup>—সেটা হচ্ছে ডি ভি সি-র করেকজন অফিসারের বয়স ৬২।৬৩ হয়ে গিয়েছে মার্টিকুলেশন ার্টিফিকেট অনুযায়ী, কিন্তু তারা কোর্ট-এ এফিডেভিট করে বয়স কমিয়ে রেখেছেন-এই নপারে চীফ মেডিক্যাল অফিসার অত্যন্ত আপত্তি জানিয়েছেন। আমরা মনে করি অফিসার-নর ক্ষেত্রে এইসমুহত যদি হয় - এটা অভানত ইরেগুলার। এই বিষয়ে আশা করি মাননীয় মুন্তি-্হাশয় তাঁর বন্ধব্য রাখবেন। আমার শেষ বন্ধব্য ডি ডি সি সম্পর্কে—আমি যে বন্ধব্য এখানে ্রথন রাখছি এটা শুধু আমাদেরই বন্তব্য নর—কুক্তমাচারী, কেন্দ্রীর মন্দ্রী—তিনিও এই ডি ভি

সি-কৈ অপদার্থ বলে সমালোচনা করেছেন, তিনি ডি ভি সি-র আইন সম্পূর্ণ নাকচ করে নতুন আইন করার কথা বলেছেন। আমাদের দাবি হচ্ছে, ডি ভি সি-র এইসমস্ত জিনিস তদন্দ করবার জন্য একটা হাই পাওয়ার কমিশন গঠন করা হোক এবং তাদের মারফত সমস্ত জিনিস তদন্ত করা হোক—ডি ভি সি-র আইন বদলে ডি ভি সি-কে ঢেলে সাজা হোক—এটাই আমাদেদ দাবি।

#### Shri Probhakar Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী যে বায়বরান্দের দাবি উপস্থাপিত করেছেন আমি তার সমর্থন করতে উঠে একটা বিষয়ের প্রতি আপনার দুন্টি আকর্ষণ করতে চাই। একথা ঠিক যে, আমাদের বাংলাদেশের মত কুষিপ্রধান দেশে সেচবাকথার উপর আমাদের অর্থ নাতি অনেকখানি নিভার করে। একথা ঠিক যে, আমাদের সরকার স্বাধীনতা পাওয়ার পর থেকে কৃষির উল্লতির জন্য যে সেচবাবস্থা গ্রহণ করেছেন নিশ্চয়ই তা উল্লেখযোগাভাবে প্রশংসা করার মত কারণ আছে। আমাদের পশ্চিম বাংলায় যে ৭ লক্ষ টন খাদ্যোৎপাদন বৃদ্ধি পেয়েছে তার অনেকথানি সেচবিভাগের কলাণেই হয়েছে, সে সম্পর্কে আজকে দ্বিমত নাই । তা সত্তেও আমি মনে করি আমাদের পশ্চিম বাংলার মত অনগ্রসর দেশে যেখানে কৃষির উল্লতির এনেক সুযোগ রয়েছে সেখনে সেচবিভাগে এখনও অনেক কিছু করণীয় আছে। আমি মনে করি, পশ্চিম বাংলার যে খাদা ঘাটতি এখনও পর্যন্ত রয়েছে স্কুট্ সেচবাবস্থার মাধ্যমে তা অনেকথানি পরেণ করা যায়। আজ ডি ভি সি, ময়ুরাক্ষী পরিকল্পনা এবং অন্যান্য সেচ পরিকল্পনার মধ্যে দিয়ে আমাদের কৃষি-উল্লয়ন বাবস্থা আরও বাপেক ও স্কুনর করা যায় বলে আমার ধারণা। বড় বড় এবং ছোট ছোট খাল থেকে যদি সেচের বাবস্থা করা যায় তা হলে আমাদের কৃষি উৎপাদন বাড়বে, যেসমুদ্ত জমি একফসলা তাকে দো-ফসলা করতে পারা যায়. দ্র-ফসলা জমিকে তে-ফসলা করা যায়। আমি মনে করি, এইসব ব্যবস্থা **অবল**ন্বিত **হলে** আমরা খাদে। স্বয়ংসম্পর্ণ হবার পরে অনেকদরে এগিয়ে যেতে পারব। এই প্রসংস্থা আমি একটা কথা বলতে চাই যেটা সেচবাবস্থার দিক থেকে গরেম্বপূর্ণ বলে মনে করি। জল-নিষ্কাশনের অব্যবস্থার ফলে ১৯৫৬ সালে. ১৯৫৯ সালে বিধ্বংসী বন্যা হয়েছিল সেটা আমাদের সমরণ করতে হবে। সরকারী হিসাব থেকেই দেখা যায় ১৯৫৯ সালেই একমাত্র পশ্চিমবশ্যের ৪৩ কোটি টাকার কবিসামগ্রী নণ্ট হয়েছিল। এর থেকেই পশ্চিম বাংলার অধিবাসীদের দুর্গতির কথা বোঝা যাবে। আমার ধারণা সেচবাবস্থার অপেক্ষা জলনিম্কাশনের দিকে পশ্চিম-বর্ণা-সরকারের বেশি নজর দেওয়া উচিত। ১৯৫৯ সালের বন্যার পরে পশ্চিমবর্ণা-সরকার হৈ কমিশন নিয়োগ করেছিলেন তার রেকমেন্ডেশনগুলি যাতে অবিলন্দে কার্যকরী করা হয় তার জন্য আমি পশ্চিমবঙ্গ-সরকারের সেচমন্ত্রী মহাশয়ের দুষ্টি আকর্ষণ করছি। এই রেকমেন্ডে-শনগুলি ব্যাপক এবং বিরাট। সমুহত পশ্চিম বাংলার কথা আজকে আপনার কাছে নিবেদন করা সম্ভব হবে না, তাই আমি হাওড়া ও হুগলি জেলায় জলসেচের অসুবিধার কথা বলর 💛 মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন পশ্চিম বাংলার মধ্যে হাওড়া এবং হুর্গাল জেলা খুব ছন-বসতিপূর্ণ। হুগলি জেলায় বিকল্প কোন শিল্পব্যবস্থা না থাকার ফলে সেখানকার সমস্ত মান্**ষকে প্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভ**র করতে হয়। সূত্রাং সেচবাবস্থার উপর তাদের অর্থানীতি অনেক্থানি নির্ভারশীল এক্থা নিশ্চয়ই আপনাকে বোঝাতে হবে না। ফ্লাড এনকোয়ারি কমিশন বিশেষ গা্রাছ দিয়ে বলেছেন হাগলি জেলার জলনিক্লাশনের ব্যবস্থার কথা—কেদার নদী, কুলকিয়া নদী, তিরাসায়া নদীই হচ্চে একমাত জল বোরোবার পথ –এই নদীগলের মাধ্যমে নিউ কাচা গণগার মধ্যে দিয়ে ভাগীবথীতে এসে পড়ে --কিন্তু এইগ্রালি জল বেরোবার পক্ষে পর্যাণ্ড নয়। ডি ভি সি সেচের জন্য বিভিন্ন খাল কেটেছেন, তার মাধ্যমে চুচুড়া, হুগালির ধনেখালি থানা, চন্দননগর মহকুমার মহীপাল থানার সমস্ত জলটা গণগায় গিয়ে পডছে।

[1-50—2 p.m.]

আপনি জ্ঞানেন স্যার, এ সম্পর্কে নিউ কাটা খালটি ২ড় করবার জন্য ফ্লাড এনকে:র্য়ার কমিশন রেকমেন্ড করেছিলেন, আমি তার একটা অংশ এখানে পড়ে দিচ্ছি, The Committee approves the scheme and recommends its early implementation. The area is very near to Calcutta and it is likely to develop further. It may be difficult to implement the scheme if delayed.

ছ্লাড এনকোয়ারি কমিশনএর রেকমেন্ডেশনএর প্রতি আমি মাননীয় মন্তিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর-একটা কথা বলব হুগলির দক্ষিণ অঞ্চল সম্পর্কে। আপনি জানেন, স্যার, হাওড়া জেলা ও হুগলি জেলার অধিকাংশ জল বন্ধ্রপরে প্রানো থাল ও বড়তি খাল দিয়ে প্রবাহিত হয়ে প্রশায় গিয়ে পড়ছে—

[At this stage the red light was lit and the member took his seat.]

### Shri Kashi Kanta Maitra:

মাননীয় প্পীকার মহাশয়, নিছক নীতিগত কারণে মাননীয় সেচমুল্রী যে বরান্দের দাবির মার্ম্মরির জন্য প্রার্থনা করেছেন তাতে আমি বিরোধিতা করছি এবং তাঁকে আমি আশ্বাস দিতে পারি যে, অন্যান্য খাতে বিরোধিতা করতে উঠে যতটা তাঁরতার সংশ্য বিরোধিতা করেছি—ভাষা আমার আজকে ততটা জাের হবে না বটে কিন্তু তার চেয়ে বেশি তাঁরতা অন্ভব করছি। বিরোধিতা করার কারণ হিসাবে এবং আমি মনে করি, তিনি ব্রুতে পারবেন, যে লােকসান করিছ তার গ্রুত্ব আজকে যে ব্যাপক সেটা তিনি অন্ভব করতে পারবেন। আমি আমার আলােচনা সীমাবন্ধ রাথব ডি ভি.সি-র যে বাজেট বরান্দ রাথা হয়েছে তার উপর। দামােদর ভাালি করপােরেশন বাজেট এন্টিমেট অব ১৯৬০-৬৪ সেটার উপরই আলােচনা রাথতে চাই এবং কিভাবে দামােদর ভালা কপােরেশন, বিহার গভর্নামেট এবং কেন্দ্রীয় সরকার বাংলাদেশের উপর অবিচার চালাচ্ছেন আর সেই অবিচার কিভাবে আমাদের বিভাগায় মন্টিমহাশ্যরা সরকারের বড় বড় কর্মচারী এবং অফিসাররা তার সহায়ক হয়েছেন তার চিত্র আপনার কাছে পেশ করছি। দামােদর ভালা কপােরেশন যে আাক্ত আছে, আমি সেই আাক্তের প্রতি দ্ভিট আকর্ষণ করছি মন্টিমহাশ্যরে, বিশেষ করে সেকশন ১২-এ রুজ 'এ' এবং 'বি'। কুজ 'এ'-তে বলছে—

the function of the Corporation shall be promotion and operation of the schemes for irrigation, water-supply and drainage

#### এবং বি-তে বলছে--

the promotion and control of navigation in the Damodar river and tributaries and channels, if any.

এই দ্টার উপর আমি আলোচনা করব। এখন এই যে দামোদর ভ্যালা কপোরেশন রয়েছে এটা জানা দরকার যে, এই স্টোরেজ রয়েছে যেখানে জল রাখা হয়েছে তার তিনটে লেয়ার আছে —একটাকে বলে ভেড স্টোরেজ। সেখানে সেই জল আমরা কোনাদিনই স্পর্শ করতে পারব না। সেটা সব সময় আমাদের মেনটেন করতে হবে। ভেড স্টোরেজ লেবেলের পরের লেবেল হছেছ মানুন লেবেল—তার পরের লেবেল হছেছ মানুল লেবেল। একমার্র ম্লাড লেবেল যেটা আছে সেটা ৭ দিনের মধ্যে মানুভ ওয়াটার ভিসচার্জ করতে হবে—এটাই হছে বিধান। স্ভুলাং সমস্ত সেচের জনা এবং নেভিগেশনের জন্য আমাদের নির্ভর করতে হছে মনস্ন স্টোরেজের উপর। দামোদর ভ্যালী কপোরেশনে আজকে যে মোট বায় হবে ১৭১ কোটি টাকা বাংলাদেশের উপর । দামোদর ভ্যালী কপোরেশন আজকে যে মোট বায় হবে ১৭১ কোটি টাকা বাংলাদেশের উপর তার ভাগ পড়বে ১১২। তার মধ্যে দেখা যাছে ই অংশ আমরা বায় করছি এর জন্য। কিস্তু আমরা কি পাছি। এখন এর মাধ্যে আমরা দেখছি যদিও তারা বলছেন ইরিগেশন, ওয়াটার সাম্পাই, নেভিগেশন তার মধ্যে আমরা রাখছি ইরিগেশনের জন্য চাযের জল সরবরাহ হয়ে তার যে টোটাল থরচ হবে সে বায় কিভাবে নির্ধারিত হবে সেটা তারা বলছেন সেকসন ৩২ এবং সেকসন ৩৪০। সেকসন ৩৪ দুটি প্রিম্পিল লে ভাউন করেছেন। ফার্ম্ট প্রিস্পিল হছে খন্দ রাজাকে সেই থরচ বহন করতে হবে এবং শিবতীয় প্রিস্মিনৰ হছে সাব-ক্রজ ২তে দি ব্যালেশ্য

of the cost should be borne out of the common fund of the Corporation.

এখন এই কমন ফান্ড অব দি কপোরেশন ষেটা সেটা কপোরেশনের ফান্ড। সেখান থেকে যারা পার্টিসিপেটিং গবর্নমেন্ট বাংলা, বিহার, সেন্টার, প্রত্যেককে ইকোয়াল শেয়ার দিতে হবে। অথচ তার যে আয় থেকে টাকা সন্ধিত হচ্ছে সে টাকা ডি ভি সি খরচ করবে। আমাদের বাংলাদেশের ট্রেট্যাল এক্সপেশ্ডিচার যেটা কমন এক্সপেশ্ডিচার থেকে যত বেশি বেরিয়ে আসে ততই আমাদের বাংলাদেশের স্বার্থ । কিন্তু আমি দৃত্বধের সংশ্যে বলছি যে, বাংলাদেশের সরকার বাংলাদেশের দেশবিভাগ এবং ইরিগেশন ডিপার্টমেন্টে যাঁরা আছেন তাঁরা মন্দ্রীর চোখে খুলো দিরেছেন, রাজাসরকারের চোখে খুলো দিরেছেন, দেশবাসীর চোখে খুলো দিরেছেন, কারণ বাংলাদেশের টোট্যাল ইরিগেশন ওয়াটারের জন্য যে জল তাতে ডি ডি সি বলেছেন ৭৪ মিলিয়ন একর ফিট জল তাঁরা দেবেন। এক একরের উপর এক ফিট করে উ'চু জল হলে যত জল লাগে সেই হিসাবে ৭৪ মিলিয়ন একর ফিট কাপোসিটি যে জল সেই জল আমাদের দেবেন। বাংলাদেশের যথন এগ্রিমেন্ট হরেছিল তখন বলা হয়েছিল মিনিমাম গ্যারান্টিড অফটেক তার বেসিসে খরচের ভাগ হবে। বাংলাদেশ তখন বলেছিল, আমরা ৯০ পারসেন্ট অব দি টোট্যাল গ্যারান্টেড অফটেক নেব—বিহার সেদিন বলেছিলেন যে, আমরা ৯০ পারসেন্ট নেব—এখন দেখছি ৭৪ মিলিয়ন একর ফিট জল ডি ডি সি দেবেন কিন্তু এতদিন ধরে বাংলাদেশের বরাতে কত হয়েছে না—৩৪ মিলিয়ন একর ফিট জল ডি ডি সি দেবেন কিন্তু এতদিন ধরে বাংলাদেশের বরাতে কত হয়েছে

(2-2-10 p.m.)

তা হলে ৩৯ মিলিরন একর ফিট জল আমরা নিচ্ছি এবং ডি ভি সি বাংলার ঘাড়ে চাপিরে দিছে ৭৪ মিলিয়ন একর ফিট জরেল খরচ। আমি বলতে চাই মাননীয় মিলিমহালয় বললেন আমার তথ্য ভূল, আমার স্টেটমেন্ট ভূল, আমি এই নিয়ে তন্মতন্ন করে চিঠিখানা পড়েছি, আমি **ज्ञात्मक्ष** करत वर्माष्ट रव. जाँत जिलाजे रामके निम्नुबार जाँरक वरलाइन अवर अरे निरंग मृत्को क्रिमन বসেছে—দিল্লীতে কিছুদিন আগে জগলাথ দাস ট্রাইবুনাল—তিনি সূপ্রীম কোর্টের জজ ৭০ এর উপর তাঁর বয়েস হয়ে গেছে। আর একটা ট্রাইব্যুনাল বসেছে, আরবিট্রেশন তিনি করবেন ্রএই যে কোপায় তিলায়ায় বড বড ডাাম হবে, তাতে কি খরচ হবে : মাইথনে বড বড ডাাম হবে, তার খরচ কত হবে ? কোনু রাজ্যের উপর কতটা পড়বে তার অ্যাপরশনমেন্ট তার আর্রবিট্রেশন তিনি করবেন। এখানে আমি বলে রাখছি, ভবিষ্যান্বাণী করছি যে, জগন্নাথ ট্রাইব্যুনাল ষেটা বসেছে সেটা আর একটা ঐ সমাজতান্ত্রিক ধাঁচের গোকুল পিঠে ভেক্তে এই ন্যাশনাল ইন্টিগ্রেশন এবং ইমারজেন্সির কড়া রসে ভিজিয়ে বাংলাদেশকে উপহার দেবেন। এই ভবিষ্যম্বাণী আমি করে রাখছি। এই জগন্নাথদাস ট্রাইবনোল ছাড়া রাজা মান্নার ট্রাইবনোল যেটা বসেছে মাদ্রাজের চীফ জিস্টিস রাজা মাম্রার, অবসরপ্রাণত বর্তামানে, তাঁর কাছে যে ট্রাইবাুনাল বসেছে, সেখানে আর্রবিট্রেশনএর স্কোপ হচ্ছে সেকশন ১২(এ)-এর ইন্টার্রপ্রটেশন। এখন মাননীয় মন্দ্রি-মহাশরেরও ইন্টারপ্রিটেশন জানা দরকার, তাঁর বিভাগীয় অফিসাররা তাঁকে হয়ত বোঝান নাই। এই কথাটা জানা দরকার যে, বিহার গভর্নমেন্ট এবং ডি জি সি-র জালিয়াতি এবং বাস্পাবাজিটা কোথায় গিয়ে আজ দাঁড়িয়েছে! তাঁরা বলছেন যে, নেভিগেশন-এর যে খরচ, ইন্ডাস্মিয়াল ওয়াটারএর যে খরচ সমস্তটা ঐ ইরিগেশন পারপাসএর খরচ বলে ঢুকিয়ে দিচ্ছেন। তাহলে एमशा वाटक थे रवें। आंत्र वननाम—थे 98 मिनियन अकत करें कटन मर्था वारनारम्म भारक ৩৯ মিলিয়ন একর ফিট আর বাকি ৩৫ মিলিয়ন একর ফিট জল ইন্ডাস্মিয়াল ওয়াটার এবং ডোমেন্সিটক পারপাসএর জন্য ডি ভি সি খুব অলপ দামে বিক্রি করছে বিভিন্ন জার্ম্বার। তা হলে দেখা বাচ্ছে ডি ডি সি এই ৩৫ মিলিয়ন একর ফিট জল ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার এক ডোমেন্সিক ওয়াটার হিসেবে বিক্লি করে লাভ করছে। অথচ বাংলাদেশ ৩৫ মিলিয়ন একর ফিট জল পাচ্ছে না। কিল্ড তা সত্তেও তাকে ৩৯ মিলিয়ন একর ফিট জল নিতে হচ্ছে। এখানেই কিন্তু অবিচারটা শেষ হচ্ছে না। এখন বিহার গভর্নমেন্ট বলছেন আমরা ষে ১০ পারসেন্ট মিনিমাম অফটেকএর গ্যারান্টি দিয়েছিলাম, অ্যাসিওরেন্স দিয়েছিলাম, সেটা আমরা সরিয়ে নিচ্ছি। অর্থাৎ বিহার গভর্নমেন্ট বলছেন ইরিগেশনএর জন্য আমরা কোন জল নের না। তা হলে দাঁড়াছে কি? না, সমগ্র ইরিগেশন বাবত সেকশন ৩৪(১) আন্ড (২) অনুযায়ী যে বায় হবে যে ক্যাপিটাল এক্সপেন্ডিচার এবং রেভিনিউ এক্সপেন্ডিচার-এ যা কিছু বায় হয়েছে এই সমস্ত বারটা বাংলাদেশের ঘাড়ে গিয়ে চেপে-যাচ্ছে। এটা কত বড় যে অবিচার বাংলাদেশের উপর হচ্ছে—আমি সেদিকে মাননীয় মন্তিমহাশয়ের দুট্টি আকর্ষণ কর্বছি।

িশ্বতীয়ত, ডাঃ ভট্টাচার্য নেভিগেশনের কথা বললেন, এই নেভিগেশনের জন; আমাদের এখানে দামোদর ভ্যালি কর্পোরেশন থেকে যে ৮১ মাইল খাল কাটা হচ্ছে, সেই ৮১ মাইল খালের মধ্যে ২৭ মাইল এক্সকুসিভলি ইরারমার্কড ফর নেভিগেশন। আমি জিল্পাসা কর্মিছ— এই নেভিগেশন প্রিন্সিপলটা কি হবে? নেভিগেশনএর প্রিন্সিপল বা আরে কিছু নাই।
মাননীর স্পীকার মহাশার, আমি বলছি বে, ডি ডি সি বে বড়বল ফে'দেছে তাতে তাঁরা বলছেন
বে, নেভিগেশনের জন্য বদিও তাঁরা খরচ আদার করছেন, কিন্তু নেভিগেশনের জলটা তাঁরা
ইরিগেশনএর মধ্যে ঢ্রিক্রে দিছেন এবং রাজা মালার ট্রাইব্যুনালের কাছে ডি ভি সি ও বিহার
গভনমেন্ট বে স্ট্যান্ড নিরেছেন, সেটা হছে এই বে, ইন্ডান্ট্রিয়াল ওয়াটার এবং ইরিগেশন
ওয়াটার—এই দ্বটো আলাদা নয়। কিন্তু মাননীর মন্দ্রিমহাশরের আইনজীবী হিসেবে আমি
দ্ভিট আকর্ষণ করছি আপনি সেকশন ১৩ আল্ড ১৪ দেখুন। সেখানে তাঁরা কি বলছেন?
সেখানে সেকশন ১৩এ বলছেন—

The Corporation may, with the approval of the State Government concerned, which shall not be unreasonably withheld, construct canals and distributories and maintain and operate them: Provided that the State Government may, after giving notice, subject to the payment of fair compensation, take over the maintenance and operatin of any such canal or distributory Section 14: The Corporation may, after consultation with the State Government concerned, determine and levy rates for the bulk supply of water to that Government for irrigation and fix the minimum quantity of water which shall be made available for such purpose.

Legislature has thought it fit to maintain this distinction.

এটা ডি ভি সি-র কথা নয় -এটা আমার কথা।

The Act is such that the legislature maintains this distinction in the prigation for agricultural purposes and supply of water for industrial purposes and domestic purposes.

এটা হচ্ছে এয়াক্ট-এর কথা। এই এয়াক্টকে ওভাররাইড করে ডি ভি সি বলছেন যে না, **অর্থাৎ** নেভিগেশনের জন্য যে জলু তা ইরিগেশান খাতে যাবে

এবারে মন্দ্রিমহাশয় যে বাজেট বই প্রেজেন্ট করেছেন, তার ২২৫-২৬ প্টোর প্রতি তাঁর দৃণিট আকর্ষণ করছি। এই যে কেন্দ্রাট ড্যাম যেটা হৈরী হচ্ছে, তার জন্য এ বছর ৩ লক্ষ্ণ ৭০ হাজার টাকা বাজেটে চাওয়া হয়েছে। বাংলাদেশের রাজ্যসরকার এবং এই বিধান সভা এই বাজেটের এই ৩ লক্ষ্ণ ৭০ হাজার টাকা মঞ্জার কেন করবেন: এই ইন্ডাম্প্রিয়াল ওয়াটার-এর জন্য আমরা তার কোন বেনিফিট পাছি না। এই ইন্ডাম্প্রিয়াল ওয়াটার ৩৫ মিলিয়ন একর ফিট ডি ভি সিবিলি করছেন, অন্য জায়গায় বিক্রয় করবেন। অথচ এই ইন্ডাম্প্রিয়াল ওয়াটার বলে সেই বরান্দ্র আমাদের ঘাড়ে চাপান হচ্ছে। এই টাকা বাংলা সরকারের উপর ডি ভি সি চাপিয়ে দিক্ষেন। আমি সেই জন্য বলছি ১৪ বছর ধরে এই যে অবিচারটা হয়ে গেল আমাদের উপর, আমাদের তদানীন্তন ইরিগেশান সেক্টোরী ছিলেন এ ডি খান, বে'ধহয় আই সি এস: তিনি এই ডি ভি সি-র মেন্বাছ ছিলেন, ইরিগেশান সেক্টোরী ছিলেন।

গত ১৪ বছর যাবং মাননীয় মিল্যমহাশয়ের দণ্ডর থেকে আমাদের বলা হচ্ছে যে ডি ভি সির খাতেও ঐ টাকা খরচ হয়েছে। আমি জােরের সপে এখানে বলছি যে ডি ভি সিতে আজ পর্যক্ত ইনফ্রাকচুয়াস এক্সপে লিডার যা হয়েছে সেটা হবে পাঁচ থেকে আট কােটি টাকা, এবং আমার নিজের ধারণায়, আমার নিজের এ্যাসেসমেলট হচ্ছে এই যে. ৩৫ ৷৩৯ মিলিয়ান একর ফুট জল আমরা পাচ্ছি, অথচ ৭৪ মিলিয়ন একর ফুট জলের জন্য ইরিগেশানের খরচ ৮ থেকে ৯ কেটি টাকা বেশী বাংলাদেশের ঘাড়ের উপর চাপান হচ্ছে। আমি এখানে বলবাে আজকে র্যাদ বাংলার ঘাড়ের উপর এই ভাবে চাপান হয় তাহলে মিল্যমহাশয় বল্ন কাাবিনেট লেভেল-এ ডি সিশন নিন, এবং সমগ্র হাউসকে কন্ফিডেল্স-এ নিয়ে বলনে যে ১১২ কােটি টাকা ১৭১ কাটি টাকার মধ্যে বিদিয়ে থাকি, তাহলে বাকাট টাকাটা দিয়ে সমগ্র ডি ভি সিটা ক্রয় করে নিন, তাহলে বাংলার হাতে সম্মত জিনিসটা থাকবে। একদিকে এই দেখছি। আর একদিকে দেখছি ডি ভি সির হেডকায়াটারস ইলেকট্রকাল ডিভিশন চলে গেল এখান থেকে। অথচ আপনাকে বলতে পারি এই যে পারচেজ অফিস, সেটা কোন দিন তারা কলকাতা থেকে সরাতে পারবেন না। কেন? কারণ.

ভালকাটাতে পোর্ট রয়েছে, এবং তার সমস্ত পারচেজ ক্যালকাটা থেকে হয়। অতএব এখান খেকে তাঁরা পারচেজ অফিস তুলতে পারবেন না। কিন্তু ডি ভি সির ইলেকট্রিক্যাল ডিভিশন তাঁরা তুলে নিয়ে যাছেন বিহারে, যাতে সেখান থেকে বাঙ্গালীকে তার চাকরি থেকে সরিয়ে দেওরা যেতে পারে। বিহার বিধান সভার কেউ, কেউ বলেছেন যে বাঙ্গাদেশের কর্তৃত্ব এসে যাছে। আমি জিজ্ঞাসা করি কোথায় বাংলাদেশের কর্তৃত্ব। বাংলাদেশের কৃতৃত্ব যদি থাকত তাহলে কি এভাবে হেডকোয়াটার বাংলার বাইরে চলে যেতে পারত, তাহলে কি এইভাবে ডি ভি সির রাঙ্গালী চাকুরীয়াদের অসহায় অবস্থার মধ্যে ফেলতে পারত? তারপার ডি ভি সির এই যে বায় হছে, সে সম্বন্ধে অনেকে মন্তব্য করেছেন। ডাঃ ভট্টাচার্য বললেন কোন একজন অফিসারের কথা। সাত দিন, আট দিন যাবং তাঁর সমস্ত পরিবারের লোক ঘ্রে বেড়ায় সরকারী জিপে করে, সরকারী থরচায়। আমি তাঁকে বলতে পারি যে শুধ্ এক আধ দিনই নয়। ডি ভি সির প্রায় অধিকাংশ বড় বড় অফিসারদের বংলো এয়ার কন্ডিনান্ড, এবং এমন কোন অফিসার নেই, যার জিপ গাড়ি নেই। এই ভাবে বহ্লটাকা খরচ হয়ে যাছে, আন বাংলাদেশকে তার বোঝা বইতে হছে। অথচ এই রকমভ বে ডি ভি সির যে খরচ, তার উপর অমাদের সরকাব হাতে দিতে চাল না।

This Assembly or this Government does not exercise its will or any supervisory power or control over its funds

সমস্ত খরচ কিন্তাবে ডি ভি সি করেন শ্ব্ধ্ব বছরাতে একবার করে বাজেট সেসনে এই রকম ধরনের একটা ভলাব্বিনাস বই আমাদের সামনে রাখ হয়। আমরা এটা সব ব্বি না এবং ব্বি না বলেই, তাঁরা আমাদের চোখে ধ্বলো দিয়ে বছরের পর বছর টাকা স্যাঞ্চশান করে নিয়ে বাচ্ছেন। তাই আমি শ্ব্ধ্ব বলতে চাই বাংলার উপর এই ভ বে, এই যে অবাধে অবিচার চলেছে, এটা আপনি রোধ করবার চেন্টা কর্ন।

এই প্রসংশ্য আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি ২২৫ পৃষ্ঠায়, এ্যানেকশ্চার (১০), যেখানে নেভিগেশান-এর খরচা দেখান হয়েছে। এখানে বলতে পারি এই যে টেন্ঘাটার জন্য চার কোটি টাকা খরচ করা হল, এবং ডি ভি সির স্কীম অনুযায়ী ১৯৬০ সালের ০১এ মার্চ পর্যক্ত যৃত্ত ব্যাপিটাল এক্সপেন্ডিচার হয়েছে ডি ভি সির ইরিগেশান হেড-এ তার সমস্ত খরচ বাংলার ঘাড়ের উপর চেপে যাবে। আমি সেইজনা বিধান সভার বিরোধী দলের সকল নেতা ও সদসাকে এবং কংগ্রেস বেণ্ডের সকল সদসাকে বলবে -অন্ততঃ একটা ইসারে উপর আসান আমরা সকলে ইউনাইটেড হয়ে রিজ্ঞালিউশান নিই, হয় আমরা বলি এই যে ডি ভি সির উপর স্টান্ড আপনারা নিচ্ছেন যে নেভিগেশান ওয়াটারটা ইরিগেশান এর ওয়াটার বলে বাংল র ঘাড়ে চাপাবেন, এটা আমরা হতে দেবো না

to that extent we shall not approve of the budget. Secondly, let its take a resolution saying that we are going to repeal this Damodar Valley Corporation Act in so far as it affects West Bengal Government.

আমরা পারি সেটা সেক্শন ১০০ অব দি গভর্নমেন্ট অব ইন্ডিয়া এাই-এ। সেখনে পাওয়ার ছিল। কেন না পারটিসপেটিং স্টেট, সকলে মিলে সেটা করেছিলেন। আজকে আমাদের সেই পাওয়ার আছে হয় এই কর্ন. এর না হয় বলতে হবে বালেন্স বা বাকী ট'কটো দিয়ে সমগ্র ডি ভি সিটা আমাদের বাংলাদেশের হাতে আস্ক। তাতে বাংলাদেশের লোক চাকরি পাবে আমরা জানতে পারবো। সেই সঞ্গে বলছি এই যে ৩৯ মিলিয়ন একর ফুট জল অমরা পাছি, আজ পর্যন্ত আমাদের কাছে বলা হয় নি যে কত মিলিয়ন একর ফুট জল হচ্ছে দামোদর বিসিনের বিকোয়ারমেন্ট। আমি জানি মনেতেশ্বর থানার কথা। আমার কাছে চিঠি আছে। তা পড়ে শানিয়েছি। আমি জানি ধনিয়াখালি এলাকার কথা, আমার কাছে চিঠি আছে। সেখানে ডি ভি সির জল গিয়ে পে'ছায়নি। তাহলে এই যে ৩৯ মিলিয়ন একর ফুট জল আসছে। সেখানে ডি ভি সির জল গিয়ে পে'ছায়নি। তাহলে এই যে ৩৯ মিলিয়ন একর ফুট জল আসছে, সেটা আমরা পাছি না কেন? আমি মাননীয় মিলমহাশয়ের কাছে খুব বিনয়ের সঞ্গে বলতে পারি বে ডামগ্রনিল সমস্ত বিহারে রয়েছে। তাহলে ঐ ডাম সাইট থেকে জল যথন ডিস্চার্জ হয়ে আসছে, তার কত পারসেন্ট অফ্-টেক বিহার নিয়ে নিছে, সেটা কি তিনি তদন্ত করে দেশ্লছেনে? যদিও কাগজে কলমে তার ডিপ'ট'মেন্ট বোঝ বে যে বাংলাদেশ ৩৯ মিলিয়ন একর ফুট জল নিছে, কিন্তু আমি বলতে পারি যে ডামগ্রনিল বিহারে থাকার ফলে, সেখান থেকে

যে ওরাটার ডিস্চার্জ হয়ে আসছে বাংলাদেশে, সেই জল বাংলাদেশে ঢোকবার আগেই বিহার ১০ পারসেন্টের বেশী জল নিয়ে নিচ্ছে। এবং আজকে এখানে বলছি যে, দেখন ভেবে বছি বিচারের এই স্ট্যান্ড সাকসিড করে অর্থাৎ তরা যদি বলে ১০ পারসেন্ট ইরিগেশন ওয়াটার আমরা নিচ্ছিলাম তা আমরা নেব না। তাহলে রেজাল্ট হচ্ছে যে সেন্ট পার্সেন্ট এক্সপেন্ডিচার. দ্রি ভি সি-র ড্যাম তৈরী থেকে আরুত করে, ওয়াটার রিজারভয়ার তৈরী করা থেকে আরুত 👯 লাল্ড আকিন্সিন থেকে অ:রম্ভ করে যত টাকা খরচা হয়েছে সমস্ত কোটি টাঁকা আমাদের ঘাডে পড়বে। অথচ আমরা যদি বলি যে নেভিগেশনের উপর তাহলে কেমন এক্সপেন্ডিচার, বাংলার ঘাড়ে রেস্পন্সিবিলিটি যাবে। নেভিগেশনের উপর থরচা বাড়াও। নেভিগেশনের উপর যে থরচা হচ্ছে সেখানেও তারা একটা জ্বাচুরি করছেন, নিছক জালিয়াতি, সেটা কি? নেভিগেশন হবে অথচ ইরিগেশনে জল নেই এটা ভাবতে পারেন? আজকে নেভিগেশন করতে গেলেও ঠিক ইরিগেশনের মত একই প্রিন্সিপলএ সেকসন ৩৪(১) ও (২) এই দুটি ক্লজকে এগপলাই করা উচিত। আমি জানি মাননীয় র্মান্তমহাশয় এই নিয়ে খুব পড়াশুনা করেন। অন্ততঃ একটা ব্যাপারে তাঁকে আমি ধনাবাদ না मिर्ह्य भारत ना रव अन्याना अरनक मन्त्री आर्ह्सन याँता यथन विरदाधी मन वरनन उथन जाँता **अथारन** প্রাকেন না বা তাঁদের ঘরে বসে থাকেন, কিম্তু তিনি প্রথম থেকে প্রতিটি সভোর বন্তব্য শোনেন। তবি এই ডিমোক্র্যাটিক টেম্পারামেন্টের জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এবং সেই সং**লে** বলছি তিনি ঐ পেজ ২২৫ এবং ২২৬ পড়্ন। পড়লে দেখবেন যে এইখানে নেভিগেশনের বেলাতে

D.V.C. is applying sub-clause (2) and not applying sub-clause (1) of section 34 of D.V.C. Act.

অথচ ইরিগেশন এবং নেভিগেশন এই দ্টোর প্রিম্পিল একই হওয়া উচিত। কেননা ওয়াটার স্টোরেজ যদি না থাকে জল আসবে না, কিছ্ই হবে না। অতএব এইজনা নেভিগেশনের খরচা যা ও'রা দেখাছেন ঐখানে আমাদের দাবী করা উচিত যে তোমরা স্টোরেজের কথাত কিছ্ বলছ না। ড্যাম তৈরী করে ঐ যে মনস্ন লেভেলে জলটা রাখছি আমরা. সেটা তৈরী করতে বে প্রপোরশনেট খরচা তার কথা তো তোমরা বলছ না। এবং সেই ড্যাম তৈরীর খরচা যদি আমরা নেভিগেশনের খাতে ঢ্কিয়ে দিতে পারি, দাবী করতে পারি, চাপ দিতে পারি তাহলে কি হবে? সেই এক্সটেন্ট খেকে বাংলা দেশের উপর নেভিগেশনের খরচা কমে যাবে। কেন কারণ ডি সি এটাই আমি পড়ে দেখলাম যে, সমস্ত নেভিগেশনের জনা যে খরচা হবে

that should be borne out of the common fund-common fund of the Corporation.

আজকে আমি বলছি সতি৷ সতি৷ই দঃমোদর ভ্যালি কপে রেশন একটা ড্রেনেজ অব ভ্যাল,য়েবেল কারেন্সি। এই ড্রেনেজ অব ভ্যালুয়েবেল কারেন্সি র্যাদ বন্ধ করতে চান আপনারা তাহ**লে** আজকে আমাদের সেচ বিভাগে যাঁরা আছেন তাঁদের নিয়ে এই হাউসের সভাদের বস। দরকার। আমি বলছি এ ব্যাপারটা এত গ্রেছ্পূর্ণ যে এটাকে ঠিক ঐভাবে বিরোধী দল বলছে এবং আমরা ভোটে পাশ করবো ব্রুট মেজোরিটি দিয়ে সেই দ্বিউভংগী দিয়ে দেখবেন না। মাননীর অজয় মুখার্জিকে আমি বলতে পারি যে, যখন রাজা মিন্নার ট্রাইবানোল বসেছে এবং দিল্লীতে যখন জগন্নাথ দাসের ট্রাইবুনাল বসেছে তথন বাংলা দেশের এই এ্যাসেম্বলী থেকে অন্ততঃ একটা ইউনাইটেড রেজলিউশন যাওয়া দরকার। তাতে আমরা বলতে পারি যে আমাদের ইরিগেশনে যে খরচা তার মধ্যে আমরা কথনই নেভিগেশনকে ঢাকতে দেবো না। এবং এটাক্টে যথন বলা হচ্ছে যে, ইন্ডাস্ট্রিয়াল ওয়াটার সাম্লাই এবং ইরিগেশন ওয়াটার সাম্লাই দূটো সম্পূর্ণ আলাদা এবং স্ট্রাটিউটে এই দুটোর মধ্যে একটা ডিস্টিংশন মেনটেন করে যাচ্ছে তথন আমরা কিছুতেই সেখানে বিহার গভর্নমেন্টকে বা দামোদর ভাালি কর্পোরেশনকে এই অন্যায়টা বাংলাদেশের উপর চাপিরে দিতে প্রস্তৃত থাকবো না। এই ডি ভি সির যে টাকা বরান্দ করেছেন সেখানে একটা কথা বলে দেওয়া দরকার যে আমাদের অনেকে হয়ত মনে করতে পারেন যে কেন্দ্রীয় সরকারের এটা কতবছ বদানাতা, আমি খুব জোরের সংগে বলতে পারি যে, ১৯৪৩ সালে বাংলাদেশে একটা বিপর্যর-কারী ফ্রাড হয়েছিল তখন পানাগড় এবং বর্ধমানেতে আমেরিকান স্টেশন ছিল যদেধর সময় সেই ফ্রাডের ধাক্রাতে রেল কমিউনিকেশন সমস্ত মুছে দিয়েছিল। তথন সেধান থেকে আমেরিকান মিলিটারী পার্সোনেল নোট দিরেছিল যদি এখনই এখানে কোন একটা খাল করে বন্ধ না করা বায় এবং এই রকমভাবে যদি ভ্যালি না করা যায় তাহলে এই রেলওয়ে কম্নিকেশন নন্ট হয়ে বাবে।

সেকশন ১৪-০ে দেখবেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট বলছেন যে ১৪ কোটি টাকা ফ্লাভ কন্ট্রোল বাবত খরচ থবে তার আধাআধি খরচা বহন করবেন সেন্ট্রাল এবং বেংগল গভর্নমেন্ট। মজা হচ্ছে আমাদের ব্রোইয়া দেওয়া হল যে, ১৪ কোটি টাকা খরচ হবে ফ্লাভ কন্ট্রোল বাবত। আমরা সেইভাবে ৭ কোটি টাকা দিলাম, সেন্ট্রাল ৭ কোটি টাকা দিল। কিন্তু দেখা যাছে যে ১৪ কোটির অনেক বেশা এক্সিভ করে যাছে। এটা কেন অম্বারা বহন করব? কেন সেন্ট্রাল গভনমেন্ট আমাদের বলেন নি যে ১৪ কোটির উপর এক্সিভ করবে। আমরা জানতে চাই এই যে ক্লাভ কন্ট্রোল-এর নানে যেসমস্ভ ইনফ্লাকট্রয়াস এক্সপেন্ডিচার হয়ে গেল এই ড্রাম করবার ফলে, আজকে দেখছি যে ফ্লাভ কন্ট্রোল হল না, কিন্তু সেসম্বন্ধে বাংলাদেশের সরকার বাংলার এ্রাসেন্ট্রালর কাছে কোন প্রস্তান বেখেছিলেন, তার কোন স্যাভকশন চেয়েছিলেন? ডি ভি সিক কথনও বাংলাদেশের কাছে বলেছেন যে এগ্রুলি করা দরকার এবং তাতে খরচ হয়ত বেড়ে যাবে। তাহলে দেখুন সেন্ট্রান এর লাভ হছে এখানে। কেন না, এক একটা ফ্লাভ-এ রেলপ্রের কম্নিকেশন ভেগে গেলে সেন্ট্রাল গভনমেন্ট-এ থরচ করতে হয় ৩।৪ কোটি টাকা। তারা জানে এক সংগ্র ৭ কোটি টাকা দিয়ে সেন্ট্রাল গভনমেন্ট দায় থেকে মৃত্ত হল এবং যতবার ফ্লাভ হবে ততবার বাংলার উপর কোটি টোকা চাপবে। এত বড় অন্যায় জিনিস আজকে সেন্ট্রেক করেছে। আজকে তাদের বলতে ইচ্ছা করে

just try to be worthy of the office you are holding, just try to pull on with all sections of the community irrespective of caste, creed and race, not with a single eye of favouritism. Don't be বিশ্বতা (step mother).

আজকে তাঁরা সেটা করছেন—তাঁরা কারত্বে কাছে বিমাতা করছেন, স্টেপ মাদার বাবহার করছেন। এটা যে বিমাতাস,লভ আচরণ সেটা অপজিশন বা সংবাদপত বা কাগজের নিছক সমালোচনা নয়। এটাই ফ্যারট। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা কর্রাছ আজকে এটা যদি সতি। হয়ে থাকে তাহলে এর প্রতিকারের কি ব্যবস্থা করা হচ্ছে। কেন সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা পয়সা খরচ করবেন না। অথচ এই যে ফ্লাড হচ্ছে এই ফ্লাড কন্দ্রোল-এর জন্য ৭ কোটি টাকা বে'ধে দিয়েছে। তার জন্য কি বাংলা দায়ী? বাংলাদেশের মন্দ্রীরা কি ফ্লাড করিয়েছেন? বাংলাদেশের জনসাধারণ কি ছাড ডেকে আনছে? ছাড একটা ন্যাচারাল ক্যালামিটিস এইরকমভাবে একবারের পর একবার ন্যাচারাল ভিজিটারস আসে আমাদের উপরে। ওর দায়িত্ব সেন্ট্রাল গভর্নমেন্ট-এর রয়েছে এবং সেন্টাল গভর্নমেন্ট-এর ঐ কথা বললে চলবে না যে আমরা এ্যাক্ট-এ বলে দিয়েছি সেকশন ১৪তে ষে আমরা ৭ কোটি টাকা দেব. আর দেব না। আমি সেজন্য বলতে চাই যে ডি ভি সি এ। ই-এর এ্যামেন্ডমেন্ট দরকার এবং সেন্টারকে আমাদের বলা দরকার যে ফ্লাড কন্ট্রোল-এর বাকী সমুস্ত টাকা ৭ কোটির উপর যা কিছ্ম খরচ হবে তার সমস্ত টাকাই সেন্টাল গভর্নমেন্টকে বহন করতে হবে। এটা যদি না করি তাহলে দাঁডাচ্ছে এই যে এই পরিমাণ টাকা আমাদের উপর প্রতিবার চেপে বাচ্ছে এবং ইরিগেশন সেক্রেটারী যিনি আছেন—বোধহয় মিঃ ব্যানাজি—তিনি তাদের কাছ খেকে ফ্যাইস নিন। আমি বেগালি বলছি যে ডি ডি সি কম জল দিয়ে বেশী টাকা আমাদের কাছ থেকে আদায় করে নিচ্ছে সেসব সতি্য কিনা জিজ্ঞাসা করে আমাদের কাছে জানান। আজকে ৮।১ কোটি টাকা এই রকমভাবে আমাদের উপর চেপে গেল। কম জল দিয়ে বেশী টাকা আদায করছে। মন্দ্রিমহাশর এন কোরারী করে বলনে ডিফারেন্স থাকা সত্ত্বেও ৮ থেকে ৯ কোটির কম নর তার বেশী. এবং তিনি বলনে যে বাংলাদেশের, ডি ভি সি এরিয়াতে আমাদের টোটাল রিকোরারমেন্টস অব ওয়াটার কত, মিলিরান একর ফিট এবং সেই মিলিয়ান একর ফিট অনুযারী ডি ভি সি আমাদের কাছে জল সরবরাহ করতে পারেন কি না? সে হিসাবে দেখা যাচ্ছে আমাদের হাউসের বিশিষ্ট বিরোধী দলের সভাগণ ডি ভি সির বিভিন্ন দিক দেখিরেছেন, এবং আমি নুতুন সদস্য হিসাবে গত ১ বছর ধরে এ জিনিস দেখাছি। এর এ্যাই স্টাডি করবার খেয়াল আমার হয়েছিল—বিশেষ করে যখন কেন্দ্রে এ ধরনের ট্রাইব্নাল বসেছে তখন এ এাাই আমি ভালভাবে পডে দেখেছি এবং বলছি যে, বাংলাদেশের মন্তিসভা এ ব্যাপারে যদি সঞ্জাগ না হন এবং বিরোধী मराम नराम अक्या ना राम अ मारी ना छाराम जर वाश्मारमण्य मात्र मार्क क्रि राव। आधि

একটা কথা বলতে চাই, এই যে বছরের পর বছর একটা বই রেখে বলা হচ্ছে, এবং এটা আমরা জানি যে ইনফ্রাকচুরাস এক্সপেন্ডিচার বলে ৬ কোটি থেকে ৮ কোটি টাকা খরচ হয়ে গেছে অথচ এই ইনফ্রাকচুরাস এক্সপেন্ডিচার আমাদের উপর চাপবে. কিন্তু কথা হচ্ছে বাজেটারি প্রিন্সিপল অনুষায়ী আজকে ডি ভি সি বলতে পারে

you have no locus standi, you have no jurisdiction to raise objection since when the expenditures were incurred. No objection was taken from year to year by the State Government.

দ্বংখের কথা লম্জার কথা বাংলাদেশে এত বড় স্ট্পেন্ডাস ইনটেলেক্ট গল্প শ্নেছি। কেবিনেটে সব স্ট্পেন্ডাস ইনটেলেক্ট ১৪ বছর ধরে র,ল করে যাছেন। এই ১৪ বছর ধরে এই স্ট্পেন্ডাস ইনটেলেক্ট ১৪ বছর ধরে র,ল করে যাছেন। এই ১৪ বছর ধরে এই স্ট্পেন্ডাস ইনটেলেক্ট যা ইনফাকচ্য়াস এক্সপেন্ডিচার কলম দিয়ে সই করে গেছেন। বিহার যত অনাায় কর্ক্ ভারত গভনামেন্ট যত অবিচার করে গেছেন তাঁরা সমন্তই বরাবর সন্পন্ন করে গেছেন। এখানে বলতে চাই বিহার বিধান সভায় কেউ কেউ বলেছেন যে বাংলাদেশ যদি বলে আমারা এগন্লি নিয়ে নােব আমাদের কম্পেনসেসান দেওয়া হোক এরচেয়ে ইভিওটিক অ্যান্ড ফ্যানটাসটিক ননসেক্স আর কিছ্ হতে পারে না। কেননা এই বই পড়লে দেখতে পাঝা যে, সমন্ত আইটেম অব এক্সপেন্ডিচার আমরা টাকা দিয়ে খরচ করে দিয়েছি, এই যে কে'দ্যাখালি ঘাট প্রোক্তেক্ট বা এই বইতে যে কটা নেভিগেসান খাতে টাকা দেখান হয়েছে এ সমন্ত টাকা আমরা বহন করছি। জমি আমরা কিনেছি, খেসারত আমরা দিয়েছি বহু টাকা আবার কিসের খেসারত দেব? সেজনা আমি এই বাজেট বরান্দের বিরোধিতা করছি এবং মাননীয় মন্তিমহাশয়কে অন্বোধ করবো তিনি দলের উধের্ব উঠে আজকে বিরোধ পক্ষের সকলের সংগে এক হয়ে একটা প্রতিবাদ জানান যাতে জগমাথ দাস টাইব্নাল এবং দিল্লীর ট্রাইব্নালে বাংলাদেশের বীর্য রক্ষা হয়।

[2-20-2-30 p.m.]

### Shri Promode Ranjan Bose:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী ১৯৬৩-৬৪ সালের যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সমর্থন করে আমি বলতে চাই যে সেচ স্বারা আমাদের দেশের কেবল খাদাশসা যে বৃষ্ধি পাবে তা নয়, সেচ ম্বারা বাংলাদেশের কৃষকদের আর্থিক উন্নতি হবে। আমরা জ্ঞানি বাংলাদেশে সেচ একটা বিরাট সমস্যা। ১৯৪৭ সালে সরকারী সেচ দণ্ডরের অধীনে ৩১ লক্ষ একর জমিতে সেচের জল পেত—তা ছাড়া কৃষি উন্নয়ন ও ব্যক্তিগত প্রচেণ্টায় সর্বসমেত মোট আবাদী ১৮-১২ ভাগ জমিতে জলসেচের ব্যবস্থা ছিল। আমাদের বাংলাদেশে আমরা দেখেছি বন্যা এবং অনাব ন্টির ফলে জামর ফসল নন্ট করে দেয়। বাংলাদেশের প্রত্যেকটা পল্লীতে কুষকদের সেচ পাবার খবে আগ্রহ রয়েছে। সতেরাং খবে অলপ সময়ের মধ্যে দেশবাসীকে যেমন সন্তন্ট করা যায় না সেরকমভাবে সেচ দণ্তরকে আমরা অনুরোধ করব যে বাংলাদেশের যেসমুস্ত অঞ্জ কৃষিপ্রধান এবং পিছিয়ে পড়া অঞ্চল যেখানে শিল্প বাণিজ্য গড়ে উঠেনি সেসব জায়গায় সেচের দিকে বেশি নজর দেওয়া দরকার। আমরা দেখেছি যে ততীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে সেচমন্ত্রী বর্লোছলেন যে সেচ বিভাগের অধীনে প্রায় ২১-৫০ লক্ষ একর জমিতে জল দেবার ব্যবস্থা হবে-যেটা ১৯৪৭ সালে ৩·৫০ লক্ষ একর ছিল। এ ছাডা কৃষি উন্নয়ন এবং অন্যান্য ব্যক্তিগত প্রচেন্টার মাধামে দেখা যাচ্ছে যে প্রায় শতকরা ৫০ ভাগের মত জমিতে জলসেচের ব্যবস্থা হবে, জলনিম্কাশনের ব্যবস্থা হবে। দ্বিতীয় পশাবার্ষিক পরিকল্পনার শেষে সরকার সেচ বিভাগ থেকে প্রায় ৮} লক্ষ একর জমিতে যে বন্ধ জল ছিল তা উন্ধার করেছেন এবং ততীয় পরিকম্পনার শেষে আমরা দেখতে পাচ্ছি যে ৩ই লক্ষ একর জমির জল নিম্কাশন ব্যবস্থা হয়ে জমি উম্থার হবে। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৬৩-৬৪ সালে বাজেটে ৭টা নতন করে সেচ পরিকল্পনা নেওয়া হচ্ছে, ৪৪টা জল নিম্কাশনের এবং ৩০টার অধিক वना निरुक्त भविकल्यना अवकात शहर करत्हिन। वार्षापर या यात्रा यात्रा राह वायन्यात थवत রাখি আমরা দেখেছি ময়ুরাক্ষী, দামোদর এবং কংসাবতী পরিকল্পনার ম্বারা বর্ধমান. বাঁকডা. হুগলি, মেদিনীপুর, বীরভূম ইত্যাদি সমস্ত অঞ্চলে কৃষকরা জমির ফসল পেত না, জমির ফসলের অনিশ্চিয়তা ছিল তা থেকে অনেকে মৃত্তি পেয়েছে—তবুও সেখানে এখনও সেচ্

পরিকল্পনার পরকার আছে। কিন্তু ভার সংখ্য সংখ্য আমি আপনার মাধ্যমে সেচ মন্দ্রিমহাশরের দুষ্টি আকর্ষণ কর্রান্থ যে এদিককার তুলনায় উত্তরবংশে সেচের কাজ বিশেষভাবে অগ্নসর হর্নন কেবলমাত্র জলপাইগ্রিড়িতে প্রায় ৪১ ৮২ লক্ষ টাকা দিয়ে সেখানে করতোয়া পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এই পরিকল্পনার মাধ্যমে প্রায় ১৬ হাজার ৮০০ একর জমিতে জলসেচের ব্যবস্থা হবে। কিছু ড্রেনেজ করা হয়েছে বন্যা থেকে রক্ষা করবার জন্য কিন্তু উত্তরবঙ্গে আরও দ্বিট দেওয়ার দরকার আছে –বিশেষত মালদা জেলার উপর –কারণ এই জেলা কৃষিপ্রধান জেলা, সেখানকার লোকেরা কৃষির উপর নির্ভার করে থাকে। সেখানে পাওয়ারের অভাবে, বিদানতের অভাবে কোন শিল্প বাণিজা গড়ে উঠে না। নিকট ভবিষ্যতে গড়ে উঠবার সম্ভাবনাও দেখছি না। এই জেলায় সেচের ব্যবস্থা বিশেষভাবে হওয়া দরকার। এই বাজেটে দেখা যাছে একটি ডেনেজ স্কীম নেওয়া হয়েছে এবং সেখানে ৮ লক্ষ টাকা খরচ হবে। এইসব অ**ণ্ডলে বন্যার** ফলে ফসল নন্ট হয়ে যাচ্ছে। এই ফসলকে রক্ষা করার জন্য সরকারকে অনুরোধ করবো। আমি খুবে বড় বড় পরিকল্পনার মধ্যে যাচ্ছি না—অক্তপ খরচ করে কিছু বাঁধ দিয়ে, স্লুইস গেট দিরে বন্যা থেকে হাজার হাজার বিঘা জমির ফসল ধরংস, নণ্ট থেকে বাঁচানো যেতে পারে। এইসব অন্তর্জে কোন পুকুর নেই যাতে জলসেচ হতে পারে—যে নদীগুনিল আছে তাতে বাঁধ দিয়ে ডিপ <u>ইরিগেশন, ডিপ টিউবওয়েল করার দরকার আছে। তা না হলে বছর বছর যে ফসলের ক্ষতি হচ্ছে</u> তাতে কৃষকরা দুরুবস্থার মধ্যে পড়ছে। আর একটি অণ্ডল আছে সেটা হচ্ছে মালদা জেলার একমাত্র ধান্য ফসল যেখানে উৎপন্ন হয় এটা খুব অবহেলিত অবস্থায় রয়েছে—সেথানে অনেক বড় বড় পত্নুকুর রয়েছে সেখান থেকে যদি জল সেচের বাবস্থা করা হয় তাহলে অনেক জনির আবাদ হতে পারে। সেখানে যদি বাঁধ দেওয়া হয় তাহলে সেখানকার লোক খ বই উপকৃত হবে এবং সেখানকার জনসাধারণ সেটা নিতেও ইচ্ছ্বক। আর একটি নদী আছে যে নদীর স্বারা মালদা এবং দিনাজপুরের বিরাট অঞ্চল জলের স্বারা উপকৃত হচ্ছে—সেখানে যাতে হায়ার পারচেক পান্প স্কীম গ্রহণ করতে পারে সেদিকে দূল্টি আকর্ষণ করতে চাই। আর একটি মালদা জেলার বোরো ধান যে হয় তার স্থান বাংলাদেশে তৃতীয় স্থান অধিকার করেছে। এই বে রো ধান বাঁচাবার চেণ্টা করা আমাদের উচিত। এই সমুহত বাঁধ যা আছে সেগ্রিল ধরংস হবার মুথে<sup>।</sup>। এই বাঁ<mark>ধগ্রিল</mark> যাতে মেরামত হয় সেজন্য মন্দ্রিমহাশয়কে অনুরোধ করবো। শেষে যাতে আমাদের দেশের ফরাক্কা ব্যারেজ যাতে হয় সেজন্য মন্দ্রিমহাশয়কে দূন্টি দিতে অনুরোধ করছি।

### Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশ্রয়, দামোদর ভ্যালী সংস্থা সম্পর্কে আমার আগের বিরোধী পক্ষের দুইজন মাননীয় বন্ধ্ব বলেছেন। আমি আমার বন্ধবা দামোদর ভ্যালী সংস্থার উপর সীমাবন্ধ রাখবো। দামোদর ভ্যালী সংস্থা আজকে বাংলাদেশের মানুষের কাছে পরিচিত হয়েছে একটা হীন নোংরা রাজনীতির আখড়া হিসাবে এবং সাম্প্রদায়িক বিষ ছড়ানোর আখড়া হিসাবে এবং এটাই হচ্ছে তাদের মুখ্য কাজ। তাদের অপদার্থতা এবং এই সংস্থার ভিতরে তাদের যে দ্বনীতি রয়েছে, অপচয় রয়েছে, অপবায় রয়েছে এবং বাংলার প্রতি অবিচার রয়েছে এবং তাকে ঢাকবার জন্য নোংরা রাজনীতির আমদানি করা হয়েছে নেংরা প্রাদেশিকতা আমদানি করা হয়েছে এবং এবং এর ধুমুজালে সর্বকিছ্ব পাপ প্রালম করার চেন্টা করা হছে। আজকে ন্যাশনাল এমারজেস্মীর কথা বলা হয় কিন্তু এই ন্যাশনাল এমারজেস্মীর মধ্যে যে সংস্থা ভারতের জাতীয় ঐক্য নন্ট করছে—বিহারের সপের বাংলার একটা বিশেব্য জাগাবার চেন্টা করছে তারা কি আজকে ডি আর জ্বলেশে ধরা পড়ে না?

## [2-30-2-40 p.m.]

আন্তর্কে আমাদের দামোদর ভ্যালী কপোরেশনের যে ক্রেয়ারম্যান এস লাল, জেনারেল ম্যানেজার এইচ এন রায়, তারা কি আজ দেশদ্রোহীদের যে কাজ সেই কাজ করছেন না? বিহার এবং বাংলার মধ্যে একটা অনৈক্য স্থিট করে জাতীয় স্বার্থের যে ক্ষতি তারা করছেন, তার কৈফিরং

আজ দেশবাসী চায় তাদের কাছ থেকে। স্যার, দামোদর ভ্যালী কর্পোরেশন গঠনের পরিকল্পনা রখন ১৪ বছর আগে প্রথম আসে আমাদের পশ্চিম বাংলার ও ভারতবর্ষের মান্রবের কাছে আসে. ज्यन कि आमा फिल अप्तरमंत्र हायौरमंत्र, अप्तरमंत्र शतीय मान्यसम्त ? आमार्सन शास्त्र हायौना ভেবেছিল স্লাবনের হাত থেকে বাঁচলাম, অনাব্দির হাত থেকে বাঁচলাম, সেচের জলে আমাদের জ্ঞামর ফসল অতান্ত ভাল হবে. দেশ শস্যসমূষ্য হবে এবং ওর আশেপাশের এলাকাগুলো শিচেপ र्ভार्ज द्राय केंद्रेर । এ आभा मर्वरे जाएन वार्ष द्रायह । स्मात्त्र मध्य क्रम नारे, शाम मेव गुकरना, স্লাবন রোধ করবার ক্ষমতা তাদের নাই। ১৯৫৯ সালের স্লাবনের পরে যখন কুঞ্জর্ব ক্মিটি বলে তখন তাঁরা বলেছিলেন আর একটা বাঁধ আয়ার বাঁধ তৈরি করা দরকার। সেই আয়ার বাঁধ তৈরি আজও করা হয় নাই। প্রথম অবস্থায় শনেছিলাম আয়ার বাঁধ তৈরি করবার যেসমস্ত আর্ম্বিক বোঝা, সেটা বাংলাদেশের ঘাড়ে চাপছে। তাতে বাংলাদেশের তরফ থেকে আপন্তি করা হয়েছিল। তারপর যখন বোকারো স্টীল স্ব্যান্ট করবার প্রয়োজন হয়েছিল, তখনও এটা করবার কথা হয়। কিন্ত তারপরও এই আয়ার বাঁধ আজও কেন হলো না? আজও কেন স্লাবনের আশব্দা জনসাধারণের মনে আছে? সেচের জল আজ বিদ্যুৎ সরবরাহের কাজে ব্যয়িত হচ্চে। আজকে থার্মাল পাওয়ার স্টেশন যেটা করবার কথা ছিল, সেগ্রালি না করতে পেরে এই বে জলসেচের জল একে হাইড্রো-ইলেকট্রিক যে জায়গায়, সেই জায়গায় ব্যবহার করে আজ তারা বিদ্যাৎ সরবরাহ করছেন। পশ্চিম বাংলার জমিগালো শাকনো পড়ে থাকছে সেচের সময় ক্ষক জল পাচ্ছে না। সেই জলে বিদাং তৈরি হচ্ছে এবং সেই বিদাং বিহারে গিয়ে ব্যয়িত হচ্ছে। আর বাংলাদেশের চাষী এখানে জলাভাবে হাহাকার করছে। যে চাষী এর জনা জমি দিয়েছিল, যে চাষীর জমির উপর দিয়ে সেচ খালগালি গিয়েছে, চাষের সময় তারা জমিতে জল পায় না।

দামোদর ভ্যালী কপোরেশনের এই দনেশীতি, অপচয়, অপব্যয়ের কথা আমার আগে অনেক বস্তু। বলেছেন। আমি এ সম্বন্ধে একটা কথা বলবো। সেটা হচ্ছে এই আ্যাডিশনাল ইলেকট্রিক্যাল চীফ ইঞ্জিনীয়ার বিনি এম ডবলিউ গোপলানি, চন্দ্রপরো প্রজেক্ট যখন হয়, সেই চন্দ্রপরো প্রজেক্ট তার চার্জে ছিল। ১৯৬১-৬২ সালের অভিট রিপোর্ট অবশ্য এখনো আমাদের কাছে দেওয়া হয় नारे, रारे जिर्लाएं वना रख़ार हन्मुन्जा श्राह्महोत्र कराक नक होका, जाात, अमिरक अमिरक চলে গেছে এবং তার মূল দায়িত্ব অনেকথানি ছিল এই ভদ্রলোকের কাঁধে। সেই ভদ্রলোকের কাঁধে থাকা সত্ত্বেও চন্দ্রপরো প্রজেক্ট থেকে তার প্রমোশন হয়ে গেল, তিনি এসে বসে গেলেন এখানে আাডিশনাল চীফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনীয়ার হয়ে। সেখানে তাঁর কীর্তি-কহিনী কি সারে? দুর্গাপুরে যে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে, স্যার, সেখানে রানীগঞ্জ এলাকা থেকে কয়লা আসে এবং বৈজ্ঞানিক যাঁরা তাঁদের মত হচ্ছে রানীগঞ্জ থেকে যে কয়লা আসবে সেই কয়লাকে যদি বেশিদিন এক জায়গাতে রাখা যায়, তাহলে সে কয়লাতে আগনে লেগে যাবে। এবং সেই কয়লায় আগনে লেগে প্রায় ৫০ লক্ষ টাকা মলোর কয়লা ঐ দুর্গাপারে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে নন্ট হয়ে গেছে। তার জন্য দায়ী কে? এই এম ডবলিউ গোপলানি এবং এই এম ডবলিউ গোপলানির বির দেখ কেন্দ্রীয় পর্লিসের তরফ থেকে কয়লা ষডযন্তের একটা রিপোর্ট দেওয়া হয়েছে। আজ স্যার, আপনার মাধ্যমে এই প্রশ্ন আমি সেচমন্ত্রী অজয়বাব্যকে করতে চাই—সেই যে রিপোর্ট जाँत वितः एप एन । इर्राष्ट्रक, एम तिर्पार्ध एक्सात्रमान अम नान अवः राजनाद्रक मारानाजात अहै। এন রায় আজ চেপে রেখেছেন। কেন সেই রিপোর্ট আজও বিধানসভার সামনে আসছে না? এই প্রদন স্বভাবতই মানুষের মনে আসতে পারে। গত অধিবেশনে, স্যার, আপনার নিশ্চয়ই বেয়াল আছে যখন আডিশনাল চীফ ইলেকট্রিকালে ইঞ্জিনীয়ারস অফিস কলকাতা থেকে মাইথনে চলে যায়, তথন আমরা একটা আশংকা প্রকাশ করেছিলাম। সেই আশংকা হচ্ছে এই ধীরে ধীরে এর সমস্ত অফিসগলো আন্ডারসন হাউস থেকে বিহারে চলে যাবে। সেই আশুকা প্রকাশ করে আমরা এই বিধানসভার একটা বে-সরকারী প্রস্তাব রেখেছিলাম। তার জবাবে সেচমন্দ্রী भशागत वर्लिছलान এখান থেকে আর কোন অফিস যাবে না। এখনো যাবে, যাছে, ধীরে ধীরে ষাচ্ছে এবং উনি জানেন কি জানেন না আমি জানি না, বাংলাদেশের যে অফিসার আছেন िष्ठ िष्ठ त्रि সংস্থায় বাংলাদেশের স্বার্থ রক্ষা করবার জন্য, তাঁরা বাংলাদেশের স্বার্থ সেথানে রক্ষা করেন না। তাঁরা সেচমন্ত্রীর জ্ঞাতসারে কি অজ্ঞাতসারে অভিমত দিয়ে আসেন কিনা স্থানিনা, এবার থেকে অফিসগালো ওপারে চলে যাবে, ধীরে ধীরে বাংলা থেকে বিহারে দশ্তরগালো চলৈ

बार्त। आरबा िंग्नो अधिम उथान हरन बास्क वर जात मर्था वर्को मून मण्डत हरन बास्क, ্রেটা হচ্ছে পার্সেনেল অফিসারের অফিস, স্যার। এই অফিসের মাধ্যমে লোকের हाकदौ एम छत्रा-स्नुष्टता इत्र । अर्थार এই अधिकारो विदास निस्त्र वावात वर्ष्ट्यन्त इस्ट अवर अत মাধামে বাংলার ছেলেদের চাকরী পাবার সম্ভবনা এর ভেতর দিয়ে সেই সম্ভাবনা ধীরে ধীরে ভ্যালী কর্পোরেশন সংস্থা আজ যে পর্যায়ে গিয়ে দাঁডিয়েছে. এই দামোদর ভ্যালী কর্পোরেশন একটা নোংরা সংস্থাতর ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। এই ডি ভি সি সংস্থা আজ বিহার এবং বাংলার ভেতর একটা ঝগড়া লাগিয়ে তাদের নিব্দেদের দ\_নীতি. অপচয় ও অপব্যয় বাঁচিয়ে রাখবার যে প্রচেষ্টা করছেন, তার বিরুদ্ধে পশ্চিম বাংলার সরকারের তরফ থেকে যে জোরালো প্রতিবাদ হওয়া উচিত ছিল, সেই জোরালো প্রতিবাদ হচ্ছে না কৈন? টাকা দিচ্ছি সবচেয়ে বেশি আমরা। টাকা সবচাইতে বেশি আমাদের দিতে হচ্ছে. কিল্ড আমরা নিরব দর্শক হিসাবে দাঁডিয়ে আছি। এর জন্য কি দায়ী আমাদের মের্দুণ্ডহীন সেচ মন্ত্রী নন? উনি কি এর বিরুদেধ যে কথাটা বলা দরকার পশ্চিম বাংলার স্বাথেরি জন্য তাঁর মূখ থেকে যে কথা পশ্চিম বাংলার মানুষ আশা করে, সেই কথা তিনি বলতে পারেন না কেন? সেই সাহস তাঁর নেই কেন? এই সং সাহস তার নেই কেন? আমাদের কাছে অসত্য ব্যাপার পরিবেশন করে বাংলা-দেশের মানুষকে ভূল বোঝাবার চেণ্টা করা হয় কেন? সেই ভূল না ব্রুঝিয়ে আজ দামোদের ভাালী সংস্থার ভিতরে যে দূর্নীতি, অপবায় চলেছে এবং বাংলার স্বার্থকে ক্ষতি করবার যে চেণ্টা হচ্ছে তার বিরুদ্ধে দাঁড়াবার সং সাহস আপনার নেই কেন? ডাঃ বিধানচন্দ্র রায় আজ নেই। তিনি যতদিন ছিলেন তিনি বারবার চেণ্টা করেছেন বাংলার স্বার্থ যাতে রক্ষিত হয়. এবং তিনি জোর করে কেন্দ্রের কাছে বাংলার স্বার্থের কথা বলেছেন। কিন্তু আজ ডাঃ রায় নেই. তাঁর সমস্ত দায়িত্ব আজ এসে বর্তিরেছে অজয়বাব্র উপর। তখনও অজয়বাব্ সেচমন্দ্রী ছিলেন, কিন্তু, ডাঃ রায় তার এই মের্দণ্ডহীনতার জন্য বারবার তাঁর পাশে গিয়ে দাঁডিয়েছেন এবং বাংলার স্বার্থ রক্ষা করবার জন্য চেন্টা করেছেন। আজকে সেই লোক নেই. তাই আজ দেখছি যে পশ্চিম বাংলার স্বার্থ আর রক্ষিত হচ্ছে না। দামোদর ভ্যালী করপোরেশনের ভিতর এই ধরনের ঘটনা ঘটছে এবং সেখানে অফিসার চক্র. আই সি এস চক্র স্কৃতি হয়েছে: এবং সেই আই সি এস চক্রের উপর দাঁডিয়ে তারা নিজেদের সূত্র-সূবিধা চারিদিকে করে নিচ্ছে। এইটাই হচ্ছে আজকে মূল দামোদর ভ্যালী সংস্থার বিরুদ্ধে দেশের লোকের বিশ্বেষ, এবং বিক্ষোভ এই জায়গায় এসে দাঁডিয়েছে। শুধু আমাদের কথা এটা নয় কেন্দ্রীয় সরকারের শ্রীকৃষ্ণমাচারী তিনিও এই কথা বলেছেন যে দামোদর ভ্যালী সংস্থা এমন হল তাকে ভেঙ্গে দেওয়া হোক, আইনকে পালটে দেওয়া হোক, আইনকে তুলে দেওয়া হোক বা নৃত্নভাবে ঢেলে সাজানো হোক। আমরা এখানে পশ্চিম বাংলার বিধানসভায় দাঁড়িয়ে বহুবার বর্লোছ আই সি এস তন্ত্র দিলে হবে না। দামোদর ভ্যালী পরিকল্পনাকে যদি ঠিক ঠিকভাবে দেশের কার্যে রূপায়িত করতে হয়. যদি দামোদর ভ্যালী সংস্থাকে দেশের স্বার্থে নিয়োজিত করতে হয় তাহলে ঐ কথ্যাত আই সি এস অফিসারদের দিয়ে হবে মা। যারা গুলি মেরে মানুষকে হত্যা করেছে—কোচবিহারে, তারা কি করে বুঝবে চাষীর বুকের জনলা, তাদের যদি এর মাথায় বসিয়ে রাখা হয়? এস লাল ও এইচ এন রায়ের মত লোক এবং ঐ গোপলানির মত অসাধ্য লোককে যদি এর মাথায় বসিয়ে রাখা হয়. তাহলে এই সংস্থা এই কাজ ছাড়া আর কি কাজ করতে পারে। তাই আজ পশ্চিম বাংলার মানুষের দাবী এস লাল এইচ এন রায় ও গোপলানি, তাদের অপসারণ করা হোক। তাদের অপসারণ আজই বাংলার মানুষ দাবী করছে, এবং এই কাজ আজকে করা দরকার। স্যার, যে কথা আজকে ডাঃ ভট্টাচাজ্রী বলেছেন, আমিও সেই কথা বলতে চাই, দুটো কমিটি হওয়া দরকার। স্যার এই ষে অফিসার চক্রের যে দ্বনীতি, টাকা অপচয়, স্বজনপোষণ এবং অপবায়, তার জন্য একটা এনকোয়ারি কমিটি করা উচিত। দোষী যদি তারা সাবাসত হয় তাহলে তাদের উচিত শাস্তি দিতে হবে, না দিলে চলবে না। এর জনা একটা কমিটি—আর একটা কমিটি করতে হবে। এইসব অসাধ্য লোকগুলিকে সরিয়ে দিয়ে, কি করে এই পরিকল্পনাকে ঠিক ঠিকভাবে কাঞ্জে দাগানো যায় তার জনা ইঞ্জিনীয়ার-ইকন্মিস্ট, এই ধরনের সাধ্য লোকদের নিয়ে কমিটি গঠন করতে হবে। তারা দামোদর ভ্যালী করপোরেশনকে বাস্তবে র পায়িত করবে। এই কাজ করবার ©ন্য বা সাজেসশান দেবার জন্য যে সং সাহসের প্রয়োজন. তা মাননীয় মন্দ্র∾ওইলভিন্ন আছে

কিনা আমি আপনার মাধ্যমে জানতে চাই। যদি তা করতে চান, তাহলে আপনার মের্দেণ্ড সোজা করে দাঁড়ান। কোটি কোটি টাকা পশ্চিম বাংলার মান্ধের, আমাদের মাধ্যমে বাজেটে পাশ করে নিয়ে যাবেন, আর পশ্চিম বাংলার লোক পশ্চিমবংগার স্বার্থের জন্য দাঁড়িয়ে কথা বলতে পারবেন না, এই জিনিস পশ্চিম বাংলার মান্য আর বেশিদিন সহ্য করবে না। তাই বলি, আপনি সোজা হয়ে দাঁড়ান, আমরা সব আপনার পিছনে দাঁড়াবো এবং এই পরিকল্পনা যাতে স্বার্থকর্পে র্পায়িত হয়, সেই পথে আমরা আপনার সংগ্য এক সাথে চলবো। এই কথা বলে, আমার বছব্য শেষ করছি।

[2-40-2-50 p.m.]

#### Shri Nagen Dolui:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কেন্দ্র থেকে এসেছি সে কেন্দ্রের নাম হচ্ছে ঘাটাল। এবং এই ঘাটাল কেন্দ্রে ঘাটাল মহকুমার জনসাধারণ আশা করেছিল যে ব্রিটিশ সাম্রাজ্যবাদ চলে যাবার পর, স্বাধীন দেশের সরকার আমাদের প্রতি বংসর বন্যায় যে ফসল নন্ট হয় সেই ফসল এবং আমাদের কৃষকদের এই বন্যার হাত থেকে বাঁচিয়ে যাতে তারা সূথে শান্তিতে বাস করতে পারে তার বাবস্থা করবেন। কিন্তু দুঃথের কথা ১৫ বংসর কেটে গেল আজকেও দেখতে পাচ্চি প্রতি বংসর শীলাবতীর বন্যায় এই ঘাটাল অধিকাংশ ফসল নন্ট হয়ে যাচ্ছে। শুধু ফসল নন্টই নয় এই বন্যায় কৃষকদের বাস্তুভিটা এবং রাস্তাঘাট পর্যন্ত নন্ট হয়ে যায়। এই বন্যার তিন মাস কৃষকদের যে কি অবন্থা হয় তা মন্ত্রিমহাশয় অনুভব করতে পারবেন না। তিনি যদি এই বর্ষার তিন মাস সেখানে গিয়ে বাস করেন তাহলে তাদের অবস্থা নিশ্চয়ই ব্রুবতে পারবেন। স্পীকার মহাশয়, এই বন্যায় প্রতি বংসর কৃষকরা সর্বহারা হয়ে যায়। আমরা দেখতে পেরেছি গত বংসর বন্যায় যখন সেখানে কৃষকদের প্রচুর ফসল নন্ট হয়ে গেল তথন তাদের কিছু রিলিফ দেওয়া হর্মেছল। এবং সেই ঘাটাল মহকুমায় আমরা দেখছি যে যারা রিলিফ নিয়েছিল তাদের গর বাছরে সমস্ত ক্রোক করে নিয়ে তাদের সর্বস্বান্ত করে দেওয়া হয়েছে। স্পীকার মহাশর, সেখানকার লোকেরা আশা করেছিল বন্যার সময় কৃষকদের অবস্থার যে সঙ্কট দেখা যায় তাতে অন্ততঃ তাদের থাজনাটা ছেড়ে দেওয়া হবে। কিন্তু আজকে দেখতে পাচ্ছি তাদের সর্বস্বান্ত করে দেওয়া হচ্ছে। আসাদের কৃষকরা আমাদের দেশের যে জাতীয় সমস্যা, আজকে ফসল ফলি**রে** সেই জাতীয় সমস্যার সমাধান তারা করতে পারত, দেশের খাদ্য সমস্যার সমাধান করতে পা**রত** কিন্তু তা হচ্ছে না। আজকে ঘাটালে যে তিনটি থানা, ঘাটাল, দাশপরে এবং চন্দ্রকোণা, এই তিনটি থানায় প্রতি বংসর বন্যা হয়ে সেখানকার খাদ্য ফসল নন্ট করে দিচ্ছে। এবং এর **জন্য** এই মন্ত্রী দণতর দায়ী। স্পীকার মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন ষে বন্যা বন্ধ করবার জন্য তিনি একটা ব্যবস্থা করবেন কিন্ত এখন দেখছি তাঁর প্রতিশ্রতির কোন माला न्या आभारमत उथानकात जनमाधात्व मार्यी कर्त्याष्ट्रल य भीलावजी नमीत वनात यमि कान वार्यन्था ना कतरू भारतन जाराम स्थारन जन्नजः य हान्युन्वत थानहो चारह स्मरे थानहो কাটার ব্যবস্থা কর্ন। চন্দ্রকোণার হাজার হাজার মানুষ তারা দাবী করেছিল রূপনারা**য়ণে** যে বালি পড়ে প্রতি বংসরে তা সংস্কার করে দেওয়া হোক তাহলে ঘাটাল মহকুমার যে ফসল নট্ট হয়ে যায় তা রক্ষা করা যাবে। কিন্তু আজ পর্যন্ত মন্দ্রিমহাশয় সেই ঘাটালের প্রতি কোন দূর্ঘিট দেননি। এর আসল কারণ কি সেটা মন্দ্রিসভা পরিম্কার করে বলনে যে এই ঘাটা**ল** মহকুমায় বন্যা নিরোধ করার ব্যবস্থা করবেন কিনা। মান্নীয় স্পীকার মহাশয়, আর একটা র্জিনিস দেখতে প্রাচ্ছি দার্শপরে থানার ৩নং, ৪নং ইউনিয়নে জলসেচের ব্যবস্থা না থাকায় **এই** ইউনিয়নের ফসল প্রতি বংসর নন্ট হচ্ছে। বারবার মন্দ্রিমহাশয়ের কাছে ধর্ণা দিয়েও আ**জ** পর্যক্ত কোন উপকার পাওয়া যায়নি। তারপর দাশপুর ৯নং ইউনিয়নে জল নিকাশের জন্য একটা স্বাইস গেট ভাডাতাড়ি বসান দরকার। গাজিখালের আজ পর্যন্ত ব্যবস্থা করা গেল না. সেখানে ফসল নন্ট হয়ে যাচ্ছে। তারপর আর একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে বে জল সেচের ব্যবস্থা ঠিক ঠিকমত না থাকার ফলে বহু, ফসল নণ্ট হচ্ছে। সেখানে ৭নং ইউনিয়নে একটা স্লুইস গেট দরকার, এজন্য হাজার হাজার দরখাস্ত করা হয়েছে, কিন্তু এই ব্যবস্থার

দিকে মন্ত্রিমহাশয় দৃণ্টি দেননি। আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশরের দৃণ্টি আকর্ষণ করছি বে, তিনি যেন শীলাবতী নদীর ব্ন্যা নিবারণ করার জন্য দৃণ্টি দেন। এই কথা বলেই আমি আমার বস্তব্য শেষ করছি।

#### Shrı Girish Mahato:

বহু বিঘোষিত বড় বড় জলাধার ও বড় বড় প্রোজেক্টগর্বালর নির্মাণ পরিচালনা এবং তার ব্যারা জনকল্যাণের ফলাফল কি দাঁড়িরেছে এবং দাঁড়াছে আজ আর তা কারো অবিদিত নেই। এই সবগালের এক একটি স্কীম বহা অপচয়, বিশৃংখলা ও অযোগ্যতার নিদর্শনর্পে খ্যাত হ'য়ে উঠিলেও ভোটের বাজারে কংগ্রেসের হাতে মাছের টোপ ফেলবার এইগর্নিই একমাত্র অবলম্বন আমাদের জেলার কাঁসাই বাঁধ পরিকল্পনা এই জাতীয় একটি জিনিস। আমরা জানি না অন্তিমে ব্যাপক সেচ সরবরাহের ভূমিকায় কাঁসাই পরিকল্পনা কি রূপ নিয়ে দাঁড়াবে; তবে আজ আমরা क्यानि त्य, ভবিষাতে বহু মানুষের कल्याागत नात्म आक वহু মানুষকে তাদের চিরকালের আবাস ভূমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। এই নিতান্ত দঃখজনক ব্যাপারটিকে গভীর সহানুভূতির সণ্গে দৈখে তাদের উপযুক্ত ক্ষতিপ্রেণ এবং উপযুক্ত পুনর্বাসনের দুতে সুষ্ঠু বাবস্থা করাই সরকারের করা উচিত ছিল। কিন্তু, কাঁসাই বাঁধের কারণে উন্বাস্তু গ্রামবাসীদের উপবৃত্ত ক্ষতিপ্রেণ ও পনের্বাসন ব্যাপার বিষয়ে সরকারের দিক থেকে যে বিশ্রুখলা ও অব্যক্ষথা যে বিদ্রান্তি ও চক্রান্ত এবং সর্বোপরি যে রাজনীতি চলছে তা যেমন দঃখজনক, তেমনি তা গভীর নিন্দাজনক। মান্ষের বিপান অবস্থার স্থোগ নিয়ে রাজনীতিক উদ্দেশ্য সাধনের খেলা শুধু নিন্দাজনক নয় নিতান্তই অপরাধ্জনক বলেই আমরা মনে করি। **ক্ষ**তিপরেণ ব্যাপার নিয়ে যথন বহুজনের কাছ থেকে বহু রক্মের অভিযোগ আমাদের কাছে আসে তখন আমরা ঐ সকল অগুলে ব্যাপক তদন্ত করে জানতে পারি যে, বহু, পুরাতন দলিল ও পড়চার নজিরে ভূমির শ্রেণী নিধারণ ক'রে ক্ষতি-প্রণের যে হার দেওয়া হচ্ছে তা সতাই অন্যায়জনক। একসংখ্য ক্ষতিপ্রণের অর্থ না দিয়ে কিস্তিবন্দী দেওয়ার ফলে গ্রামবাসীদের সেই অর্থ প্রনর্বাসনের কাজে লাগাতে বিশেষ অস্কবিধে হচ্ছে এবং সময়ে কাজে লাগাতে না পেরে সংসারের অন্য কাজে ভেপে ফেলে তারা ঘোরতরভাবে ক্ষতিগ্রস্ত ও বিপন্ন হচ্ছে। ক্ষতিপ্রেণের অর্থ নিরাপদ স্থানে রাখবার উপায় এবং বিধিবিধান না জানার জন্য গ্রামবাসীদের বহুজনে প্রতারকদের হাতে পড়ে বহুভাবে ক্ষতিগ্রন্ত হয়েছে এবং হচ্ছে। আমরা এও জানতে পারি যে, ক্ষতিপরেণের অধিকার বিষয়ে কয়েকটি শ্রেণীর হকদারদের দাবী অনিশ্চিতভাবে ঝ্লছে। আমরা তদল্তে আরো জানতে পাই যে, বহুক্তনের ক্ষতিপ্রেণ নিদেশিপতে ক্ষতিপ্রেণের হার ও বৃত্তি কিছুই উল্লিখিত নেই। এইভাবে বিচিত্র পর্ম্বতিসমূহ অনুসত হয়ে চলেছে। এবং সর্বোপরি, ক্ষতিপুরণ পাবার সমগ্র ব্যবস্থা ধারাটাই অভ্যন্ত বিশ্ওবলাপুরণ হয়ে রয়েছে যার ফলে সরল সাদাসিধে গ্রামবাসীদের অত্তহীন হায়রানিতে খরচ ও ক্ষতির মধ্যে পড়তে হয়েছে। আমরা এইসব অভিযোগের বিষয়ে যেমন ব্যাপক তথ্য সংগ্রহের কাজ করলাম—তেমনি আমরা ঐসকল অঞ্চলে কয়েকটি বৃহৎ জনসভা করে ঐসকল অভিযোগের সত্যতা আমরা যাচাই করে নিলাম। এবং ঐসকল বিষয় নিয়ে স্থানীয় কর্তৃপক্ষের মাননীয় সেচ-মন্ত্রীর সংশ্যে কয়েকবারই আমরা দেখা সাক্ষাৎ করলাম। এবং জনগণের অভিযোগসমূহ জানালাম কাঁসাই বাঁধ পরিকল্পনায় আমাদের জেলায় যে অংশ বিপন্ন হচ্ছে আমি সেই অংশের আইনসভা নির্বাচন ক্ষেত্র থেকে নির্বাচিত হয়েছি। সূতরাং দায়িত্ব আছে। এবং লোকসেবক সঞ্জের প্রাথীর পে আমি যখন সদস্য হয়েছি তখন এ বিষয়ে দায়িত্ব রয়েছে। সেই কারণে এবং জনগণের বিষয়ে আমাদের সকলের স্বাভাবিক দায়িত্ব থাকার কারণে আইনসভা সদস্য হিসাবে আমাদের সহযোগে আমাদের সঙ্ঘের সচিব ঐ সকল তদক্তে ও সরকারী যোগাযোগসমূহে অংশ গ্রহণ করেন।

[2-50-3-10 p.m.]

আমাদের যোগাযোগের ফলে অবশেষে মাননীয় সেচমন্ত্রী সমন্ত ব্যাপার পরিদর্শন ও সমন্ত অভিযোগের তদন্ত করতে সংশ্লিষ্ট অঞ্চলে যাবেন এই প্রতিপ্রতি দেন। ঐ প্রস্তাবিত পরিদর্শন ও তদন্তকালে আমাদের উত্থাপিত অভিযোগসম্হের সঞ্জে জড়িত তথ্যাদি ও দৃষ্টান্তগর্দাল ধিপন্থাপিত করার প্রয়োজন ঘটবে—এই মনে করেই আমরা সকল তথ্যাদি একত্রে সংগ্রহ ও

সাসংবন্ধ করে রাখবার কাজে প্রবৃত্ত হই এবং ঐ স্থানের জনসাধারণ স্বাভাবিকভাবেই ধারণা করেন যে প্ররোজনীর বন্তব্য ও তথ্যাদি আমাদের কাছেই সরবরাহ করবার প্ররোজন রয়েছে। এবং তদুন,সারেই তাঁরা আমাদের সঙ্গে যোগাযোগ করতে থাকেন। এবং আমরা সকলেই মন্দ্রি-মহোদয়ের পরিদর্শন ও তদন্তের সংবাদ ও তারিখের জন্য প্রতীক্ষার থাকি। তার পরেই এক <u>जिक्तामा घर्টना घर्ট शिल। मन्त्रिमस्यानस्यत्र मस्या यात्रा स्याभास्याय कदलल, जाँक यात्रा आमन्त्रय</u> করল তার কাছে যারা বহুবিধ অভিযোগ পেশ করল এবং সংশিলষ্ট তথ্যাদিসমূহ নিয়ে যারা মুল্ডিমহোদরের আগমনের প্রতীক্ষায় রইল ঠিক সেই ব্যক্তিগুলিকেই বিন্দুমান্ত কোনো খবর না জ্ঞানিয়ে মল্ফিমহোদর সহসা একদিন গুটিকতক কংগ্রেসী অনুচর ও অফিসার সংশ্য করে তথ্য-ক্রথিত তদন্তে গিরে হান্সির হলেন। এবং এহেন সংগতিহীন অসমীচীন তদন্তের ফলাফল যা হয় তাই হোল। অর্থাৎ মন্মিমহোদয়ের বিশেষ উন্দেশ্যই সাধিত হল। জন অভিযোগের এই সমুহত ব্যাপার বিনি পরিচালনা করছিলেন—লোকসেবক সঞ্চের সেই সচিবকে সংবাদ দেওয়া দুরে থাক-আঁকি এই অঞ্চলের আইনসভার সদস্য আমাকে পর্যন্ত এই তদন্তের বিষয়ে কোনো সংবাদ না জানিয়ে আমাকে আমল্রণ না করে আমাকে এড়িয়ে, অর্থহীন এই তদন্ত অনুষ্ঠিত হোল। যাদের অভিযোগরুমে ও আমল্যণে এই তদন্ত অনুষ্ঠিত হোল তাদেরই বাদ দিয়ে অনুষ্ঠিত তদন্তের মূল্য কোথায় রইল। অভিযোগকারী হিসাবে সঞ্চের সচিবকে ও আমাকে তদন্তে উপস্থিত হবার জন্য আমলুণ জানানো মন্দ্রিমহোদয়ের পক্ষে নিতান্তই সমীচীন ছিল।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[3-10-3-20 p.m.]

#### Shri Sishuram Mondal:

মাননীয় স্পীকার মহাশয়, সেচ বিভাগের মন্দ্রিমহাশয় সেচের জন্য বে ব্যর-ব্রাম্প উত্থাপন করেছেন তাকে সানন্দে সমর্থন করছি। যদিও দেখা যাবে যে সেচের জন্য বহু, জীম এখনও সেচ পরিকল্পনার উপকারের আওতায় আসেনি তাহলে আমরা বদি বিশেষণ করি তাহলে দেখব যে স্বাধীনতার আগে বে আবাদী জমি বে পরিমাণ সেচের উপকার পেত। এই ততীর পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে দেখা যাবে যে তার ৩ গণে জমি এই সেচের উপকারের আওতার মধ্যে এসে গেছে। বড় বড় নদী উপত্যকায় বাঁধ দিয়ে যে সেচ পরিকল্পনা হয়েছে তাতে এই সেচের উপকার বহু জায়গায় পেরেছে। যেখানে কেবলমাত্র বাঁকুড়া জেলার তিনটি থানায় অনেক জমিতে জলসেচ দিয়েছে। সোনাম খী, পাত্রসায়ের, ইদান এইসব জায়গায় যদিও এই খালের জল দামোদর পরি-कन्भना एएक भिरंत এইসব এলাকায় यथान थान वर् मरत खरा स्थान এ वहत यथनों राज्या হচ্ছে। এ ছাড়া বাঁকুড়া জেলার কাঁসাই পরিকল্পনার কান্ত চলছে সেখানে ২৫ কোটি টাকা ৰরান্দ আছে যেটা প্রথমে শ্রেনছিলাম ৮ লক্ষ টাকায় শেষ হবে কিল্ডু এখন শ্রুনা ষাচ্ছে আরও বেশি হবে, সেখানে কাঁসাই পরিকল্পনা সম্পূর্ণ হলে বাকুড়া এলাকার ৪ লক্ষ একর জমিতে জল দিতে পারবে। হুগাল জেলার ৩৩ হাজার একর জমিতে জল দিতে পারবে। শিলামতী নদীতে বাঁধ বেধে প্রায় ১৫ হাজার একর জমিতে জল দিতে পারছে। এইভাবে দেখা যাচ্ছে যে সেচ বিভাগের মত একটা গ্রেম্পূর্ণ বিভাগ ক্রমশ আবাদী জমি বাড়িয়ে উত্তরোত্তর জলসেচের আওতার মধ্যে নিয়ে এসে আমাদের খাদ্য উৎপাদনে স্থিতিস্থাপকতা বিধানের চেন্টা করে চলছে। এ ছাড়া আমরা দেখাছ কাসাইয়ের উপর বাঁধ দিতে গিয়ে ১৫ হাজার লোক তাদের বাসগহে ছেড়ে চলে বৈতে বাধ্য হয়েছে। তা সন্তেও সেখানকার সেই জলাধার তৈরি হলে জমিতে জলসেচের স্কবিধা হবে। তার জন্য ষেস্ব ১৫।১৬ হাজার লোককে খ্র উদারভাবে ক্ষতিপ্রেণ দেবার বাবস্থা করা হয়েছে। সেচমন্দ্রী বাঁকুছা জেলার কংগ্রেস এবং জনসাধারণের অনুরোধে ২।০ বার নিজে গিরে সেখানের দ্বরক্থায় পতিত লোকদের সঙ্গে দেখা করে তাদের সঙ্গো দরদী কথা হিসাবে তারা বাতে ক্ষতিপ্রণের টাকা খ্ব উদারভাবে পান তার ব্যবস্থা করে এসেছেন। তা সত্ত্বেও বাঁকুড়া क्लात अथनल जलात त्र अवन्था त्रथात्न वर्ष वर्ष भावकन्थना रुख्यह। जा हाषाल वर क्री जनावामी भए धाकरव। योग जावन समाजा यादम्या ना वाजाना याद्र जाराम भूव जान्यिया হবে। ফরেন্ট ডিপার্টমেন্ট থেকে তাদের বনগৃলি রক্ষা করবার জন্য চারিদিকে গেট দিরে জল নিরে বার—সেখানে এ জিনিসটা প্রায় বন্ধ হয়ে গেছে। এ বিষয়ে সংশ্লিন্ট মান্ত্রমহাশরের দৃষ্টি আকর্ষণ করি। শুধু বাঁকুড়া নর মেদিনীপুর জেলার এম এল এ-রাও আমাদের সংগ্রা যোগ দিরে চেন্টা করেছিলেন কিন্তু সে বিষয়ে আমরা ভাল ফল পাইনি।

সেইজন্য বলবো একদিকে সেচের একটা দিক বন্ধ হয়ে গেছে যখন, তখন ন্তন দিক যাতে আরো বের করতে পারা যায় সেজনাও চিন্তা করা উচিত সেচ বিভাগের। স্থের বিষয় গণাজলঘাটি থানার যে এলাকা থেকে আমি এসেছি, সেই এলাকায় আজ দ্ব-তিন বছর ধরে একটি জ্বোড়া বাঁধ দিয়ে একটা জলাধার তৈরির একটা সমীক্ষা করা হছে। তেমনি বড়জোড়া থানায়, মালিয়াড়া জোড়বাঁধ, তণতরা জোড়বাঁধ, গণগাজলঘাটি জোড়বাঁধ, জোড়বাঁধ শালি এই কয়িট নিয়ে এখনো সমীক্ষা চলছে আজ দ্ব-তিন বছর ধরে। আমি আশা করেছিলাম এই বছরের বাজেটে সেগ্লি কার্যে পরিগত হছেে দেখতে পাব। কিন্তু দেখা যাছেে সেই পরিকল্পনাগ্রলি এখনো সম্পূর্ণ ইয়ে ওঠেনি। তব্বু আমি সংশিলন্ট মালমহাশয়কে অন্রোধ করবো বিশেষভাবে যে বাকুড়া জেলার এই অঞ্চলগ্রিল ছাতনা, ইনপ্র, শালতোড়া, মেজো, গণগাজলঘাটি, বড়জোড়া এইসব এলাকায় বড় বড় নদী বাঁধ দেওয়ার মত স্বোগ স্বিধা নাই। কিন্তু এইরকম ছোট ছোট জোড়াবাঁধগ্রিল যাদ মাইনর ইরিগেশন ক্রীম-এর মধ্যে নিয়ে সরকার কার্যে পরিগত করেন তাহলেও বহ্ব একর জমিতে জল দিতে পারবেন এবং বাকুড়া জেলারও বহ্ব উপকার সাধিত হতে পারবে। এইরকম একটা গ্রুম্বপূর্ণ বিভাগ ও ছটাইয়ের হাত থেকে রেহাই পার্মনি প্রায় দেড় ক্যোগির মত এবার ছটাই হয়ে গেছে। কিন্তু তা সত্ত্বেও ন্তন কাজ এবারও হবে সেচের ব্যাপারে হবে, জলনিক্তাশনের ব্যাপারে হবে জানি। এজন্য আমি সেচমন্ত্রীর বাজেটকে অভিনন্দন জানিয়ে পূর্ণ সমর্থন জানাছিছ।

## Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধক্ষা মহাশয়. আজ মাননীয় সেচমন্ত্রীর বাজেট বরান্ধ প্রদতাবের বিরোধিতা করবার মারফত আমি সেচের অবস্থা বিশেষ করে আমাদের বর্ধমান জেলার জলসরবরাহের অবস্থা এবং ডি ডি সি কর্ত পক্ষের সংগ্য আমাদের ইরিগেশন বিভাগের যে বিতণ্ডা এটা যদি চলতে থাকে. ভাহলে কৃষকরা বিশেষ করে ক্ষতিগ্রস্ত হন সে দিকটা আমি তলি ধরতে চাই। অন্যান্য সদস্যরা অনেক কথা বলেছেন। কিন্তু এই ডি ভি সি বর্ধমান জেলার অশেষ উপকার সাধন করেছে, এই কথাটা বিভিন্নভাবে সংবাদপতে ও সব জারগায় বারে বারে প্রচার করা হয়। উপকার যে কিছু रुम्नीन এकथा क्लि वर्ष्टा ना। कार्राय निम्ठेसरे यथन वृष्टित क्लि रस ना ज्थन कृषक कार्रातलात करमंत्र कना गाकम रख थर्छ। य धमाकार कार्तम नारे, स्मर्थात कार्तम भागात कना जाता ব্যাকুল হয়ে আছে। সেই জন্য সেচমন্দ্রী দাবী করতে পারেন—এই তো প্রমাণ যে আমাদের ক্যানেল খবে উপকার করছে। কিন্তু আর এক দিক থেকে আজকে ডি ভি সি পরিকল্পনা সম্বন্ধে এমন কি বর্ধমান জেলার কুষকদের জিজ্ঞাসা করেন যারা ওল্ড অ্যান্ডারসন ক্যানেল-এ অভাস্ত ছিলেন তাঁরা বলবেন যে তখনকার দিনে ফার্স্ট জ্বন থেকে জল পাওয়া যেত। আজকে ফার্ম্ট জ্বলাই থেকে জল দেওয়ার ব্যবস্থা চাল, হয়। কার্যতঃ গিয়ে পেণছায় ১৫ই জ্বলাই-এর जारंग जन प्रयास भीत ना. विरागय करत रहेन राज्य आभारत भरन्यत धनाकार प्राप्त कि कि সি-র টেল য়েন্ড এলাকা, সেথানে জল আসতে এত দেরী হয় যে জনসাধারণ অস্বাভাবিকভাবে ক্ষতিগ্ৰহত হয়। সবচেয়ে মজা হচ্ছে এই. ডি ভি সি আইনে এমন কোন বিধান নাই যে <mark>ধা</mark>রা जारंग कल भारतन. जाता आक जान्म म्मरतन अवर यौता भरत कल भारतन अवर यौता कल भारतन ना সবাই টাক্স দেবেন। এমন বহু, জায়গা আছে, যেখানে জল পাচ্ছে না, মোটেই, অথচ তাদের শরণাপম হয়েছেন, হাইকোর্টের র ল নেওয়া হয়েছে—যাতে এই রকম অন্ধায়গালি না চলে।

এ ছাড়া ত্মারো অনেকগ্নলি জিনিষ আছে যাঁতৈ দেখলে দেখা যাবে ডি ভি সি হয়ে আমাদের খ্র উপকার হছে এই যে একটি ধারণা তৈরী হয়েছে এটা সম্পূর্ণ সত্য নর। যেমন ধর্মন বহু জ্বাগায় সেচ প্তেকারণীগ্নলি পর্যাত উঠে গেছে। এই বছর আশ্বন-কার্ত্তিক মাসে এমন একটি অবস্থা দাড়ালো যখন জল বন্ধ করে দিয়েছে ডি ভি সি কর্তৃপক্ষ: তখন সেচমন্ত্রীর কাছে

টোলগ্রাম করেছি সমস্ত জারগার হাহাকার; সকলে বলতে লাগলো যে আমাদের যে সৈচ-প্রকরিণীগৃর্বিল ছিল, তাতে আগে জল ধরে রাখবার যে ব্যবস্থা ছিল, সেটা এই ক্যানেল হওরাতে মান্য সেই সমস্ত পক্রের ব্রজিয়ে ট্রজিয়ে যেমন করে হোক আগে থেকে অকেজো হয়ে গিরেছিল, এখন সেগ্রিলকে ব্রজিয়ে জমি করে ফেলেছে। ফলে সে আশাও বন্ধ হয়ে গেছে। এখানে আজকে এই সেচের জল নিয়ে বিশেষ করে ব্যাকমার্কেট চলছে।

[3-20-3-30 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয় আমাকে পত্রে জানিয়ে ছিলেন যে, এই যে জল পেল না তার কারণ হচ্ছে মন্তেশ্বর এলাকার কেন্দ্র দিয়ে যে জল যায় তার একটা এলাকায় চাষীরা নিজেরা বাঁধ দিয়ে জল আটক করে রেখেছে। কিন্তু আমি জানি চাষীরা এই কাজ করতো না যদি তাদের সময়মত জল দেওয়া হত। চাষীরা এই জল পান নি তার জন্য আমাদের ইরিগেশন ডিপার্টমেন্ট এবং ডি ভি সি কর্তপক্ষের মধ্যে মারামারি চলেছে। আমি দণ্ডরে দণ্ডরে ঘুরে আমার এই ধারণাটা হয়েছে যে এই দুই দুর্ভুতরের মারামারিতে চাষীদের কাছে জল বন্ধ হয়ে গিয়েছে। যখন আমাদের ক্তুপিক্ষ জল চান তথন ডি ভি সি বলেন আমরা জল দিতে পারবো না আর যখন ডি ভি সি লল দেবে, তখন আমাদের কর্তৃপক্ষ জল নিতে পারেন না। এই রকম একটা বিতন্ডার মধ্যে পদ্রু সাধারণ চাষী মারা যেতে আরম্ভ করে। তার জমিতে তখন জল শুকিয়ে যায়, লেখালিখি দরকার আরম্ভ হয় এবং তার জন্য ওভারসিয়ার থেকে আরম্ভ করে ক্যানেল কর্ত পক্ষকে ্রেষ দেওয়া থেকে আরম্ভ করে সব কিছন চলে, তারপর জল ছাড়া হয়। এই জল ছাড়া হলে ্রাষীরা এক জায়গায় প্রথম জল পায় এবং তারা সেই জল আটক করে আবাদ করার চেষ্টা করে. এবং এই নিয়ে শেষ পর্যক্ত ফৌজদারী মারামারি দাখ্যায় পরিণত হয়। এই সমস্ত বিষয়গুলি র্যাদ বিচার করা যায় তাহলে দেখা যাবে, যেভাবে বলা হচ্ছে ডি ভি সি ইজ আনমিক্সড গুড়ে এই রক্ষু ধারণা করার কোন কারণ নেই। সমস্ত জায়গায় এমন কতকগুলি অবস্থা সুলি হয়েছে যার জন্য আমরা অনেক জায়গায় ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছি। সেই ক্ষতির দিক থেকে কিছু বলা राल वा रमरे ममन्य मार्वीमाध्या जनाय शाला. राव राव. राष्ट्र राष्ट्र, धरे तकमणाय ममन्य ভিনিষ্টাকে চেপে দেওয়া হয়। আমাদের মন্তেশ্বর, মেমারী এলাকার মধ্যে, মাননীয় সেচমন্ত্রী মহাশয় জানেন যে গাণ্যার এবং বেহালা, এই দাই নদীকে আপনারা ডি ভি সি পরিকল্পনার ভিতর এনে তাদের যে জলনিকাশী ক্ষমতা, সেটাকে শুখু মেরে দেওয়া হয় নি, তার ফলে অনেক জায়গায় জল আটক পড়ে যায়, এবং তাতে যে জল নিকাশ হচ্ছে না. তার জন্য যে তারা ক্ষতিগ্রন্ত হচ্ছে তার জন্য ডি ভি সি থেকে কোন ক্ষতিপ্রেণ দেওয়া হচ্ছে না; এবং এর পরে দেখা যাবে যেখানে যেখানে ডি ভি সি-র বাঁধ মেরামত হচ্ছে সেখানে জমি জলে ভেসে ষাচ্ছে। এই রকমভাবে অনেক জায়গা জলে ভেনে গিয়ে চাষীদের জমি ক্ষতিগ্রস্ত হয়, তার জন্য চাষীরা কোন ক্ষতিপরেণ পার না। এবারে এই রকম বহু, ঘটনা ঘটেছে।

আলুর এলাকা আমরা বাড়িরেছি বলে গর্ব করছি, এটা খুব সত্য কথা। আলুরে এলাকার বহ, জারগার জল দেওয়া হচ্ছে। কিল্টু আলুর জন্য যথন জল দেওয়া হচ্ছে, তখন সেখানে বাধগালি কি অবস্থার আছে, তা দেখা হচ্ছে না। ফলে আলুর জন্য যথন জল খায় তথন তংসংলান প্রচুর জারগায় পাকা ধানী জমি জলেতে ভেসে যায় এবং সেই জমির জলের ধানকে রক্ষা করা যায় না, ধান বিশেষ ভাবে ক্ষতিগ্রস্ট হয়। দেখা যায় বর্ধমান জেলায়, বিশেষ করে মেমারী এলাকায় প্রচুর ধানী জমির এই রকম অবস্থা হয়েছে, সেখানে আলুর চাষ করায়। এর জন্য বহ, আবেদন নিবেদন করা হয়েছে এবং স্লুইস গোটগালি মেরামত করবার জন্য আবেদন করা হয়েছে। আমাদের বলাতে এবং মাল্যমহাশয়ের চেন্টার ফলে কোন জারগায় যে একট্ আধট্রপ্রাের হয় নি তা বলবাে না, কিল্টু, কার্ষতঃ দেখা গিয়েছে যে পরিমাণ চাষী ক্ষতিগ্রস্ট হছে তার জন্য চাষী কোন ক্ষতিপ্রণ আশা করতে পারে না। বরং যতগালি টাক্স আছে, সব তার উপর চাপান হয়। এই অবস্থাটা ডি ভি সি এলাকায় মধ্যে সমগ্র এলাকায় রয়েছে। আমাদেয় প্রধান কথা হছে যে একে তাে আমরা ৭ লক্ষ একর জল দেবার জন্য ডি ভি সি করেছি এবং তার জন্য ১ লক্ষ একর জিম নট করেছি, তার উপর এই যে ক্ষতিগ্রিল হতে থাকছে, এর জন্য কি বিভাগীয় ব্যবস্থা করা হছে তা এখনও প্রর্থনত আমরা জ্বানি না। কেল জারগায় আবেদল

নিবেদন করলে এক-আর্ধটি জায়গায় ব্যবস্থা করা হয় ছিটেফোটা। কিন্তু সমগ্র এলাকা ধরতে গেলে, যেখানে যে পরিমাণ চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, তার জমি যে পরিমাণ ক্ষতিগ্রস্ত হচ্ছে, তার ছমিতে যে অবস্থা সূখি হচ্ছে তার থেকে কোন রকম পরিত্রাণ পাবার উপায় পাওয়া যাচ্ছে না। একটা কথা ধরা বাক, আমরা মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে বলেছি আপনি জল দেবার আগে এই সমস্ত বিষয়গুলে একটা চিন্তা করে দেখবেন। ১৫ই মার্চ থেকে ডি ভি সি জল বন্ধ করে भिक्कित। छात्रा वन्नक्ष्ट्रं आद्र खन भाउशा यादा ना। काद्रग कि? ना, म्म्यान दिश्याद श्रदा। অবস্থাটা কি ? জনে মাসে যদি টেন্ডার দিয়ে রিপেয়ার হয় কোন জায়গায় খাল বা বাঁধ বা স্পাইস গেট, তাহলে সেই জমিতে জ্লাই মাসে জল দেওয়া সম্ভব হতে পারে না। আমরা পূর্বে একটা প্রন্ন তলে ছিলাম, এবং তাতে আমরা বলেছিলাম এই কথা যে জল দেওয়ার আগে একটা ষ্টায়াল দেওয়া হোক। কোন কোন জায়গায় জল যাচ্ছে বা যাচ্ছে না, তার জন্য একটা ষ্টায়েল দিয়ে দেখা হোক। ডি ডি সি-র কর্তৃপক্ষ বলেন যে, আমাদের ইরিগেশন-এর কর্তৃপক্ষ এ প্রস্তাবকে একেবারে নাকচ করে দেন নি। কিন্তু ডি ভি সি-র কর্তৃপক্ষ বলেন যে আমাদের কাছে এত জল शांक ना त्य जामता এই त्रकम এको प्रोत्सन प्रत्या। यीम प्रोत्सन कन ना प्रत्या दस ठाइल অন্ততঃ একটা গ্যারান্টি দেওয়া হোক যে এমন ভাবে বন্দোবস্ত করা হবে যে, জল নন্ট হয়ে যাবে না, বা এত জমি ক্ষতিগ্রন্ত হবে না। আগের থেকে এই বাবস্থাগ্রলি করা হোক। কিন্তু তা বাবস্থা করা হয় না। আমি আগে যে কথা বললাম যে জুন মাসে টেল্ডার দেওয়া হয় যে কোন কোন জায়গা রিপেয়ার হবে। অর্থাৎ জ্বন মাস পর্যন্ত খবরের কাগজে দেখতে পাবেন যে টেন্ডার বেরোক্তে রিপেয়ারের জনা, এবং সেই সময় যদি রিপেয়ার হতে থাকে, তাহলে নিশ্চয় জল যখন আসবে তখন এক জায়গায় খানায় পড়বে, জল কেউ প'বে না, এবং তাই নিয়ে চাষীরা মারামারি করবে। সেই মারামারি চাষীরা বহু, জারগায় করছে—আমরা প্রত্যক্ষ দেখছি। বলা হচ্ছে চাষীরা অন্যায় করছে। চাষীরা অন্যায় করে না যদি জল ঠিক ভাবে, সঠিকভাবে সব জায়গায় দেওরা হয়। কিন্তু চাষীরা অন্যায় করে না। যদি সঠিকভাবে জল সব জায়গায় দেওরা হয় তাহলে চাষীরা এই অন্যায়ের মধ্যে যেতো না বলেই আমার নিশ্চিত ধারণা: কারণ চাষীরা এটাক বোঝে। কারণ দেখা যায় কি, যেবার সেখানে মারামারি হয় তার পরইত সেখানে চাষীরা কল ছেডে দের অন্য লোকে পায়, যখন তাদের আবাদ হয়ে যায় তখন অন্য লোকে পেয়ে থাকে। এইজনা আমি বলতে চাই একথা যে, ডি ভি সি কর্তৃপক্ষ এবং আমাদের ইরিগেশন ডিপার্ট-মেন্টের মধ্যে বে বিরোধ বর্তমান আছে সেই বিরোধের অবসানের একটা ব্যবস্থা করা উচিত। এবং আমাদের এই অবস্থা করা উচিত যে কি করলে আমাদের এলাকায় জল আমরা সঠিকভাবে পাই। অন্ততঃ ১৫ই জন থেকে জল না পেলে কোন রকম সংষ্ঠাভাবে জল সরবরাহ হতে পারে না। এবং আশ্বিন-কার্তিক মাসে জলের ইনডেন্ট আগে থাকতে না দেওয়া থাকলে ঠিক চাহিদা-মত কখনও সরবরাহ হতে পারে না। এবং ডি ভি সি-র যখন মর্জি হবে জল ছাড়বে তখন আমাদের ধান শক্তিরে যাবে এই অবস্থাটা চলতে দেওয়া উচিত নয়।

আমি আর একটা কথা বলবো যে কিছ্ কিছ্ জায়গায় ইতিমধ্যেই টেলিফোন বাবস্থা রাখা হয়েছে। যখনই জমির জল শ্বিকয়ে যাচ্ছে তথনই জল ছাড়ার বাবস্থা করা হয়েছে এই বাবস্থাকে আরো ব্যাপক করা উচিত। কারণ সময়মত রিপোর্ট পাঠান এবং সময়মত এর বাবস্থা হওরা এতে দেখা যাচ্ছে যে অনেক সময় তা কার্যতঃ হয়ে উঠে না এবং যার জন্য ফসল যথন মরতে আরম্ভ করে তখন দৃই দিন, তিন দিন, চার দিনের মধ্যে প্রচুর ফসল মরতে আরম্ভ করে এবং সেথানে জল তড়িঘড়ি যাওয়া একান্ত দরকার, সেজন্য এই সমস্ত ব্যবস্থা করা দরকার।

শেষকালে একটা কথা আমি না বলে পারছি না, আজকে আমাদের বর্ধমান জেলার যে কোন কৃষ্ক এলাকার সপো পরিচিত যারা তাঁদের কাছে জিজ্ঞাসা কর্ন, তাদের সব চেরে মাথা বাথা হরে দাঁড়িয়েছে এই যে করের বোঝা কিভাবে তারা এই কর থেকে উম্পার পাবেন। এটা তারা যে কোন সমর এসে জিজ্ঞাসা করছে, আমাদের কাছে বলছে যে কিভাবে আমরা এ থেকে উম্পার পাই। অনেক বংসরের কর বে জমে গিয়েছে সেটা অস্বীকার করার কিছন নেই। কিন্তু আজকে একথাও ঠিক যে আজকে ব্যাপকভাবে যে টাকা জমে গিয়েছে এবং তা উম্পার করার চেন্টা যেভাবে আজকে হছে তাতে আমাদের চারীলের বিশেষ করে অসুবিধা হছে। বিশেষ করে ভাগচাবী যাদের কেন

জাম জারণা নেই, যখন জামির মালিকদের উপরে চাপ দেওয়া হচ্ছে তখন তারা ভাগচাষীদের উপর থেকে স দে আসলে আদায় করার চেণ্টা করছেন। এর থেকে কিভাবে সাধারণ চাষী উন্ধার পার সেদিকে চিন্টা করে ট্যাক্সের বোঝা বন্টনের ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করছি। এবং শেষ কথা এই যে, ডি ভি সি এলাকার সম্পূর্ণ ব্যবস্থাটাকে ন্তন করে পর্যবেক্ষণ করা উচিত। তা না হলে এই যে অভাব অনটন চলতে থাকছে এটা শ্ব্র্ণ আবেদন নিবেদন ন্বারা সম্ভব নয় একথা বলে আমি অবস্প্থাগ্লির প্রতি দ্ভি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

#### Shri Siddheswar Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্দ্রী মহাশয় যে বায় বরাদ্দ উপস্থিত করেছেন তার আলোচনা প্রসপ্যে আমি আপনার মাধ্যমে দ্র'-চারটা কথা রাখতে চাই। প্রথমতঃ সেচমন্দ্রী মহাশয় যে আউটলকে নিয়ে তার পরিকল্পনার কাজ চালিয়ে আসছেন তা নীতিগত দিক দিয়ে সমর্থন করতে পারি না। তার কারণ হচ্ছে এর নীতি হচ্ছে টু ক্যারি কোল টু নিউক্যাসেল, তেলো মাথায় তেল দেওয়া। তিনি বলেছেন যে, দামোদর উপতাকা পরিকল্পনা, ময়ুরাক্ষী পরিকল্পনা করেছেন, কংসাবতী পরিকল্পনা করেছেন, কাঁসাই পরিকল্পনা করেছেন, আরো ক্ত আগাড়ম বাগাড়ম বলেছেন তা বলে আমি আমার অল্প সময় নণ্ট করতে চাই না। আমি এখন সেচমন্ত্রীর কাছে এই প্রশ্ন রাখতে চাই যে তিনি সূদ্রে গ্রামাণ্ডলে যেখানে বাংলাদেশের শতকরা ৯০ থেকে ৯৫ ভাগ লোক বাস করে সেই অঞ্চলের কুষিকার্যের উন্নতির জন্য কি কি সেচ ব্যবস্থা দরেছেন। অবশ্য আমি এই প্রসংশ্য এটাও স্মরণ করিয়ে দিতে চাই তিনি হয়ত বলবেন বে মামি কৃষি বিভাগকে ১ লক্ষ টাকার কাজ ন্যুস্ত করেছি এটা আমি জানি এবং জেনেই আমি তাঁকে গ্রুন করছি যে তিনি এই গ্রামাণ্ডলে চাষ ব্যবস্থার উন্নতির জন্য কি ব্যবস্থা করেছেন। প্রথমতঃ मथा यात्र शामान्धल, वौत्रकृम स्कलात जात्नक थाना तरसंख्य जात्र मार्था जामारान विरागव करत्र রাজনগর, খয়রাসোল, দ্বেরাজপ্রে, ইনামবাজার, এই সমস্ত থানা অঞ্চলে সেখানে সেচ র্ণারকল্পনার কোন কাজ গ্রহণ করা হর্মান এবং সেখানে সেচের কাজ খুব পশ্চদ্পদ হয়ে রয়েছে, ার ফলে সেখানে প্রারই দুর্ভিক্ষ লেগে থাকে। এর দু-তিন দিন আগে প্রশ্নোত্তরকালে ত্রাণ-াল্যমহোদয়া বলেছিলেন যে, হ্যাঁ, খররাসোল থানার ব্যাপকভাবে দ্ভিক্ষ হয়েছে এবং সেখানে াণকার্যের জন্য টেন্ট রিলিফের ব্যবস্থা করা হয়েছে। এই অঞ্চলে শুখু এই বংসরের জন্য ্রতিক্ষি নয়, এই রকম দ্রতিক্ষি প্রায় বংসরের পর বংসর চলে আসছে। এবং এখানে উপয**্ত** সচ বাবস্থা না থাকার জন্য কৃষিকার্য ব্যাহত হয় যার ফলে এখানে প্রায়ই দর্ভিক্ষ লেগে থাকে।

# [3-30—3-40 p.m.]

দিবতীয় হচ্ছে, তাঁর এবং আগের বজেটে দেখেছিলাম হিলি নদী পরিকল্পনার জন্য একটা বন্দোবদত ছিল এবং সেখানে নদী বাঁধ দিয়ে যে সমস্ত অণ্ডল পাওয়া যায় না সেই সমস্ত অণ্ডলে জলু দেবার চেড্টা করবেন। বর্তমান বংসরের বাজেটে দেখছি সেটা বাদ দেওয়া হয়েছে—কী কারণে বাদ দেওয়া হয়েছে ব্রুতে পারছি না। এ সম্পর্কে আমরা শ্নাছি বিহার গভর্নমেণ্টের সঞ্জে আমাদের সরকারের মতানৈক্য হয়েছে যার ফলে হিলি নদী পরিকল্পনা ব্যাহত হচ্ছে। আমার শেষ কথা হচ্ছে, তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন উত্তরবর্গে তিস্তা নদাতে একটা বাঁধ দেবার বাবস্থা করেছেন, তার ফলে পশ্চিম দিনাজপ্রের চাষ আবাদের সর্নিধা হবে, খাদেনিগেপাদন বাড়বে। আমি ব্রুতে পারছি না তিস্তাতে বাঁধ দিলে পশ্চিম দিনাজপ্রের কি স্বিধা হবে। কারণ, তিস্তা নদী দিনাজপ্রের ধার দিয়েও প্রবাহিত হয় নি। সেই জন্য মদ্মিনহাশয় কিভাবে একথাটা বললেন সেটা তাঁর কাছে জানতে চাই। তা ছাড়া, আরেকটা কথা আমি বলতে চাই, আমানের দেশে জলসেচের জন্য লিফট সিন্টেম অফ ইরিগেশন প্রার্তনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এই বিজ্ঞানের ব্যেগ অনেক নতুন যন্দ্রগতি আবিষ্কৃত্ত ইয়েছে সেগ্রিল আমাদের এখানে কাছে লাগান যেতে পারে।

## Shrimati Niharika Majumdar:

মান্নানীর অধ্যক্ষ মহাশয়, কৃষিথাতে যে বায় বরান্দ উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন করে প্রথমেই বলব যে, সেচ পরিকল্পনায় যে আমাদের দেশের বৃহৎ কল্যাণ সাধিত হয়েছে সেই বিষয়ে কোন দ্বিমত নাই। ভারতবর্ষে এখনো খাদাসমস্যা আছে। এই জররৌ অবস্থায় আমি মনে করি যে, যদি আমাদের দেশবাসীকে অধিক খাদা উৎপাদন করতে হয় এবং এজনা আমরা বার বার তাদের কাছে আবেদন জানাচ্ছি—তাহলে সেচ দণ্ডর এবং কৃষি দণ্ডরের বায় বরাদ্দ আরো ব দ্ধি করা প্রয়োজন। পশ্চিমবঙ্গ খাদ্যের দিক থেকে ঘাটতি এলেকা থেকে যাচ্ছে—অন্য দিকে জন-সংখ্যা দ্রতগতিতে বৃদ্ধি পাচ্ছে। আমাদের এই পশ্চিমবঙ্গ ক্র্যিপ্রধান দেশ ক্রিই হচ্ছে সারা বছরের একমাত্র জীবিকা। আজকে এখানে আপনারা মুখামন্ত্রীর ভাষণে শনেছেন যে, বীরভূমে ভালো ধান উৎপন্ন হত এবং সার্গ্লাস এরিয়া বলে বীরভূমের এককালে খ্যাতি ছিল। কিন্তু এবারে বীরভম ক্যানেলের নিকটবতী অঞ্চল ছাডা অন্যত্র ভালো ধান উৎপন্ন হয় নাই। আজকে এই সমস্ত এলাকায় সাধারণ লোককে কিনে খেতে হচ্ছে। এজন্য জনসাধারণের মধ্যে বিক্ষোভ জুমে উঠেছে এবং নানা জায়গা থেকে টেস্ট রিলিফ ও মডিফায়েড রেশন-এর জন্য আবেদন জানাতে আমাদের কাছে লোক আসছে। এজন্য আমরা অত্যন্ত চিন্তিত ও উদ্বিশ্ন হয়ে পড়েছিলাম। তবে আমাদের মুখামন্ত্রী আশ্বাস দিয়েছেন যে, খাদ্য সমস্যা সমাধানের জন্য যথোচিত বারস্থা অবলম্বন করা হবে। রিলিফের টাকা যা পাওনা ছিল সেগ্রলি মিটিয়ে দেবার জন্য কেন্দ্রীয় সরকার প্রতিপ্রত হয়েছেন। বাংলার দুদিনে কেন্দ্রীয় সরকারের পক্ষে এটা সতিটে প্রশংসনীয়। কারণ এতে আমাদের খাদ্য সমস্যা খানিকটা মিটবে।

এই জর্বরী অবস্থার মধ্যে সরকারের তরফ থেকে পাওনা এক সঙ্গে মেটাবার জন্য জ্বনসাধারণের উপর চাপ দিরেছেন। জনসাধারণ যাদের দেবার ক্ষমতা আছে এবং জমিতে যারা জ্ঞল পেয়েছে তারা দেবার জন্য প্রস্তৃত আছে এবং দেবেও। কিন্ত কৃষকদের এমন অবস্থা যে ভাদের সরকারের ঋণ সমস্ত একবারে শোধ ক'রে দেওয়া সাধ্যাতীত। সেচ ভিপার্টমেন্টে গিয়েও সাধারণ লোক কোন সাড়া পায় না। বেসব জমিতে জল পার্য়ান সে সমস্ত জায়গায় টাব্রে করা হয়েছে এবং রামের জমি শ্যামের ঘাড়ে চেপেছে। এইভাবে জনসাধারণের উপর টাক্স চাপিয়ে এবং তাদের অয়থা হয়রানি করে তারা সরকারের উপর বিরব্তি ভাব প্রকাশ করে। সরকারী কর্মচারী যাঁরা আছেন তাঁরা দেশবাসীর কাছে গিয়ে ভদ্রোচিত ব্যবহার করতে পারেন না বলে আমাদের খানিকটা অস্ত্রবিধার মধ্যে পড়তে হয়। সেজনা গ্রামবাসীরা উধর্তন কর্তপক্ষের নিকট এবং মহকুমা শাসকের কাছে গিরে অভিযোগ জানান। তখন তিনি বলেন যে আমি কি করতে পারি দেখন। এসব অসুবিধার জন্য ক্যানেল ট্যাক্স আদায়ের অনেক বিঘ্য ঘটেছে। বিরোধী পক্ষের বন্ধুরা অনেক কথা অনেকভাবে বলেছেন—নির্বাচনের সময় জনসাধারণের কাছে গিয়ে বলেছেন ষে ভোট দাও, আমরা রাজা হলে তোমাদের ক্যানেল কর লাগবে না। এজন্য গত দূ' বছর তারা বাকী রাখতে এ বছর অসূরিধায় পড়েছে। এই সূষে গে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা সরকারের অপপ্রচারের ব্যাপারে পঞ্চমুখ হয়ে দেশাখ্মবোধের পরিচয় দিয়েছেন। কিল্ড তারা তাদের কথায় বিশ্বাস করে না, তারা তাদের স্বরূপ ব্রেতে পেরেছে। আমাদের জনপ্রিয় মুখ্য-মন্দ্রীর কাছে নিবেদন জানাব যে স্বাধীনতা ও দেশাত্মবোধে উন্বরুপ হয়ে স্বাধীনতা রক্ষার জন্য দ্বর্জায় সন্কল্প নিয়ে ভারতবর্ষের বৃহত্তর অংশের দেশবাসী এগিয়ে এসেছেন। সেই ভাইরা আসতো মধ্যবিত্ত ও অতি নিন্নশ্রেণীর এবং অতি দরিদ্র শ্রেণীর ভাইরা তাদের কথাই সর্বাগ্রে চিন্তা করবার জনা। আজকে যদি তাদের বাঁচাতে পারেন তাহলে দেশ বাঁচবে। সেচমন্দ্রীর কাছে অনুরোধ জানাব যে যেসব এলাকায় ট্যাক্স ধার্য হয়েছে সেই ট্যাক্স যেন দুই কিন্স্তিতে দেওয়া বায় এবং যেসব এলাকায় জল পাইনি সেগ্লিল প্তথান্পত্থের্পে জেনে তাদের ক্যানেল-কর থেকে বাদ দেওয়া হোক এবং সমস্ত বকেয়া যারা মিটিয়ে দেবে তাদের সাদ হতে রেহাই দেবার জন্য অনারোধ জ্বানাচ্ছ। আমি অনুরোধ জানাচ্ছি যে রিলিফ-এর জন্য এম আর-এর দোকান এবং টি আর-এর কাজ অতি শীঘ্র ব্যাপকভাবে যাতে গ্রাম হতে গ্রামান্তরে ছড়িরে পড়ে সেদিকে তাঁরা যেন দুন্দি দেন। সরকার যদি গ্রামবাসীদের সঙ্গে সহযোগিতার সঙ্গে কান্ধ করেন তাহলে আমার মনে হয়. গ্রামেতে খাদ্যশস্য দ্বিগণে বেডে যাবে।

[3-40-3-50 p.m.]

#### Shri Hrishikesh Halder:

ফ্রিন্টার প্রাকার, স্যার, দেশে উৎপাদন ব্যাম্থর জন্য নানা পরিকম্পনা করা হচ্ছে, উন্নত বীজ ভাল সার প্রভৃতি সরবরাহ করা হচ্ছে এবং এর জন্য মোটা টাকা বরান্দ করা হচ্ছে। কিল্ত জল-নিকাশ ও জলসেচের অব্যবস্থার জন্য যেভাবে তা ব্যাহত হচ্ছে আমি সে সম্বন্ধে আপনার মাধ্যমে সরকারের দূট্টি আকর্ষণ করতে চাই। আমি সন্দেরবন সম্বন্ধে বিশেষ করে দ্র'-একটা কথা বলবো। সন্দেরবনের অনেক সমস্যার মধ্যে বড সমস্যা হচ্ছে জলনিকাশ সমস্যা ও বাঁধ মেরামত সমস্যা। সেখানে ঠিক সময়মত বাঁধ মেরামত হয় না বলে প্রতি বছর এই অঞ্চলে বাঁধ <u>राज्यका त्यांना जल ए...क. वर. क्रीयत हाय नच्छे रहा। जल निकार्यत क्रना म्लार्टेम शांधे श्राह्मानात</u> তলনায় অত্যন্ত কম এবং যা আছে তার মধ্যে অনেকগুলি অকেজো। ছোট ছোট যে সমস্ত খাল আছে তা কিছুদিন যাবত সংস্কারের অভাবে সেগুলির এক রকম অস্তিত্ব লোপ পেয়েছে। আমি আমার এলাকা কুলপি থানার এই রকম দু'-একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দ্বিট আকর্ষণ করছি। মথ্রাপ্রর থানায় সাতপ্রকুরিয়া খালে যে স্লুইস গেট আছে সেটা মথুরাপুর এবং কুলপি থানার ৬।৭টি ইউনিয়নের জলনিকাশের একমান্র পথ। এই দল্লাইস গেটের ভিতরে এবং বাইরে ৩।৪ মাইল পলি জমার ফলে জলনিকাশ এক প্রকার বন্ধ হয়ে গেছে। ফলে ঐ এলাকায় ১০।১২ হাজার একর জমির ফসল প্রতি বছর নন্ট হচ্ছে। এই স্লাইস গেট সংস্কারের জন্য বহুবার আবেদন-নিবেদন করা হয়েছে। কিন্তু এ সম্বন্ধে কিছু প্রতিকার হয় নি। ঝিকরা টেংরাবীচি নামে যে খাল কাটা হয়েছে সেই খালটি কাটা হয়েছে কিন্ত তার কোন পরিকল্পনা করে কাটা হয়েছে বলে মনে হয় না। তার কোন বকচর বা রিম রাখা হয় নি। খালের একমুখ বাঁধা অনা দিক দিয়ে জোয়ার-ভাঁটা খেলছে। খালের মুখে কোন म्लारें में राग्धे ना थाकात कना वाँध राज्य लाना कल प्रांक श्रीत वहत वर कियत हार नहीं राज्य। ১৯৬১ সালে মাননীয় সেচমল্ট্রী এই অঞ্চল পরিদর্শনে গিরেছিলেন। সেখানকার জনসাধারণের কাছে তিনি ভাল করে জেনে এসেছেন। তিনি আশ্বাসও দিয়ে এসেছিলেম যে শীঘ্রই এগুলির প্রতিকার করবেন কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। কুলপি অঞ্চলে এই খালটা একটা অভিশাপ মত হয়েছে। আমি মাননীয় মন্দ্রিমহাশয়কে এই আবেদন জানাচ্ছি যে আমাদের এলাকার কুর্লাপ থানার সাতপকুরিয়া খালের সংস্কার এবং ঝিংরা টেংরাবীচি খালের সমস্যার সমাধান এখনই না হলে জনসাধারণের দর্গেতি চরমে পেছিাবে। এই বলে আম অ মার বন্ধবা শেষ কবছি।

#### Shri Jugal Charan Santra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্দ্রী এই সভার সামনে ১৯৬০-৬৪ সালের বায় বরাদ্দ পেশ করেছেন। তার প্র্ সমর্থন জানিয়ে আমি কিছ্ আপনার মাধ্যমে তার ক ছে নিবেদন করবো। স্যার, আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলা কৃষির উপর নির্ভর্রশীক এবং কৃষি ও কৃষকের উপ্রতি করতে হলে জলসেচ ব্যবস্থার প্রধান প্রয়েজন আছে। আমারা দেখেছি যে আগে চিরাচরিত প্রকৃতির উপর নির্ভর করে আমাদের এখানে চাযের ব্যবস্থা করতে হতো। সে র্যাদ কোন সময় অনাব্যি হয়, তখন আর চায় হয় না। আবার অতিব্রুটিতেও চায় হয় না। এই অবস্থার মধ্যে প্রকৃতির উপর নির্ভর করে আজ পশ্চিমবাংলার কৃষক এবং কৃষি এত দিন ধরে চলে আসছিল। কিল্ডু স্বাধীনতা পাবার পর আমাদের সরকার কৃষির উর্রতির জন্য যখন চেটা করছেন, তখন তাঁরা স্প্যানিং কমিশনের নির্দেশমত নানা রকম বড় বড় স্প্যানিং করে সেচের ব্যবস্থা করলেন। যেমন দামেদের ভ্যালী করপোরেশন, ময়রাক্ষী ইত্যাদি, এই সব পরিকল্পনা করে তাতে অনেক অনাবাদী জমি আবাদ করা হয়েছে এবং কৃষি ও কৃষকের মান উন্নত হয়েছে। তবে এটাও ঠিক—আরো যতটা আমাদের সেচ ব্যবস্থা করা দরকার, তা এখনো আমাদের সক্ষতার করে উঠতে পারেন নি। তাহলেও আমার বিশ্বাস যেভাবে আমাদের সরকার অগ্রসর হচ্ছেন, এইভাবে র্যাদ চলে, তাহলে অদ্রভবিষ্যতে আমাদের সেচ ব্যবস্থার ও শাদে স্বর্মন্দর্শ স্বকার অগ্রসর হচ্ছেন, এইভাবে র্যাদ চলে, তাহলে অদ্রভবিষ্যতে আমাদের সেচ ব্যবস্থার ও শাদেয় স্বর্মন্ত্রণ পরবো।

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমার কনস্টিটিউরেল্সির আশেপাশের কয়েকটি অগুলের সমস্যার কথা সেচমন্ট্রীর কাছে নিবেদন করব। প্রথম হল, বজবন্ধ থানায় হুর্গাল রিভারের প্র্বিদিকে গদখালি নামক জায়গায় একটা খাল আছে এবং সেই গদখালি খালে কোন স্বাহুস গেট না থাকায় প্রতি বছর লোনা জল উঠে সেখানের হাজার হাজার বিঘা জামর ফসল নত হয়। এটা বহুদিনের সমস্যা, অনেকদিন ধরে হয় নি। সরকারী দশ্তরে সে সম্পর্কে লেখালেখি করা সত্ত্বেও আজ পর্যত তার কোন স্বাবৃত্থা হয় নি। অধিকন্তু যেখান থেকে খাল বেরিয়েছে, সেখানে এমব্যাক্তমেন্ট একশ ফ্টের মত চওড়া। সেখানে এপার থেকে ওপারে আসতে হলে একটা বাঁদের সাঁকো পার হতে হয় এবং এই পারাপার হতে গিয়ে অনেক সময় আাঝ্রিডেন্ট হয়েছে। বিড়লা জর্ট মিলের ২০।২৫ হাজার লোককেও সেই এমব্যাক্তমেন্টএর উপর দিয়ে যাতায়াত করতে হয়, হাটে-বাজারে আসতে হয়। এখানে স্বাহুস গেট হলে দ্টো কাজ হবে। এক লোনা জলের হাত থেকে ফসল রক্ষা করা চলবে এবং মান্ধেরও বাতায়াতের স্ববিধা হবে। বাদি স্বাহুস গেট করা সেখানে আপাতত সম্ভব না হয়, তা হলে অবিলন্দে সেই বাঁদের সাঁকোর বদলে সেখানে একটা কঠের প্রল করা হোক। তা হলে সেখানে লক্ষ্ম লক্ষ্ম লোকের অনেক দিনের একটা অভাব দ্রে হবে।

তারপর চড়িরাল খাল—যেটা শ্নলাম ১৫ লক্ষ টাকা খাল কাটবার জন্য মঞ্জার হরেছিল। কিল্তু দ্বংথের বিষয় আজ দ্ব-তিন বছর এই টাকা অ্যালটমেন্ট হরেছিল, আজ পর্যক্ত তা কার্যকরী করা হয় নাই। চড়িয়াল খাল মজে ধাবার ফলে, সেখানে অনেক সময় লোনা জলে ফসল নন্ট হচ্ছে।

আর একটি দ্বংখের কথা—চড়িয়াল খাল ডায়মন্ড হারবার রোডসাইড দিয়ে এসে বেহালা থানায় এসে পড়েছে। সেই রোডসাইড খাল বর্তমানে অনেক বড় বড় লোক সেখানে জমি কিনে বাগান-বাড়ি করে সেই খাল ভরাট করে দিয়েছে। তার ফলে হাজার হাজার বিঘা জমির ধান জলে পচে যাছে। এ সম্বন্ধে কোন কিছু হচ্ছে না। সরকারের কাছে আবেদন করব ঐ রোড-সাইড খাল যেটা ড্রেনেজ্ঞএর কাজ করত, সেই ড্রেনেজ্ঞ পরিম্কার করে দিয়ে চড়িয়াল খালটা রি-এক্সকাডেশন করে যাতে হাজার হাজার বিঘা জমিতে ফসলের স্বন্দোবস্ত হয় তার ব্যবস্থা করবেন।

## [3-50-4 p.m.]

তিন নন্দর হল আমাদের বিষ্ণুপ্র অঞ্চল একটা রক অঞ্চল। সেখানে নদীর জল আনার কোন স্বিধা নেই বা অন্য কোন বাবস্থা নেই। স্তুলাং সেই জায়গার কিছ্সংখ্যক ডিপ টিউব-ওয়েল দিয়ে সেখানে যাতে চাষের বাবস্থা করা যায় তার জন্য চেণ্টা কর্ন।

আর একটা বিষয় হচ্ছে কটিখিলি খাল। সেখানেও এরকম স্লাইস গৈট নেই। শ্নেছিলাম যে, এখানে চার-পাঁচটা স্লাইস গেট বসানো হবে। কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন বিছার বাবস্থা করা হর নি। এই কটিখিলি খাল কাটবার জন্য অনেক জারগার দুটো গ্রামকে ভাগ করে দেওরা হয়েছে। এ গ্রাম থেকে ওগ্রামে যেতে হলে, সেখানে পারাপারির কোনরকম বন্দোবস্ত করা হয় নি। সেইজন্য আমি বলেছি যে, গোবিন্দপুর এবং শ্রীকৃষ্ণপুর—এই দুটো জারগার মধ্যে অন্তত একটা কাঠের পূল যাতে করা বার তার জন্য বাবস্থা সরকার কর্ন। এটা করলে ঐ অঞ্চলের মানুষের বাতারাতের কিছুটা সুবিধা হবে। এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

#### Shri Jamini Bhusan Saha:

মাননীর প্পীকার, স্যার, অতিবৃদ্ধি হলে আমাদের কৃষকরা জল পার, আর অনাবৃদ্ধি হলে মাঠ শ্কনো থাকে, এই অভিযোগ এখানে বহু সদস্য করেছেন। অতএব এই তো আমরা জানি বে, এটা আকাশের ধর্ম এবং সেই ধর্মই আমাদের সেচমল্টী মহাশর পালন করছেন। তা হলে আমরা করলাম কি? দশটা বছরে আমরা করলাম কি? নাংলাদেশের সেচবাবস্থা দশটা বছরে কৈ হয়েছে? আমি ১৫ বছরের কথা বলীছ না। কারণ, আমি প্রথম দ্টো পরিকল্পনার কথা বলীছ, দশ বছরের কথা বলাছ। এখন দেখা বাক এটা। এটা মাননীর মন্তিমহাশের নিশ্চর ব্বীকার করবেন এবং আমরাও স্বীকার করি যে, কৃষি উৎপাদনের একটা সবচেরে বড় শর্ড হল কলসেচের বাবস্থা দুত তালে করে ফেলা, তা না হলে কৃষির উর্মাত কিছুতেই হতে পারে না।

তাই বাদ হয়, তা হলে দুটো পরিকল্পনার পর, আমরা দেখছি কি হয়েছে, না, বাংলাদেশের আবাদী জমির শতকরা ৭৫ ভাগ এখনও জলসেচ থেকে বিশ্বিত। দশ বছর আগে ২০ ভাগ ছিল, সেটা সামান্য বেড়ে এখন ২৫ ভাগ হয়েছে। এই ২৫ ভাগ আবাদী জমিতে জলসেচের ব্যবস্থা হয়েছে। এবং উত্তরবংগ এলাকার, সেখানে পাঁচটি জেলায় কোন ব্যবস্থাই করা হয় নি। পুর্নুলিয়া জেলায় ও নাদিয়া জেলায়, সেখানেও কোন পরিকল্পনার ব্যবস্থা করা হয় নি। এই হল তাদের পরিকল্পনা। অর্থাং সারা রাজ্যে বেসমস্ত পরিকল্পনা করা হছে, তা খুব সীমাবস্থ পরিকল্পনা, এবং সেটা এক জায়গায় সীমাবস্থ। আর বাও সেচবাবস্থা হয়েছে, অর শতকরা ২৫ ভাগ থেকে ৩০ ভাগ পর্যান্ত সব অব্যবহার্য, সেগালৈ কাজে লাগে না।

দ্বতীয় কথা হচ্ছে কি? না, ডি ভি সি এবং মর্রাক্ষীর পোটেনসিয়ালিটি যা হবার সম্ভাবনা ছিল সম্প্রসারণ করে, তার ৫০ ভাগও এখনও পর্যন্ত করতে পারা যায় নি। এই হল দর্শটি বছরের সংক্ষিণ্ড নির্যাস। যদি বলতে হয়, তা হলে সংক্ষেপে সত্য কথা বলব যে. বাংলা-দেশের এই সেচবাবস্থা করা হয়েছে এখন। এ ছাড়াও উল্টোদিকে কৃষকদের সাধারণভাবে কি অবস্থা হচ্ছে? যখনই কৃষক তার প্রয়োজনীয় উপযুক্ত পরিমাণ জল সরবরাহ চাইল, তখনই একটা আইন করা হল যে, জল তোমাদের কিনতে হবে এবং জলকর তাদের উপর চাপানো হয়েছে এবং সেইজন্য আইন করে। এমন কি খারিফ ও রবি শস্য যেসমস্ত জমি থেকে উৎপার হয়, সেখানে জলকর ধার্য করা হচ্ছে সাড়ে বার টাকা থেকে ১৫ টাকা পর্যন্ত; এবং সেখানে জল নাও আর না নাও, এই জলকর তাদের দিতেই হবে; এটা তাঁরা ঠিক করেছেন। এ সম্বন্থে অনেক সদস্য অভিযোগ করেছেন।

একট্র আগের দিকে যদি ফিরে তাকাই তা হলে দেখতে পাব, দামোদর নদের যে পরোতন থাল ছিল, সেই থালের জলের জন্য বৃটিশ আমলে আড়াই টাকা করে একর-পিছা কর দিতে হত এবং সেটা বাধাতামূলক ছিল না। কিন্তু এখন আমরা সেখানে দাঁড় করিয়েছি সাড়ে চার টাকা থেকে পাঁচ টাকা পর্যশ্ত একর পিছ, কর দিতে হবে এবং সেটা হল বাধ্যতামূলক। এবং এটা বাধাতামূলক ছিল না। কিল্তু এখন সেখানে দাঁড়িয়েছে সাড়ে চার টাকা থেকে পাঁচ টাকা পর্যন্ত একরপিছ, কর দিতে হবে এবং সেটা বাধ্যতামূলক। আপনারা কি দাবি করতে পারেন জ্যানেল এরিয়ার কুষকদের আয় বৃদ্ধি হয়েছে, কি ফলন বৃদ্ধি হয়েছে? **এমন কোন নজির** আমরা এখন পর্যনত দেখতে পাই নি। মরুরাক্ষী পরিকল্পনায় সেখানে দেখছি দশ টাকা করে কর ধার্য করা হয়েছে। সেখানেও ব্যাপক হারে সার্টিফিকেট জারি করা হচ্ছে। **অনেকেই** বলেছেন কৃষকরা দেশরক্ষার নামে এই সব দিচ্ছে এবং এইভাবে প্রোনো বক্ষেয় আদায় হচ্ছে। মন্ত্রিমহাশয় গ্রামে গিয়ে দেখেছেন কি. সেখানে কৃষকরা আজকে জমি বিক্লি করে দিচ্ছে. তাদের গর্-বাছুর নিলাম হয়ে যাচেছ, গ্রামে জমি কিনবার লোক পাওয়া যাচেছ না? অবস্থার স্থিত হয়েছে। আপনি দয়া করে গ্রামাণ্ডলে যান, গিয়ে দেখুন কৃষকদের কাছ থেকে কিভাবে জোর করে কর আদায় করার বাবস্থা করা হয়েছে। এখানে বিভিন্ন পরিকল্পনার কথা বলা হয় কিন্তু শুধু জলের ব্যাপারই নয়, কৃষকদের ফসল উৎপাদন করার যে উৎসাহ, সেই উৎসাহ পর্যত্ত নণ্ট করে দিচ্ছেন। যেভাবে জল দেওয়া দরকার সেইভাবে জল দিতে পারছেন না। যখন অতিবৃদ্টি হয় তখন জল দেন, এর ফলে কৃষকদের চাষ করার উৎসাহ নন্ট হয়ে যাচেছে। কেন্দ্রীয় খাদাশস্য তদন্ত কমিটির রিপোর্টে বলেছেন মে, অতিব্য়িণ্টর ফলে এই সম**স্ত হচ্ছে।** এই খাদাশস্য তদন্ত কমিটির রিপোর্টে বলেছে জলকর সম্পর্কে যে, কৃষকরা যাতে দুই ফসল া বহু, ফসল চাষ করতে পারে সেই উৎসাহ দেবার জন্য কয়েক বংসর এই জলকর বন্ধ রাখ্য হাক। ছোট ছোট সেচ ব্যাপারেতেও তাই, স্বাভাবিক উৎস বন্ধ হয়ে গেল। পত্নুর, খাল, নালা, বল, ছোট ছোট নদী, এই যে স্বাভাবিক উৎস ষেগালি ছিল সেগালি মজে হেজে গিয়েছে। म्ल २ एक वनाात श्रकाम प्रथा घाएक। वश्मरत्रत्र भन्न वश्मत वना। २ एक्। वाात्राकभूति वनााच म्था क्रिके क्रानेज ना, अथन मिथा शिन स्थ, वााताकभूरतत रतननारेनित मूरे धात रक्ति !शना । ছাট ছোট সেচগুলির সংস্কারের অভাবেই বন্যা হচ্ছে, তদন্ত কমিটি সেই মত প্রকাশ করেছেন <sup>এবং</sup> বলেছেন যে, সরকার এই ব্যাপারে বার্থ হয়েছেন। তাঁদেরই নিযুক্ত কমিটি এই **কথা** ালেছেন। তার ফল হচ্ছে কি? এই ছোট ছোট সেচ মরে বাবার ফলে জলা জমির অংশ বাড়ছে। <sup>এখানে</sup> বাংলাদেশের জলা জমির পরিমাণ বর্তমানে দাঁড়িয়েছে, পার্লামেন্টের এক প্রশেনর উত্তরে <sup>দানা</sup> ব্যুর, ২৫ লক্ষ ৫১ হাজার একরের মত। এই ছোট ছোট সেচগ**্রলি**র স্বভিাবিক উ**ংস** 

বর্ষ হবার ফলে জমি জলে ভূবে বাচ্ছে। তার কত জমি আমরা উম্পার করতে পেরেছি: স্বাধীনতার আগে বেখানে ছিল ১৪ লক্ষ ১১ হাজার একর জমি সেটা আজকে এসে দাঁড়িয়েছে ২৫ লক্ষ ৫১ হাজারের মত। তাঁরাই এই তথ্য প্রকাশ করেছেন। এই দশ বংসরের মধ্যে ৭৫ হাজার একর জমি উম্পার করা হয়েছে। স্তুতরাং আমার বন্ধব্য হচ্ছে এই বন্যা নির্মন্ত্রণ ব্যাপারে থার্ড ফাইভ ইয়ার স্প্যানে ৪ কোটি ৩১ লক্ষ টাকা বন্যা নির্মন্ত্রণ থাতে খরচ ধরা আছে—তার মধ্যে অনেক টাকা তদস্তকার্যের জন্যে খরচ হবে। তা ছাড়া শুধ্ব দীর্ঘমেয়াদী পরিকল্পনাই নর ছোট ছোট পরিকল্পনাও নিতে হবে।

## [4-4-10 p.m.]

আনি একটা কথা না বলে পারছি না, আমার এলাকা ব্যারাকপ্র সাব-ডিভিসন্এর কথা—বরতি বিল, এখানে ৯ লক্ষ বিঘা জমি অ্যাকোয়ার হয়, কিল্তু সেখানে এমন অবস্থা যে, শীতকালে পোষ-মাঘ মাসেও একগলা জলে দাঁড়িয়ে ধান কাটতে হয়। এর কারণ হচ্ছে, উল্বেড্য়ার দিকে জল বেরিয়ে যাবার মুখ বন্ধ হবার জন্য ঠিকমত জলনিন্দাশন হয় না। এস ডি ও-র কাছে গেলে তিনি বলেন, আমি কি করব। অতিব্ চি হলে সর্বনাশ হয়, শুখা হলে জল পাওয়া য়য় না। অগনারা বলেছেন তৃতীয় পরিকলপনার মধোই নয়া বেসিনের কাজ শেষ করবেন, কিল্তু ফোর্থ ফ্রানেও আপনারা এর কাজ শেষ করতে পারবেন কিনা সন্দেহ। তৃতীয় পঞ্চবার্ষিক পরিক্পনায় এই কাজ যাতে শেষ হয় তার জন্য আমি মলিমহাশয়কে বিশেষ অনুয়েধ জানাছি।

## Shri Murari Mohan Manya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সেচমন্ত্রী যে বায়বরান্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করতে উঠে আমি কতগুলি কথা বলতে চাই। আজকে মাননীয় সদসারা যে আলোচনা কর**লেন** তাতে বেশির ভাগ দামোদর ভ্যালি কপোরেশন পরিকল্পনা নিয়েই আলোচনা হয়েছে। নিন্দ্র দামোদর সম্পর্কে সরকারের দ্বিট আকর্ষণ করতে চাই। নিন্দ্র দামোদর যেন একটা উপেক্ষিত অন্তল। এই অন্তলের অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় অদূর ভবিষ্যতে যদি কোন স্কু পরিকল্পনা গ্রহণ না করা হয় তা হলে গ্রামণি অর্থনীতিতে বিপর্যয়ের স্কুটি হবে। আমি বিভিন্ন ইঞ্জিনীয়ারএর কাছে খবর পেয়েছি যে, জ্লানিং কমিশন তাদের নিদেশ দিয়েছেন যতদিন না নিদ্দ দামোদর পরিকল্পনা গ্রহণ করা হয় ততদিন পার্শ্ববর্তী যেসমুহত খাল আছে সেগ্রিল সম্পর্কে কোন স্কীম গ্রহণ করা হবে না। আমার এলাকায় এমন জারগা আছে— যেখানে গত বংসর মন্তিমহাশয় গিয়েছিলেন, সেখানকার চাষীরা তাঁর কাছে রিপ্রেজেন্টেশন দিয়েছিল—সেখানে আজ পর্যন্ত একহাঁটা জল, এ বংসর চাষীরা কোনরকম ফসল ঘরে আনতে পারে নি ষেটাক আনতে পেরেছিল তা খাটিয়া-তন্তপোষ নিয়ে গিয়ে আনতে হয়েছিল। মদ্মিমহাশয়কে অনুরোধ করব, নিন্দ দামোদর দরিকল্পনা কার্যকরী করতে যদি দেরি থাকে তা হলে এমন বিকল্প পরিকল্পনা গ্রহণ করা হোক যার দ্বারা নিদ্ন দামোদরের দুই ধারে ষে হিস্তীর্ণ অঞ্চল রয়েছে সেই বিস্তীর্ণ অঞ্চলে স্কুট্র সেচ পরিকল্পনা গ্রহণ করে তাকে বাস্তবে র পায়িত করতে পারা যায়। উল্বেড়েয়া সাব-ডিভিসনে ৬টি নির্বাচনকেন্দ্র আছে। এই ৬টি নির্বাচনকেন্দ্রের সদস্য আমরা সকলেই অন্ভব কর্রাছ যে, এটা আমাদের জীবনমরণ সমস্যা। উল,বেডিয়ার সমস্ত অঞ্চল দিয়ে নিম্ন দামোদর প্রবাহিত। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি নিন্দ দামোদর পরিকল্পনার কাজ যাতে শীঘ্র হাতে নেওয়া হয় সেদিকে তিনি যেন দ্ভিট দেন। দ্বিতীয় কথা, আমাদের দেশে বহু, খাল রয়েছে যেগ্রিলর নাম জমিদারি খাল এবং যেগালি আগে জমিদারদের মালিকানার মধ্যে ছিল : এখন এইসব জমিদারি সরকারের হাতে আসায় সেই থালগালির মালিক হয়েছে এফেটটস অ্যাকুইজিশন ডিপার্টমেন্ট। আজকে যখন দৈচদ তর রয়েছে এবং জলনিকাশই যদি উদ্দেশ্য হয় তা হলে আমি মনে করি এস্টেটস অ্যাকুই-জিশনএর হাতে এ খালগালি থাকার কোনু মানে হয় না। আমি সাজেসশন দিচ্ছি—এইসমুস্ত খাল ইরিগেশন ডিপার্টমেন্টএর হাতে নেওঁরা হোক।

এই থালগালি সম্বন্ধে আরও একটা কথা হচ্ছে এই যে, স্থানীয় যেসমস্ত পণ্ডায়েত রয়েছে তাদের তত্ত্ববধানের ভার দেওয়া উচিত। কারণ আমরা দেখাছি প্রতি বংসর এই থালগালির ম্বারা উদ্দেশ্যু সাধিত হয় না। বর্ষার সময় প্রতি বংসর মাছ ধরার সময় এমন বাধার সাঘিট হয় যাতে

জামদারি ভিপার্টমেন্ট থেকে নিয়ে ইরিগেশন ভিপার্টমেন্টএ নিয়ে এসে ন্থানীয় পঞ্চারেতে দেওয়া হোক যাতে এই খালগন্লির ন্বারা প্রকৃত উদ্দেশ্য সাথিত হয়। আমি নিন্দ দামোদর সন্বস্থে দ্ব-একটা কথা বলব, সেটা হচ্ছে বিস্তীর্ণ এলাক্য় আজকে বেসমস্ত চাষীভাইরা রয়েছেন তাঁরা মনে করছেন তাঁদের ভবিষাং কি হবে। সেটা তাঁরা আজ ব্বতে পাচ্ছেন না। আজকে তাঁদের খাজনা একবার মক্ব করা হয়েছিল আবার তাদের উপর নোটিস করে সাটিফিকেট জারি করা হছে। সেই নদীগন্লির ন্বারা তাঁরা উপকার পাচ্ছেন না যার জন্য এ ভরাবহ অবস্থা চলছে। তা থেকে মণ্যলময় উদ্দেশ্যে দামোদরকে কাজে লাগানো যেতে পারে সেদিকে মন্দ্রিমহাশয়ের দ্ভিট আকর্ষণ করে আমার বন্তব্য শেষ করছি।

#### Shri Sreemohan Thakur:

মাননীয় প্পীকার মহাশয়, আজকে সেচ বিভাগের বিপলে বায়বরান্দ আলোচনা করতে গিয়ে তার বিপলে সম্ভাবনার কথা, আর এই বিভাগ মারফত দেশের বিপলে উন্নতির বহু কথা বহু ক্ষেত্রে, কাগজপত্রে এবং এই হাউসের সেসব অনেক সদসাদের কাছ থেকেও তা **শ**ুনলাম। বিপ**ুল** সাফলোর কথার দিকটা আমি আলোচনা করব না, তার কারণ বহু আলোচনা এ বিষয়ে সরকারের তরফ থেকে করা হয়েছে। চাষীরা যে অস্ক্রিধার মধ্যে পড়েছে, বিপ্লে ক্ষয়ক্ষতির মধ্যে প্রতিটা চাষী আজ ত্রাহি ত্রাহি রব ছাডছেন তার সম্বন্ধে ২।১টা কথা বলব। মাননীয় সদস্যা নীহারিকা মজ্যুমদারের কথা অন্যুসরণ করে আমি বলছি যে কংগ্রেস সদস্যা হয়েও তিনি যে সভাভাষণের কথা এই হাউসে বলেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। আমি বলছি যে প্রতিটা চাষী **আজকে** ক্যানেল ট্যাক্সের অস্ক্রবিধার মধ্যে যে পড়েছে সেটা আজকে সেচ বিভাগকে অনুধাবন করতে হবে। শতকরা ৯০ জন চাষী ক্যানেল টাল্লের অস্ববিধার কথা, তার হিসাব নিকাশের ভলচকের কথা, তোর জমি য়্যাসেসমেনেট-এর গোলমালের কথা, জমিতে জল না আসার কথা, জমিতে জল না দিয়ে টাক্স ধার্যের কথা, এর জমি তার ঘাড়ে চাপিয়ে দিয়ে সার্টিফিকেট-এর কথা, এখন লোক আছে যার জমি নেই তার উপর ২০০ টাকা সার্টিফিকেট জারী হয়ে প্রিলসের কাছে খবর গেছে সে আজ ৭ দিন বাড়ী ছাড়া। তার নাম অবনী ধর--বাড়ী কালনা, বর্ধমান জেলা। প্রায় প্রতিটি ইউনিয়ন-এ প**্রলিস ডেপিউট করা হয়েছে এবং রেভেনিউ অফিসার** গ্রামে গ্রামে ঘুরে আদায় করছে। এইভাবে একটা পার্নিক স্নান্টি করা হচ্ছে। অথচ সরকার থেকে নীতিগতভাবে বলা হয় যে চাষীর হাতে জমি রাখাই সরকারী নীতি। কিল্ত এখন দেখা যাবে যে সম্পূর্ণ ক্যানেল কর সমস্ত বছরের যা কিছা, এরিয়ার আছে, জল যে পেয়েছে, না পেয়েছে, ওর জমি তার ঘাড়ে পড়ে এবং যত এরিয়ার আছে ভূমি রাজন্ব কর ১০ বছর আগেকার ঋণ ন্বত্ত ধরে এবং ১৫।২০ বছর আগেকার কো-অপারেটিভ ঋণ যা বাকি আছে ভারত রক্ষার এই অজ্তাতে সমস্ত কিছু মিলিয়ে এমন একটা সন্ত্রাস সূম্পি গ্রামের মধ্যে হয়েছে সেটা বলা যায় না। এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়**কে** চ্যালেঞ্জ কর্রাছ যে-কোন গ্রামে, যে-কোন চাষীর আজকে ক্যানেল কর নিয়ে--বিশেষ করে ময়ুরাক্ষী এলাকায় চল্কন দেখবেন যে একটা সন্ত্রাসের ব্যাপার দেখা গেছে।

### [4-10-4-20 p.m.]

পারি তার জন্য মাননীয় মন্মিমহাশয় চেন্টা কর্ন। তা না হলে তাঁর আত্মা শান্তি পাবে না। তিনি চেয়েছিলেন সেখানে বৈজ্ঞানিক মতে এক্স-রে রেখে ব্যবস্থা করা হবে। দাঁতের বলনে, চোখের বলনে সমহত বিশেষজ্ঞ (দেপশালিষ্ট) সেখানে নিয়োগ করবেন এবং এক্স-রেটাও তার সঙ্গে থাকবে এবং এ'দের সাহায্যে সেখানে চিকিংসা ও প্রিভেনশনএর ব্যবস্থা হবে। আজ্ঞ আমরা দেখছি, স্মল-পক্স, টাইফয়েড, কলেরা, এমন কি টি-বি পর্যত্ত প্রিভেন্ট করতে পারি বি-সি-জি ভ্যাকসিনেশন দিয়ে। কিল্ড এই বি-সি-জি ভ্যাকসিনেশনটা এত হ্যাফাজাড**িল** ব্যবহার করা হচ্ছে যে, এটার কোন কাজের হয় না। এটা একটা গভর্নমেন্টের খেয়ালমত করা হচ্ছে। যেটা করব, সেটা ভিটারমাইন্ডভাবে করতে হবে, তা না হলে কোন কাজে আমরা সফলতা শাভ করতে পারব না, এই আমার দূর্ঢাবিশ্বাস। তা আমি বলব, আমার মন্দ্রিমহাশয়কে অধ্যক্ষ মহাশরের মারফত যে. আপনি জানেন ৩০ হাজার পপুলেশনের বোলপুর শান্তিনিকেতনের रामभाতाल रेलकिंप्रिमिं तारे अथह जात मामत्म भारतत पाकात्म रेलकिंप्रिमिं यलाह । শানিতনিকেতন একটা ইন্টারনাদ্রনাল টাউন। যাই হোক আমার আগে ডাঃ চৌধুরী অনেক হেল্থ সেন্টারের প্রবলেম বলেছেন, আমি শুধু দু-একটি কথা বলব। এই সব হেল্থ সেল্টারের কম্পাউন্ড ওয়াল নেই যার ফলে ককর-বিডাল রাত্রে রোগীনের সংখ্যে শায়ে থাকে। প্রত্যেকটা হেল্থ সেন্টার করার আগে একটা কমপ। ই প্লান করতে হবে। এটা কর্ত পক্ষের জানা **षाका** छें छिट त्य, अकठो दिल्ल अन्गोतित कम्लाडेन्ड उग्नाल ना थाकत्ल, जानलाग्न शतान ना थाकत्ल সেখানে কোন রোগী থাকতে পারেন না। শেষকালে আমি এইটুকু বলব, যে টাকা আমিরা অপচয় র্কার, আপনার সেন্ট্রাল ড্রাগ স্টোর্স, যেখানে ১১ লক্ষ টাকা আছে, সেখানে একটা অ্যামেনিটি কমিটি আছে, যেসমুহত ড্রাগস থানা হেলুও সেন্টারের জন্য দরকার হয়, যেগুলি ফিনা প্রসার দেওয়া হয়, সেই টাকা সেই কমিটি কিভাবে বায় করে ত। আমরা জানতে পারি না। ট্রান্সপোর্ট ফেসিলিটিস যেসম্ভত করা হয় এর লক্ষ লক্ষ টাকা একটা সিলেক্টেড পার্টি কে দেওয়া হয়। এই অপচয়ণ্যলি বন্ধ করে যাতে ভাল কাজে নিয়োজিত করা হয় তার জন্য আমি মলিন্নহাশয়কে আমার অনুরোধ জানাব এবং তা হলে দেশের লোকও আপনাদের আশীর্বাদ করবে।

### Dr. Abani Bhattacharvva:

মাননীয় ডেপ্টে স্পীকার মহাশয়, এই মেডিকালে বাজেটের ডিসকাশনে পার্ট নিতে গিয়ে মেডিকাল কলেজের কথাই আমি প্রথমে উল্লেখ করতে চাই এবং মেডিকাল কলেজের মধ্যে আমি একটি মেডিকাল কলেজের কথাই উল্লেখ কর্শছ সেটা হচ্ছে বাঁকুড়া সম্মিলনী মেডিকালে কলেজ সম্বধ্যে আপনাদের এই স্টেটমেন্টের মধ্যে এক জায়গায় দেখতে পাছিছ যে, স্টেটমেন্টিট শোরিং দি প্রগ্রেস অব ডেভেলপ্মেন্ট স্কীম: এতে আছে The Bankura Sannelani Medical College with an intake of 50 students per annum taken over by the Government with effect from 6th June, 1961, will be maintained.

তাহলে আমি ধরে নিতে পারি, এই উত্তি থেকে যে, এই মেডিক্যাল কলেজটি গভর্নমেন্ট নিয়েছেন, টেকেন ওভার বাই দি গভর্ন মেন্ট এবং সেটির ডেটও দেওয়া হয়েছে দেখছি ৫ জনে ১৯৬১। **छात्र भारन रम**णे क्षारा मुटे वरभत रन रन्छता राहाइ। जा राम, मुटे वरभत रन रन्छता राम পর সেখানে প্রগ্রেস কি হয়েছে? সেখানে তা যদি আমরা দেখি তা হলে কিল্ড ছবিটা ভয়ানক হতাশাজনক হয়ে উঠে। এই মেডিক্যাল কলেজে ১৫০টি বেড আছে এবং এই মেডিক্যাল **কলে**জে রেসিডেন্ট সাজেন, রেসিডেন্ট ফিজিসিয়ান আছে, কিন্ত তাঁরা রেসিডেন্ট নন। তাঁরা মেডিকাল কলেজের কম্পাউন্ডের মধ্যে বাস করেন না, তাঁরা বাস করেন শহরে। এবং শ**হর** থেকে মেডিক্যাল কলেজ দুই মাইল দূৰে। আর যে রাস্তা দিয়ে যেতে হয়, সে রাস্তাটি ভারি স্কুন্দর। সেখানে অন্ধকারে হোঁচট খেয়ে পড়ে মাথা না ফাটাটাই আন্চর্য ব্যাপার। এটা একটা আম্ভূত ব্যাপার যে, রেসিডেন্ট সার্জেন, রেসিডেন্ট ফিজিসিয়ান, তার রেসিডেন্স সেখানে নেই। কিন্তু এই হাসপাতাল আজ দুই বংসর হল নেওয়া হয়েছে অথচ তাঁদের জন্য রেসিডেন্স করতে বাধা কোথায়? তাঁদের রে<sup>°</sup>সডেন্স তৈরি করা তো প্রয়োজন, করতে তো হবেই, তা হলে সেটা তৈরি করতে আপনারা এখনও শ্রুর করছেন না কেন? বলবেন বিলিডং অন্য ডিপার্টমেল্টের ব্যাপার। অনা ডিপার্টামন্টের ব্যাপার হলেও যেমনু ক্যালকাটা মেডিক্যাল কলেজে তাদের একটা **ইঞ্জিনীয়ারিং ইউনিট আছে, সেটা সেখানে থাকার জনা যে-কোন জিনিসেব বাবস্থা তারা সেখানে** ব্দরতে পারে, নীলরতন সরকার মেডিক্যাল কলেজেও আছে, সেখানে বাঁকুড়া সন্মিলনী মেডিক্যাল কলেজে সেই ব্যবস্থা আরও বেশি দরকার। এটা একটা তৈরি কলেজ, অনেক দিনের প্রতিষ্ঠিত, অনেকথানি সংগঠিত, তারপর ন্তন জিনিস আপনারা নিচ্ছেন, আরম্ভ করেছেন, করতে চান, এই ইজিনীয়ারিং ইউনিট সেথানে করা তো শন্ত নয়। কেন করা হচ্ছে না এটা আমি স্বাস্থান্দণতরের ভারপ্রাপত মন্ট্রাকৈ অন্বরোধ করিছি যে, এই বিষয়টা একট্ বিচার-বিবেচনা করে দেখবেন।

আর শ্বিতীয় কথা হচ্ছে, ঐ হাসপাতালের মধ্যে ২-০টি বাড়ি তৈরি হয়ে পড়ে আছে, একটা অপারেশন থিয়েটার তৈরি হয়ে পড়ে আছে অথচ সেই অপারেশন থিয়েটারে অপারেশন হয়ে না। তার কারণ কি? ইলেকট্রিসিটি নেই, জল নেই। কেন জল ও ইলেকট্রিসিটি সেখানে হছে না, বংসরের পর বংসর চলে যাবে, কবে সেগালি হবে? এখানে একটা হাসপাতাল আপনারা তৈরি করেছেন, অনেক লক্ষ টাকা থরচ করে সেটা তৈরি করেছেন, সেই হাসপাতালে পি অবলিউ ডি-র একটা ডিপটেনেট বাস করছে। সেখানেও জল নেই, ইলেকট্রিসিটি নেই, এই প্রবৈশি। তাহলে জল আর ইলেকট্রিসিটি বিদ প্রবলেম হয় তা হলে হোয়াই নট সল্ভ ইট? ষেখানে নাকি এত লক্ষ টাকা থরচ করে বাড়ি তৈরি করতে পারছেন সেখানে ওয়াটার ওয়ার্কস তার ইলেকট্রিসিটিতে কত টাকা থরচ হবে? নদীটা বেশি দুরে নয় যেখানে ওয়াটার ওয়ার্কস তৈরি করা হয়েছিল ৫ লক্ষ টাকা খরচ করে সেখানে একটা মিনিয়েচার ওয়ার্টার ওয়ার্কস তৈরি করে পারেন অনায়াসে। আর একটা প্রবলেম হছে ইলেকট্রিসিটি। শ্নলাম ইলেকট্রিসিটিনিয়ে আপনারা মৃত করছেন। কিন্তু সেটা কমণ্লিট যত তাড়াতাড়ি হয় ততই বাঞ্বনীয়।

### [2-50-3-15 p.m.]

সৈখানে সরকারের তরফ থেকে প্রফেসারস, আাসিসটানট প্রফেসারস আপেরেন্টেড হয়েছেন, আর সন্মেলনী কর্তৃপক্ষ কিছা আপেরেন্ট করে গিরেছেন। সেখানে এখনই তাই দুটো দল হয়েছে। সন্মেলনী অনপ্রেন্টেড বেসমসত ডাবার প্রফেসারস আছেন তাদের অত্যন্ত অস্বস্থিতর মধ্যে আছেন তাদের সাজিক কন্ডিশন রেগ্লারাইন করেছেন না কেন? হয় তাদের রাখ্যন, না হয় তাদের তাড়িয়ে দিন। যদি রাখেন, তা হলে তাদের রেগ্লার সাজিস কন্ডিশনের মধ্যে রাখ্যন। যতিদিন না তারা নিশ্চিত হতে পারেন যে তালা সেখানে থাকবেন, তার্চিন তারা মনপ্রাণ দিয়ে কাজ করতে পারছেন না। তাদের বেশিক প্রোবালাম দুটো এক না হাল কোয়ালিগ্যি, দুই নম্বর হ'ল দুটো গ্রাপ অফ স্টাফ থাকার জন্য করে কানে কো অপারেশন মিলছে না।

Let them be safe about their service. তাদের সাভিসি কন্ডিশন রেগ্লোরাইজ করে একটা ইকুইটেবল কন্ডিশন-এর মধ্যে আন্নে। **এরপর** বলব হাসপাতালের অক্থার কথা। হাসপাতালে পেসেন্ট্রা যে ট্রিটমেন্ট পাচ্চে সে সদাদে**ধ** অনেক কমপ্লেইন্ট হয়েছে। একটা কমপ্লেইন্ট বলি, নার্সিং স্টাফ সম্বন্ধে। একটি ওয়ার্ডে ৩০টি বেড তাতে দিনের বেলায় রেখেছেন একজন স্টাফ নার্স, একজন সেবিকা, আর রাত্রিবেলায় দ্বতিনজন সেবিকা। এই সেবিকার ট্রেনিং কতদ্রে, তা আমার জানা আছে। আপনারা কি মনে ক্যেন যে ২-৩টি মরণাশন্ন রোগী যেখানে, সেখানে একটা এমারজেন্সী সার্ভিস দিতে একজন সেবিকা পারবে, সাইপারদের অবস্থা দেখান। সেবিকাদের মাইনে দিচ্ছেন ৫০ থেকেও কম টাকা— থেয়ে-পড়ে কি পাবে? সেবিকাদের আরও বেশী ট্রেনিং দেওয়া প্রয়োজন এবং তাই দিয়ে এমন বেতন দিন, যা থেকে তারা খেয়ে-পড়ে বাঁচতে পারে। তা না হলে অর্থভার কতকগুলি ব্লিট বাহি দিয়ে রুগার সেবা হয় না। তাই ব'ল এই সেবিকাদের দিকে নজর দিন। দিবতীয় কথা এমারজেন্দ্রী সাভিসি নিয়ে, মেডিক্যাল কলেতে এমারভেন্দ্রী সাভিসি হল না কিন্ত মফঃস্বল কলেজ যা করছেন সেখানে কেন হবে না। বাংলাদেশে ১৫টি জেলার মধ্যে বাঁকুড়া একটি জেলা এবং বাঁকুড়া একটি দরিদ্র জেলা—এটা পশ্চাংপদ, এখানে \*েশের বাবস্থা করেন নি। দামোদর নদীর ওপারে আসানসোলে দেখুন **শিল্প**-নগরী হয়েছে, কিন্তু বাঁকুড়া, সেখানে আজ দ্দৃদিত দামে দর নেই তাকে বাঁধা দেওয়া হয়েছে। সেখানে উত্তর পাড়ে যদি শিল্পনগরী গড়ে উঠতে পারে, দক্ষিণ পাড়ে কেন তা **গড়ে** উঠছে না? সেথানকার কৃষির উন্নতি করতে পারে না- সেথানকার জাম অনুবার, কাঁকরের জাম। কাঁকুড়ে জমি পাথ,রে জমি যেন ধ্-ধ্ মর্ভূমি। বাঁকুড়া জেলার একটা জিনিস আছে, **এডু-**কেশনাল ইমপর্ট্যান্স অনেক কালের। বাঁকুড়ায় একটা কলৈছ আছে, তাঁর নাম অনেকেই জানেন।

মেডিক্যাল সেন্টার হিসাবে সেথানকার ঐতিহ্য আছে। এই মেডিক্যাল কলেজ আজ আপনারা

নিষ্টেছন, এজন্য আপনাদের অভিনন্দন জানাছি। কিন্তু সেটা ভালো করে গড়ে তুলুন।
আমাদের ১৫টা জেলার মধ্যে একটা জেলাকেও আপনারা অবহেলা করতে পারেন না। বাঁকুড়া
জেলা থেকে অনেক প্রতিনিধি এখানে এসেছেন, মন্দ্রিসভার মধ্যেও ২-৩ জন আছেন। কিন্তু
বাঁকুড়ার উর্রাতির দিকে তাঁরা কতটা নজর দিয়েছেন? শুধু ভোট পারার জন্যই তাঁরা যা-কিছ্
করেন, অন্যাদিকে যদি লক্ষ্য করা যায়, তা হলে দেখা যায় আজ পর্যন্ত তাঁরা কিছ্ই করেন নি।
ভাই আপনারা ওখানকার হাসপাতালটা নিয়ে নেওয়া সম্বেও গত ২ বংসরের মধ্যে তার কাজের
অগ্রগতি সামানাই হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশার, আপনার মাধ্যমে আমি স্বাম্থ্যদেশ্তরকে অনুরোধ করেব, আপনারা এই হাসপাতালটাকৈ সম্পূর্ণ করে গড়ে তুলুন, যাতে শিক্ষা

বিপত্তনক, রাস্চায় থেতে যেতেই তার প্রাণপাত হয়ে। থাবে। এরকম দুচারটি নজীর আছে।
[At this stage the House was adjourned for 15 minutes.]
[After adjournment.]

ও চিকিৎসার ব্যবস্থা শুস্দর হয়। হাসপাতালে যাবার রাস্তা সরকার পেয়েছেন, মিউনিসিপ্যালিটি হুস্তান্তর কংক্ষে। কিন্তু এই দীর্ঘ দুই মাইল রাস্তা দিয়ে কোন কঠিন রুগীকে নিয়ে যাওরা

[3-15-3-25 p.m.]

#### Shri Kamal Kanti Guha:

**দ্প**ীকার বায়বরাব্দের দাবি আমাদের সাবে. আজকে যে রাখা হয়েছে এই বায়বরান্দ আলোচনা করতে গিয়ে আমরা লক্ষ্য করেছি যে, আমাদের বিরোধীপক্ষের সদসারা এবং সরকারপক্ষের সদস্যরা জনস্বাস্থ্য বিভাগে যেসমুহত দুন্নীতি বা যেসমুহত অরাজকতা আছে ত**া তুলে ধরেছেন। আজকে** এই দুনীতি এবং অরাজকতা কেন জন-স্বাস্থাবিভাগ ভরে উঠেছে সে সম্বন্ধে **আলোচনা করতে গেলে দেখা** যায় তার দুটো কারণ আছে। প্রথম কারণ হচ্ছে, প্রশাসনিক দিক **থেকে** শামরা লক্ষ্য করেছি মেডিকাল কলেজ থেকে অসমত করে হেলথ সেন্টার-এর ডাক্তার এবং হেলথ ডিরেক্টরেট এর কোন অফিসারের নির্দেশ যদি কোন কমপেলইন্ড আলে জনসাধারণের তরক থেকে, তথন লক্ষ্য কল, যায় যে তাঁরা প্রফেশন্যাল মানে বলে এই ভিন্নসূচী চাপা দেবার চেণ্টা করেন এমাবং বত কমপেনাইন্ট এমেয়েল এই অবিচার ও অবজেকতার বিরাদেধ তা সবই চাপা দেওয়া হয়েছে। শ্বিতীয় কারণ, প্রাইডেচ প্র্যাক্তিস। সরকারী ভা**রারদের প্রাইভেট প্রাক্টিস বন্ধ কর**বার **একটা** অতার ছিল। আমি জোর করে এই হাউদের সামনে বলতে পারি শতকরা ৯০ জন ডাক্তার প্রাইন্ডেট প্রার্কটিস করেন এবং তার নজীর আমি আপনার সামনে রাখছি। এই প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করবার জন্য একটা তদন্ত হয়েছিল এন্টি কর পশন ডিপার্টমেন্ট থেকে এবং সে সম্পর্কে একটা কামটি হয়েছিল সেই কমিডির মধ্যে ছিলেন কনেল চাটার্জি, ডাঃ যেগেশ ব্যানার্জি, ডাঃ রায়চৌধুরী কিন্তু যে সর্যে দিয়ে ৬৩ চাডাবেন সেই সম্বের মধেই ভত। কর্নেল চ্যাটাহ্নি, ডাং যোগেশ বানাজি কিছু, দিন আগে প্রত্ত প্রাইভেট প্রাাকটিস করেছেন আমরা জানি। মিঃ স্পীকার, সারে, আজকে আমরা দেখি আউটভোৱে যত বুলী ঘোরাঘুরি করে, তারা কেউ ইনডোর বেড পায় না, কারণ, একটা রহসাজনক কারণে ইনডোর বেডগুলি ভর্তি হয়ে থাকে। এর কারণ কি? এর কারণ যদি অনুসন্ধান করা যায়, তা হলে দেখা মাধে এসব ডান্তার প্রত্যেকে নিজেদের প্রাইভেট চেম্বারে মোট। ফি নিয়ে রুগী দেখেন এবং সেই রুগীদের ভর্তি করে দেবার ব্যবস্থা করেন।

আমি আপনার মাধ্যমে সরকার পক্ষকে জিপ্তাস্য করি যে, গরীবদের আপনারা রাম রাজদ্বের কথা বলেন সেখানে রাম রাজত্ব হচ্ছে, না হন্মান রাজত্ব হচ্ছে সেটা লক্ষ্য রাথা দরকার। আমি আপনাদের বলছি যে কোচবিংনর সদর হাসপাতালে কর্ব কাহিনীর কথা আপনাদের কাছে রাথতে চাই। এথানের ডি এম ও-কে তাঁর বাড়িতে গিয়ে যদি ফিজ না দেওয়া যায়, তা হলে কোন রোগী হাসপাতালে বেড পায় নি এ বিষয়ে বহু দরখাসত করা হয়েছে, কিন্তু সেই ডি এম ও বহাল তবিয়তে আছে। আমি আপনাকে একটা ফটো দেখাতে পারি, সেই ফটোতে আমি দেখছি যে, একটা নবজাত শিশ্র মুখে রক্ত বেরিয়ে গেছে এবং মুখটা ভেলো গেছে। কারণ, শিশ্রা বখন জন্মগ্রহণ করেন তার পর নার্সের অবহেলা, ও অস্বিধাজনক কাজের ফলে বহু শিশ্ মায়া বায়। এ সন্বন্ধে প্লিসে কেস হয়েছে, ইনভেস্টিগেশন হছে, সে কেসও চাপা দিয়ে দেওয়া হছে। ধার মিজঙাল রিপোর্ট আজও রাখা হয় নি, যে কেন শিশ্টা মায়া গেল! রাজ্যপালিকার ভাষণে

কোচবিহার হাসপাতালের কথা বলা হরেছে, এই হাসপাতাল সদ্বন্ধে আর একটা কথা বলি যে, একটা মহিলাকে যখন চিতায় তোলা হল, চিতার আগনে তার পেট কেটে গেল, দেখা গেল তার পেটের ভেতর একটা শিশ, আছে। অথচ তাঁকে চিকিৎসা করা হয় নি যে তার পেটে শিশ, আছে কিনা। ্র এই হচ্ছে হাসপাতালের অবস্থা। কেন সেখানে এরকম হচ্ছে সেখানকার যে ডি এম ও তার অধস্থন ভারার বা নার্সদের তিনি বলে দিয়েছেন যে, আমার কাছে যদি কেউ না আসে, অর্থাৎ যদি বাভিতে ভিজিট না দেয় এবং তার আগে যদি হাসপাতালে যায় তা হলে তোমরা ভার কেয়ার নেবে না। সাার, আমরা আর একরকম সরকারী ডান্তার দেখেছি -কলকাতার ব্যাপার, তারা হচ্ছেন অনারারী ডান্তার, এরা হচ্ছেন ডাক্টার নিরোদ বিজ্ঞলী রায়, ডাঃ ডি এল পোন্দার, ডাঃ এ কে সাহা, ডাঃ রুপা মিত্র এবং ডাঃ হিমাদী সরকার। এ'রা সকলেই অনারারী ডাঙার কিন্তু এরা হাজার হাজার টাকা হাস-পাত্রলে জড়িত থাকরে সুযোগে রুগাদের কাছ থেকে আদায় করেন। ডাঃ নীরোদ বিজ্ঞলী রায় হচ্ছেন মেডিক্যাল কলেজের এক্স-রে ডিপার্টমেন্টের চাতে রয়েছেন। হ্যাবিংটন মেনসনে ওর যে প্রাইভেট চেম্বার আছে সেখানে রোগা গিয়ে তাঁকে যদি ফিজ না দেয়. তা হলে সে মেডিক্যাল কলেজে কোন সুযোগ সুবিধা পায় না, মেডিকাল কলেজে আমরা জানি ৪টা একু রে মেসিন ছিল, তাই মধে। ডিপ এক্স-বৈ মেসিন দুটো খারাপ হয়ে গেছে আর বাকি দুটোয় কে নরকমে কাজ চলছে। এই চারটে মেসিনকে আজ প্র্যুন্ত ঠিক কল হচ্ছে না ঐ ডান্তার নীরোদ বিজ্ঞলী রায়ের স্বার্থে। আংকে মেডিকালে কলেজে এশ্ব-রে মেসিন ঠিক করা ২৮েছ না এজনাই। আমরা দেখেছি ঐ ভাঃ নীরেদ বিজ্ঞলী রাথ যখন ছাটিতে থাকেন তখন গড়ে দৈনিক ৭৯টা রোগীর এক্স-রে পরীক্ষা করা হয়, কিল্ড যখন আবার তিনি আসেন তখন ১৪টা লোগী পরীক্ষ। করা হয়, কেন না বাকি রোগাঁগ্যলিকে ডাঃ নীরোদ রায়ের প্রাইভেট চেম্বারে যেতে শধ্য কবঃ হয়। আমি আর একটা কথা বুলুতে চাই, বাংলাদেশে স্পেশালিস্ট আছে কিন্তু আমর। লক্ষা করে দেখেছি সরকারী ভারারর। বোলাদের কাছে তেপশালিষ্ট নয় এরা তেপশালিষ্ট অফ শোষণ। আজকে এ'দের কাছে সাধারণ মান্ত্রের কোন্রকম রিলিফ পারার বাবস্থা নেই, কোন্যক্ষ চিকিংসার বাবস্থা নেই। গভনামেন্ট আজকে ১০ পার্সেন্ট মাত্র দেপনালিস্ট ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। গ্রামি এ কথা বলবো ১০ পার্সেক্টো ব্যক্তিয়ে দেওয়া হোক যাতে বেশী ডাস্তার স্পেশালিস্ট হতে পারে, এবং বেশী **লোককে** দেখবার সাযোগ সাবিধা হতে পারে। প্রাইভেট প্রাকটিস সম্বন্ধে আর একটা কথা বলতে চাই. ৭ জন ডাক্তারকে নোটিশ দেওয়া হয়েছিল যে তোমর। ন তন স্কীমের মধ্যে এলে প্রাইভেট প্র্যাকটিস করতে পারবে না। তারা ৩ মাসের সময়ও চেয়েছিলেন সেটা হচ্ছে ১৯৬০ সালের জুন মাস। কিল্ড তাদের বলা হল, যে আপনারা প্রাইভেট প্রাাকটিস গ্রাটিয়ে নিন। এ'র। কারা ডাঃ অমিতাভ রায়, ডাঃ তড়িং ঘোষ, ডাঃ সতারত ঘোষ, ডাঃ সতা কোনার, ডাঃ অশোক বার্গ চ. ডাঃ রমেন চাটাঞ্জী, ডাঃ চার, মুখার্জনী, এংরা সবাই বললেন যে, আমাদের কিছা, সময় দেওয়া হোক, তারপর আমরা প্রাইভেট প্র্যাকটিস গুর্টিয়ে নোব। কিল্ড দেখা গেল ৩১এ ডিসেম্বর প্র্যাণ্ড, তাঁরা প্রাইভেট প্রাকটিস গুটিয়ে নিলেন না এবং ডাঃ রায়ের হস্তক্ষেপে অনিদৃষ্ট কালের জন। এই অর্ডার বন্ধ বাখা হল। কাৰণ আম্বা ভানি ডাঃ ব্যেন চ্যাটাজী ডাঃ বায়ের ব্যক্তিগত চিকিংসক ছিলেন এবং ডাঃ রায়ে সং<del>ং</del>গ ভিয়েনায় গিয়েছিলেন।

আজকে আবার হেলথ ডাইরেক্টরেট থেকে নোটিশ দেওয়া হয়েছে যে, তোমরা প্রাইভেট প্রাাকটিস গ্রুটাও। এর মধ্যে আমিতাভ রায়, যিনি বর্তমানে মুখ্যমন্ত্রীর বান্তিগত চিকিৎসক, তিনি এর মধ্যে আছেন। আমি আপনার মাধ্যমে সরকার পক্ষকে অনুরোধ করবো যে এইসমস্ড ডাক্তারদের বে-আইনী হস্তক্ষেপ এবং তাদের ব্যক্তিগত প্রভাব আবার সেটাকে বন্ধ করবো। আপনাকে আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে যে আমরা লক্ষ্য করে দেখেছি যে ডাক্তারদের কাছে গেলে ঔষধ পাওয়া যায় না নাইরে থেকে ঔষধ কিনে আনতে বলা হয় বিশেষকরে আমি একজন ডাক্তারের কথা বলবে যে ডাক্তারের সম্বন্ধে আজকে অভিযোগ এসেছে তিনি হচ্ছেন কর্নেল চ্যাটার্জি। তিনি কোচবিহার জেলার দিনহাটা সাব-ডিভিসনের মেডিক্যাল অফিসার। তার সম্বন্ধে দেখা গিরেছে তিনি কি করেন-আজকে রোগাঁরা যথন যায় তিনি বলেন, বাইরের থেকে ঔষধ নিয়ে এসো প্রেসজিপদন করে দিছি এবং নির্দিণ্ট করে দেন প্রাইভেট ডিসপেনসারীর কথা উল্লেখ করে যে তার কাছ থেকে ঔষধ আনতে হবে এবং দেখা যায় ডেলিভারী কেস হলেও সেই মরফিয়া র্যাই কিছু হোক

সেখানে প্রেসক্রিপসনে মর্রাফ্য়া থাকে। তার কারণ তিনি নিজেই ১০-১২টা করে মরফিয়া ইঞ্জেকসন গ্রহণ করেন এবং সব সময়ই মন্ত অবস্থায় থাকেন। রোগী যদি যায় চিকিৎসা করেন না। আমি এ সম্পর্কে বহুবার কমপেলন করেছি সি এম ও-কে হেলথ ডিপার্টমেন্টের কাছে সেখানে এমন একটা পাপচক্র তৈরি হয়েছে সেই পাপ চক্তের বিরুদ্ধে কিছু করবার নেই। মিস্টার স্পীকার, স্যার, আপনার মাধ্যমে বলবো যে আজকে সরকারপক্ষে যারা বসেছেন তারা বলছেন যে আমরা এতো করেছি, হেলথ সেন্টার করেছি, এ সম্বন্ধে তারা একটা স্ক্রুর ছবি তুলে ধরেছেন। আপনারা যে টাকা দিচ্ছেন, আমি বলবো সেই টাকা যাতে ঠিক মত বরান্দ হয় এবং ডান্তাররা যাতে ঠিক মত বেগানিকে দেখেন সেদিকে লক্ষ্য রাখুন। আপনাদের কাছে আর একটা অনুরোধ করিছি যে ডান্তার অফিসার সরিয়ে দেওয়া হোক। ডান্তাররা চিকিৎসা করবে তারা রোগী সম্বন্ধে ব্যববে কিম্তু অ্যাডমিনিম্প্রেসন চালাবার জন্য ডান্ডার অফিসার রাথবার দরকার নেই। এইসমহত ডান্তার অফিসাররা পাপচক্র করে রেখেছে—সেখনে কিছুই হচ্ছে না। আজকে এ টি এস পাওয়া যায় না। আজকে কলকাতার উপর দৃঃখের বিষয় শত শত কেসে এ টি এস বাইরের থেকে আনেন এবং বাইরের থেকে তাদের নির্দাণ্ড ডিসপেনসারী থেকে আনতে হয়। এক্স-রে শেলট নাই—প্রাইডেট চেম্বার থেকে তা নিতে হয়। এইরকম অবস্থা আক্রেক দ্বে করা দরকার।

[3-25-3-35 p.m.]

### Shri Dulal Chandra Mondal:

বাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মেডিক্যাল ও পার্বালক হেলখ-এর বায়বরান্দ সন্বশ্ধে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে আমাদের এলাকার কথা বলবো। আমার এলাকার জনসংখ্যা ১ লক্ষ ২০ হাজারের মত। এই ১ লক্ষ ২০ হাজারের মধ্যে মান্ত ৬ হাজার থেকে ৭ হাজারের মত লোক চিকিৎসা নিতে আসে, যারা ওখানে তিনটা মিলে কান্ধ করে। পাটকল, স্তাকল এবং বাদবাকি জনসাধারণ যে চিকিৎসায় চিকিৎসিত হন, তার যে অবস্থা কি—সেদিকে সরকার লক্ষ্য দিছেন না। বার বার করে সরকারের কাছে আবেদন করা হছে যে আমার এলাকায় একটা মেটার্রানিটি হওয়া দরকার, একটা হেলথ সেন্টার হওয়া দরকার। এই দুটোর কোনটাই অদ্যাবধি সেখানে হল না। আমি বলতে পারি এই হেলথ সেন্টার-এর জনা ঐ অঞ্চলের বিশেষকরে সাঁকরাইল থানার লোকেরা কিহু জমিও দিতে রাজি আছেন; টাকাও কিছু তারা জমা দিয়েছেন। অথচ এখনো সেই হেলথ সেন্টার হলো না কোন্ এক অস্তাত কারণে। মায়েরা সন্তান প্রসবের সময় কি অশেষ যন্ত্রণা পান, তা আপনারা জানেন। কোন প্রসবিনীকৈ কলকাতার কোন হাসপাতালে আনতে গেলে, হয়ত পথিমধ্যেই প্রসব হতে পারে, অথবা মারা যেতে পারে। এটা দেখা উচিত। আমাদের এই অঞ্চলে এখনো মেটার্রানিট হোম হলো না, একটা হেলথ সেন্টার হলো না। আমি বিভাগীয় মন্ত্রিক কর্মা যায়, তার ব্যবস্থা কর্ম।

তারপর পানীয় জলের সমস্যা একটা প্রকট আকার ধারণ করেছে। আমাদের এলাকায় বেসমশ্ত টিউবওরেল ছিল, তার একশো টিউবওরেল খারাপ হয়ে গেছে। ন্তন টিউবওরেল না বসালে লোকে আগামী দার্ন গ্রীন্মের দিনে জলাভাবে অশেষ কট ভোগ করবে। জলাভাবে নানারকম এপিডেমিক ডিজিজেস দেখা দিতে পারে সেখানে। ইতিমধ্যে কলেরাও মহামারীর আকার ধারণ করেছে। ১১৩ জন লোক সেখানে গত একমাসের মধ্যে মারা গেছে। বসন্তের ইনোকুলেশন, ভেকসিনেসন কিছু দেওয়া হচ্ছে না। স্বাস্থাদণ্ডর থেকে যে টীকা বা কলেরার ইঞ্জেকসন দেওয়া হর তা-ও দেওয়া বন্ধ হয়ে আছে। সেখানে গেলে একজন বলবেন—ওটা একটা মেট্রোপলিটন ক্রীমে চলে গেছে। সেখানে গেলে তারা একজনকে পাঠালেন, তিনি দশ-বিশজনকে টীকা দিয়ে চলে থান। এই যদি গ্রামের অবন্ধা হয়়, তা হলে গ্রামের লোক কি করে বাঁচবে? এইভাবে আচিকংসায় গরীব কৃষক, শ্রমিক, ক্ষেত্মজনুরদের কলেরায় একদম শেষ করে দেবে। আমি দাবি কর্রছি, সেখানে অবিলন্দেব ইনোকুলেসন, ভেকসিনেসন দেওয়ার বাবস্থা করা হোক।

তারপর স্টেট ইনসিওরেন্স-এর আওতায় যেসমস্ত লোক এসেছে, তাদেরও চিকিৎসার অব্যবস্থা। কার্ড নিয়ে যান ডান্তারথানায়, সেখানে দেখবেন তিনটা বোতলো ক্লিনিক ওমুধ, এক নন্দর, দ্-নন্দর, দ্বিন নন্দর—লাল, নীল, সব্ভে মিক্সচার। কাউকে এক নন্দর থেকে ওমুধ দিছেন, কাউকে বা দ্-

নন্দ্রর বা তিন নন্দ্রর বোতল থেকে দিচ্ছেন। সেখানে যে ইঞ্জেকসন দেওয়া হয়, তাও বাজে।
ব'ড়েও কতকগ্রনি দিয়ে দিছেনে: তা থেয়ে অস্থ সারছে না, তারপর অস্থ কনিক হয়ে যাছে।
তারপর হাসপাতালে যাবে, স্পেশালিস্ট রেকমেন্ড করলেন, সেই ডাক্তার ওব্ধ লিখে দিলেন, তা
কোন কেমিস্টের কাছে পাওয়া গেল না। এইভাবে কোন ওয়াকারের অস্থ-বিস্থ হলে তা
স্পেশালিস্ট দেখিয়েও ভাল হয় না, ক্রনিক হয়ে ভূগে ভূগে মারা যায়। এর মধো আবার ফার্মিলি
ক্রিনিক নেওয়া হয়েছে। স্টেট ইনসিওরেন্স-এর একটা ডাক্তার সাড়ে সাত-শো রোগী দেখবেন।
এইভাবে হালার হয়ারার ওয়ার্কার তাঁরা দেখতে পাছেন না। তার সঞ্চো এই সাড়ে সাত-শো
কার্মিলির য়ান্বকে তাঁরা কি করে দেখবেন ব্যুবতে পারছি না।

এই স্কীমটা সম্পূর্ণ ভূল হচ্ছে এবং শেষে মারাত্মক অবস্থা ধারন করতে পারে। তাই বলি আমাদের গ্রামাণ্ডলে, যেখানে সাধারণ মানুষ, নিরীহ মানুষ, যারা মূখ ফুটে কথা বলতে পারে না, তাদের জন্য স্বাস্থা বিভাগ থেকে ব্যবস্থা করা উচিত, তাদের খুব বেশী করে দেখা উচিত, যাতে করে সেইসকল মানুষরা সেখানে বাঁচতে পারে। এ ছাড়া আর একটা কথা এখানে বিশেষ-ভাবে বলা দরকার। ইতিমধ্যে সেখানে ভীষণ মশার আমদানী হয়েছে। এই মশাকে নিবারণ করতে গেলে, বা তাড়াতে গেলে এখনই সেখানে ডি ডি টি খুব বেশী করে ছড়ান দরকার। তা না হলে সরকার যেটা বলছেন- মালেরিয়া আমরা এখান থেকে দ্র করেছি, আবার সেই ম্যালেরিয়া এখানে দেখা দিতে পারে। এই ডি ডি টি খুব ভালভাবে সেখানে ছড়ান হচ্ছে না, ফলে সেখানে মশার উপদ্রব অত্যান্ত বেড়ে গিয়েছে। ডি ডি টি এখনই গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায়, খুব বেশী করে ছড়ান উচিত। এই কথা বলে আমি আমার বন্তব্য শেষ করিছি।

#### Shri Cobardhan Das:

মাননীয় অধাক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে কিছু বলব।

আমার এলাকা বীরভূম জেলায় ময়্বেরণ্বর থানাতে একটা স্বাস্থ্যকেন্দ্র খোলখার জন্য বহুদিন বাবত, প্রায় দশ-বার বছর ধরে সংশিল্ট দশ্তরে লেখালেথি করে আর্সাছ, কিন্তু আজ পর্যন্ত গভর্নমেন্ট সেদিকে কোনরকম লক্ষ্য দেন নি। অবশ্য এ বছর ১৯৬২ সালের নভেন্বর মাসের প্রথম দিকে বীরভূম জেলার ডি এম এবং রামপ্রহাটের মহকুমাশাসক ও ডি এন রায়, এস ডি ও বাহাদ্র, তাঁরা পরিদর্শন করতে মোল্লারপ্র হাসপাতালে ও পোড়াদা হাসপাতালে এসেছিলেন এবং সেথানকার জনসাধারণের সংগ্য সহযোগিতা করেছিলেন। এ থেকে আমরা মনে কর্মছি এ বছর ওখানে হয়ত একটা স্বাস্থাকেন্দ্র খ্লাতে পারে। এইরকম আমাদের একট্ব আশা হয়েছে, এবং এর জন্য স্থানীয় লোকেরও সেখানে খ্ব উৎসাহ দেখা দিয়েছে। স্ত্রাং বাতে এই স্বাস্থাকেন্দ্র হাস্থাকেন্দ্র হয়, তার জন্য আমি মাননীয় স্বাস্থামন্দ্রী মহাশয়কে লক্ষ্য করে এই কথা বলছি।

তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে পানীয় জল সরবরাহ সম্পর্কে। আজ পর্যনত গ্রামে গ্রামে যেসমসত টিউবওয়েল করা হয়েছে তার অধিকাংশই দ্ব' গুণ তিন গুণেরও বেশি অকেজো হয়ে অচল অবস্থায় পড়ে রয়েছে। যাতে টিউবওয়েলগুলি ভালভাবে মেরামত করে কাষ্করী হয়. তার জনা আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করিছ। স্থানীয় কন্টাক্টর, তারা নৃত্ন টিউবওয়েল বসাবার সময় টিউবওয়েলের কাজে কি রকম ফাঁকি দেয় তা আমরা নিজ চক্ষে প্রতাক্ষ করেছি এবং বারভুম জেলার আর ডবলিউ এ সি-র তরফ থেকে আাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার মহাশয়কে আমি নিজে সংগ্র করে সেখানে নিয়ে গিয়ে দেখিয়েছি যে, ঠিকাদাররা কিরকমভাবে টিউবওয়েলের কাজে ফাঁকি দেয়। এইরকমভাবে যদি ঠিকাদাররা টিউবওয়েলের কাজে ফাঁকি দিতে থাকে, তা হলে গ্রামের সাধারণ চায়ী, গরিব, মধ্যবিত্ত শ্রেণীর লোক, যারা এই সমসত বিষয় কিছু জানে না, তারা সেখানে কিছু বলতে পারে না, ফলে, শেষে তাদের দূরবস্থার মধ্যে শুডতে হয়। সেইজন্য এ বিষয়ের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করি। যাতে টিউবওয়েলে সম্বন্ধ স্থাকে, তার জন্য যেন সরকার ব্যবস্থা করেন।

আর একটা বিষয় বলতে চাই। ব্রীরভূম জেলায় একটা মহা-রোগ দেখা দিয়েছে, সেটা হছে ফাইলেরিয়া রোগ। এই ফাইলেরিয়া রোগ বারভূম জেলায় অত্যুক্ত বেশি। চিকিৎসার জন্য আমাদের শিউড়িতে বড় বড় হাসপাতাল আছে এবং মহকুমা হাসপাতাল আছে, সেখানে এই রোগ চিকিৎসার জন্য আজ পর্যাক্ত কোন ব্যবস্থা করা হয় নি। এই ফাইলেরিয়া রোগ চিকিৎসার জন্য সেখানেও যাতে বন্দোবস্ত করা যায়, তার জন্য আমি বিশেষভাবে সরকারের দ্ঘিট আক্রর্যণ করছি। এই কথাব্লি বলে আমি আমার বক্তবা শেষ করছি।

#### Shri Birendra Kumar Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, রাষ্ট্রমন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত মেডিক্যাল-হেলথ বিভাগের এবং পাবলিক হেলথের বাজেট আমি সর্বাদতঃকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে এই বংসর জরারি পরিস্থিতিতে স্বাস্থা খাতে বাজেট কম না করে বান্ধি করা হয়েছে এইজনা স্বাস্থামন্ত্রী মহাশস্ত্রক ধনাবাদ জানাচ্ছি। স্বাস্থা খাতের আলোচনা করতে গিয়ে ১৯৪৬-৪৭ সালের বাজেটে যেখানে দেখতে পাচ্ছি ১৯৫ নয়া প্যসা ছিল গুড়ে মাথাপিছ, বায় এ বংসরে সেটা ৩ ৮৫ নয়: পয়স। হয়েছে এটা বড় আনন্দের কথা। জম্ম এবং কাশ্মীরের পরেই বর্তাননে পশ্চিমবংগ স্থান পেয়েছে যা এতদিন ছিল তৃতীয় স্থানে। কেবল্লায় স্বাস্থা খাতে ায় ব্ৰদ্ধির জনা এই বাজেট সমর্থন করছি তা নয় স্বাস্থাক্ষেত্রে পল্টিমবুলো স্বাল্যীল উর্মাত হয়েছে বলেই এই বাভেট সমর্থন করতে উঠেছি। পশ্চিমবংগ স্বাস্থাবিষয়ে অনেক কিছু করা হয়েছে আর কিছু করণীয় নেই একথা আমি মনে করি না। কিন্তু ২০০ বংসরের অবহেলিত পরাধীন দেশে সমস। চতুদিকৈ। কল্যাণমূলক রাণ্ট্রে একমাত্র ইবাস্থার উন্নতি করলেই হবে না কো অভিনেটেড ডেভেলপমেণ্ট করা দরকার। এইজনা সর দিকটা বিবেচনা করে সর্বাদিকের উন্নতি একসংখ্য করতে হবে এটা আমাদের নীতি। ১৯৪৭-৪৮ সালে পল্লী-অঞ্চলে মাত্র তিনটি স্বাস্থাকেল্দু এবং ১২টি শ্যা। নিয়ে পশ্চিমবংশার জন্ম হয়, আর আন্ধ্র স্বাস্থাকেন্দ্রের সংখ্যা দাঁড়িয়েছে প্রার্থামক ১৮৬টি এবং সার্বাসডিয়ারি ৩৯৬টি, মোট ৫৮০টি, শ্বাসংখ্যা ৪২৭৬। আরও ১৮৩টি স্বাস্থাকেন্দু নির্মাণের প্রশাসনিক মঞ্জুরী দেওয়া হয়েছে। প্রতি জেলা ও শহরের হাসপাতালের প্রভঃ উর্লাভ করা হয়েছে বিভিন্ন বিষয়ে। বিশেষ**তা** মফঃ বল শহবে পাঠানে হয়েছে যা এতদিন কল্পনাতীত ছিল মফঃ বলের লোকদের কাছে। ১৯৪৮ সালে শহরাপ্রনে শ্যার সংখ্য ছিল ১৭,৫৪৯, আছে তা হয়েছে ১৯,৭৭৫। তা ছাড়া বিশেষ বিশেষ কংকগ,লি রোগের জনকে হাজার থেকে ১১,৮০৮ করা হয়েছে। তব**ু আ**ছরা মার ১২২৩ জনের জন। মাত একটি শ্যা। দিতে পেরেছি যেখানে সারা ভারতবর্ষে ২,৩৭৩ জনের জ্বনা একটি শ্যা। আছে। ভারতব্যের ভূলনায় আমরা আরও ক্যেকটি বিষয় এগিয়ে আছি। ভাকার গড়ে ভারতবর্ষে ৭.৯৬৯ জনের জনা একজন আছে। পশ্চিমবর্ণো আছে ১.৮০০ জনের ●না একজন। নাস ভারতবর্ষে গড়ে ১০১০৯ জনের জনা একজন আছে, বাংলাদেশ আছে ৩.৮৩৮ জনের পিছে একজন। মিড ওয়াইফ ভারতবর্ষে ১১.৪০০ জনের জন। একজন আছে আর বাংলাদেশে সেথানে আছে ৭.১৬% জনের জনা একজন। মৃত্যুর সংখ্যা ১৮.৬ থেকে ৬ ৫-এ এসে দাঁড়িয়েছে এটা আপনারা সকলেই জানেন। শিশ্ব-মত্তার সংখ্যা ১৩৬ ৭ যা ১৯৪৭ সালে ছিল আজকে ৬৫ ৪ হয়েছে সেটা নিশ্চয়ই আপনি জানেন। এ থেকে নিশ্চরই বোঝা যাবে যে, আমার বামপন্থী বন্ধুরা যে চিত্র এই সভার সামনে তুলে ধরার চেণ্টা করছেন তাতে মনে হচ্ছে যে, স্বাস্থা খাতে কিছুই হয় নি। কিন্তু সেটা ঠিক নয়। অবশা একটা জিনিসের উপর আমাদের গ্রের্ড দেওয়া দরকার বলে আমি মনে করি, কাউন্সিল অব মেডিকাল রিসার্চ এবং ন্যাশনাল টিউবারকুলোসিস নাভে রিপোর্টএর তথ্যান,সম্ধান করলে দেখা যায় যে ভারতবর্ষে ১ ৩ থেকে ২ ৫ পর্য ত ক্ষ্মা রোগগ্রহত লোক আছে। পশ্চিমবুশো যদি কেবলমাত ২ পার্সেন্ট লোককে ধরা হয় যক্ষ্মারোগগ্রহত তা হলে ৭ লক্ষ্ লোক প্রায় হয়। সেখানে জামাদের শ্বাসংখ্যা হল মাত ৪.৭৩৭। আমাদের এই শ্বাসংখ্যা দিরে এই স্মস্যা সুমাধান করা বাবে বলে মনে হয় না। পশ্চিমবংগ-সরকাত্তের একটা হিসাবে দেখা যায় যে, ১ কোটি ৬১ হাজার লোককে পরীক্ষা করে বি-সি-জি টিকা দেওরা হরেছিল। পরীক্ষা করা হরেছিল সেখানে মাত্র ৬১ লক্ষ ৯০ হাজার লোককে। তার মানে আগে থেনেই এদের মধ্যে টি-বি স্থামসে আছে এবং এর মধ্যে কত লোকের টি-বি হবে তা বলা যায় না। স্বাসংখ্য এত দতে বৃদ্ধি করা সম্ভব হবে না এটা নিশ্চিত। তা হলে আমাদের ডোমিসিলিয়ারি টুটমেন এর জনা বেশি বাবস্থা করা

বিকার এবং আশার কথা, এবার সরকারের পক্ষ থেকেও সেই বিষয়ে জোর দেওয়া হয়েছে। বাজেটে দেখা যাক্ষে আগামী বংসরে এইজন্য ৭০-৪৬ টাকা রাখা হয়েছে। তার মধ্যে চেন্ট ক্লিনকে জন্য রাখা হয়েছে ৫৮-৮৯ টাকা। আমার মনে হয় যা কেবল মার ৫০ শয়াযুক্ত একটি হাসপাতাল আছে সেই সব হাসপাতালে এই এক্স-রের বাবস্থা এবং চেন্ট ক্লিনিকের বাবস্থা হওয়া দরকার। আমাদের মালদহ জেলায় মার্র একটি সদর হাসপাতালে চেন্ট ক্লিনিক আছে। সমস্ত জেলার লোককে সেখানে আসতে হয় এবং তিন চারদিন সেখানে না থাকলে এক্স-রে এবং রক্ত পরীক্ষা হয় না। তাদের সহরে থাকার ফলে তাদেরকে বিভিল্ল ভোজনাগারে খেতে হয়, বহু টি বি ব্রংগাকৈ খেতে দেখেছি এবং তাতে টি বি ছড়াবংর বিশেষ সম্ভাবনা থাকে।

সে জনো বলি যে প্রাইমারী স্বাস্থাকেন্দ্রে এক্স-রে করা উচিং। হাওড়া জেলায় একটি স্বাথা-কেন্দ্রে একটি প্রাইমারী এক্স-রে ইউনিট হয়েছে। সেখানে যদি একজন রেডিওলজিস্ট পাঠিয়ে দেওয়া যায় তাহলে এক্স-রে এবং চেন্ট ক্লিনিক-এর কাজ হতে পারে। টিউবওয়েল-এর সংখ্যা অনেক বেড়েছে। কিন্তু শতকরা ৩০টি টিউবওয়েল দেখি খারাপ হয়ে যাছে। একদিকে দেখাছিটিউবওয়েল বিসমে যাছেন অনাদিকে দেখি কতকগুলি খারাপ হয়ে পড়ছে। টিউবওয়েল পোঁতার তিন বছরের মধ্যেই জল উঠে না দেখা যায়। ভাল ফিল্টার যাতে সে সব জায়গায় দেওয়া হয় তার বাবস্থা করা দরকার। আমার মনে হয় সবচেয়ে কম দামী ফিল্টার এখানে নেওয়া হয়। এই বলে আমি আমার বত্তব্য শেষ করিছ।

### Shri Anadi Das:

মাননীয় স্পর্কার মহোদয়, এখানে এই যে বাজেট উত্থাপিত করা হয়েছে তাতে কিছু বেশী টাকা বর দ্দ করা হয়েছে, এটায় কোন আপতি নেই, আমি বরং খুসী হয়েছি। দেশের জন্য কিছুই করা হয় <sup>হ</sup>ন সেকথা আনরা কেউ বলছি না। **কিন্তু যেট্কু প্রয়োজন সেই অন্পাতে আমরা দেখছি** আচৰ খুবু পেছিয়ে আছি এবং সেই পিছিয়ে যাওয়ার জনা যেটকে কাজ করার সুযোগ আমাদের আছে সেই সুদেগগুলি আছরা নিতে পারছি না। একটি কথা এ থেকে মনে হচ্ছে। মূর্তি তৈরী করতে বড় বড় শিল্পী আনা হ'ল – মাতি তৈরী হ'ল, কিন্তু তাতে কেউ প্রাণ দিতে পারল না। আমাদের এখানে স্বাস্থা স্পত্রে আনেক গুণী লোক আছেন, কিন্তু এত থাকা সত্ত্বেও স্বাস্থ্য-বিভাগের সর্বাত্র যে প্রাণ সঞ্চার করা দরকার সেই প্রাণ সঞ্চার করতে পার**ছেন না—ফলে দেখছি** যেটাক টাকা বরান্দ কর। হয় তা বায় করার সাযোগ এরা স্থিট করতে পারছেন না। বিভিন্ন জায়গায় বিভিন্ন কথা এরা বলেন। আমি বলছি ট্রওয়ার্ডস বেটার হেলথ বলে স্বাস্থা দ**ণ্তর** থেকে বের করা যে বই তাতে বলা হয়েছে যে স্ট্যাটিস্টিকস নিয়ে দেখা গিয়েছে আমাদের দেশে টি বি খবে বাডছে এ জন্যে যে এখানে ঘন-বর্সাত অর্থাৎ এখানে পার স্কোয়ার মাইল এক হাজার বিষ্ণি জন বাস করে। কিল্ত এখনে মন্তিমহাশয়রা অনা রক্ষা বলেন। দেশের আকাল অবস্থা এদের ভাল করে জানা নেই। অথচ হেল্থ স্ট্যাটিস্টিকস দেখনে ১৯৬২-৬৩ সালে এক লক্ষ টাকা বরান্দ ছিল এটা খরচ করতে পারেন নি-মাত্র ৩০ হাজার টাকা খরচ করতে পেরেছেন। টি বি রোগীর সংখ্যা এখানে ৬ লক্ষে দাঁডিয়েছে বলা হয়েছে এই পত্রিকায়-গভর্নমেন্ট পত্রিকায় বলা হয়েছে যে ছ' লক্ষ টি বি রোগী এখানে আছে তার জন্যে বেড-সংখ্যা ২,৬৯৩। এরকম একটা সংখ্যা তাতে বলেছেন।

[3-45—3-55 p.m.]

২ হাজার ৬৯৩ এইরকম সংখ্যা বলেছেন। দেখছি এভাবে ক্রমাগত বেড়ে যাচ্ছে—এই বেড়ে যাওয়ার কারণ কি? কারণ, লো ইকনমিক কন্ডিশন। আমি একটা জায়গার কথা বলছি—হাওড়ায় এ সি দাস কারখানা, সেই কারখানায় ১০০ লোক, গত বংসর ১ জন লোক মারা গিয়েছে; বর্তমানে ৪ জন ভূগছে। তারা ডি এম ও-কে দরখাস্ত দিয়েছে আমাদের এখানে অত্যাস্ত টি-বিরোগ হচ্ছে—বলতে গিয়ে তারা বলেছে—যাদের অস্থ আছে তারা ডাজারের কাছে যেতে চায় না, কারণ, ডাজারের কাছে গেলেই ছুটি দিয়ে দেবে, তা হলে অর্ধেক মাইনে পাবে, এমনিতে প্রেমা মাইনেতেই চলে না। স্ত্রাং রোগ গোপন করে তারা কাজ করছে। এই অবস্থার যদি পরিবর্তন বা করা যায় তা হলে টি-বি রোগ সম্পর্কে যেকথা বলছেন সেই কথা কত্বখান কার্মকরী হবে কথা তার বাছ তা হলে টি-বি রোগ সম্পর্কে যেকথা বলছেন সেই কথা কত্বখান কার্মকরী হবে বিরা মার তা হলে টি-বি রোগ সম্পর্কে যেকথা বলছেন সেই কথা কত্বখান ক্রম্বেতি, এবং এই কথা বেরিয়েছে, এবং এব

সকলেই একথা জানেন। মধ্যবিত্তের এই অবস্থা, শ্রমিকদের এই অবস্থা—তা হলে ভালটা কি श्वाः विक व्यवस्था योग जान ना श्वः जा श्वा किनिव त्वांग जान कवाव कना य वावस्था कवा হচ্ছে সেটাতে কি করে ফললাভ করা যাবে আমরা কিছুতেই বুঝতে পারছি না। হেলুপ্র এডকেশন-এর একটা গ্র্যান্ট-এর কথা শ্রনলাম হেল্থ এড়কেশন এবং পার্বালিসিটি সম্পর্কে, কিন্তু प्रभा याटक राभारत 5 लक्क ठोका वतान्म राभारत थत्र इराय मात ४० हास्रात, हामाणालात উর্মাতর জন্য ১৩ লক্ষ টাকা বরান্দ করলেও মাত্র দশ লক্ষ টাকা খরচ হয়েছে। বেশির ভাগ জারগার যেখানে টাকা বরান্দ করা হয় সেই টাকা খরচ করার সামর্থ্য থাকে না। এভাবে আমরা দেখছি যে. আমাদের দেশে যে ইকন্মিক স্টাক্চার গড়ে উঠছে তাতে উপরের দিকে দুল্টি রেখেই আমাদের রাষ্ট্রবাবস্থা চলছে। স্বাস্থাবিভাগেও এই দুনীতি, অব্যবস্থা দেখছি। শেষে আমি আপনার কাছে একটা কথা রাখছি, হাওডায় যে এলাকা থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকার কথা বলছি। হাওডা জেলার সংখ্য আমাদের স্বাস্থাদণ্ডর বিমাতার মত বাবহার করছেন। সারা বাংলাদেশে পপ্লেশন বেসিসএ যে বেডসংখ্যা সেটা যদি হিসাব করে দেখা যায় তা হলে হাওড়ায় সেই অনুপাতে ১,৬৩৮টি বেড হওয়া উচিত, কিন্ত কেড আছে মানু ৯৭১টি। স্ফৌর-নিটি সম্পর্কে বলা যায়, যতগলে বেড হয়েছে সারা বাংলাদেশে তাতে পপুলেশন বেসিস্থ ২৬২টি বেড থাকা উচিত, কিন্তু সেখানে আছে ১৬০টি। শেষকালে আর একটি কথা বলতে চাই দ্রীতি সম্পর্কে দ্রনীতি সম্পর্কে এই সেদিন যুগান্তর পত্রিকায় বেরিয়েছে টি-বি রোগীদের সিট দেওয়া সত্তেও সেখানে সিট পাওয়া যায় না তার কারণ কি? কারণ হচ্ছে, সিট খালি থাকে না. নামমাত কয়েকজন দখল করে বসে থাকেন যাঁদের খ'্রির জোর বেশি।

#### Dr. Ramendra Nath Dutta:

মাননীয় অধাক্ষ মহাশয়, স্বাস্থ্যদণ্তর থেকে যে বায়বরান্দ দাবি করা হয়েছে সেটা সমর্থন করতে উঠে আপনাব মাধামে আমি কয়েকটা কথা বলতে চাই। আমি বলতে চাই ডিস্ট্রিক্ট এবং সাব-ডিভিসন্যাল হসপিটালএর প্রতি বর্তমানে কয়েকটা দিকে নজর দেওয়া দরকার। এক নম্বর আজকে ডিপ্টিক্টএর সংক্রিভাভসকালে হসপিটালেএ এক্সকে প্লাণ্ট চালা করা বিশেষ দরকার। তার কারণ আরলি কেস অফ ডি-বি ভারগোনাইত করতে গেলে এক্স-রে প্লাণ্ট ভীষণ দরকার। আরলি কেস অফ টি-বি কেস ডায়গোনাইত করতে না পারলে যদি কোন টি-বি আডেভান্সড হয়ে যায় তা হলে সেক্ষেত্রে আর্নিট-বাসেন্টিকএ ভাল কাও হয় না এবং রোগী মারা যায়। সেজন এক্সরে স্বাটি প্রতাক ডিস্টিক্ট এনং সাব ডিভিস্নাল হসপিট্যালএ চাল, করা দরকার। এখনও পর্যান্ত অনেক হাসপাতালে চালা হয় নি - উদাহবলম্বরাপ বলতে পারি যে, রায়গঞ্জ ও রামপরে-হাটে এখনও চাল, হয় নি। সেজনা বলছি যে, ইমিডিসেউলি প্রত্যেকটা হসপিট্যাল্ড এটা চাল করা দরকার। দুই নম্বর, আজকাল লোকের এাল, আভোরেজ লংজিভিটি বেড়ে গেছে--৪৫এর মতন হয়েছে, আগে যেখানে ২৮।২৯ ছিল। সেজনা গ্রামে হার্ট ডিজিজ দেখা দিয়েছে। এই ু হার্ট ডিজিজ এর চিকিৎসা করতে গেলে ইলেক্টো কাডি ওগ্রামএর বাবস্থা করা বিশেষ দ্রকার। এই ইলেক্ট্রো কার্ডিওগ্রাম আমার মতে প্রভাক্তা সাব-ডিভিসনাল এবং ডিস্ট্রিক্ট হুস্পিট্যালএ অবশা করা দরকার। ওভীয় নম্বর, ১৮পারেশন থিয়েটার সম্বন্ধে বলব। প্রতোকটা হাসপাতালে সেপটিক অ্যান্ড অ্যাসেপটিক দুরক্ম অপাবেশন থিয়েটার রাখা দরকার এবং সম্ভব হল সেপটিক আান্ড আনেপটিক ওয়ার্ড আলাদা করা দরকার। চার নন্বর আমি ডায়েট সুন্বন্ধে বলব। কলকাতায় দেখছি ডেইলি পার পেসেন্ট দু' টাকা করে ডায়েট দেওয়া হয়, আর মফঃস্বলৈ ১ টাকা করে দেওয়া হয় অথচ কন্ট অফ লিভিং কলকাতার চেয়ে মফঃন্বলে, বিশেষ করে জলপাইগাডিতে আরও বেশি। দেখতে পাচ্ছি কলকাতায় ২ টাকা করে দেওয়া হচ্ছে এবং মফঃস্বলে ১ টাকা— তার মধ্যে কন্ট্রাক্টর ে। পাকে টেন পারসেন্ট। এর ফলে কলকাতার বাইরের পেসেন্ট ঠিকমতন ভারেট পাচ্ছে না. যার জনা তাদের বাহিরে থেকে এনে খেতে হয়, আর না হয় আধ পেটা খেকে থাকতে হয়। এক্ষেত্রে আমার সাজেসশন হচ্ছে প্রতোক পেসেন্টকে কলকাতা এবং মকঃস্বলে ২ টাকা করে ডায়েট ডেইলি দেওয়া হোক। ডিস্ট্রিক্ট অ্যান্ড সাব-ডিভিশনাল হসপিট্যালস্ত্র ডেন্টাল দ্রিটমেন্টএর আরেঞ্জমেন্ট আজ পর্যন্ত হয় নি। দাঁতের চিকিৎসার ব্যবস্থা করা দ্রকার। আজকাল মফঃস্লে আমরা অনেক দাঁতের রোগী পাচ্ছি। সেজন্য দাঁত তোলার বন্দোবস্ত এবং শতৈর ট্রিটমেন্টএর অ্যারেঞ্জমেন্ট সাব-ডিভিসনাল ও ডিস্ট্রিক্ট হসপিট্যালএ করা দরকার। তারপর, স্যার, আপনার মাধ্যমে ফার্মাসিস্ট ট্রেনিং সম্বন্ধে কয়েকটা কথা বলব। একটা রোগীর

<sub>নিকিৎসা</sub> করতে গেলে তার তিনটা স্টেজ আছে। প্রথম স্টেজ হচ্ছে ভারগোনসিস করা এবং প্রেস্ত্রিপশন করা এবং সেটা করে ডান্তাররা। দিবতীয় স্টেজ হচ্ছে প্রেস্ত্রিপশন প্রপারলি সার্ভ করা— সেটা করে ফার্মাসিস্ট অর্থাৎ কম্পাউন্ডার। আর থার্ড স্টেজ হচ্ছে ওয়ুর্ব খাওয়ানো এবং নার্সিং—সেটা করে নার্স। কিল্ড আমরা দেখতে পাচ্ছি সেকেন্ড স্টেজএ আমাদের যতটা নজর দেওয়া উচিত ছিল সেটা হয় নি। আজকে বাংলাদেশে প্রতি বছর ৫টা মেডিক্যাল কলেজে ১৫০টা স্টুডেন্ট ভার্ত হচ্ছে। এথত ফার্মাসিস্ট ট্রেনিং দেবার জন্য জলপাইগুড়িতে একটা মাত সেন্টার আছে—সেথানে প্রতি বংসর ৫০ জন স্টাডেন্ট নেওয়া হয়। তাও ৫০ জনও **আগে** ঐ লাইনে যেতে চাইত না, যার ফলে গ্রহছর থেকে ৫০ জনকে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে ২ বছরের শ্র্মীনং-এর জন্য নেওয়া হচ্ছে। এটার ইম্প্রভূমেন্ট-এর জন্য আমার কয়েকটা সাজেসশন আছে। এক নন্বর সাজেসশন হচ্ছে প্রত্যেকের দেকল অফ পে করা হয়েছে—আনকোয়ালিফায়েড কম্পাউন্ডার এবং পাস্ড ফার্মাসিস্ট একই স্টার্টিং পে পাচ্ছে। সেই স্টার্টিংএর যারা কোয়ালি-ফারেড কম্পাউন্ডার তাদের ইনিসিয়াল স্টার্টিং পে বেশি করা দরকার। দ্বিতীয় নম্বর, বি **ফার্মা** আজকে বাংলাদেশে ওপেন করা দরকার। বাংলা, বিহার, উড়িষাা এবং আসাম এই ৪টা প্রভিন্সএ বি ফারমা ট্রেনিং-এর অ্যারেঞ্জমেন্ট নেই—একমাত্র পাটনায় আছে ডিপেলামা কোর্স'। এই বি ফার্মা ট্রেনিং দিলে ছেলেদের পক্ষে অনেক স্মৃতিধে হবে। তার কারণ এই বি ফার্মা ট্রেনিং পাশ করতে পারলে ইন্ডাম্ম্রিয়াল সাইডে এদের এনেক ডিম্যান্ড হরে।

## [3-55-4-05 p.m.]

এই ইন্ডাম্ট্রিতে ধরনে যেসমম্ত কেমিক্যাল ইন্ডাম্ট্রি ওপেন করেছে সেই সব ইন্ডাম্ট্রি এদের আাবজর্ভ করতে পারবে। তারপর বাংলাদেশে প্রায় ১২ হাজার ডিসপেন্সারি আছে সেই সব ফার্মাসিস্ট ডিসপেন্সারিতে যে সম্মন্ত লোক কাজ করছে তাদের দেখা যায় আন্ডার-ম্যাট্রিক। আন্ডার-ম্যাষ্ট্রিক বলতে গেলে যারা লেখাপড়া জানে না তাদের থেকে আরুভ করে ক্লাস টেন পর্যন্ত যারা পড়েছে তানের আন্ডার ম্যাণ্ট্রিক বলা হয়। এই সমুস্ত লোকরা কোনরকমে একটা ফার্মাসিস্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট লোগাড় করে কোথায়ও ংয়ত সরকারী চাকরি করছে আর তা না হয় কোথায়ও হয়ত ডিসপ্রেক্সরিতে কাজ করছে। এদের হাতে ঔষধ খাওয়া রিচ্কি। একটা ঔষধ না বুকে আর এবট, সিয়ে বঙ্গে আমার অভিজ্ঞতা থেকে বর্লাছ, আমি একটা প্রেস-ক্রিপশন করেছিলাম তাতে ছিল আচকায়, মে-থ পিব, তলায় ডিল লেখাছিল। একটা ডিসপেন্সারি থেকে দিরেছিল কনস। শেষকালে রেগা যায় যায় অবস্থা। যা হোক, প্রপার কোয়ালিফায়েড ফার্মাসিস্ট হলে অনেক দিক থেকে স্ক্রিবা হয়। এক নম্বর স্ক্রিবা হচ্ছে, যদি কোন কারণে কোন ডাক্তার প্র্যু স্লিপ অফ পেন একটা ডোজ ভুল করে বসে সে ভুলটা রেক্টিফাই করতে পারে কোরালিফায়েড কম্পাউন্ডার—িকন্তু আন-কোরালিফায়েড কম্পাউন্ডাররা তা অনেক সময় করতে পারে না। দুই নন্বর সুবিধা হচ্ছে ঔষধের স্বাদে গল্পে এবং বর্ণে অনেক সময় কোয়ালিফায়েড কম্পাউন্ডাররা ধরতে পারে যে, এটা স্প্রারিয়াস ড্রাগ কিনা। নিজের অভিজ্ঞতা থেকে বলচ্ছি যে, একটা সোডি-স্যালিসিল্যাস ন্যাচারাল একটা ফার্মাসিস্ট ন্যাচারাল না দিয়ে অভিনারি ্দিয়েছিল কিন্তু কম্পাউন্ডার সেটা দেখে ধরে ফেলে যে সেটা ন্যাচারাল ন্যু—তারপর তা**কে** সালেঞ্জ করলে শেষে সে ব্রুক্ত থে, সেটা ন্যাচারাল নয়। যাহোক একটা স্ত্রিধা হয় যে, অনেক সময় কোয়ালিফায়েড কম্পাউন্ভাররা ধরতে পারে যে, কোনটা স্প্রিয়াস ড্রাগ কিনা! তারপর আমি বলতে চাই. মেডিকাল কলেজে কতকগুলি অপবায় হচ্ছে। যেমন ধরুন আগে মেডিক্যাল কলেজে আমরা যখন পড়েছি তখন কোন পেন্টার কারপেন্টারদের টেলার পোস্ট ছিল না। অ**প্র** মিডিকাল কলেজ সাকসেসফালি চলেছে, কোন অসাবিধা ফিল করে নি। আজকে দেখতে পাঞ্চি যে, মেডিক্যাল কলেজে কাপে ভার-পেন্টার দরকার হচ্ছে—টেলার দরকার হচ্ছে—কেন তা ব্রুত পারছি না। যেখানে এই সমুহত হাসপাতাল ফুটীল ফার্নিচার সেখানে কাপেফ্টার কি ভাজারুলের পিডি তৈরি করবে? আন-নেসেসারি কাপেন্টার অ্যাপয়েন্ট করা হয়েছে--এই সমুস্ত পেন্টার্যু-দের দিক থেকে বলতে গেলে বছরে ২০।৩০ দিন তাদের কাজ থাকে, বাকি গোটা বংসরই তাদের অন-নেসেসারি মাইনে দেবার দরকার হয়, সেজনা এই পোস্টগর্বলি অ্যাবলিশ করে দেওরা দরকার।

#### Dr. Golam Yazdani:

মিস্টার স্পীকার স্যার, আজকে মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা স্বাই বলেছেন যে আমাদের দেশে হাসপাতালগুলি, হেলথ সেন্টারগুলিতে ডান্ডারের অভাব, নার্সের অভাব। এ বিষয়ে আমি মিঃ স্পীকার, স্যার, আপনার দূটি আকর্ষণ করতে চাই। আমাদের কাছে যে বইখানি দেওরা হোল হেলথ অনু দি মার্চ ১৯৪৮-৬২, ওয়েন্ট বেণ্গল (কারেকটেড আপ টু. ৩১ ডিসেন্বর) তার মধ্যে আজকে আমাদের মনে বিদ্রাণিতর স্থাটি হয়েছে। একটা উল্জব্ন চিত্র আমাদের চোথের সামনে **ज्यल** थता २ एक । माननीय अनुभा वीर्तनमुक्यात रेमक वर्तलएमन-कट अनुमत आमारमूत रूपण स्वास्था সম্পদ গড়ে উঠেছে। আমি দ্য-একটা বিষয়ে এখানে বলবো—সেখানে বিস্তারিতভাবে বলা যেতে পারে – তাঁদের বইরের ১২নং পাতার শেষের দিকে বলা হয়েছে- পপ্রলেসন সাভান্ত বাই ইচ—অর্থাৎ প্রথম লাইনের প্রতি ১.৮৯৯ জন লোকের জনা একজন ডাক্তারের কথা। ৩ হাজার ৮ শত ৩৮ জন লোকের জনা একজন করে নার্স আছে। এই যে ১.৭৯৯ জন লোকের জনা একজন করে ডাক্তার এটা আমরা সমর্থন করতে পারি না. আমার মনে হয় এটা একটা মিসলিডিং। আঞ্জকে এখানে যে ডাক্টার গভর্নমেন্টের তরফ থেকে নিয়োগ করা হয়েছে, তা দিয়ে যদি দেখি, তা হলে দেখবো ১৯.৪২৪ জন লোকের জন্য একজন করে ডাম্ভার আছে। তা হয়ত তাঁরা করেন নাই। কারণ, যেসমস্ত ডাঞ্ভারের সার্ভিস বাইরে আছে, তাঁদেরও হিসেবের মধ্যে ধরা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ১৯.৪০০ জন ডান্ডার-অর্থাৎ প্রায় ২০ হাজার ডান্ডার আমাদের দেশে রয়েছে। কিন্ত দুঃথের বিষয় এইসমূহত ডাক্তারদের সার্ভিস আমাদের দেশে নেওয়া হচ্চে না। হাসপাতালগুলিতে, হেলথ সেন্টারগুলিতে উপযুক্ত সংখ্যক ডাক্তার নাই, এটা স্বাই স্বীকার করেছেন। ঠিক তেমনিভাবে নার্সের কথা বলেছেন ৩.৮৩৮ জন লোকের জন্য একজন নার্স তা-ও নাই। যদি হিসেব করা যায়, তা হলে দেখবো ১০.৪০০ জন লোকের জনা একজন করে নার্স। যেসমুহত নার্স চাকরীতে নাই, তাদেরও হিসেবের মধ্যে ধরা হয়েছে। এতে দেখা যাচ্ছে, আন-ট্রেইনড নার্সকেও বহাল করা হয়েছে। আমি আগে জিল্ডাসা করেছিলাম যে আমাদের দেশে টোটাল নাসের সংখ্যা কত। তা মন্তিমহাশয় বলতে পারেন নি। যেখানে বলা হয়েছে ৩ ৮৩৮ জন লোকের জনা একজন নার্স, সেখানে হিসেবে দেখা যায় ৯.১০০ জন নার্স রয়েছে। মন্ত্রী-মহাশয় বলেছেন ৫.২৬৬ নার্সের দরকার। তা হলে কেন তাদের নিয়োগ করতে আপনারা পারেন নি? এই হচ্ছে আমার বন্তব্য। আমাদের কাছে একটা বিদ্রান্তিকর চিন্ন তলে ধরে আমাদের ভাঁওতা দেওয়া হচ্ছে, সেইজনা এই সম্পর্কে মন্তিমহাশয়কে একটা প্রংখান প্রংখরপে দেখতে আমি অনুরোধ করি।

আমি বলতে চাই. আমাদের দেশে প্রচুর ডাক্টার রয়েছে, নার্স রয়েছে, তাঁদের কেন নিয়োগ করা হচ্ছে না? ১৯৬০ সালের ডিসেম্বর মাসে চারশো ডাক্টার নেওয়া হবে বলে আাডভারটাইজমেন্ট করা হয়. তার মধ্যে ২৫০ জন এম বি বি এস. ডাক্টার. আর ১৫০ জন স্পেশালিস্ট। তারপর এপ্রিল-মে মাসে ১৯৬১ সালে ইন্টারভিউ হলো বিভিন্ন স্পেশালিস্ট, আই স্পেশালিস্ট, গায়নাকোল-জিস্ট, ইত্যাদি বিষয়ে স্পেশালিস্ট যেসমস্ত আপনারা চেয়েছিলেন, তাঁদের বিদেশী ডিগ্রী হওয়া উচিত, যেমন এম ডি এম এস, এম আর সি পি. এম আর সি এস, ইত্যাদি। ঐসমস্ত চারশো অ্যান্সিকেশনস্ কল করা হয়। স্পেশালিস্টস যাঁরা দরখাস্ত করেছিলেন, তাদের মধ্যে একজনকেও নেওয়া হয় নাই। কারণটা হলো তাঁদের স্কেল অফ পে তাঁরা ঠিক করতে পারছেন না। কিছ্ব্দিন আগে পারলিক সাভিস্ব কমিশন থেকে তাঁদের কছে চিঠি গেছে।

whether you are willing to join with the basic pay pending the decision of the Public Service Commission

এটা আমি মনে করি. ঐসমস্ত স্পেশালিস্টদের পক্ষে অপমানজনক। এই শতে কেউ চাকরীতে জয়েন করতে পারেন না। ১৯৬০ সালের অ্যাডভারটাইজমেন্ট মোতাবেক স্পেশালিস্টদের নেওরা হয় নাই। গত ফেব্রুয়ারি মাসে ২৫০ জন ভাঙ্কারের জন্য অ্যাডভারটাইজমেন্ট দেওরা হলো স্টেটসম্যান কাগজে, তার মধ্যে ১৮০ জন এম বি বি এস, ডাঙ্কার, মেডিক্যাল অফিসার অন জেনারেল ডিউটি, এবং বাকী ৭০ জন স্পেশালিস্ট। আগে যখন স্পেশালিস্টদের নেওয়া হয় নাই, এখন আনায়ে কি করে নেওয়া হবে? গভনমেন্টের এসব বিবেচনা করা উচিত ভালভাবে।

মেডিক্যাল এডুকেশন সম্বন্ধে দিল্লী থেকে খবর এসেছে সাড়ে চার বছরের ডিগ্রি কোর্স হবে। তা হলে কোথার চলে বাচ্ছে এই মেডিক্যাল এলিডেশন!

পরিশেষে আমি এই কথা বলতে চাই কলকাতা এবং অন্যান্য জারগায় খুব মশার উপদ্রব হয়েছে। সংবাদপত্রেও এই নিয়ে বহু লেখালেখি হচ্ছে। ইদানীং অনেক খবরের কাগজে বেরিয়েছে ব্যানোফেলিস মশা বাড়ে না. কিউলেকস মশা বেড়েছে তাতে ফাইলেরিয়া হবে। আপনাদের আানিট-মাালেরিয়া স্কোয়াডকে বসিয়ে রাখা হয়েছে। তাদের যদি সারা বছরের কাজ করতে দেওয়া হয়় তা হলে আমরা জানি ফাইলেরিয়া অমাদের দেশে বিস্তার লাভ করতে পারবে না। এটা অত্যান্ত সাংঘাতিক বাারাম। এটা দ্ব করবার জন্য ও এই অ্যান্টি-মাালেরিয়া স্কোয়াডকে সারা বছরের জন্য চাল্ব রাখা হোক।

আমাদের মালদহের হাসপাতালে টি বি ক্লিনিক থোলা হয়েছে, তার জন্য বিল্ডিং কনস্ট্রাকশনও করা হয়েছে। কিন্তু ডান্তারের অভাবে ও নাসের অভাবে, আজও সেই টি বি উইং চাল্ফ করা হয় নাই। প্রানো হাসপাতালে যে এক্স-রে ইউনিট রয়েছে, সেই টি বি এক্স-রে ইউনিটিট এই ন্তন হাসপাতালে প্থানান্তরিত করা উচিত।

[4-05-4-15 p.m.]

## Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিকিংসা ও জনস্বাস্থা বিভাগের মাননীয় মন্তিমহাশয় যে ব্যয়বরাশের লার্বা উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। আর বিরোধিতা কর**ছি এমন সমর**, যথন বিশেষ করে আমাদের এই প্রদেশের অনা প্রদেশেরও বটে, শহরের এবং গ্রামের মান্ত্র কেন্দ্রে এবং প্রদেশে চীনা সাঁডাশি আক্রমণে আরও একটা ফ্যাকাশে হয়েছে: এবং ঠিক এইরকম সময় আমাদের চিকিৎসা ও জনস্বাস্থা খাতে বায়বরান্দ আলোচনা করতে চাচ্ছি। আমার সময় অতান্ত সংক্ষিপত, সব কিছু বলা সম্ভব নয়। আমি প্রথমে বলবো যে চিকিৎসা খাতে বায়বরাদের উপর আলোচনা করতে গেলে প্রথমেই আমার দু-তিন বছর আগের একটা কবিতার লাইন মনে পড়ে। একটা 'বিচিত্র ব্যবস্থা'। কোন ক্ষেত্রে ডান্ডারের অভাবে রোগী মরছে, আর কোন ক্ষেত্রে রোগীর অভাবে ডাক্টার মরছে। অর্থাৎ ডাক্টার নেই বলে, চিকিৎসার অভাবে রোগী মারা যাচ্ছে, **আর** ভান্তার যেখানে আছে, সেখানে রোগী নেই। স**ু**তরাং সেখানে পসার হচ্ছে না বলে, পয়সার অভাবে ডান্তার না খেতে পেয়ে মারা যাচ্ছে। এই অবস্থাটাকে সংহতি সাধন করতে সরকার সম্পূর্ণ বার্থ হয়েছে। এইদিক দিয়ে আমি প্রথমে শুরু করছি। দ্বিতীয়ত, মাননীয় স্পীকার মহোদয়, আপুনি জানেন যে সরকারের পুরিকল্পনা ছিল যে ডাম্ভারদের মধ্যে ভাগ করবেন-প্রাাকটিসিং ও নন-প্রাাকটিসিং ডান্ডার, এবং তাদের নিশ্চয়ই এই উদ্দেশ্য ছিল যে কিছুসংখ্যক চিকিৎসককে তাঁরা বিশেষজ্ঞ করবেন, যাঁরা বাইরে প্র্যাকটিস করবেন না, এবং তাঁদের এই কার**ণে** নন-প্র্যাকটিসিং আলোউন্স দেওয়া হবে। কিন্তু দেখা যায় তাঁরা নন-প্র্যাকটিসিং আলোউন্স নিচ্ছেন. এবং প্র্যাকটিসও করছেন। যার ফলে চিকিৎসা ব্যবস্থা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। চিকিৎসকদের সম্পর্কে যেসমুহত পরিকল্পনা আপনাদের ছিল তা আপনারা কার্যকরী করতে পারেন নি. এবং না পারার ফলে চিকিৎসকদের মধ্যে যে একটা প্রেরণা আনা সম্ভব ছিল, সেই প্রেরণা সন্তার করতে আপনারা ব্যর্থ হয়েছেন। এর পরে আমি একট আন্তলিক ভিত্তিতে দ্য-একটা কথা वनत्वा। अथम कथा रह्य, माननीय स्थीकात मराभय, आर्थान आरान त्य आमानस्मान भिन्नाश्वरत প্রচুর লোককে সেখানে বিভিন্ন শিল্প সংক্রান্ত বেসব ইনস্টিটিউশন আছে, সেখানে চাকরী করতে হর এবং চাকরী করবার জন্য তাদের আরো মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট প্রোডিউস করতে হয়। এই সার্টি ফিকেটের ব্যাপার নিয়ে বর্ধমানে একটা বিরাট দুন**ীতির চক্ত স্**নিট হয়েছে। **যাঁরা** এই মেডিক্যাল সার্টিফিকেট চান তাঁদের অন্ততপক্ষে ১৫ টাকা, ২০ টাকা বা ৩০ টাকা করে <sup>দক্ষিণার</sup> দক্ষিণা না দেখালে পর, তারা মেডিক্যাল সাটি ফিকেট পান না। অবশ্য এজন্য সেখানকার সিভিল সার্জেন এ বিষয় কডটুকু দায়ী তা আমি জানি না। কিন্তু আমাদের সরকারের যে দ্<sub>ন</sub>ীতি দ্মন বিভাগটি আছে. সেধানে এইরকম বহু কেস আছে আমি জানি। এই অবস্থাটা আপনাদের

জানা সত্ত্বেও, সেখানে এই দ্বনীতি দমন করবার জন্য কোন পদক্ষেপ আপনারা নেন নি এবং কোন চেণ্টা আপনারা করছেন না। এই কথা মাননীয় স্পীকার মহাশায়, আপনার মাধ্যমে মাননীয় মন্দ্রী মহাশায়ের কাছে বলতে চাই।

শ্বিতীয়ত, আসানসোলে একটা বিরাট শিল্পাণ্ডল, এবং এই কথা প্রায়ই বলা হয়ে থাকে বৈ. যেহেতু ওখানে ইন্ডাম্থ্রিয়াল ওয়ার্কারস আছে, সেখানে বিভিন্ন ইন্ডাম্থ্রিতে নিয়োজিত ইন্ডাম্থ্রিয়াল ওয়ার্কারসদের জন্য রেলওরে হাসপাতাল আছে. বা কোলিয়ারী হাসপাতাল আছে। কিন্তু আসানসোলের অন্য মানুষের জন্য হাসপতালের কি অবস্থা, সেটা দেখবার দায়িত্ব যেন সরকারের নেই। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই আসানসোলবাসীর শতকরা ৩০ জন মাত্ত সেখানকার বিভিন্ন শিল্প-সংস্থায় নিয়োজিত। কিন্তু, বাকী ৭০ ভাগ মানুষ যাঁরা আসানসোলে আছেন, তাদের চিকিৎসার জন্য একটিখাই সাব-ডিভিসন হাসপাতাল আছে। সেখানে সেই একটিমাত হাসপাতাল এবং তার অবস্থা অতানত মারাত্মক। সেখানে মাত ৫০টি বেড আছে। সেখানে এক দিকে দুননীতি ও অপর দিকে অবাবস্থার ফলে হাসপাতালের সমসত চিকিৎসার কার্যক্রমকে একেবারে পঞ্জা করে তুলেছে।

মাননীয় প্পাকার নহাশয়, আপনি নিশ্চয় জানেন যে সেখানে পোষ্ট-মটেম কেস এবং প্রালিস কেসের উইটনেস দিতে সেই হাসপাতালের ডান্তার ও কর্মচারীগণ এত বাসত থাকেন যে, সাধারণ মান্যের দিকে তাঁরা একেবারে সময় দিতে পারেন না। সেখানে একটা এক্স-রে স্পান্ট আছে, তাকে বার্যকরী করা হচ্ছে না। আর আসানসোল মহকুনার প্রামাণ্ডলে অন্যান্য মহকুমার তুলনায় অত্যত নগণাভাবে সেখানে র্র্যাল হেলথ সেশ্টার স্কীমকে ইম্লিমেণ্ট করা হচ্ছে। মান্ত তিনটি কি চারটি ইউনিয়ন হেলথ সেশ্টার সেখানে আছে, বাক্য সেই বিরাট সহকুমার বিরাট জনসংখ্যক মান্য তাদের চিকিংসার অনা কোন বাবস্থা নেই। এই হচ্ছে চিকিংসা খাতে আমার যা বলার ছিল তা আমি সংক্ষেপে বললাম।

তারপর জল সম্পর্কে আমি একটি কথা বলতে চাই। এটা গ্রাননীয় স্পীকার মহাশয়, আর্পান জানেন যে আসানসোল মহকুমার জলসংকট একটা দীর্ঘাদিনের সংকট এবং এই সংকটকে ব্ঝাবার মত ভাষা আমার নেই তাই আমি একটি কবিতার দুটি লাইন দিয়ে আপনার মাধামে এই সভার মাননীয় সদসাদের বোঝাতে চাইবো, তা হচ্ছে এই,

জল দাও জল দাও, তৃষিত চাতক চাহে জল, কণ্ঠনালী পুড়ে গেল, পুড়ে মাঠঘাট দেহ মন হল পোড়া কাঠ।

আপনাদের জল দেবার দায়িত্ব ছিল কিন্তু আপনারা কি করছেন,

শীতল জলের ঝারি ছিল যার আনন্দ সভাতে. সে এসে নটীর মত হেসে হেসে ঢেলে দিল কণ্ঠে তীর বিষ, ধিকি ধিকি জতলে অহনিশি।

মান্য মরছে এইরকম, সেই জলসংকট মোচনের জন্য আপনারা কথন কিছু করতে পারেন নি, সম্পূর্ণ বার্থ হয়েছেন। এবং তার প্রমাণ কি? প্রমাণ হচ্ছে সমগ্র মহকুমায়, আপনি জানেন স্পীকার মহাশয়, সেখানে টিউব-ওয়েল অচল, টিউব-ওয়েল চলে না ভৌগলিক অবস্থার ফলে এবং সেখানে এই প্রীন্মকালে ২ টাকা ২॥০ টাকা করে এক বোতল পানীয় জল বিক্রয় হয়। এটা স্বাভাবিক সচরাচর ঘটনা আসানসোল মহকুমায়। সেখানকার এই জলসংকট মোচনের জন্য কোন কোলে মাইনিং ওয়েলফেয়ার অর্গানিজেশন থেকে কয়েকু কোটি টাকা খয়চ করে তারা রানীগঞ্জ কোলে বেন্টে একটা ওয়াটার বোর্ড করার কথা বলেছিল। সেখানকার শ্রমিক কর্মচারীদের যে সংগঠন, তারা বারবার বোর্ড মিটিংএ একথা উত্থাপন করেছে, কিন্তু সেখান থেকে বারবার বলেছে যে আমরা ভেটি গভনমেন্টের কাছে স্প্যান দিয়েছি সেই স্প্যান আজ্ব পর্যন্ত আপ্রভুভ হয়ে আসে নি।

সন্তরাং স্যাংশন আমরা পাই নি। এ সম্পর্কে সরকার কি করছেন নিশ্চরই এর পরে যখন মন্ট্রীন্মহাশর বস্তৃতা করবেন তখন বলবেন কেন সেটা হল না। অথচ আমরা জানি ঐ কোল মাইনিং ক্রীওয়েলফেরার অর্গানিজেশন থেকে করিয়া ওয়াটার বোর্ড সেখানে চাল্ হয়ে গিয়েছে। সেই অগুলে জল সরবরাহের একটা স্বাবন্ধা হয়েছে। কেন কোল মাইনিং ওয়েলফেয়ার অর্গানিজেশনের টাকায় তা করা হবে না? যদি আমাদের প্রাদেশিক সরকার একটা চেণ্টা করেন, তা হলে এই জিনিসটাকে একটা স্বাবন্ধার মধ্যে আনা যেতে পারে। কিন্তু সরকার এ সম্পর্কে সম্পূর্ণ বার্থ হয়েছেন।

ন্বিত্যি কথা হছে, আসানসোল শহরে ২২ লক্ষ্ক টাকার একটা পরিকল্পনা আমরা দ্বিন্ব বংসর ধরে শ্রেন আসছি। এই সম্পর্কে, আমার সময় সংক্ষিণ্ড, আমি ঐ মহকুমার একটি কাগজের সম্পাদকীয় পড়ে আসানসোলের এই জল সমস্যা সম্পর্কে বলছি যে এই ২২ লক্ষ্ক টাকার ওয়াটার দ্বীয়ের অবস্থাটা কোথায় দাঁড়িয়েছে আজ।" শীত না শেষ হতেই কলের ধারে জল শ্রাজলাধারের সারি। দেখলেই সমরণ হয় অতীতের গ্রীম্মের প্রচণ্ড মার্ডণ্ড তণ্ড দিনগ্রিল পানীয় জলের অভাবে কি ভয়ংকর কি দ্বংসহ, আবারও সম্মুখে সেই ভয়ংকরের প্রারাবৃত্তি হতে চলেছেহবেও বা তা বার বার। তৃষ্ণার্ড আসানসোলের যুগবাাপী জল যাক্কা ব্রিঝ কখনও শেষ হবার নয়। বারে বারেই শ্রিন মাভৈঃ—আর নয়, এবার শ্র্ব তৃষ্ণার্থ বারিবিশ্ব নয়—আসানসোল জলে ভেসে যাবে, তৃণ্ডির পানসী চলবে, হায় মরিচীকা— তৃষ্ণার্ড যত ধায়, শতদল সরোবর তত্ই পিছায়।

পথে পথে পাইপের পরিখা কেটে পাইপ এ°টে বসান হল সে আজ প্রায় দ্ব' বংসরের কথা, 
এখন শ্নির রুদ্ধে শনি পাইপ সছিদ্র, সছিদ্র গাগরী জলে ভরিবে কে নাগরী! সততার মুখে
ছাই দিয়ে সংশ্লিট কর্তৃপক্ষ কুটিলা নুনদিনীর আত্মাভিমান নিয়ে বসে আছেন—মরে কৃষ্ণ মর্ক্ আসানসোলবাসী জলকণ্টে মর্ক- মারী বসন্তে মর্ক। এই হচ্ছে আসানসোল পৌরসভার জল-সংকটের অবস্থা। ২২ লক্ষ টাকার ওয়াটার স্কীম করার কথা গতবারেও মুখামন্তী বলেছিলেন আমাদেরকে এর কি করা হল? কেন সেই জল আজ পর্যন্ত সেখানে সরবরাহ করা হল না, সে জবাব নিশ্চয়ই দেবেন বলে আমি আশা করছি।

## [4-15-4-25 p.m.]

Dr. Anath Bandhu Ray: Mr. Speaker, Sir. during the budget discussion the Hon'ble Sankardas Banerji, our Finance Minister, gave us assurance that the reduction in the provision which has been made under "Public Health", viz., Rs. 28,98,000 would be made good, and now I find and I am happy to say that this Health Budget including Medical and Public Health amounts to Rs. 14,42,61,000. The largest expenditure that has been provided in the budget uptill now is in the Medical Budget. Many honourable members here have pointed out the merits of the budget and the position of the Health Budget in our State which is the highest in the country compared to other States. This Health Budget gives a clear picture of the comprehensive development schemes for which provisions have been made so that they will continue unabated.

Sir, West Bengal can nightly be proud of certain scientific developments recently, namely, Biophysics, Experimental Medicine which has been added in the post-graduate teaching and research, Medical Mycology, Electronic Microscope, Insectarium, freeze-dried vaccine production and also the virus research and things like that. I find that ample provision has been made to maintain them.

Sir, we count wealth and welfare by the health of the people and sound health is the basis of democratic foundation. Since our independence signal progress has been made at the bands of the illustrious architect of modern Bengal, late Dr. B. C. Roy. He said that a nation cannot be happy, prosperous and strong without health. It is a matter of pride for us that health has made rapid strides in all spheres in spite of formidable difficulties and within the scope of limited funds. Health does not mean only prevention of disease or cure of illness. It has a positive aspect to fulfil.

Sir, in the health sector provision has been made to step up activities in all possible ways. The society is fast changing and so also medical knowledge and its application. So the horizon of medical activities is widening and we have to keep pace with that. With the robust optimism and zeal of our Hon'ble Chief Minister, Shri Prafulla Chandra Sen, this will find his ablest guidance to channelise the efforts specially at a critical juncture when the emergency is prevailing in the country so as to make relentless and all-out efforts for the defence of our country.

Sir, within the limited time I have to speak first of all about Ayurveda and its development with the task of which I have been entrusted. It is encouraging to see that Ayurveda and Homocopathy are receiving greater interest by the Government. For Ayurveda, enhanced provision has been made and in this year's budget provision of Rs. 3,50,000 has been made and in the Third Plan Rs. 15,00,000 is the share from the Centre. Out of this Rs. 3.5 lakhs, Rs. 21 lakhs has been granted from the State share out of the development plan and Rs. 1 kikh from the Central share. Of course, with this budget provision in 1963-64 it will be possible for us to have a systematic basis to place Ayurveda in its own spirit and line. But the amount which will be left, viz., about Rs. 12 lakhs, will be spent within the next two years, i.e., Rs. 6 lakhs a year. We hope that with this Ayurveda will have a firm footing. Our Hon'ble Chief Minister, Shri Prafulla Chandra Sen, has always shown a keen interest in Ayurveda and has given intensive thought for its development all along, and we can look forward with confidence that Ayurveda will have a firm footing and will go ahead in its own spirit and will be restored to its old glory.

কলিং অ্যাটেনসনের সময় পয়েন্ট অফ প্রিভিলেজ হয় না।

#### Shri Monoranjan Hazra:

আপনি এলাউ করলে হতে পারে।

#### Mr. Deputy Speaker:

আমি এল উ করতে পারি না।

- Mr. Deputy Speaker: I have received four notices of Calling Attention on the following subjects, viz.,
  - Murder of a kerosine oil hawker in Jalpaiguri—by Shri Amarendra Nath Roy Prodhan,

- (2) Violation of Industrial Truce and retrenchment of 400 workmen by the management of Messis. Macneil & Berry—by Shri Tarun Kumar Sen Gupta,
- (3) Negligence of Government for the protection of earthen-ware industry in Krishnagar—by Shri Kashi Kanta Maitra, and
- (4) Mal-administration in publication and distribution of "Kishalaya" and "Prakriti Parichaya" by the Government—by Shri Balai Lal Das Mahapatra.

I have selected the notice of Shri Balai Lal Das Mahapatra on the subject of mal-administration in publication and distribution of "Kishalaya" and "Prakriti Parie'aya" by the Government.

Hon'ble Minster-in-charge will please make a statement on the subject today, if possible, or give me a date for the same.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The statement will be made day after tomorrow.

#### **VOTING ON DEMAND FOR CRANT**

DEMAND FOR GRANT No. 2

Major Heads: 9—Land Revenue and 92—Payment of Compensation, etc.  $\{12\text{-}45\text{--}12\text{-}55\text{-p.m.}\}$ 

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7.51.45,000 be granted for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc. on the abolition of the Zamindari system."

মাননীয় উপাধাক্ষ মহাশয়, এ বছর অর্থাৎ ১৯৬২-৬৩ সালে আয়ের কথা আমাদের এস্টিমেট ছিল ৭ কোটি ১১ লক্ষ ১৫ হাজার টাকা। এটা সংশোধিত এস্টিমেটএ হয়ে দাঁডিয়েছে ৭ কোটি ৭ লক্ষ ৭৩ হাজার টাকা। এতে কম হয়েছে ৩ লক্ষ ৪২ হাজার টাকা। খরচের দিক দিয়ে বিচার করলে আমরা দেখা পাই যে এবছন মেজর হেড "১ ল্যান্ড রেভিনিউ" এই গাতে ব দিং হয়েছে ১৭ লক্ষ ৫৭ হাজান টাক, এবং মেজর হে৬ "১২ পেমেণ্ট মফ কমপেনসেশন ইত্যাদি" এই খাতে যে কম খরচ দেখানে ইয়েছে সংশোধিত ব জেটে, এর পরিমাণ এল ২ কেটি ত্রিশ লক্ষ্ণ ১৯ হাজার টাক।। "৯- লাান্ড রেভিনিউ" মেজর হেডএ এই খাতে যে বেশী খরচ সংশোধিত বাজেটে দেখান হয়েছে তার কারণ হচ্ছে যে ক্ষতিপ রণের তালিকা তৈরী করার জনা আমর। বেশী বরাদদ করেছি। আর "৯২ পে,মুন্ট অফ কমপেনসেশন ট্ল্যান্ড্রোল্ডারস ইত্যাদি" এই খাতে হে কম বরাদ্দ সংশোধিত বাজেটে দেখান হয়েছে তার কারণ, দঃখের সংখ্য বলতে চাই, যে ক্ষতিপরেণ দেওয়ার কাজটায় যত তাড়াতাড়ি আনবা অলসর হতে পারব ভেরেছিলাম তত তাডাতাডি অগ্রসর হতে পারি নি। পরব*্*ণী বছর অর্থাৎ ১৯৬৩ ৬৪ সালে আমাদের অফ আশা কর**ছি** হবে ৮ কোটি ৬২ লক্ষ্ণ ১৮ হাজার টাকা। আমাদের সংশোধিত বাজেটে হয়েছে ৭ কোটি ৭ লক্ষ্ ৭৩ হাজার টাকা। কাজেই আমরা আশা কর্রাছ ১ কোটি ৫৫ লক্ষ ৪৫ হাজার টাকা আমরা বেশী আর দেখাতে পারব। এর কারণ হচ্ছে যে সমুহত বকেয়া পড়ে আছে আমর এসময় তার কিছুটো অংশ বেশী আদায় করতে পারব। খরচের দিক দিয়ে মেজর হেড "৯—ল।াড রেভিনিউ" এই খাতে বাজেটে দেখান হয়েছে ৪ কোটি ৫১ লক্ষ ৫৫ হাজার টাকা। সংশোধিত বাজেটে সেখানে ছিল ৪ কোটি ৪৩ লক ৬ হাজার টাকা। আর মেজর হেড "৯২—পেমেন্ট অফ কমপেনসেশন ট, লাান্ডহোন্ডারস ইত্যাদি" এই খাতে আমরা আঁগামী বছর বাজেটে ধরেছি ৩ কোটি টাকা। সংশোধিত বাজেটে সেখানে ছিল ১ কোটি ৯৯ লক্ষ্ম ৭০ হাজার টাকা। আমরা আশা করছি আগামী বছর ক্ষতিপূরণ দেওয়ার কাজ বর্তমান বছরের চেয়ে উল্লেখযোগ্যভাবে বেশী করতে পারব।

মাননীর উপাধ্যক্ষ মহাশর, এবছর আমরা সরকারে ভেল্টেড জমির দখল গ্রহণ করার কাজে আরও খানিকটা অগ্রসর হতে পেরেছি। আমরা এ পর্যন্ত কৃষি জমি, অকৃষি জমি, বনভূমি এবং অন্যান্য জমি কত ভেল্টেড হিসাবে পেরেছি তার একটা হিসাব দাখিল করছি। কৃষি জমি ৫ লক্ষ ২৪ হাজার একর, অকৃষি জমি ৪ লক্ষ ২১ হাজার একর, বনভূমি ৮ লক্ষ একর এবং অন্যান্য বিবিধ প্রকার জমি ১ লক্ষ ৮৪ হাজার একর। এই ভেল্টেড জমিগ্র্লির দখল গ্রহণের কাজ দুত্তভাবে অগ্রসর হচ্ছে এবং যথা দীয় সম্ভব সম্পূর্ণ করব বলে স্থির করেছি। মাননীর উপাধ্যক্ষ মহাশয়, এই যে দখলীকৃত কৃষি জমি এই কৃষি জমি বন্টনের ব্যাপারে আমরা একটা নতুন নীতি ১৩৭০ সাল থেকে গ্রহণ করেছি। এই নীতি অন্যারে এই দখলীকৃত জমি বন্টনের ব্যাপারে প্রতি ল্যান্ড রিফম্প সার্কেলএ একটি করে এ্যাডভাইসরি কমিটি গঠন করব। এই এ্যাডভাইসরি কমিটিত সরকারী কম্চারী করেজজন থাকবেন, তা ছাড়া বেসরকারীও অনেকে খুকুবেন। সরকারী কর্মচারীদের সংখ্যা বেসরকারী সদস্যদের চেয়ে অনেক কম হবে। তাছাড়া...

Shri Kamal Kanti Cuha: বেসরকার সদস্য কারা থাকবেন?

### The Hon'ble Syamadas Bhattacharyya:

বেসরকারী সদসং হিসেবে থাকবেন স্থানীয় অণ্ডলগুনিতে যারা নির্বাচিত অণ্ডল প্রধান আছেন তাঁরা থাকবেন, অথবা যেখানে এখনও অণ্ডল গঠন করা হয় নি সেখানে ইউনিয়ন বোর্ড এর প্রেসিডেশ্ট যাঁরা তাঁরা থাকবেন।

Shri Kamal Kanti Guha: এম এল এ রিপ্রেক্তেন্টেটিভ থাকবেন কি:

### The Hon'ble Syamadas Bhattacharyya:

এম এল এ সম্বন্ধে আমরা কোন নিদিভি নীতি গ্রহণ করি নি তবে যদি কে:ন এম এল এ থাকতে চান তা বিবেচনা করব। এছাড়া আমরা দুইজন মনোনীত বেসরকারী সদসং রা**থবো স্থির** করেছি।

#### Shri Kamal Kanti Cuha:

আপনি গতবার বলেছিলেন স্ব'দলীয় এ।।ডভাইসরি কমিটি হবে।

### The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের যাত্রি সম্পর্কে আমি নিশ্চয়ই বিবেচনা করে দেখেছি। আমি যেটা করেছি এবং সরকার যেটা করতে স্থির করেছেন তার মধ্যে সব দলের স্থান রয়েছে কারণ আঞ্চল প্রধান যাঁরা হয়েছেন তাঁদের সবাই কংগ্রেস দলেরও নন এবং স্বাই অকংগ্রেসী দ**লে**বও নন। এছাড়া আমাদের ডিফেম্স সাভিসি পাসেনিলের জন্য যার: সামারক বিভাগে যোগ দিয়েছে তাদের মধ্যে বর্ণনের জন। আমরা ছয় হাজার একর জান আলাদা করে রেখেছি। ক্ষাদ্র ক্ষাদ্র মধাস্বস্থ-ভোগ দের ক্ষতিপারণ দেবার কাজ দ্রত অগ্রসর হচ্ছে। তাদের বেলায় ক্ষতিপারণ দেবার কাজ সর্বাত্রে গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত আমরা ক্ষতিপূরণ তালিকা খসড়া প্রকাশ করেছি ১৩ লক্ষ ৯২ হাজার ৮৫১টা। তাতে মোট টাক প্রদেয় হয়েছে ৬ কোটি ৯ লক্ষ ৮০ হাজার ৮১০ টাকা। এছাড়া মোট যেটা চ্ডোন্ডভাবে ক্ষতিপূরণ তালিকা প্রকাশিত হয়েছে তার সংখ্যা হোল ১৩ লক্ষ ৬৯ হাজার ১১৭। এবং এতে মোট ৫ কোটি ৩৫ লক্ষ ৯৪ হাজার ৮১ টাকা প্রদেয় হবে। এই টাকা বণ্টনের সাপারে কিছুটা অসুবিধা আলাদের দেখা দিয়েছে। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমি বলোছল।ম একেবারে মনিঅর্ডার যোগে টাকা দেওয়া হবে। মনিঅর্ডার যোগে টাকা দেবার বাবস্থা করা হয়েছে। কিন্ত যেখানে লক্ষ লক্ষ মনিঅর্ডার দিতে হবে সেখানে পোণ্ট অফিসের অস্ববিধা রয়েছে। সেইজন্য আমরা দেখেছি যে মনিঅড'র যোগে টাকা অনেক সময় আমরা দিতে পারছি না। স:তরাং যাতে স্থানীয় পেমেন্ট করা যায়—অর্থাৎ যাতে মধাস্ব**ন্ধভোগীদের** বাসস্থানের নিকটবরতী কোন স বিধামত জায়গায় গিয়ে টাকা দেওয়া যেতে পারে তার একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনা শীঘ্র চাল, কর্রাছ। এতে আমরা আশা করছি যে ২৫০ টাকা প্যত্ত যেখানে নিট আয় অর্থাৎ মোট প্রদেয় টকা ৫ হাজার সেখানে আসরা লোকাল পেমেন্ট হিসাবে অলপ সময়ের মধ্যে ক্ষতিপ্রেণের টাকা দিয়ে দেবার ব্যবস্থা

করতে পারবো। মাননীয় উপাধাক্ষ মহাশয়, বেশী টাকা আয় বেখানে সেখানে বন্দে ক্ষতিপ্রগ দেবার বাবশ্যা আছে। বেশি বন্দ যাতে শীঘ্র বিলি করা যায় সেজনা আমরা সর্বাগ্রে আয়েজন করছি। রিভিসন্যাল জরীপের কাজ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু কিছ্ কিছ্ অবশিষ্ট কাজ বিভিন্ন রিভিসন্যাল জরীপের কাজ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু কিছ্ কিছ্ অবশিষ্ট কাজ বিভিন্ন জায়গায় রয়েছে। তাছাড়া ক্ষতিপ্রণ তালিকা নির্ণয়ের সময় কিছ্ কিছ্ অবশিষ্ট কাজ বিভিন্ন জায়গায় রয়েছে। তাছাড়া ক্ষতিপ্রণ তালিকা নির্ণয়ের সময় কিছ্ কিছ্ অবশিষ্ট কাজ বেখানে সেটেলমেন্ট-এর কিছ্ কিছ্ সংশোষন প্রয়োজন হতে পারে। অর্থাৎ অর্বাশিষ্ট কাজ যেখানে যেখানে থাকবে সে কাজগ্রলা সম্পায় করবার জন্য আমাদের রিভিসন্যল সেটেলমেন্টের কিছ্ কাজ চাল্ রাখতে হবে বলে মনে হছে। খাজনা আদায়ের ব্যাপারে এ বছর বিশেষ করে আমরা চেন্টা করছি যাতে বকেয়া যে বিপ্লে পরিমাণ টাকা অনাদায়ী পড়ে আছে, সেটা আদায় হতে পারে বা কিছ্টা আদায় হতে পারে। মাননীয় ম্খামন্ত্রী এবং সেই সংশ্য আমিও জনসাধারণের কাছে বিবিধভাবে আবেদন করেছি—তারা বর্তমান আপৎকালীন অবস্থার দিকে লক্ষ্য করে তাদের বকেয়া টাকা যথাসম্ভব মেন দিয়ে দেয়। এর থেকে আমরা প্রভৃত সাড়া পেয়েছি। অনেকে স্বতস্ফার্তভাবে তাদের বকেয়া টাকা যথাসম্ভব সাধ্যমত দিয়ে দিয়েছে।

### [12-55-1-5 p.m.]

মাননীয় উপাধক্ষ মহাশয়, বর্গাদারদের অবস্থা সম্পর্কে প্রায় অভিযোগ শ্বনা যায় যে বর্গাদারদের উপর পাঁড়ন করা হচ্ছে। তাদের উৎখাত করা হচ্ছে, জলুন্ম করে তাদের বিতাড়ন করা হচ্ছে এ সম্বন্ধে অনেকে অভিযোগ করেছেন। এ সম্পর্কে আমি আগে বলেছি এবং এখনও বলবো যে বর্গাদারদের যে অধিকার সেই অধিকারটকু বক্ষা করা এবং সম্প্রসারিত করাই হোল আমাদের লক্ষা। সেজন্য বর্গাদার সম্পর্কে যে আইন আছে, যে বিধান আছে, সেগুলি আরও ভাল করে যাতে প্রয়েপ করা যেতে পারে তার জন্য বিশেষভাবে লক্ষ্য রাখছি এবং আইনের মধ্যে যেখানে যেখানে এটি আছে সে সমুহত এটিগালি দুর করবার চেণ্টা হচ্ছে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই প্মরণ করবেন যে কিছঃদিন আগে ১৯৫৫ সালের ভূমি সংস্কার আইনের সংশোধন করা হয়েছিল যার মাল উদ্দেশ্য ছিল বর্গাদারদের স্বার্থ আরও সারক্ষিত করা। বর্গাদার উচ্ছেদের হিসাব যদি অ পনাদের কাছে উপস্থিত করি তাহলে দেখা যাবে বর্গাদার উচ্ছেদের পরিমাণ ক্রমশঃ কমে আসছে। ১৯৫৭ সালে ২.২৭৯ জন বর্গাদারের উপর উচ্ছেদের আদেশ হর্মোছল আর ১৯৬২ সালে ৬৫০ জন বর্গাদ রের উপর উচ্ছেদের আদেশ হয়েছে। এর মধে। আমরা দেখতে পাচছি যে ধমশঃ উচ্ছেদের সংখ্যা কমে আসছে। ঐ সংখ্যা ১৯৬১ সালে ছিল ১,১২৫ জন ও ১৯৬০ সা**লে ছিল ১.**৪৭০ জন। অর্থাৎ যতই পিছনের দিকে আমরা তাকাই ততই দেখতে পাচ্ছি বর্গাদার উচ্ছেদের সংখ্যা আগে বেশী ছিল এখন ক্রমশঃ কমে আসছে। আমাদের এই বিভাগ থেকে অনেক জমি দখল করতে হয় বিবিধ জাতি-গঠনকারী বড় বড় পরিকল্পনা রুপায়িত করব র জনা। এক সংখ্য বহু জমির প্রয়োজন হয় ফরাকা বাঁধ কলকাতা-দমদম সুপার হাইওয়ে, কলকাতা-দ্র্পাপ্র এক্সপ্রেস ওয়ে ইত্যাদির মত পরিকল্পনার জনা। কংসাবতী নদী পরিকল্পনা স্টেট ইলেকট্রিসিটি প্রজেক্ট্র, সল্ট লেক রিক্রেমেশন প্রোজেক্ট হলদিয়া বন্দর পরিকল্পনা এই রক্তম অনেকগ্নিল পরিকল্পনা সফল করবার জনা আমাদের অনেক জমি দখল করতে হয়। এ কথা ঠিক যে এই জমি দখলের বা'পারে অনেকের উপর কিছুটা পাঁড়ন হয়। কিল্ট এটা যাতে **কম** হয়, জাতির স্বার্থের জনা ব্যক্তিগত স্বার্থ কম করে দেখবার কথা আমরা বললেও যাতে কোন বাত্তি পাঁডিত না হয়. সেদিকে দ'ন্টি রাখছি। ক্ষতিপ্রেণ ঠিক ঠিক দেবার এবং অনেক ক্ষেত্রে ঐ ব্যাপারে যে বিলম্ব হয় সেই বিলম্বের কারণগ্রলো দরে করব র চেন্টা করছি। গত কয়েক বছর ধরে ক্ষতিপ্রণ দেবার টাকা বেড়েই চলেছে। মোট ক্ষতিপ্রেণ ১৯৬০-৬১ সালে দেওয়া হয়েছিল ২ কোটি ৯৭ লক্ষ টাকা। ১৯৬১-৬২ সালে দেওয়া হয়েছে ৩ কোটি ৭৮ লক্ষ টাকা। ১৯৬২-৬০ সালের ডিসেম্বর মাস পর্যক্ত দেওয়া হয়েছে ২ কোটি ৬৮ লক্ষ টাকা। অর্থাৎ আমি আশা করছি এ বছর অ রও বেশী পরিমাণ টাকা এই ক্ষতিপূরণ বাবত দিতে পারবো।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চা বাগ নের ক্ষেত্রে একটা বিশেষ সমস্যা আছে। মাননীয় সদস্যগণ এ বিষয়ে জানেন যে জমিদারী প্রথা উচ্ছেদ আইনের ৬ ধারার (৩) উপধারা মতে এই বিধান আছে যে সরকার বিবেচনা করবেন কোন্ চা বাগানের কতথানি জমি দরকার এবং কতথানি জমি বাড়িত বলে গণা করা যেতে পারে। যতটা জমি বাড়িত বলে গণা করা যাবে সেট্কু জমি সরকার গ্রহণ করতে পারবেন। সেজন্য আমরা একটা কমিটি করেছিলাম তার নাম টি গাড়েনি অ্যাডভাইসরী কমিটি। তাঁদের কাছ থেকে এ সম্পর্কে মতামত চেয়েছিলাম। তাঁরা মত দিয়েছিলান। সেই মত দেবার পর আমরা সমস্ত চা বাগানের উপরে প্রোসিডিংস আরম্ভ করি। এবং প্রত্যেকটা কেসে সরকার নিরপেক্ষভাবে বিচার করে দেখেন যে কতথানি জমি রাখা যেতে পারে এবং কতথানি জমি দথল করা যেতে পারে। বনভূমি—ফরেস্ট ল্যান্ড যেটা, সেটা আমরা দথল করি সমস্তটা। তা ছাড়া ক্ষেতী জমি, জোভ জমি— এগ্লোও দথল করা হয়। ইতিমধ্যে একটা কথা, মাননীয় উপাধাক্ষ মহাশয়, অন্ম আপনার কাছে বলতে চাই সমেটা হহচ্ছে আমাদের অনেক জমি চাই, কিন্তু সেই সঞ্গে দেখতে হবে চা-এর মত একটি শিল্প, যে শিলপজাত দ্বা বাইরে বিক্রয় করে বৈদেশিক মন্ত্রা অর্জন করে থাকি, তাতে ক্ষতি না হয়। বিশেষ করে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকলপনায় আমরা দেখতে পাছিছ যে এই রকম অন্মান করা হয়েছে, এই জন্য সরকার স্থির করেছেন যে এই চা বাইরে যাতে বেশা করে ব্রতানি হয় তার জন্য উৎসাহ দান করবেন।

মাননীয় উপাধাক্ষ মহাশয়, এবার কেন্দ্রীয় বাজেট স্পীচে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্দ্রী এই কথা উল্লেখ করেছেন যাতে বেশী পরিমাণ চা রুতানি করা যায়, তার জনা কতকগুলো বিধি-বাবন্থা অবলন্বন করা দরকার। আমরা ততীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা রিপোর্টে দেখতে পা**চ্ছি** যে ৫৫০ মিলিয়ন পাউন্ড চা য'তে এক্সপোর্ট হতে পারে বাইরে, তার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। যেখানে পূর্বে ৪৬৫ মিলিয়ন পাউন্ড চা এক্সপোর্ট হতো, তার জায়গ য় ৫৫০ মিলিয়ন পাউন্ড চা বাইরে রুতানি হোক এটাই কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের ইচ্ছা। তা ছাডা আমাদের দেশের মধ্যে চা-এর ব্যবহার ক্রমশঃ বেডে যাচ্ছে এবং সমস্ত দিক লক্ষ্য করে কেন্দ্রীয় পরিকল্পনা কমিশন এই কথা বলছেন যে এই তৃতীয় পণ্ডবার্ষিক পরিকল্পনা কালের শেষভাগে ৭২৫ মিলিয়ন পাউন্ড থেকে বেডে গিয়ে মোট উৎপন্ন হবে ৯০০ মিলিয়ন পাউন্ড –অর্থাৎ এক-চতর্থাংশ যাতে উৎপাদন বৃদ্ধি প্রাপ্ত হয় সেদিকে তাঁরা নির্দেশ দিয়েছেন। এই দুটি দিক লক্ষ্য করে আমরা যতথানি জাম নিতে চাই ততথানি নিতে পারবো না। সেটা আমাদের বিশেষভাবে চিন্তা করে দেখতে হবে। কারণ চা-শিল্পের মত একটা গরে, ত্বপূর্ণ শিল্পের কোনর প্র**ক্ষতিসাধন হয়** এমন কোন কাজ করতে পারি না বলে আমরা টি গার্ডেন আডভাইসরি কমিটির পরামশও বিবেচনা করে দেখি এবং সেই স্ঞো চা বোর্ডের যিনি চেয়ারম্যান, তাঁরও প্রামশ আমরা গ্রহণ করি। এই সমস্ত পরামশ গ্রহণ করে এই সমস্ত বিষয় বিবেচনা করে প্রতিটা টি গার্ডেন-এর ব্যাপারে কতটা জাম ছেড়ে দেওয়া যেতে পারে এবং কতথানি জাম গ্রহণ করা যেতে পারে তা আমরা বিবেচনা করে দেখি। এ পর্যন্ত আমরা ৪২টি চা বাগান থেকে ৭.৩৪৮ একর জমি গ্রহণ করার ব্যবস্থা করেছি—যা ঐ বাগানগূলের পক্ষে বার্ডাত বা অতিরি**ন্ত বলে বিবেচিত হয়েছে।** বাকী বাগানগুলো আমরা দেখছি প্রতিটা ক্ষেত্রে আলাদা আলাদা বিবেচনা করে এবং আমরা আশা করছি আরো উল্লেখযোগ্য পরিমাণ জীম আমরা চা বাগানগুলির কাছ থেকে পাব। চা বাগানের মধ্যে বড এলাচের অনেক ছোট ছোট ভূমি রয়েছে। এই ভূমিগর্মানত আমাদের সরকারী আওতায় নিয়ে আসার পরিকল্পনা করা উচিত, তার ব্যবস্থা করা উচিত। সেজন্য আমরা নানাবিধ পরীক্ষা নিরীক্ষা এবং অনুসন্ধানের কাজ কর্রাছ। কারণ বড় এলাচকে একটা মূল্যবান কৃষিজাত পণা বলে বিবেচনা করা হয়।

আমি এই সামান্য কয়েকটি কথা বলে আমার ব্যয়বরাদ্দ মাননায় সদস্যগণের মঞ্জরীর জন্য উপস্থিত করছি।

[1-5-1-15 p.m.]

#### Shri Nathaniel Murmu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা প্রশ্ন জ্ঞানবার আছে। উনি গতবার বলেছেন......

#### Mr. Deputy Speaker

#### এখন নয়, পরে বলবেন।

('ut motion Nos. 3(4), 38, 39, 51, 63 and 64 are out of order. The rest are in order and they are taken as moved.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, 1 beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92--Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 7.51.45,000 for expenditure under Grant No 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Girish Mahato: Sir. I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

**Dr. Radhanath Chattoraj:** Sir. 1 beg to move that the demand of **Rs**, 7,51,45,000 for expenditure under Grani No. 2, Major Heads: "9—Land **Revenue** and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system," be reduced to Re. 1.

Shri Apurba Lai Majumdar: Sit I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced to Re. 1.

Shri Jaleswar Hansda: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mandal: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Aboni Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the samindari system." be reduced by Rs. 100.

- Shri Tarun Kumar Sen Gupta: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Sudhir Chandra Das: Sir, 1 beg to move that the demand of Rs. 7.51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2. Major Hends: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- **Dr. Kanai Lai Bhattacharyya:** Sir, I beg to move that the demand of Rs. 7.51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Mangla Kisku: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: ''9 -Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system.' be reduced by Rs. 100.
- Shri Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 7.51.45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system" be reduced by Rs. 100.
- Shri Lakshmi Ranjan Josse: Sir. I beg to move that the demand of Rs. 7.51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to laudholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 7.51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 7.51,45,000 for expenditure under Grant No. 2. Major Heads: "9—Land Revenue and 92-Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Deb Saran Chosh: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Abhoy Pada Saha: Sir, 1 beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.
- Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Dharanidhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: Sir, 1 beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92 - Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Abdul Bari Moktar: Sir, 1 beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Hends: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 7,51,45,000 for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue and 92—Payment of Compensation to landholders, etc., on the abolition of the zamindari system." be reduced by Rs. 100.

#### Shri Sanat Kumar Raha:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়. ভূমি ও ভূমিরাজন্বের ব্যয়বরাদের অনুমোদনের সময় মাননীয় মিল্মহাশয় তাঁর যে প্রস্তাব রেখেছেন, আমি তার বিরোধিতা করি। বিরোধিতা করি এই জন্য যে বাংলা দেশের ভূমি সংস্কারের ব্যাপারে পশ্চিমবংগ সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। শুযু ব্যর্থ হয়েছেন এই কারণে নয়, ভারতবর্ষের স্ল্যানিং কমিশনের যে নীতি ও নির্দেশ ছিল, বাংলাদেশের পশ্চিমবংগ সরকার সেই নির্দেশের সম্পূর্ণ বিরুদ্ধে গিয়েছেন।

মাননুীর উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধান সভার সদসাদের নিকট পরিকল্পনা কমিশনের করেকটি বন্ধবা উন্ধৃত করতে চাই, এবং সেই সঞ্ উন্ধৃতির পরে এই কথা বলতে চাই বাঁরা কংগ্রেসী বেণ্ডে মাননীয় সদসারা আছেন, তাঁর এই উন্ধৃতিটা বিবেচনা করে দেখবেন যে পাঁচমবণ্য সরকার পরিকল্পনা কমিশনের নীতি ও নিদেশি যা ছিল তার বির্দেধ গিয়ে ভূমিরাজন্বের নীতি সন্পূর্ণরূপে ব্যর্থতায় পর্যবিসত করেছেন কিনা? শুধ্ তাই নয়, আমার মনে হয় যে কায়দায় পাঁচমবণ্য সরকার ভূমিরাজন্বের নীতি পরিচালনা করছেন তার ফলে বাংলাদেশে বে ভূমির গ্র্ণাত পরিবর্তন সন্ভব ছিল তাকে সাবোটেজ করা হয়েছে। ক্যানিং কমিশনের ভূমি সংক্ষার বিষয়ের ৮০ প্তায় যে সকল কথার উল্লেখ আছে তার কয়েকটি লাইন আমি উন্ধৃত করে শোনাছি। তাঁরা বলছেন—প্রথম ভূমি সংক্রারের উন্দেশ্য হল অতীতের উত্তর্গাধিকারী হিসাবে যে কৃষি-ব্যবন্থা চলিয়া আসিতেছে তাহার যে সব হুটির ফলে কৃষিজ উৎপাদন বৃদ্ধি ব্যাহত হইতেছে সেগালি দ্র করা। ইহার ফলে যথা সন্ভব উচ্চ দক্ষতা সন্পাম ও উৎপাদনক্ষম কৃষি-অর্থনীতি গাঁড়য়া তোলার উপযুক্ত পরিবেশ স্ভির সহায়তা হইবে। ন্বিতীয় লক্ষ্য হইল কৃষি ব্যবন্ধা হইতে সর্বপ্রকারের শোষণ ও সামাজিক অন্যায় দ্রে করা, বাহারা জিমি চার করে তাহাদের নিরাপন্তা বিধান এবং গ্রামের জনগণের সর্বপ্রেলীর সম-মর্যাণা ও সমাল

সাবোগ লাভের ব্যবস্থা করা। পরিকল্পনা কমিশনের এই বে প্রথম একটা নীতি নির্দিষ্ট করা হয়েছে সেই নীতির বশবতী হয়ে যদি ভূমি সংস্কারের কাজ পরিচালিত হত, তাহলে হয়ত বাংলাদেশের কৃষিব্যবস্থার কিছুটা পরিবর্তন হ'ত। কাজেই সে দিক দিয়ে এই দুটা ব্যবস্থা কৃষি-বাবস্থার নীতির সপো অপ্যা**ণ্গ**ী ভাবে জড়িত সণাত ভাবে। তার সণো কৃষি, তার স**ণ্গে** - छेरभारत्नत मृत्यान, ठात माल्न ठात थारमात मृत्यान, मव कि**ष्ट्र** क्रमोभामणे रेखा निराहर । শুধু তাই নয়, আরও এতে বলা হয়েছে—ভূমি সংস্কারের ব্যাপারে, মধ্যস্বত্ব বিলোপ। প্রজাস্বত্ব বাবন্থার সংস্কার সাধন, এবং খাজনা নিয়ন্ত্রণ ও হ্রাস। স্বত্ব ভোগের নিরাপত্তা এবং শেষ পর্যাস্ত প্রজাদের ভূমির মালিকানা দান, ইত্যাদি সম্পর্কে সমস্ত ব্যবস্থা করতে হবে। উল্লয়নের ক্ষেত্রে ভাম সংস্কারের যে একটি নির্দিষ্ট ভূমিকা আছে, সে সম্পর্কে যথার্থ স্বীকৃতি দেওয়া হয় নি। তারপর আরও কতকগর্নল বিষয়ে মন্তব্য করে বলা হয়েছে। তদ্বপরি ভূমি সংস্কারের প্রশাসনিক াদকটি সম্পর্কে পর্যান্ত দুটিট দেওয়া হয় নাই। প্রতারণা ও ফাঁকী দেওয়া অবাধে চলিয়াছে এবং আইনের বাবস্থা ফলপ্রদর্পে কার্যকরী করার ব্যাপারে গ্রামের জনসাধারণের সমর্থন আদায়ের ক্ষেত্রেও বার্থাতা ঘটিয়াছে। আমার মনে হয় বিরোধী পক্ষের বেণ্ড থেকে এই সব পরিকল্পনার কথা বললে হয়ত কংগ্রেস বেণ্ডের সদসাদের পক্ষ থেকে আপত্তি উঠতে পারে। তব**ু আমি বলি,** পরিকঃপনা কমিশন, তাদের ভূমিরাজস্ব ব্যাপারে সমস্ত বিষয়গুলি পুরুখানুপুরুখরুপে বিচার. বিশেলষণ করবার পর, তাঁরা এই নিদেশি দিয়েছেন। কিন্তু বাংলাদেশে কি দেখি? যেভাবে এখানে ভূমি সংস্কার আইন একটা প্রহসনে পরিণত হয়েছে, তার ফলে আমরা দেখছি সেই বৃটিশের হুলে যা সূচ্ট হয় সাম্ভত্তক, তারই প্রভাব, তারই ধ্বংসাবশেষকে এখনও আমাদের স্বাধীন দেশে শিপুষে রাখবার চেণ্টা করা হচ্ছে।

শ্ব্যু তাই নয়, ভারতবর্ষে বর্তমানে যে শ্রেণীস্বার্থ শাসন ক্ষমতায় বসে আছে, তাদের একচেটিয়া কারবাব, তাদের কাঁচা মাল পাব.র বাবস্থা, সহজে এবং স্বল্প মূল্যে পাবার বাবস্থা এই ভূমি-রাজদেবর মধ্যে দিয়ে চেণ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, আমাদের তাতে ক্ষতি কি **হচ্ছে সে** সম্পর্কে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বিধান সভার সদস্যদের কাছে কয়েকটি বৈষয় আমি রাখতে চাই বিচারের জন্য। স্লাদিং কমিশন যে কথা বলেছে তাতে যে উলটো ফল হচ্ছে সে দিক দিয়ে আপনার সামনে দেখাতে পারি যে অনেক ঢাকঢোল পিটিয়ে একথা প্রচার করা হল যে বাংলাদেশের ভূমি সংস্কার ব্যবস্থা অন্যান্য প্রদেশের চেয়ে অনেক উল্লভ। আমি গ্রাম ও শহরে সবার এই ভূমি সংস্কারের ফলে যে ছবি দেখতে পাচ্ছি এই হল তার প্রতি-চ্ছবি, এই ভূমি সংস্কার আইন আজকে দাঁড়িয়েছে ভূমি চুরি করার আইন। তার ফলটা দাঁড়িয়েছে ভূমি থেকে গর্নাব চাষীকে উচ্ছেদ করার বাবস্থা। মাননায় মন্ত্রিমহাশয় বলেছেন উচ্ছেদ কুমশঃ কুমশঃ কমে আসছে এবং আর ১০ বংসর এইভাবে চললে উচ্ছেদ একেবারে থাকবে না। কিন্তু আমি বলতে পারি আর কিছুদিন পরে এরা ক্ষেত মজুরে পরিণত হয়ে বেকার 🕽 বাহিনীতে যোগদান করবে। তারা গ্রাম থেকে শহরে আসবে কাজ দাও কাজ দাও করতে করতে। জীম বণ্টনের যে পরিকল্পনা ছিল, অনেক চিল্লাচিল্লি হ্বার পর, চে'চামেচি, সভা-সমিতি করার পর, আন্দোলন করার পর, অনেক হাজার একর জমি জলপাইগ;ড়ি, মালদহ, ম;শিশাবাদ, বিভিন্ন জায়গায় জবর দথল করার পর সেই জমি বণ্টন করার জন্য আজকে ৭।৮ বংসর পরে চেন্টা করা হচ্ছে। এর জন্য সার্কেল কমিটি, আডভাইসরি কমিটি করা হবে। স্যার, ক্ষেত-মজ্যুরের সংখ্য সংখ্য যেসব ভাগচাষীরা উচ্ছেদ হয়েছিল তারা আজ বেকার বাহিনীতে পরিণত হয়েছে। তার ফলে একদিকে গ্রাম্য জীবনে বিপর্যয় নেমে আসছে এবং অন্য দিকে শিল্পক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রে প্রতিক্রিয়া সূষ্টি করছে। আপনারা কমপেনসেশন আইন সংশোধন করার জন্য তাড়াহ:ড়া করলেন, বড় বড লোকদের ক্ষতি প্রেণ দেবার জন্য আইন সংশোধন কর**লেন** কিন্তু ৫(ক) ধারা, যে ধারায় ভূমি সংস্কারের সমস্ত উদ্দেশ্যকে বার্থ করে দেওয়া হয়েছে, সেই ৫(ক) ধারাকে সংশোধন করা হল না। তাকে সংশোধন করে শক্তিশালী করে নিয়ে যাতে নাস্ত জাম সরকার তাড়াতাড়ি দখল করতে পারেন, জাম যাতে জোতদার জামদাররা অন্যায়ভাবে কর্বালত না করতে পারে, যাতে সক্রিয়ভাবে, নিষ্ক্রিয় না হয়ে, গরীব চাষীদের পিছনে দাঁড়াতে পারেন সেই জন্য ৫(ক) ধারা সংশোধন না ক'রে সঞ্গে সঞ্গে এই ক্ষতিপ্রেণ আইন সংশোধন করে নিয়ে পাশ করে নিলেন। ক্ষতিপূরণ আপনারা দিন। ক্ষুদ্র ক্ষুদ্র জমিদারদের ক্ষাতপূরণ দিন। তাদের ৫ হাজার টাকা একসপে দিন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু যে সমস্ত চাষী ভাগ্যের বিরুদ্ধে লড়াই করে আসছে তাদের সম্বন্ধে আপনাদের কাছে আবেদন করি এবং আমরা একথা দাবী করতে পারি যে গরীব চাষী, ক্রেডমজ্জু, যারা সম্পূর্ণ ভাগ্যহারা হয়ে আছে ভাদের জীবন রক্ষা করা হোক। তাদের জীম দেওরা হেকি, থৈ জমি সরকারের হাতে আছে। ব্রুস্করার সেখানে নিজ্ফিয় দর্শকের ভূমিকা নিরেছেন। ৫(ক) ধারায় যে কথা ছিল তা করা হল না। এমন কি সিলেই কমিটিতে যে সমস্ত কংগ্রেস সদস্যরা ছিলেন তারাও একমত হয়েছিলেন যে, স্তি্টেই এদিকে কিছু করা দরকার কিন্তু সরকার সেদিকে দ্ভিট দেন নি। কোর্টে একটার পর একটা মামলা যায়, গরীব চাষীদের পক্ষে উকিল-মোন্তার দেবার ক্ষমতা নেই, সরকারও তাদের সাহায্য করেন না এবং কোর্টে তারা সেই মামলাগ্রিল ভাল করে কন্টেস্ট করতে পারে না। যার ফল হয়েছে যে, মাঝে মাঝে হাইকোর্ট থেকে এই রকম রায় শ্নাছ, যার ফলে মনে হয় ৫(ক) ধারা শেষ প্র্যুক্ত অকেজো হয়ে যেতে পারে।

[1-15-1-25 p.m.]

**ब्ला**जनात, र्कामनात्रता भू निमरक शास्त्र द्वारा द्वारापहन, जात करन ১८८, ১८८ धाता, ১०५ धाता, ১১५ ধারা পর পর চালিয়ে চাষীকে জবরদািত মারফত গুলি, লাঠি, গুল্ডা দিয়ে সরিয়ে দিয়ে বেআইনী মামলা করে হয়রাণি করা হচ্ছে। আমাদের মুর্শিদাবাদ এলাকায় এরকম ১২টি কেস হয়েছিল— একটি কেসেও কোন চাষী সাজা পায় নি, বহুবার দেখেছি এরকম মিথ্যা মামলা করেছে। সাক্ষীর সংগে জোতদারের চর গ্রামে রয়েছে, সংগে সংগে আছে পর্লিসের লোক, যারা জামদার, জোতদারের 🕨 বাডিতে খানাপিনা করে এবং চাষীর বিরুদ্ধে ভূমিসংস্কার আইনের বিরুদ্ধে দাঁডান। এই হচ্ছে বাংলাদেশের বাস্তব চিত্র—ভূমি সংস্কারের স্বরূপ। বিভিন্ন চর এলাকায় এই নিয়ে আন্দোলন প্রচন্ডভাবে হয়েছে। আমরা জেলা জে এল আর-এর কাছে এ নিয়ে বার বার তদ্বির করেছি. কিন্তু সেখানে উপযুক্ত সাহায্য বা প্রোটেকশন যাকে বলে চায়ার পক্ষে সে সাহায়্য পাওয়া যায় নি। এই অবস্থা চলছে যে একদিকে প্রলিস, তহুসীলদার ইতাদির মধ্যে দুর্নীতি চরমভাবে আত্মপ্রকাশ করেছে, সঙ্গে সঙ্গে ঘ্য দিয়ে ন্যায়া জমি তারা দিনের পর দিন কক্ষিণত করছে যাতে গরীব চাষী জমি না পায়। আমরা দেখেছি, টপ ট্রবটম দ্বনীতি রেভেনিউ ডিপার্টমেন্ট, বোর্ড অফ রেভেনিউ, জেলা অফিস সর্বত্র ছেয়ে গেছে। একটা দুটো কেস নয়, হাজার হাজার কেস গ্রামে **গ্রামে পাওয়া যাবে যার ফলে আমরা দেখেছি সম**স্ত ভূমিসংস্কার ব্যাপারটা একটা কেয়োটিক, ইন-ডিসিপ্লিনড অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে, যার ফলে ল্যান্ড রেকর্ড, ল্যান্ড সেটেলমেন্ট, ল্যান্ড **সাভে ই**ত্যাদির ব্যাপারে এত বিক্রতি ঘটছে। আজ দেখতে পাচ্ছি গরীব চার্যাদের উপর সার্টি-ফিকেট জারী করে তাদের ঘরবাড়ি, তৈজসপত্র বিক্রী করে বকেয়া টাকা আদায় করা হচ্চে। জরুরী অবস্থার কথা বলা হয়েছে, জরুরী অবস্থার জন্য চাষীদের কাছ থেকে সাহায্য চাওয়া হচ্ছে, জরুরী অবস্থার মধ্যে চাষীদের কাছ থেকে রেভেনিউ আদায় করছেন, সেখানে চাষীর কাছ থেকে যারা 🕨 ন্ধ্যুম চুরি করে, তাদের কাছ থেকে কেন ১৬ আনা আদায় করছেন না? আমার আবেদন. আপনার। চার্যার সংখ্য একটা ফেয়ার কম্প্রোমাইজ কর্ন, গর্রাব চার্যার সংখ্য কম্প্রেমাইজ কর্ন এবং জোতদারদের কাছ থেকে পাওনাটা র থলেসলি আদ য় করন। ভাম সংস্কার আইন আজ যেভাবে জোতদার, জমিদারের স্বার্থে চলছে, যেভাবে রেভেনিউ ডিপার্টমেন্ট চলছে, তাতে আমি মনে করি সরকারের উচিত এই ভূমি সংস্কার আইনকে সম্পূর্ণ পাল্টান এবং যেভাবে মধ্যবিক্ত চাষী, গরীব চাষীর ভাগা উন্নত হয়, তার চেন্টা করা উচিত। এখানে মন্ত্রিমহাশয় একটা রিপোর্ট দিয়েছেন যে, বর্তমানে ৫ লক্ষ একর কৃষি জমি পেয়েছি বিলিযোগ্য। সঙ্গে সঙ্গে বলেন যে 🖒 লক্ষ ২৮ হাজার মেলাফাইডি কেস ছিল মাত্র ৫ হাজার কেস কনটেস্টেড। মেলাফাইডি কেস কনটেস্ট করার জন্য কি অবস্থা হয়েছে তা জানি না। আগে ৮ লক্ষ একর ছিল বনভূমি, এখনও তাই আছে। অ'গে ছিল যেখানে ২ লক্ষ ১১ হাজার ৪৫ একর অন্যান্য জমি সেখানে এখনও তাই। সেই জমিগ্রলি যাতে বিনা পয়সায় চাষীকে দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। শেষকালে আমি সার্কেল কমিটির মধ্যে এইট্রক দাবি করব ষে, ভূমি সংস্কার যদি কার্যকরী করতে হয়, তা হলে সেখানে সর্বদলীয় প্রতিনিধি থাকা দরকার এবং বেখানে জুমির ব্যাপার, সেখানে চাষীদের প্রতিনিধি না থাকলে জমি বিশির কোন সূরাহা হবে না।

## Shri Apurbalal Majumdar:

মাননীয় ডেপ্রটি স্পীকার, ল্যান্ড আন্ড ল্যান্ড রেডিনিউ খাতে যে বন্ধবরান্দ আজ মল্মী-মহাশয় এখানে উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করতে দাঁড়িরেছি। আমরা ল্যান্ড এবং ল্যান্ড বেভিনিউ ডিপার্টমেন্ট সম্বন্ধে বা এই খাত সম্বন্ধে যখন আলোচনা করি, তখন প্রথমে একটা কথা আমার মনে পড়ে বে কিছুদিন পূর্বে বর্তমান ফাইন্যান্স মিনিন্টার, তিনি বর্লেছিলেন ভিপার্টমেন্ট সম্পূর্ণভাবে তুলে দেওয়া দরকার, তার কারণ, যে টাকা আদায় হয় তার চেয়ে বেশী বাজে বায় হয়। অবশ্য ফাইন্যান্স মিনিস্টার হিসাবে আজকে হয়ত তিনি সে কথা বলবেন না। মেদিন হাউসে একজন সাধারণ সদস্য হিসাবে তিনি এই কথা বলেছিলেন। তবে অন্য দুণিটকোণ থেকে এই কথা বলছি যে, ভূমি সংস্কার আইন পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে সম্পূর্ণভাবে বার্থ হয়েছে। তার কারণ ভূমি সংস্কারের মূলগত আদর্শ বা নীতি কি ছিল ল্যান্ড ডিস্ট্রিবউশন ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন। সেদিন জমিদারী উচ্ছেদের বিরুদ্ধে বাংলাদেশের এবং ভারতবর্ষের মানুষ একযোগে লড়াই করেছিল। কৃষকরা এগিয়ে এসেছিল কেন্ তারা ভেবেছিল ষে, বাড়তি জমিগালি তাদের হাতে পাওরা যাবে, জমি সমবন্টন হবে এবং আমাদের দেশের ক্ষেত মজরেরা কিছা জমি পবে। কিন্তু জমিদারী উচ্ছেদ ঠিকই হলো, ভূমি সংস্কারও হলো, কিন্তু ভূমি সংস্কার যা তাঁরা করলেন, অর্থাৎ জুমিদারী দখল আইনে পশ্চিমবংশ্য যে চেহারা ছিল ভূমির তার কোন আমূল পরিবর্তন বা মৌলিক পরিবর্তন হয়েছে কি? ভূমি সংস্কার আমাদের দেশে কোন রূপান্তর আনে নি বা মূলগত পার্থকা সূচ্টি করে নি। এটা আমরা দেখছি ন্যাশানাল স্যাম্পল সাভে বা ভূমি সংস্কার আইন পাশ হবার পূর্বে জমিদারী উচ্ছেদের ব্যাপারে সারা ভারত-বর্ষের বিভিন্ন জার্মায় যে স্যাম্পল সার্ভে হলো, সেই স্যাম্পল সার্ভেতে দেখা গেল যে কুমাগত ক্ষেত মজার্মের সংখ্যা বেডে চলেছে, এবং বর্গাদার, যারা পরের জমিতে ক্ষেত মজারী করে বা **শে**शांत रिभात काक करत, ठारमत मश्या तर्ए **ठरलर** । स्था या**रक कर्नामनरा**ष्ट्रेशान **टरक**, অর্থ ৎ বেশীর ভাগ কৃষি জমি অল্পসংখ্যক মান্ত্রের মধ্যে কক্ষিগত হয়ে যাচ্চে। এই যদি স্যা**ম্পল** সভের হিসাব হয়ে থাকে, তা হলে জমিদারী প্রথা যা ছিল তখন যে চেহারা আমাদের দেশের দরিদ্র গ্রামের মানুষের যে চেহারা, যে নিম্পেশনের চেহারা ছিল, তথাকথিত ভূমি সংস্কারের পরে আমরা যদি দেখি সেই চেহারা আরও তীব্রতর এবং আরও গভীর বেদনার ছবি ফুটে উঠেছে, তা হলে এই ভাম সংস্কার এই ডিপার্টমেন্ট সম্বন্ধে কড়া মন্তব্য স্বভাবতই এসে পড়ে। আমরা দেখছি ন্যাশনাল সাভে দ্ব-তিন বছর আগে যা হয়েছিল তাতে দেখতে পাচ্ছি টোটাল হাউ**সহোচ্ড** যার: অথাং শাক্ররা ৭০ ভাগ, গ্রামের মানুষের হাতে ১৬ ভাগের বেশী নাই চাষীর জাম, এবং আমাদের শতকর। ৭০ ভাগ লোকের মধ্যে ৫ একরের বেশী নাই। শতকরা ১ জন ম'নামের দখলে একের-ছয় অংশ আছে, এই চেহারার কি কোন পরিবর্তন আনতে পেরেছেন? ল্যান্ড ডিস্টিবিউশান সম্পর্কে ভটি সংস্কার আইন যখন এল, তখন এই বিরোধী পক্ষ থেকে বরাবর আমরা এই কথা বলেছিলান ভান বেআইনী করে বড় বড় রাঘব বোয়াল যারা, তারা আইনকে ফাঁকি দিয়েছে এবং নানাভাবে বেতাইনী হস্তান্তর করে জমিগুলি আটকে রেখেছে। দীর্ঘদিন ধরে এই বিধানসভার ভিতরে বিভিন্ন সক্রায় উদাহরণ দিয়ে নাম করে বলেছি কে কতটুকু বেআইনী হস্তান্তর করেছে এবং ভূমি সংস্কার অইনকে সম্পূর্ণভাবে ফাঁকি দিয়ে বাংলার নিঃম্ব কৃষকদের ফাঁকি দিয়েছে।

[1-25—1-35 p.m.]

কিন্তু সেদিকে কোন লক্ষ্য দেখি না—যার জন্য ল্যাণ্ড ডিস্ট্রিবিউশন-এর ক্ষেত্রে আমাদের ভূমি-সংক্রার আইন ক্ষকদের মধ্যে কোন উৎসাহ স্ভিট করতে পারে নি, যার ফলে বাংলাদেশে লো প্রজানটিভিটি বিশেবর মধ্যে সবচেয়ে বেশি, এবং ভারতবর্ষের মধ্যে আমরা পার একার সবচেয়ে কম ফসল ফলাই—ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় রাজস্থান, মধ্যপ্রদেশ, বোশের, মাদ্রাজ ইত্যাদি সমস্ত প্রদেশের তুলনায় পশ্চিমবংগার ইতিহাস জঘন্য। আমরা এখানে পার একার কম ফসল ফলাই, কারণ ভূমি সংস্কারের মাধ্যমে বাংলাদেশের চাষীদেব মধ্যে আমরা উৎসাহ স্ভিট করতে পারি নি, বড় বড় রাঘব বোয়ালদের জমি নিয়ে সেই জমি বণ্টন করতে পারি নি বলে কৃষকরা কোনপ্রকার উৎসাহ বোধ করে না, জমি চাষ করতে আজকে তাদের উৎসাহ নিছে। আমরা এখানে শ্নেলাম মাননীয় মন্দ্রিমহাশয় বঞ্লেন, কৃষিজমি যা আমরা পেরেছি

সেই জমি বণ্টন করতে পারব, কিল্ড সেই জমি বণ্টন ক্ষান্ত নীতি কি? তিনি আগে বলেছিলেন এই হাউলে বে, সর্বদলীয় কমিটির মাধ্যমে যাতে সঠিকভাবে খেতমজ্বর বা জমিহীন চাষীদের মধ্যে জমি বল্টন হয়, সেই বাবস্থা করা হবে, সেই প্রসঞ্জো বলতে গিয়ে শ্যামাদাসবাব, বক্লেন ভার মধ্যে গ্রামের অঞ্চল পঞ্চায়েত থাকবেন পি ইউ বি থাকবেন। কিন্তু তথন এই হাউস থেকে প্রশন উঠেছিল, দূ-একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছিলেন বিধানসভার সদস্য যিনি সেই অঞ্চলের সভা তিনি থাকবেন কিনা তাতে তিনি বলেছিলেন, আমি এখন ঠিক করে বলতে পারি না। এখন আমরা সকলেই জানি এইসব সংস্থায় বেশির ভাগই কংগ্রেস মনোনীত লোক থাকেন। রাজনীতিক দলের মুখপাত্র হিসাবে আমরা যারা বিধানসভায় এর্সোছ এ সম্প**র্কে** আমাদের বন্তব্য আছে—আমরা বিভিন্ন এলেকার চাষীদের মধ্যে কান্ত করি এবং এই ল্যান্ড প্রোবলেম সলিউশান-এর ব্যাপারে, ডিস্টিবিউশান-এর ব্যাপারে আমাদের দৃণ্টিকোণ থেকে আমাদের যা বন্ধব্য, যা বলার, সেটা যাতে আমরা বলতে পারি, এটাই আমরা শ্যামাদাসবাব্রে কাছে আশা করতে পারি নিশ্চয়ই, তিনি দয়া করে এই হাউসে জানাবেন বিধানসভার সদস্যরা সেইসমৃহত কমিটির মধ্যে থাক্বেন কিনা, স্থানীয় এম এল এ-রা সেইসমৃহত কমিটির মধ্যে থেকে তাদের বন্ধবা রাখতে পারবেন কিনা। যাই হোক, ল্যান্ড ডিস্মিবিউশান সম্পর্কে আমি বিহারে দেখোছলাম সার লাস ল্যান্ড কিরকমভাবে ডিস্ট্রিবিউশান হচ্ছে। বিহার ল্যান্ড রিফরম অ্যান্ট, ১৯৫৯, এই আক্ট্র-এ সার্গ্লাস ল্যান্ড কিভাবে ডিস্ট্রিবিউশান হবে তার কত্যুলি ধারা উপ-কিন্ত আমাদের এখানে ল্যান্ড-এর ক্র্যাসিফিকেশান নই. ধারা দেওয়া আছে। আমাদের এখানে ২৫ একর জমি মাথা-পিছ; রাখতে পরবে মাথা-পিছ; ২৫ একর করে যদি ফ্যামিলিতে ৫ জন থাকে, তা হলে ৫৮২৫ রাখতে পারবে, যদিও মাইনর হোক বা চাষ লা করক। বিহারে ক্যাসিফিকেশান করা হয়েছে এই ক্যাসিফিকেশান অন্যেয়ী ক্রাস ওয়ান ২০ একর রাখবার বন্দোবসত আছে কিল্ড স রক্ষাস ল্যান্ড ডিস্ট্রিবউশান-এর কতগুলি বিধি আইনের মাধামে বে'ধে দেওয়া হয়েছে. ফার্চ্ট ক্যাটেগরিতে প্রায়রিটি দেওয়া হয়েছে ল্যান্ডলেস এগ্রিকাল্যারাল ওয়াকারদের। এই জমিগুলি চাষ করা হবে বাই এ কো-অপারেটিভ ফার্রামং এবং মা নেজড বাই দি ল্যান্ডলেস এগ্রিকালচারাল ওয়ার্কারস, যদি সেথ নে এগ্রিকালচারাল কো-অপার্রোটভ ফার্রামং না থাকে. তা হলে যার থেকে জমি নেওয়া হয়েছে, তার ভামর পরিমাণ যদি ৫ একরের কম হয়ে থাকে, তা হলে তাকে দিয়ে জমি চাষ বন্দোকত করা হবে।

#### The Hon'ble Svamadas Bhattacharva:

কত জমি পাওয়া গিয়েছে।

#### Shri Apurbalal Majumdar:

এখন আমার কাছে তার হিসাব নাই।

সারা ভারতবর্ষের ক্ষেত্রে ভূমি সংস্কার বির্দেধ যে মত, তার কথা আমি প্রথমেই বলেছি যে এই ভূমিসংস্কার ব্যবস্থা কৃষি সম্প্রদায়ের মধ্যে উৎসাহের সঞ্চার করতে পারে নি। তবে সেথানে লান্ডে ডিম্ট্রিউশনের ক্ষেত্রে বিহারের কতকগুর্লি প্রিন্সিপল তারা বে'ধে দিয়েছেন. প্রায়রিটি তাঁরা বে'ধে দিয়েছেন। সেই প্রিন্সিপলসের দিকে আমি শ্যামাদাসবাব্র দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেন সেগ্রলি একট্র দেখে নেন। আর আমার সময় কম বলে আমি সেইসমস্ত ডিটেল ডিসকাসনে যেতে পারছি না। ভূমি ব'টন আমরা দেখছি যে, ৫ একর জমির নিচে যার জমি আমরা বলেছি শতকরা ৭০ ভাগ লোকের জমি ৫ একরের নীচে এবং এই ৫ একর জমি ছাড়া যারা বর্গাদার, তাদের সম্বন্ধে শ্যামাদাসবাব্র বলছেন যে যারা বর্গাদার তাদের উচ্ছেদের সংখ্যা কমে যাছে। কিন্তু যেগ্রলো উচ্ছেদের কেস ছ'ড়া উচ্ছেদ হয়, শ্যামাদাসবাব্র তার স্ট্যাটিসটিক্স দিতে পারবেন কি? আমরা জানি গ্রামে গ্রামৈ সব সময়ে আমরা কোর্টে গিয়ে তার বির্দ্ধে মামলা দায়ের করে উচ্ছেদ করে যে প্রথা আছে, বর্গাদার আইন অনুসারে সেই বর্গাদার আরেট সেইভাবে কেস না করে উচ্ছেদ চলছে এবং যথন এই রিভিসন্যাল সেটেলমেন্ট হোল, তাতে আমরা জানি যে, বহু, চাষী নিজেরা স্বইজ্ঞার বর্গাদার হিসাবে লেখাবার চেন্টা করেন নি।

কারণ, চেণ্টা করলে জমি থেকে উচ্ছেদ হরে যাবে। সেই ভরে বিভিন্ন জারগার বর্গাদাররা লেখাতে সাহস পান নি। ষেসমস্ত জারগার শ্রমিকদের বর্গাদারদের মধ্যে সংগঠন শক্তিশালী ছিল শুখু সেইসমুস্ত জারগার তারা বর্গাদার হিসাবে নাম রেকর্ড করবার চেষ্টা করেছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে বর্গাদাররা নাম লেখান নি। তা ছাড়া আইনের মাধ্যমে কেস করা ছাড়া যে-সমুহত জায়গায় জোর করে উচ্ছেদ হয়েছে যেখানে বড বড সমুহত উচ্ছেদ হয়েছে, সেখানে তারা লেখাতে রাজী নয় এবং ১ শত টাকা, ২ শত টাকায় বর্গাদাররা জমি ছেডে দিয়েছে। কারণ. তারা জানে ২-৩ বছর ধরে মামলা লডবার ক্ষমতা তাদের নেই। কাজেই অধিকাংশ ক্ষেত্রে আমরা গ্রামে দেখেছি যে, জোতদাররা যারা চাষ করে না, তারা কোনসময়ে ১ শত টাকা বা কোন সময়ে ২০০ টাকা দিয়ে জমি ছাডিয়ে নিয়েছে। এইরকম বহু, ঘটনা আছে, যেগুলো শ্যামাদাস-বাবুর স্ট্যাটিসটিক্স-এর বাইরে, এবং সেগলের হিসাব রাখবার উপায় নেই। কাজেই কটা মামল। হোল বা না হোল, সেটা জানা নেই। জোতদাররা উচ্ছেদ করতে চাচ্ছে না। তাদের সদুবৃদ্ধির উদয় হয়ে গেছে এইরকম ধরনের বন্তব্য যদি রাখবার চেণ্টা করেন, তাহলে ভূল হবে। আমি বিশেষ করে শ্যামাদাসবাবরে দুল্টি আকর্ষণ কর্রাছ যে এমন জায়গা আছে যেখানে বর্গা-দারদের জাম থেকে উচ্ছেদ বারণ হয়ে গেছে। যেমন ধর্ন আমরা দেখছি কেরেলা রায়ত টেনেন্ট প্রটেকশান বিল অফ ১৯৬২। ১৯৬২ সালে এই আইন পাশ করেছেন কেরেলা রায়তওয়ারী টেনেন্সি আক্টে—এই আক্টে অকুপায়ার্স অফ হার্ট হাউস সাইডস যারা লাইসেন্সি অনুমোদিত দর্থালকত তাদের ক্ষেত্রে উচ্ছেদ বারণ হয়ে গেছে। শুধু তাই নয়, যারা শেয়ার ক্রপার্স তাদের ক্ষেত্রেও উচ্ছেদ বারণ হয়ে গেছে। বর্গাদাররা সেইভাবে বিভিন্ন জায়গায় আমাদের এখানে উচ্ছেদ হচ্ছে লিখিত এবং অলিখিত ভাবে। কেসের মাধ্যমে কিছু টাকা তাদের দেওয়া হচ্ছে, সেটা তারা র্খতে পারতেন। যদি তারা একটা আইন পাশ করে বর্গাদার যদি ঠিকভাবে জমি চায করেন. ত। হলে তারা জমি থেকে উচ্ছেদ হবেন না। কেরালায় ১৯৬২ সালে যেভাবে তাদের প্রটেকসন দেওয়া হয়েছে এইরকম ভাবে যদি পশ্চিমবাংলায় প্রটেকসন দিতেন তা হলে আমার মনে হয় খানিকটা তাদের মধ্যে উৎসাহের সঞ্চার হত। কেন এই কথা বলচ্ছি এই জন্য যে, বগাদাররা পশ্চিমবাংলায় শতকরা একের ততীয়াংশ জমি নিজেরা চাষ করে। আপনি জানেন এই ক্ষেত মজুর ছাড়াও জমির সংগ্রে জড়িত এস্টেট লেবারারস আছে, যারা জমি চাধ করছে। পশ্চিমবাংলা বা ভারতের মোটামুটি হিসাবে যারা কোন দিন জমি চাষ করে না. লাঙল ধরে না. যেটা তাদের ভদ্রতার কলৎক বলে মনে করেন তাঁরা পশ্চিমবাংলার শতকরা है অংশ জমি দখল করে রেখেছে। অর্থাৎ যাদের জামির সঙ্গে কোন সম্পর্ক নেই তারাই এত জাম দখল করে রয়েছে।

### [1-35—1-45 p.m.]

উচ্ছেদের ক্ষেত্রে কেরালা যে আইন পাশ করেছেন এই রকম না হোক অন্তত কিছুটো প্রটেকশন দেবার ব্যবস্থা কর্ন। এটা আমি বলছি এই জন্য যে প্রটেকশন যদি না দেন তাহলে আমাদের পশ্চিম বাংলায় বা ভারতবর্ষে প্রভাকটিভিটি বাডাবার কোন সম্ভাবনা নেই। আমাদের দেশে যারা জমির কাজ কর্ম করে তাদের আয় কত. এভারেজ লেবার প্রডাকটিভিটি পশ্চিম বাংলায় কত বা ভারতবর্ষে কত, এভারেজ লেবার প্রভাকটিভিটি তা যদি দেখি তাহলে আমরা দেখবো ওয়েস্ট জার্মানী এবং নিউজিল্যান্ডে যে প্রডাকটিভিটি তার ওয়ান-থার্রাটন্থ লেবার প্রডাকটিভিটি ইন ওয়েন্ট বেণ্গল অ্যান্ড ইন্ডিয়া এবং জাপান এবং ইউ কে-তে অ্যাভারেজ লেবার প্রভাকটিভিটি অফ এগ্রিকালচারাল ওয়ার্কার তার ১।১২ অংশ আমাদের পশ্চিম বাংলায় বা ভারতবর্ষে নয়। কাজেই এই যে লো প্রডাকটিভিটি এর আজকে কারণ কি? কারণ হোল ক্ষেত মঞ্চুরের যাঁরা চাষ করেন তাদের যদি প্রটেকশন না দেন উচ্ছেদের বিরুদ্ধে এবং ল্যান্ড ডিন্ট্রিবিউসন যদি আপনারা না করেন তাহলে সে উৎসাহ তাদের মধ্যে কথনও দেখা দেবে না। আমাদের এখানে সিলিংয়ের যে ব্যবস্থা হরেছে পার হেড নট ফের্মেল ইউনিট—আমরা যে ২৫ একর করে জমি দির্মেছ আজকে এই 🖪 ৪।৩ লক্ষ একর জমি আপনাদের হাতে আসছে এর কারণ কি। এর কারণ একদিকে বেমন বড় বড় জমিদার, জোতদাররা বেনামী দলীল স্থিত করে ন্তন ন্তন ট্রাস্ট স্থিত করে জমি আপনাদের হাত শেকে ছিনিয়ে রেখেছে অন্যদিকে তেমনি অপনাদের আইনের স্বোগ দিরেছেন মাথা পিছ ২৫ ■কর—এই মাথা পিছ ২৫ একর জমি নিয়ে ল্যান্ড ডিসয়িবিউশনের জন্য সামান্য জমি ছাড়া

আরু কিছ্ব পাবেন না। কারণ আপনি নিক্রেই স্বযোগ করে দিরেছেন বড় বড় জমিদার, জোড-দারদের নতেন নতেন দলিল স্থিত করে জমি সরিয়ে রাখার। এখন প্রণ্ন হচ্ছে ছোট ছোট জমির ৰে ফসল তার উৎপাদন ক্ষমতা কত। বড বড জমি যদি আমরা রাখি তাহলে তার প্রডাকটিভিটি বেশী কিনা সেটা দেখা যাবে। হিসাব করে দেখেছেন প্রফেসার কান্টিওয়ালা. এবং ভারতের বিভিন্ন জারগায় ফার্মের প্রভাকটিভিটি যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে ৫ **থেকে** ১০ একর জমি দেখানে চাষ করে সেথানে ফার্মের প্রডাকটিভিটি ম্যাক্সিমাম। অর্থাৎ পার একর হানড্রেড অ্যান্ড থার্টি ওয়ান র**্বাপস প্রডাকসন হতে পারে। আর র্যাদ** ৫ থেকে ১০ একরের বেশী জমি হয়ে থাকে তাহলে আন্তে আন্তে পার একর প্রডাকসন এবং ইনকাম অব দি ফার্ম আন্তেত আন্তে কমে যায়। এই যদি হিসাব হয় তাহলে আমরা আমাদের দেশে কেন ৫ থেকে ১০ একরএ হোল্ডিং-এর সিলিংকে কমিয়ে আনতে পারবো না। সিলিংকে নামিয়ে এনে আম্বা ১৫ টা ১২ একরে যদি আনতে পরি, তাহলে প্রডাকটিভিটি বা ইনক্ম পার একর, অথবা ম্যাক্সিমাম বা অপটিমাম প্রভাক্সান আমরা পেতে পারি। তেপ্টৌ স্পীকার মহ শয়, সময় আমা**র** কম তব্ৰও আমাকে বলতে হচ্ছে জমিদারী কমপেনসেসন ব্যাপারে স্বকার গত ব্র স্বীকার করে-ছিলেন আমরা জমিদারী কমপেনসেসন ধরেছিলাম ৪ কোটি টাকা সেখনে ১ কোটি ৯২ লক্ষ মাট্র দির্মেছি। পশ্চিম বাংলায় যে কমপেনসেসন আমরা দেবো তার পরিমাণ ৭০ কৌট টাকা। আ**জ** পর্যক্ত ১২ কোটি টাকা আমরা দিয়েছি-৭০ কোটি টাকা কমপেনসেসন দিতে গেলে যে রেটে আমরা দিচ্ছি তাতে আগামী ৩০ বছর ধরে কমপেনসেসন দেওয়া সম্ভব হরে না। বন্ডস আপনারা দেবেন, ৭০ কোটি টাকার মধ্যে ২০ কোটি টাকা আমরা দিচ্ছি -১৪ কোটি টাকা আমরা দিচ্ছি এয়াজ ইন্টারেন্ট। আমরা দেখছি এই কমপেনসেসন অন্থে ১৫ কোটি আসামে ৫ কোটি, বোন্বে ২৮ কোটি, মধাপ্রদেশে ২২ কোটি, মাদ্রাজ উডিষ্যায় রাজস্থানে ৭ কোটি। কিন্দু আমরা পার একর কত কমপেনসেমন দিচ্ছি? আমরা দিচ্ছি ২০ টাকা। অন্ধ এবং মাদাজ পার একর ১৫ টাকা করে দিচ্ছে।

(এই সময়ে লাল আলো জনলে –এবং মাননীয় সদস্য তাঁর আসন গ্রহণ করেন।)

#### Shri Nathaniel Murmu:

মিং ডেপ্টি প্পীকার, সাার, মাননীয় রাজস্বমন্ত্রী বাজেট পেশ করতে গিয়ে পশ্চিম বাংলার ষে চিত্র এ'কেছেন, ভাতে আমরা আশান্বিত হতে পারি নি। আমি তো দ্রের কথা তিনি নিজে ষে রিশোর্ট দিয়েছেন, ভার মধ্যে একটি হতাশার সন্ত্র রয়েছে। আমি গতবারে যে কথা ভূলেছিলাম এবারও তাই হয়েছে—এটা করা হয় নাই, সম্ভব হয় নাই, আশান্র্প হয় নাই। বিশেষ করে ভূমি সংস্কার আইনের ১০(২) ধারামতে সরকারী আওতায় যে জমি এসেছে, সেই ভেল্টেড জমি বিলি বন্টনের ক্ষেত্রে গত বছর এই বিধানসভায় যে জটিলতার কথা উল্লেখ করেছিলেন, আমার মনে হয় সেই জটিলতা এখন আরো বেড়েছে। ভূমি সংস্কার বাপারটা যত বিলম্বিত করা হবে, ততই এর জটিলতা বাড়বে। ভূমি সংস্কার সম্বন্ধে নাগপ্রে কংগ্রেস অধিবেশনে তাঁরা বঙ্গোছলেন ভূমিহান চাষীদের মধ্যে জমি বিলি করা হবে এবং ইকর্নামক হোল্ডিং যে সব ক্ষেত্রে সম্ভব হবে না, সেখ নে কো-অপারেটিভ ফার্মিং করা হবে। সেই সময় এই জিনিসটা যে জায়গয় দাঁড়িয়েছিল, আজও সেটার কাছাকাছি তো নয়ই আরো দ্রের সরে যাছে। নাগপ্রের প্রস্তাবটা এখন স্বন্ধের জিনিস হয়ে দাঁডিয়েছে।

ভেন্টেড জমিতে বাংলাদেশের কি ক্ষতি হয়েছে রাজস্ব আদারের ব্যাপারে, সে কথা এখন বলবো। ভূমি সংস্কার আইন ১৯৫৪ সালে পাল করা হরেছে। ভূমি গ্রহণ সেখান থেকে গ্রহণ করবার কথা থাকলেও আজ পর্যান্ড নেন নাই। সেই সমস্ত জমি তখনও যাদের দখলে ছিল, ভালের কাছে আজও রয়েছে। এ ক্ষেত্রে রিভিসন অফ রেকর্ড অনুবারী জমি বিলি বন্টনের

ব্যবস্থা করা হবে। এই সময় সরকার যে ফসলের অংশটা রিবেট পেতে পারতেন, সেই টাকাটা কার কাছ থেকে তাঁরা আদায় করবেন? জোতদার ও চাষী যে সেই জমিটা দখল করে আছে, তার প্রমাণ নাই—রেকর্ড অন্য রকম হচ্ছে। তা প্রমাণ করতে গেলে প্রত্যেকটা জোতদারের বিরুদ্ধে কোটে মামলা করতে হবে। সেই ১৯৫৪ সাল থেকে ক্ষতিপ্রণের টাকা। দখলের টাকা আমরা কয়েক কোটি টাকা পেতে পারতাম। সেই টাকা কে দেবে? সেই সম্পর্কে রাজস্বমন্তাকৈ অনুরেধ করছি, সেখানে যে বিশ্ভখল অবস্থা আছে, তার প্রত্যেকটা ক্ষেত্রে টাকা আদায়ের জন্য মামলা করা সম্ভব কি না—সেটা ভেবে দেখুন। রেল্ট স্টেজে জমির পরিমাণ অনুযায়ী খাজনা ধার্য করা হবে। আজ পর্যক্ত তা হল না। গত বছর বলেছিলেন যে এই আইন যথাযথভাবে চাল্ করতে জলপাইগর্নাড় জেলাতে চেণ্টা করবো। কি ফল হয়েছে? এক বছর হয়ে গেল, সেখানে কি হল তার কোন থবর পেলাম না। আমি বেসরকারীভাবে জানি যে সেখানে ভেস্টেড জমি নিয়ে মারামারি পর্যক্ত চালিয়েছে। সেখানে সরকার এগিয়েছেন, কি পেছিয়েছেন তা জানতে পারি নি।

তারপর ভূমি সংস্কার আইনের মধ্যে বিরাট অসংগতি রয়েছে। এই আইনের উদ্দেশ্য হচ্ছে ভূমিহানি চাষীকে জমি দেওয়া, উৎপাদন বাড়িয়ে বাংলা দেশের অবস্থা ভালোর দিকে যাওয়া। কিন্তু র্লাসে উলটো কথা বলছে। ভূমি সংস্কার ব্যাপারে যত বিলম্ব করা হবে, যত বেশী সংশোধনী আন্ন না কেন, অবস্থা আয়তের বাইরে চলে যাবে। যেমন হাঁড়ির একটা ভাত টিপলেই সমসত হাঁড়ির খবর জানা যায়, তেমন এখানেও আমরা সেইটা ব্বতে পারছি, ভূমি সংস্কার করতে গিয়ে যে জটিলতার অভিজ্ঞতা হচ্ছে ভাতে আমি বলবো আর একটা ন্তন কমপ্রেনেনিসভ ব্যাপকতর আইন আপনি আন্ন, যাতে করে ফসলের ভাগ বাটোয়ারা সম্পর্কে বাবস্থা থাকবে, খাজনা সম্পর্কে ব্যবস্থা থাকবে; একটা ইউনিফরমিটি থাকবে, কোন অরাজকতা তার মধ্যে থাকবে না। সেই রকম আইন সম্পর্কে চিন্তা করবার যথেন্ট আইনজ্ঞ লোক আপনাদের আছে, গাই এ এস অফিসার্স আছেন, আই সি এস অফিসার আছেন। শ্যামদাসবার্ নিজেও অভিজ্ঞ লোক, তাঁরা সব্যুই মিলে একটা আইন তৈরী কর্ন। সেই ন্তন আইনকে রিট্রসপেকটিভ এফেক্ট দিয়ে চাল্ব করবার ব্যবস্থা কর্ন। তাহলে আপনাদের এই অসহায় অবস্থাটা হয়ত আয়তে তাসতে পারে।

#### [1-45-1-55 p.m.]

অন। দিকে নাম-খারিজের ব্যাপারে দুটি আকর্ষণ করছি। একজনের জমিতে অনেকগ্রিল লোকের নাম থাকে, সেই বিভিন্ন নামের জমি হস্তান্তর হয়: কিম্বা সেই জমির একজন কি দক্রেন লোক খাজনা দিল না তার জন্য সমুহত সম্পত্তিটা নিলাম হয়। জমিদারী আমলে নাম-থারিজ ইত্যাদি হত। কিন্তু বর্তমান ভূমি সংস্কার আইনে এ সম্বন্ধে সম্পূর্ণ নিদিশ্টিভাবে কোন স∑পন্ট উল্লেখ নেই। এব পিছনে যাঁরা আছেন, তাঁরা এ সম্বন্ধে একটা রলেস ফ্রেম করে কে টের কা**ছে** গিয়ে অ বেদন করে, সেটেলমেন্ট অফিসে ন'ম-খারিজের বাবস্থা করতে পারতেন, তাহলে রায়তি প্রজারা এই হার্ডাশীপ-এর দিনে বাঁচতে পারত এবং সরকারেরও তার কোর্ট ফি বাবদ কয়েক লক্ষ টাকা আসত। কাজেই এই জটিলতা যাতে এক বছরের মধ্যে দূর করা যায় তার জন্য বিশেষভাবে আমি রাস্ট্রমন্ত্রীর দূল্টি আকর্ষণ করছি। অন্য দিকে মিন্স অফ প্রডাকশন বা ভমির ফসল উৎপাদনের ক্ষেত্রে জটিলতা রয়েছে। মিশ্স অফ প্রভাকশন-এর মূল কথা হচ্ছে এক নন্বর তার জমি, দ্বিতীয় কৃষি মূলধন, এবং তৃতীয় হচ্ছে কৃষি মূলধন দিয়ে ভূমি ও চাষীর সহযোগিতায় একটা স্বাস্থাকর পরিবেশ চাল, করা। সেটা করতে গেলে, তাঁরা আজকে যেটা বলছেন ল্যান্ড রিফরমস এডভাইসরি কমিটি করবেন এবং তার মধ্যে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও অঞ্চল প্রধানরা থাকবেন। কিন্তু আমরা জানি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও অঞ্চল প্রধানরা, শতকরা ৮০ জন বড় বড় জোতদার। তাঁরা যদি ল্যান্ড রিফরমস এডভাইসরি কমিটিতে আসেন, ভাছলে সরকারী আমলে তাঁদের যে দুর্নাম আছে, অর্থাৎ তাঁদের কিছু রুই মাছ, মুগি ছুর দিলেই সব ব্যবস্থা হয়ে যায়; এ রকম এখানেও হতে পারে। সত্ররাং তাঁদের দ্বারা ভূমি সংস্কার আইনটা একটা প্রহসনে পরিণত হবে বলে আমরা আশব্দা করি। অবশ্য শ্যামাদাস

বাবুকে ব্যক্তিগতভাবে আমরা জানি তিনি খুব সং লোক। তাঁর আন্তরিকতা ও সততা বতই श्राकृक ना रकन, श्राम वाश्मात धरे त.रे. काल्मात मन तरसंख्य यौरमत नाम्य तिसम्बन किर्माणेल ও এাডেভাইসরি কমিটিতে প্রেসিডেন্ট বা অঞ্চল প্রধান করে নেওয়া হবে, তাঁরা গ্রাম সভার নির্বাচিত প্রতিটি সিট ছলে বলে কৌশলে গ-েডাবাজী করে দখল করবার চেন্টা করবেন। এর करन क्रीय मरम्काद आहेन मन्भूगंत्राभ वार्थ हारा। भगवन्त मन्भूगंत्राभ वार्थ हारा। इसक তাঁরা এখানে বলবেন আমরা জনপ্রতিনিধির মাধামে ভূমি সংস্কার কমিটিতে নির্বাচিত হয়ে, ভূমি সংস্কারের ব্যবস্থা কর্মাছ। কিন্তু তাঁরা নির্বাচিত হয়েছেন টাকার জোরে, মাছের জোরে, লাঠির জোরে। তারা ভূমি সংস্কার ব্যবস্থাকে বার্থতায় পর্যবাসত করবেন, এটা স্কানিশ্চিত। কাজেই সমস্ত বিষয়টা নৃত্নভাবে চিন্তা করবার সময় এসেছে। বাংলার জমির উপর চাপ সবচে<del>য়ে</del> বেশী, তাকে লঘু, করার প্রয়োজন হবে। জমি সংস্কারের ব্যাপারে বাস্তব দিক দিয়ে দেখে চেণ্টা করতে হবে। শুধু কয়েক জন, এম এল একে নিয়ে বা গ্রাম সভার প্রেসিডেন্টকে নিয়ে **অণ্ডল পণ্ডায়েতের প্রধানকে নিয়ে এই সমস্যার সমাধান করা যাবে না। এটা চিন্তা করবার বিষয়।** বাস্তব দুণিটভাগ্য দিয়ে, এর বিভিন্ন দিকগুলি চিন্তা করতে হবে। ব্যলবার, যা বলেছেন তার সংখ্যে আমি একমত যে বিধান সভার মধ্যে একটা এয়াডভাইসরি কমিটি করা হোক সেই সমুহত মেশ্বারদের নিয়ে, যাঁদের পশ্চিম বাংলার ভূমি সংস্কার সম্বন্ধে ইন্টারেন্ট আছে, অভিজ্ঞতা আছে এবং সেই কমিটিতে আজ পর্যন্ত বেণ্গল টেনেন্সী এাক্ট ও ল্যান্ড রিফর্ম-এর আইন পর্যন্ত এবং বাংলা দেশের ভূমি বিবর্তনের বিভিন্ন কাজ সম্পর্কে খ'্টিনাটি আলোচনা করবার পর হাউসের সামনে একটা রিকমেন্ডেসন রাখনে এবং তার ভিত্তিতে যে একটা কর্মাপ্রহেনসিভ ল বা ন্তন আইন হবে, সেটা সর্বত্র প্রযোজা হবে; এবং এর জনা প্রয়োজন হলে অন্যান্য যে সমুহত আইনের দ্বারা যাঁরা ভূমি সংস্কার আইনের উদ্দেশ্যগর্মাল ব্যর্থ করে দিচ্ছেন এবং ব্যক্তিগত মালিকানা প্রতিষ্ঠিত করছেন, তা এই আইনের দ্বারা দরে করা সম্ভব হবে।

আমার শেষ কথা, উচ্ছেদের ব্যাপারে শ্যামাদাসবাব, বলেছেন মানর্নায় সদসং অপুর্বলাল মজ্মদার মহাশ্যের সংখ্য একমত যে কোর্টের মাধ্যমে উচ্ছেদ এখন খবে কম লে ই করেন। **কিন্তু গ্রামাণ্ডলে বহু, জোতদার আছে যারা সেই নবাবী আমলের মত লাঠি পেটা করে ভ্রাজকেও** উচ্ছেদ করে চলেছে। আমাদের জেলায় আছে, আমি নাম করে শ্যামাদাসবাব কে বর্লাছ, তপন থানায় মদনাহার গ্রামে মহাদেব ভক্ত বলে এক জোতদার আছেন, ডাকসাইটে জোতদার, তার কাছে আইন कानान চলে ना। তার বরকন্দাজ, পেয়াদা, লাঠির কাছে কোন আইন সেখানে চলে না। আমার মনে হয় রাজস্বমন্দ্রী সেখানে গিয়ে সেখানে দাঁডালে মার খেয়ে সেখান থেকে ফিরে আসবেন। সতেরাং এই ক্ষেত্রে আমাদের নতেনভাবে চিন্তা করতে হবে। ফসল বাড়াবার যে প্রশ্ন, আমি আগেই বলেছি যে কৃষি মূলধন যোগান বা অন্যান্য জিনিসের জন্যে একটা কো-অডি'নেশনের প্রশ্ন আসছে। ফসল বাডাতে হবে জমির উৎকর্ষ বাডাতে হবে, এর জনা ল্যান্ড রেভিনিউ বিভাগ, এগ্রিকালচার বিভাগ, কো-অপারেটিভ বিভাগ এবং লোক্যাল সেল্ফ গভর্নমেন্ট এই চারটি বিভাগের জ্বং কো-অডিনেশন থাকা দরকার। বাজেট বস্তুতার সময় জনৈক মন্ত্রী মহাশয় বলেছিলেন আমরা তিনটি বিভাগের একটি কো-অডি'নেশনের ব্যবস্থা করছি ক্যাবিনেট পর্যায়ে এবং সেক্টোরীর পর্যায়ে, আমি বর্লাছ তিনটি চারটি কর্ন। গ্রামাণ্ডলে লোক্যাল সেল্ফ গভর্ন-মেন্ট বলে একটি জিনিস আছে, গ্রামা পঞ্চায়েত, ইউনিয়ন বোর্ড আছে. সেখানে নির্বাচিত প্রতিনিধি যাঁরা যান বা তাঁরাও জনদরদী আছেন, সতেরাং এইভাবে সমস্ত পর্যায়ে এই কো-অভিনেশন থাকা দরকার। তাদের এাডভাইসরি পাওয়ার থাকবে, অটোনমাস কোন বডি নয়। কিন্তু সেই এ্যাডভাইসরি কমিটির সাজেশনগুলি যদি আমরা কাজে লাগাই ফসল বাড়ানোর क्कारत छाञ्चल स्मिथात्न यय अञ्चादियाश्चील द्राराष्ट्र, स्मिथात्न हासी এवर সরকারের মধ্যে যে বিরোধ রয়েছে সেগর্মল তাডাতাডি দরে করতে পারা যাবে।

মাননীয় স্পীকার মহাশয়, ভাম ও ভামরাজস্ব মন্ত্রীমহাশয় যে ব্যয় বরান্দের দাবী উত্থাপন করেছেন তা সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। আমাদের দার্জিলিঙ জেলার রেভিনিউ বোডের আন্ডারে একটি প্রতিষ্ঠান আছে তার নাম হচ্ছে দাজিলিঙ ইমপ্রভুমেন্ট ফান্ড। দাজিলিঙ ইমপ্র.ভনেন্ট ফান্ড ইংরাজ আমলে দার্জিলিঙ শহরে স্বাচ্ছন্দ বিধানের জন্য হয়েছিল। দার্জিলিঙ জেলার বিভিন্ন পল্লী অণ্ডলে যে হাট আছে সেই হাট থেকে টাকা পয়সা নিয়ে দার্জিলিঙ জেলার সৌন্দর্য ব**িশ্বর জন্য অনেক দিন আগে ৬০-৭০ কি ৮০ বং**সর আগে এই ফান্ডটি তৈরি হয়। তারপরে দেখা যায় এয়ুগেও দাজিলিও জেলার বিভিন্ন মহকুমা শহরে যে বাজার আছে, সেই বাজারে, যেমন দাজিলিঙ শহরের দাজিলিঙ ইমপ্রভেমেন্ট মার্কেট সেই মার্কেট দাজিলিঙ মিউনিসিপ্যালিটিকে দিয়ে দেওয়া হয়েছে, কালিমপঙকে আংশিকভাবে দেওয়া হয়েছে, কাশিয়াঙকেও আংশিকভাবে দেওরা হয়েছে কিন্তু শিলিগাড়ি শহরে দার্জিলিঙ ইমপ্রভমেনেটর যে হাট আছে তার সম্পূর্ণ আদায় উস্থল, দবত্ব সমস্ত দান্ধিলিঙ ইমপ্রভ্যেন্ট ফাল্ডের অথচ শিলিগর্বাড় মিউনিসিপ্যালিটি বহুবার চেয়েছে যে, মিউনিসিপ্যাল এলাকার যে বাজার, রেভিনিউ বোর্ডের বে বাজার, যার নাম হচ্ছে দার্জিলিঙ ইমপ্রভমেণ্ট ফান্ডের হাট, তার সম্পূর্ণ স্বত্ত মিউনিসি-প্যালিটিকৈ দিয়ে দেওয়া হক। কিন্তু এ সম্পর্কে কিছু করা হয় নি। পশ্চিমবাংলার মানুষ স্তম্ভিত হয়ে যাবে যদি শ্নতে পায় যে দান্ধিলিঙ ইমপ্রভমেন্ট ফান্ডের শিলিগুড়ি শহরে যে বাজার আছে, সেই বাজারের খালি জমি এক কাঠার খাজনা হচ্ছে ১,৮৯০ টাকা। অর্থাৎ ১ লক্ষ টাকার বেশী হচ্ছে এক বিঘা জমির খাজনা। অথচ এই নিয়ে বারবার শিলিগুটিড মিউনিসি-প্যালিটি এবং দান্ধিলিঙ জেলার বিভিন্ন প্রতিষ্ঠান আপত্তি করেছে পতিত জমির এইরকম খান্তনার হার হওয়া উচিত নয়। এই জমি থেকে দান্ধিলিঙ জেলার শিলিগুডি মহকমা শহরের যে হাট সেই হাট থেকে প্রতি বংসরে সরকারের ইনকাম হয় প্রায় ৮০ হাজার টাকা। খরচ হয় ১৮ হাজার ব্বেকে ২৪ হাজার টাকা। মিউনিসিপ্যালিটি বারবার বলছে যে অন্যান্য মহকুমার হাটগুলি যদি তাদের মিউনিসিপ্যালিটিকে দিয়ে দেওয়া হয়ে থাকে. তা হলে শিলিগান্তির হাটটি শিলিগান্তি মিউনিসিপ্যালিটিকে কেন দেওয়া হবে না? এই সম্পর্কে আমি রাজস্বমন্দ্রীর দূল্টি আকর্ষণ কর্মছ শিলিগাড়ি সহরের হাটটি শিলিগাড়ি মিউনিসিপ্যালিটিকে দেওয়া হোক। এই সম্পর্কে আরো করেকটি কথা আমি বলবো যে, কি বে-আইনী কান্ধ তাঁরা করছেন। ১৯৫৪ সালে শিলিপন্ডি মিউনিসিপ্যালিটি পশ্চিমবৃশ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করলো বে মিউনিসিপ্যাল এলাকার হাট যদি পরিচালনা করতে হর, তা হলে লাইসেন্স লাগবে। ১৯৫৪ সালে শিলিগন্ড মিউনিসিপ্যালিটি পশ্চিমবশ্য সরকারের কাছে বলবো যে, হাটের লাইসেন্স দিরে হাট চালান হক। কিন্তু আজ ৯ বংসর হয়ে গেল পশ্চিমবশ্য সরকার সে চিঠির জবাব দেন নি। বিনা লাইসেন্সে হাট পরিচালনা করছেন, কেন তাদের বির্দ্ধে আইন অন্যায়ী ব্যবন্ধা অবলম্বন করা যাবে না, তা আমরা ব্রুতে পারি না। রাজম্ব বোর্ড, রেভেনিউ বোর্ড, এত গোলমাল তারা করছে দার্জিলিঙ জেলা সম্পর্কে যে তা বলে আর শেষ করা যাবে না। আর একটি কথা বলি, শিলিগার্ড মহকুমার গ্রামে বিভিন্ন হাট আছে সেইসমম্ব হাট থেকে তারা যে আদায় উস্লুল করেন তার সম্পূর্ণ টাকা দার্জিলিঙ শহরের উন্নয়নের জন্য থরচা করা হয়। আমার স্ক্রিদির্ভ প্রস্তাব বলন বা সাজেসন বলন, তা হচ্ছে শিলিগার্ড মহকুমা কিম্বা জলপাইগার্ড জেলার ডুয়ার্স অঞ্চলের যে হাট ফাল্ড আছে সেই ফাল্ড থেকে যে টাকা আদায় হয়, বিভিন্ন পঞ্চারেডকে সেই টাকা দিয়ে দিতে হবে। তা যদি দেওয়া না হয়, তা হলে আজকের দিনে অঞ্চল পঞ্চায়েত বলন বা মিউনি-সিপ্যালিটি বলন, তা কি করে চলবে। ভূমি রাজম্বমন্দ্রীর কাছে অবেদন করবো এই সম্পর্কে তিনি যেন একটা দৃষ্টি দেন।

আর একটি কথা অনেকে বলেছেন যে পশ্চিমবাংলায় জমির থাজনার হার অভ্যন্ত বেশী। সেটা যেমন সতি্য তেমনি এক আনা এক বিঘা জমির খাজনা, তাও তো আছে, যেখানে জমির খাজনা বান্ধির সংগত কারণ আছে, সেখানে কেন বান্ধি করা হবে না? দিনাজপুরে বহু এরকম জায়গা আছে যেখানে এগার পার একার খাজনা আছে সেদিকে দুভিট দিন। আর একটি কথা বলতে চাই, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন শিলেপ শান্তিরক্ষার জনা দুইপক্ষের দারিছ আছে। আমি বলি তা হলে কৃষিক্ষেত্রে শান্তিরক্ষার জন্য দ্বিতীয় পক্ষ হবে কি চতুর্থ পক্ষ হবে জানি না। কিল্ড যদি ক্ষিক্ষেত্রে শান্তি রক্ষিত না হয়, তা হলে উৎপাদন ব্যাহত হবে, পশ্চিমবংগ সরকার নিশ্চয়ই এটা স্বীকার করবেন। ভূমি যাদের আছে তাদের মধ্যে সবরকম শান্তি বজায় রাখতে হবে। পশ্চিমবঙ্গ সরকারের কি নীতি তা ভূমি রাজস্বমন্ত্রীর কাছ থেকে জানতে চাইব। আর একটি বিষয় জানি যে সরকার যে জমি লীজ দেন, জলপাইগুড়ি, দার্জিলিঙ অণ্ডলে দেওয়া হয়, তিন বছরের জনা লীজ দেওয়া হয়, কিল্ডু পশ্চিমবাংলার অন্যত্র এক বছরের জন্য দেন। এটা ঠিক নয়। জমি কৃষককে দেওয়ার পর সে যদি বুঝে, জমি আমার হাতে এক বছর পরে থাকবে না, তাতে খারাপ ফল হয়, এমনভাবে কাজ করবে যাতে ভাল চাষ হবে না। এজন্যে বলি কমপক্ষে সমস্ত পশ্চিমবাংলায় তিন বছরের জন্য জমি লীজ দেওয়ার ব্যবস্থা কর্ন। পশ্চিম-বঙ্গ সরকার যেসমুহত জুমি লীজ দেন, তা থেকে অনেক জায়গায় কুষকদের উচ্ছেদ করা হচ্ছে। **मार्कि निष्ठ ब्बिना**त्र नाकर्गाव थानात्र अक्रो स्मोकात्र क्रुयकरम्त्र विचारनीचारव উচ্ছেদ कता रहारह। পশ্চিমবাংলা সরকার উচ্চেদ করেন নি. পার্শ্ববর্তী গ্রামের বড বড জ্যোতদার দরিদ্র ক্র্যক্তে উচ্চেদ করছেন—তার সর্নিদিশ্ট অভিযোগ বার বার আমাদের কাছে আসে, কয়েকজন কৃষক রাষ্ট্রপতির कार्ष्ट आरवनन करतर्ह, এইভाবে উচ্ছেদ कता रुक्ह, भूमित्र आभारमत्र त्राराया कतरा भातन ना, সরকার আমাদের প্রোটেকশান দিলেন না। আমার কথা হচ্ছে যে জমি তাদের দিলেন, তা থেকে যাতে কেউ তাদের উচ্ছেদ করতে না পারে তার জন্য প্রয়োজন হলে আইন সংশোধন কর্ন। আ**র** একটি বিষয় নিয়ে অনেকে বলেছেন। জমি বণ্টনের জন্য পশ্চিমবণ্য সরকারের পক্ষ থেকে একটা কমিটি গঠন করা হবে। বিরোধীপক্ষের বন্ধারা বলেছেন সেই কমিটিতে এম এল এ-দের **থাকা** উচিত। আমি আমার এলাকার কথা বলছি, আমি অন্তত সেখানে থাকতে চাই না, বরং রাজস্বম**ন্টা** যা বলেছেন, সার্কেল অফিসার, বি ডি ও ও অঞ্চলপ্রধান এবা থাকন, আমি অন্তত এতে যেতে রাজী হব না। যে জমি দিয়ে কৃষকদের খুলি করা যাবে না সেখানে জমির পরিমাণ এত কম এবং কৃষক-দের সংখ্যা এত বেশী তাতে কিছুই করা সম্ভব নয়। কোন এম এল এ যদি যেতে চান যাবেন, আমি আমার কথা বলি, আমি যেতে চাই না। কৃষিক্ষেত্রে শান্তিরক্ষার জন্য পশ্চিমবাংলা সরকারের ভূমি রাজস্বমন্দ্রী কি করতে চান সে সম্পর্কে স্ক্রীনিদিন্ট জবাব আশা করি পাব। আমি দেখছি পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায় কৃষক এবং জোতদার, জমিদারদের মধ্যে ঝগড়া, অশান্তি লেগেই আছে, সেটা অচিরে বন্ধ হোক এটা আমরা চাই। দান্ধিলিঙ জেলায় ডি আই ফাল্ড...

[ At this tage the red light was lit and the member resumed his seat]

[3-40-3-50 p.m.]

#### Shri Cirish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষের সকল রাজ্যের অধিকাংশ লোক কৃষিজীবী। এই জুমি তাহাদের বাঁচিবার একমাত্র আশ্রয়, অথচ দেশের অগণিত জনগণের ভূমি সম্পত্তিরূপ এই মহান জাতীয় সম্পদ বিষয়ে আইনকাননে পরিচালনা ও রেকর্ড ব্যবস্থা অতানত বিদ্রান্তিকর ক্ষতিকর ও विम् अवाभू र्व । অযোগ্য সরকারী বাবস্থাধারার ফলে দেশের চাষীগণ, বিশেষত দরিদ্র চাষীরা, প্রতিনিয়ত প্রতিকারহীন নানা দুর্ভোগ, প্রতারণা, ক্ষতি ও সম্পত্তিহানির বিপদ লইয়া কাল কাটাইতেছে। অথচ এই ভূমি বাবস্থাকে একটি স্কৃত, সহজ, কার্যকরী, এবং সংশ্লিকট সকলের কল্যাণজনক কার্যধারা সহকারে শান্তিপূর্ণ বাবস্থায় পরিণত করা যায়। এর অভাবে কত খনে. কত বিপর্যয় কত অব্যাঞ্জত ঘটনা ও কত পরিবারের ধরংসসাধন হয়ে যায়। কিন্তু এই দীর্ঘ কংগ্রেসী শাসনের মধ্যে এই ভূমি ব্যবস্থার ইংরেজ আমলের ব্যবস্থার চেয়ে কোন উন্নতিসাধন সম্ভবপর হয় নি। একদিকে কোন উন্নতিসাধন তো হয় নি, অনাদিকে আবার নতুন সেটেলমেন্টের মাপের কান্ধ আরম্ভ করে-এই শ'সনযন্ত একটা অরাজকতার রাজত্ব আরম্ভ করে দিয়েছে। এই অরাজকতার মধ্যে চাষী-প্রজাকুলকে, জনসাধারণকে অবাধভাবে শোষণের কাজ এগিয়ে চলেছে। রাজকর্মচারীদের দ্বারা অবাধ দুনীতি, ঘুষ বঞ্চনা প্রভৃতি দ্বারা জনগণ অতিষ্ঠ এবং এইভাবে বায়বহাল জারপের ফলে বহাজনের ন্যায়স্পত অধিকার বিপার। এই বেআইনী অনিশ্চিত বহা বার ছাড়াও ন্যায়বিচারের সন্ধানে সরকারী সাধারণ ব্যবস্থা গ্রহণের প্রচেণ্টাও বিশেষ বায়সাধা— ষা বহুজনের পক্ষেই সম্ভব নয়। ভূমি ব্যবস্থা সম্পর্কিত যে আইনকাননে তা সাধারণের অজ্ঞাত। সাধারণ মানুষের ভাষায় ও তাদের বোধগমা ভাষায় এই আইন ও তার মর্মার্থ অনুবাদ করে. সরকারী ব্যবস্থায় এই বিষয়ে ব্যাপক গণশিক্ষার প্রয়োজন ছিল। কিন্তু সরকার তা আদৌ করেন নি। বে কোটি কোটি বাংলাভাষীদের প্রতিনিধি এই সরকার, সেই সরকার জনগণের অতিপ্রয়োজনীয় এই আইন বাংলাভাষায় রচনা করার প্রয়োজনও অনুভব করেন নি। আমরা বহু সন্ধান করেও তা কোথাও পাই নি সরকারী বা বেসরকারী বিভাগ থেকে। এমন কি নিয়মাবলী সহ এই আইন কানুনের ইংরাজী গ্রন্থ বহু সন্ধানেও পাওয়া যায় নি। আমরা গণতন্তের কথা দুবেলা বলে থাকি, কিন্তু এই জনগণের আপন গরেত্বপূর্ণ অধিকারসমূহ রক্ষায় আইনের বাবস্থা ও সুযোগ স্ববিধা কি কি ও কিভাবে পাবে, সে বিষয়ে অপরিহার্য গণশিক্ষা প্রসারের কোন প্রয়োজনীয়তাই সরকার উপলব্ধি করেন না। আইন বিষয়ে সম্পূর্ণ অল্ঞ গ্রামবাসীগণ রাজকর্মচারীদের, তথা তাদের যোগাযোগ যুক্ত উর্ধাতন কর্তাপক্ষের দ্বারা শোষিত, প্রতারিত ও বিপর্যান্ত হবে এবং নির**ু**পায় হয়ে বিশেষজ্ঞগণের সহায়তা পাবার জনা বহু,ভাবে ক্ষতিগ্রস্ত হবে, এটাই সরকারের ইচ্ছে বলে আমরা ধারণা করতে বাধ্য হয়েছি। আমার নিজের জমির অধিকার স্রনিদিশ্টি করার উন্দেশ্যে সরকারী অযোগ্য মাতর্ব্বরে জন্য জনগণকে মারাত্মক খেসারত দিতে হচ্চে। এর ওপরে অবস্থা এই যে, চাষীর স্ববিধার দিকে লক্ষা রেখে জ্রিপের সময় ধার্ষ হয় না। চাষের ভ্রাসময়ে জরিপ এসে দেখা দেয় সমগ্র চাষীকুলকে ঘোরতরভাবে বিপন্ন করবার জন্য। দুর্ভিক্ষিপিন্ট বিপর্যক্ত অসহায় মানুষের জন্যও রেহাই নেই—হুড়া, পুঞা, মানবাজারের দুর্গভক্ষিপীড়িত অঞ্চলেও আজ জরিপ তাড়া করে গেছে—মানুষকে নানাভাবে পর্যনুদস্তু বিপন্ন করতে। সরকারী অযোগ্যতার দর্ন দুভিক্ষিপীড়িত মানুষ কাজ পায় নি, সেজনা অগণিত মানুষ ঘর ছেড়ে গ্রাম ছেড়ে বাইরে চলে গেছে। এ-হেন সময়ে জরিপের কাজের ফলে অনুপশ্থিত বহু লোকের অধিকার বিপন্ন হবে, চালাক অর্থবান মুন্টিমেয় লোকেরা এর অবাধ সুযোগ গ্রহণ করবে। জুরিপের অনাচার বিষয়ে গ্রামে গ্রামে অর্গণিত গৃহে অভিযোগ জমা হয়ে আছে। রাজ্যের উচ্চতম কর্তৃপক্ষেরা এ বিষ্য়ে তদন্তের এবং উপযুক্ত প্রতিকারের আন্বাস দান করলে হাজার হাজার অভিযোগ অগ্রসর হয়ে আসবে। এই রাজ্স্ব বিভাগের আর একটি বিশেষ কল ধ্বজনক অধ্যায়ের কথা বলব। ছোটনাগপরে টেনেন্সি আন্তের অধীনে জমি হস্তান্তরের প্রয়োজনে পার্রামশন আইনর পী অনাচার आरेरनत वितृत्य मात्रा कानात जीव आत्मानन मर्छछ जात मन्भार्ग উচ্চেদ হোল ना-मत्रकाती জেদের প্রতীকর্পে তার আংশিক অস্তিত্ব বজায় রইল। জেলার দুর্ভিক্ষপীডিত অঞ্জের ক্ষুদ্র মধ্যস্বত্বাধিকারীদের অভিযোগ এই যে, এই অবস্থাতেও তাদের দেয় রাজ্ব যে-কোনভাবে দেবার জন্য তাদের উপর অবাঞ্চিত চাপ দেওরা হচ্চে। রাজন্ববিভাগ আদারের প্রতীক। অবোগ্য বার্ছ

শাসক জনগণের কাছ থেকে অবিরাম আদায় করে ক্রেড্রেইটের আজ জরাজীর্ণ করে তুলেছে। রাজস্ব সর্বস্ব এই শাসন আজ পূর্ণ বৈষম্যের প্রতীক হয়ে দীড়িয়েছে—নিতে জানে, দিতে জানে না। দরিদ্র আর্তজনকে শোষণ করতে জানে, ভাগ্যবান ধনবানদের শোধন করে সামগ্রস্য বিধান করতে জানে না। এই চক্রের অবসান না হওয়া পর্যক্ত রাজস্ব অ্লিট্রেয় লোকেরই রাজস্ব ভেগের উপায় হয়ে থাকবে, জনগণের নয়।

### Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজম্ববিভাগের বিপ্ল ব্যায়বরান্দ আলোচনা করতে গিয়ে আজ স্বাধীনতাপ্রাণিতর প্রথম বছরের দিনগুর্নির কথা মনে পড়ছে। আমাদের দেশ যখন স্বাধীন হল, তখন গ্রামাঞ্জের চাষীরা আশা করেছিল অন্তত আর কিছু না হোক, সু-উ-ভাবে চাষবাস করে জীবনধারণ করবার মত ব্যবস্থা এই সরকার করতে পারবেন। এই আশা করাটা খুব অন্যার হর নি। কিন্তু এখন গ্রামে চলুন, কি চিত্র সেখানে দেখবেন? দেখবেন দিনের পর দিন জমিগুর্নি ক্ষতিবিখন্ড হয়ে যাছে। আজকে গ্রামের পুকুর-পু-ফ্রিরণীগুর্নি সংস্কারের অভাবে শ্রিকরে ব'রুলে বাছে, ফ্লের বাগান ও অন্যান্য গাছপালার ফলধারণের ক্ষমতা দিনের পর দিন লোপ পেরে যাছে। এই কারণ কি? এর ম্লেগত কারণ রয়েছে ভূমিরাজম্ব বিভাগের গলদের মধ্যে। চাষীরা খ্রুবিখন্ড জমিতে চাব করতে পারে না, এটা সহজবোধ্য। আজকে এই বৈজ্ঞানিক ব্রুগে বেখানে মানুব কো-অপারেটিভ ফারমিং করে চাবের কাজে এগিয়ে যাছে, সেখানে আমরা উল্টো পম্বতি গ্রহণ কর্মিছ।

### [3-50-4 p.m.]

অনা দেশের লোক হয়ত দেখে মনে করবে নাবালকের মত এইসব কাজ করছে। এখানে এরা সব করছে কি? চাষীরা করে কি? এ ব্যাপারে যাদের কর্তৃত্ব রয়েছে তারা কতদূর স্বাবলম্বী, সে সম্বর্গে অনেকে প্রদন তুলতে পারে। গ্রামের পাড়ার পাড়ার যান, দেখবেন প্রত্যেকের মুখে এক কথা--অধিকাংশ যারা চাষ করে খান, তারা দেখছে যে কার জমি ভাঙিয়ে নিয়ে কে দখল করতে পারে। এই আইন কি অবস্থা করে দিয়েছে? জমি পাওয়া দূর্ঘট শুধু নয়, এতে আবার কিছু **लाक्छ तर**एएছে। এটা সমস্যা নয়-সমস্যা আরও অন্য ব্যাপারে চলে গেছে। তার মধ্যে এই আইনের সুযোগ নিয়ে যে অসুবিধার সূচি করা হয়েছে. সেগ্রাল একটা কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারীভাবে আইন করে বলা হচ্ছে, ভাগে জমিতে সার, বীজ ইত্যাদি লাঙল দিয়ে যারা চাষ করবে, লাঙল-হাল দিয়ে চাষ করবে তারা পান है অংশ, আর है অংশ জমির মালিক পাবে। কিন্ত সরকারী ব্যবস্থায় আইন প্রয়োগে ঠিক তার উল্টো হচ্ছে। যাঁর हু অংশ পাওয়া উচিত তিনি পাচ্ছেন हे অংশ, আর যার हे অংশ পাওয়া উচিত তিনি পেয়ে যাচ্ছেন है অংশ। অর্থাৎ 'না'-টা হচ্ছে 'হ্যাঁ'. আর 'হ্যাঁ-টা হচ্ছে 'না'— আজকে গ্রামের লোকের মধ্যে জল্পনা-কল্পনা এটা হচ্ছে, এই হচ্ছে নির্মম বাস্তব। রাইটার্স বিল্ডিংস-এর দপ্তর থেকে গ্রামে গেলে পর সেখানে প্রতিটি ঘরে ঘরে এই আবহাওয়া দেখতে পাবেন। সেখানে চাষবাসের যে মলেগত সমস্যা, যেটা ঘটে আসছে—এই ষে কৃষি নীতি ভূমিরাজম্ব বিভাগের, তাতে এই অবস্থার স্থিত হচ্ছে। এখানে যে সমাজতান্তিক ধাঁচে রাষ্ট্র গঠনের ব্যাপারে যে প্রথা যেটা ছিল ভূমি সংস্কার করবার জন্য, তা একেবারে তালগাছের ভগে বে'ধে আমাদের গোপাল ভাঁড়ের মত নিচেতে জাল দেবার ব্যবস্থা করতে হচ্ছে। বিনোবাজীর ভব্ত বোধ হয় এই হাউসের অনেকেই। কিন্তু আমি দেখি অনেক লোকই ফুলের মালা নিয়ে ষতই প্রণাম করতে আসছে, যতই সম্বর্ধনা করতে আসছে, তারা চেন্টা করছে তার উল্টো কাজ যাতে হয়। প্রতোকটি গ্রামে আমি দেখেছি, আমার জেলাতে দেখলাম, হর্তা-কর্তারা গিয়ে বিনোবাজীকে খুব সম্বর্ধনা করলেন। কিন্তু তার মুখেই শুনলাম যে উনি যেটা করছেন এটা একটা সম্পূর্ণ অবাস্তব ব্যাপার। এই হচ্ছে তাঁদের অভিনয় –এই অভিনয় চালিয়ে আর কত দিন চলবে? এইসব যা হয়েছে তাতে জমিদারী চক্র চলে গেছে, কিল্তু ঐসমন্ত জমিদারী চক্রের মধ্যে যেসমন্ত গ্রাম্য ঘুদ্ধ বারা ছিল, তারা এই প্রজাদের উপর, চার্যাদের উপর যে অনীায় উৎপীড়ন করেছে, তারা মরে যায় নি তারা এই কয়েক বছরে সমৃন্ধশালী হয়েছে। তারা এখন জে এল আর ও, সি এল আর ও অফিসারদের নিয়ে মধ্রুচক্র জমিয়ে চাষীদের ষতরকম অসুবিধা করা ষায় তার ব্যবস্থা করছেন। এইসমস্ত বাস্তু ঘ্রাদের মধ্যে অধিকাংশের জমি আছে, তারা খাজনা দেওয়া কথ করে দিয়েছে এবং চাষীদের কাছ থেকে পাশের জমিসমেত যাতে সম্পূর্ণ থাজনা পাওয়া যার তার ব্যবস্থা

করছেন। আইনপত্র সবই আছে, খারিজ করার ব্যবস্থাও আছে, জে এল আর ও-র অফিসও আছে সবই সত্য, কিন্তু কি কংগ্রেস পক্ষের, কি বিরোধী পক্ষের অনেকেই অভিযোগ করেছেন এই বে वाञ्ज चूच्यापत्र निरास रय प्रथानक नालान राष्ट्र, त्मणे यज्यक्य अर्थन्त्र ना खाक्षरज भारतन, खासारमत ভূমি রাজস্বমন্ত্রী যতই সং হোন, তাঁর স্বারা চাষীদের উপকার করা সম্ভব হবে না, বতক্ষণ তাঁদের সরকারী নীতির মধ্যে গোলমাল থাকছে। যাতে এই অব্যবস্থা দরে হয় তার জন্য আইন পরিবর্তন করার ব্যবস্থা কর্ন। বহু নাম করা যায়, আমাদের গ্রামে যাদের খাজনা সত্যিকারের মিটে গেছে, কিন্তু যারা মেটার নি, তাদের বাদ দিয়ে সেইসমস্ত নিরীহ চাষীদের উপর সাটিফিকেট জারী হচ্ছে অর্থ্যুম এখানে দ্-একজনের নাম করি—নেতা গায়েন, যতীশ গায়েন, তারা খাজনার পাই-পরসা মিটিয়ে দিয়েছে, অথচ কোন ভদ্রলোক খাজনা মেটালেন না. তিনি অধিকাংশ জমি ভোগ করেন তিনি গ্যাট হয়ে বসে আছেন, এই জমি নিলামে উঠবে, তিনি নিলাম ডাকবেন মাঝখানে টাকা আদার কুরিয়ে যা হোক ব্যবস্থা করা যাবে। এবং জে এল আর ও অফিস পর্যুক্ত এমন বন্দোবস্ত আছে বাতে সহসা আর কিছু না করতে পারে টিপে দেওয়া আছে। আমি মধ\_চক্রের আর একটা ব্যাপার ৰলছি যে, সরকারী মার্সি ল্যান্ড—ঐ নালা-টালা যে আছে, বা যে গাছে আছে—যারা আমিন আছে তারা মাপজোপ করে এমনভাবে ঠিক করে দিয়ে আসছে যে. চাষীদের খানিক জমি পর্যক্ত মাপ করে নিয়ে চলে এলো। পরে চাষীদের তাদের কাছে যেতে হচ্ছে ২-১০ টাকা দিতে হচ্ছে, অনেক ছোরা-ফেরার পর দেখা যাচ্ছে যে গাছ যেখানে ছিল সেখানেই আছে. সব ঠিক হয়ে গেছে। হরতো সেখানে ১ শত, ২ শত গাছ ওদিকে চলে গিরেছিল, তা আবার চাষীদের ভাগে পড়ে গেছে। এই-রকম সেখানে অহরহ হচ্ছে, তার প্রতিকারের বাবস্থা কিছ.ই হচ্ছে না। সর্বোপরি খণ্ডবিখণ্ড জমি একীকরণ যদি না হয়, অবশ্য এটা কমিউনিস্ট ধাঁচ নয়, তা হলে চাষবাস করার প**ক্ষে সেটা ইকনিমক** হবে না। ফলে জল দেখতে দেখতে চাষীদের সময় ফুরিয়ে যায়। ৬ কাঠা জমিতে ঝিঙে লাগিরে অনা মাঠে গিয়ে আলু লাগিয়ে আসতে হয়, এতে চাষীদের লাভজনকভাবে চেণ্টা করা সম্ভব হয় না। আমাদের মন্দ্রীমহাশয় চেণ্টা কর<sub>ুন</sub> যাতে এইরকম একটা আইন পাশ করিয়ে অন্তত **ফসল** বেশী কি করে ফলানো যায়, তার বন্দোবস্ত করনে। এক এক জায়গায় এক এক জন চাষীকে জমি বন্দোবস্ত করে দিতে হবে, এই কথা বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

#### Shri Sambhu Copal Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নিদিন্টি খাতে যে বায় ব্রান্দের দাবী, সেটা আমি সমর্থন করি না, এবং সংক্ষিণ্ড সময়ের জন্য বিস্তৃত বস্তুব্য আমি রাখতে চাই না। আমি একথা বিশ্বাস করি যে. ভূমি সংস্কারের যে মূল্য এবং মোন্দা কথা সেট হল ভূমির উপর থেকে অবাঞ্ছিত শোষণকে অপ-সারিত করতে হবে এবং সঙ্গে সঙ্গে বাংলাদেশের গ্র মের কুষকের ভূমির যে ক্ষ্যো তা মেটাতে হবে। কিন্তু আমি জানি অমাদের অপদার্থ গভর্নমেন্ট, একচোখো হরিণ নীতির জন্য তাদের **থিও**রি প্রাক্টিসে পরিণত হয় নি। যেমন আমরা দেখছি গ্রামাণ্ডলে যারা ছোট ছোট মধান্বস্বভোগী, তাদের যেমন ক্ষতিপরেণ দেওয়া হয় না এবং পেতে অতান্ত দেরী হয়, অন্য দিকে আমরা দেখছি বর্ধ মানের মহারাজ কুমার, জগদীশচন্দ্র সিংহ প্রভৃতি জমিদারের দল, তারা ক্ষতিপ্রেণ পেয়ে যান। ঠিক সেইভাবে অন্য ক্ষেত্রে একই কারণে আমরা জানি বাংলাদেশে সর্বত্ত জমিদারী প্রথা উচ্ছেদ হোল. কিন্তু কার ভয়ে, কিসের কারণে, কার মূখের দিকে তাকিয়ে, কোন্ বড় লোকের ভয়ে, কলিকাতায় জমিদারী প্রথার উচ্ছেদের কথা আজও গভর্নমেন্ট চিন্তা করলেন না। সেটাই দেখলাম জমি বেনামী হচ্ছে গভর্নমেন্টের কাছ থেকে কিছুদিন আগে, আমরা শুনেছিলাম যে ক্ষকের হাতে জমি দেওয়া হবে, লক্ষ লক্ষ একর জমি নাকি গভর্নমেন্টের হাতে আসবে। আগেকার গভর্নমেন্টের দেওয়া হিসাব এই হাউসে বলেছিলেন বিমলচন্দ্র সিংহ মহাশয়, কিন্ত আজকে দেখছি গভর্নমেন্টের যে প্রাপ্য তার মধ্যে আসমান জমিন্ ফারাক। জমি কপরি নয় যে জমি হঠং এইরকম চলে গেছে। সমস্ত জমি আছে—বেনামী হয়ে গেছে।

[4-4-10 p.m.]

এই হাউসের মাঝখানে অনেক সদস্য আছেন এবং যাঁরা আপনার ডান দিকে বসে আছেন, তাঁদের মাঝে হাজার হাজার, বিঘা জমির মালিক আছে এবং সেই জমি যাঁরা ফাঁকি দিরেছেন, আমি তাঁদের নাম উল্লেখ করে জানাতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, এ'দের মধ্যে একজন আছে—

वर्नाष्ट्र—विनि अककारम रामराहारी, भाकिन्छारनंत्र मामाम ; भाकिन्छारनंत्र वान्छ। कौर्य निरंत अकमा বিনি পাকিস্তান জিলাবাদ ধর্নি দিয়ে বেডিয়েছেন, সেই দেশদ্রোহী একজন উপমন্ত্রী আছেন। **अथातः** मात्र, नरायौ आमन कल शिर्माल नरायौ आमलित स्वात अथाना यात्र नि । आमारमत काम्मी মহকুমার যে ঘের আছে, সেই ঘেরের মধ্যে কাজেম আলি মির্জা সাহেবের এক হাজার বিঘার উপর ক্ষমি আছে এবং সেই ক্ষমির ধান ওঠে আমার এলাকায় উত্তর সাহাপ্রেরর এক খামারে। দূ-নম্বর इतक करशाम भक्कद अम अन अ मार्ट्य नाएं करत निन जान करत, देर्बारिम मार्ट्य अम अन अ, তাঁর অবশ্য দোষ নয়, তাঁর মায়ের নাম ওলাতন বিবি, সেই ওলাতন বিবির পাঁচশো বিঘা জমি উচ্চ সীমা বেধে দেওয়ার আগে কাগজে কলমে তাঁর ধান ওঠে মদনপরে গ্রামের খামারে. ধান ওঠে ভরতপুরের খামারে। আর সেই জ্ঞাপুর কাঞ্চনতলার মহারাজা একদা আমাদের ভূতপূর্ব ম**ল্টা** जिल्थार्थ वावत्क यिन नाकि किन्द्र क्षीय विनामी कर्तान्त्वता: स्मर्ट जिल्थार्थ अथन नारे। स्मर्टे কাঞ্চনতলার জমিদারী আজ চার হাজার বিঘা জমি। কান্দী মহকুমার মাঝখানে আর একজন এক্স-এম এল এ যোগেন্দ্রনারায়ণ রায়, এই আইন যথন পাস হয়েছিল, তথন ঐদিকের শোভা তিনি বর্ধন করতেন তিনিও ভোট দিয়েছিলেন সর্বোচ্চ সীমা বে'বে দেওয়া হোক। আমি চ্যালেঞ্চ করছি মন্দ্রিমহাশয়কে—তিনি বক্তে হাত দিয়ে বল্য তদন্ত করতে আমার সঞ্জে যেতে পারবেন? মানুষের মাঝখানে মিশে যদি অফিসারদের দিকে না তাকিয়ে, তিনি অধ্যাপক মানুষ তাঁকে বিশ্বাস করি, তিনি সততা দিয়ে মানুষের মাঝখানে গিয়ে দাঁডান। টিকোবাজার যোলভাগীর ঘের ব**লে** একটা ঘের আছে, সেখানে ৪ হাজার বিঘারও বেশী জমি আছে। আমি জানতে চাই একটা কথা— জমির সর্বোচ্চ সীমা বে'ধে দেবার আগে এদের কি পরিমাণ জমি ছিল? আমি গভর্নমেন্টের রেকর্ড থেকে সংগ্রহ করেছি, একটা এদিক-ওদিক হতে পারে। জ্বাব দেবেন মল্টীমহাশয় ষে তাদের কাছ থেকে কছটাক জমি সরকার পেয়েছেন? আমি জানি কংগ্রেস দলের স্থোগ নিয়ে, পার্টিবাঙ্কীর সুযোগ নিয়ে সমস্ত জমি তারা বেনামী করে দিয়েছে। গভর্নমেন্ট তাই পাচ্ছেন না খ'লে খ'লে। আইন পাচ্ছেন আজকে সাটি ফিকেট করবার জন্য, গানস নিয়ে গিয়ে গ্রামে গ্রামে হানা দিচ্ছেন। কয়েকদিন আগে আরেরা গ্রাম, ভরতপরে থানায় ক্যানাল ট্যাক্সের জন্য সার্টি ফিকেটস নিয়ে গিয়ে টাকা আদায় করবার জনা সেখানে প্রলিস নিয়ে গিয়ে, পেয়াদা নিয়ে গিয়ে চাষের বলদকে ছিনিয়ে নেওয়া হয়েছে আইনের সুযোগ নিয়ে। এমন একটা অপদার্থ সরকার.....

### Shri Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই বাজেট সমর্থন করতে উঠে আমি প্রথমে বলবো মাননীর সদসারা যেসমুহত কাট-মোসান এনেছেন, তা সব প্রত্যাহার করে নেওয়া উচিত।.......

#### Shri Nikhil Das:

মাননীয় সদস্য শম্ভূগোপাল দাস মহাশয় যখন বলছিলেন, তাঁর সেন্টেন্সটা শেষ হবার আগেই হঠাৎ মাইকটা বন্ধ হয়ে গেল. এ কিরকম ব্যাপার!

Mr. Speaker: I will do as I think best. The honourable member knows what is the time allotted to him and he should stop before that instead of asking for more time as a matter of right from the Chair, so that the member should be allowed to finish his sentences of the speech. If you want to know I can tell you that I have given him little more time than he has taken from your Party so that he may finish his sentence. Unfortunately it is my experience that it becomes difficult for me to pursuade the honourable members to finish their speeches.

#### Shri Nikhil Das:

এ সম্বন্ধে আমি আর্গপল কর্রাছ আপনাব কাছে।

#### Mr. Speaker:

আপনিও সবসময় এসে আমার কাছ থেকে টাইম নিরে বান। আপনার এটা বলা মানার না।

# Dr. Kanai Lai Bhattacharya:

কোন মেন্বারের বন্ধৃতার শেষ সেন্টেন্সটা শেষ হবার আগেই মাইকটা বন্ধ করে দেওয়া বেড্রে পারে, এরকম প্রিসিডেন্ট নেই। আপনি ট ইম দিয়েছেন সেন্টেন্সটা শেষ করতে, অথচ মাইকটা বন্ধ হয়ে গেল।

Mr. Speaker: How can I do it, if the honourable members do not attend to it. As an old member Mr. Bhattacharyya knows it. I personally requested him to finish his speech.

#### Shri Nikhil Das:

এপ্রাল স্বীকার করছি, তবে সেন্টেস্সটা শেষ করতে দেওয়া উচিত।

Mr. Speaker: After all, all are old members.. Rather I am a new comer here.

### Shri Ananga Mohan Das:

মাননীর অধ্যক্ষ মহোদর, আমি আজকে এই যে রেভেনিউ বাজেট এখানে উপস্থিত করা হয়েছে, ভাকে সমর্থন করছি এবং অন্রোধ করছি আমাদের হাউসের ও পক্ষের সদস্যরা যেসমস্ত কাট মোশন এনেছেন, তা তাঁরা প্রত্যাহার করে নিন। কেন আমি একথা বলছি? তার কারণ হচ্ছে এই যে বাজেট, এটা একটা রেভেনিউ আনিং বাজেট।

আমরা এ পর্যন্ত যে কয়টি বাজেট আলোচনা করেছি, সেগালি হচ্ছে খরচের বাজেট। আচ্চকের এখন যে বাজেট আলোচনা হচ্ছে, এ রেভিনিউ আর্ন করবে; এবং এই আর্ন করবার ষেসমস্ত পথ আছে, সেটা হচ্ছে সাক্ষাং বা প্রতাক্ষ; এবং এই প্রতাক্ষ করের একমার বড় সম্বল হচ্ছে রেভিনিউ আদায় করা। কাজেই রেভিনিউ আদায় করা উচিত এবং এই রেভেনিউ আদায় করবার জনা যে খরচের বরান্দ চাওয়া হয়েছে, তা দেওয়া উচিত। তবে অবশ্য এ সম্বশ্যে আলোচনা করা যেতে পারে এবং কোথায় কি অস্ক্রবিধা হচ্ছে বা না হচ্ছে, সেই সমস্ত বিষয়ের উপর আলোচনা, সমালোচনা করা যেতে পারে।

আমি করেকটি বিষয় মাননীয় মল্টিমহাশ্যের কাছে এটা আলোচনার জন্য উপস্থিত করছি। আরের দিক দিরে রেভিনিউ সাইডএ বলা হচ্ছে যে, রয়্যালটিজ অফ মাইনস অ্যান্ড মিনার্যালসএ ৬ লক্ষ টাকা ধরা হয়েছে. এটা ঠিক কথা এবং কোয়ারী থেকে, মাইন্স আন্ড মিনার্যাল্স থেকে আয় হবে ঠিক কথা। কিন্তু এই যে আয়, এই অয়টা কোথা থেকে হয়? রোড মেটিরিয়াল্স, যা দিয়ে রাস্টা তৈরি করা হয়, তার মেটিরয়ালস এই মাইন থেকে নেওয়া হয়। কিন্তু এইসব মেটিরয়াল্স নেবার সময় দেখা যায় যে, লোক্যাল বিভিজ্ন ও মিউনিসিপালিটিজ বখন মেটিরয়াল্সএর জন্য চেন্টা করেন, তাঁদের যে হয়রানিতে পড়তে হয়, এবং বহুরকম ফর্ম্যালিটিজএর মাঝখানে যেতে হয়, তার ফলে যথাসময় রাস্টা হওয়ায় অস্ক্রিয়া হয়। সেইজনা আমি মাননীয় মিল্মহাশয়কে অন্রোধ করছি এমনভাবে এই র্লটা সংশোধন করে নিন, বাতে মাল সত্বর পাওয়া যায় এবং রাস্টা তৈরি ও মেরামত যথাসময় করতে পারা যায়। তানা হলে এই রয়্যালটির আয়, আয়ই থেকে যাবে, যেজনা রয়্যালটি দেওয়া হছে যে, সেখান থেকে মেটিরয়্যাল্স পাওয়া যাবে, সেই মেটিরয়্যাল্সএর অভাবে রাস্টা তৈরি করা যাবে না।

তারপরে হচ্ছে ফিসারি এবং ফেরি থেকে আর। এই আর আরও ভাল হওরা উচিত।
আমাদের পশ্চিম বাংলার বেসমস্ত প্রুক্তিরণী আছে সেই সমস্ত প্রুক্তরিণীকৈ লিজ দিরে আর
হওরা উচিত সে বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু ষেসমস্ত খাল ও নালা আছে, তাকে যে
লিজ দেওরা হচ্ছে মাছ ধরার জনা, সেখানে মহা মুশকিলের কথা, যে খাল দিরে জল মাঠে ঢোকে
এবং বেরিরে বার। সেখানে যদি পাড় তৈরি করে ঐ জল আটকানো বার, তা হলে বথাসমর
জল বেরোর না এবং ফসলও নন্ট হয় না। কারণ, আমরা বিভিন্ন সময় লক্ষ্য করে দোর্থছি এই
রক্ম অস্ক্রবিষা স্থিত হয়। কাজেই বড় বড় খাল বা যে বিল বেখান থেকে মাঠে বা ঝিলে জল
ঢোকে ও বেরিরের বার, সেগালি বেন বন্দোবন্ত দিরে মংস্য আরের জন্য, জলকর আরের জন্য,
বিলি করা না হর, এইটা আমি তাঁর কাছে অনুরোধ জানাছি। এটা আমি আরের দিকে বললাম।

এবার আমি ব্যরের দিকে বলছি। আমরা দেখছি ব্যরের মধ্যে ধরা হরেছে মোট আর বেখানে এক্স-ক্ষামণারি, রায়তদের কাছ থেকে আর ছিল ৬ কোটি ৩৭ লক্ষ ৪৪ হাজার টাকা, সেখানে খরচ হক্ষে ০ কোটি ৩ লক্ষ্ ২৪ হাজার টাকা। এই যে বিরাট আর এর মধ্যে অন্য জিনিসও আছে। এই আয় রিয়ালাইজ করবার জন্য যে শ্বে ০ কোটি টাকার উপর ধরচ হচ্ছে তা নর, প্রকৃত ধারা এই আয় আদায় করে তাদের জনা মাত ৫৫ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। তহশিলদার. যারা নিচের লোক, তারাই ত খাজনা অন্দায় করে। তাদের উপরের লোকরা শুধুমাত সুপার-ভিশন করেন। যেমন এ ডি এম, জে এল আর ও, এস এল আর ও তাঁরা স্পারভাইজ করেন এবং তাদের মাইনে ইত্যাদি বাবত অনেকগুলি টাকা চলে যাচছে। এই যে এতগুলি টাকা খরচ হচ্ছে, অর্থাৎ প্রায় এক কোটি টাকার উপর থরচ হয়ে যাচ্ছে এই সমস্ত ব্যাপারের জন্য। কিন্ত বেচারি তহশিলদার যারা গ্রামে গ্রামে ঘুরে নানারকমভাবের অস্ক্রবিধা ও কন্টের মধ্যে পড়ে খাজনার টাকা আদায় করছে, তাদের জন্য মাত্র ৫৫ লক্ষ টাকা বরান্দ করা হয়েছে। তাদের মাইনে অত্যন্ত কম এবং অন্যাদিকে তাদের হয়রানিও যথেষ্ট আছে। তারপর সেখানে একটা নিয়মু আছে, এ'রা যথন খাজনা আদায় করবেন, তা আদায় ক'রে সেই খাজনার টাকা মনি অর্ডার করে জমা দিতে হবে নিজের খরচায়। এ কি রকম ব্যাপার? সে সরকারের খাজনার টাকা আদার করবে, সেই খাজনা আদায়ের টাকা থেকে মনি অর্ডার কমিশনএর ধরচ কেটে নিতে সে পারবে না। তাকে না হয় আলাদা টাকা দেওয়া হোক মনি অর্ডার খরচের জন্য. তাও দেওয়া হবে না। কাজেই তাদের নিজের পকেট থেকে খরচ করে মনি অর্ডার করতে হবে। এ কি রকম অশ্ভূত বাবস্থা, তা আমরা ব্রুতে পারি না। বেচারী তহশীলদার এত খেটে কল্ট করে যে টাকা আদায় করে, তার উপর সে অলপ টাকা কমিশন পাবে, সেখানে আবার তার উপর যদি এইরকম সব ব্যবস্থা রাথা হয়, তা হলে তাতে আয়ের স্ক্রিধা হতে পারে না এবং অনেক ক্ষেত্রে দেখা যায়, তহশীলদারদের গাফিলতি থানিকটা এইসব কারণে হয়। সূতরাং তহশীলদারদের যেসব নানা রকম অসুবিধা আছে সেগালি দেখা উচিত এবং এই যে আদার করে টাকা জমা দেওয়ার খরচা সেটা যাতে তাদের দিতে না হয়, তার ব্যবস্থা করা উচিত।

তারপর হচ্ছে এই যে আদায় খরচা তিন কোটি টাকা, সেই তিন কোটি টাকার মধ্যে কম্পেন-সেশন দেওয়ার জন্য খরচা ধরা হয়েছে ১ কোটি ১৬ লক্ষ টাকা। গত বছর কপেনসেশন দেওয়া হয়েদে কত দেখা যাক। আমরা দেখতে পাচ্ছি যে, আরিজন্যাল বাজেটে ১৯৬২ সালে কম্পেনসেশনএর জন্য টাকা ধরা হয়েছিল ৪ কোটি ৪৩ লক্ষ। অর্থাং এই টাকা তখন দেবার কথা হয়েছিল। কিন্তু আাকচুয়্যালি ৩ কোটি টাকা দেওয়া হয়েছে। এই ৩ কোটি টাকা কম্পেনসেশন দিতে গিয়ে র্যাদ ১ কোটি টাকার উপর সেখানে খরচ হয়, তা হলে আমরা ত এই আাডামিনস্মেশনকে ভাল বলতে পারি না। কম্পেনসেশনএর টাকা দিলাম তিন কোটি টাকা, আর তা দেবার জনা খরচ হল এক কোটি টাকা, এ কি রকম ব্যবস্থা।

[4-10-4-20 p.m.]

কাজেই খরচা কি করে কমানো যায় এটা বিবেচনা করে দেখন। আর মিল্মহাশায়কে অন্বোধ করছি তিনি যেন দেখন তাদের যে কম্পেনসেশন দেবার কারদাকান্দ্র সেগলে বে কম্পেনসেশন দেবার কারদাকান্দ্র সেগলে যেন সহজ করে দেন। এর জন্য যে বিরাট একটা কর্মচারীর বহর এই বহর রাখার কি আবশাক তা বোঝা যাছে না। তারপর এই কম্পেনসেশন কিন্তাবে দেওয়া হছে দেখন। কম্পেনসেশন দেওয়া হছে চম্প্রন। কম্পেনসেশন দেওয়া হছে ১৯৫৯ সাল থেকে আরম্ভ করে আজ পর্যান্ত কম্পেনসেশন মোট দেওয়া হয়েছে ৭ কোটি ২৭ লক্ষ্ণ টাকা। এটা নিশ্চয়ই মনে হছে এর ৯০ ভাগ টাকা ঐ আডে-ইন্টারিম কম্পেনসেশন। আডে-ইন্টারিম কম্পেনসেশন মানে হছে বড় বড় জোতদার, বড় বড় জমিদার, যারা অন্তর্বতীকালীন টাকার জন্য দরখান্ত করেছে তাদের দেওয়া হছেছ। কল্ছে এই কয় বৎসর ধরে শুধু ঐ বড় জমিদারদেরই টাকা দেওয়া হয়েছে। কিন্তু গরিব জোতদার জমিদার বারা সামান্য করেক টাকা পাবে, যারা হয়ত ৫০০।৭০০।১,০০০ টাকা পাবে তারা আজ পর্যান্ত এক পরসাও পার নি। তা হলে আমরা কি বুঝা যে, গরিবের প্রতি দর্মদ

सिथात्ना हरू । आप्रता **এ**ইটাই निरम्य क'रत अन्द्रताथ हत्रन के गतिन स्वाजनात, बास्पत अन्यन ট্র সামান্য করেকটি টাকা যা পাওয়া পেলে তারা হরত কিছু করে খেতে পারত, সংসার চালাতে পারত তা হচ্ছে না। অথচ বড় জমিদারদের আডে-ইন্টারিম কন্পেনসেশন বা দেওয়া হচ্ছে जारकरे भव भक्ता राख वास्क्। स्मरेकना जामि विस्तिना कतरू वर्नाह स्व, **এरे जवन्था**णे स्वन না হয় সেটা আবার ভাল করে দেখন। আর হচ্ছে একট্ আগে বর্গাদারদের কথা উঠেছে। বর্গাদাররা সতিটেই উচ্ছেদ হচ্ছে। আমার বন্ধব্য এখানে কিছু আছে। আমার বন্ধব্য হচ্ছে ষেমন জ্যোতদাররা কিছু কিছু খারাপ আছে, বিভিন্ন জায়গায় আমরা দেখেছি কিছু কিছু জ্যোতদার খারাপ আছে, তারা বদ লোক সাত্যিই। তারা বর্গাদারদের উচ্ছেদ করতে চায় সেটার আমরা দ্যু স্বরে প্রতিবাদ করি। কিন্তু অনেক জোতদার আছে তারা সতিটে ভা**ল লোক। যেখানে** *বর্গাদা*র আর জোতদারদের মধ্যে কোন বিরোধ ছিল না সেখানে বিরোধ লাগিয়েছে ততীয় প**ক**। ততীয় পক্ষের লোকেরা গিয়ে সেখানে তাদের এমন উম্কাচ্ছে, তাদের বলছে যে, তোমরা যদি জুমির দুখলটা না ছাড়. ঠিকমত টাইমে ধান না দাও, তা হলে এই জুমি কালক্সমে তোমাদের হরে ষাবে। এইভাবে তাদের উস্কান হচ্ছে এবং উস্কিয়ে উস্কিয়ে গোলমাল স্থান্ট করা হচ্ছে এবং এর ফলে বেচারা বর্গাদাররা ভিক্তিমাইজ হয়ে যাচ্ছে, তারা উচ্ছেদ হয়ে যাচ্ছে। কাজেই এই ষে উচ্ছেদ হচ্ছে এই উচ্ছেদের জন্য গভর্নমেন্ট দায়ী নয়, জোতদাররাও দায়ী নয়, দায়ী হচ্ছে ঐ ততীয় পক্ষ যারা লাল ঝান্ডা নিয়ে চাষীদের একত্রিত করে এবং তাদের উৎসাহিত **করে** যে, তোমরা এগিয়ে চল তারাই প্রধানত দায়ী, এই আমার বন্তব্য। আর এখানে আর একটা কথা হচ্ছে এই যে, জমি বন্টন সন্বন্ধে আমার বলার কথা হচ্ছে আপনারা যে কমিটি করছেন সেই কমিটি কি করবে না করবে জানি না, কিল্ডু প্রিল্সিপ্ল কতগলে ঠিক কর্ন। **কি রক্ষ** ধরনের লোককে জাম দেবেন? ভূমিহীন লোক বহু আছে সমস্ত লোককে আপনি জাম দিতে পারেন না, যতই জমি পান তা দিতে পারবেন না। কারণ, এই বাংলাদেশে যেখানে প্রতি বর্গ-মাইলে লোকসংখ্যা প্রায় এক হাজার সেখানে জমি হচ্ছে অত্যন্ত কম এবং কত জমিই বা পাবেন। কাজেই একটা নীতি ঠিক করতে হবে। সেই নীতি যদি ঠিক করতে না পারেন তা হ**লে** কমিটি ষত ভাল করেই গঠন কর<sub>ে</sub>ন না কেন, তাতে কোন ফল হবে না। আগে নীতি ঠি**ক** করতে হবে এই যে যারা প্রকৃত চাষী তাদেরই জমি দেওয়া হোক। যারা প্রকৃত চাষ করে এবং চাষে যাদের দরদ আছে এবং চাষে যাদের আগ্রহ আছে তাদেরই দেওয়া হোক। **এই কথা** বলে আমি আমার বক্তবা শেষ করছি।

Shri Mohammad Israil: Mr. Speaker, Sir, on a point of personal explanation.

Mr. Speaker: You have already given personal explanation.

Kumar Jagadish Chandra Sinha: Sir, on a point of personal explanation.
আমি হাউসএ ছিলাম না—শূনলাম শ্রীকমল গৃহ বলেছেন যে, আমি সমস্ত কমপেলসেসনএর
টাকা পেরেছি জমিদারি অ্যাবলিশনের পরে। এখানে রাজস্বমন্ত্রী আছেন। তিনি বলতে
পারেন আমি অ্যাড ইন্টারিম টাকা এক পরসাও পাই নি—পুরা টাকার কোন কথাই তাই ওঠে না।

Shri Birendra Narayan Roy: On a point of order.

#### Mr. Speaker:

উনি পারসোন্যাল এক্সল্যানেশন দিলেন—এর পরে পরেন্ট অফ অর্ডার কি হতে পারে?

Shri Birendra Narayan Roy: On a point of privilege. কোন সদস্য কি ট্রেজারি বেণ্ড থেকে বস্তব্য বলতে পারেন?

#### Mr. Speaker:

প্পীকারএর চেয়ার থেকে ছাড়া অন্য যে কোন জায়গা থেকে বলতে পারেন। উনি ডিবেটএরু 🐔 কিছ**ু বলেন নি—পারসোন্যাল এক্সপ্যানেশন দিয়েছেন। আমার মনে হন্ন এখানে কেন্তি** কোরেন্ডেন উঠে না।

Now, Shri Jaleswar Hansda will speak.

### Shri Jaleswar Hansda:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ কংসাবতী পরিকল্পনার জন্য যে জমি গ্রহণ করা হ**রেছে** সে সম্পর্কে কয়েকটি কথা মাননীয় মল্তিমহাশয়কে জানাতে চাই। এই পরিকল্পনার জন্য বে ৪৫ বর্গমাইল জমি গ্রহণ করা হয়েছে সেখানকার জনসাধারণ কতথানি জমি থেকে বণ্ডিত হয়েছে ভা নিশ্চরই মন্তিমহাশর অবগত আছেন। সেখানে বহু সম্পত্তি এবং বহু বাস্তৃভিটা আমাদের এই পরিকল্পনার জনা গ্রহণ করা হয়েছে। সেখানে আমি দেখছি বর্তমানে বহু, লোক উন্নাস্ত হওয়ার জন্য জমির দাম অত্যান্ত বেশি হয়েছে এবং যে পরিমাণ ক্ষতিপরেণ তাদের দেওয়া হচ্ছে ভাতে তাদের প্রনর্বাসনের জন্য জমি ক্রয় করা সম্ভব হচ্ছে না এবং অনেকে প্রনর্বাসনের জন্য গুদিকে জুমি কিনতে পেরেছেন আবার অনেকে পারছেন না। যে সামান্য টাকা পাচ্ছেন তাতে জুমি কেনা সুম্ভব হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে তাই জানাতে চাই যে, বাতে জুমির মূল্য তাদের ঠিক্মতভাবে দেওয়া হয় তাদের প্রনর্বাসনের বাবস্থা করে দেওয়া হয় তার বাবস্থা যেন তিনি করেন। এখনে আমি দেখছি অনেক মৌজায় গ্রহণ করা হয়েছে ধানী জমি—এগর্লি নিয়ে মাতু যেটা ডাপ্সা জমি—যেটা অকুষি জমি বা বাস্তুভিটা সেটা বাদ দেওয়া হচ্ছে, অথচ ভাদের সেখান থেকে চলে যেতে হবে। আমার বন্তব্য সেই সমস্ত জায়গা-জমি যেন সরকার গ্রহণ করেন। এ ছাড়া অতীতে যেসমস্ত জায়গায় জঞাল ছিল বর্তমানে যেগালি জমি হয়েছে এবং উন্নত করা হয়েছে অথচ সেই সমস্ত জমির দাম চাযাদের দেওয়া হয় নি সেদিকে দ্ভিট দেওয়া দরকার। তার একটা দৃষ্টানত গন্ধপরে মৌজায় ৩১৩ দাগ—সেখানে ধানী ফসল ফলৈ। আগে জন্সল ছিল এখন সেখানে ফসল ফলছে সেটার দাম এখনও দেওয়া হয় নি। সেটাকে জ্বজাল বলে বাদ দেওয়া হয়েছে।

[4-20-4-30 p.m.]

এজনা আমি মল্মিমহাশয়কে জানাতে চাই এই সমস্ত অস্ববিধা যা চাষীদের মধ্যে রয়েছে তার কথা তিনি যেন বিবেচনা করেন। এ ছাড়া আমার বন্তব্য হচ্ছে, সেখানে যারা উদ্বাস্তু হয়েছে ভারা ক্ষতিপূরণ পেয়ে অন্য জায়গা কেনবার চেন্টা করছে—তারা শুধু ভেন্স্টেড জুমি যা বি ফরম্র বিতরণ করে দেওয়া হয়েছে সেই জমিই কেনবার চেণ্টা করছে এবং তার জন্য মৌথিক বন্দোবন্ত করছে কোন রকম রেজেন্টি করে দেওয়া হচ্ছে না। কার্জেই আমার মনে হয় এই সমুহত জুমি যদি সরকারের দখলে আসে তা হলে যেসমুহত উদ্বাহত ভূমিহান কৃষক কম টাকা পেয়েছে তাদের পুনর্বাসন করতে পারা যেত। কিন্তু তার জন্য কোনরকম ব্যবস্থা করা হর নি। আমি মনে করি ইমার্জেন্সি হিসাবে এটা করা প্রয়োজন। আমি লক্ষ্য করেছি এই সমস্ত জমি সরকার এক বংসরের জন্য ব্যবস্থা করছেন। আবার যারা গরিব চাষী তাদের মধ্যে এই সমস্ত জমি দেওয়া হয় নি, যাদের জায়গা জমি রয়েছে, যাদের অভাব নাই তাদেরই দেওয়া হচ্চে। এই ব্যাপারে দণ্টি দেবার জন্য আমি রাজস্বমন্দ্রীকে অনুরোধ জানাব। এ ছাড়া আমার বন্ধবা, যেসমুহত জুমির জুমিদার ও মধ্যাস্বত্বাধিকারী বি ফরম বিতরণ করতে পারেন নি যথাসময়ে তাদের জমিও ভেন্টেড বলে দেখানো হয়েছে—তার জন্য ক্ষতিপরেণও দেওয়া হয় নি। এটা যাতে সংশোধন করা যায় তার জনা আমি মাননীয় মল্তিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া বর্তমানে কোন একটা সম্পত্তি খণ্ড খণ্ডভাবে ক্ষতিপরেণ দেওয়া হচ্ছে। আমার মনে হর সমস্ত ক্ষতিপ্রেণ একসংশ্য দেওয়া হলে পর পুনর্বাসনের ব্যবস্থা ভাল হবে। এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

# Shri Ananta Kumar Baidya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব খাতে বায়বরান্দ সমর্থন করতে উঠে আমি আমার বিরোধী দলের করেকজন বন্ধ্ব যেসমস্ত প্রস্কাব এখানে করেছেন, সেই সম্বন্ধে করেকটা কথা বলতে চাই। আমাদের করেকজন বন্ধ্ব এর আগে বলেছেন বে, ভূমিসংস্কার আইন একেবারে বার্থ হরেছে। আমার মনে হয় এই হাউস বিশেষ বিচার বিবেচনা করে ভূমি সংস্কার আইন প্রণয়ন করার পর ধারাবাহিকভাবে তার বিধানগর্নাল কার্যকরী করা হচ্ছে। এই ক্ষেত্রে ভূমি সংস্কার আইন একেবারে বার্থ হয়ে গিয়েছে, এই কথা বলার কোন ব্যক্তি আছে বলে আমি মনে করি না। আমাদের করেকজন বন্ধ্ব এবারে এবং গত সেসনে অভিযোগ করেছিলেন বে, আমাদের দেশের সমস্ত ভাগচাবীরা বেআইনীভাবে উচ্ছেদ হরে

<sub>হাচ্চে</sub>। এবং <mark>কংগ্রেস পক্ষের লোকে</mark>রা ভাগচাষ বোর্ডের সঞ্গে বোগসা**জসে চারীদের** বেআইনীভাবে উচ্ছেদ করছে। স্যার, আমি স্কুলরবন এলাকার প্রতিনিধি এবং আমার এলাকা সম্পূর্ণ কৃষি এলাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যে, আমাদের ওখানে ভাগ-<sub>চাষ্ট</sub> আন্দোলন ধখন হয়েছিল কতকগ**্**লি বামপন্থী দল এই ভাগচাষ আন্দোর্লন করেই তাদের সংগঠন গড়ে তুর্লেছিল। যাদের অনেক বেশি জমি আছে এবং যারাই বেশি জমির মালিক তারাই এই বামপন্থীদের দলে ছিল। তথন দেখলাম সেই সমস্ত জমির মালিক, যাদের বেশি ক্রমি আছে তারা নিজেদের নামে—যখন জমিদারি উচ্ছেদ হল তার আগে জমিদার থাকাকালীন তাদের জমি জোর করে দখল করে আটকে রেখেছেন, তারপর যখন সেটেলমেণ্ট এল তখন ম্বনামে হউক আর বেনামে হউক জমি দখল করে নিলেন। এখন পর্যান্ত আমরা দে**র্থাছ** গোসাবা ইউনিয়নে সবচেয়ে বেশি বৰ্গা জমি আছে এবং সেখানে আর এস পি দ**লের প্রাধান্য** এখনও রয়েছে এবং এই আর এস পি দলের হাতেই এখন পর্য*ন*ত সবচেয়ে বোল জাম আছে—একথা আমি প্রমাণ করে দেব। সেখানে ভামহীনরা এখনও ক্রমি পায় নি। সেখানে এই অবস্থা তাঁরা করছেন যে, যেখানে সরকারের প্রচলিত নিয়ম **আছে** ষে, পারমিট নিতে হয়, সেখানে আমরা শ্রনেছি তাঁরা পারমিট না নিয়ে এমনি চাষ করে বাচ্ছেন বখন ইচ্ছা খাজনা দিচ্ছেন এবং তহশীলদারেরাও খাজনা নিচ্ছেন এই **অবস্থা চলছে. আমি** মাননীয় মন্ত্রিমহাশয়ের এবিষয়ে দুট্টি অক্ষণি করতে চাই। মাননীয় স্পীকার মহাশয়, আর-<u>একটি ঘটনার কথা বলি। আমানের ওখানে ৩১ জন চাষী পার্রামট পেয়েছেন। ধান কাটা হয়েছে.</u> ধান কাটার পর দেখা গেল অসাধ, কর্মচারীদের সঙ্গে যোগসাজসে—এটা আমি অস্বীকার করি না যে, প্রত্যেক দণ্ডরে কিছু, কিছু, অসাধু, কর্মচারী আছে, ঐ ৩১ জন চাষী তাঁরা যেসমুস্ত খাজনা দিয়েছেন তার রসিদ বাতিল করে দেওয়া হল এই বলে নোটিস ইস, করা হল। এই সমুহত ঘটনা আমরা দেখেছি। দ্রগাপুরী মহাশয় কাতলা চীনা আমাদের দেশে আ**ছেন তার** কথা বলেছেন, বোয়াল চীনাও আছেন সেটা কেউ অস্বীকার করবেন না। যাই হউক **আছ** মনোরঞ্জনবাব, আজ এখানে একটা প্রস্তাব রেখেছেন যে, আমাদের অনেক চাষী যাদের ভাগচাষে রেকর্ড হয়েছে তাদের যখন ভূমি বণ্টন করা হবে তাদের প্রথকভাবে বিবেচনা করার দাবী তিনি করেছেন। তিনি যদি এই কথাই বলে থাকেন যে যাদের জাম ভাগচাষে রেকর্ড করা আছে তাদের জাম যেন থাকে। তাহলে আমি বলবো যারা ভূমিহানি তারা জামি পাবে কিনা আমার সন্দেহ আছে। কেন না ভাগচাষ বোর্ডে কিভাবে রেকর্ড করা হয়েছে সেটা সবাই জানেন। বেশার ভাগ ক্ষেত্রে ভাগচায রেকর্ড হয়েছে যাদের বেশী জমি আছে। সেখানে আমার প্রস্তাব তেমানে যে প্রচলিত নিয়ম আছে যে অস্থায়িভাবে জমি বণ্টন করা হয় তাতে ৫ **একরের** বেশী জমি যাদের আছে তাকে সরকারী জমি দেওয়া হবে না।

### [4-30-4-40 p.m.]

ও একর পর্যান্ত একজন চার্যাকৈ সরকারী জান দেওয়া হবে। আমাদের দেশে খাস জান এবং ভূমিহীন লোকের সংখ্যা অনুপাতে দেখতে পাই খাস জান খবে কম। আমি প্রস্তাব করি যে ন্তন করে যখন ভূমি বল্টনের বাবস্থা করা হবে তখন ৫ একর জায়গায় কোন চার্যাকে না দিয়ে ৩ একরের বেশা সরকারী জান যেন না দেওয়া হয়। এই বাবস্থা করার জন্য আমি মানিমহাশয়ের দ্বিট আকর্ষণ করবো। আমাদের দেশে উৎপাদন ব্রিথ করা খ্ব প্রয়োজন। আমরাদেরতে পাই ৫ একর জান মানে ১৫ বিঘা জান। এই ১৫ বিঘা জান একজন চার্যার পক্ষে একখানা লাখ্যল দিয়ে খ্ব ভালভাবে চাষ করা হয় না। এবং সেখানে উৎপাদন ব্যাহত হয়। ন্তরাং এই ৫ একরের জায়গায় যদি ৩ একর জায়গা দেওয়া হয় তাহলে উৎপাদন ব্যাহত হয়। মৃতরাং এই ৫ একরের জায়গায় যদি ৩ একর জায়গা দেওয়া হয় তাহলে উৎপাদন ব্যাহত হয়। মৃতরাং এই ৫ একরের জায়গায় যদি ৩ একর জায়গা দেওয়া হয় তাহলে উৎপাদন ব্যাহত হয়। মৃতরান আছে। এর পর আপনার মাধ্যমে মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয়ের দ্বিট আকর্মণ করি যে আমি দেখতে পাই যে আমাদের এই সমস্ত এলাকায় বহু ক্যাযোগ্য জান এখনও পড়ে আছে—সেই জমিগ্রলোর চর ভরাট হয়েছে। এই রকম হাজার হাজার বিঘা জামি আছে। এইসব জমিগ্রলাকে যদি বাধ দিয়ে সেখানে চার্যাদের বন্দোবস্ত দেওয়া হয় যে কোন শর্তে চাহলে সেখানে ভূমিহীন চার্যা প্রতিপালিত হবে। উৎপাদনও বাড়বে এবং সরকারের রাজস্ব বাড়বে। এই ব্যবস্থা যেন করা হয়। আমি আমার এই প্রস্তাবর্গলো রেখে ভূমি-রাজস্ব খাতে ব বায় বরান্দ করেছেন সেটা সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বন্তব্য শেষ করিছ।

Shri Syed Kazim Ali Meerza: On a point of personal explanation, Sir. I learn that the honourable member Shri Shambhu Gopal Dus has mentioned that I possess quite an enormous quantity of land. It is not at all true.

The quantity of land that I possess is what was permissible under the Estates Acquisition Act. It is well-known that we had extensive zamindaries in West Bengal. But the quantity of land that we possess is what was permissible under the Estates Acquisition Act.

### Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, জমিদারী প্রথা উচ্ছেদের সময় বাংলাদেশের কৃষক জনসাধারণ চিন্তা করেছিল এবং তারা একটা আশা করেছিল যে ভূমি ব্যবস্থার একটা আমূল পরিবর্তন হবে। ভূমিহান কৃষক জ্মি পাবে—দরিদ কৃষক জ্মির খাজনা থেকে রেহাই পাবে। কিন্ত ফল হোল উল্টো। বর্তমানে আপনি যে দরিদ্র কৃষকের স্বার্থ রক্ষা করছেন না—ভ্রমিদার জ্যোতদারদের <del>স্বার্থ রক্ষা</del> করছেন এটা বেশ পরিব্দার বোঝা যায়। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনু<u>রো</u>ধ করবো। হয়ত আমার অনুরোধ তিনি রক্ষা করতে পারবেন না কি·তু তা সত্ত্বেভ আমার না বলে কোন উপায় নেই যে বড় বড় জমিদারের কোটি কোটি টাকা আপনারা ক্ষতিপরেণ দিয়েছেন ছোট জমিদারদের দেন নি। কিন্তু বড় বড় জমিদার তাদের ক্ষতিপরেণ না দিয়ে সেই টাকা বদি দেশের ইন্ডাম্মিতে নিয়ত্ত করতেন তা হলে দেশে বেকার সমস্যার সমাধান হত। অহেতৃক এই ট্যাব্রের বোঝা সাধারণ মানুষকে টানতে হত না। সেজন্য আমি বলছি যে, বড বড জমিদারদের ক্ষতিপ্রেণ দেওয়া বন্ধ কর্ন এবং সেই টাকায় ইন্ডাস্ট্রি ডেভেলপ কর্ন। জমিদারদের সেই ইন্ডাস্ট্রিতে শেয়ার দিন এবং তাহলে তারা আন্তে আন্তে ক্ষতিপরেণ পারে এবং বাংলাদেশের মান্যে বাঁচবে। আমার দ্বিতীয় কথা এই যে বনাবিধানত অঞ্চলে ১৩৬৬ সালে আপনারা খাজনা মকুব করার নির্দেশ দিয়েছিলেন সেই নির্দেশের সঙ্গে শর্ত ছিল যে, **হাল বকেয়া শোধ করে দিলে তবে সে মকুব পাবে। সেজনা অধিকাংশ গরিব যারা তারা এ** সুযোগ গ্রহণ করতে পারেন নি। কিন্তু এ বংসর দেশরক্ষা বাবস্থার জনা সমুস্ত কুষক বন্যা-বিধ<sub>র</sub>স্ত অণ্ডলে তারা সম্পূর্ণ খাজনা হাল বকেয়া মিটিয়ে দিয়েছে। সেজনা অনুরোধ করত **ষাতে বন্যাবিধ<sub>ন</sub>স্ত অঞ্চলে জনসাধারণের যেখানে খাজনা মকুব করবার অর্ডার দিয়েছেন আবার যাতে ১৩৬৬ সালের খাজনা মকুব পায় সেই রকম ঘোষণা করে সেই সংবাদ সেখানে পাঠিয়ে** 

আমার ততীয় কথা হচ্ছে, আপনি নিয়ম অনুযায়ী একটা রেন্টাল রেট তৈরি করুন। ৫ একর পর্যন্ত জমির মালিক যারা তারা ঘাটতি কৃষক। এই ৫ একর সম্পত্তি যার আছে তাদের খাজন। **মকুব করে জমবর্ধমান হারে ট্যাক্সের নীতি আপনি ঠিক কর**েন। এই না হলে সমাজতানিক **ধাঁ**চে সমাজ গঠনের কথা কোন মানে হয় না। ঘাটতি কুষকদের খাজনা বার্ডতি কুষকের সেই **পাজনা হবে এটা সম্পূর্ণ অন্যায়।** খাজনা অংদায়ের জন্য একজন তহশীলদার থাকেন। আবার ময়রাক্ষী এলাকায় জলকর আদায়ের জনা একজন তহশীলদার এই প্রথা রহিত করে একজন তহশীলদারের উপর থাজনা আদায়ের ভার দিন। তার কারণ আমরা দেখছি ময়ুরাক্ষী এলাকার যেসমুহত জলকরের নোটিস হয়েছে সেই রেটগুলো ঠিক নয়। কোন্ দাগে কে কত জল পেয়েছে সেটা ঠিক নয়। সেজনা মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে খাজনা এবং জলকর একজন তহশীলদারের উপর ভার দিন। ভূমিরাজম্ব আদায় সম্পর্কে চূড়ান্ত অব্যবস্থার কথা ইতি-প্রে মাননীয় সদস্য অনুধ্যবাব, বলে গেছেন। তার কারণ, তহশীলদারদের আপনারা ২৭ টাকা মাইনে দেন-তাদের না আছে বসবার জায়গা, না আছে কাছারী—না আছে কিছু। অথচ তারা স্পেটের সবচেয়ে বেশি কাজ করে এবং তারা বাড়ি বাড়ি ঘুরে কাজ করে। তারা বসবার চট পায় না-কাগজপতের বাক্স নেই। আপনারা পিওনের মাইনে দেন ২৫ টাকা। দেশে দারিদ্র আছে বেকারী আছে। আপনারা চার পাঁচ টাকায় লোক পাবেন কিন্তু একটা মানবিক কর্তব্য আপনাদের থাকা দরকার। একজন তহশীলদার স্টেটের ভাইটাল ওআর্ক করছে তাকে মাইনে দিচ্ছেন ২৭ টাকা। একজন এল ডি সি কে কি এই মাইনে দেই ? এই মাইনে কি তাদের মানায়—এটা সম্পূর্ণ অন্যায়, সেজন্য অনুরোধ করব যাতে তারা এল ডি সি-র মাইনে পায় তার ব্যবস্থা করুন এবং একজন পিওনকে দিনে এক টাকা করে দিন। এখন জে এল আর ও অফিসের একটা বিরাট চক্র রয়েছে—এই চক্রে সাধারণ মানুষ টাকা না দিলে পাত্তা পাবার উপায় নেই। আমরা গেলে মিচ্টি কথায় সরিয়ে দেন। এই রকম অফিসার রাখার কোন দরকার নেই। তহশীলদার একাই সেই কাজ করতে পারেন। আপনাদের যদি চেক আপ করতে হয় ভাহলে

প্রত্যেক ধানায় ঐ জে এল আর ও এবং বি ডি ও তাঁরা চেক আপ করলেই এই কান্ত সুন্ধান্ত হতে পারে। সেজন্য আমি একটা সাজেসশন দিচ্ছি যে, আদায়ের জন্য প্রতি গ্রাম পণ্ডায়েতে একটা করে কাছারী কর্ন এবং সেখানে আদায় করার ব্যবস্থা কর্ন এবং সেখানে কিছু সাজসরস্কামের ব্যবস্থা কর্ন তা না হলে দণ্টর বগলে করে এখান থেকে ওখানে নিয়ে যেতে ইম্পর্ট্যান্ট দলিলপত্ত হারিয়ে যেতে পারে। সেজনা পণ্ডায়েত বিভাগের সঞ্চো সমন্বয় করে গ্রাম-পণ্ডায়েত, অণ্ডল-পণ্ডায়েত তিন-চারটা মৌজা ধরে একটা করে অফিস কর্ন এবং সেখান থেকে নির্মামত আদায়ের ব্যবস্থা কর্ন তা হলেই হবে এবং তহশীলদারের উপর জে এল আর ও, সি এল আর ও, ইন্সপেন্টর এই সমন্ত যারা এসে পড়ছে তাদের আনার কোন মানে হয় না। আমার মনে হয়, বি ডি ও-র ম্বারাই এইসব কাজ চলতে পারে।

আমার শেষকালে বন্ধবা হল এই. কুরে নদাঁর মোহনা অঞ্চলে, সেখানে বিল সংস্কারের জনা সেচবিভাগ থেকে টাকা মঞ্জার হয়েছে যে, নদাঁ সংস্কার করতে হবে। মোহনা সংস্কার করলে পর বর্ষার শেষে সেখানে ছাঁকা দিয়ে মাছ ধরবার সাবিধা হয়। সেইজনা টাকা মঞ্জার হচ্ছে আর আপনি বলছেন সেচবিভাগ যাতে নদাঁর মাখ বন্ধ হয়ে যায়, জলনিকাশের ব্যবস্থা যাতে নদাঁ হয়, তার ব্যবস্থা করছে। এই অব্যবস্থা অবিলাশে দ্রে করা প্রয়োজন বলে আমি মনে করি।

আমার এলাকায় আর একটি বিল আছে—নলহাটির বিল, সেই বিলে সরকারী খাস জমি ১.৪০০।১,৫০০ বিঘা রয়েছে। সেখানে হিন্দ্-মুসলমান সমসত কৃষক চাষ করছে। আজ কয়েক বছর ধরে একজন তহশালিদার সেখানে গিয়ে সমসত মুসলমান প্রজাদের উংখাত করে দিয়েছে। সেখানে তারা আর চাষ করতে পারে না। গারব তারা, নিজেদের জমি নাই, কণ্টেন্টে খার, সেখানে একটা মুসলমান চায়। নাই। সমসত হিন্দ চায়া সেখানে চায় করছে। এই যে সাম্প্রদায়িকভাবে জমি বিলি করা হয়েছে এটা অতানত অনাায় ও গহিতি বলে আমি মনে করি। এ সম্বন্ধে আপনি তদনত করবেন এবং তারপরে নলহাটি বিলের খাস জমি কো-অপারেটিভ করে যাতে হিন্দ্-মুসলমান সকলে চায়বাস করতে পারেন তার ব্যবহ্যা করবেন।

আর বর্তমানে বেসমুস্ত জমি রেললাইনের ধারে রয়েছে, সেই সমুস্ত জমি অকুষক বা মন্যান্য মধ্যবিত্ত চাকরীজীবীরা যাতে না পায় এবং দরিদ্র ভূমিহীন কুষ্করা যাতে সৈই জমি পায়। সেদিকে আপনার দুঞ্জি আকর্ষণ করছি।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মান্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দ্ডি আক্ষণ করছি

⊸বন্যাবিধ্বস্ত অঞ্জলের খাজনা প্রের্বি ন্যায় এবারও যেন মনুব করা হয়। গরিব কুষকরা যেন
সেই স্থোগ পায়। এই বলে আমি আমার বস্তব্য শেষ করছি।

# The Hon'ble Syamadas Bhattacharyya:

দাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তৃতা খ্ব মনোযোগ সহকারে শ্নেছি এবং থথাসাধ্য অলপ সময়ের মধ্যে তার উত্তর দেওয়ার আমি চেণ্টা করব। কারব ইতিমধ্যে মাননীয় দদস্যগণ অনেক সময় নিয়ে নিয়েছেন। হয়ত আর বেশিক্ষণ তাঁরা আমার উত্তর দেওয়ার জন্য থাকতে রাজী হবেন না। প্রথম কথা হচ্ছে, খণিও কেন কোন সদস্য গঠনমূলক দ্বিত্ব দিল্ফা সমসত সমস্যা বিচার করতে চেয়েছেন, তব্তু দৃঃখের বিদয় বিরোধী পক্ষের অনেক সদস্য এমন ব অভিযোগ এনেছেন যেগ্লি সঠিক নয় এখা যেসমস্ত অভিযোগ এখানে আনা সংগত বয় নাই। নাধারণ ভাবে যাকে বলে স্ইপিং রিমাক্সি—সেটা ছেড়ে দিতে পারি—যেমন কংগ্রেসী সরকারের মপদার্থতা অথবা কংগ্রেসী সরকার আগগোড়া দ্বাণিতিতে পরিপূর্ণ—এসব কথা আমি ছড়ে দিতে পারি। কারণ রুখ্ধ আরোশে ব্যর্থতার গুলানিতে এই সমস্ত কথা তাঁরা বলে ধাকেন।

## [এ ভয়েসঃ বার্থতা আপনাদের।]

কিল্ডু যথন আমাদের মাননীয় সদস্য শম্ভুগোপাল দাস মহাশয় একটির পর একটি মাননীর সদস্য যিনি অনুপঙ্গিত ছিলেন, তাঁর নামে অত্যুক্ত গ্রের্তর অভিযোগ আনলেন এবং তার প্রতিবাদ যখন হল, তখন তিনি কোন কথার প্রতিবাদ করলেন না, তাই স্বভাবতই বিসময় লাগে...

[এ ভয়েস: আমি তখন ছিলাম না, থাকলে জবাব দিতাম!]

এই সক্ষত অভিযোগের কি অর্থ আছে! এবং এই সমস্ত অভিযোগের উত্তর দেওরার আমার পক্ষে কি প্রয়োজন আছে! মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল মহাশর কতকগ্নি কথা বলেছেন, তা শ্নে আমার হঠাং খ্ব আশ্চর্য মনে হল—

[ এ ভয়েসঃ তাতো মনে হবেই!]

তিনি অনেকগর্নল কাট নোশান দিয়েছিলেন বলে মনে হলো—যে কথা তিনি তাঁর কাট মোশানের মধ্যে বলেন নি—হঠাং তিনি সেই কথা বলে গেলেন। সেগর্নল কাট মোশানের মধ্যে বলা থাকলে, আমি ভালভাবে তার জবাব দিতে পারতাম, সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করে আনভাম। তবে আমি কিছ্ কিছ্ জবাব দেবার চেণ্টা করবো। তার একটা অভিযোগ শ্রীকাশত চট্টরাজ্ব সম্পর্কে। আমি একথা শ্রনে খ্ব অবাক হলাম যে মাননীয় সদস্য মহাশার বললেন আমি কতকগ্রনি কাগজপত্র নাকি শ্রীবৈদানাথ ব্যানাজনী মহাশারকে দিয়েছি। এত বড় মিথ্যা অভিযোগ —মাননীয় অধাক্ষ মহাশার, আমি দুঃখিত।

্র ভয়েসঃ আমি তা বলি নি।

## [হৈ-চৈ গোলমাল।]

মাননায় অধ্যক্ষ মহাশয়, মাননায় সদস্যরা যথন বলেছিলেন, তথন তাঁরা বলবার সম্পূর্ণ সূযোগ পেরেছিলেন। কিন্তু এখন আমি যথন সূযোগ পেরেছি তথন নিশ্চরই তাঁদের জবাব দেব। এই রকম অভিযোগ হাউসে আনবার আগে অনায়াসে আমার কাছে সৈটা বলডে পারতেন। এখানে এই অভিযোগ আনার কোন দরকার ছিল না। কারণ তিনি জানেন, আমি মন্তে করি, এটা সম্পূর্ণ অসত্য অভিযোগ আমি একথা বলতে পারি। এখনই সমস্ত খবরটা নিয়ে এলাম। তিনি অনায়াসে কাটমোশানের মধ্যে এ বিষয়টা উল্লেখ করতে পারতেন যেটা সম্পূর্ণভাবে পালিয়ামেন্টারী প্রসিভিত্তর সম্মত ব্যবস্থা। তা সদ্পেও তিনি হঠাৎ এই কথা বলনেন। এতবড় অভিযোগ তিনি আনলেন যে আমি এই হাউসের ভেতর একটা ফাইলের কোন কাগজ নিয়ে কোন একজন সদস্যকে দিয়ে দেব। এ কথা বলবার আগে তার বিন্দুমার্ছ দিবধা হলো না! আমি এনেক সময় মনে করি, এখনও আমার মনে হয় যে যেখানে এই রকম ওয়াইন্ড আালিগেসন আসতে পারে, সেখানে কোন রকম জবাব দেওয়ার দরকার আছে কিনা। একটা কথা তিনি বললেন যে ১৯৫৯ সালে শ্রীকান্ত চটুরাজ মহাশের অনেকগ্রুলি অভিযোগ করেছিলেন বলে আমাকে বলেছেন। কিন্তু আমি তাঁকে বলতে পারি সেদিন আমি এই বেঞ্চে আসি নি।

্র ভয়েসঃ সে কথা উনি বলেন নি; ভালভাবে আপনি শোনেন নি। (গোলমালা

মাননীয় সদস। মহাশয়গণ যদি দয়া করে একটা ধৈর্য অবলন্বন করেন, তাহলে সমস্ত জিনিষটা ব্রহতে পারবেন। কোন কিছ্,.....

# Dr. Kanai Lai Bhattacharyya:

ভা**ন্থবাব: স্পদ্টভা**রে বলেছেন এটা ১৯৬২ **সালের নবেন্বরে**।

# The Hon'ble Shyamadas Bhattacharyya:

बाननीय अनुभा वरलाइन ১৯৫৯ সাलে।

#### Mr. Speaker:

মিঃ ভট্টাচার্য, আপনাকে সার্টিফিকেট দিতে হবে না। ওয়ান সফ দি মেন্বারস হ্যাক্ত স্পোকেন দি ষ্ট্রাধ-এর আর কি সার্টিফিকেট আপনাকে দিতে হবে?

### Dr. Kanai Lai Bhattacharyya:

আমি বলছি, উনি ভূল শ্বনেছেন।

### Mr. Speaker:

আপানি যা বলেছেন উনি তার জবাব দিয়েছেন। এর বেশী আর কথা আসছে কেন?
[গোলমাল]

[এ ভয়েসঃ উনি না শ্বনে ভূল ধরেছেন।]

### Dr. Kanai Lal Bhattacharyya:

সার্টিফিকেট দেওয়ার কথা আপনি বললেন কেন? আমি কাকে সার্টিফিকেট দিয়েছি না দির্মেছি সে কথা আপনার বলা উচিত হয় নাই। আমরা কারো দয়ায় এখানে আসি নি, আমরা এসেছি অন আওয়ার ওউন মেরিট। আমাদের উপরে কোন ইন্সিন্রেসন করা হলে সেটা ৄ

We are not going to tolerate from however big personality it may come.
কিন্তু আমাদের যেট্কু রেসপেক্ট আছে, উই মে বি মাইনর ফিগারস, আমরা আশা করি--অ্থাপনার কাছ থেকে সেট্কু পাব। আপনার কাছে অন্ততঃ এইট্কু আশা করবো।

Mr. Speaker: One of the honourable members is in possession of the House and he is talking and replying to the statements that have been made in the House today and the first decorum that is expected of other honourable members is that that reply should be heard by them all. [Noise and interruptions]. While an Hon'ble Minister is replying, if any thing at all is to be said-though that is not the practice-then Mr. Bhakti Bhusan Mandal, whose statements might have been referred to by the Hon'ble Minister, could have at least drawn my attention but that does not require any recommendation or certificate—from another member that a member has told the truth and so why should he not be allowed to say something. That is not the practice. I may tell you Dr. Bhattacharya that I am not here to offend the feeling of any of the members. I have from the very first day that I have been here, tried to keep the prestige, honour, decorum and decency of the House and the rights and privileges of all the members, but at the same time I must have to say this that when an honourable member either of this side or of that side is speaking and is replying to a point, at least the honourable member whose speech has been referred to in the reply may draw my attention and no other member should stand up and say that he has said something correct or incorrect. [4-50-5 p.m.]

#### Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি আমার সম্পর্কে গোটা কয়েক কথা বলে গেলেন সে সম্বন্ধে আমার বস্তব্য শ্নাতে হবে। সেই কথাগুলি হচ্ছে এই........

#### Mr. Speaker:

আপনি বলেছিলেন কিনা যে মিঃ মন্ডল যেটা বলেছেন সেটা সত্য?

### Dr. Kanai Lal Bhattacharyya:

না আমি একথা বলিনি। আমি বলেছি মিঃ মন্ডল ১৯৬০ সাল বলেন নি। Sir. you can take the proceedings of the House that are being recorded.

#### Mr. Speaker:

সেটা আপনি বললেন কেন. সেটা মিঃ মণ্ডল বলবেন।

### Dr. Kanai Lal Bhattacharyya:

I have every right as a member to draw your attention that the Minister's speaking something wrong.

Mr. Speaker: Dr. Bhattacharya, I will say once again—that if anything is to be pointed out, it is the honourable member who has spoken should point it out and no other member.

Dr. Kanai Lal Bhattacharyya: I have got that right to draw your attention.

[Noise and interruptions]

Shri Bhakti Bhushan Mandal: On a point of order, Sir. If any honourable member misrepresents the speech of another honourable member, the latter has every right to say that the former is misrepresenting his speech, and, Sir, you were not present in the House at that time.

Mr. Speaker: Certainly, Mr. Mandal, after the Hon'ble Minister finishes his reply, if any representation is to be made, I think you have the right to do that and it is my duty to allow you to say on the floor of the House that you have been misrepresented. But it is not the practice that he should be interrupted by any member, either of this side or of that side.

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় উপাণেও পোশস কমিউনিটি ভোভলপানেটে পুণেক এই যে খাত কায়ক বৃহস্ক আমানের প্রস্তাপে হয়েছে ভাতে আলি গলে বলি কলিটেনিটি ছেভেল্প্রেট কোন্দিন হয় নি **এবং হবেও 🕖 এ**ছে অপুন্তম ছাজা কিছা হয় না, এবে দলীয় প্রজনীতি ক্রম **প্র**জেট ব**লা যে**তে পারে। কেন আমি এর বংগদেরির অলাস্যাস্থ্যতি ভিতর হায়ি সেই কথা লাব চেটো করব **মন্তিমহাশয় এই মান বল**্লন যে, থাক্ষমবলের জন্ম কমিট্রিটি ডোভলপ্রেল্ট ডিপার্টরেন্ট্রের বিভিন্ন ব্লকে যেসৰ এফিসাল আছেন ভাঁদেৰ জন্য প্রতি বংসর ৯ কেটি ৯০ লক্ষ টাকা খবচ হয়। এবং আপনি জানেন বোধ হয় যে এব মধ্যে তণ্ডিকালচারাল অফিসার আছেন, ইন্ডাস্ট্রিফ অধিসাৰ সাছেন, সোমাণে অফিস্ক আছেন, তেটোকেন্ট্ অভিস্কু আছেন কিন্ত আমৰা জানি । পশ্চিমবংগের বিভিন্ন সাবভিভিন্নর এবং ভিনিট্টত প্রায় এই শ্রেণীর কর্মচারী আছেন, যথা-এগ্রিকালচারাণ অধিস্মন, ইন্ডান্সিট্যাল অফিস্যান সোস্বাল অফিস্যান ইত্যাদি বিভিন্ন রুন্ন অফিসার আছেন প্রত্যেক ভেলায়, মহকুমায় এবং থানা প্র্যব্ত। এখন অ মি ব্রেড়ে অক্ষম তাদেরই वा बाक कि, धार क्षणान्ते ना कार्क कि। अभि ज्ञापान तामन खाम खान वहार भारत क्षांत औरन কাবে। কোন কালে নাই। প্রত্যেক ব্রকেই এক জন কলে ইন্ড: স্টিয়াল অফিসার আছেন, কিন্ড ইন্ডাম্টি বলতে পশ্চিমবাংলার পল্লীলেমে কিছা আছে লল মনে হয় না, ইন্ডাম্টির "আই" পর্যান <mark>নাই। এথচ এই সমস্ত ইন্ডাস্ট্রিয়াল অফিসার্দের বসিয়ে বসিয়ে মাইনে দেওয়া হয়।</mark> **এগ্রিকালচার।ল অফিসার একজন আছেন এগ্রিকালচারের উল্লেখন নিশ্চয়ট দরকার। কিল্** অগ্রিকালচারএর উন্নয়নের জন্য কি চেণ্টা হয়েছে বলছি। প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে মন্ত্রিমহাশ্য বেকথা বললেন-প্রতিরক্ষা বাবস্থার অনাতম কথা হচ্ছে উৎপাদন বৃদ্ধি। কিণ্ড শ্বে ম আনেশ্বলীতে বক্ততা দিলেই বা গ্রামসেবকদের মধ্যে বক্ততা দিলেই কি উৎপাদন বৃদ্ধি হবে উৎপাদন ব ন্ধির জন্য কুষকদের মধ্যে কে উৎসাহ উদ্দীপনা স্থাণ্ট করা দরকার এবং তার জন্য 🖓 চেন্টা দরকার সেটা কি করা হয়েছে --আমি এই সভার কাছে এই প্রশ্ন করতে চাই। কিছু ই কর হয় নি। আমি একটা উদাহরণ দেব, রানাঘাট অঞ্চলে ২টা ব্রুক আছে, সেখানে ডিপ টিউবওয়ের করা হয়েছে। কিন্ত সেই ডিপ টিউবওয়েল থেকে এই তিন বংসরের মধ্যে এক ছটাক *জল*ধ

পাওয়া য়য় নি। আমি একটা গ্রেত্র অভিযোগ করতে চাই এখানে, সেটা হচ্ছে, মাল্যমহাশম্ম রানাঘাটে একবার গিয়েছিলেন মিটিং কংতে, তখন এক ভদ্রলোক একটি প্রণন করেছিলেন, কিন্তু মাল্যমহাশয় তাঁর কথা না শানে তাঁকে বসিয়ে দেন এবং বলেন আমি আপনার কথা শানে না। মাল্যমহাশয় হয়তো মনে করেছিলেন তিনি কমিউনিন্ট। মাল্যমহাশয়ের জানা পরকার তিনি একজন বিশিও বংগ্রেম নেতা এবং অঞ্চলপ্রধান। তিনি সেদিন যে কথা বলঙে চেয়েছিলেন আমি সেটা আজকে বলতে চাই- রানাঘাট থানায় একটা ইরিগেশন প্রজেউ আছে, ফ্রেলিল কমিউনিটি ভেল্লপ্রনেট প্রজেউ, ১৯৫৪তে হয় তেই সময় এটাও তৈরী করা হয়েছিল, প্রায় ও লক্ষ টাকা খলচ হয় তার জনা। ও লক্ষ চ কা খলচ করে এটা করা হল, ফ্রেলিয়া থেকে ওভালতে ইলেবিটিক জাইন নিমে এসে পদ্পর রসন হয় ১২৫ হর্স প্রেম্বাল এর ইজিন বসান হল, চার্যাদের সেমি আক্রেম্বাল এর বাম মতা মালে। কিন্তু এই ইরিগেশন প্রোজেউ থেকে এক ফ্রেনিটা জনেও ক্রেম্বাল এই ক্রেমেনিটা জনেও বাম করে তার হারেছিল। এই ইরিগেশন প্রোজেউ চাল্ করতে পারলে তার অঞ্চলত কর্লার ক্রেমের হলে পালত, কিন্তু আজ প্রমানত সেই মেসিন থেকে জন্ম সরবরার করলার কোন বন্দেন্থতে করা হল। না।

# The Hon'ble Saila Kumar Mukherjee:

**ডিপ**িট্র ওলেল কমিটিনিটি তেতেলপ্রনেক্ট ডিপা**র্টমেন্টের ব্যাপার নয়।** 

#### Shri Cour Chandra Kundu:

আপনি একথা দলতে পালে নিজৰ চাত্ৰ ভালেই জনি নিজেশন প্ৰেজেই**এর বক্ষণাবেক্ষণে**ই ভার ক্রিটিনিটি স্মান্যপানেই প্রেটেনিত্র ব্রুএর উপন এবং ডিপ টিটাওবেল পরিচালনার ভারত বিভিন্ন বলের সৈয়ে। মাই যে বা আগাল বাক্র হাল মেসির বস্থা হল। **এবং সেখানে** এখন প্রদান এবালে হাহিসার মাছের একে সেই প্রস্টা চলা, করা হলে স্থানীয়া লোকের টুপ্রাব ৮০। প্রেন। বিন্তুর হল লি। সভপ্র জারেরটা কথা রচের এই বাংপারে ইবিগেশন ডিপার্টর নীর একটা রুম্টার ও্যাত্য বিক্লার্ডর ভারতার ভাল ইলিক্সেন ডিপার্টকেন্ট নির্ভা**চয়ে না** --- তালি লক্ষের আয়োকের হৈ নীয়ে ছবিত্ব ছবিংল হোক তুল না চাল আমবা নিহত। পারি না। সাজেলং এই যে ইনিজেগ্র পেণ্ডেই ০ নক্ষ ট্রা গ্রেছ করে পেট ট্রেট এল হয়টিল সেটা **পরে** রয়েছে, চাহীদের ভাষিত অংকায়ের ক্যা হার ছিল কিন্দু দরে। নাদের কেনা উপনার কয় নি। আছি ছবিল লেখালে অহ লগত লাহে নিলি হোম এনিকে একটা সাধি ক্ষম এণা সেটা এমনজাবো কারে এই বাং সেকার মুখ্যে করে হুলং উল্লেখ্য প্রতিভালনা আমার মান্ত এক জন আমারে **ই**ল ্রায় হয় ৬৬কে এল আসহে পারে ৬৩কে উৎপদন লাখিলেলে। ত**ই ব্যাপারে** हाक्टेरीमा ज्लाकीय कपास हापास सार पेरियासन एक्टाइकेम वि. व मॉक्वो (वर्त स्र) (वर्ते বি ডি ও র রাজ, রুকের কাজ, এগ্রিকাল্য, রাল অফিসার এব কাজ 🕠 ই এটা এটি য়ে যাস্থা উচিত নয়। তার্গত দিনতীয় নং কথা রাক্ষ দি ডি ও দেব রাজারে আপেরে শীদেট সেওলা বাম প্রকা**ংশক্ষে** ব্রকের উল্লেখ্য করিবে ট্রাট্র সমাধ্যের অপন্মিতিক ট্রাটি। এই সম্মত্ত বিদ্যোই দেখাতে হয়, কিল্ড এর লি স্কর্ণ্ডি হি হলত কুলে আইছিয়ে লগত কলে লনে হয় ন। কংগেসী সদ্ধী বা कशरामी हा एक स्तृत है अर हाला कर्मन कर्मन नीय है कि छि छ ता राष्ट्री है गाए। और नामान ভদ্ধের স্বাধারণ আই ৫ পাল সাধারণ বি এ পাস গুলাল বাস্থাল বে কৈ পরে সাবে বেজিন্টার ছিলেল এই রক্তম অফিসার যদি এই সাম্ভ কাজের ভালবধান করেন ভাষেল ওব স্বারা ক্রিয়র करुएे देशी हे राष्ट्र शास्त्र एक्टर एम्बा महकात ।

#### [1-10-1-20 p.m.]

বারা কংগ্রেসকে নির্বাচনের সময় সাহায্য করবে, কংগ্রেস ক্যান্ডিডেটকে সাহায্য করবে এই দিকে দৃষ্টি দেখে একট খানি যাতে সতিকেরের মানায়ের উপকার হয় এই রক্ম জান আছে এই রক্ম অফিসার নিয়োগ করা দরকার। গ্রাসেবক সম্বন্ধে বলতে চাই গ্রামেবক আছে একথা শোনা বার, কিন্তু তাঁরা গ্রামের সেবা কোন দিনই করেন না। তিনি গ্রামে থাকেন কি না সে বিষয়ে সন্দেহ। বহা গ্রন্মাবক আছেন—আমি আমার এলাকার কথা বলতে পারি, যারা সহরে

পাকেন। প্রামে হরত মাসে একদিন আসেন—অঞ্চল প্রধানের সংগ্য দেখা করতে এবং এই পর্ষদক্ত ভার চাকুরী শেষ। তিনি বি ডি ও অফিসারের সংখ্য মাঝে মাঝে দেখা করে তাঁকে খোসায়োদ করে চলে যান। কিন্তু কোন দিনই তিনি গ্রামে যান না-এটা গ্রামের লোকের একটা জরারী গ্রিভান্স। মণিত্রমহাশর বক্ততা দিয়ে বলবেন যে এসব সতা নয়—আমি জানি ও'দের ভোটের জ্বোর আছে — কিন্তু আমরা যেকথা বলি সেইসর বাজে কথা বলে উডিয়ে দেবেন না। কারণ বাজে কথা বলার অন্য জারগা আছে, মাঠ-ঘাট আছে। কিল্ড আমরা এখানে আসি সতি। কথা বলি যাতে লোকের ভাল হয়। এই গ্রামসেবকরা গ্রানের কিছু,ই কাজ করেন না এবং গ্রামের সেবা করার প্রয়োজনীয়তার কথা উপলব্ধি করেন না। তিনি কি করেন:—লোন যথন রাইটার্স বিলিডকে থেকে বার তথন কেউ জানতে পারলো না এমন কি বি ডি সি-র মেন্বাররাও জানতে পারেন না— **टम मत शामरमतकरे** जातनम् अहर शास्त्रतः भएन अहर एएत मा<sup>1</sup>-अन्यातः निर्भाषे **राह्यक गाँता स्नातन्त्र** वष्वभा करत (१९६) हालान छाँत है अञ्चल खारान। अधन कि स्कार स्लाकरक र्यान ६ भार होका सन ভাষ্টের তা থেকে জনসেবক ২০ টাক এবং বংগ্রেসের নেই জন্ম সেবনে ৬০ টাকা।। অর্থাং সেই ৬৮লেকের হাতে শেল ১২০ টাকা। এবল যে ভদুলোক পেলেন তাঁর হয়ত **প্রয়োজন** নেট: এইভাবে যার প্রয়োজন আছে সে জানতে পারলো না যে করে লোন এলো এবং করে ভিভিত্রীবউট হোল। এই রকম ভাবে গ্রামের কোন লোক এসব জানলো না—এমন কি গ্রাম পঞ্চায়েতের লোক জানলে। না -অণ্ডল প্রধানও জানলেন না। এই রক্ষা ঘটনা ঘটছে। গ্রাম-সেবকের একটি মত কাল্ড আছে বিশেষ বিশেষ লোক্তর লোম দেওয়ানে এবং ভাগের কাছ থেকে ক্ষিণা আগ্রে করা এবং নির্বাচনার সময় কার্ডকোর হাবে পদ্ধার করা। এবই ভেটে যাতে কংগ্রেস কর্ণান্ধ্যক্তর পায় সেওবা চেটো বর।। আন্ধার্কার মান্ত্রালালার এই বিষয়ে একটা নজর **দেবেন।** ক্ষণেটের বাফ সর্থারী মর্যাচারীর বেন করবেন হেটা ব্রেটে পারি না। **এই ক্থাগ্রিল** মুলিকালের প্রতির বাল কর্মান। ইবলাক্রনের বাল ক্রমেন্ড নামা বিদ্যালয় সামান্ত চার বছর যাতে। ভারা গ্রামো সেলা করেন সেদিকে লক্ষ্য রাখনে। এরপর আমি বি ডি সি সালক্ষ্য বলবো। ি তি সি একটা করে করে জিলে লেখানা ব্যান্ত হা লাভ লাভ করছি। **নিশ্চর** াব ডি সিব প্রয়েজনীরতা আছে। কিন্তু আমি ভেল্ডস্ট ভবাছ তে বি ডি সিব **মধ্যে** নামানাটেড মেন্বার যে সালের শালেন দালৈর সংখ্যা বি ডি সি-র যারা এমনি অফিসিয়াল মেন্বার ভ*ৈতে চোকাও চাক্ষীৰ তাৰ* সেই কমিনেটেড মেন্দ্ৰ ররা সেখারে যখন যান তারা সবাই **কংগ্রেসের** শিক্ষের নিমান্ত চলচে। তাই সে লাখিয়ামার হাছে তা কোন ক্ষেত্রে ৪ বতর কোন ক্ষেত্রে **পাঁচ বছর** একে 💤 ন ক্ষেত্রে আন বছর আছে। । এইভারে টাইরাধিকার সাকে নজিনেশন প্রেরে আসছেন এবং বি ভি সি বাজেশার্রাসবি করে আসক্ষেদ। সেখালে বিলোধী প্রেক্ষা দুটা একচন এম এল এ যদি बाहै शुक्त रुख राथ उपा । प्राथ देव शिया और एवं वार्य वार्य वार्य दावा हान प्राप्त देश हो। कावन **ভাঁদের ভে**লেট্র ডেল্ড রেটা। সেজনা বলচি বি ডি সি-কে বিকাস্টিটিটট করার। বি ডি সি-তে প্রাম প্রথাতের সভাপতি থাকুন আর্থন প্রথায়েতের মেন্দ্রার থাকুন ভারা যদি ভাতে কংগ্রেসের শেক হন আপতি নেই কিও কংগ্রেসের বিশেষ বিশেষ লোককে নমিনেশন দিয়ে **নিয়ে আসার** এই যে প্রণতি এটা বন্ধ করান। দেশের সেয়া কংগ্রেসের এব ছেটিয়া নয়। বিরোধী প্রে**কর** শোষেরাও এটা করতে পাতের এঘন কোন বি ডি সি নেই যেখানে বিবেদী পক্ষেব কোন লোককে নসিনেশন দেওয়া হয়েছে। পশ্চিমবাংলাকে সেবা করবার অধিকার কি কংগ্রেসের শাধা **আছে?** বিলেখ বিলেষ ব্যক্তি যাদের প্রচর দুর্যাম ঐ এলাড়েয়ে আছে সেই বিশেষ বিলেষ ব্যক্তি ছাড়া বিরেশী পক্ষেব কি কোন লোক সেখানে যেতে পারে না? বিরোধী পক্ষকে কি নমিনেশন **মন্দিসভা দিতে পারেন না একটা ব্রকে ? এ বিষয়ে আমি আপনাদের দুণ্টি আকর্ষণ করছি।** খান একটা কথা নলতে চাই চৌকিদার এবং দফাদারদের সম্পর্কে। এরা রক্ত চেভেলপ্রেল্টর প্যান্ডারে, অঞ্চল পশুরেতের আন্ডারে এবং গ্রাম পশুরেতের আন্ডারে কান্স করে—এদের মাইনে সম্বন্ধে একট্ বিবেচনা করতে বলবো-বর্তমান মৃত্যে ১৫ এবং ২১ টাকা মাইনেতে কার্রই हलएड भारत ना। अते द्यार इस मन्त्रीरमत मू -अक घ तोत धत्रह। স্তুতরাং এই দফাদার এবং গ্রামপদ্যায়েত এবং অঞ্চল পদ্মায়েতের ব্যাপার নিয়ে আমি একটা কথা বলতে চাই। গ্রামপণ্ডারেড এবং অঞ্চল পণ্ডারেডের মধ্যে অনেক ক্ষেত্রে টাব্বে আদার, কালেকসন, **ध्यर** हो। व वजारना निरंत अवर विভिन्न जेवजनस**नक काळ निरंत देव**का स्पर्वा

বার। বি আর রিলিফের কাজ নিয়েও অনেক সময় গরমিল দেখা দেয়। সেজনা বলছি গ্রামপণ্ডায়েতের হাতে টাক্স কালেকশন, টাক্সে ইন্পোজিশনের ভার দেওয়া হোক। জি আর-এর লিপ্ট যাতে গ্রামপণ্ডায়েতের হাতে থাকে সেটার বাবস্থা করে দেওয়া হোক। এই সংগে বলতে চাই ফেরীঘাট বিভিন্ন এলাকায় রয়েছে, সেই ফেরীঘাটের টাকা ভিস্টিক্ট বোর্ড নিয়ে নেয় - যাতে অঞ্চল পণ্ডায়েত এবং গ্রামপণ্ডায়েত এব ভাগ পান সেজনা মন্ত্রিমহাশায়কে অনুরোধ করছি। আমি শেষ কথা বলছি গা প্রতিরক্ষা বাবস্থা দৃত্তর করতে গেলে রকের প্রয়োজন আছে, এটা মানি কিল্ডু মাইটো দিয়ে শ্ব্ধ, অফিসার প্রসেপেই প্রতিরক্ষা বাবস্থা দৃত্তর হবে না। উৎপাদন বৃশ্ধি করতে গেলে সেচ বাবস্থার উল্লভির দরকার, তেমনি কৃষকদের উন্দ্রীপনায়ও দৃষ্টি করা দরকার, সেদিকে যেন মন্ত্রিমহাশায় দৃষ্টি দেন।

তারগর হচ্ছে গানপণ্ডারেও ও গ্রন্থল প্রধানের বিষয় নিয়ে একটা বলতে চাই। গ্রামপণ্ডারেও ও অণ্যল পণ্ডারেতের মধ্যে তানক ক্ষেত্রে দেখা যায় মতবৈষদ্য দেখা দিয়েছে। টাক্স বসান, টাক্স কালেকশন ও বিভিন্ন উরয়ন্দ্যানের কাজ কর্মা নিয়ে-জি আর পি নিয়ে, লিস্ট নিয়ে-অনেক সমর গরমিল দেখা দেয়। এই জন্য আমি বলছি গ্রামপণ্ডায়েতের হাতে টাক্স কলেকশনের ভার দেওয়া হোক, টাক্স ইন্পোজিশনের ভার দেওয়া হোক, এবং সঙ্গো যে লিস্ট হবে সে লিস্ট যাতে গ্রামপণ্ডায়েত থেকে হম্ম তার ভার দেওয়া হোক। এর সঙ্গো আমি আর একটা কথা বলতে চাই, ফোবছাড্যস্মাত বিভিন্ন এই লাজ রয়েছে, এই সব ফোরঘাটের টাকা জিম্মিক্ট বোর্ড নিরে যান, গভর্নমেন্ট নিয়ে যান, সেটা অণ্যলপণ্ডায়েত যাতে ভার পান তার জন্য আমি অন্যোধ করছি। আমার শেষ কথা হচ্ছে প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়েওর করতে হলে রকের প্রয়োজন আছে। শৃধ্য মাত রকে মাহিনা দিয়ে অধিসার প্রথনি চাক্ষাই টাক্যা বাহিব করাছ নক্ষাবা। এ বিষরে ঘনি সহাবাহা করিট ভিন্ন ভান ক্ষাবান করে আছি সহাবাহা করিছে।

# Shri Bijoy Bhusan Mandal:

গামাঞ্চলে দেখা যায় কংগ্রেস নেতারা বি ডি ও-দের উপণ প্রভাব বিশ্তার করে, এবং তাদের দিয়ে নিজেদের দলীয় দ্বাংগি কাও করিয়ে নেয়। যদি কোন ভাল অফিসার স্বাংগিভাবে কাজ করেব চোটা করেন, তবে তাকে তদিবৰ করে ট্রান্সফার করা এই দব বি ডি ও এমনভাবে স্থানীয় কংগ্রেসী বাজনীতির সংগ্রে জড়িয়ে প্রেন যে স্থানীয় স্ব কাজেই এর। কংগ্রেসের স্বাহমিত কাজ করেন। যহন এই সাং লোকের হাতে স্বুলের বিভিন্ন যে স্থানীয় হলর প্রতে। আরু বল্লাক্ষর হলৈ উল্বেশ্য উচ্চ দেশাফিক বিদ্যালয়ে স্থানীয় বি ভি ও-কে আড়েমিনিস্টেটর করা হয়েছে। স্কুলের ব্যাপারে বি ভি ও চরম অপদার্থতার পরিচর দিয়েছেন। বি ভি ও-র অভ্যান্যরে স্কুলের অব্যবস্থা ক্রমেই বেড়ে চলেছে।

গ্রামসেবক ও গ্রামসেবিকা যারা কমিউনিটি তেভেলপদেন্টএন কাজের আসল দতন্ত, তারা প্রোপ্রিভাবে কংগ্রেস নেতাদের প্রভাবাধীন। যারা কংগ্রেসের লোক, একমাত তাদেরই এই চাকুরী দেওয়া হয়। এবং গ্রামসেবা মোটেই এদের উদ্দেশ্য নয়—এদের একমাত কাজ গ্রামে কংগ্রেস সংগঠন করা এবং কংগ্রেসের নির্বাচনী কাজে সাহাষ্য করা। আমি প্রশ্তাব করি, গ্রাম- সেবক ও গ্রামসেবিকার নাম পরিবর্তন করে "কংগ্রেস সেবক" ও "কংগ্রেস সেবিকা" রাখা হোক।
কমিউনিটি ডেভেলপমেন্টএব কাজে বামপন্থীদের পরামর্শ নেওয়া হয় না। সরকারী অর্থের
অপব্যয় হচ্ছে, কোন কাজ হচ্ছে না। গ্রামের উপ্রয়নের নামে কংগ্রেসের রাজনৈতিক ন্বার্থ সিচ্ছ করা হচ্ছে। সরকার যদি সতাই গ্রাম উপ্রয়ন চান, কমিউনিটি ডেভেলপমেন্টএ সং অফিসার নিয়োগ কর্ন। কংগ্রেস দলের প্রভাব থেকে একে মৃত্ত কর্ন—অন্যান্য দলের সহযোগিতা গ্রহণ কর্ন। গ্রামসেবক, গ্রামসেবিকাদের দলনিরপেক্ষ কর্ন। অন্মত ও দরিদ্র গ্রামবাসীদের
স্বার্থের দিকে দ্লিট দিন।

# [1-20-1-30 p.m.]

মাননীয় ডেপ্রাট স্পীকার মহাশয়, আমি যে অগুল থেকে এসেছি সেখানের অধিবাসীদের কথা কিছু বলা দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মাণ্ট্রমহাশয়ের দৃণ্টি আকর্ষণ করছি যে, কয়েকদিন আগে পানীয় জলের অভাবে তুলসীবেড়া বাজারের কাছে মহামারী দেখা পিয়েছে—বস্বত এবং কলেরা রোগে বহু লোক মারা গেছে এবং গ্রামে যে সমস্ত অকেজো টিউবওয়েল পড়ে আছে সেগ্রাল সরকারী অর্থে রিসিংকিং করার বাবস্থা করার জন্য আমি দৃণ্টি আকর্ষণ করি। রাস্তা সম্বন্ধেও কিছু বলা দরকার। হাইওয়ে থেকে ছোট ছোট যে রাস্তা গিয়েছে সেগ্রালি সংস্কার করা দরকার এবং তার সাথে সাথে হেলথ সেন্টার যেসব আছে সেখানে যাতে এম্ব্রলেন্স যায় এই রকম ধরনের রাস্তা তৈরী করা দরকার। এই সমস্ত জায়গায় ইলেকট্রিফকেশন করার দরকার আছে এবং তার সঙ্গো সঙ্গো যে হেলথ সেন্টারগ্রাল আছে সেখানেও ইলেকট্রিক যাতে যায় তার বাবস্থা করা দরকার। গ্রামে যাদ কৃষকের উন্নতি করতে চান তাহলে ভূমি সংস্কার, খাল সংস্কার এবং তার যে সমস্যা আছে সেগ্রিল সমাধান করা দরকার। গ্রামে ক্রুদ্র কুটির-শিল্প স্থাপন করে গ্রামের বেকারী দ্র করা দরকার। কিন্তু সরকার এ ব্যাপারে বার্থতার পরিচয় দিয়েছেন। খালগ্রাল সম্বন্ধের বাল যে আমাদের এলাবায় বাচস্পতি খাল, রপনারায়ণ খাল এবং চেলাইল খাল এই যে খালগ্রাল আছে এগ্রালির সাংকার করার জন্য শোম আপনার মাধ্যমে মাননীয় মান্ট্রমহাশরের দৃণ্টি আকর্ষণ করাছ। এই বলে আমি আমার বন্ধবা শেষ করাছ।

#### Shri Brindaban Gaven:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মাত্তমহাশয় সমুণ্টি উল্লয়ন খাতে যে বায় ব্রান্দ উত্থাপন করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থান করি। সম্মতি উন্নয়ন পরিকল্পনা খাতে মন্তিমহাশয় स्य गोका उँथाभन करत्राह्म विद्यापी भाष्कत ममभाता जा ममर्थन कत्रात् भात्राह्म ना। जाँता अत्र মধ্যে দলীয় রাজনীতি দেখছেন 🛰 মধ্যে দুর্নীতি দেখেছেন তাঁর। কোন ভাল কাজের কিছা দেখতে পাচ্ছেন না। সেই জন্য তাঁরা এই পরিকল্পনাকে সমর্থান জানাতে পারছেন না। মাননীয় ডেপ্রাট স্পাকার মহাশয় আমি আপনার মাধ্যমে বলতে চাই যে গ্রামের উর্রাত যদি করতে হয় ভাহলে এই সমণ্টি উন্নয়ন পরিকংপনাকে সমর্থন না করলে আমাদের চলবে না। কারণ সরকার দেখেছেন যে সহরের উন্নতি যে হারে হচ্ছে গ্রামের উন্নতি সেই হারে হয় নি। সেই জনা সরকার পরিকল্পনা নিয়েছেন যে যাতে গ্রামের লোক আয়নিভরিশীল হতে পারে সেজনা সেখানে ট্রেন্ড **অফিসার দিয়ে তাদের সাহায্য করতে হবে। বর্তমান স**ময়ে যাতে বৈজ্ঞানিক পূর্ণবিত্তে গ্রা**মের** লোকরা নিডেদের কাজ নিজেরা করে নিতে পাবে তারা যাতে কৃষি কার্যে উর্লাত করতে গ্রামের যে শিল্প অবহেলিত হয়ে রয়েছে সেগঃলি যাতে ভালভাবে প্রের,জ্জিবীত করে তাদের আর্থিক অন্টন দূর করতে পারেন সেই লক্ষ্য নিয়ে সমণ্টি উন্নয়নের কাজ এগিয়ে চলেছে। সেই পরিকল্পনাকে আমরা থাদ কার্যকরী করতে না পারি তাহলে গ্রামের উন্নতি কিছুতেই সম্ভব নয়। সেজনা আজ আমাদের সকলকে চেটা করতে হবে যাতে সমণ্টি উন্নয়ন পরিকল্পনা সর্থেকভাবে ব্লুপায়িত হয়। দলীয় রাজনীতি এর মধ্যে নেই, কংগ্রেমের সম্পর্ক এর মধ্যে নেই। অনেকে ৰলেছেন যে কংগ্রেসের লোক যারা তারাই এখানে এসেছেন কিন্তু সে কথা ঠিক নয়। যারা বি ডি ও এসেছেন তাঁরা বিশেষ সার্ভিস 🖣 তার থেকে এসেছেন। এর মধ্যে কংগ্রেসের প্রভাব কিভাবে আসতে পারে তা আমর। ব্যুতে পারি না। সেজন্য আমি মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্দ্রিমহাশয়কে নিবেদন করবো যাতে সমণ্টি উল্লয়নের কাজ সুক্তিভাবে পরিচালিত হয়--বে সমূহত অফিসার গ্রামে রয়েছেন তাঁদের যেন তিনি ভালভাবে নির্দেশ দেন। কারণ প্রায়ের লোককে সাহায্য করতে তাঁরা সেখানে গিরেছেন। তাঁরা গ্রামের লোককে সাহায্য

রবেন--সে এগ্রিকালচারের দিক থেকেই হোক বা শিশ্পের দিক থেকেই হোক, বা রাস্তাঘাই, লেক্প ইত্যদি যে কোন ব্যাপারেই হোক, তাঁরা এগিরে তাঁদের সাহায্য করবেন। কাজেই তাঁরা ধন গ্রামের লোকের সংগ্য ভালভাবে মেশেন।

যে সমস্ত ব্লক হয়েছে এবং সেখানে যে সমস্ত অফিসার গিয়েছেন, তাঁর। সেখানে গিরে টিটার্স বিভিড্গেএর একটা নৃতিন সংগ্রুরণ করতে চান। গ্রামের লোকের সংগ্রু ভালভাবে মুশতে চান না। তাঁরা অফিসার হয়েছেন বলে যদি সেই মেজাজে কাজ করতে চান, তাহলে ১কভাবে কাজ পরিচালিত হবে না। গ্রামের লোকের সাহ যা করতে তাঁরা সেখানে গিয়েছেন, লাতে গ্রামের লোক মজার্ন নিগেজ পান তার জন্য সেখানে তাঁরা গিয়েছেন। ম্লিমহাশ্যের দৃষ্টি মুক্রবি করছি যাতে গ্রামের লে কের সংগ্রু তাঁরা ভালভাবে মিশে সেখানে কাজকম ভালভাবে লোন, সেগিকে তাঁরা নজর দেন।

একজন বলেছেন রিলিফ যাতে কংগ্রেসের লোক পায়, এর ানা এটেরকে ইউটিলাইজ করা হয়। সেখানে যে বিলিফ কাইন হয়, সেখানে যে রিলিফ কমিটি করা হয়েছে, এতে সকল পক্ষের লোক আছেন। সেখানে যে সদস্য আছেন, এরাই তালিকা তৈরী কবে দেন এবং সেই অনুসারে বলিফ বন্টন করা হয়। কংগ্রেসের লোককে বেশী করে রিলিফ দেওয়া হয়, এ নয়। প্রায়েই নর্থাছ ইউনিয়ন বোডের যারা সদস্য তার মধ্যে অনেক সময় অনেক সদস্য কংগ্রেস বিরোধী, রিলিফ কমিটিতে ইউনিয়ন বোডের সেকেটারী আছে। কাভেই রিলিফ কমিটিতে কেবল এক ক্ষেক্তকে যে রিলিফ দেওয়া হয়, ৩। সঙা নয়। বিরোধী পক্ষের সদস্যরা সব ায়গায় দ্বনীতির ক্ষেপ্তেন। সেই জন্য একথা উল্লেখ কর্মছ।

খার একটি কথা উল্লেখ করতে চাই অ জকে, সমণিট উল্লেখ খাতের যে বাস্ত্র বরান্দ তাতে খনেক কাটছাট করা হয়েছে। কৃষি ও নলক পের জন্ম টাকা ববং লাখন হয়েছে, কমান হয় নাই। গুটা আন্তঃ আন্দেশ্য কথা। এব বী অবস্থান দেশের উৎপাদন বড়োনে নবকার। তা যদি যা করতে পারি ভাহলে দেশের জনসাধারণের জাবিনের মান উল্লভ করতে পারবো না। মন্দ্রি-ভোশার মানা খাতে যদিও টাকা বড়েছট করেছেন, কিন্তু কৃষি বংকের জনা টাকা বাড়িয়েছেন – এটা অভানত আন্দেশ্য কথা।

আর একটা কথা নিবেদন করতে চাই আজ হর রা অসপথায় এনেক কিছে, কটি ছটি করা সরেছে, ব্লকর যে সমস্ট রাড়া তৈরা করার দরকার তার কাহন্ত রাণ্ড করে হারছে। তা করা হোক শুধু একটি ব্যাপার আমি জানাতে চাই। কমিউনিটি ভেভেলপ্রেন্ট প্রজেষ্ট ট্রেনিং-কাম-প্রভাকশন সেন্টারন্ত বন্ধ করে দেওয়া শরেছে। প্রামে যে শিলপ থেকে জিনিয়প্ত উৎপাদন হাজ্জল, তা বন্ধ হয়ে যাওয়াতে প্রায় এক গালার কর্মণ বেকার হয়ে বসে আছে। তারা যাতে কাজ পার তার জনা এই ট্রেনিং-কাম-প্রভাকশন সেন্টারগ্র্লি আবার খোলা বোক সেদিকে মলিয়মহাশরের দুন্তি আকর্ষণ করছি। আর এদিকে বরাদ্দ যেন ঠিক থাকে একথাও নিভাদন জানারো।

আর একটি কথা মাল্রমহাশয়কে বলবো নকমিউনিটি ডেভেলপমেনটএর টাকাটা প্রায়ই বছরের শেষ দিকে আসে কাজেই অনেক কাজ মাচ মাসের ভেতর করতে পারা যায় না পলে টাকাটা শেষ পর্যন্ত ফিরে যায়, এই টাকা যাতে ঠিকমত সগায় আসে সেদিকে তিনি যেন নজর দেন। কমিউনিটি ডেভেলপমেনটের টাকা বিভিন্ন গাতে আসে, সেই জনা দেবী হয় শ্নি। তবে এই দেবী বাতে না হয়, এমন বাবস্থা করা প্রয়োজন। যদি বছরের প্রথম দিকে টাকা দেওয়া হয়, তাহলে গ্রামের উল্লানম্ভাক কাজগালি মাচ মাসের মধ্যে করা সম্ভব হতে পারে। সেদিকেও গাঁকে নজর দিতে অন্রোধ করছি। মাত্রমহাশের যে বায় বরাদের দাবী উত্থাপন করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করিছি।

[1-30-1-40 p.m.]

# Shri Deb Saran Chosh:

নাননীয় ডেপ্টি প্পীকার মহাশার, সংশিলাও মাল্যমহাশার কমিউনিটি ডেভেলপ্রেন্ট প্রজেক্টএ ষে নার বরাদের দাবী পেশ করেছেন, সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি প্রথমে গত বছরের গটেকতক হিসাব তুলনাম্লক ভাবে আপনার মাধামে হাউসের সামনে রাখতে চাচ্ছি। মাননীর মন্তিমহাশার গ্রামে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার শ্বারা গ্রাম উন্নয়ন পরিকল্পনার যে স্বংন দেখছেন, সেটা যে সম্পূর্ণ অলিক তা প্রমাণ হয়ে যাবে এই হিসাবগ্রনির শ্বারা।

গ্রামাঞ্জীবনের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উর্মাত করতে হলে যে সমস্ত বিষয়গালিত প্রতি বিশেষ গ্রেছ দেওয়া উচিত ছিল, এবারকার বাজেটে আমরা দেখছি সেই সমস্ত বিষয়ের উপর জোরতো দেওয়া হয় নি, বরং উপেক্ষা করা হয়েছে। প্রথমে ধরা যাক যোগাযোগ ব্যক্থা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর্পান জানেন গ্রামাজীবন যোগাযোগের অভাবে সেখানকার মানুষকে : কি চরম প্রবস্থার মধ্যে পড়তে হর। সাধারণ গ্রামবাসীর জীবন যে দঃখদারিদ্রে জর্জীরত তার মূল কারণ হচ্ছে এই যোগাযোগের অভাব। গ্রন্ম এবং সহরের সঞ্চো যোগাযোগের বাবস্থ না থাকার দর্ন গ্রামাজীবনের এত অবনতি পরিলক্ষিত হয়। আমরা দেখতে পাচ্ছি যেখানে মোটাল্ড রোড হয়েছে, তার জনা গত বছর বরান্দ করা হয়েছিল ৬ লক্ষ টাকা। কি.তু এবারে সেই জায়গায় মাত্র ৫০ হাজার টাকা ধরা হয়েছে। কাঁচা রাস্তার জন্য গত বছর ১৩ লক্ষ্ণ টাক ধরা হয়েছিল। এবারের বাভেটে দেখা মাচেছ সেখানে মাত্র ৩১ হাজার টাকা ধরা হয়েছে। তারপর এডকেশনের ব্যাপারে দেখাছ গত বংসব ৯ লক্ষ টাকা বরান্দ করা হয়েছিল। এবারের বাজেটে মার্ট ৫০ হাজার টাকা বরান্দ ধরা হয়েছে। ট্রেনিং-কাম-প্রোডাকশন সেন্টারে গত বছর ২২ লক্ষ ৪৬ হাজার টাকা ধরা হয়েছিল। একারে সেখানে মাত্র ২ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। কাজেই মাননীয় মণিচমহাশয় এই যে বিভিন্ন থাতে বায় বরান্দের অর্থ কমিয়ে দিয়ে, প্রাহ উন্নয়নের স্বাংন দেখছেন। সেটা কখনও বাদতকৈ সম্ভব হবে না। এবং এই হিসাব থেকেই সেট প্রমাণ করে ।দচ্ছে। মাননায় উপাধাক্ষ মহাশয়, আমাদের ভারতবর্ষের উপর কমিউনিস্ট চীনের আক্রমণে যে দেশের সর্বার একটা বিপর্যায় এনে দিয়েছে, এটা দেশবাসী সকলেই স্বীকার করে নিয়েছেন, এবং বাস্তব অবস্থায় তা প্রদাণিত হচ্ছে। কিন্ত এখানে আমরা আর একটা চেহারা দেখছি। কমিউনিস্ট চীনের আক্রমণের ফলে ভারতবর্ষের কংগ্রেস সরকারের পক্ষে সেটা একটা আশীর্বাদের মত দেখা দিয়েছে। যখন কোন খাতে বরাক্ষ কমান হচ্ছে, তখন অজ্ঞহাত দেখান হচ্ছে চীনের আন্তমণ। স্থান্ত্র যথন বেকি যাতে ব্রাদ্য বাচান হচ্ছে, তথনও অজ হাত দেখান হতের সেই চীনের এরমাণ। কংগ্রীত থেকে মনে হছে চীনের এই যে আক্রমণ ভারতবর্ষের উপর, সেটা কংগ্রেস সরকারের উপর মেন আশীবাদ স্বরাপ দেখা দিয়েছে এবং সারা দেশবাসীব উপর একটা অভিশাপের মত দেখা দিয়েছে।

মান্দ্রীয় টাপ্রাজ্য হয়। এই বাটি নিটি ডেডেলপ্রেন্ট্রের যাস্থ্য অবস্থাট। কি. সেটা দেখতে চাচ্চি। আপনি প্রান্ন কমিটানিটি ডেভেলপমেন্ট্রের রক অফিসে যে কয়েক। জন অফিসম ত্যাদেন সেমন বি ডি ও ৫ ই ৬ এস ই ৬ এবং গ্রাহসেবক ইংগাদ। কিন্তু এই কভকগ,লি শব্দ স্মাণিট্রত সেখানত লাবে এ মান থের জাবিলে কোন পবিবর্তনি আনতে পাবে নি। তাঁরা সেখানে किछात काळ कर ५० ५० १५० - भ भगास्य वनार छात्रा वना या छ। औता छात्राव स्वार्थ विस्तार्थः কাজ কর্ত্তেন। এই যে বি ভি ও সাহেব, যিনি এক অফিসেব ৭৬ সায়েব বা অফিসার, তাঁর কাজ হচ্ছে দেখা হায় 🕾 িনি বিভিন্ন প্রাম ঘারে অঞ্চল পশু-রোতের মধ্যে দলাদলি, বিভেদ স্কৃতি করছেন। আপুনি জানেন অওল পণ্ডায়োতের মধে। সেখনে পণ্ডায়েতের অধাক্ষ নির্বাচনের ব্যাপার নিয়ে গ্রামের মধে। একটা দলাদলি দেখা দিয়েছে। তাঁর কাজ হচ্ছে অণ্ডল পণ্ডায়েতেই ভিতর একটা অন্তর দ্বন্দ্র জিইয়ে বাখা এবং বিভিন্ন সমিতিগ লির মধ্যে এই রকম একটা গণ্ডগোল সাঘ্ট করসার চেন্টা তিনি করে থাকেন। আনহা জানি এই বি ডি ও সাহেব কোন একট অঞ্চলের মধ্যে একটা স্কলের পচি হাজার টকা সাংকশন করবার ব্যবস্থা করলেন এবং সঙ্গে সঙ্গে ার পাশের আব একটা অন্তন পণ্ডায়েতে গিয়ের বলালেন ঐ অন্তলে একটা স্কুলের জন্ম তারা পাঁচ হাজার টাকা নিয়ে গিয়েছেন। সাতরাং তেখারাও টারার জনা দরখাসত করে। তথন সংখ্যে সংখ্ তার: দরখণ্টত করলো, এবং কে কত টাকা পাবে এই নিয়ে সেপ্যনে একটা ঝগভা, দলাদলি স্মৃতি হল। এই ভাবে অঞ্চল পঞ্চায়েতের মধ্যে একটা দলাদলি বিভেদ স্যাণ্টি করে দেওয়া হচ্ছে। এ সকল বি ডি ও সাহেব এ ই ও এস আব ও-দের কণ্ড তাব বলাত চাই না। তবে আর এক<sup>ি</sup> কথা এই গ্রামসেবীকাদের সম্প্রধ বলবে। আমার সোভাগা হরেছিল একজন গ্রামসেবীক কাজ দেখবার। একজন গ্রামসেবীকা কোন এক গ্রামে মহিলা সমিতি গড়ে তোলবার জন্য সেখানে গিয়ে উপস্থিত হলেন। আমারও সোভাগ্য হয়েছিল সেখানে যাবার এবং দেখবার। প্রথমে সেই গ্রামসেবীকাকে একজন মহিলা এনে অভ্যর্থনা করলেন, আস্কান দিদি আস্কান বলে। তারপর আর একজন মহিলা দাকৈ জিজ্ঞাসা করলেন আপনি যে খোঁপাটা বে'ধেছেন ঐটার নাম কি?

গ্রামসেবিকা বললেন হর্সেস টেল। এইভাবে মহিলা সমিতির কাজ আরশ্ভ হল। তারপর অধ্যক্ষ মহাশয়, তারপর কি আলোচনা হল সেখানে মহিলা সমিতির তা আপনারা ব্রুতেই পারছেন। এবং আমি জাের করে বলতে পারি এই মহিলা সমিতির মাধ্যমে, গ্রামসেবীকার মাধ্যমে কােন গ্রামে আজ পর্যশত কােন মহিলা সমিতি সম্ভবপর হয় নি। পরিশেষে আমি একটা কথা বলতে চাই যে কমিউনিটি ডেভেলপমেন্টএর যে উমতি গ্রামে হয়েছে তা একটা শিক্ষকের প্রশ্ন এবং ছাত্রের উত্তরেই পরিষ্কার বােঝা যাবে। একজন শিক্ষক একজন ছাত্রকে প্রশ্ন করছেন যে, হােয়াট ইজ কমিউনিটি ডেভেলপমেন্ট? সেই ছাত্র উত্তর দিচ্ছেইট ইজ এ জীপ সাার, ইট রান্স ভারি ফাগ্ট। আপনারা জানেন উপাধ্যক্ষ মহাশয়, যে গ্রামের মধ্যে দিয়ে একটা জিপ্ ঘ্রের বেড়ায় সেই জিপে গায়ে লেখা থাকে কমিউনিটি ডেভেলপমেন্ট, স্কুলের ছাত্র দেখেছে যে জাপের গায়ে লেখা থাকে কমিউনিটি ডেভেলপমেন্ট, স্কুলের ছাত্র দেখেছে যে জাপের গায়ে লেখা থাকে কমিউনিটি ডেভেলপমেন্ট এবং সেটা গ্রামে গ্রামে বর্ত্বর বেড়ায় স্তরাং সেটাই হবে কমিউনিটি ডেভেলপমেন্ট। এর থেকে ব্রুতে পারবেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কমিউনিটি ডেভেলপমেন্টএর মাধ্যমে গ্রামা জাবনের কি উন্নতি সম্ভব হয়েছে তা এর মধ্যে দিয়েই ব্রুবতে পারা যাবে। আমার সময় অন্প, আমি এই বলেই আমার বঙ্কবা শেৰ করিছি।

[1-40-1-50 p.m.]

#### Shri Sudhir Chandra Das:

প্পীকার মহোদয়, যখনই এক্সটেনশন ব্লক, কমিউনিটি ডেভেলপমেন্ট ইত্যাদি গালভরা নাম প্রথমে শুনেছিলাম তথনই বুরেছিলাম এর জনা কতকগর্বাল অফিস খাড়া করে দেওয়া হবে, ছোট বড় অনেক কর্মচারী আসবেন, নীচের তলার গ্রামের মানুষের কোন উপকারই হবে না। সেই আসল উদ্দেশ্য সম্পূর্ণ বার্থতায় পর্যবসিত হবে। সেটা তথন মনে করেছিলাম আজ কার্য**তঃ তাই** হয়েছে এবং দেখতে পেলাম কমিউনিটি ডেভেলপমেন্টএর নামে যে সমস্ত বাডী হয়েছিল সেগলে অফিসারদের থাকার বাড়ী হয়েছে—কোন ডেভেলপমেন্ট গ্রামে চোথে দেখতে পেলাম না। **যে** সমুহত ঘরবাড়ী ওই কমিউনিটি ডেভেলপুমেন্টএর নামে হয়েছিল তার উদ্দেশ্য এখানে বহুবার বলা হয়েছে এবং সেগ্রাল এখন বার্থতার ইতিহাস বহন করে নিয়ে চলেছে। আমি আপনাদের কাছে একটা উদাহরণ দিই—মোট টাকা যা ধরেছেন, দুই কোটি অষ্টাম্ন লক্ষ টাকা থরচ করা হবে মোট; তার মধ্যে ১ কোটি ১০ লক্ষ এবং ১ কোটি ১৫ লক্ষ—এই দুই কোটি ২৫ লক্ষ টাকা মোটাম্বটি অফিসারদের মাইনে এবং ঘরবাড়ী ইত্যাদির জন্য খরচ করা হবে। এটা ঠিক বেমন আমার এক বন্ধ্য বললেন যে ডেভেলপমেন্ট কমিউনিটি এর ব্রক এরিয়াতে যে সমস্ত ঘরবাড়ী হয়েছে জা চমংকার, তার পর সেখানে জীপ গিয়েছে, অফিসার আছেন, পিওন আছে-লটবহর )সবই ঠিক আছে, কিন্তু আসল যে উদ্দেশ্য গ্রামোন্নয়ন, পথঘাট রাস্তা, কৃষি, শিল্প এবং অন্যান্য বিষয়ের উন্নতি তার কিছ, হচ্ছে না। সেখানে বলা হচ্ছে গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাও. পণ্ডায়েতকে বলা হচ্ছে তোমরা ফেল কড়ি মাথ তেল। এই অবস্থায় গ্রাম পণ্ডায়েত সফল হবে বলে যাঁরা মনে করেন হয় তাঁরা বাতুল না হয় উন্মাদ। আসল উদ্দেশ্য সম্পূর্ণ রূপে বার্থ হয়েছে। যতাদন না ওই মাথাভারী শাসন ব্যবস্থার অফিসারদের পোষণের বায়বরান্দ কমিয়ে গ্রাম পঞ্চা-য়েতের হাতে টাকা না দিচ্ছেন ততদিন গ্রামে পঞ্চায়েতরাজ হতে পারে না-ততদিন ওই এক্সটেনশন রুকু, ডেভে**লপমে**ন্ট ব্লক নামেই থাকে, সেখানে অফিসারদের জীপ ছাটবে আর ব্যয়বরান্দের **মঞ্চারী** বেড়েই চলবে। তারপর শ্নছি অন্ততঃ এক লক্ষ লোকের নীচের অথবা ৫০ হাজার লোকের নীচের গ্রাম্য মিউনিসিপ্যাল এলাকা যেগালে আছে তাকে আপনারা ডেভেলপমেন্টএর আওতার আনবার চেন্টা করছেন। ছোট ছোট মিউনিসিপ্যালিটি সাংঘাতিকভাবে অবহেলিত হচ্ছে—তার আর্থিক সামর্থ্য একেবারেই নেই—মেথর, ঝাড়্দারদের বেতন পর্যশ্ত দিতে পারে না। শ্নেলাম ু আপনারা চন্দ্রকোণা, রামজীবনপুর এবং আরও কয়েকটি মিউনিসিপাল এলাকা বক এরিয়াতে নিচ্ছেন। আমি আশা করি পশ্চিমবংগের যে সমস্ত মিউনিসিপ্যাল এলাকা আছে সবগ**্লিকে** রুক এরিয়ার মধ্যে নিয়ে যাতে কিছু টাকা সেথানে দিতে পারেন তার ব্যবস্থা করবেন। <mark>এই</mark> <sup>আবেদন</sup> আমি এখানে রাখছি। সত্য কথা বলতে কি ডেভেলপমেন্ট কাজের কোন উন্নতি **ঐ সর** জায়গায় হয় নি। ডেভেলপুমেন্ট স্কিম-এর শতকরা ৫০ ভাগ টাকা গ্রামের লোকদের দিতে হবে, ক্তিত গ্রামের লোক যে তা দিতে পারবে সে সংগতি তাদের কোণায়? যেট্কু কাজ সেখানে D-83

হরেছিল তারপর আমরা জানি এক ওয়াটার সাম্পাইএর কাজ ছাড়া আর কোন কাজ হবে না এস ডি ও বলেছেন। ওয়াটার সাম্লাই ছাড়া স্কুল গৃহ নির্মাণ, পথঘাট নির্মাণের কাজ বেটা এখন করা হচ্ছে না. ইন্ডিয়া গভর্নমেন্ট নাকি টাকা দেবেন না—এই কথা এস ডি ও আমাদের কাছে মাননীয় মন্তিমহাশয় দয়া করে যেন আমাদের জানান শংধ্য ওয়াটার সাংলাই ছাডা গ্রাম উল্লয়নের আর কোন কাজ হবে কি না। গ্রাম পণ্ডায়েতকে টাকা দিতে বলেছি যেন তার ফাইল দেখে বলেন গ্রাম পঞ্চায়েতের হাতে কত টাকা কিভাবে দেওয়ার ব্যবস্থা তিনি করেছেন। উডিষ্যা ইউ পি-তে বে পঞ্চায়েতরাজ হয়েছে সেখানে উল্লয়ন কাজে ৩৫ পারসেন্ট, ২০ পারসেন্ট দেবার বাবস্থা আছে। আমাদের এখানে গ্রাম পঞ্চায়েত কি দেবেন এটা পরিষ্কার করে জানাবেন। লোকাল সেলফ গভর্নমেন্ট রিলিফএর কাব্দে কি গোলমাল হচ্ছে দেখান। ভাইরেক্টরেট থেকে চিঠি দিয়েছে. তোমরা রিলিফ কমিটি গঠন কর. পরে জানালেন—না. কমিটি গঠন করতে হবে না. তোমাদের রকে রিলিফ কমিটি হবে না। এটা কোন ধরনের ব্যাপার আমি জানি না। সেদিন আমরা স্বায়ন্ত্রশাসন মল্টীর গণতল্যের ব্যাখ্যা শ্রনেছি—জনপ্রতিনিধিছ গণতব্যের একটা মূল অঙ্গ বলে বলতে শ্নলাম। আমি তাই তাঁর কাছে জানতে চাই আজ তিনি এই রিলিফ কমিটিতে মনোনয়ন বাবস্থা রদ করে যেটা নির্ধারিত পণ্ডায়েত তার হাতে ক্ষমতা দেবেন কি না। রিলিফ কমিটি পঞ্চায়েতই গঠন করতে পারবে কি না, সেটা জানতে চাই। স্কুল বোর্ড-এর ক্ষেত্রে দেখনে কি অবস্থা চলছে। প্রাথমিক শিক্ষাকে আপনারা নিজেদের আওতায় আনবার চেণ্টা করছেন ভাল কথা। এই স্কুল বোর্ড এ নানা গোলমাল চলছে। জারণার শ্রেনিছি স্কুলের মাস্টার মহাশয় ছেলেদের পড়াতেই যান না, কেবল কংগ্রেসের কাজ ভালভাবে করতে পারলে এবং স্কুলের সেক্টোরীকে ভাল করে সেলাম দিতে পারলেই তাদের কর্তবা শেষ হয়ে যায়। আমি জানতে চাই প্রার্থমিক শিক্ষাকে আপনারা কিভাবে নিজেদের আওতার আনতে চান। এই বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

শ্রীমতী শাণ্ডি দাশঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমাদের উল্লয়ন বিভাগের মাননীয় মন্তি-মহাশয় আজকে যে বায় বরান্দের দাবী আমাদের সকলের সামনে উপস্থাপিত করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। বিগত সংতাহের অধিবেশন কালে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যে সমস্ত সমালোচনা করেছেন তার সম্বন্ধে আমি দুই একটা কথা বলতে চাই। তারপরে আমি এই বিভাগ ব্যাপারে দুই একটা কথা বলব। আমাদের বিরোধী পক্ষের কমিউনিস্ট বন্ধ, শ্রুখ।ভাজন সোমনাথ লাহিড়ীর অবস্থা হচ্ছে মেঘনাথ বধ কাব্যে মধ্স্দেন যেন বলেছিলেন 'স্মুখ সমরে করি বীর চ্ডামণি বীরবাহ, চলি যবে গেলা জনপ্রে অকালে' আজকে কমিউনিস্ট-দের বিনি নাকি বীরবাহঃ তিনি কারাগারঅন্তে অখ্যাত যমপুরে গেছেন, আমাদের সেনাধ্যক্ষের পদে সোমনাথবাব, বসেছেন কি না বা সে অধিকার লাভ করেছেন কি না তা জানি না তবে তিনি চালিয়ে যাচ্ছেন। হয়ত পথ তিনি পেয়েছেন কিন্তু রথ তিনি পান নি। তাই বোধ হয় তিনি বিদ্রান্ত হয়ে আমাদের বিগত অধিবেশনে মন্দ্রিমহাশয়কে প্রশ্নবাণে অত্যন্ত জন্ধরিত করে ভোলবার চেণ্টা করেছিলেন যদিও তিনি তা পারেন নি। স্বর্ণলঞ্কার অধিপতি ছিলেন রাবণ তিনি চিভুবন বিজয়ী, কিন্তু তার দশদিকে ছিল সজাগ দ্ভিট—তাই তাকে বলা হয় দশম্বভু। তা আমাদের বিরোধী পক্ষের বন্ধন্দের নিশ্চয়ই দশটি করে মাথা অর্থাৎ কুড়িটি চক্ষ্য দিয়ে তাঁরা সরকারের সমুস্ত কাজকে দেখেন। কিন্তু দঃখের বিষয় যে কাজ তাঁরা দেখেন তার বেশার ভাগই আমাদের রাবণ রাজা যে রকম আস্ক্রিক শক্তিতে বলীয়ান ছিলেন তেমনি আমাদের বিরোধী পক্ষের বন্ধ,রাও ঠিক সেই রকম যত কিছ্ব আবর্জনা তারা ঘটিতে ভালবাসেন। আর আমরা এই দিকেু সরকারী বেঞ্চে যারা বসি অর্থাৎ আমরা হচ্ছি সেই অর্জুনের লক্ষভেদ, পাখী ছাড়া আমরা আর কিছু দেখি না। আমাদের পশুবার্ষিকী পরিকল্পনাকে র পাশ্তরিত করবই, আমরা প্রতিটি ভারতবাসীকে এই অর্গাণত জনগণকে সমাজ জীবনে স্প্রতিষ্ঠিত করবই, এর জনাই আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সব সম<del>রু</del> সাপোর্ট করে যাই। আমি আজকে এই ব্যর <mark>বরান্</mark>দের সমূর্থন জানাতে গিয়ে আমি ফিরে দাঁড়াতে চাই দুই হাজার বংসর পূর্বেকার সম্রাট অশোকের কথাই আমার মনে হচ্ছে—কেন না দেশের স্বাধীনতা প্রাণ্তর পর আমরা জাতীয় প্রতিক হিসাবে গ্রহণ করেছিলাম অশোক দতম্ভ। মনে প্রশ্ন জাগে কেন আমরা অশো দতম্ভকে জাতীয় প্রতিক হিসাবে গ্রহণ করেছি, তার কারণ আমরা মনে করি অশোক সম্রাট তার রাজত্ব কালে দেশে শান্তি ও শ্ৰুপুলা এবং কার্কেলা সমসত কিছু বিষয়েতে আমাদের তিনি ছিলেন অগ্রণী এবং প্রত্যেকটি জনগণকে তিনি রাজ্ধর্মকে কল্যাণ ধর্মে পরিণত করবার জন্য আপ্রাণ চেণ্টা করেছিলেন। তিনি তার রাজত্ব কা**লে** পার্টালপুত্রে যে মহ।সম্মেলন ডেকেছিলেন সেখানে তিনি প্রস্তাব করেছিলেন ষে রাজধর্মকে কি করে কল্যাণ ধর্মে রূপাণ্ডরিত করা যায়। তাই আজকে **আমাদের কেণ্দ্রী**য় সরকার এবং রাজা সরকার সেই আদর্শে রতী হয়েছেন যাতে দেশের আপামর জনসাধারণ অহিংসা মল্রে দীক্ষিত হতে পারে যাতে নাকি তারা প্রেমের মল্রে পানর জীবিত হতে পারে যাতে নাকি তারা ত্যাগের মন্দ্রে সিন্ধি লাভ করতে পারে এবং ঘাতে নাকি তারা শান্তিময় সহজ স্থিতি অবস্থানে নিজেদের জীবনকে প্নর্ডজীবিত করতে সক্ষম হয় এই কারণে আজকে আমাদের পঞ্জ বার্ষিকী পরিকল্পনাকে আমাদের কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার তাদের প্রশাসন বাবস্থাকে বিকেন্দ্রীকরণ করবার জন। অগ্রণী হয়েছেন। আজকে আমাদের বিরোধী পক্ষের বন্ধরে: পালাবধ গাইছেন—গত সণ্তাহের অধিবেশনে ভারা যেমন ম**ন্দ্রী বধ করবার চেষ্টা** করেছিলেন আজকে তাদের টারগেট হচ্ছে বি ডি ও। আজকে তাদের বধ করবার পালা। আ**জকে** ভ্রধাক্ষ মহাশয় আপনার মারফং সদসাদের জানাতে চাই যে আজকের দিনে বি ডি ও-রা কিভাবে নাজেহাল হচ্ছে তার কারণ বি ডি ও-রা রুকে কাজ করবার এতট্টকু সুযোগ সুবিধা পায় না, ষাতে তারা ভাল ভাবে কাজ করতে পারে তার জনা এতটাকু প্রোটেকশান তাদের দেওয়া হয় না। আমার বন্ধ, গৌর কুণ্ডু মহাশয় তাদের সম্বন্ধে অনেক কথাই বললেন এবং তিনি বললেন বে তারা কংগ্রেসীর হয়ে কাজ করেন। এটা যে একেবাবে মিথা সেটা আমার থেকে বেশী এখানে কেউ জানে বলে আমার মনে হয় না। কারণ সমাজ কল্যাণ পর্যদের মাধামে অনেকণ্যলি বকের সংগ্যান্ত আছি, সেই জনা বি ডি ও-র সংগ্যান্তাবিক ভাবে আমার কাজকর্ম করবার সুযোগ-স্ববিধা হয়েছে—সেজনা আমার ধারণা কোন সদসাদের বোধ হয় এই রকম সুযোগ স্ববিধা হয় নি। সারে, আপনাকে আমি একটা ঘটনা বলতে চাচ্ছি যে বি ডি ও দের রকে মার্কেল অফিসারদের মত ক্ষমতা দেওয়া হয়েছে। সেজন্য ইউনিয়ন বোডে'র প্রেসিডেন্টের তিনি ক্যাশ ভেরিফিকেশন করেন। একবার তিনি ইউনেয়ন বোর্ডের এক প্রোসডেন্টএর ক্যাশ **ভেরিফিকেশন** এসেছিলেন কিন্তু প্রেসিডেন্ট তাকো দেখতে দেন নি উপরন্তু কি কোরে বি ডি ও-কে ট্রান্সফার করা যায় তার জন্য চেণ্টা করেছিলেন। তা না হলে সমস্ত ফাঁক হয়ে যাবে। **এই রকম অবস্থা** চলেছে। উপাধাক্ষ মহাশয়, আমি আরেকটি বি ডি ও দের কর্ণ ঘটনা আপনাকে জানাতে চাই। [1-50-2 p.m.]

আমাদের বর্ডার এলাকায় যে ব্রকগ্রিল আছে তার একটায় আমি একবার কার্জে গিয়েছিলাম এবং ফেরার পথে আমি লাস্ট বাস মিস করি তখন আমি একটা রিক্সাওয়ালাকে বললাম তুমি আমাকে তাড়াতাড়ি পেণছে দাও সে ভাড়া চাইল তিন টাকা, আমি বললাম বেখানে বাসের ভাড়া আট আনা সেখানে তুমি এত ভাড়া চাচ্ছ কেন, সে বলল ষে আপনি যদি না যান তাহলে আমার কোন ক্ষতি নাই কেন্ না সন্ধ্যা যেই হয়ে যাবে আমি ১০।১৫ টাকা রোজগার করব। আমি জি**জাসা করলাম** कि तकम वााभात, ज्थन स्म वनाल के स्य ममन्ड कातारे मान चारम स्मग्रीन निस्न यारे. सम्बना আমরা সারাদিন রোজগার না করলেও আমরা রাচি বেলায় যে রোজগার করি তাতে আমাদের সারা মাসের রোজগার হয়ে যায়। আমি বি ডি ও-কে যখন জানালাম তথন তিনি বললেন কি করবো বলুনে আজকে আমি যদি এদের বিরুদ্ধে আকশন নিতে যাই তাহলে আমার জীবন বিপন্ন হবে। আমি বিরোধী পক্ষকে বলতে চাই যে তাদের লম্জা করে না যে এই সমস্ত *জা*য়গায় যে বি ডি ও-রা আছেন তাঁদের কোন রকম আপনারা প্রোটেকশন দেন না। তাদের সংশ্যে কোন সহযোগিতা আপনারা করেন না, আর এখানে এসে এদের বিরুদ্ধে যা খুসী বলেন। তারপর আমি আরেকটি চিঠি আপনাদের দেখাতে পারি যে আমরা নিজেরা কংগ্রেসী সদস্য বিশেষতঃ অমি নিজে উল্লয়ন বিভাগের কাজের সঙ্গে সংশ্লিণ্ট, যদিও আমি হয়ত সব রকে যেতে পারি না তব্ও আমার কাছে অনেক চিঠি আসে—তাতে আমি এই কথাই বলতে পারি যে বি ডি ও-র সংগ্যে ঝগড়া করে কোন কাজ হয় না এবং সে কাজেও অগ্রসর হওয়া যায় না। যথন বিদেশী শাসকরা এখানে ছিল যখন তারা এই বিরাট ভারতবর্ষ শোষণ করছিল তথন হয়ত শাসনদণ্ড দেখিয়ে ভয় দেখিয়ে কর্মচারীদের কাছ থেকে কাজ আদায় করা হত, কিন্তু এখন আমাদের সরকার র্ণ্রতিষ্ঠিত হয়েছে এখন যাঁরা সরকারের প্রতিনিধি হয়ে কাজ করছেন তাদের সম্পর্কে বাদ ভালবাসার সম্পর্ক গড়ে তুলতে না পারি তাহলে দেশের কাজ করে আমাদের লাভ কি? এবং ভালবাসার সম্পর্ক গড়ে না ভোলা যায় তাহলে দেশের কাজের অগ্রগতি হবে কোথা থেকে? এই তো কিছ্মুক্ষণ আগে আমাদের বন্ধ্ স্থান দাশ মহাশয় বললেন যে রকে কোন কাজ হয় না।
আমি ধরে নিলেম রকে কোন কাজ হয় না, কিন্তু তার পর ম্বৃত্তি তিনি বললেন মিউনিসিপ্যাল
এলাকাগ্রনি যাতে নাকি এই রকের মধ্যে অন্তর্ভুক্ত করা যায় তার জন্য তিনি স্পারিক্ষ করেছেন।
এই দ্টো কন্ট্রাডিকটার কথা তিনি বললেন। তার মানে তিনি ঠিকই জানেন যে এই উন্নয়ন
বিভাগের মাধ্যমে রাস্তা হয় জলের কল হয় কালভার্ট হয় স্ত্তাং তিনি আরো যাতে এলাকাগ্রনি
বাড়ানো যায় তার জন্য তিনি বলছেন কিন্তু এখানে তারা হেসে উড়িয়ে দিতে চান। আমাদের
বীরেন রায় মহাশায় এখানে খ্ব হাসছেন কিন্তু আমি তার এলাকায় জন্গীপ্রে দেখে এসেছি
সেখানে কত কাজ হয়েছে তা আমি নিজে দেখে এসেছি। আমি তাঁকে এই কথা জানাতে চাই
যে এই ভাবে হেসে বা বাধা দিয়ে আপনারা উন্নয়নমূলক কাজে বাধা দিতে পারবেন না এইট্বুক্
জোর করে বলতে পারি।

আমি এখানে শুধু একটা বন্তব্য পেশ কর্রাছ যে রকের কাজ করার যে অস্ক্রবিধা সেটা হচ্ছে কো-অভিনেশনের অভাব অলওয়েজ দেখা যায়। বি ডি ও-র বিরুদ্ধে হয় এগ্রিকালচারাল ডিপার্ট-মেল্টের কেউ না হয় এড়কেশন ডিপার্টমেল্টের না হয় ডাইরেক্টার অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি হিসাবে কেউ থাকেন তারা সব সময় চান যে বি ডি ও যদি ভাল কাজ করতে যায় তাহলে তিনি যেন তা করতে না পারেন। অর্থাৎ তাঁকে নাজেহাল করবার চেণ্টা তাঁরা করেন। এই কারণে আমি বলবো যে ছোট একটা কমিটি—আইদার রাজ্য সরকারের অথবা ডিস্টিট্ট অথবা সার্বাডিভি-भनाम मिर्एल जाभनाता करान। जाशल क्रिके किছारे कराज भारत ना। এটাকে এकটা কো-অডিনেশন কমিটি বলা যেতে পারে। বি ডি ও যদি সরকারের কাছ থেকে কোন প্রোটেকশন পার তাহলে তাঁরা গ্রামে সোনা ফলাতে পারবেন এটা আমরা বিশ্বাস করি। আর একটা কথা হচ্ছে কুন্ডবাব, বললেন যে বি ডি ও-রা সমস্ত সরকারী কর্মচারী বনাম কংগ্রেসকমী। তিনি নিশ্চরই জানেন যে বি ডি ও-দের এখন সিলেকশন হয় পি এস সি-র মাধ্যমে এবং তাদের ট্রেনিং নিয়ে বি ডি ও পোস্টে পাঠানো হয়। এই ট্রেনীদের মধ্যে উপযুক্ত বি ডি ও ছিল না বলে আমাদের সরকার এক বছরের জন্য কোন রকে লোক দিতে পারেন নি। এবং যার জন্য ১৯৬০-৬১ সালে কোন ন্তন এম্বটেনশন প্রোজেষ্ট খোলা হয় নি। এ'রা যদি সবাই আমাদের কংগ্রেসের লোক हाम ठाइएम विद्यार्थी भएकत এको स्माक्छ अथात जामरूक ना। जाभनात भाषास्य अकथा বলবো যে আজকে উন্নয়ন বিভাগে বায় বরান্দের জনা যে দাবী আমাদের সামনে উত্থাপন করেছেন আমি মনে করি যে একযোগে এই বিভাগের টাকা যাতে নাকি সবাই অনুমোদন করেন তার জন্য অনুরোধ জানাচিছ। এই কথা বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

শ্রীপদক মাহাতোঃ স্যার, কংগ্রেসী প্রচারের সবচেয়ে বড় আগ্রয় পঞ্চবার্যিকী, প্রোজেক্ট আর উন্নয়ন ব্রক। সেই বহু বিঘোষিত উল্লয়ন ব্লক প্রভৃতির চণ্ডমুণ্ডগণের সর্বাপণীন তাণ্ডবের কথা বলে আমরা পরিশ্রান্ত হয়েছি। এবারে আজ প্রথমেই সারা ভারতের উলয়ন বিভাগের খোদ বড কর্তার অভিজ্ঞতার এক কাহিনী আপনাদের কাছে বলছি। তার ভেতর দিয়ে ব্লক জীবন সম্বন্ধে খানিকটা আলোকপাত হবে। দিন কয়েক আগে—ধানবাদ থেকে রাঁচির পথে যাচ্ছিলেন ভারতের কমিউনিটি ডেভেলপমেন্ট এবং কো-অপারেটিভের মিনিন্টার মিঃ এস কে দে। তথন বেলা গোটা বারো। ঝালদা সহর পার হয়ে যাবার সময় দেখলেন বিরাট সাইনবোর্ড—ব্লক ডেভলাপমেন্ট অফিস। সেদিন রবিবার ছিল না তাঁর নিজের বিভাগের মহান জাতীয় উন্নয়নের কাজ কিরকম চলছে দেখবার জন্য বিশেষ আগ্রহে তিনি গাড়ী থামিয়ে অফিসে গেলেন। গিয়ে দেখলেন—অফিস একেবারে খাঁ খাঁ করছে কেউ নেই একধারে একজন পিওন তন্দ্রামণন। ভিজ্ঞেস করায় পিওন উত্তর করল বি ডি ও সাহেবের শরীর খারাপ আসেন নি। তিনি ডাকতে পাঠালেন। পিওন গেল সাহবকে ডাকতে। ইতাবসরে মন্দ্রী সাহেবের নজরে পড়ল একটা মুস্ত বড় প্যাকেট পড়ে রয়েছে। দেখেই তিনি ব্যাপারটা ব্রুবলেন। একটি বিশেষ জর্বী কর্মধারা একটি বিশেষ সময় কালমধো পালন করার জন্যে কোনো বিশেষ সিল বা চিকিট পাঠানো হয়েছিল। তা খলে দেখবার ও অবসর হয়নি—ব্লকের জনকল্যাণের কাজের চাপে। সেই প্যাকেট অক্ষত অবস্থায় অনাদ্ত অবজ্ঞাত হয়ে এক কোণে পড়ে আছে। মন্দ্রী সাহেব সেটিকে তুলে নিজের গাড়ীর মধ্যে রেখে দিলেন। পিওন এসে খবর দিল সাহেব এখন আসতে পারবেন না। মল্টী সাহেব বললেন শাও এখুনি ডেকে আনো—আসতেই হবে। পিওন আবার গিয়ে ফিরে এসে বলল হাকিমের

শরীর ভাল নর। তখন মল্যীমশাই ধমক দিয়ে বললেন—অসুখ হলেও তাকে আসতেই হবে এখুনি আসতে হবে। পিওন আবার গোল পিওনের কাছ থেকে সব জেনে ব্যাপারটা স্বিধের নয় উপর্লাখ করে সাহেব এসে দেখা দিলেন। তার পর দ্বজনের মধ্যে কি কথা হোল তা বিভাগীর ব্যাপার আপনাদের শোনবার নয়। তবে এইভাবে জনকল্যাণের ব্যবস্থা প্রতু কি করে এগোবে সেই গ্রুষপূর্ণ আলোচনা নিশ্চয়ই উভয়ের মধ্যে হয়নি। এক একটি রকের পিছনে দিয়দ্র জনগণের রক্তের ম্ল্যে পাওয়া অর্থের স্তুপ ঢালা হচ্ছে ঢালা হচ্ছে জনকতক বিলাসী নতুন ক্রেদে জমিদার ও তাদের দলবলের আনন্দ যাপনের জনা। এবং তারই অবসরে ঘেখানে বত সমার্জবিরোধী তাদের নিয়ে কংগ্রেসের রাজনৈতিক নোংরা ষড়যন্দ্র, এবং সরকারী তহাবলের অবাধ অপচয় ও ও লক্ষ লক্ষ টাকা চুরির পরিচালনা প্রদানের জনা। এই সমস্ত আভ্যোগ বহু করেছি তদন্ত করতে সরকারের সাহস হয়নি। ভয়াবহ দ্ভিক্ষ হয়েছে, অনাহারে মান্বের মৃত্যু হয়েছে তাতে এবা সভাকে চাপা দেবার যন্দ্রপ্রেই কাজ করেছেন মান্বের দৃঃখ উপর্লাভ ও দৃগতি মোচনের জনা কোনো চেন্টা বা আগ্রহ এদের নেই। জনসাধারণ আজ প্রার্থনা করছে এহেন জনকল্যাণ বিভাগসমূহের হাত থেকে অচিরে তাদের ম্বাক্ত হোক।

[2-2-10 p.m.]

শ্রীসৈয়দ আব্দে মনস্ত্র হাবিব্লঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমাদের রক ডেভেলপ্মেন্ট এবং কমিউনিটি ডেভলপফেণ্ট প্রক্রেক্ট বিষয়ের বায়-বরান্দের বিরোধীতা করতে উঠে এই কথা বলবার ) চেণ্টা করবো যে আমাদের সামানা যে অভিজ্ঞতা হয়েছে তার মধ্য দিয়ে এটা ব্**ঝ**তে পারি নি ষে স্তাকারের এই রক ভেভেলপমেন্ট অফিস ও তার এই স্টাফকে, মেইনটেনান্স করার কি প্রয়োজন আছে? প্রশাসন বাবস্থার জন্য সাকেলি অফিসারের কাজ বেডে গেছে, আজকের দিনে তাদের অনেকগুলো কাল করতে হয়, তার জন্য একাধিক সার্কেল অফিসারের প্রয়োজন থাকতে পারে. কিন্তু যে গালভরা নাম দেওয়া হয়েছে তার কি প্রয়োজন রক ডেভলপমেন্ট অফিস-এর **ন্বারা** সাধিত হয়েছে ও হচ্ছে তা বোঝা যাচ্ছে না। আমি একটা কথা এখানে বলছি, ধর্ন এ**কটা** লোকের একটা টিউবওয়েলের দরকার হ'ল, তথন রক ডেভালাপমেণ্ট আফসার বলবেন—তুমি ১৬৬ বা ২০০ টাকা যা থরচ তার हু অংশ নিয়ে এস 'ফেল কড়ি মাথ তেল', তারপর তিনি दाकरामता कतरवन जात आरंग जिमि भातरवन मा: a कतरल जात जातभारत पिम जिमि রেকমেনডেসন করবেন। এই রেকমেন:ডসন করার ক্ষমতাট্যকুর জনা এই লোকগালোকেও জীপ গাড়ীকে কেন প্রেবেন তা ব্রুতে পারি না। সার্কেল অফিসার আগে এ করতে পারতেন এবং এখনও করতে পারেন। এর প ধরনের একটা রিলিফের প্রয়োজন হোক—আ**পান রক** ডেভালপমেণ্ট অফিসারের কাছে গেলেন,—কিন্তু তিনি রিলিফের কোন বাব**স্থাই করতে পারবেন** না, আগেই এর প ক্ষেত্রে বলা হবে 'রিলিফ কমিটিতে নাম তোলা হোক—ঐ রিলিফ কামটি ্রেকমেন্ড করলে তারপর তা এস. ডি. ও-র কাছে যাবার পথে তা **রক ডেভেলপমেন্ট অফিসারের** কাছে যাবে, কেননা ঐ বি ডি ও-র একটা ছোঁয়া দেওয়া হবে যে হাাঁ, এটা ঠিক আছে কি বেঠিক আছে। তিনি সেংসান করতে পারেন না, দরকার হলে কমাতে পরেন এই পর্যন্ত-তিনি পারসেনটেজ কমিয়ে দিতে পারেন: তিনি বাড়াতে বা রিলফ দিতে পারেন না দেবার কোন ক্ষমতা নেই। এরকম ধরনের কাজ প্রতিটা ক্ষেত্রে চলেছে। র্যাদ শিক্ষাক্ষেত্রে যাওয়া <mark>যায় দেখা</mark> যাবে। শিক্ষাক্ষেত্রে কিছু টাকা সেংসান করবার ক্ষমতা কিছু আছে বটে কিন্তু তিনি বলবেন এর্প করবার ক্ষমতা নেই, এই হচ্ছে ঘটনা, তিনি বলবেন এডুকেসান ডিপার্টমেন্টের কাছে ধান তারা ব্যবস্থা করবেন। এরকম ধরনের একটা টিউবওয়েল-এর মেরামতের কথা বলনে, তিনি বলবেন এটা আমার ব্যাপার নয় এ্যাসিস স্টেন্ট রিজিওনাল হেলথ ডিপার্টমেশ্ট যারা আছেন তারা ব্রে দিতে পারবেন। ব্রক ডেভালপমেন্ট, থেকে হাস, মুগণিও দেওয়া হয়, যদি এ বিষয়ে বলা যায় তাহলে বি. ডি. ও বলবেন, মাননীয় ফজল,র রহমানের ডিপার্টমেন্ট থেকে পাখী, হাঁস, মূর্গী আন্দেনি কাজেই দেওয়া সম্ভব নয়। প্রতিটা জায়গায় তাঁর কাছ থেকে আঘাত পাওয়া যাবে। সত্যকারের তাঁর কিছু ক্ষমতা নেই। তাঁকে বোধহয় মাঝখানে বুকিং করবার জন্যই রাখা হয়েছে, অন্য কোন ব্যাপারে তাঁকে দেখা যাচ্ছে না। আমার বস্তবা হচ্ছে, এই প্রশাসনিক বাবস্থার জন্য সারকেল অফিসার যের প ছিল-প্রশাসনিক বাবস্থা আরো বড় করবার জনা, শাসন ব্যবস্থার আগ্রের জমিদার শ্রেণী চলে যাওয়ার ফলে ইংরাজ গভর্নমেন্ট স্বারা গ্রামের শাসন চালান হত সেই যে প্রোন ব্যবস্থা তা আর নেই, কিন্তু আজ তার বদলে আর একটা ব্যবস্থা চাল্ম হয়েছে, যার জন্য এই গালভুরা নাম দেওয়া হয়েছে ও তার মত ব্যবস্থাও করা হয়েছে এবং প্রচুর টাকাও খরচ করা হচ্ছে।

আপনাদের বাজেট তৈরা করা আছে এই খাতে এই রকম বার হবে—১২ লক্ষ টাকা বার হবে। তার মধ্যে মধ্যে কেউ একট্ ১৯।২০ করতে পারেন তার বাইরে যাবার উপার নেই। আপান বারেন যে এই রাস্তাটা অতাল্ত বেশা প্রয়োজন রক ডেভেলপমেন্ট থেকে ১২ লক্ষ টাকা দেওয়া হোক। তাঁরা বঙ্গেন যে ঐ থাতে এত দেওয়া যায় না ৮ শত টাকা মাত্র এই রাস্তা খাতে দেওয়া যায়। তাতে কি হয় না—হিউম পাইপ দেওয়া যায়। তাতে হিউম পাইপ দেওয়ার মানে, কন্মান্তার যদি পান যারা হিউম পাইপ সাক্ষাই করছে তাদের কিছু স্বাবধা দেওয়া হছে। যেসব বি, ডি, ও অফিসে হিউম পাইপ দেওয়া হয়েছে আপনারা গায়ের দেখে আস্বন আঁধকাংশ হিউম পাইপগ্লি ইতিমধ্যে নন্ট হয়ে গেছে। কারণ তার থিকনেস হছে এক ইণ্ডি করে—তার উপর নিয়ে গরবুর গাড়ী গোলে ভেন্গে যায়। কাজেই তাদের রাস্তা করার ক্ষমতা নেই। ৮ শত টাকা দিয়ে ১ মাইল রাস্তা করলে তাতে কিছু কাজ হয় না। স্ত্রাং এগ্লি দিয়ে কিছু হছে না। —কি হছে তাহলে? বি, ডি, ও আপনাদের সরকারী নীতি পারচালনা করছে এবং তা কিরকমভাবে চালনা করছে তার একটা উদাহরণ আমি এখানে আপনাদের দেবো। আমনান অণ্ডল পণ্ডায়েতের একটি উদাহরণ—তার দ্ভাগ্য হছে এই যে সেখানে এমন কতকগ্লি লোক নির্বাচিত হয়েছেন যারা ঠিক সরকারী নীতির সংগ্য অর্থাৎ কংগ্রেসী লোক নন। স্ত্রাং তাদের নানারকম আন্তমণ করা হয়। বি, ডি, ও আমদান অণ্ডল পণ্ডায়েতকে জানিয়েছে—

"The B.D.O. came to my place on 22nd December, 1962 and 23rd December, 1962 at night, summoned me to his office on 24th December, 1962 and 26th December, 1962, and paid inspection visits to the Anchal Panchavat office again on 27th December, 1962 and 28th December, 1962 by jeep During all these meetings and inspections the B.D.O. strove to persuade me to tender my resignation to the office of the Pradhan of the Anchal Panchayat and make other members of the Anchal Panchayat tender their resignations."

এই হচ্ছে ক্রিয়া-কলাপ। শেষ পর্যন্ত কি হয়েছে? বিফিউজ করেছে বলে তার খাতাপত্র কেড়ে নেওয়া হয়েছে--জানি না কোন আইনে কেডে নেওয়া হয়েছে। আমনান থানা অঞ্চল পণ্যায়েত থেকে পোলবা থানায় যে বি ডি ও অফিসার আছেন তিনি এইভাবে কেডে নিয়েছেন। শুধ সেখানকার ব্যাপার নয়—বহু জায়গায় এই রকম ইতিহাস রয়েছে। কুড়মু অণ্ডল পণ্ডায়েত গরুর গাড়ীর উপর ট্যাক্স বসাতে আপত্তি করলে সেই অঞ্চল পঞ্চায়েতের বাজেট বি. ডি. ও সাহেব কিছুতেই টাকা স্যাংসান করলেন না। শেষ পর্যতি মিনিস্টিয়াল লেবেলে অংসা হোল—জালন সাহেব শেষ পর্যন্ত বল্লেন যে গরুর গাড়ীর উপর ট্যাক্স চাপানোর পন্ধতি নাই অণ্ডল পণ্ডায়েত রিফিউজ করতে পারে। সেই বি ডি ও-র কাছে যখন জালান সাহেবের ডাইরেকসন গেল তখন বি. ডি. ও সাহেব স্যাংসান করলেন। এই যে সমুস্ত রক ডেভেলপমেণ্ট এবং কমিউনিটি **ডেভেলপমে**ন্ট রয়েছে তাদের কর্তবা হচ্ছে যে গ্রামের গণতন্তকে বিকাশ লাভ করানো। কিন্তু দেখ **ষাচ্ছে যেখানে সরকারী নীতির সং**শ্য তাদের বিরোধীতা থাকে তারা যদি মনে করে যে না অনাভাবে করবেন গরুর গাড়ীর উপর টাাক্স বসাবেন না—অন্যভাবে অঞ্চলকে গড়ে তুলবেন তাহলে সেখানে বি, ডি, ও-র ক্ষমতা থাক আর না থাক তাদের কর্তব্য হচ্ছে তাদের বিরুদ্ধে লাগার। এবং এইটাই বি ডি ও-র কর্তব্য হয়ে দাঁড়িয়েছে। তার পর বি ডি ও কাউন্সিল সেখানে কি রকম লোক নেওয়া হয় তা আমার পূর্বেবতী বস্তা কু-ডুমহাশয় বলে গেছেন। আ<sup>মার</sup> মনে আছে এই এসেম্বলীতে ফজললৈ হক একটা কথা বলেছিলেন যে তাতে অনেকে আপৰি করেছিলেন যে তার ভাগনেদিগকে আগে নেওয়া হয় কেন? তার জবাবে তিনি বলেছিলেন বে

Because they are my nephews, therefore they are able. আমার মনে হয় বে

people interested in Medical and Public Health.

তিনি একজন কংগ্রেস ম্যান—অর্থাৎ কংগ্রেস ম্যান ছাড়া দুন্নিয়াতে কোন লোক কোন জারগার পাওয়া যেতে পারে না। এই হচ্ছে ব্যাপার। শেরে আমার বন্ধব্য হচ্ছে কমিউনিটি ডেভেলপমেন্ট নাম দিয়ে বে কাজ করা হচ্ছে এই কাজে অনেক টাকা অযথা অপবায় হচ্ছে। আগে সার্কেল অফিসার যা করতেন তারা সেই কাজ করছেন—অতএব যদি কাজ বেড়ে থাকে তাহলে সেখানে হা১ জন কর্মচারী বাড়াতে পারেন প্রশাসনিক বিভাগে। এই গাল ভরা নাম দিয়ে কোন লাভ নেই আমাদের সতিয়কারের রাসতাঘাট প্রভৃতির কে'ন জায়গায় কোন রকম স্বাহা পাওয়া যাবে না। সতিয়কারের সেখানে কর্নিটিউট রয়েছে এবং যদি দরকার হয় তাহলে বি, ডি, ও কাউন্সিল-গ্রেনিক ক্ষমতা দেওয়া উচিত এবং তাদের সেখানে টাকা দেওয়া উচিত। এমন টাকা দেওয়া উচিত যাতে দেশের উন্নতি করা যায়—এইভাবে গণতাশ্রক পর্যতিতে যাতে সেখানে নির্বাচন করা যায় তার ব্যবস্থা করা উচিত। তাহলে হয়তো কিছুটা কাজ হতে পারে। তা না হলে টাকাই বায় হবে কিছু ফল পাওয়া যাবে না এবং সতিয়কারের জনসাধারণের মধ্যে যে গণচেতনা তাকে কাজে লাগানো হচ্ছে একথা মনে করার কোন কারণ নেই।

প্রচুর টাকা অপচর হচ্ছে এবং সত্যিকার এদেশে একটি গণতান্ত্রিক পশ্বতিতে জনগণের বিপূল গণচেতনা, তাকে তাঁরা কাজে লাগাতে চাচ্ছেন না। তার উদাহরণ আমরা অনেক দেখছি। আমরা ব্রক অফিসারদের কার্যকলাপ যা দেখছি, তাতে আমি এই বায়-বরান্দের বিরুম্বতা করতে বাধ্য ছচ্ছি।

[2-10-2-20 p.m.]

#### Shri Syed Shamsul Bari:

মাননীয় পশীকার মহাশয়, মাননীয় মন্তিমহাশয় যে বায়-বরান্দের দাবী উত্থাপন করেছেন, আমি তা সর্বাদ্তঃকরণে সমর্থন করি। এই সম্মিট উন্নয়ন বিভাগের কাজের উপর দেশের সম্প্রত উর্মাত নির্ভার করে। আজ আমাদের দেশের যদি উন্নতি করতে হয়, তাহলে প্রামের উন্নাত সর্বাপ্তে প্রয়োজন। এখানে আজ সংকটময় অবস্থা স্টিই হয়েছে। তার চাপে এই বিভাগের জন্য থথেই বায় করা সম্ভব হয় নি। প্রতিরক্ষা বাবস্থা আজকে শান্তশালী করা প্রয়োজন। এর জন্য আমাদের যে কোন ক্ষতি স্বীকার করে ও এই প্রতিরক্ষা বাবস্থাকে শান্তশালী করছে হবে। আজকে এই অবস্থার জন্য যথেই বায়-বরান্দ সম্ভব হয় নাই। আমি আশাকার মান্ত-মহাশয় দেখবেন, বর্তমান আপংকালীন অবস্থায়ও যাতে এই খাতে বায়-বরান্দ বৃন্ধি করা যার, সে সম্পর্কে তিনি নিশ্চয়ই চেটা করবেন।

আজ গ্রামের উম্নতির দিকে লক্ষা করতে হবে। তা নাহলে দেশের উমীত অসম্পর্ব।
সমাণ্ট উম্নয়ন পরিকল্পনার মাধ্যমে দেশের উমিতি বথেণ্ট সম্ভব হয়েছে। থাদ্যোৎপাদন বৃশ্বি,
পানীয় জল সরবরাহের স্বাবস্থা হয়, জনগণের মনোবল অক্ষ্র থাকে এবং প্রতিরক্ষা ব্যাপারে
বাতে বিঘা স্থিট না হয় সেদিকে দৃষ্টি রাখা দরকার। আমাদের সমণ্টি উম্যানের
মাধ্যমে আমাদের গ্রামের লোক যথেণ্ট ক্ষমতার অধিকারী হছে। তার সপেগ তাদের দায়িছা
বোধও অনেক বেড়ে গোছে। তাঁরা যদি দায়িছা ঠিকভাবে পালন করেন, তাহলে দেশের উমীত
হতে বাধা, কিন্তু একথা মনে রাখতে হবে আমাদের যে পরম দেশাহতৈষী বন্ধগণ, আমি বিশেষ
করে বিরোধীদলের কথা বলবো, তাঁরা গ্রামের বা দেশের উর্যাত চান না, নানারকম অপচেন্টা
করছেন যাতে দেশের শান্তিও শৃঙ্খলা বজায় না থাকে। গ্রামগ্রিল যদি সম্ম্থালা হয়, তাহলে
ঐ রাজনৈতিকদলের কোন কাজ থকবে না, তাঁরা বেকার হয়ে পড়বেন। তাই তাদের বেকার
দ্রে করবার জন্য দেশে তাঁরা অশান্তিও বিশ্গেখলা জিইয়ে রাখতে চান। তাঁরা চান দলাদিল
হে।ক, একপ্রেণীর সংগ্য আর একপ্রেণীর সংঘর্ষ হোক। এই সংঘর্ষ থাকলে, তাঁরা থাকবেন,
ভাঁদের অন্তিত্ব থাকবে। তা না হ'লে তাঁরা বেকার হয়ে উৎথাং হয়ে যাবেন। সেদিকে বেন

এই আপংকালীন অবস্থা অবসানের পরে যে নির্বাচন হবে তাতে প্রাণ্ডবয়স্কের ভোটাধিকার বা র্য়ান্ডান্ট ফ্রান্টাইজ-এ নির্বাচিত হবেন। সমস্ত স্বারম্বশাসন প্রতিষ্ঠানে র্যান্ডান্ট ফ্রান্টাইজ-এর মাধ্যমে পরবত্তী নির্বাচনগুলো দেশের প্রতিনিধি নির্বাচিত করতে পারবেন। একজন বিরোধী দলের বন্ধ্বললেন, যদি য়্যান্ডান্ট ফ্রান্টাইজ-এর ভিত্তিতে পৌরসভার নির্বাচন হর, তাহলে দেখা বাবে তাঁদের দলের যথেন্ট লোক নির্বাচিত হরে আসবেন এবং বর্তমানের অধিকাংশ লোককে তাঁরা দেখতে পাবেন না। তাঁরা ভূলে বান পাবলিক মেমরি ইজ নট সো সর্ট। এই জনসাধারণ র্যাভাল্ট ফ্রান্চাইজ-এর মাধ্যমে নির্বাচনে দেখিয়ে দেবেন মীরজাফর উমিচাদদের স্থান কোখাও লাই, নাইদার হিয়ার নর দেয়ার।

আমাদের সরকার যেভাবে চেণ্টা করছেন তাতে গ্রামের উর্মাত নিশ্চরই হবে এবং ভারতবর্ষের বে কোন রাজ্যের গ্রামগর্নাল থেকে আমাদের গ্রামগর্নাল ভাল হবে, অধিকতর সম্দিখশালী হবে। মিল্যমহাশর বেরকমভাবে যোগ্যতার সহিত এর কাজগর্নাল চালিয়ে যাচ্ছেন, তাতে তাঁর স্বযোগ্য পরিচালনার এই বিভাগের দিন দিন যথেষ্ট উন্নতি হবে। আর আমার বিশেষ কিছু বলবার নাই। মিল্যমহাশর যে বায়-বরান্দ উপস্থাপিত করেছেন, তাকে সম্পূর্ণ সমর্থন জ্যানিয়ে আমার বন্ধব্য আজকের মত এখানেই শেষ করছি।

#### Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় স্পীকার স্যার. এই রক ডেভেলপমেন্ট বা সি, ডি. এন, ই, এস, প্রভৃতি নিয়ে এই খাতে ষে বরান্দ হয়েছে, সে সন্বন্ধে বিরোধিতা করতে গিয়ে এই কথা বলছি যে সবচেয়ে ভাল হত যদি এই ডিপার্টমেন্টকে একবারে তুলে দেওয়া হত। কারণ এই ডিপার্টমেন্ট যে উন্দেশ্যে করা হয়েছে, অর্থাৎ সাধারণ মান্বের কমিউনিটি হিসাবে যাতে উয়াত হয়, যাতে ডেভলপ হয়। কিন্তু, দেখা যাছে ঠিক তার বিপরিত কাজ হছে। দেশের লোক যেখানে খেতে পায় না, সেখানে যদি কৃষির আরও ভালভাবে বাবস্থা করা হত, তাহলে সত্যিকার দেশের মান্বের কাজ হত। সেই সব কাজ না করে ফালতু এই ডিপার্টমেন্টকে রেখে, অযথা টাকা খরচ করে কোন লাভ নেই। এই ডিপার্টমেন্টকে সম্প্র্ণভাবে উঠিয়ে দেওয়া উচিত। আমি কেন এই কথা বলছি, তার কারণ হছে এই ডিপার্টমেন্টকে একট্ব ভালভাবে দেখলে, দেখা যাবে,

corruption, bribery, nepotism tavouritism, partisan spirit, inefficiency প্রভৃতি এই সমস্তগ্নিল এই ব্লক ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টের মধ্যে রয়েছে। আর তার যিনি হেডা অর্থাং বি, ডি, ও, তিনি হচ্ছেন

watch dog of the interest of the Congress Party.

এটা আমি স্পূর্ণভাবে প্রমাণ করে দিতে পারি বা দৌখয়ে দিতে পারি, তবে এমন বিশেষ সময় নেই। এখানে আর একটা কথা, এই বি. ডি. ও-দের য়্যাপয়েন্টমেনট্ দেওয়া হয়েছে যাতে তাদের 🛚 তে গ্রামের প্রয়োজনীয় সমস্ত বিষয় ডেভেলপ করা সম্ভব 🛮 হয়। কিন্তু তাদের প্রাক্টিকাল नामा त्रामा है कर्नाम मन्दर्स्य रनहे। এটা বোধহয় मकत्म जातने ও বিশ্বাস করেন। এ সন্বন্ধে আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি। আমার জেলায় ১৯৫২ সালে প্রথম কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রক্রেক্ট হয়—মাম্বাদবাজার থানায়। সেথানে যথন কমিউনিটি ডেভলপ মেণ্ট প্রজেক্ট হল, আমরা বীরভম জেলার সমস্ত লোক মনে করেছিলাম সেখানে বর্মিখ **স্বর্গরাজ্য হয়ে যাবে। কিন্তু আমরা দেখলাম কি? ১৯৫২ সালে সেখানে ডেভের্লপ করে** এমন ডেভেলপ করে দিলো যে গোটা মাম দ্বাজার থানায় দশ, পনের, কুড়িটি কন্ট্রাক্টর ছাড়া আর কার যে ডেভেলপ হল তা বোঝা গেল না। কাজেই সেখানে টাকা কিভাবে নন্ট করা হয় এবং কি কাজ হয়, তা সকলের জানা আছে। ঐ মাম্বানাজার থানায় পাটেল নগরে কতকগুলি ঘর তৈরী করা হল রেনটেড সিসটেমএ বিলি করা হবে বলে। সেখানে গ্রামের কিছ্ন লোক বাস করবে. আবার কেউ কেউ সেখানে থেকে সিউড়ীতে গিয়ে চাকরী করবে। এর জন্য বহু, টাকা. করেক লক্ষ টাকা গভর্ন মেন্টের তরফ থেকে সেখানে খরচ করা হল। কিন্ত ঐ গ্রামের কোন লোক সেখানে ৩০ টাকা ভাড়া দিয়ে ঐ ঘরে যেতে পারলো না। শেষে পরিণতি এই দাঁড়াল ঘরগ**ি**ল সমুহত পড়ে রইল, গভর্নমেন্টের টাকা গ্রেল, এবং তার পরিবর্তে আমাদের ট্যা**ন্স**িদতে হল। তারপর গভর্নমেন্ট করলেন কি? তাদের ডিপার্টমেন্টের কিছু লোককে সেখানে পাঠাবার ব্যবস্থা করলেন। কিন্তু তারা দেখছে সিউডি থেকে প্যাটেল নগরে যদি যেতে হয় তাহলে তাদের দৈনিক ১২ আনা করে খরচ করতে হবে।

[2-20-2-30 p.m.]

লো ইনকাম গ্রন্থের লোকরা কত বেতন পান যে ১২ আনা খরচ করে তারা অফিস বা ঐ বে কোরার্টারগানিক করা হরেছে সেখানে বাবেন। কাজেই অধিকাংশ কোরার্টারসহি সেখানে পড়ে আছে। আর একটি ব্লক ডেভেলপমেন্ট বা ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টএর নম্না দিচ্ছি। এই মাম্দ্রাজারেই হয়েছিল এবং যার জন্য আমেরিকা থেকে কয়েকজন বিশেষজ্ঞ এসেছিলেন, সেখানে একটা বিষর চাল্ব করা হয় সেটা হল বার্টার সিস্টেম

that is, go back again to the primitive stage.

